শিক্ষা-পদ্ধতি ও পরিবেশ

ব্রণক্তিৎ ভোষ এম. এ., বি. টি.

পরিবেশনায়

ব্দরাক্ত ভাণ্ডার এ, এস. পি. মুখার্সী রোড কলিকাডা-২৬

সঞ্জন্ত ু৩০৷১ বি ক**লের** রো শক্ষিকাতা:১ প্রকাশক: এ চক্রনন্তী ৩•/> বি. কলেজ রো কলিকাতা-১

পঞ্চম প্রকাশ : এপ্রিল, ১৯৬৩

মুদ্রক:
নাথ বাদার্স প্রিন্টিং ওয়ার্কস্
৬, চাল হাবাগান লেন,
কলিকাভা-৬

ক্যাশানাল প্রিন্টিং ওয়াক্স কলিকাতা-৬

দেশবাণী মুদ্রণীকা কলিকাতা-৬

ভূমিকা

বছদিন পূর্বে শিক্ষা-পদ্ধতি ও পরিবেশের উপর একখানা বই লিথবার সংকল্প করে কাজ শুক করে ছিলাম। তারপর কলকাতা বিশ্ববিত্যালয় শিক্ষক-শিক্ষণের পাঠ্যক্রম পরিবর্তন করায় পূর্ব পরিকল্পনা বাতিল করে দিতে হয়। নতুন করে শুক করব কি না যখন একপ সংশ্যের মূণ্যে ছিলাম তথন শ্রুদ্ধের বনোয়ারীলাল চক্রবর্তী মহাশ্যের উৎসাহে নতুন পাঠ্যক্রম অঞ্চসারে বই লেথায় হাত দিই। ভাই বত পূর্বে বিজ্ঞাপিত হলেও বই বেব হতে দেরী হ'ল।

আমি শিক্ষক। শিক্ষা-পদ্ধতি কি ? শ্রেণী শিক্ষায় স্থবিধা-অস্থবিধা প্রভৃতি আমাকে ভবু বই পড়ে জানদে হয় নি। দৈনন্দিন জীবনের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে শিক্ষা-পদ্ধতি সম্পর্কে কিছুটী জ্ঞান অর্জন করেছি। পাঠ্যক্রমের নির্দিষ্ট সীমাব মধ্যে নিজের কথা বলার অফবিধা অনেক, তবু একজন শিক্ষকের দৃষ্টি দিয়ে দমস্ত বিষয়টা বুঝে উপস্থাপনাব চেষ্টা করেছি। আমাদের দেশে গারা পাঠ্যক্রম রচনা কবেন, তাবা অনেক সময় আমাদেব শিক্ষার বাস্তব অবস্থা সম্পর্কে চোধ বুঁজে থাকেন। শিক্ষক-শিক্ষণের পাঠ্যক্রম যেভাবে বচিত তা থেকে শিক্ষকগণ প্রধানতঃ ব্যক্তিগত শিক্ষা-প্রতি কিরপ হওয়া উচিত দে সম্পর্কে জানশার বেশী স্তয়োগ পান। অথচ বাস্তবক্ষেত্রে তাদের শ্রেণীতে দলবদ্ধ ভাবে ২০।৫০টি ছেলেকে শিক্ষা দিতে হয়। মাত্র ক্ষেক্যদন স্মাণ্ডে প্রাথমিক শিক্ষকদের এক "শিক্ষাশিবিবে" আদর্শ শিক্ষা-পদ্ধতি কিরূপ হওয়া উচিত—এ সম্পর্ণে বলাব গর শিক্ষকগণ আমাকে জিজ্ঞেদ করেছিলেন, 'স্থার ৪৯০০টি ছেলেকে এক ক্লাদে কি এভাবে পড়ান সম্ভব। খামার মনে হয় এ প্রশ্ন আমাদের পমন্ত শিক্ষকের। শ্রেণী শিক্ষার সমস্ত দোষক্রটে নিয়েই এ ব্যবস্থাকে আমাদের মেনে নিতে হয়েছে। পাঠ্যক্রমেব শীমাবদ্ধ ক্ষেত্রে যথাসম্ভব চেষ্টা করেছি শ্রেণী শিক্ষার ক্রটি বিচ্যুতি দূর করতে হলে শিক্ষা-পশতি কিরূপ হওয়া উচিত দে কথা বনতে।

বই লিগতে শিক্ষা নীভি, পদ্ধতি ও স্কুল সংগঠন সম্পর্কে ইংরেজী বাংলায় বহু বই আমাকে পড়তে হয়েছে। আমি প্রয়োজন মত বিভিন্ন বই থেকে সাহায়্য নিয়েছি। কারো কাবো লেগার প্রভাব আমার লেথায় থাক। অদন্তব নয়। কলকাতা বিশ্ববিভালয়ের নতুন পাঠ্যক্রমকে অন্তস্ত্রণ করে তৃতীয় পত্তের কোন বই লেখা হয়েছে কি না আমার জানা নেই। সম্পূর্ণ নতুনভাবে গ্রন্থ পরিকল্পনায় শ্রবেষ বনোয়ারীলাল চক্রতী মহাশয়ের পরামর্শে আমি যথে পক্ত হয়েছি। শিক্ষা-পদ্ধতি ও স্কুল সংগঠনের নতুন পাঠ্যক্রম আরো ব্যাপক হয়েছে। আমি নিষ্ঠাব সাথে পাঠ্যক্রম অন্ত্র্যর করেছি। কিন্তু প্রালাচনার প্রযোজন হয়েছে সেখানে পাঠ্যক্রমেব সীমা ছাডিয়ে যেও কৃত্তিত হই নি।

স্বাস্থাত্ত্ত প্ৰে পাঠাক্ৰম বহিভূতি দেহবিজ¦ন প্ৰসঙ্গ লিখে পুশুকের কলেৰর স্ফাত করি নি ।

শিক্ষানী: ত ও পদতি-বিজ্ঞানের আমাব পূর্বন্তী সমস্ত লেখকের নিকট নামি ঝণা। তাঁদের ঝণ আমি কভজ্ঞতার সহিত অবণ করছি। প্রীতিভাঙ্গনীয়া গ্রমতা বিভা চৌবুরী, এম এ বি.টি., সন্ধ্যা মজুমদান, এম এ বি.টি. জ্যোৎস্মান্য, এম এ বি.টি., তাঁদের পাঠপরিকল্পনা ব্যবহার করতে দিয়েছেন : ভাদেব নিকট মামি কভজ্ঞ।

প্রক নেপতে পারি না বলে দায়িত্তী প্রতাত চাপিযেছিলান। যাঁব।প্রাও দেখেকেন তাদেব চেটা দত্তেও ভূল বছ রয়ে গেল, এ জন্ম লাহিছেত।

আমার শিক্ষক সহক্ষীগণ যদি এ বই পড়ে সামাল উপকৃত হ'ন ভাংকে আমাব শ্রম সার্থক হথেছে জানব। ইতি—

বিনী ত— রণ**জিৎ ঘোষ**

পঞ্চম সংস্করণের ভূমিকা

শিক্ষা-পদ্ধতি ও পরিবেশের গঞ্চম সংস্থান প্রকাশিত হ'ল। বইখানি শিক্ষান্তরাগী পাঠকবর্গের স্বীকৃতিলাভ করেছে— এইজন্ম আন্মি আনন্দিত।

চতুর্থ সংস্কবণ যথন প্রকাশিত হয় তথন আনি গোগশয্যায়। প্রীতিভাজনীয় স্বাগাপক শ্রীসভাগোপাল মিশ্র মহাশ্যেব চেষ্টায় ও শ্রংম প্রয়োজনীয় পারবর্তন কবে চতুর্থ সংস্কবণ যথা সময়ে বের করা সম্ভব হয়েছেল। তাব সাহায্যের কথা চিরদিন কু হক্সচিত্তে স্মবণ বাধব।

প: বাংলার সমন্ত বিশ্ববিত্যালয়, নব প্রবৃতিত Part-time B. ED. Course ও ব্যান্থাদা মহাবিত্যালয়ের পাঠাক্রম ও প্রশ্নেব ধাবাব দিকে দৃষ্টি রেখে পঞ্চম সংস্করণে প্রযোজনীয় পরিবর্তন করা হয়েছে, ানক্ষণ শিক্ষাণী ও নিক্ষণ-পরিচালক স্বাবই বইগানি সহায়ক হবে বলে বিশ্বাস রাগি।

অন্যান্ত সংস্বরণের মত প্রক্ষম সংস্করণেও আমাব শিক্ষক ও শিক্ষান্তরাগী ৰন্ধুদের যদি কিছুমাত্র কাজে লাগে ভাহলে আমাব শ্রন্থ সার্থক হয়েছে বলে মনে কলব। ইত্তি—

> বিনীত— রণ**ভিৎ ঘোষ**

প্রথম পর্ব

বিতালয় সংগটন

(School Organisation)

বিষয় পৃষ্ঠা প্রথম অধ্যায় প্রভাবনা ৩-৬ (Introduction)

দ্বিভীয় অগ্যায়

বিভালস্কগৃহ, খেলারমাট, আসবাবপত্র ও সাক্ত-সরঞ্জাম ৭-৩৫

(School Plant, Building and Equipment)

মুক্তা স ন বি তালয়	•••	ь
বিতালয় পরিবেশ	•	5
বিভালয় গৃহের প্রযোজনীয়ত।	•••	٥٠
বিভালযের স্থান নির্বাচন		2.5
বিভালয় গৃহ	***	25
.শ্ৰণীকক্ষ	•••	36
আসবাব পত্র	***	74
র্যা কবো ড	• •	\$>
বিষ্য কক্ষ	•••	₹ 8
ভূগোল কক্ষ	•••	> 6
ইতিহাস কক্ষ	•••	₹ €
বিজ্ঞান কক্ষ	•••	\$ W
পিরীক্ষণাগার	•••	29
কুল ওয়ার্বশপ্	***	45
 পূল্	•••	٥.
্থেলাব মাঠ	•••	৩২
ব্যায়ামাগার	•••	ಅತ
উপদংহাব	***	98

বিষয়		शृष्टे!
তৃতীয় অধ্যায়		
প্রস্থাপার (Library)	9	·8>
বিভাল্যে গ্রন্থাগার		۔ و رہ
গ্রহাগার ও তার বর্থমান কপ		৩৮
গ্রন্থার কিরপ হওয়া উচিং		ھد
গ্ৰন্থ নিবাচন		8 9
প্ৰিচালনা		8 :
পুস্তক জনা বহ		q⇒
শ্রেণী পাঠাগার		8 5
বিষয় পাঠাগাব		98
েন্দ্রায় গ্রন্থাপাব		50
পাঠকক ও পাঠ্যভোগ	•••	8 &
" এৰকাশকালীন ও বু'ভুমুলক প্টাগাব	••	4 1
উপস*হার		Rir
চতুর্থ অধ্যায়		
 সাধারণ সংগ ট ন ও বিভা ল র	্ পহিচা ল না ৫	·0-49
/ (General Organisation and School		
' প্রধান শিক্ষক		4.5
' প্রধান শিক্ষকের কাবাবলী (শিক্ষাদান, তত্ত্বপান, ও	ৰি∖স্ড, সম্ সুষ্ স∤গ্ন:)	27
' সহকাৰী শিক্ষক		60
∕ শিকিক সং		98
शंक्षम व्यक्तांस		•
সময় ভালিকা	-	16-20
(Time-Table)		
ু সময় ভালিকা রচনার র'তি	•••	۲.
মনোযোগ প্রদক্ষ		b- 0
বিরভি	•••	₽8

বিষয়			श्रृ ।
বিভিন্ন প্রকারের সম	য় ভালিকা		be
• প্রধান শি ক কদের দা	ন্থিত নি		50
• অস্থবিধা ও প্রতিকা	3	•••	b 9
ব্লক পদ্ধতি ও স্প্যাই	বোল পদ্ধতি		७ ≥
সময় ভালিকা ও শিং	কক সভা		٣-٦
	ষষ্ঠ অধ্যায়		
	শিক্ষক-অভিভাবক স	网络	₹0 <- 0€
	arent-Teacher Co-Ope	•	
***************************************	······································	· · · · · · ·	
শৈক্ষক-মভিভাবক	সম্পরের প্রযো জ নীয়ত।		9.0
শিক্ষক ও ছাত্ৰ সম্প	*		>••
ৰিভালণ পরিদ্শন		••	2.02
পরিদর্শকের কর্ত্রন			; •8
গঠনমূলক দৃষ্টিভঙ্গী		•	. «
প'বদৰ্শন ব্ৰেক্টাৰ জ	÷িট		308
উপস ংগর			: • 6
•	সপ্তম অ প্যায়		
	সৰ-পাঠ্যক্ৰমিক কাৰ্য	গৰকী	8ダご・ことに
	(Co-curricular Activi	itiesı	
এই কাষাবলী গুলি	সুচপাঠ্যক্রমিক কার্যাবল [্] কে•		> 0 1 1 1 1 1 1
সহপাঠ ক্রেমিক কার্য	বিল'ব প্রায়ে জনীয়ত		225
সহপাঠ্যক্রমিক কাশ	विली मरगरेत्वत अस्तिम		336
নানারণ সহপাঠাক	মিক কাজ	•••	224.
	ष्महेम ष्यशास		
~ *** *******	বিভালয়ে সামূহ শ	~~~·	つきゃうしゅ
	(School Self-Governm		
******		~~~~	
বিতাল্য স্মাঞ্চের প্র	াতি চ্চ ৰি		; ≥ €
শি ক্ষ কের ভূমিকা			579
বিত্যালয়ে ছাত্রদের গ	ৰয়েৰণাসনের বিভিন্ন রূপ	• • •	750

বিষয়		शृष्टे।
বিত্যালয়ে স্বায়ত্ব-শা লম-প্র কত		>3.
কাৰ্যকৰ সমিতি		; 2)
দ্বিতীয় পর্ব		
পদ্ধতি বিজ্ঞান		
প্রথম অধ্যায়		
শিক্ষায় পদ্ধতি-বিজ্ঞান ও পরিচ	~~ ~~~ ব েশর '	হান <i>৩-</i> >৬
(Significance of Method		
[* 7 * 		૭
শিক্ষা-পদ্ধতি		¢
শিক্ষা-পদ্ধতিব প্রয়োগ		٩
ভারতেব বিজ্ঞালয়গুলির অবস্থা	••	>•
প্রতি নিধারণে মনস্তম্ভ ও যুক্তি	•••	>>
শিক্ষায় পরিবেশেব গুকত্ব	•••	25
শিক্ষা-পরিবেশ	•••	> 9
'শিকা ও ব্যঃপ্রাপ্থি		•
দিতীয় অধ্যায়		
শিক্ষাদর্শ ও পদ্ধতি-বিজ্ঞানের ত্র	ল মবিব	ड ्य > १ -७१
(Evolution of Teaching M		
	·······	······
শিশুকেন্দ্ৰীক শিশ্ব।	•••	3.9
শিক্ষা-পদ্ধত্তিব বিবৰ্তন—মধ্যযুগ থেকে বৰ্তমান 🧦		3 9
প্রতি বিজানের জ্যবিবর্ণন	• •	29
প্রাচীন ভারতীয় শিকাদর্শ ও শিক্ষা পদতি	•••	. •
প্রাচীন চীন ও হিক্র শিক্ষা-পদ্ধাত		->
ইউরোপীয় শিক্ষাদর্শ ও শিক্ষা-প দ্ধতি	••	5 :
্মধ্যযুগীয় প্রী ষ্টার শিক্ষাদর্শ	•	→ C

,		
বিস্য	- 1	क है।
ন্বজ্গির্ণ		ي ډ
জন্ কোনেমিযাস	•••	۵ ۶
इन् नक्	•••	٠,
कृट [्] ।		25
পেন্টারোংদী		
হার্বাভ	••	৩১
- ऋरग्नट्यन	• •	৩;
• মেবিয়া মতেদরী	••	৩২
• 'फ्टॅं इं	•••	৩৩
ং প্রেক্টে পদ্ধতি		9
*বুনিয়াদি প্রতি	•••	৩৭
শান্তিনিকেভন ঃ রবীক্সন/থ	•	৩ ৪
অক্তান্ত আধুনিক শিক্ষা-পদতি	•••	૭ ૯
ফলশ্ৰুতি	•••	હ
ভাবতে শিক্ষা-পদভিব জ্যবিবতন	•••	29
ূ তৃতীয় অধ্যায়	ī	
কয়েকটি প্রগতিশীল শিচ		. ~~~
. (Some Progressive Metho	ds of Teaching)	
কৰ্মকেন্দ্ৰীক শিক্ষা	.,	88
আগ্রহ		88
আধুনিক শিক্ষা-পদ্ধতি ও স্ক্রিয়তাতত্ত্ব	***	89
কিণ্ডার গার্টেন পদ্ধতি		, . { b-
মন্তেদরী পদ্ধতি	•••	81-
স্মুক্তাস্মাধান প্ৰতি	•••	8 2
শ্রোভেক্ট পদ্ধতি		4 •
•বুনিরাদি পদভি	***	¢ •
•ভান্টন পদ্ধতি	111	(•
সহপাঠ্যক্রমিক কাষ্ববলী	•••	65
ৰুক্তিসিদ্ধ ও ম নস্তত্ত নিৰ্ভব শিক্ষাপদ্ধতি	•••	4>

63

বুক্তির পথ বনাম মনোবিজ্ঞানের পথ বুক্তিসিদ্ধ ও মনোবিজ্ঞান সম্মত প্রয়োগ আরোহী ও অবরোহী পদ্ধতি

-ভা-টন পরিকল্পনা শিক্ষকের কাজ

অভ্যাদ

বিষয		পৃষ্ঠা
্প্রাক্তেক্ট পদ্ধতি		95
প্রোছেক	•••	4.0
একটি প্রোক্তেরে বান্তব রূপায়ণ .		48
মূল্য ায়ন	••	48
প্রোক্তের গুৰুত্ব	•••	ut
<u> সীমাবদ্ধতা</u>	•••	46
বুনিয়াদী ও প্রোজেক্ট পদ্ধতির তুলনা		44
বুনিযাদী শিক্ষ -পদ্ধতি		61
কোঠারী কমিশনের অভিমত্ত	••	65
উইনেটকা পছতি	•••	1.
ডেকলি প্রুতি	•	92
বাটাভিয়া পদ্ধতি		90
সংজ্যবদ্ধ পদ্ধতি সমূহ		4 9
`কর্মণলা প্র ভি	•••	10
দেমিনার ও দিম্পোজিযাম	•••	96
ডি ^{ট্} ইর সমস্যা সমাধান পদ্ধতি	•••	92
কিণ্ডাবগার্টেন পদ্ধতি	••	٠.
মন্তেদরী প্রকৃতি	•••	۶۶
মস্কেদরী ও কিণ্ডারগার্টেন প্রতির তুলনা	•••	b8
হিউরিসটিক পদ্ধতি	•••	re
শিক্ষার কয়েকটি মূলনীজি	•••	69
চতুর্থ অধ্যায়		
শিক্ষাদানের নীভি নির্থারণ	ও শিক্ষাপ্রণা	नी
	*	9-500
(Principles of Teachin	g Method)	,
শিশুর যুগ	•••	• 6
শিশু প্রকৃতি ও শিক্ষা প্রণালী	•••	29
অভি ক্ত া	•••	9 8
অগ গ্ৰহ		25
পাঠের লক্ষ্য	•••	30
তথা ও উপকরণ	••	20

3-

• • •

> 48

> 28

: 29

50,

505

বর্ণনায় বৈচিত্র্য

প্রশ্ন কথন করা হবে

প্রশ্ন করার রীতি

গল্প বলা

선범

ξ 3			
বিষয়		পৃষ্ঠা	
আদর্শ প্রশ্নের লক্ষণ	*	208	
প্রশ্বে উত্তব ৬ স'শোধন	•••	્ર	
শিক্ষায় প্রশ্নের শুক্ত	•••	১৩৭	
সপ্তম অধ্যায়			
শিক্ষা-সহায়ক উপ	*রণ >	80.560	
(Teaching Aid	ds)		
	•••	386	
শিক্ষার উপযোগী কয়েকটি সরস্কাম	••	780	
উপকরণ ব্যবহাবের হীতি ও কৌশল	***	782	
বিভিন্ন শিক্ষাশহায়ক উপকরণ	•••	>84	
দৃষ্টি নির্ভর উপকরণ	***	\$ 8 %	
শ্রু ভির্ত্তব উপকবণ	•••	260	
দৃষ্টি-শ্রুতি নির্ভর উপবক্বণ	• •	> € 8	
দেওযাল পাত্ৰক। ও নিউজৰ্লেটিন	• • •	>48	
শিক্ষামূলক ভ্ৰমণ	•••	766	
শিক্ষামূলক প্রদর্শনী	•••	7696	
বিভালযেৰ সংগ্ৰহশালা	•••	> 4 9	
উনকবৰণ্ডাল পাব কোথায়	•••	>69	
বাস্তব অবস্থা	••	742	
व्यष्टम व्यक्षाम			
পাӚ-পরিকঙ্গ	지 >v	~~~~~~ マン・フマネ	
(Lesson Plan	n)		
পাঠ পরিকল্পনার প্রয়োজনীয়তা		``````````````````````````````````````	
বিভিন্ন ধবনের পাঠ	••	১৬৩	
হাবার্কের পঞ্চ দোশান	•••	2 48	
অন্থ বস	•••	200	
		266	
শিক্ষকের কেভিব্য	•••	,00	

[>1]

বিষয়		পৃষ্ঠা
পাঠ-পরিলেখ		292
পাঠ-পরিলেথ		১৭২
পাঠ-পরিলেথ	•	>98
উপস্থাপন	•	214
পাঠ-পরিলেশ		299
নবম অধ্যায়		
অনুবন্ধ প্রণ	গান্দী >৮০-১	~~~ >>
(Correlation of S	tudies)	
		~~~ >b•
শ্ৰেণী পাঠন		:65
বিষয় সমূধ অকু-নিরপেক্ষ নয়	•	ンケミ
অমুবন্ধ প্ৰণালী কি ?	••	>>>
অন্তবন্ধ প্রশালীর স্থবিধা	•••	:40
অন্তবন্ধ প্রণালীব প্রয়োগ	• •	>>8
প্রয়োগকালীন স্তর্কতা	••	>6-4
অনবন্ধ প্রণালীর কেন্দ্রীকবণ	• •	>64
কেন্দ্রীকর <b>ণের</b> ক্ফল	***	766
সম্বন্ধিত শিক্ষা প্ৰণালী	•••	723
বৰ্তনান শিক্ষা-ব্যবস্থা ও অন্তবন্ধ প্ৰণালী		757
দশ্ম অধ্যায়		
প্রীক্ষা ও মুক	 ਗ੍ਰੀਗ਼ਕ >৯২-২	 9>
(Examination and E	valuation)	
প্ৰীকা ও মূল্যায়ন	••••	~~~ 586
পর [্] কার ইতিহাস	***	>>>
পবীক্ষাব উদ্দেশ্ত	•••	328
দার্থক অভিকার বৈশিষ্ট্য	***	750
•• • • • • • • • • • • • • • • • • • • •		
বিভিন্ন পরীকা		794
		799 794

বিষয়		পৃষ্ঠা
।৭৭র রচনাধর্মী পরীক্ষার ক্রটি		<b>۲۰۶</b> اهاد
বস্তুনির্দ্ধ ও রচনাত্মক পরীক্ষার মিশ্রণ		₹•8
বস্তুনিষ্ঠ উদ্দেশ্যমূলক নৈৰ্ব্যক্তিক প্ৰশ্ন	•••	₹ 8
ত্রনামূলক বিচার	•••	٤٥٠
তুলনামূলক বিচার বাবহারিক পরীক্ষা		575 43e
আভাস্তরিন ও বহি:পরীক্ষা	•••	275
মাজভারণ ও যাক্রেরয়াক। ফলশ্রুতি	•••	<b>234</b>
পরীকা সংস্কাব		239
गर्शास्त्र शरकार मन्त्रोग्नस	•••	234
শ্যারন সার্থক ম্লাগ্রনের বিভিন্ন কৌশল	•••	•
শাৰক শ্ৰায়ালের বি ভয় কোশল	••	<b>2</b> 2 4
একাদশ প্রং	ােয়	
স্বাত্মক পরি	5됨 <b>위</b> ⑤	0 <b>2-</b> 288
(Cumulative Rec	ord Card)	
***************************************		
প্রগ ^{্র} পত্র	•••	5.05
প্রগ <b>ি পত্র</b> সংখ্যক পথিচয় পল্,	•••	२७२ २७२
	•••	·
দশত্মক পৰিচয় পল,		ર૭૨
সংখ্যক পৰিচয় পল, সংখ্যাক প্ৰিচম লিপি রাখাব উদ্দেশ সংখ্যাক প্ৰিচম পদ্মেব বিধ্যা বস্ত্	  	૨૭૨ ૨૭ <b>ક</b>
সংখ্যক পৰিচয় পল, স্বাত্মক পৰিচয় লিপি রাখাব উদ্দেশ	  	૨૭૨ ૨૭ <b>ક</b>
সংখ্যক পৰিচয় পন, সংখ্যক পৰিচয় পনে, সংখ্যক পৰিচয় পনেৰ বিশ্ব বস্থ	-	૨૭૨ ૨૭ <b>ક</b>
সংখ্যক পৰিচয় পল, সংখ্যাক প্ৰিচম লিপি রাখাব উদ্দেশ সংখ্যাক প্ৰিচম পদ্মেব বিধ্যা বস্ত্	-	૨૭૨ ૨૭ <b>ક</b>
সংখ্যক পবিচয় পন, সংখ্যক পবিচয় লিপি রাখাব উদ্দেশ স্বাত্মক পবিচয় পন্থেব বিষয় বস্থ  তৃতীয় প্র	- ~~~~~ প্ৰসা	₹७१ ₹७8 ₹७
সংখ্যক পবিচয় পন, স্বাত্মক পবিচয় লিপি রাখাব উদ্দেশ স্বাত্মক পবিচয় পনেব বিষয় বস্ত্র	- ~~~~~ প্ৰসা	₹७१ ₹७8 ₹७
সংখ্যক পবিচয় পল, সংখ্যক পবিচয় লিপি রাখাব উদ্দেশ স্বাত্মক পবিচয় পলেব বিষয় বন্ধ ভূতীয় প্র শ্বিষয় বি (Health Educ	- ~~~~~ প্ৰসা	₹ 08 ₹ 08 ₹ 09 
সংখ্যক পবিচয় পন, সংখ্যক পবিচয় পনে, সংখ্যক পবিচয় পনের বিশ্ব বস্থা ভূতীয় প্র	- ~~~~~ প্ৰসা	₹ 98 ₹ 9 
সংখ্যক পবিচয় পন, সংখ্যক পবিচয় পনে, সংখ্যক পবিচয় পনের বিশ্ব বস্থা ভূতীয় প্র	- ~~~~~ প্ৰসা	₹ 3 ₹ 9 ₹ 9 
সংখ্যিক পৰিচয় পল, সংখ্যিক পৰিচয় লিপি রাখাৰ উদ্দেশ স্বাত্মক পৰিচয় পশ্ৰেৰ বিশ্ব বস্ত্ত  ভূতীয় প্ৰ	- ~~~~~ প্ৰসা	₹ ৩₹ ₹ ৩8 ₹ ৩ 
সংখ্যক পৰিচয় পন, সবাত্মক পনিচয় লিপি রাখাব উদ্দেশ সবাত্মক পবিচয় পনেব বিসম বপ্ত তৃতীয় প্র ত্বাস্থ্য বি (Health Eductive) বাস্থ্য শিক্ষা বাস্থ্য বি ক্বাস্থ্য শিক্ষাব গুৰুত্ব ব্যক্তি পাস্থ্য	- ~~~~~ প্ৰসা	₹ 98 ₹ 98 ₹ 9 
সংখ্যক পৰিচয় পন, সবাত্মক পৰিচয় নিশি রাখাব উদ্দেশ সবাত্মক পৰিচয় পনেব বিসম বপ্ত ভূতীয় প্র ভূতীয়	- ~~~~~ প্ৰসা	₹ 98 ₹ 9 ₹ 9 
সংখ্যেক পৰিচয় পল, সবাত্মক পৰিচয় পলেব লিপি রাখাব উদ্দেশ সবাত্মক পৰিচয় পলেব বিসম বপ্ত ভূতীয় প্র	- ~~~~~ প্ৰসা	208 208 208 208 208 208 208 208 208 208

বিষয়		পৃষ্ঠ
স্বাস্থ্য শিক্ষার লক্ষা ও উদ্দেশ্য	•••	30
বাক্তি স্বাস্থ্য	•••	3 9
ন্যক্তিগত স্বাস্থ্যের সাধারণ বৈশিষ্য	***	74
জন স্বাস্থ	ព	
ভূমিক	,	२२
জন স্বাস্থ্য ও ব্যক্তি স্বাস্থ্য	•	३७
জন স্বাস্থ্যের পরিপি	•••	२७
জন স্বাস্থ্য সংরক্ষণ	••	२ 8
রাষ্ট্রে দায়িত্ব	•••	÷€
জনসাধারণেব কর্ত্ব্য	•••	> €
বিশ্বপাশ্ব্য সংস্থা	•••	ર <b>હ</b>
জনপাস্তা ও বাস্থা শিক্ষা	•••	26
জন স্বাস্থ্য বক্ষায় বিত্যালয়ের ভূমিকা	•••	> 9
খাত		
খালের প্রযোজনীয়ত।	•••	52
প্রোটিন	•••	٥>
কাৰ্বোহাইডেুট -	••	9>
চবি বা স্নেহজাতীয় খান্ত	•••	9>
ধাত ব লিবণ	***	9 9
ভিটানিন বা খাত প্ৰাণ	•••	58
হ্ৰষ্ম গাছ	••	<b>ری</b> تر
খাগ্য সম্পর্কে ক্ষেক্টি সাধ্বেণ নিষ্ম		<b>የ</b> ៤-
বিভালয়ে জলযোগের ব্যবস্থা	•••	<b>۾</b> و
ক্ষেক্টি সংক্রামক ব্যোগ	•••	. 88
সংক্রামক রোগ নিধারণের উপায়		H &
সংক্রামক রোগের চারটি অবস্থা	•••	۶۶
ক্ষেক্টি সংক্রামক ব্যোগ	•••	t •
ক্ষেক্টি চৰ্মবেশ্য	••	6.9
বিতাল্যের স্বাস্থ্য কর্মসূচী		46
বিছালয় স্বাস্থ্য ক্লিক		<b>خ</b> و
Guidance Clinic	•••	63
স্বাস্থ্য সংক্র	ख	-
প্রিদর্শন		•8
শাস্থ্যগত পরিদর্শনের গুরুত্ব	•••	. 44
স্বাস্থ্য সংক্রান্ত পবিদর্শনের পরিণি	<b>**</b> ***	19€

বিষয়		9हें।
স্বাস্থ্যসংক্রাস্থ পরিদর্শনের লক্ষ্য	•••	69
স্বাস্থ্য সংক্রান্ত পরি <i>ন</i> র্শনের ধারাবাহিকতা	• • •	<b>66</b>
প্রাত্যহিক স্বাস্থ্য সংক্রাস্ত প্রিদর্শন	•	49
স্বাস্থ্য সংক্রান্ত প্রিদর্শনের সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তিবর্গ	•••	<b>&amp;</b> -
স্বাস্থ্য সংক্রাস্ত পরিদর্শন	• • •	<b>6</b> 9
মুদালিয়ৰ কমিশনের মস্তব্য		496
/ বিন্তালয়ে স্বান্থ্য-ব্যবস্থ	ri	
অন্সবৰ ব্যবস্থা		66
বিভাগয়ে স্বাস্থ্য ব্যবস্থা		9 •
পরিচ্ছন্ন পবিবেশ	•••	95
স্বাস্থ্যসম্মত বিছালয গৃহ		95
সাস্তাসম্মত কযেকটি অভ্যাস		92
বিত্যালয়ে জলের ব্যবস্থ।	•••	9.9
<b>ं</b> हिक्किन्		99
বদিবার ব্যবস্থা		98
/শোচাগাব	••	18
ব্যক্তিগত প্রিচ্ছন্নতা		18
, শুরার শিক্ষা		
শ্বীব শিক্ষা কি ?		9 @
< শ্রীব শিক্ষাব স্থবিধা		989
বাাণাম		99
বয়স ভেদে ব্যায়াম	•••	96
স্কুলে ব্যাযাম শিক্ষার <b>প্রয়োজনী</b> য়ভা		93
<ul><li>থেলাগুলা</li></ul>	•	۹۶
বিভিন্নপ্রকার শ্বীর চর্চা		<b>b</b> ••
মুদ্যালয়ৰ কমিশনের বক্তব্য	••	F3
শরীর শিক্ষা সম্পর্কে কোঠারী কমিশনের অভিমত	• • •	6-9
শরীব চর্চা এবং ক্লান্তি	•	be
গ'ছ	• •	₽€
হিশ্ৰায় ও নিজ্ৰা	••	৮৬
প্রাথমিক চিকিৎসা ও অন্যান্য চিকিৎসা	••	g <b>6</b>
ব্যক্তিগত বৈষ্ম্যের <i>স্বং</i> ষাগ	••	59
বিছ্যানয়ে শবীর শিক্ষার সংগঠন	•••	69
শ্রীরচর্চার শিক্ষাগত মূল্য	***	<b>6</b>
শরীর শিক্ষা ও বিনোদন	• •	56
বান্তব অবস্থা	•••	<b>₽≥</b>

#### প্ৰথম পৰ্ব

# বিজ্ঞালয় সংগঠন

### (SCHOOL ORGANISATION)

School Plant-Building and equipment.

Laboratory-Library.

Workshop—Museum, Subject-room, Gymnasium and Play ground.

General organisation and Administration. The Headmaster. Teacher's Council. Time-table supervision.

Parent—Teacher Co-operation, Pupil-teacher relationship. School Inspection.

Organisation of Co-curricular activities. Physical education—Games and sports তপোবনের শিক্ষার মুক্তাঙ্গন বিষ্ণালয়ের যুগ আব নেই।

মুক্তাঙ্গন বিদ্যালয়েব স্থান নিমেছে সংগঠিত বিদ্যালয় ( Organised School )।

আধুনিক শিক্ষার ওধু বিজ্ঞালয় গৃহ হলেই উন্নত শিক্ষাব বাবস্থা সম্ভব নয়। শিক্ষা সহায়ক অনেক উপকরণ চাই। চাই পরীক্ষণাগাব, মিউজিয়াম, বিষ্যকক, এস্থাগার, স্থল-ওয়ার্কসপ।

শিক্ষার্থীব সামগ্রীক উন্নতি বিধানের জম্ম খেলার মাঠ ও ব্যাযামাগারকে শিক্ষায় উপযুক্ত স্থান দিতে হবে।

এ সবের সাথে ভাবতে হবে পবিবেশের কণা শিক্ষাৰ উপযুক্ত পরিবেশ হৃষ্টি করতে না পারলে সব আরোজন বুধা,।

'As is the Head-Master, so is the school'-এত বড় একটা কথা বলা হয়েছে যার সম্বন্ধে তাৰ কৰ্জৰা বিশদভাবে জানতে হবে। বিদ্যালয় তবুণীর কর্ণধাব হচ্ছেন প্রধান শিক্ষক। তাকে শিক্ষাদান, उद्यावधान, প্রশাসন, সমন্বয় সাধন স্বৃদ্ধিক দেখতে হয়। প্রধান শিক্ষক ষত যোগ্য হোক না কেন উপযুক্ত সহকাবী **गिकक ना इत्न गिकार मर आस्त्राजनहें वार्थ।** कि श्वन থাকলে আদর্শ শিক্ষক হওয়া যায় তা আমাদের জানতে श्रद। १ फिट्ड २ ) हो वाकाल कुल वरम। किन्न कुरल. আছে ভার নিজের ঘটি যাকে বলা হয 'Second School Clock'। স্থলেব সময় তালিকার সাথে তাল রেখে হ্বলে পড়ান্ডনা চলে। স্ক্রলের ও শিক্ষকদের অনেক সমস্তা তা নিয়ে আলোচনার জন্ম আছে শিক্ষক সভা। স্কলের ব্লুমুখী কাজেব তদারকীর ব্যবস্থা করতে হয়। যথাযোগ্য তত্বাবধান (Supervision) না থাকলে ৰিতালয় স্ফুৰ্ভাবে পরিচালিত হবে না সেইক্সন্ম উপযুক্ত ব্যবস্থাও করতে হবে।

শিক্ষাণীর দিনের অধিকাংশ কাটে তার গৃহ
পরিবেশে। সে ঘরে কি করছে তার উপর দৃষ্ট রাধেন
অভিভাষক। তাই শিক্ষক-অভিভাষক বোগ সাধন না
হলে শিক্ষা পূর্ব হবে না। কি হবে তা আমাদের ভেবে
দেখতে হবে। সরকারের একটা ফর্ডব্য হচ্ছে বিভালরভলি ঠিকমত পরিচালিত হচ্ছে কি না সেক্তর্জ পরিদর্শনের
ব্যবহা করা।

ছ'থান। পুথি মুখ্ছ করনেই বিদ্যালাভ শেব হর না।
শিক্ষালাভের ক্ষেত্র ছড়িরে আছে সবধালে। জীবনমূছে
জয়ী হতে শিক্ষার জন্ত গুধু বইরের পাতা মুখ্ছ করনে
চলবে না, তার জন্ত আছে সহপাঠ্যক্রমিক নানা কাজ।
মানসিক, বৌদ্ধিক ও দৈহিক উন্নতিতে সহপাঠ্যক্রমিক
বিবরের গুলুক আমাদের জানতে হবে।

#### श्रंथम जगाम

#### প্রস্থাবনা

### (INTRODUCTION)

একদিনের অসভ্য, বর্বর মাত্রুষ আজ শিক্ষা দীক্ষা, জ্ঞান-বিজ্ঞান, শিল্প-সাহিত্য-কলা, সভ্যতা-সংস্কৃতির উচ্চশিখবে আরোহণ কবেছে। সেদিনের অরণ্যচারী মাত্র মাজ তাই নভোচারী। মাছবের এত উন্নতির মূলে আছে শিক্ষা। শিক্ষাই মানবঞ্জীবনকে সর্বোত্তম বিকাশে সাহায্য করে। শিক্ষার সবচেয়ে বড মাধ্যম হ'ল বিভালয়। পৃথিবীর প্রতিদেশেই বিভালয় শিক্ষাদানের সর্বপ্রধান কেন্দ্র। মুমাজের বুকে এই শিক্ষা-প্রতিষ্ঠানগুলি যেন এক একটি জ্ঞান-ৰতিকা,--বার আলোকে নিকটবর্তী িল্লালয় একটি এলাকা জ্ঞান-প্লাবিক হয়ে পডে। বিভালয় হ'ল সামাজিক নামাজিক প্রতিষ্ঠান व्यिक्षिम । नमात्मत्र विभिन्न माञ्च जाँदमत द्वारायात्मत বিভালয়ে পাঠান শিক্ষাগ্রহণের জন্ম। শিক্ষাদানের পবিত্র ও গুরুত্বপূর্ণ দায়িত্ব বিভালয়গুলির। বিভালয়গুলির শিক্ষাদানের সাফল্যের উপর সমাজের উন্নয়ন ও অগ্রগতি অনেকখানি নির্ভর করে। একদিন আমাদের দেশের ছাত্র-ছাত্রীরা গুকুগৃহে গিয়ে লেখাপুড়া শিখডো। আজ আমাদের দেশে অসংখ্য বিভালয় প্রতিষ্ঠিত হয়েছে। এই বিভানমগুলিতে ছেলে-যোৱা ছানে নিকা গ্রহণের জন্ত। সমাজ ও ব্যক্তিকীৰনের কেন্দ্রে রিছালয়গুলির গুরুত তাই অনবীকার্ব। বিভালয়ের শিক্ষানাক্ষ ভাই নাইখুনিক, কৈলানিক ও তত্ত্বগত ডিভির উপর প্রতিষ্ঠিত করতে হবে। বিভাক্তমের স্থান্ত ও মধুর পরিবেশে গিরে শিকার্থীরা যাতে ৰথাৰথভাৱে আনাৰ্জৰ ক্ষতে পালে তার সৰ্বপ্ৰকার হুৰোগ হুবিধা विशानता व्यवशे स्टिक्स कर्य हर्द ।

শিকা, সভাজা ও বিজ্ঞানের এই শাবিক উরভির দিনে সকল কর্ম প্রয়াসকে বৈজ্ঞানিক ভিজিতে প্রাক্তিক করতে হবে। এলোমেলো ও পরিকর্মনাহীন কাজকর্ম উল্লেখনীক বিশ্বক শ্বে পরিভালিত হবে লক্ষ্যন্তই হরে পড়ে। তাই বিভালের ক্ষেত্রকার (School Organisation) প্রয়োজন সংগঠন কি!

হয়। ন্যাভের বুকে একটি বিভালর প্রতিটা করতে বে চিন্তা-ভাবনা, কাজকর্ম, তবির-ভারক ও মেহনত করতে হয় তা বিভালর সংগঠনের অর্থান্ত। একটি নিশিই লক্ষ্য ও উল্লেখকে সাম্বেন রেখে পরিকর্মনা অহ্যান্ত্রী বৈজ্ঞানিক কাজকর্মকে সংগঠন আখ্যা কেন্ত্রা বেতে পারে, Ryburn তার "The Organisation of School" প্রবে ব্লেক্সেন,—"Organisation is the embodiment of a spirit and of an ideal. According to aim

that we have before us, so will the organisation of our institution." বিস্থালয় সংগঠনের ক্ষেত্রেও এই কথাগুলিকে মনে রাখতে হবে।

সমাব্দের বুকে একটি বিভালয় প্রতিষ্ঠা করতে গেলে অনেক কাঠখড় পুডাভে হয়। আমাদের মত অনগ্রসর ও অশিক্ষিত দেশে সে কাঞ্চ আরও কঠিন। বিভালয়ের স্থান নির্বাচন, ঘরবাড়ী নির্মাণ, আসবাব-পত্র সংগ্রহ, শিক্ষক নিয়োগ, ছাত্রভতি ইত্যাদি কাজ ষথাষধভাবে স্থসম্পন্ন করেও সরকারী অন্তুদানের জক্ত ২।৩ বছর বা তারও অতিরিক্ত সময় অপেকা করে থাকতে হয়। তারপর বিগালম্ব চলে অনেকটা স্বাভাবিক গতিতে। কিন্তু তবুও মাঝে মাঝে অনেক সমস্থা মাথা চাড়া দিয়ে উঠে। সাংগঠনিক পথে তার সমাধান করতে হয়। ছাত্র বিশৃংখলা, আর্থিক সমস্থা তো আজকের বিভালয়ের প্রতিদিনের ঘটনা। বিতালয়ের সংগঠন তাই খুবই গুরুত্বপূর্ণ। অনেক সময় বিতালয় সংগঠন ( School Organisation ) ও বিভালয় প্রশাসনে ( School Administration ) এক করে দেখা হয় : কিন্তু বাস্তবিক পক্ষে বিভালয় প্রশাসন বিভালয় সংগঠনের একটি অংশ: বিভালয় পরিচালক সমিতি (School Managing Committee) বিভালয় সংগঠনের দায়িত্ব বহন করেন। আব বিভালয় প্রশাসনের মুখ্যদায়িত্ব বিভালয়ের প্রধান শিক্ষকের। বিভালয়ে শিক্ষার্থীদের পড়াওনাকে কেন্দ্র করে যে সব কাজকর্ম পরিচালিত ইয় তা হ'ল প্রশাসনিক ব্যাপাব। আর বিভালয়ের পর্ডান্ডনার পরিবেশ স্বাষ্ট ও উপযোগী ব্যবস্থা অবলম্বন বিভালয় সংগঠনের অন্তভূতি। বিভালয় সংগঠন তাই খুৰই গুৰুত্বপূর্ণ।

বিত্যালয়ে শিক্ষার্থার। আদে পডাশুনা করতে। প্রতিটি শিক্ষার্থার মধ্যে তাদের ব্যক্তিত্ব বিকাশের অনস্ত সন্তাবনা রয়েছে। একটি বীজের মধ্যে বেমন বিরাট বনস্পতির অগাধ সম্ভাবনা থাকে। তেমনি একটি শিশুর মধ্যে ভবিশ্বৎ

নাগরিকের অনস্ত সন্তাবনা থাকে। শিক্ষার কাজ হ'ল বিভালয় সংগঠন ও ব্যক্তির অস্তানিহিত সন্তার সর্বোক্তম বিকাশে সহায়তা করা। বিভালয় সংগঠন সে কাজে সাহায্য করে। বিভালয় সংগঠন বিভালয়ে এমন পরিস্থিতির সমাবেশ করবেন যাতে প্রতিটি শিক্ষার্থীর অস্তানিহিত সন্তার পরিপূর্ণ বিকাশ হয়;—যাতে প্রতিটি মাহম ভবিদ্যুতের উপযুক্ত নাগরিক হিসেবে নিজেকে গডে তুলতে পারে। বিভালয়ের কেন্দ্র বিন্দু হ'ল তার ছাত্র-ছাত্রীরা। বিভালয় সংগঠন সেদিকে লক্ষ্য রেখেই কাজকর্ম পরিচালনা করবে।

সমাজের বৃক্ বিভালয়গুলি হ'ল এক একটি জ্ঞান-বর্তিকা। সমাজের মাতুষ তাদেব ছেলেমেয়েদের বিভালয়ে পাঠার শিক্ষাগ্রহণ করতে। বিভালয়ের কাছে সমাজের আশা তাই অনেক। কারণ বিভালয়গুলিই সমাজকে ভবিশ্রতের উপযুক্ত নাগরিক উপহার দেয়। সমাজের ভবিশ্বৎ উরতি তাই বিভালয়গুলির উপর অনেকথানি নির্ভরশীল। সমান্ধ তাই বিত্যালয় সংগঠনে একটি বিশেষ ভূমিকা গ্রহণ করে। বিত্যালয় সংগঠনে, বিত্যালরের পরিচালক সমিতিতে সমান্ধের প্রতিনিধিত্ব ও কর্তৃত্ব থাকে। বিত্যালয় সমাজ-বিত্যালয় ও সংগঠন ও জীবনকে প্রভাবান্থিত করে। বিত্যালয়ের সভ্যতা ও সমাজ-জীবন সমাজকে প্রভাবান্থিত করে। বিত্যালয়ের বে সব উৎসব অফ্রান ইত্যাদি হয় তাতে সমান্ধ-জীবন অসহ দারিন্দ্র ও বেকার জীবনের জ্ঞালার মধ্যেও আনন্দ ও সৌন্দর্থের আস্থাদ পায়। বিত্যালয় তাই সমাজেব প্রাণকেন্দ্র।

### ॥ জাতীয় শিক্ষানীতি॥

|| National Educational Policy ||

জাতীয় শিক্ষানীতি বিহ্যালয়গুলির মধ্য দিয়ে প্রতিফলিত হয়। বিদ্যালয় সংগঠনকে তাই জাতীয় শিক্ষানীতির সব্দে সম্পর্কিত রাখতে হয়। কারণ জাতির ভবিশ্বৎ এই বিশ্বালয়গুলির শিক্ষাদানের সাফল্যের জাতীয় শিক্ষানীতি ও উপর নির্ভরশীল। সামাজিক শৃংখলাবোধও বিশ্বালয়গুলি বিভালয় গণেকে আসে। বর্তমানে ছাত্রে বিশৃংখলাই সমাজ জীবনকে চরমভাবে ত্র্বিষহ, করে তুলেছে। গণতান্ত্রিক রাষ্ট্র কাঠামোয় নাগ্রিকের গণভান্ত্রিক চেডনার (Democratic Sense) উপর অনেক গুরুত্ব দেওয়া হয়। শিক্ষার্থীরা এই গণতান্ত্রিক চেডনা বিভালয়গুলি থেকেই অর্জন করে। বিভালয় সংগঠনে তাই গণতান্ত্রিক চিন্তাভাবনার উপর যথেষ্ট গুরুত্ব দিতে হয়। শিক্ষার মূল লক্ষ্য ও উদ্দেশ্যগুলি বিভালয়গুলি রক্ষা করে চলবে; এবং সে বিষয়ে বিভালয় সংগঠন সন্ধাগ থাকবে। বিভালয় সংগঠন তাই জাতীয় শিক্ষানীতি, শৃংখলা, গণভান্ত্রিক চিন্তাভাবনা ও শিক্ষার মূল লক্ষ্য ও উদ্দেশ্যের দিকে যথেষ্ট দৃষ্টি রাখবে।

বিভালয় গৃহ, আসবাৰ পত্র, ছাত্র ও শিক্ষক থাকলেই শিক্ষাকার্য স্থসপদ্ম হয় না। সেগুলিকে স্থসংগঠিত করে যথাযথভাবে ব্যবহার করতে হবে। জাতীয় শিক্ষানীতি, শিক্ষার লক্ষ্য ও আদর্শ, পাঠ্যক্রম (Curr'culum) ইত্যাদিকে শিক্ষাদানের সময় যথাযথভাবে অন্বিত করতে হবে। বিভালয়ে শিক্ষাদান করা হয় একটি স্থনিদিষ্ট পাঠ্যক্রমের ভিত্তিতে। সেই পাঠ্যক্রমটি শিক্ষার্থীদের নিকট পর্যন্ত পৌছে দেওয়া বিভালয় সংগঠনের অন্ততম কাজ। বিভালয় সংগঠন সহপাঠ্যক্রমিক কার্যাবলী (Co-curricular Activities) ও স্বাস্থ্যশিক্ষার (Health Educasion) দিকেও স্থতীত্র নজর রাথবে। বিভালয় পরিচালনার উপরও বিভালয় সংগঠন কর্তৃত্ব করবে। বিভালয়ের সবকিছু বিবয় ও বস্তকে যথাযথভাবে সম্পর্কয়্তক করে শিক্ষার্থীদের শিক্ষাদানে ব্যবহার করাই বিভালয়

সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য। বিষ্যালয় সংগঠনকে তাই সব কিছুকে সম্পর্কযুক্ত করার উপর গুরুত্ব দিতে হবে। কোন জায়গায় 'কি করলে. বা কাকে পাঠালে কোন কাজ সর্বোত্তমভাবে সাধিত হবে সমৰ্য সাধনই |বছালয় विष्णानग्र भःगर्रेन स्मिन्दिक नव्हत त्राथरत । विष्णानग्र সংগঠনের মূলকথা শিক্ষাব্যবস্থার সবচেয়ে গুরুত্বপূর্ণ অক হ'ল বিভালয় সংগঠন 🔻 P. C. Wron তাই বলেছেন,—"Organise the School to benefit the Scholar, to train his faculties, to widen his outlook, to cultivate his mind, to form and strengthen his character, to develop and cultivate aesthetic faculty, to build up his body and give him health and strength, to teach his duty to himself, the community and the state organise the school for this end and not to prepare for Matriculation Examination." শিক্ষার্থীদেব শিক্ষাদানই হ'ল বিভালয় সংগঠনের মূলকথা। বিভালয় সংগঠন তাই সেদিকে জ্বোর দেবে। বিভালয়ে বিভিন্ন ধরনের ছাত্র থাকে। প্রতিটি ছাত্তের ব্যক্তিম ও প্রকৃতি মালাদা। ব্যক্তিগত বৈদম্যের (Individual differences) কথা মনে রেখে বিভালষ সংগঠন চলবে, ফলে ব্যক্তি তার অন্তর্নিহিত সন্থার পরিপূর্ণ বিকাশ সাধনে সক্ষম হবে , সমাজ ও বাষ্ট্র উপযুক্ত ভবিষ্যৎ নাগরিক পেয়ে উপকৃত হবে।

বিভালয় দংগঠন প্র ব্যবসায় সংগঠন (Business Organisation) এক জিনিস নয়। ব্যবসায় সংগঠনে থাকে শ্রমিক-মালিক সম্পর্ক। হাদয়ের সম্পর্ক অপেক্ষা পরস্পর-বিরোধী স্বাথের ছন্দই সেথানে বৃড় কথা। কন্ধালয় সংগঠন কন্ধালয় সংগঠন কিন্তু বিভালয়ে হৃদয়ের সম্পর্ক ই বড কথা। সহাহত্তি মানবিকতা, উদারতা, কন্দা, প্রীতি, শুভেচ্ছা ইত্যাদির ভিত্তিতে বিভালয় সংগঠন গড়ে উঠবে। ছাত্র, শিক্ষক, অভিভানক, বিভালয় পরিচালক সমিতি ও সমাজের বিভিন্ন স্তরের মাল্লয়ের এক অক্তত্রিম হৃদয়ের সম্পর্কই বিভালয় সংগঠনকে সাফল্য এনে দিতে পারে। বিভালয় সংগঠনের বিষয় ও পরিধি হ'ল বিশাল। অথচ এগুলি খুবই গুরুত্বপূর্ণ। তাই এই বিষয়গুলি সম্পর্কে পরবর্তী অধ্যায়ে বিস্তৃত আলোচিত হ'ল।

### व्यक्षावनी

(1) Pupil, teacher, curriculum, and Community constitute the quarter of the School world. Discuss the functional relationship of the four in the education of the child.

### দিভীয় অধ্যায়

# বিভা**ল**রগৃহ**, খেলার** মাই, আসবাবপত্র ও সাজ-সরঞ্জাম (SCHOOL PLANT BUILDING AND EQUIPMENT)

আহ্নষ্ঠানিক শিক্ষাপর্বের শুরু ষেদিন থেকে সমাজে হয়েছিল সেদিন থেকেই শিক্ষার্থীর জন্ম একটা নির্দিষ্ট সময় গুরু বা শিক্ষকেব কাছ থেকে শিক্ষা গ্রহণ করবার ব্যবস্থা হয়। প্রাচীন ভারতের বিভার্থীকে তপোবনে গুরু গৃহে গিয়ে শিক্ষা গ্রহণ করতে হ'ত। শিক্ষায় পরিবেশের প্রভাব সম্পর্কে সচেতন ছিলেন বলেই বোধ হয় প্রাচীন ভারতের আচার্যকুল নগরের কলকোলা-প্রাচীন যুগের বিম্বালয় হলের বাইরে শাস্ত নির্জন পরিবেশে শিক্ষার আয়োজন करति हिट्निन। किन्तु मुक्त शतिरवरण शिका मीर्चापन शामी शम नि। जीवरनत জটিলতা বৃদ্ধির 'সাথে সাথে শিক্ষা-ব্যবস্থারও পরিবর্তন শুরু হয়। বৌদ্ধযুগে আমরা প্রথম আধুনিক অর্থে সংগঠিত বিছালয় দেখতে পাই। বৌদ্ধ শিক্ষা-ব্যবস্থায় বিহার বা মঠকে আশ্রয় করে বৌদ্ধ শিক্ষাকেন্দ্রসমূহ গড়ে উঠেছে। সে যুগের ধর্মাশ্রমী শিক্ষা মন্দির, মঠ, বিহার, মদজিদ, গীর্জ্জাকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। ভারতের মসঙ্গিদ সংলগ্ন মক্তব আর চণ্ডী-মণ্ডপে প্রাথমিক বিভালয় আজও দেথতে পাওয়া যায়। শুধুমাত্র শিক্ষার জন্ম সম্পূর্ণ স্বতন্ত্র প্রতিষ্ঠানরূপে বিভালয়ের নিজম্ব গৃহ, দাজদরগ্রাম ও আদবাব পত্তের ব্যবস্থা আধুনিক ঘূগের শিক্ষার অঙ্গরণেই দেখা দিয়েছে। আধুনিক সমাজজীবন জটিল আকার ধারণ করেছে। নাগরিক সভ্যতার বিকাশ মাহুষের জীবনকে প্রভাবিত করেছে। জ্ঞানের জীবস্ত আলোকবর্তিকার মতো দিকে

আধুনিক শিক্ষায় বিজ্ঞালয় সমাজেন বাহক দিকে বিভালয়গুলি প্রতিষ্ঠিত হয়েছে। আধুনিককালে বিভালয় বলতেই আমরা বৃঝি একটি নিদিষ্ট জায়গায় এমন কিছু উপযুক্ত গৃহ যেখানে ছাত্র-ছাত্রীরা এসে শিক্ষাগ্রহণ করে। ছোট ছোট ছেলেমেয়েরাও বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে

বিভালয় ষেতে অভ্যন্ত হয়ে উঠে। শিক্ষার্থীর জীবনের কত আনন্দ বেদনা এই বিভালয়ের সঙ্গে জড়িত তা বলে শেষ করা যায় না। আধুনিক সমাজজীবনের অনেকথানি দ্বডে আছে এই বিভালয়গুলি।

# ॥ যুক্তাঙ্গন বিষ্ঠালয় ॥

|| Open-air School ||

বিষ্টালয় গৃহ যে একেবারে অপরিহার্য তা নয়। প্রাচীন ভারতের তপোবনে গাছের তলায় এবং খোলা জায়গায় শিক্ষার ব্যবহা ছিল। শাস্তিনিকেতনে উন্মুক্ত প্রাস্তরে গাছের ছায়াতলে শিক্ষাদানের ব্যবহা আছে। এরপ শক্তাঙ্গন বিভালয় শিক্ষাব্যবহা শিক্ষাব্যরে মনকে সরস করে; শিক্ষাদান আকর্ষণীয় হয়। প্রচুর আলো ও বাতাসে শিক্ষাব্যদের স্বাহ্য ভালো থাকে। প্রকৃতির স্পর্শে শিক্ষাব্যদের মনে প্রশাস্তি, উদারতা ও আনন্দবোধ সঞ্চারিত হবে। তবে সব ঋতুতে এই মৃক্তাঙ্গন বিভালয় পরিচালনা সন্তব নয়। আমাদের দেশের গ্রীম্মকালে ও বর্ষাকালে অসহ্য গরমে ও প্রবল বর্ষায় মৃক্তাঙ্গন বিভালয় সন্তব নয়। এই ব্যবহায় শিক্ষাব্যদের মধ্যে শৃংখলা রক্ষা করা কঠিন। লাইবেরী, ল্যাবরেটরী ও ওয়ার্কস প্রভৃতির ক্ষেত্রে বিভালয় গৃহের প্রয়োজনীয়তা অপরিহার্ষ। তবে বিভালয় গৃহের সঙ্গে কছু কিছু পরিমাণে মৃক্তাঙ্গন শিক্ষার, ব্যবহা থাকলে ভালো হয়। তাতে শিক্ষা বৈচিত্রময় হয়।

# ॥ মুক্তাঙ্গন বিভালয়ের সুবিধা ও অসুবিধা ॥

| Advantage & Disadvantage of Open-air School |

মৃক্তাঙ্গন বিভালয় অতীত ভারতে ছিল। আধুনিক ভারতে খুবই সীমিত ভাবে মৃক্তাঙ্গন বিভালয় ব্যবস্থা চালু করার প্রয়াস দেখা গিয়েছে। উপরেব আলোচনা থেকে আমরা দেখতে পাই এই ব্যবস্থার স্থবিধাগুলি হচ্ছে:—

- । ব্যয় সভোচ। ভারতে শিক্ষাবিস্তারের পথে একটা প্রধান অন্তরায়
   হচ্ছে অর্থের অভাব। মুক্তাঙ্গন বিভালয়ে এই ব্যয় ভার অনেক লাঘব হতে পারে।
- ২। স্বাস্থ্যের পক্ষে উপকারী। প্রচুর আলো-হাওয়া ছেলেদের স্বাস্থ্যের পক্ষে পরম উপকারী, পাঠকালীন ক্লান্তি অনেক কম হয়।
- ৩। সংক্রোয়ক রোগ নিরোধক। মৃক্রায়ন বিভালয়ে একের থেকে অপরের দেহে রোগ সংক্রামিত হবার সম্ভাবনা কম থাকে। পা্শ্চাত্য দেশে ষক্ষা, মৃগী ও বিকলাক রোগীদের জন্ম মুক্রায়ন বিভালয়ের ব্যবস্থা আছে।

### অম্ববিধাপ্তলি হচ্ছে—

সব ঋতৃতে উন্মৃক্তস্থানে বা বৃক্ষছায়ায় বসে শিক্ষা দেওয়া সম্ভব নয়, বর্ধাকালে অস্থবিধা সবচেয়ে বেশী। এছাড়া কনকনে শীতে সকালে স্কুল্ সম্ভব নয়, আবার যথন গ্রীমে লু বইতে থাকে তথন তৃপুরে স্কুল্ করা অসম্ভব।

আধুনিক শিক্ষায় অনেক শিক্ষাসহায়ক সাজসংশ্লাম প্রয়োজন। মৃক্তাকন বিভালয়ে তার ব্যবস্থা করা সম্ভব নয়।

#### বিভালয়, থেলারমাঠ, আসবাবপত্র ও সাজসরঞ্চাম

বর্তমান শিক্ষা ব্যবস্থায় Library, Work-shop, Labratory প্রভৃতি বাদ দিয়ে শিক্ষার কথা ভাবা যায় না। মৃক্তাঙ্গন বিভালয়ে এসবের স্থায়োজন করা যায় না।

### ॥ বিজ্ঞালয় পরিবেশ ॥

জীবনযাত্রা শুরু হবে।

### || Environment of the School ||

মানুষের জীবনে পরিবেশের প্রভাব অত্যন্ত পৃতীব ও স্থদূর প্রসারী। বিভালয়ে মানুষেব জীবনের একটি বিশেষ সময় অতিবাহিত হয়—দে সময়টি হচ্ছে মানবজীবন গড়ে ওঠবার সময়। দীর্ঘদিন ধরে শিক্ষার্থীরা বিভালয়ে যায়। শিক্ষার্থীর অজ্ঞাতসারেই তার দেহু ও মন বিভালয় পরিবেশ ঘারা প্রভাবিত হয়।

তাই শিক্ষার জন্ম আদর্শ পরিবেশ সৃষ্টি করতে না পারলে বিগাল্য হবে আমাদের শিক্ষা-প্রচেষ্টা সর্বাঙ্গস্থন্দর হবে না। বিভালয়ে Balanced Puri-আদর্শ পরিবেশ সৃষ্টির সময় আমাদের মনে রাখতে হবে fied Society विद्यालास विভिন্न छव थाक निकार्गोता পড়তে আসবে। বিভিন্ন পবিবারেব পরিবেশ বিভিন্ন। আথিক ও শিক্ষাগড শার্মকোর জন্ম পারিবারিক প্রিবেশের মধ্যে পার্থক্য সৃষ্টি হয়। আর্থিক ও সামাজিক মাাদার অসমান পবিবার সমূহের শিক্ষাথীদেব জন্ম গণতান্ত্রিক শিক্ষা-ব্যবস্থায় একই রূপ স্থবোগ স্থবিধার ব্যবস্থ। থাকবে। বিতালয়ে এমন একটি পরিবেশ সৃষ্টি করতে হবে যার প্রভাবে সবার মধ্যে যেন একই রূপ দৃষ্টিভঙ্গী গড়ে ওঠে ও পারিবারিক আবহা ওয়াব বাইরে কলুষতামুক্ত স্থলের পবিত্র পবিবেশে সবাই যেন শিক্ষার মধ্য দিয়ে নৈতিক চবিত্রের উৎকর্ষ সাধনের সমান স্থাযোগ পায়। বিভালয়কে সমাজের আদর্শকপ হিসেবে কল্পনা করতে একজন শিক্ষাবিদ বলেছেন,—"Balanced purified society" বিভালয়ের পরিবেশের মধ্যে এলে মানুষে মানুষে আমরা যে ক্রতিম ভেদ সৃষ্টি করেছি সেকথা যেন শিক্ষার্থীর মন থেকে নিঃশেষে মুছে যায়। চিস্তায়, বাক্যে, কর্মে একটা ঐক্য-বোধ স্বষ্ট হবার পরিবেশ হবে বিভালয়ের পরিবেশ। বিভালয় হচ্ছে সমাজের প্রতিচ্ছবি। বিভালয়ের পরিবেশ হবে আদর্শ সমাজেব অহুরূপ, তবে সমাজের কল্মতা যেন সেখানে থাকে না।

লোকালয়ের অমতিদ্রে মনোরম প্রাকৃতিক পরিবেশে বিভালয় গড়ে উঠবে। প্রচুর আলোবাতাস যুক্ত খোলা জাগগায় স্বাস্থ্যরক্ষার অন্তক্ত্ব পরিস্থিতিতে গড়ে ওঠা এই সব বিভালয় শিক্ষার্থীদের ভবিশ্রৎ জীবনকে স্থন্দর করে গড়ে তুলতে যথেষ্ট পরিমাণে সাহায্য করবে। বিভালয়ের পরিবেশ হবে স্থন্দর, মধুর ও

বিভালয় সমাজেব শাস্ত, পবিত্র পরিবেশেব বিচিত্র অভিজ্ঞতার মধ্য দিয়ে শিশুর

পবিত্র। পরিষার পরিচ্ছনতা রক্ষা করা হবে বিভালয়-পরিবেশকে স্থল্বর করবাবং প্রাথমিক পর্যায়। বিভালয়কে পুকুর, পার্ক (Park), বাগান, খেলার মার্চ ইত্যাদি ঘারা স্থসজ্জিত করতে হবে। এই পরিবেশে শিক্ষার্থীর মন সর্বপ্রকার আবিলতা মৃক্ত হবে। বিভালয় হবে শিক্ষার্থীদের কাছে আদরণীয় ও আকর্ষণীয়। আর স্থলর ও সার্থক পরিবেশযুক্ত বিভালয় হবে সমাজের প্রাণকেক্স।

# । বিত্যালয় গৃহের প্রয়োজনীয়তা।।

Necessity of a School Building #

প্রাচীন যুগে মুক্তাঙ্গনে শিক্ষার ব্যবস্থা প্রশস্ত ছিল। বতমান যুগে উন্মুক্ত স্থানে গাছের ছায়ায় শিক্ষার সম্পূর্ণ আয়োজন কর। সব সময় সঙ্গব নয়। জীবনের এ সমাজেব জটিলত। বুদ্ধির সাথে সাথে শিক্ষা-ব্যবস্থাও জটিল হয়ে উঠেছে। শিক্ষার আজ বহু দিক, —নানাবিধ শিক্ষার স্কুষ্ঠ আযোজন নগৰকে ক্ৰিক | শক্ষাণ কবতে হলে প্রয়োজন বহুবিধ সাজসরঞ্জাম, গবেষণাগার, বিজ্ঞালয় গুহের উদ্ভব পাঠাগার, বিধয়কক্ষ প্রভৃতির। তাই আর মুক্তাঙ্গনে শিক্ষাব ব্যবস্থা কর। সম্ভব নয়। নগরকেন্দ্রিক সভ্যতার প্রসারের সাথে শহরে শহরে বিসালয়, মহাবিত্যালয় প্রভৃতি স্থাপিত হয়েছে—সেথানে গাছেব ছায়া, উন্মুক্ত প্রান্তন কিছুই নেই। এছাড়। গ্রামেও উন্মুক্ত পরিবেশে বিভালয় করার পথে এড জলের অস্কবিধা বয়েছে। স্থায়ীভাবে মূক্তাঙ্গনে বিভালয়েব ব্যবস্থা করা সম্ভব নয়। শান্তিনিকেতন ও হবিদাব গুৰুকুলের কথা বলা হয়ে থাকে। প্রাকৃ-স্বাবীনতা যগে শান্তিনিকেতনে গাছের নীচে প্ডাতে দেখেছি—বর্তমানে বিশ্ববিচ্যালয়ের যে বকম বাড-বাডন্ত আব চার্নাদকে খেভাবে বড বড দালান উঠেছে তাব ফলে পূব ব্যবস্থ¦-চালু রাখ। সম্ভব হচ্ছে বলে মনে হব না।

আধুনিক শিক্ষা-ব্যবস্থায় বিজ্ঞালণের জন্ত নিজস্ব ধর অত্যাবগুক। বিজ্ঞালয়-গৃহে শিক্ষার্থীর জীবনের অনেকথানি সময় অতিবাহিও হবে। বিভালয়ে হেলের।

ধীবে ধীবে বছ হযে উঠবে। অপবিহার্গরূপে বিভালয় পার্বেশের ছাপ শিক্ষার্গাদের মনে গাথা হয়ে রইবে। যে সালাল্য গৃহ একটি স্থানকে বা যে গৃহকে আমর। শিক্ষার পণিত্র আবাস বলে এপবিহায় এক মনে করি সেই পবিত্র শিক্ষা-নিকেতন কিরূপ হওয়া উচিত,

কোন পবিবেশে একটি আদর্শ বিভালয় গড়ে উঠতে পারে, সে বিষয়ে যথেষ্ট সতর্ক হয়ে, সবদিক বিবেচনা করেই আমাদের বিভালয়ের স্থান নির্বাচন করতে হবে। কোন বকমে একখানা বাজী খোগাড় করে স্কুলের সাইনবোর্ড লাগিয়ে দিলে আজকাল ছাত্র যোগাড় করতে অস্ত্রবিধা নেই। যেখানে স্কুলের উপযোগী পরিবেশ স্থাষ্ট হয় নি সেই পবিবেশে স্কুল্ খুললে তাব প্রভাব ছাত্রদেব পক্ষেকখনও শুভ হবে না।

বতমান শিক্ষা পদ্ধতি ও শিক্ষাব্যবস্থাকে বাস্তবে রূপায়ুক্ত ক্ষরতে হলেও বিভালয় গৃহের প্রয়োজন হয়। জাতীয় শিক্ষানীতি ( National Educational Policy ) রূপায়ণের জন্ম বিচ্ছার্লয় গৃহের প্রয়োজন হয়। বিদ্যালয় গুহেৰ বিভালর পরিচালনার ( School Administration ) অক্ত প্রয়োজনীয়তা বিভালয় গুহের প্রয়োজন অপরিহার্য। ল্যাবরেটারী প্রভৃতির জন্মও **ৰিভাল**য গুহের প্রয়োজন। পঠ্যিক্রমণ্ড (Carriculum) বিভালয় গ্রহের দিকে তাকিয়েই বচিত হয়। কাজেই বর্তমান সমাজ-ব্যবস্থায় শিক্ষাক্ষেত্রে বিভালয় গৃহ অপবিহার্য। এই সমস্ক বিভালয় গৃহের মধ্যে শিক্ষাগ্রহণের ঐতিহ্য ছাত্র, শিক্ষক, অভিভাবক ও জনসাধারণের মজ্জায় ্জ্ঞায় বিশে গেছে। শিক্ষাক্ষেত্রে তাই বিজ্ঞান্য গ্রহেব প্রয়োজনীয়ত। अभिविद्यार्थ। त्रञ्ज वन हाम शांक (य. We first shape our building and inen it shapes us.

### ॥ বিজ্ঞালয়ের স্থান নির্বাচন।।

|| Selection of a School Site ||

বিভালত্ত্বে স্থান নির্বাচনে শিক্ষকদের কোন হাত নেই, যার। বিভালয় স্থাপনে উছোগী হন তারাই বিছালয়েব জন্ম স্থান নির্বাচন কবেন। বিছালয়ের জন্ম খান নিবাচনকালে প্রথমেই দেখতে হবে স্থানটি থোলা ও আলো-হাওয়া যুক্ত কি ন।। বড শহরে থোলা জাযগায় স্কুলের জন্ম স্থান সংগ্রহ করা থব আদশ বিভালয সহজ নয। ছোট শহরে একট্ দবে আলো-বাতাস যুক্ত প্ৰিবেশ থোল। জায়গা পাওয়া যায়। গ্রামের কলেব সান নিবাচন-কালে দেখতে হবে স্কুল যেন এমন জায়গায় হয় যে হু'তিন গ্রামের শিক্ষাণীব। সেথানে সহছেই আসতে পারে। শুধু বিভালয় গৃহ নির্মাণেব উপযুক্ত জায়গ। থাকলেই হবে না। বিজালয়ের সামনে উন্মক্ত প্রাঙ্গণ, বোডিং-এর জন্ম জায়গা, থেলার মাঠ, বাগান, পুকুর প্রভৃতির জন্মও স্থানের ব্যবস্থা করতে হবে। বাইরে বা গ্রামের প্রান্তেই অল্পমূল্যে বিস্তীর্ণ স্থান সংগ্রহ করা যায়। বেশ কিছ জারগা পাওয়া শেলে দোতলা বা তেতলা বাডী তৈবী ঠিক হবে না। উচ দালানের সিঁভি দিয়ে বার বার ওঠা-নামা করা শিশু শিক্ষার্থাদেব স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। জনাকীর্ণ শহরের দূষিত আবহাওয়ার বাইবে স্থল হলে স্বাস্থ্যেব দিক থেকেও হিতকর। শিক্ষার্থীর। যদি বাড়ী থেকে একটু হেঁটে স্কুলে যায তাহলে স্বাস্থ্যের দিক থেকে ভালই হবে। মেযেদেব স্কুল ষেন শহবের প্রান্তে বা থামের বাইরে না হয়।

- স্থলের জমিতে ছারাবান বৃক্ষ থাকলে ভাল হয়, যদি কোন গাছ না থাকে তবে গাছ লাগিয়ে, বাগান কবে একটা স্থলের পরিবেশের স্পষ্ট করতে হবে।

ছেলেদের মনের দিক থেকে শাস্ত, স্লিগ্ধ, মনোবম পরিবেশ স্কাষ্টর প্রয়োজন রয়েছে। গাছ লাগিয়ে ছায়া-ঘেরা একটা পরিবেশ স্কাষ্ট করতে পারলে বৈচিত্তা-স্কাষ্টব জন্ম গাছের ছায়ায় ত্' একটি ক্লাস নিলে ছেলেদের ভালই লাগবে। স্ক্লের জন্ম বা জালবের জাম হয়, বা কোন জল। জমিব পাশে না হয়। উচু শুকনে। সংগ্রহে লাবধানতা জমিই স্কুলের পক্ষে উপযোগী। স্কুল্ ঠিক বাস্থাব পাশে হওয়। ঠিক নয়, তাহলে গাড়ীব যাতায়াতের শব্দে স্কলেব শাস্তি ভঙ্গ ও ছেলেদের মন বিক্ষিপ্ত হবে। ধূলাব উপদ্রব স্বাপ্তের ক্ষতি করবে। আবার রাস্থার থেকে ঝুব দূরে হলে যাতায়াতের পক্ষে অম্ববিধ। হবে। স্কুলেব স্থান নির্বাচনে দেখতে হবে কলকারখানা, বস্থি, স্টেশন বা সিনেমাঘন যেন স্কুলেব কাছে ন। থাকে। স্কুলের স্বাপ্তাকব পরিবেশ বক্ষাব পক্ষে এ সব স্থান অম্বন্ধন নয়।

আমাদেব দেশে এমন অনেক বিজালয় আছে যেগুলির জাযগ। স্থানীয় কোন জামদাব বা উৎসাহী ব্যক্তি তাব কোন সাত্রীয়পরিজনের শ্বতিরক্ষার্থে দান কবেছেন। সেই জামগাব উপবই বিভানয় গড়ে উঠে। সেক্ষেত্রে বিভালয়েব জন্ম স্থান নিবাচনের প্রশ্নই উঠে ন।। কাবণ দাতাই নিজের পছনদমত জায়গা দান করেন। এবং অধিকাংশ ক্ষেত্রেই সে জায়গা কোন পোড়ো জাযগা বা নীচ জমি যা ক্লষিকার্যেব পক্ষে উপযুক্ত নয়। তাই এদেশে অস্বাস্থ্যকর পবিবেশে বহু দ বিত্যালয় গড়ে উঠতে দেখা যায়। কিন্তু এ দৃষ্টিভঙ্গী পবিবৰ্তন আমাদেব দেশে করতে হবে। শিক্ষা জাতির মেকদণ্ড, কাঞ্চেই শিক্ষাব বিজ্ঞালয়ের স্থান ন্বাচন ক্ষেত্র নিবাচনে স্থাতির কত্র্য আছে। কোন এক ব্যক্তির নাম প্রচারের জন্ম কোন বিভালয় গড়ে উঠবে কেন ?—বিশেষ করে তা যথন অস্বাস্থ্যকর পবিবেশে গড়ে উঠছে ৷ বিলালয়েব জন্ম স্থান নির্বাচনের উপর তাই যথেষ্ট গুরুত্ব দিতে হবে। শিক্ষাতত্ত্ব, মনসূত্ব, স্বাস্থ্যতত্ব ও দর্শনের উপর ভিডি কেবে বিন্যালয়ের জন্ম স্থান নির্বাচন কবতে হবে। এবং সব সময় একথা মনে বাথতে হবে ষে, এই স্থানে বিভাল্য গড়ে উঠলে একটি আদর্শ বিভালয় প্রতিষ্ঠা সম্ভব, যেখানে প্রতিটি ব্যক্তি তার অম্তনিহিত সন্থার পরিপূর্ণ বিকাশে অন্তক্ল পবিবেশ পাবে।

# ॥ বিজ্ঞালয় গৃহ॥

### " School Building "

স্থপরিকল্পিতভাবে বিভালয় গৃহটি নির্মিত হবে। বর্তমাল প্রাক্ষেম, ভবিষ্যৎ উন্ধৃতি ও প্রসারের সম্ভাবনার দিকে দৃষ্টি রেখে বিভালয় গৃহের পরিকল্পনা করতে হবে। বিভালয় গৃহ জাকজমকপূর্ণ হবে না, কিন্তু শ্রী-সম্পন্ন

হবে। সাধারণ ভাবে তৈরী হলেও তার একটা নিজম্ব আভিজ্ঞাত্য থাকবে। শিক্ষার উচ্চাদর্শের কথা বিস্থালয় গৃহেব বৈশিষ্ট্যপূর্ণ আদশ বিভালযসমূহ ণঠনের মধ্য দিরেই ঘুটে উঠবে। ছাত্র জীবনে বিতালয় গৃহের প্রভাব সম্পর্কে M. S. Mohryuddin and N. Siddalingaiya বলেছেন— "A simple dignified and artistic building, suggestive of the purpose for which it is intended is a very desirable thing from many points of view. Its beauty and association help to make the scholars proud of their connection with the school, and they exercise a lasting influence upon the neighbourhood. In a certain mearsure it is a concrete manifestation of the ideals for which the school stands. It is a permanent material expression of spiritual thing." বিভালণ গৃহ নির্মাণ পরিকল্পনা স্বাস্থ্যবিধি মেনে করতে হবে। বিভালয় গৃহে যেন প্রচুর আলোবাতাদ চলাচলেব ব্যবস্থা বাথা হয়। কিন্ধ প্রত্যক্ষভাবে আলো প্রবেশ করলে তা চোথের পক্ষে ক্ষতিকব। তাই আলো যেন ঘরের ছাদে প্রতিহত হয়ে প্রবেশ কবে সে ব্যবস্থা রাখতে হবে। আমাদের দেশে কল ঘর দক্ষিণমুখা হলে ভাল হয়, তাহলে গরমের দিনে দক্ষিণ দিক থেকে হাওয়। আসার স্কবিধা হয়।

বিভালিয় গৃহ কত বড হবে ত। স্বলের ছাত্র সংখ্যা অনুপাতে ও অক্সান্ত প্রয়োজন বিচার করে স্থিব কর। হবে। যে কোন পরিকল্পনায় যেন ভবিশ্রৎ সম্প্রদারণের স্থযোগ রাথ। হয়। বিজ্ঞালয়ের জন্ম 🗓, 🗓, 🗜, T অথবা U টাইপ বাড়ী প্রশত। বিজ্ঞানয় কতৃপক্ষ নিজেদের স্তবিধা ও পছন্দ মত এব মধ্য থেকে বেছে নিয়ে যে কোন টাইপের বাড়ী কববেন। বিভালয় গৃহ সম্ভব হলে একতলা হওয়াই সঙ্গত। দোতলা বা তেতলা বাডীতে বাব বার ওঠানাম। করা ছেলেদের স্বাঞ্চের দিক থেকে ভাল নয়। আজকাল শহরে স্থানাভাবের জন্ম দোতলা কি তেতল। স্কুল গৃহ তৈরী গৈভিন্ন প্ৰকাৰ হচ্ছে। কলকাভায় চারতলা স্কুল গৃহও দেখা যায়। তবে বিচ্ঠালয় গুই কলকাতায় যা হচ্ছে তা নিয়মের ব্যতিক্রম। কলকাতায় এমন স্কল বাডীও আছে যেথানে দিনেব বেলায় আলে। জালিয়ে কাজ করতে হয়। পৌরসভার নিয়ন্ত্রণাধীন প্রাথমিক বিভালয় এমন সমস্ত বাডীতে হয় যা সব দিক থেকে বিপজ্জনক। এ দিয়ে সাধারণ স্কুল্ গৃহ কিরূপ হওয়া উচিত তার বিচার করা হবে না।

বিভালয় গৃহগুলিকে নানাভাবে বিশুস্থ করবার জন্ম বিভিন্ন পদ্ধতি আছে,

> | School Organisation and Management, M. S Mohiuddin and Siddalingaiya

H, L, I, E, T, U প্রভৃতি টাইপের যে বাডীগুলি তার বছল ব্যবহার লক্ষ্য কব। যায়। এই পদ্ধতিতে বাড়ীগুলি সারি সারি কবে সাজানো থাকে বলে একে সারিবন্ধ ভঙ্গি (Row type) বলা হয়। বিভালয় গৃহ তৈরী করবার জন্ম খাদ অনেক জায়গা থাকে তবে ঘরগুলিকে বিভিন্ন খানে ছডিয়ে দেওয়া হয়। এই পদ্ধতিকে বলে ছতানে প্রতি Scattered design) এই পদ্ধতিতে গুহগুলি বিভিন্ন Block-এ ছডানো থাকে। যাতায়াতেব রাস। টিনের Chalo দিয়ে ঢাকা থাকে। ফলে ঘরগুলিতে প্রচুব আলো-বাতাস পাওয়া যায়। বিভালয় গৃহ নিৰ্মাণেৰ একটি বিশিষ্ট পদ্ধতি হ'ল হল কেন্দ্ৰিক প্ৰাতি (Central Hall Type)। এই পদ্ধতিতে একটি কেন্দ্রীয় Hall থাকে, এবং তার পাশে অন্যান্য যবগুলি সাজানো থাকে। এই পদ্ধতিতে বড হল ঘরটিতে শিক্ষার্থীদের কেন্দ্রায় জমায়েত সম্ভব হয়। পার তার পাশাপাশিই থাকে বিভিন্ন শ্রেণীকক্ষ। এই পদ্ধতিতে মথেষ্ট আলো-বাতাদের অস্থবিধ। হলেও বিভালয় পরিচালনা ও তত্ত্বাবধানের স্থাবিধা হয়। বিভালয় গৃহ নির্মাণেব অক্ত একটি পদ্ধতি হ'ল **চতুষ্কোণ ভলী** (Quadrangle Type । এই পদ্ধতিতে বিজ্ঞালয়ের ঘবগুলি বর্গাকাবে সাজানো থাকে এবং মাঝথানে থাকে এই বৃহৎ উন্মৃত্ত প্রাঙ্গণ। এই প্রাঙ্গণে শিক্ষার্থীবা সম্মিলিত হয়। কোন উৎসব-অন্নষ্ঠানে এই প্রাঙ্গণটিকে ত্রিপল দিয়ে ঢেকে দেওয়া হয়। এই পদ্ধতিতে বিতালয়ের গৃহ ওলিকে ঘন সন্নিবিষ্ট করা হয়। বিতালয়েব পরিবেশ ও জায়গ। অনুসারে এই পদ্ধতি গুলিকে যথাযথভাবে ব্যবহার কবা হয়।

বিতালয় গৃহ নির্মাণকালে প্রয়োজনীয শ্রেণী কক্ষের ব্যবস্থা ছাডাও লাইব্রেরী, কমনকম, পবীক্ষণাগাব, বিভিন্ন বিষয়কক্ষ, প্রধান শিক্ষকের কক্ষ, শিক্ষকেরে বিশ্রাম কক্ষ, অফিস, সাধাবণ সংখলন বা সভাকক্ষের ব্যবস্থা থাকবে। যদি সম্ভব হয় অভিভাবক, যারা বাইরের থেকে স্কুলে কোন কাজে প্রধান বা অভাত্ত শিক্ষকের গাথে দেখা করতে আসবেন তাদের বসবার জন্ত ঘর রাখা হবে। স্কুলেব আসবাবপত্র ও অভাত্ত জিনিসপত্র রাখবার জন্ত একটি গুলাম ঘব থাকবে। বিভালয়ের কক্ষ সংখ্যা বিতালয়ের ছাত্র সংখ্যার আন্তপাতিক হবে। বিভালয়ে যে সব বিষযের পঠন-পাঠনের ব্যবস্থা থাকে, বা যে সব সহ-পাঠ্যক্রমিক্ কার্যাবলী অন্তপ্তিত হয় সেদিক বিবেচনা করেও বিভালযের কক্ষণ্ডলি নির্মাণ কবা উচিত।

বিভালয় গৃহ নির্মাণের সময় সবকিছুব দিকে দৃষ্টি দিতে হবে। বিভালয় গৃহে গাঁথুনি হবে স্বদৃত ও স্বাস্থ্যসমত। ঘরের ভিত হবে থুবই শক্ত। দেওয়াল মজবৃত করে নির্মাণ করতে হবে। ঘরের ছাদ এমন হবে ষাতে রোদের উত্থাপ আসতে না পারে। ঘরের মেঝে পরিকার রাথবার ও ধোওয়া-মোছার জভ্য জলনিকাসনেব উপযুক্ত বাবস্থা রাথতে হবে। বিভালয়েব বিভিন্ন কক্ষেত্র মধ্যে দরজা-জানালা যথাযথভাবে ও স্বাস্থ্যসমত উপায়ে রাথতে হবে। কক্ষগুলিতে

যেন যথেষ্ট আলো-বাতাস আসতে পারে। দেওয়ালের রং স্বন্ধ নীল মিপ্রিড সাদা হওয়াই ভাল। তবে দরজা-জানালার রং সবুজ করলে তা চোধের পক্ষে উপকারী হয়। ঘরগুলিতে আধুনিক উপায়ে বৈচ্যাতিক আলো ও বাতাসের ব্যবস্থা রাথতে হবে। দেওয়ালে Black Board যথাযোগ্য স্থানে রাথতে হবে।

বিভালষের ঘরগুলিতে ভবিশ্বৎ সম্প্রসারণের (Future বিভালষের গৃহ নির্মাণ
বংগান্ত সাবধানতা
ব্যবস্থান করতে হবে

মহাশয় যথন শ্রেণীকক্ষে শিক্ষাদান করবেন তথন তার ধবনি ধেন প্রতিগ্রনিত না হয়। বাইরের বিভিন্ন শব্দ ও কোলাহল যাতে
শিক্ষাকার্যকে ব্যাহত করতে না পারে সেদিকে লক্ষ্য রেখে বিভালয়-গৃহ নির্মাণ
করতে হবে। বিভালয়ের গৃহগুলিতৈ আলোক নিয়ন্ত্রণ ও বারু সঞ্চালনের (Ventulation) যথায়থ ব্যবহা রাখতে হবে। এইরপ একটি বিভালয় গৃহ শিক্ষার্থীদেব পাঠ গ্রহণে সহায়ক হবে।

বিত্যালয়ের পাঠ্যক্রম, সহপাঠ্যক্রম, স্থান, পরিচালন ব্যবস্থা, ছাত্রসংখ্যা, আর্থিক সঙ্গতি প্রভৃতির দিকে লক্ষ্য রেখে কক্ষদংখ্যা নিয়ন্ত্রিত করতে হবে। 
তবে একটি আদর্শ schoo! plant-এ নিয়লিখিত কক্ষগুলি থাকা প্রয়োজন—

- ১। প্রয়োসনীয় শ্রেণীকক্ষ ( Class Room )
- ২। অফিস ঘর (Office Room )
- ত। শিক্ষকদের ব্যবার ঘব (Staff Room)
  - 8। প্রধান শিক্ষকের ঘর ( Headmaster's Room )
  - ে। শ্লেলন্কক ( \ssembly Hall )
  - ৬। পাঠাগার ও পডবাব ঘর ( Library and Reading Room )
  - ৭। প্রীক্ণাগার (Laboratory)
  - ৮। 'গুদাম ঘব ( Store Poom )
  - ন। ছাত্র-ছাত্রীদের পৃথক কমন কম (Common Room)
- ১০। সাইকেল ঘর (Cycle Shed)
- ১১। শিল্পকলা কক্ষ (Art and Craft Room )
- ১২। সংগ্ৰহশালা ( Museum )
- ১৩। টিফিন ঘর ( Tiffin Room )
- ১৪ | ব্যায়ামাগার (Games Room)
- ১৫ ৷ শেপায়খানা প্ৰতিশ্ৰাৰ কক ( Water closets and Urinals )
- ১৬। দর্শনার্থীদের কক্ষ (Visitor's Room)
- ১৭ হোস্টেল ( Hostel )

এ ছাড়াও আদর্শ বিভালয়ে জলপানের জন্ম আলাদা কক্ষ থাকবে
শিক্ষকদের থাকবার জন্ম Family Quarters থাকা প্রয়োজন। N. C. C. ও
কাউট ইত্যাদির জন্মও পৃথক ঘব প্রয়োজন। Guidance
আদশ বিভালয়েব ও Counselling-এর জন্ম Career Master-এর একটি
বিভিন্ন কক্ষ্ণ পৃথক Guidance room প্রয়োজন। বিভালয়ে এই
ঘরগুলি থাকলেই চলবে না। সেগুলিকে যথামথভাবে সজ্জিত করতে হবে।
এবং দেখতে হবে যে কোন ঘরটিব পাশে কোন ঘরটি থাকলে কি কি স্থবিধা
অস্তবিধা হতে পাবে।

### ॥ শ্রেণীকক্ষ ॥

#### II Class Room II

শ্রেণীকক্ষের আয়তন কত বড হবে ত। প্রতি শ্রেণীতে কতজন শিক্ষাথী হবে তা দিয়ে স্থির করতে হবে। ছোট একথানা ঘরে ৪০।৫০ জন ছাত্র পুবে দিলে সে শুধু স্বাস্থ্যের পক্ষেই ক্ষতিকর হবে না, সেখানে চলাফেরার জায়গা থাকবে না. গণ্ডোগোল হবে পড়ান্তনা হবে ন।। শ্রেণীকক্ষে ছাত্র পিছু কতটা জাষ্য। থাক্রে মুদালিয়র কমিশন তা স্থিব করে দিয়েছেন। কমিশন প্রতি চাত্রের জন্ম বর্গফুট জায়গ। রাথবাব কথা বলেছেন। ইংলণ্ডে ও আমেরিকায় আবে। বেশী স্থানেব ব্যবস্থা রাথ। হয়। ইংলণ্ডে ছাত্র পিছু ১০ বর্গফুট স্থান বাগতে হয়। আমাদেব ক্ষুলগুলিতে এক একটি শ্রেণীতে ৪০টি, কি তার বেশী ছাত্রনের এক সাথে পড়ানে। হয়। মুদালিয়র কমিশন বলেছেন, কোন শ্রেণীতে ৩০ জন খুব বেশী হলে ৪০ জনের বেশী ছাত্র কোন অবস্থায় চাৰসংখ্যা অৰুষ্যু নেওবা হবে না। মুদালিয়ব কমিশনেব স্থপারিশ বা শেনীৰ ক হবে মাধ্যমিক শিক্ষাপর্যদেব নির্দেশ অত্যায়ী প্রতি শ্রেণীতে বা শ্ৰেণীৰ বিভাগে ( Section ) ছাত্ৰ সংখা দীমানদ্ধ বাখা বাস্তবে প্ৰায়ই সম্ভব হৰ না। তাই শ্ৰেণীককণ্ডলিতে ৪০।৪৫ জন ছাত্ৰ এক সাথে বসে পডতে পাবে এমন ব্যবস্থা থাক। দরকার। এক শ্রেণীতে ৪০।৪৫টি ছাত্র থাকবে এ মোটেই আদর্শ ব্যবস্থা নয়—বাত্তবে যা ঘটেছে তাই বলা হ'ল মাত্র। একটি েণিতে নীচেব দিকে যেখানে প্রতিটি ছাত্রের দিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে সেখানে ২০।২৫ জন ও একট উচু শ্রেণীতে ৩০।৩৫ জনের বেশী ছাত্র কখনও থাক। উচিত নম—থ্ব বেণা হলে ৪০ জন পর্যস্ত ছাত্র উচু শ্রেণীতে নেওয়া যেতে পাবে কিন্তু স্থানীয় অবস্থা বিচার করে কখনও চাপে পতে প্রধান-শিক্ষক এব চেষে বেশী ছাত্র নিতে বাধ্য হন , কিন্তু স্কুলের আর্থিক অস্কবিধার জন্য বিভাগ খলতে পারেন না।

শ্রেণাকক্ষ সমহ বর্গাবাব (Square) না হয়ে আয়তক্ষেত্রাকার (rec angular) ২ওয়া উচিত। শ্রেণীকক্ষ খুব লম্ব। হলে শিক্ষকদেব অধ্যা চিংকার কবতে হবে। পি হনের ছাত্রদের বোডেব লেখা দেখতে অস্কবিধা হবে। তবে সাধারণভাবে ভেণীকক্ষের আয়তন ১৮'×২৪' গুটের কম ২ওয়। উচিত নয়। কিছু ছোট কক্ষেরও ব্যবস্থা থাকতে পাবে। ঘবগুলি ১৬।১৭ ঘুট উঁচ হবে এবং ভাদেব কাছে প্রস্তান ভেন্টিলেটারের ব্যবস্থা থাকবে। প্রত্যেক ঘবে একটিণ বেশী দবজা থাকনে না--এতে ছেলেরা শিশ্পকের মজানিতভাবে শ্ৰীকক বিকং বাইবে ষেতে পারবে না। দ্বগুলি এমনভাবে তৈবী হবে • **६**ग। एकि • থাতে শ্রেণার মধ্য দিয়ে আর একটি ৫ে, গতে যেতে না হয়। ্শ্রণীকক্ষগুলি যদি পরিমাণ মত বড না হয় তাহলে বেঞ্, ডেম্, চেয়াব, টেবিল, বোর্ড, সব মিলিয়ে একটা গুদাম ঘরের অবস্থা হবে। ছাত্রদের চলতে ফিরতে অস্ত্রিধা হবে। শিক্ষক যদি শ্রেণীতে চলাফের। কবলে না পাবেন তা হলে অস্তাবধার স্বাষ্ট হয়. সবোপবি পরিমিত গর আব প্রানুর আলো-হাওয়াব বাবগা না থাকলে ছাত্রদের স্বাস্থ্যহানির যথেষ্ট সম্ভাবনা আছে। স্বরে প্রচর মুক্ত স্থালোক মাসবার ব্যবস্থা থাকবে। আবছা আলোব মধ্যে লেগাপভা ছাত্রদেব চোথের দক্ষে ক্ষতিকর। তার চেয়ে বড কথা প্রায়-অন্ধকাব ঘরের মধ্যে চকলেই তাত্রদের মনে একটা বিৰূপ প্রতিক্রিয়। ক্রি হয়। আপেলা-হাওয়া-যক্ত ঘবে মনে ুম্মন একটি। প্রসায় প্রবিধ কৃষ্টি হয়, তেমনি প্রাস্থানক্ষকার গরে মনটা দমে যায়। ুও ।কিন্ধে কভট। আলো পাকবে ভাব প্রত্তীক। ৩৫নত ব্যবের এম কোন ভাগ্নগায় শ্যে একটি ছাত্র এক ঘট দূবে রেখে সাধাংশ ছাপা বিনা করে প্রতে পারবে।

গত্যেকটি কক্ষে জচৰ জানালাৰ ব্যবস্থা থাকৰে। সংব্ৰে মেনেৰ যে ুগ ফোল ভাবে । বালাশ হবে জালালাব ক্ষেত্রফল জানাল। মেরে থেকে भे तो 8 कुछ है। त्यांन श्रद। १८७ **छाञ्चलत मृष्टि** শনীকক্ষ আলো:-বাইবের দিকে আক্র হ্বাল প্রযোগ থাকবে ন।। আলো ণাওয়া মক ১৮৫ কোন দিব্ থেকে আদে দেদিকে থেয়াল বাখে হবে। াপান দিক থেকে আজে। আমলে সামনে যে বই বা বাছা থাকবে লাব উপব হাল। পডবে। তাই সব চেয়ে ভাল যাতে বা দিক থেকে আলে। আগতে পারে ্ৰে বাৰস্থ। করতে হবে। আলোব সাথে হাওয়ার কথাও ভাবতে ৩বে। বদ পরে ৩০।৪০ জন ছাত্রকে নিয়ে ব্লাস কবলে ছাত্রদের স্বাখ্যের পক্ষে ক্ষতিকর হবে। শ্রণীকক্ষে আবদ্ধ অবস্থায় ছাত্রবা সহত্ত্বেই অবসাদগ্রস্ত হয়ে পডে। **ভারপর** বদি বাতাস আস্বার ব্যবস্থা না থাকে তবে অতি সহজেই তাদের মধ্যে <mark>অবসাদ</mark> ্দেখা দেবে। ঘর বড হলেই হবে না, যাতে ঘরে বিশুদ্ধ বাতাস আসতে পারে ও র্ণায়ত বাতাস বের হয়ে থেতে পাবে সে-ব্যবস্থা করতে হবে। বন্ধ ঘবেব গুমোট ছাবহাওয়ার সৃষ্টি হলে ছাত্রর। প্রায় মনোযোগী হতে পারে না, তাদেব মধ্যে উংসাহেব সভাব ও নিষ্টেজ ভাব দেখা দেয়। বা গাস সম্পাৰ্ক বসা হয় — "Air so food as trul ray bread and me a" একথা খুব সভা।

শিক্ষক শোককেব দবজাব সামনে ছাত্রাদব নিকে মৃথ কবে বসবেন। তিনি
যাতে একট্ উন্তে বনতে পাবেন সেক্ষম ব্যান্তির্নের (পান্ত কলে) ব্যবহা থাকলে
ভাল হয়। শিক্ষকেব সমগ্র নামেব উপব নজন বাগতে হলে বজ ক্লাবে পিডিয়ে
পড়ানই সনত। কিং দেখা পেছে সর্ব সমগ্র দাভি যু পড়ানো সম্ভব হয় না।
হাই উন্তে বসনাব ব্যবহা হলে ছাত্রনের উপব
শোল কলি বাল বিশ্ব বিশ্ব বিশ্ব কলি আক্ নােছ্ থাক্রে, ভাহলে বােডে
যথেষ্ট মালো পড়বে, ছাত্রদেবও দেখতে অস্বানা হয়ে না। শৌককে যাতে
মানাইত বা কোন চাই কলান যায় সেব্যবহা বাগতে হবে।

### ॥ আসবাবপত্র।।

### || Furniture ||

ছাবনে প্রথম যেদিন বিজ্ঞান্যের সাথে প্রিচিত হুই দেদিন পাঠশালায় গিয়ে বসবাব আসন নিজেকেই ধয়ে নিয়েবৈতে হবেছিল। দিনেব প্র দিন শ্লেটের উপর মুক্তি পড়ে লিখতে হয়েছে, 'নাক ক্যতে হ'যছে। সুলের আনবাবশক্ত বলতে ছল গুৰু-মহাশ্যে বস্বাৰ একখানা জনটোকি আৰ চালৰ পালৰ বছন ছেলেদের নিখে যাওয়। চাটাই, ক্রেল চটের টকরে। ইত্যা, দ। আ প আৰাদেব শিক্ষা-সহাণক একমাত্র সবংগম ছিল গুণমহাশয়েব বেত। দেশের জিলালর ৪০াঃ - বছৰ আগে এই ভিল পল্লী-বাংলার প্রাথমিক वा ।। 1914 বিহালয় বা পাঠশালাং 'অবস্থা। এব অঞ্চৰিধা ও কুকল সম্পর্কে আমরা সবাই দ্বানি।। শিশুব দৈহিক গঠনের পক্ষে মান্বেৰ উপ্র উপুড হয়ে লেখা মতাও ফতিবর। এছাডা খন্ত বধাৰ মত নেই। এখনও বাংলাক গ্রামে একট ঘুবনেই এ চিত্রের সন্ধান মিলবে, এ ব্যবস্থাকে কোনজমেই পাভাবিক বাংশাভন ব্যবস্থা বলে মেনে নেওয়া যায় না। যেথানে ছাত্রেরা প্রত্যে সেগানে ব্যব্যব জন্ম প্রয়োজনীয় ও স্বাস্থ্য-সমত আদ্বাবপত্তের ব্যবস্থা বাগতে হবে। বস্বাব আসন এবং লিখবাব ও বই বাগবার ভেদ্ধু খুব বিচার বৈবেচন। ক্রে ক্রতে হবে। ছেলেব। যেখানে দীর্ঘদিন বনে লেখাপ্ড। ক্রবে ভার সামাত্ত কটিব জত্ত দেহেব গুক্তব ক্ষতি হতে পারে। তাই স্থাসন ও ডেম্ব তৈবী কববাৰ সময় বিভিন্ন শ্রেমীর ছাত্রদেব বয়স ও দৈর্ঘা বিচার কৰে কান্ধ করতে হবে।

প্রথমেই থেয়াল বাগতে হবে আসন বা ডেমেব উত্তা একরূপ হবে ন।। প্রফম শ্রেনীর ছাত্রদের জন্ম বে আসন ও ডেছ্ট্রানী দ্পন শ্রেমীর ছাত্রদের শক্ত সেই উচ্চতার ডেঙ্ক্ ও আসন চলবে না। আসন ও ডেঙ্ক্ বছ প্রকার হতে পাবে. বেমন একজনেব উপযুক্ত আসন ও ডেঙ্ক্, চজনেব উপযুক্ত বসবাব আসন ও ডেঙ্ক্, চজনেব উপযুক্ত বসবাব আসন ও ডেঙ্ক্, চজনেব উপযুক্ত বসবাব আসন ও ডেঙ্ক্,। স্কবিধাব বিচাবে একক আসন স্বচেয়ে ভাল। বসবাব স্কবিধা ও একজনে আব একজনেব অস্বিধা কবতে পাবে না। চলাফেবাব স্কবিধা—সংক্রেই উঠে যাভ্য। যায় ও ফিরে এসে বসা যায়। স্বাজ্যেব দিক থেকেও ভাল, কাবে একজন আর একজনেব ছোঁযাচ বাচিয়ে চলতে পাবে। তাই একজনেব ছোঁযাচে বোগ আর একজনে সংক্রামিত

শিক্ষাৰ্থীদেৰ বসবাৰ স্বাসন কিক্সপ হওৱা মডিড হতে পাবে না। এক জনেব লেখা আব একজনে দেখতে পাবে না। শিক্ষকেব পক্ষে ভিন্ন ভিন্ন ছাত্রেব কাছে গিয়ে দেখিয়ে দেশুয়া সহজ্ব হয়। এব অস্ক্রবিধা হছে কাদে স্ক্রায়গা বেণা লাগে আব অত্যন্ত ব্যবসাধ্য। ধে-দেশের ক্লুসগুলিতে

(reference book) রাথা যেতে পারে। সেথানে অভিধান ইত্যাদি পুস্তকও থাকবে। বিষয়শিক্ষক (Subject-Teacher) গ্রন্থাগারিকের সঙ্গে পরামর্শ করে কেন্দ্রীয় গ্রন্থাগার (Central library) থেকে বিভিন্ন विद्यालदा विवय বই নিয়ে বা প্রয়োজনমত বই কিনে বিষয় গ্রন্থাগার পাঠাগারের শুরুত খোলবার ব্যবস্থা করবেন। বিষয়-গ্রন্থাগারের ক্ষেত্রে বিষয়-শিক্ষকের একটি গুরুত্বপূর্ণ ভূমিক। আছে। কারণ বিষয়শিক্ষক হিসেবে তিনিই জানেন যে, কোন শ্রেণীতে কোন বই প্রয়োজন, কোন ছাত্রের কোন বই প্রয়োজন, ঐ বিষয়ের কি কি বই পাওয়া বায়, বইগুলিকে কেমনভাবে ব্যবহার করা হবে ইত্যাদি। শ্রেণীকক্ষে শ্রেণী পাঠনের (class teaching) মধ্যে শিক্ষা সম্পূর্ণ হয় না। তার বাইরেও অনেক কিছু জানবার প্রয়োজন আছে। সে-ক্ষেত্রে শিক্ষার্থীরা শিক্ষকের নির্দেশে নানারকম বই-এর সাহায্যে তাদের জ্ঞান-পিপাসা নিবারণ করতে পারে। কোন বিষয় শিক্ষক কোন topic পাঠদান করবার কালে সব সময় বিভিন্ন reference বইয়ের নাম বলে দেবেন, লেথকের নাম বলে দেবেন, এবং এ বইয়ের মধ্যে ঐ topic যে পৃষ্ঠায় আছে তাও উল্লেখ করবেন। তাতে শিক্ষার্থীদের পক্ষে অনেক স্থবিধা হয়। বিষয়-পাঠাগারের রক্ষণা-বেক্ষণের দায়িত্ব বিষয়-শিক্ষক নিজেই গ্রহণ করবেন। প্রয়োজনমত তিনি ছাত্রদের সাহায্য নিতে পারেন। তার বিষয়ের উপর যে-সব নতুন বই প্রকাশিত হচ্ছে সে-থোঁজ তিনি রাগবেন ও প্রয়োজনীয় আধুনিক বই সংগ্রহ কৰবেন ৷

বিষয়-পাঠাগারের সঙ্গে বিভালয়ের প্রাক্তন ছাত্রদের (যে-সব প্রাক্তন ছাত্র ঐ বিষয়ের সঙ্গে যুক্ত ) যোগাযোগ থাকলে বিষয়-পাঠাগার আরও সমৃদ্ধ হয়। প্রাক্তন ছাত্রেরা ঐ পাঠাগারের উন্নতিতে সাহায্য করতে প্রাক্তন ছাত্রদের ভূমিকা পারেন। জীবনে স্বপ্রতিষ্টিত প্রাক্তন ছাত্র বিষয়-পাঠাগারের উন্নতির জন্ম আর্থিক সাহায্য দিতে পারেন, বা ঐ বিষয়ের উপর কোন আলোচনা-সভা, Semmar, বিতক ইত্যাদিতে দেখা দিয়ে ছাত্রদের উপরুত করতে পারেন। এ সমস্ত করা যদি সন্তব হয় তবে বিভালয়ে একটি স্বন্দর সমাজ-জাবন গড়ে উঠবে যা শিক্ষাদানের ক্ষেত্রে বিশেষ সহায়ক হবে। শিক্ষার ক্ষেত্রে বিষয় পাঠাগারের গুরুত্ব তাই অস্বীকাব কর। যায় ন.।

# ॥ কেন্দ্রীয় গ্রন্থাগার ॥

#### || Central Library ||

শ্রেণী-পাঠাগার ও বিষয়-পাঠাগারের প্রয়োজনীয়তা যথেষ্ট পরিমাণে পাকলেও বিছানয়ে কেন্দ্রীয় পাঠাগারের গুরুত্ব অস্বীকার করা যায় না'। কেন্দ্রীয় গ্রহাগার পরিচালনার জন্ম একজন গ্রহাগারিক (Librarian) প্লাকবেন। তিনি
শাঠাগার-দংক্রাস্ত সম্পূর্ণ আধুনিক বিজ্ঞান যথাযথভাবে জানবেন। পাঠাগারের
বই কেনা, বই সাজানো, বইগুলিকে তালিকাবদ্ধ করা,
বিভালন্দের কেন্দ্রীর শিক্ষার্থীদের বই দেওয়া, থাতাপত্র রক্ষা করা, বিভিন্ন পত্র
পাঠাগান পত্রিকা আনা ও তা শিক্ষার্থীদেব দেওয়া, শিক্ষকদের বই
দেওয়া ইত্যাদি ব্যাপারে গ্রহাগারিক সদাসতর্ক থাকবে। বিভালয়ে পড়াশুনার
পরিবেশ গড়ে তুলতে ও ছাত্রদের মধ্যে পাঠের আগ্রহ সৃষ্টি করতে গ্রন্থাগারিকের
একটি বলিষ্ঠ ভূমিকা থাকবে।

কেন্দ্রীয় পাঠাগার স্পপরিচালনা করা প্রয়োজন। অভিজ্ঞ গ্রন্থাগারিকের স্থাক্ষ তথাবধানে ও পবিচালনায় কেন্দ্রীয় পাঠাগার পরিচালিত হবে।

গ্রন্থাগারিক তাঁর ক্য়েকজন সহকারীর সাহায্যে এ কার্য
পাঠাগার পরিচালনা
সম্পন্ন করবেন। বই কেনা, বই তালিকাবদ্ধ করা,
শিক্ষাথীদেব সে তালিকা দেখানো, তাদের পছন্দ মত বই দেওয়া, বই ফেরড
নেওয়া, থাতাপত্র রক্ষা করা ইত্যাদি হ'ল পরিচালনা ব্যবস্থার অন্তর্গত।

পাঠাগারে বই গুলিকে দয়ত্বে রক্ষা করতে হবে। আমাদের বিভালয়গুলিতে আর্থিক অবস্থা এমন যে, এই বইপত্র একবার নাই হয়ে গেলে দ্বিতীয়বার তা কংগুলিব যত্ব , সংগ্রহ করা খুবই ভূরহ ব্যাপার। বইগুলি মাতে পোকায় কেটে না দেয় তার জন্ম বিভিন্ন ঔষধ-পত্র ব্যবহার করতে হবে। কোন বই খুব পুরাতন হযে গেলে তাকে বাধানোর ব্যবস্থা করতে হবে।

## ॥ পাঠকক্ষ ও পাঠ্যাভ্যাস ॥

### Reading Room & Study Habit

কেন্দ্রীয় পাঠাগাবের অন্ততম প্রধান অংগ হ'ল এব পডবার হর (reading room or study hall)। একটি বড ঘব কেন্দ্রীয় পাঠাগারের সঙ্গে সংশ্লিষ্ট থাকবে। সেখানে বিশ্রামের সময় বা নির্দিষ্ট কোন period-এ শিক্ষার্থীরা এসে পডাতনা করবে। বিভালয় ছুটি হওয়ার কিছু পরেও কিছু সময় শিক্ষার্থীরা যাতে পডাতনা করতে পারে তার জন্ম পাঠাগার খুলে রাখতে হবে।

এই Reading Room-এ পড়বার উপযোগী স্থন্দর পরিবেশ স্থাষ্ট ক্রুরেজ হবে।
এই কক্ষে নীববতা ও শৃঙ্গলা মেনে চলতে হবে। কক্ষটি বিভিন্ন মহাপুক্ষ ও

শিক্ষাবিদ্গণের ছবি দিয়ে স্থসজ্জিত হবে। পাঠাগারে

Study Hall কে কিছু ফুল ও ধৃপ ইত্যাদি দিয়ে দক্জিত
রাখতে পাবলে তা শিশুচিত্তকে আকর্ষণ করে। Library Reading room-এ

শিক্ষার্থীদের বদে পড়বার যথায়থ ব্যবস্থা করতে হবে। এই ঘরটি উপযুক্ত

- আলোবাতাসযুক্ত হবে। সব মিলিয়ে এই ককটিতে পড়াশুনার আহর্শ পরিবেশ স্থাষ্ট করতে হবে।

বিভালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের দক্ষে সংশ্লিষ্ট Study Hall-এ অভিজ্ঞ শিক্ষকের তত্তাবধানে ছাত্রীদের পড়াশুনার ব্যবহা করতে হবে। গ্রন্থাগারিকও এ বিষয়ে সাহায্য করতে পারেন। পাঠের অভ্যাস (Study habit, পাঠিশৈলী (Study Skill) গড়ে তোলা শিক্ষার লক্ষ্য ও আদর্শেব মধ্যে পড়ে। এই Study habit ও Study Skill শিক্ষাণীদের ভবিশ্বৎ জীবনকে সাহায্য করবে। পড়ান্তনার অভ্যাদ ব্যক্তিজীবনের একটি বিশেষ গুণ। পড়ান্তনার প্রতি ঝোঁক সকলেরই থাকা দরকার। জ্ঞানের ভাগ্ডাব অফরস্ত। কাজেই পড়ান্তনার কান্ধ সারা জীবন ধবে চলবে। তাই পাঠের Study Skill অভ্যাস গড়ে তুলতে হবে শিক্ষাজীবন থেকেই। অবসর-বাপনের একটি স্থলর উপায় হ'ল বই পড়া। কাজেই পাঠের অভ্যাদ জীবনে খুবই কার্যকরী ভূমিকা গ্রহণ করে। আর যথন পরীক্ষা, প্রমোশন Interview ইত্যাদির জন্ম যথন পড়াশুনার চাপ আদে তথন পাঠাভ্যাদের গুরুত্ব মর্মে মর্মে উপলব্ধি করা যায়। অভিজ্ঞ শিক্ষক ও উপযুক্ত গ্রন্থাগারিকের সাহাযো বিতালয়ের realing room-এ শিক্ষার্থীদেব পাঠাভ্যাস গড়ে তোলবাব প্রয়োজন আছে।

সেই দক্ষে প্রয়োজন Study Skill বা পাঠদক্ষতার। পাঠদক্ষতা অবগ্য পাঠাভ্যাদ থেকেই আদে। পাঠাভ্যাদ রপ্ত হলেই পাঠদক্ষতা গড়ে উঠে। আনেক দময় দেখা যায় যে একই শ্রেণীর হটি ছাত্র একই বই-এর পৃষ্ঠা একদঙ্গে পড়া শুরু করে এক দক্ষে শেষ করতে পারে না। তার কারণ হ'ল এই যে উভয়ের মধ্যে পাঠদক্ষতার অভাব আছে। পড়ে গ্রহণ করতে ইবে। পাঠদক্ষতার অর্থ হ'ল—ক্ষত পাঠ কবা এবং পাঠ করে ভা গ্রহণ করা। প্রত্যেক শিক্ষার্থীকেই তাই পাঠদক্ষ হতে হবে। জ্ঞানভাগ্রার বর্তমানে এমন সমৃদ্ধ হ্যেছে যে, যে-ব্যক্তি যত কম দম্দ্রে যত বেণী গ্রহণ কবতে পারবে তার পক্ষে ভত্তই লাভ। ব্যক্তিজীবনে তাই Study skill-এর প্রযোগন আছে।

# া। অবকাশকালীন ও ৱত্তিযুলক পাঠাগার।।

N Vacation and Vocation Library N

বিভালের ২টি বড় ছুটি থাকে,—গ্রীমের ছুট ও পূজার ছুটি। গ্রামের বিভালম্ভলিতে বর্ধার ছুটি বা চাধের ছুটিও থাকে। এই ধরনের ছুটি গুলিতে বিভালয়ের গ্রন্থাগার বন্ধ থাকে। বিভালকে পুরীকা চলাকালীন সময়েও

পাঠাগার বন্ধ থাকে। বাৎসরিক পরীক্ষার পরেও result হওয়া ও নতুনsession শুরু হওরা পর্যস্ত পাঠাগার বন্ধ থাকে। বছরের এই সময় গুলিতে পাঠাগারকে কিভাবে কাজে লাগানো যায় সে নিয়ে চিস্তা ভাবনা করা উচিত। অনেকে বলেন যে, ছুটিগুলিতে পাঠাগাবকে অভিভাবক ও স্থানীয়-জনসাধারণের জন্ত উন্মুক্ত রাখ। উচিত। আমাদের দেশে মনেক বিভালয় জনসাধারণের, দেজন্য ত্যাগ ও দানেব সাহায্যে গড়ে উঠেছে। কাজেই বিল্লানয় থেকে তারা ধদি কিছু উপকৃত হয় তো ক্ষতি কি? তাছাড়া আখিক অসক্তির জন্ম বিভালযের পাঠাগারগুলির উন্নতি সম্ভব হয় নি। ছুটিগুলিতে পাঠাগার স্থানীয় জনসাধারণের জন্ম খুলে পাঠাগাবের এবকাশ রাখনে তাঁরা উপকৃত হবেন। আমাদের গ্রাম বাংলায় কালীৰ ব্যক্তিন্দীবনে recreation ব্যবস্থা নাই বললেও চলে। তাই তার জন্ম এই সামান্য ও সং প্রচেষ্টা বিত্যালয় থেকে করা যেতে পারে। তাদের কাচ থেকে আর্থিক সাহায্য নিয়ে বিভালয়ের পাঠাগারকে উন্নত করা যেতে পারে। ফলে শ্বানীয় জনদাধারণ উপত্বত হবে। বিভালয়ের পাঠাগার উন্নত হওয়ায় পরোকভাবে শিক্ষার্থীরাও উপত্বত হবে। সর্বোপরি সমাজের দকে বিভালয়ের ঘনিষ্ঠ যোগাযোগ গড়ে উঠবে। বিভালয়ে Vacation library এর গুরুত্বের কণা তাই নতুন করে ভেবে দেখতে হবে।

শিক্ষার উদ্দেশ্য হিদেবে আমরা জ্ঞানার্জনের কথা বলে থাকি। কিন্তু বাহুব জীবনে আমরা লেখাপড়া শিখে কোন চাকুবী জীবনে প্রতিষ্ঠিত হতে চাই। শিক্ষা হ'ল তাই বৃত্তিমূলক। বৃত্তিমূলক শিক্ষা আজ জনসমর্থন পেয়েছে, এবং বৃত্তিমূলক শিক্ষা তাব বৈজ্ঞানিক কপ ও পদ্ধতির উপর প্রতিমূলক শিক্ষাও প্রতিষ্ঠিত হয়েছে। শিক্ষাকে বৃত্তিমূখী করবার জন্ম বিভিন্ন পাঠাগার বইপত্রও প্রকাশিত হছেে। যে-সমস্ত বইপত্রের সাহায়ে বৃত্তিমূলক পাঠাগারের (Vocation Library) প্রয়োজনীয়তা আজ তাই অপরিহার্থিরপে দেখা দিয়েছে। এই লক্ষ্যে পৌছবার জন্ম এবং শিক্ষাকে বৃত্তিমূশী করবার জন্ম বিভালয়ে Vocation Library গড়ে তুলতে হবে।

## ॥ উপসংহার ॥

#### || Conclusion ||

অনেক সময় দেখা যায় আলমারী বোঝাই বই রয়েছে কিন্তু বই দেবার ব্যবস্থা নেই। ছাত্রদের দিক্ থেকেও বই পড়বার আগ্রহ নেই। যদি ছাত্রেরা বই পড়ার ছবোগ না পেল ডাহলে বই রাথায় সার্থকতা কি ? ছাত্রদের মধ্যে বই পড়ার আগ্রহ স্কট একটা বড় কাজ। ছেলেবেলা থেকেই ভাদের মধ্যে পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। এজন্ম ছাত্রদেব মন ভুলানো স্থানর স্থানর ছবির বই রাথতে হবে, আর যাতে সেই বই তার। পড়ে সেদিক লক্ষ্য রাথতে হবে।

একটু বড় হলে যথন নানা বিষয়ে জানতে আগ্রহ হবে তথন
গাঠেব প্রতি আগ্রহ
বিষয় শিক্ষক তাদের উৎসাহ দেবেন কি বই কোন্ বয়সে,
স্টি কবতে হবে
কোন্ স্বে পড়তে হবে সে সম্পর্কে প্রামান দেবেন।
ছেলেদেব মধ্যে বই পড়ার অভ্যাস স্পটি হবে ও ছেলের। গ্রন্থাগার থেকে বই
নিয়ে পড়লেই বিজ্ঞালয়ে গ্রন্থাগার বাথ। সার্থক হবে। শিক্ষাণীরাই ধীরে ধীরে
আনস্ক জ্ঞান-ভাগ্রের সাথে প্রিচিত হবে।

#### প্রধাবলী

- "School library in West Bengal are at present almost useless"— Comment on the statement and indicate how you would improve their utility.
- 2 Discuss the special role of the library in creative learning in the modern activity centred education of our school
- 3. Bring out the grow importance of the school library in the changing educational programmes of progressive high school of the day, Indicate your ideas for the better functional organization of the library
- 4. How would you organise and run a class library? Explain in some detail
- 5. Write notes on the following,-
  - (a) Class Library.
  - (b) Library.

## চতুর্থ অধ্যায়

## সাধারণ সংগঠন ও বিদ্যালয় পরিচালনা (GENERAL ORGANISATION AND SCHOOL ADMINISTRATION)

শিক্ষার আলোক বিস্থাবের জন্ম সমাজেব বুকে দাডিয়ে আছে বিভালয়গুলি। শিক্ষার্থীরা এথানে আসে শিক্ষা গ্রহণ করতে। সরকার যে শিক্ষানীতি **গ্রহণ** করেন তা বিত্যালয়গুলিব মাধ্যমে বাস্তবে রূপাযিত হয়। জাতীয় **শিক্ষানীতি** বিভালনগুলিব মাধ্যমেই প্রতিফলিত হয়। মারুষেব জাবনে যে অনন্ত সন্তাবনা লুকিয়ে আছে ত। শিক্ষাব নাধ্যমেই বিকশিত হয়। দেশ ও জাতিব বিজালিয়গুলি দে কার্ণ সাধন কবে। বি**তালয় থেকে** ভবিষ্যং প'ড তু ৰতে শিক্ষাগ্রহণ কবেই মাত্রব ভবিগ্রং নাগবিক হিসেবে নিজেকে বভালবেৰ ভূমিকা প্রতিষ্ঠিত কবে। কার্জেই দেশ ও বিভালয়গুনির বিরাট একটি ভূমিকা আছে। দেশ ও জাতিব, সভ্যতা ও সংস্কৃতির, সমাজ ও ব্যক্তির ভবিসং নির্ভব কবছে শিক্ষার উপর। **আর এই** শিক্ষাণানের পাঠখান হ'ল বিতালরগুলি। কাজেই বিতালয়গুলির গুরুত্ব বিবেচন। কবে –সেগুলিকে স্থদাগঠিত ৫ স্বশুখন কবা প্রয়োজন। তাই বিভানয় প্রিচালনার প্রমোজন হয়।

বিভালন প্রতিষ্ঠাব স্ববক্ষ উপায় ও উপক্রণ থাকলেও স্থপরিচালনার অভাবে বিভালয়ও,নির শিক্ষাকার্য ব্যহত হয়। বিভালয়ে বিবাট **অটালিকা,** 

প্রত্ব উপকবণ, যথেওঁ শিশ্বক ও অনেক ছাত্র থাকলেই
বিজাল্যে প্রিনান্ত্রন শিশ্বনি বার্য যথায়গভাবে চলে না। তথন প্রয়োজন
প্রের্যন করাই স্থাবিচালনার (Good Administration) লক্ষণ। একটি
স্থাবিচালিত বিভাল্যে ছাত্র, শিক্ষক, উপকবণ ইত্যাদি যথায়গভাবে ব্যবহৃত
থয়। ঠিক শ্রেণীতে ঠিক শিক্ষক যথায়থ ভাবে আদর্শ শিক্ষাদান যথন করতে
পাবেন ভ্রান তাকে স্থাবিচালনা বলে। কোন বিভাল্যে আরও সমস্ত স্থ্বিধা
থাবা সত্ত্বে স্থাবিচালনার অভাবে শিক্ষাদান কার্য ব্যর্থ হয়ে যায়।

বিস্তান্দর সংগঠনেরও (School organisation) প্রয়োজন আছে। বিভালয় প্রতিষ্ঠা, পবিবেশ নিবাচন, Building ইত্যানি নির্মাণ, সবকারী অন্নমোদন ও আর্থিক অন্নদান আদায়, আস্বাবপত্র সংগ্রহ, উপকরণ সংগ্রহ, শিক্ষক নিয়োগ ইত্যাদি বিষয়গুলি বিভালয় সংগঠনের মধ্যে পড়ে। বিভালয় দংগঠন সাধারণভাবে সমাপ্ত হওয়ার পরই পরিচালনা কার্য শুক্ত হয়। তবে বিভালয় প্রতিষ্ঠার প্রাথমিক অবস্থার পর বিভালয় সংগঠন ও পরিচালনার কাজ একসঙ্গে চলে। শিক্ষাব্যবস্থায় বিভালয় সংগঠনের গুরুত্ বিভালব সংগঠন কম নয়। প্রাথমিক অবস্থায় বিভালয় প্রতিষ্ঠা, আর্থিক দাযদায়িত্ব বহন, সরকারী সাহায্য আদায়, বিভিন্ন আসবাবপত্র ও উপকবণ সংগ্রহ ও শিক্ষক ও বিভালয়-কর্মচারী নিয়োগ ইত্যাদি ব্যাপাব খুবই গুরুত্বপূর্ণ। এ দায়িত্ব যথাযথভাবে পালন করতে না পারলে শিক্ষাদান কার্য বাহত হতে বাধ্য।

বিভালয় পরিচালনাও (School Administration ) কম গুরুত্বপূর্ণ নয়।
বিভালয়ে শিক্ষার্থীরা আদে শিক্ষা গ্রহণ কবতে। বিভালয় পরিচালনা তাদের
অন্তর্নিহিত শক্তির সর্বোত্তম বিকাশের চেষ্টা করে। শিক্ষার্থীদের পডাশুনা,

Home task, পাঠ্যক্রম রচনা, পাঠ্যপুস্তক নির্বাচন, সময
তালিকা প্রণয়ন, পরীক্ষা গ্রহণ, Class promotion, সহপাঠ্যক্রমিক কার্যাবলীর প্রবর্তন, স্বাস্থ্যা-শিক্ষা, বিভালবেব শুভালারক্ষা প্রভৃতি
গুরুত্বপূর্ণ ও আবশ্যকীয় বিষয়গুলি বিভালয় পবিচালনাব অন্তর্গত। এই পবিচালনা
কার্য বথাষণ ভাবে পালিত না হলে বিভালয়ের শিক্ষাদান ও অন্যান্য কাজকর্মেব

অন্তান্ত প্রতিষ্ঠান পরিচালন, কলকাবথানা পবিচালন। ও বিভালয় পরিচালন। এক নয়। অন্তান্ত প্রতিষ্ঠান পরিচালনায় মালিক-শ্রমিক সম্পর্ক থাকে ,—একজন

্ৰতাক্ত প্ৰতিষ্ঠান বিচালনা ও বিজ্ঞালয বিচালনা এক নয

বা একা গোষ্টাব সম্পূর্ণ নিয়ন্ত্রণে ও কড়ত্বে এসব প্রতিষ্ঠান চলে। বিছ্যালয় পবিচালনাব দায়িব্বও থাকে প্রধানতঃ প্রধান শিক্ষকের হাতে। কিন্তু তিনি বিত্যালয় পবিচালক সমিতি, শিক্ষক, ছাত্র, অভিভাবক প্রভৃতিব সঙ্গে এক বন্ধব্বপূর্ণ

াশমক, ভাত্র, আভভাবক প্রাচাতব নজে এক বন্ধুস্পুন নাঝা-পভায় এসে বিজালয় পরিচালনা কবেন। পাবস্পরিক মধুব সম্পর্ক, বন্ধুজ-ধূর্ণ পরিবেশ, সহ্যোগিতা, সহাস্তৃতি ও সমবাযমূলক মনোভাব বিজালয় পরি-চালনার মূলকথা। সকলের আন্তরিক সহযোগিতায় বিজালয় পবিচালনা কার্য সসম্পন্ন করতে হবে।

বিভালয় পরিচালনা সমিতি (School managing committee) ও প্রধান শিক্ষক মিলে বিভালয় সংগঠন ও পরিচালনা কার্য সম্পন্ন কবেন। বিভালয় পবিচালক সমিতিতে অভিভাবক প্রতিনিধি, শিক্ষক বিচালনার কেনে প্রিচালনার কেনে প্রিচালনার কেনে শিক্ষামুবাগী থাকেন। বিভালয় সংগঠনেব দায়িত মূলতঃ পরিচালক সমিতিব। বিভালয় পরিচালনায় প্রধান শিক্ষকের ভূমিকাই মুখ্য, তবে বিভালয় সংগঠন ও পরিচালনার ক্ষেত্রে সকলের সক্রিয় সহধাগিতাই স্বচেয়ে বভ কথা। বিভালয় একটি শিক্ষা

প্রতিষ্ঠান। তার কিছু সরকারী ও বেসরকারী আইন-কামুন ও নিয়ম-শৃষ্খলা আছে। সব সময়েই তা রক্ষা করে চলতে হবে। বিগুলিয় সংগঠন ও পরিচালনা শৃষ্খলা সহকারে শিক্ষাদান কার্য স্থসম্পন্ন করা যায়।

পরিচালনায় গণভান্ত্রিক পদ্ধতি (Democratic) অফুসবণ করা প্রয়োজন। সবকিছু কাজকর্ম, আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ প্রতিনিধিছের ভিডিতে হবে। বিভালয় পরিচালক সমিতিতে প্রধান শিক্ষক ও সরকারী প্রতিনিধি ছাডা আর সকলেই নিবাচিত হবে। বিভালয়ের শিক্ষক সভা (Teacher's council) নির্বাচনের ভিত্তিতে পরিচালিত বিদ্যালয় প্ৰিচালনায ছাত্রসংসদের ভার নির্বাচিত প্রতিনিধিদের হাতে গণতান্ত্ৰিক পদ্ধতি থাকবে, সহপাঠ্যক্রমিক কার্যাবলী গণতান্ত্রিক পদ্ধতিতে পবি-চালিত হবে। প্রত্যেকের মতামতকে গুক্ত্ব দিতে হবে, সকলেবই মত প্রকাশের ক্ষমতা থাকবে। বিভালয়ের কাজকর্মের দায়িত বিকেন্দ্রীকবণ কবে বিভিন্ন ব্যক্তিব मत्था वर्षेन करत भिरू हर्त। त्योथ मत्नाक्तात, महत्याभिका, दाशीनका, ব্যক্তিস্বাতন্ত্র্য, নিবপেক্ষ ন্থায় বিচার প্রভৃতির ভিত্তিতে বিগালয় পরিচালিত হবে। সকলের মধ্যে যাতে গণতান্ত্রিক চেতনার বিকাশ হয় এবং বিভিন্ন কাঞ্চকর্ম থাতে গণতান্ত্রিক পদ্ধতিতে হয় তার জন্ম চেষ্টা করতে হবে। এমন একটা অবস্থার স্বষ্ট কবতে হবে যাতে বিহালয়-দংশ্লিষ্ট সকলেই অন্তভৰ কবে যে বিহালয় তাদেব নিজেদের প্রতিষ্ঠান।

বিভালয়ে শৃঙ্খলা রক্ষা কবা বিভালয় পবিচালনার অন্যতম প্রধান কথা।
বিভালয়ে বিভিন্ন আইন ও নিয়ম আছে। সে নিয়ম ও আইনের বাইরে গেলে
ছাত্র ও শিক্ষককে শান্তি পেতে হয়। কিস্কু কেবলমাত্র ওই নিয়মগুলিব কডাকডি ব্যবস্থাই বিভালয়ে শৃঙ্খলা রক্ষা
ও শৃঙ্খলা বক্ষা
করতে পারে না। মানবিক বোধ, মানসিক উদারতা, স্বদৃঢ
সংকল্প ও সহযোগিতার মনোভাবেই বিভালয়ে শৃঙ্খলা রক্ষা করতে হবে। বিভালয়
পরিচালনায় থুব সতকভাবে সহায়ভূতি ও সহযোগিতার মাধ্যমে বিভালয়ে শৃঙ্খলা
রক্ষা করতে হবে। শৃঙ্খলা পরিস্থিতিতে আলোচনার মাধ্যমে তার স্বর্ত্ত সমাধান
করতে হবে।

বিস্থালয় সংগঠন ও পরিচালনার মূল লক্ষ্য ও কেন্দ্রবিন্দু হ'ল শিক্ষাথীদের শিক্ষাদান। কাজেই গতাহুগতিকভার স্রোভে গা ভাসিয়ে দিলে চলবে না। সম্পূর্ণ বিজ্ঞান্য শংগঠন ও পরিচালনার কেন্দ্র বিশ্বালয় সংগঠন ও পরিচালনার সবকিছু কাজকর্মই শিক্ষাথাদের শিক্ষাদানকে কেন্দ্র করে আবর্তিভ হবে। বিস্থালয় সংগঠন ও পরিচালনার সবকিছু কাজকর্মই শিক্ষাথাদের শিক্ষাদানকে কেন্দ্র করে আবর্তিভ হবে। বিস্থালয় সংগঠন ও পরিচালনার কেন্দ্রে শিক্ষাধীদের কথা ভাই সব সময় মনে রাথতে হবে।

### া। প্রধান শিক্ষক।।

#### ■ Headmaster II

বিগালয়ে অভিভাবকের। ছেলেমেয়েদের পাঠান লেখাপড়া শিখতে। লেখাপছ। শেখাটাই বিগালয়ে আদবাব মূল লক্ষ্য। এছাড়াও তাদের অনেক কিছু জানবাব শিখবাব আছে। বিগালয়ের উদ্দেশ্য হ'ল শিক্ষাথীদের সমাজেব উপযক্ত নাগবিন কপে গড়ে ডোলা। বিগালয়েব শিক্ষার মধ্য দিয়ে ধদি ছেলেমেয়েদের সব দিক থেকে উপযুক্ত কবে জীবনে প্রতিষ্ঠিত হওয়াব মত কবে দিতে হয় তাহলে সেখানে

প্রধান শিক্ষক হলেন বিজ্ঞালয় তবনীর কর্ণবাব আদর্শ শিক্ষা-প্রতিষ্ঠান গড়ে তুলতে হলে প্রয়োজন স্থপবি-চালনার (Good Administration)। বিভালয় যদি স্থপবি-চালিত না হয় তা হলে ভাল বিভালয় গৃহ, মূল্যবান আসবাব-পত্র, উপযুক্ত শিক্ষক থাক। সত্ত্বেও কোন কাজ স্কুপ্রতাবে সম্পন্ন

হবে না, শিক্ষকদেশ কাজে উৎসাহ থাকবে না। থেগানে শৃষ্টলাব অভাব, স্থপরিচালনাব অভাব সেগানে স্থশিক্ষাব ব্যবস্থা হতেই পাবে না। স্কলে ছেলেনেয়েবা স্থশিক্ষা পাবে কি না এটা কাবও ব্যক্তিগত ইচ্ছা বা কেইব ব্যাপার নয়, —এটা শিক্ষকদেব সমষ্টিগত চেষ্টাব ফল। দলগতভাবে কাজ করে সাফল্য লাভ করতে হলে প্রয়োজন একছন উপযুক্ত দলনেতা। দলনেতাব নির্দেশ ও পরামর্শে গলগত প্রচেষ্টা জয়য়ুক্ত হবে। উপযুক্ত শিক্ষকদেব সমষ্টিগত অভিজ্ঞ প্রচেষ্টা সফল হতে পাবে যদি তাদেব পশ্চাতে থাকেন একজন ব্যক্তিত্ব-সম্পন্ন পরিচালক বা নেতা। বিভালয়ের প্রধান শিক্ষকই এই নেতৃত্ব গ্রহণ করবেন। বিভালয়-ভরনীর ভিনিই হচ্ছেন কর্গধার। ভিনি শুধু পরিচালকই হবেন না,—ভিনি ভাঁর বলিষ্ঠ ব্যক্তিত্ব, উভামশীলভা, কর্তব্যপরায়ণভা, নিরপেক্ষভা, সহাস্থৃভি, সংগঠনী শক্তি প্রভৃতি ধারা সহকারী শিক্ষকদের মনে অমুপ্রেরণার সৃষ্টি করবেন: এবং বিভালয়কে সামগ্রিক সাফল্যের পথে নিয়ে যাবেন

আমর। জানি থেখানে নেতৃত্ব সেথানেই দায়িত্ব। স্ক্ল-নেত। প্রধান শিক্ষকেব একট। বিরাট দায়িত্ব ব্যেছে। প্রধান শিক্ষক যাঁদের পরিচালন। কবেনে তাঁর। বিছায়, বৃদ্ধিতে, কর্মশক্তিতে কোন অংশেই ন্যান নন্। কোন কোন ক্ষেত্রে পেথা যায় তৃ'চাব জন শিক্ষক-শিক্ষিক। প্রধান শিক্ষকের 'As is the Head- সমকক্ষ বা অধিকতব শিক্ষিত। সেক্ষেত্রে তাঁর দায়িত্ব আরও কঠিন। কারখানা ম্যানেজারের মনোভাব নিয়ে বিছালয় পরিচালনা করা যায় না। বিছালয় পরিচালনায় ক্রটি- বিচ্যুতির জন্ম নিন্দা তাঁরই প্রাপা। প্রধান শিক্ষককে দিয়েই অনেক সময় বিভালয়ের বিচার করা হয়। তাই বলা হয়—As as the Head master,

so is the school. কোন বিভালয়ে অনেক ভাল শিক্ষক থাকতে পারে, কিন্তু প্রধান শিক্ষক যদি স্থপরিচালক না হন তাহলে সে বিভালয় স্থনাম অর্জন করতে পারে না। P. C. Wren বলেছেন—"What the mainspring is to the watch, the fly wheel to the machine, or the engine to the steamshin, the Head-Master is to the school."

প্রধান শিক্ষকের নেত। হিসেবে স্বৈরাচারী মনোভাব থাকবে না। ক্ষমতা আছে বলেই ক্ষমতার প্রয়োগ করে আফুগত্য আদায় করবেন,—একণা দদি কেউ মনে করেন তিনি তাহলে স্থোগ্য প্রধান-শিক্ষক হতে পারবেন ন।। সহকারী শিক্ষকদের স্বেচ্চামূলক সহযোগিতাই সর্বত্র কাম্য। প্রধান শিক্ষক কথনই মনে কববেন না বিজালয় আমার এবং সহকারী শিক্ষকেবা আমার প্ৰধান শিক্ষকেব কর্মচারী। বিভালয় আমাদের, বিভালয়ের সমস্থ। আমাদেব হযোগ্য নেতৃত্ব ও সমস্থা, এর স্থনাম, চুর্নাম, সাফল্য ও ব্যর্থতার জন্ম সামরা ক্রদক্ষ পবিচালন সমভাবে দায়ী,—শিক্ষকদেব মধ্যে এই মনোভাব স্ঠাই করতে শিক্ষকদের দায়িত্বের অংশাদাব করে নিতে হবে। তাহলে প্রধান শিক্ষকেব সাথে তারাও মনে করবেন যে, বিভালয়েব কর্মনীতি নির্ধারণে আমার একটা দায়িত্ব আছে।—বার্যপদ্ধতি ৰূপায়ণে আমার একটা ভূমিকা আছে। এই মনোভাবের সৃষ্টি হলে শিক্ষকদেব সহযোগিতা প্রধান শিক্ষকের পক্ষে সহজ্ব-লভ্য হবে। এমন পরিস্থিতিও উদ্ভব হতে পাবে যেগানে প্রধান শিক্ষকের সাথে সহকারী শিক্ষকদের মতাবিবোধ হচ্ছে। তিনি সে ক্ষেত্রকে সংকোচিত ববে আনবার চেষ্টা করবেন। পোলাথুলি আলোচনার মাধ্যমে অনেক সময় মতবিরোধের অবসান

বিরোধ, যেখানে জোড়াতালি চলে না সেক্ষেত্রে তিনি তাব কর্তব্য-কর্মে অবিচলিত থাকবেন।
বিভালয় পরিচালনার বৃহত্তর স্বার্থে অনেক সময় আপ্রিয় কাজ প্রধান শিক্ষককে করতে হয়। তবে তিনি যেন কেবলমাত্র শিক্ষকের দোষ অঞ্চমন্ধান করে না
বেড়ান। কাবণ এরূপ কাজেব জন্ম সহকারীদের মধ্যে যদি
প্রধান শিক্ষকেব
কর্তব্যপ্রায়ণতা

ঘটে। প্রধান শিক্ষক মনে রাখনেন যে, সংঘদকে এডিয়ে চলতে পাবাটাই সর্বক্ষেত্রে

এজন্ম তাকে tactful হতে হবে। তবে ষেখানে কোন মূলনীতির প্রশ্নে

কতবাসরারণতা কাজে প্রতিফলিত হতে বাধ্য। সহকারীদের সহযোগিতা, শ্রদ্ধা ও বিশ্বাস প্রধান শিক্ষকের সাফল্যের জন্ম অত্যাবশ্রক। প্রধান শিক্ষক হবেন কর্তব্যপবায়ণ সহকারীর সহাদয় বন্ধু ও পরামর্শদাতা। তিনি নিজে যদি পক্ষপাতশৃন্ত, ন্যায়পরায়ণ ও কর্তব্যনিষ্ঠ হন তাহলে তাঁর চরিত্র-প্রভাবে শিক্ষক ও ছাত্রেরা সমভাবে তাঁকে শ্রদ্ধা করবে, ভালবাসবে, তাঁর নেতৃত্ব বিনা দিধায় স্বীকার করে নেবে।

### ॥ প্রধান শিক্তকের কার্যাবলী।।

#### | Function of the Headmaster |

প্রধান শিক্ষকের বছবিধ কতব্য বয়েছে। স্কুলের সর্ববিধ কাজেই তাঁর দৃষ্টি সন্ধান পাকবে। ২ তিনি যদি নিষ্ঠাব সাথে কর্তব্য পালন করেন, তাহলেই তাঁব স্কুল স্থপরিচালিত হবে। প্রধান শিক্ষকেব বিভিন্ন কার্যাবলীকে নিম্নলিথিত করেকটি অংশে ভাগ করা যায়,—

- (১) শিকাদান (Teaching).
- (২) ভদ্বাবধান (Supervision).
- (৩) প্রশাসন (Administration).
- (৪) সমস্ক সাধন (Co-ordination).

এগুলি সম্পর্কে একে একে আলোচনা করা যেতে পাবে।

॥ ১॥ विकामिन (Teaching)—বিজ্ঞালয় পরিচালনা সংক্রাম্ভ বছ কাজে প্রধান-শিক্ষক বাস্থ থাকেন। এজন্ত শ্রেণীতে শিক্ষাদানের জন্ত তিনি খুব কম সময় পান. তবু তাঁকে এেণীতে শিক্ষাদানের জন্ত কিছু সময় রাখতে হবে।, প্রধান শিক্ষক যেন ভূলে না যান যে তিনিও একজন শিক্ষক। প্রতিদিন ২০০টি পিরিয়ড তিনি ক্লাস নেবেন। সম্ভব হলে তিনি নীচের দিকের শ্রেণীগুলিতেও ক্লাস বাথার ৮েই! করবেন। পবিদর্শন ও প্রশাসনিক কাজ দেখতে গিয়ে যদি তিনি পড়ানোব কাজ থেকে নিজেকে স্বিয়ে রাগেন তাহলে তাঁর পক্ষে মহু ভূল হবে। পড়ানোব মধ্য দিয়ে তিনি ছাত্রদেব সাপে প্রত্যক্ষ

সম্বন্ধ স্থাপন কবতে পারবেন। শিক্ষক-ছাত্রের প্রতির আন্দর্শ প্রধান শিক্ষক প্রকলন ক্ষোগ্য ক্ষেনভাবে তা গড়ে ওঠবাব সন্তাবনা নেই। অফিসের কাজ স্প্রভাবে নিবাহ করে আদর্শ প্রধান শিক্ষক হওয়া যায় না।

শিক্ষাদান কার্থের মধ্য দিয়ে তিনি শিক্ষকদের আদর্শ স্থানীয় হবেন, ভাল পড়িয়ে ছেলেদের শ্রদ্ধা ও গ্রাতিভালন হবেন। তিনি যদি শিক্ষাকার্য থেকে বিরত হন ভাহলে পার্ঠদান পদ্ধতির সাথে যোগাযোগ হাবিয়ে ফেলবেন। 'শুধু বারান্দায় ঘূরে আর শিক্ষকদেব পিছনে গিয়ে দাঁডিয়ে স্কুলে কি পড়া হচ্ছে তাব সঠিক হিসেব রাখতে পারবেন না।' নিজের প্লাস্ তিনি করবেন, এছাড়া মাঝে মাঝে অন্ত শিক্ষকের ক্লাস্ তিনি পর্যবেক্ষণ করবেন। তাহলে বুঝতে পারবেন যে, বিভিন্ন বিষয় কিরূপ গড়ান হচ্ছে। সাধারণভাবে শ্রেণীর প্রগতির ধারাকে বুঝতে হলে মাঝে মাঝে ক্লটিনের বাইরে প্লাস (supervision class) তাকে নিতে হবে। স্কুলের পাঠ-প্রগতি ও শিক্ষার মানের যদি অবনতি লক্ষ্য করেন ভাহলে শিক্ষকদের

সাথে সে সম্পর্কে আলোচনা করবেন ও কি করে শিক্ষার মানের উন্নতি-সাধন হয় সে বিষয়ে সচেষ্ট হবেন। একজন স্থশিক্ষকই আদর্শ প্রধান শিক্ষক হতে পারেন। সপ্তাহের ছয় দিনে গডে প্রত্যহ তু'টি করে পিরিয়ড প্রধান শিক্ষক class নেবেন। তবে একজন বিষয় শিক্ষকের (subject teacher) গুরু দায়িত্ব তাঁর উপর চাপিয়ে না দেওয়াই ভাল। তিনি পঞ্চম থেকে একাদশ পর্যন্ত প্রতি শ্রেণীতেই ১।২টি করে class রাথবার চেষ্ট্র। করবেন। তাতে বিভালয়ের অধিকাংশ ছেলের সঙ্গে পরিচিত হয়ে বিভালয়েব বিভিন্ন সমস্যা সমাধান ও শৃঞ্জলা বক্ষার গুরু দায়িত্ব তিনি বহন করতে পাববেন।

। ২ ॥ **ভদ্বাবধান** (Supervision)— তত্বাবধানের কাজ বলতে সব রকম কাজ বোঝায়। কথাটা অত্যস্ত বাপেক। কলেব এমন একটি দিক নেই যে দিক সম্পর্কে প্রধান শিক্ষক অবহিত থাকবেন না। শিক্ষকদের কাজ, ছেলেদের লেথাপড়া, গরের কাজ, থেলাধূলা, যথায়ধ ভদ্বাবধান হোটেল পরিদর্শন, ছেলেদের নৈতিক, দৈহিক, মানসিক বিভালয়ের সামগ্রিক বিকাশের অগ্রগতির ধারা কোনটাই তাঁর নজর এডিয়ে ইন্নতিতে সাহায্য করে যাবে না। অফিস সংকান্ত সমন্ত কাজ তিনি তত্তাবধান করবেন। প্রধান শিক্ষকের তত্তাবধানের কাজ ক্ষেকটি ভাগে ভাগ করা যায় —হিসেব ও অক্যান্ত প্রয়োজনীয় থাতাপগ্রাদি ঠিক ভাবে বাথা হচ্ছে কি না সেদিকে দৃষ্টি রাথা, শিক্ষকৃদের শিক্ষণ সম্পর্কীয় কাজের তদাবকী ও স্ক্লের সাধারণ উন্নতি।

॥ খা॥ খাতাপত্রাদিও হিসাব প্রভৃতি ভন্নবিধান (Registration works and Account):—বিভালয়ের কাজের জন্ম বহু প্রকার গাতা ও

ফাইল্ রাথতে হয়। সে সব যথাযথ রক্ষণাবেক্ষণের প্রত্যক্ষ দায়িত্ব কেরাণীর। প্রধান শিক্ষক দেখবেন কাজগুলি ঠিকমত হচ্ছে কি না। প্রধান শিক্ষক মাসে একবার শ্রেণীর হাজিরা বই দেখবেন। ছেলেদের মধ্যে অসুপস্থিতির হার সম্পর্কে তাকে জানতে হবে,—যাতে প্রয়োজনীয় ক্ষেত্রে তিনি ব্যবস্থা অবলম্বন করতে পারেন। বছরেব শুণতে যথন ভণ্ডি ও ট্রান্সফার হচ্ছে সে সময় তিনি নিয়মিত খোঁজ রাথবেন। কোন্ শ্রেণীতে করজন নতুন ছাত্র নেওয়া হবে, কোন শ্রেণীতে কয়টি বিভাগ থাকবে ইত্যাদি স্থির করে তিনি ভতি নেয়ন্ত্রণ কববেন। বিতালয়ের সমস্ত থাতাপত্রে যথাযথভাবে রক্ষিত হবে। অনেকগুলি ক্ষেত্রে দেইসব থাতাপত্রের গোপনীয়তা প্রয়োজন। বিভালয়ে বিভিন্ন বিষয় ও তথ্যের যথাযথ room বাখা প্রয়োজন। ক্রেব্রাপাবে প্রধান শিক্ষকের প্রত্যক্ষ তর্ত্বাবধান প্রয়োজন। সমস্ত অফিসের কত্ত্বত্ব ওত্ত্বাবধান প্রধান শিক্ষকের প্রত্যক্ষ তর্ত্বাবধান কাজ।

ক্যাস বই থাতে রোজ লেখ। হস তা দেখবেন। মাইনে আদায়েব বসিদ্
বইরেব সাথে জ্মান টাকা মানো মাঝে মিলিযে নেবেন। Acquintance roll
মাহিনা দেবার দিনই দেখে সই করনেন। P. F. এর টাকা
বৈর্মিত জ্মা দেওবাব ব্যবস্থা কবনেন। Games Fund,
ভবানধান

Labrary Fund, Ecamenation Fund, Isualding
Fund প্রভৃতি সম্পর্কেও প্রধান শিক্ষকের দায়িত্ব ববেছে। বিভিন্ন ফাণ্ডে ধে জন্ত
টাকা আদায় কবা হচ্ছে সেই উদ্দেশ্যেই যাতে টাকা গ্রহ হয় দে দিকে লক্ষ্য
রাখবেন। প্রধান শিক্ষক নিজে টাকা জ্মা নিজেন না, হিসেব তিনি রাখছেন না,
ধরচ তার ইচ্ছায় সব সময় হস্তে না ,—তনু ক্বলেব অথের যথায়থ হিসেব বাধা
হচ্ছে কি না সে সম্পর্কে তাঁকে যথায়থ দৃষ্টি রাথতে হবে। অর্থ সম্পর্কে সম্পাদকের
সমান দায়িত্ব রয়েছে।

া গা। বেংকেল, প্রস্থাগার প্রস্তুতি তস্থাবধান (Supervision of Hostel and Library):—যে স্থালর দাথে ছাঞ্দের হোনেটল আছে তার পরিচালনার জন্ম Hostel Superintendent থাকবে। ফোনেটলের দৈনন্দিন ব্যাপাবে প্রধান শিক্ষকের কিছু কবলাগ নেই। কিন্তু তিনি মাঝে মাঝে হোস্টেলের শৃদ্ধালা সম্পর্কে থোঁজ থবর রাথবেন, প্রয়োজন হলে হঠা২ গিয়ে (Surprise Visit) ছাত্রেরা রাতে ঠিকমত আছে কি না, পডছে কি না ভাব তত্ত্বাবধান কববেন। তাদের স্থবিধা অস্থবিধার কথা ভনে প্রতিকাবের চেঙা কববেন। সাস্থাসন্মত থাবার ছাত্রেরা পাছে কি না সে দিকে লক্ষ্য রাথবেন।

। **ঘ**। পাঠাগার (Library) — বিভালয়ে বে পাঠাগার (Library) থাকবে প্রধান শিক্ষক তা মাঝে মাঝে পর্যবেক্ষণ করবেন। গ্রন্থাগারিক ঠিক্মত

কাজ করছেন কি না, পাঠাগার শিক্ষাথীদের কাজে লাগছে কি না, শিক্ষার্থীর।
ঠিকমত পাঠাগার ব্যবহার করছে কি না তা তাঁর জানা প্রয়োজন। বিভালয়ে
কোন্ বছর কি কি বই কেনা হ'ল, দেগুলি ঠিকমত জমা
পাসাগাব ভর্বাবধান
করা হ'ল কি না, কি কি নতুন বই-এর অভাব থাকলো দে
সঙ্গন্ধে প্রধান শিক্ষক অবহিত থাকবেন। পাঠাগার সন্বন্ধে শিক্ষার্থীদের স্থবিধাঅস্থবিধা সন্বন্ধেও তিনি ওয়াকিবহাল থাকবেন। বিভালয়ের Reading Room
ব। Study Hall এ শিক্ষাথীরা যথাযথভাবে পডান্তনা করে কি না তাও তাঁর
লক্ষ্য রাথ। প্রয়োজন। বিভালয়ের পাঠাগাবে তাঁর মাঝে মাঝে Surprise
Visit-এ যাওয়া প্রয়োজন।

॥ ও ॥ (শ্রেণী-শিক্ষণ ভশ্বাবধান (Class-Teaching Supervision) প্রতিদিন প্রধান শিক্ষক স্কুলে কি হচ্ছে, না-হচ্ছে তা ঘুবে দেখবেন। যা কিছ স্থলে ঘটে ভাব দায়িত্ব প্রধান শিক্ষকের। তাই ক্লাস পবিদর্শনের কাজ তিনি নিয়মিত কববেন। বিভালয়েব বিভিন্ন বিষয়ের ব্যবহারিক শিক্ষা: Practical Works) ঠিবমত হচ্ছে কি না তাও প্রধান শিক্ষককে শ্ৰেণী-শিশ্বণ তত্ত্বাবধান তভাবধান করতে হবে। । এজন্ম দব সময ক্লা**দে চুকতে হ**বে Supervision এমন কোন কথা নেই। বারান্দায় খুবে যদি কাজ হয, কি Of class Teaching বাইনে দৃ!ডিয়ে যদি ব্লাসের কাজ লক্ষ্য কর। যায় তাহলে সব সময ব্লাসে ঢকে শিক্ষকেব কাজেব অস্তবিধা করা উচিত না। 'পরিদর্শন কালে কোন এটি লক্ষ্য করলে তা নোট কবে বাথবেন এবং পবে শিক্ষকের সাথে সে সম্পর্কে আলাপ করবেন, তাঁকে উপদেশ দেবেন। ) কাজটি এমন ভাবে করতে হবে যাতে শিশ্বক মনে করেন এট। তাব ভালোর জন্মই করা হয়েছে। সহকারী শিক্ষকগণ যেন মনে রাথেন যে প্রধান শিক্ষক যা করছেন তা স্কলের সামগ্রিক উন্নতিব জন্মই করছেন। ব্যাহারী প্রতিষ্ঠান প্রক্রমন্ত্রী করছেন বিয়ে প্রধান শিক্ষক যদি সহকারী শিক্ষকদের ত্রুটিবিচ্যুতি সংশোধন করতে অগ্রসর হন ভাহলে গঠন-খুলক যে কোন প্রামশ শিক্ষকগণ গ্রহণ করবেন বলে বিশ্বাস করি। তবে মনে রাখতে হবে যে কোন অবস্থায় শিক্ষককে ছাত্রদের সামনে এমন কিছু বলবেন না যাতে তিনি বিব্রত বোধ করতে পারেন।) শিক্ষকের শিক্ষণ-পদ্ধতি যেই বিষয়েই হোক তা তিনি পবে আলোচনা করবেন। 'Olas: Supervision বর্তমান একটি বিতর্কমূলক বিষয়। কাবণ বিভালয়ে বয়েকটি et eam থাকে, অনেক বিষয় থাকে, এবং বিভিন্ন বিষয়ের Subject teacher থাকেন। এই সমস্ত বিষয় সম্পর্কে প্রধান শিক্ষকের যথাষ্থ জ্ঞান থাকা সম্ভব নয়। তাই অন্ত বিষয়ের শিক্ষাদানের কার্যে তিনি তত্তাবধান করবেন কি না, বা, কবতে পারেন কি না, তাই নিয়ে বিভর্কের অবভারণ। হয়েছে। ইংরাজীতে M. A. পাদ করা প্রধান শিক্ষক রসায়ন বিভার class-এ শিক্ষণকার্য তরাবধান করবেন কি না ভা বিচার্য বিষয়। কিন্তু প্রধান শিক্ষককে অবশ্রুই Trained Teacher হতে হবে। শিক্ষাদানের আধুনিক রীতি ও পদ্ধতি সম্বন্ধে তিনি যথাযথভাবে অবহিত থাকবেন। তাই বিভিন্ন বিষয়ের শিক্ষাদান সম্বন্ধে তার সাধারণ ধাবণা থাকা স্বাভাবিক। তাছাড়া তিনি বিভিন্ন বিষয় সম্বন্ধে নিজে পড়াশুনা কবে সাধাবণ জ্ঞান ও ধাবণা অজন করতে পাবেন। তাই বিভিন্ন শ্রেণা পরিদর্শনের ক্ষমতা ও যোগ্যতা যে তার নেই তা নয়। তবে বিভালগেব শিক্ষকবর্গের তিনিই হলেন নেতা। এ নেতৃত্ব তাঁকে নিজেকেই অজন কবে নিতে হবে।

শিক্ষকদের সভায় শিক্ষণ-পদ্ধতি নিয়ে যদি সাধারণভাবে আলোচন। করা হয় তাহলে সমস্থ শিক্ষক একটা নিদিধ শিক্ষা-পদ্ধতি অনুসবণ করতে পারেন।
শিক্ষকগণ পাঠটাক। রচনা করে পডাডেন কি না, কি ভাবে প্রধান শিক্ষক, শিক্ষক পডালে বছবেল মধ্যে নিদিষ্ট পাঠ্যক্রম পডান সঙ্ব হবে, সভাও গোলাগাল বাজীর কাজ দেওয়া (Hemo task) ইত্যাদি সম্পর্কে শিক্ষকদের সাথে আলোচনা করে নিয়ে একটা নীতি নিশারণ করে নিলে প্রধান শিক্ষক তার বক্তব্য বৃঝিয়ে দেবেন। ভাব-পর লক্ষ্য বাথবেন পবিক্রন। অনুষায়ী কাজ অগ্রহা হচ্চে কে না।

॥ চ।। প্রীক্ষা কার্য ভবাবধান (Supervision of Examination) শ্রেণ প্রীক্ষা গ্রহণ সম্পর্কে প্রধান শৈক্ষকের একটা গুরু দায়িত্ব বয়েছে। পরীক্ষা - গ্রহণের যারভায় ব্যবস্থা তিনি করবেন। কোন্ শিক্ষক কোন্ বিষয়ের প্রশ্ন বচনা করবেন, কে।নু শিক্ষক কোনু বিঘদেব উত্তবপত্র প্রীক্ষা করবেন, ভিনি সে সম্পর্কে নির্দেশ দেবেন। প্রাণ্ন পত্রেব (গাপ**না**ম**ত**) যাতে রক্ষিত হয় দে সম্পর্কে সতক দৃষ্টি রাথতে হবে। প্রশ্নপত্রগুলি তিনি যথাসম্ভব^{*}দেখে দেবেন। প্রায়ের মান বক্ষা অথাৎ অতি কঠিন বা অতি সঞ্চ প্রশ্ন পৰ্বাক্ষাকাৰ্য তত্ত্বাবধান ষাতে রচিত না হয় ত। তিনি লক্ষ্য রাথবেন। গতাঞ্গাতক (Supervision of প্রচলিত পরীক্ষা-পদ্ধতির পরিবর্তন সাধনে প্রধান শিক্ষকের Examn 1 একটি ভূমিক। রয়েছে। প্রশ্ন পত্র রচন। সম্পর্কে নিদেশ দিয়ে তিনি শ্রেণা-পরীক্ষা পদ্ধতির কিছট। পরিবর্তন কবতে পাবেন। তিনি পরীক্ষিত উত্তর পত্তের মধ্যে বেছে নিয়ে কিছু থাত। দেখতে পারেন। উত্তব-পত্র (Answer Sor.pts) প্ৰীক্ষায় ঠিক মত নম্বর দেওয়। হয়েছে কি না, মোটানুটি একই মান রক্ষিত হচ্ছে কি না দেদিকে তিনি লক্ষ্য রাথবেন। ক্লাস প্রমোশন, প্রগতি পত্র প্রেরণ, তৈমাসিক প্রাক্ষাব ফলাফলেব প্রতি অভিভাবকদের দৃষ্টি আকর্ষণ প্রভৃতি ব্যাপারেও দায়িত্ব প্রধান শিক্ষকের। পরীক্ষায় বিভিন্ন শিক্ষাগীদের প্রতি নিরপেক্ষ দৃষ্টি সম্বন্ধে তিনি সচেতন থাকবেন। পুরাতন পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করে আধুনিক শিক্ষা-পদ্ধতি অহুষায়ী শিক্ষাণীদেব পাঠ গ্রহণের ম্ল্যায়ণের (Evaluation) উপর তিনি লক্ষ্য রাথবেন। প্রীক্ষা ও মূল্যায়ণেব '
শৃষ্খলা তিনি যথেষ্ট মূল্য দিয়েও রক্ষা করবেন। আধুনিক পদ্ধতি অন্থ্যায়ী বাৎসারিক পরীক্ষা, নৈর্ব্যক্তিক পরীক্ষা (Objective Tests) ও সর্বাত্মক পরিচায় লিন্দি (Cumulative Record card) ইত্যাদিব ও প্রযোগেব উপর প্রবান শিক্ষকের নজর থাকবে।

**শুতি বছব শ্রেণীব ব্যবহাবের জন্ম পাঠ্যপুত্তক নির্বাচন প্রধান শি**শক্ষেব আর একটি দায়িত্বপূর্ণ কাজ। এ সম্পর্কে তিনি প্রবীণ বিষয়-শিক্ষকদের সাথে আলোচনা কবে কতন্য নিৰ্ধাবণ কববেন। বছৰ শেষ হ'বাব আগেই তিনি বিষয-শিক্ষকদেব কাছ থেকে জেনে নেবেন যে, কোন বই সম্পরে কোন অভিযোগ আছে কি না। যদি কোন বিষয়ের কোন বই পবিবর্তন আবশুক বলে বিবেচিত হয় ৩বে নমুন। কপি থেকে সে বিষয়েব বট পড়ে বিষয় শিক্ষককে তাৰ মন্তামত জানাতে বলবেন। সভাব হলে প্রধান শিক্ষক নিজেও সেই 9171934 (17154 বই পড়ে দেখনে। তাবপ্র শিক্ষক-মভায় চ্ছান্ত সিদ্ধান্ত এহণ কৰা হবে। অবগ্ৰ এই সিদ্ধান্ত স্থল পাবচালক সমিতিব অনুমোদন সাপেক্ষ। বই প্রিবতনের সময় লক্ষ্য বাগতে হবে যে বই যেন ঘন ঘন প্রিবতন না হয়। অভিভাবকের আণিক সঙ্গতি বিচার কবে দেখতে হবে , তাদেব উপৰ যেন অযথ। চাপ না পডে। অভিযোগ না গাকলে তিন বছবেব আগে কোন বই পাববর্তন কর। উ'চত নয়। বইষেব লেথকেব নাম দেখে বিদান্ত হওয়! উচিত নয়। সাধাৰণ ভূবের বইয়ের সাথেও অনেক সম্ম বড বড লেখকেব নাম পাভ্যা যায় । নিৰ্বাচনেৰ চূড়ান্ত ক্ষমতা প্ৰধান শিক্ষকেৰ, তবে তিনি বিষয়-শিক্ষকেৰ মতামত নিয়েই চড়াস্ত ক্ষমতা প্রযোগ করবেন।

্চি।। সহপাঠ্যক্রমিক কার্যবিলার ভত্তাবধান (Supervision of the co curricular Activities):—শিক্ষান সহপাঠ্যক্রমিক কার্যবিলীর প্রযোজনীয়ত। সম্পর্কে আজ আর ছি-মতের অবকাশ নেই। শ্রেণীকক্ষেব নাইবে শিক্ষার্থীন কাজেব সন্ধানও আমাদের নাগতে হবে। মল্যায়ণে শুপু বিষয়গত ক্তিত্বের কথা বিচান কবা হবে না। সাধানণ বহুষের পভাব বাইরে শিক্ষার্থী বিভিন্ন দিনে যে বভিত্ব অর্জন করেছে তাও বিচার কবে দেখতে হবে। বিজ্ঞালয়ের সময় ভালিকাব মধ্যে সহপাঠ্যক্রমিক কায়াবলীকে আজ গুরুত্বপূর্ণ স্থান কবে দিতে হবে।

সহপাস্ত্রজমিক কার্যাবলীকে পূর্বে পাঠ্যক্রমেব অতি,রক্ত কার্যাবলীর (Extra curricular একাছেন্ত্র) বলা হ'ত। কিন্তু বন্তমানে দে-সব থাবণাব পরিবর্তন সহপাঠ্যক্রমিক হয়েছে। বর্তমানে এগুলিকে সহপাঠ্যক্রমিক কার্যাবলী বলা হয়। শিক্ষাথীব শিক্ষা ও ব্যক্তিত্ব বিকাশের জন্ম এগুলির একান্ত প্রয়োজন। বিছালয়ে তাই থেলাধূলা, সাহিত্যচর্চা, বিতর্ক, আর্ত্তি, সংগীত

বিভিন্ন উৎসব-অহ্নষ্ঠান, ছবি আঁকা ইত্যাদি সহপাঠ্যক্রমিক কার্যাবলীর ব্যবস্থ থাকে। সেগুলোর উপব প্রধান শিক্ষকেব তথাবধান থাকবে। সেগুলি যথাযথ ভাবে পরিচালিত হচ্ছে কি না, বা সেগুলি সমস্থ ছাত্রছাত্রী সার্থকভার সাথে অংশ গ্রহণ করছে কি না প্রধান শিক্ষক তা লক্ষ্য রাথবেন। বিজ্ঞালয়ে N. C. C. A. C. C., Boss' Scouts, Girls' guida ইত্যাদি থাকলে তার বিভিন্ন কার্যাবলীব প্রতিক্ত প্রধান শিক্ষকের ত্রাবধান থাকবে।

॥ জ ॥ বিভালেরে স্বাস্থ্য ও স্বাস্থ্য চর্চার ভন্নাবধান (Supervision of the School Hygiene and Health Education):—বিভালরে স্বাস্থ্যরক্ষাব পবিবেশ স্প্তিতে প্রধান শিক্ষকের ভবাবধান থাকবে। বিভালরের পবিবেশ যাতে পরিন্ধার পরিচ্ছর থাকে তা তিনি লক্ষ্য রাথবেন। আলোবাতাস জল ইত্যাদি যাতে বিভালয়ে যথাযথ বক্ষিত হয় তার দায়িত্ব প্রধান শিক্ষকের ! প্রধান শিক্ষক মাঝে মাঝে বিভিন্ন শ্রেণী-কক্ষ, পাঘথানা, প্রস্রাব্যানা ইত্যাদি পরিষ্কার পরিচ্ছর আছে কি না লক্ষ্য বাথবেন। বিভালয়ে পানীয় জল সরববাহেব ব্যবস্থা ঠিকমত আছে কি না প্রধান শিক্ষক তাব তরাবধান করবেন। বিভালয়ে শিক্ষাথীর। যাতে স্বাস্থ্যরক্ষার তরাবধান বিভিন্ন পদ্ধতি শিক্ষালাত কবতে পাবে তার জন্ম Health Education-এর যথায় তরাবধান প্রধান শিক্ষকেব থাকবে। বাগান ইত্যাদি

Education-এর ষ্থাষ্থ তত্ত্বাবধান প্রধান শিক্ষকের থাকবে। বাগান ইত্যাদি করে বিজালয়ের পরিবেশ স্থলর, স্বাধ্য-সম্মত ও মনোবম করবার তত্ত্বাবধান প্রধান শিক্ষকেরই কবতে হবে।

বৌদ্ধিক বিকাশের সাথে সাথে দেহের পুষ্টিব ব্যবস্থ। যদি না থাকে তাওলে সামগ্রিক ভাবে জাতীয় স্বাস্থ্যের অবনতি ঘটনে। থেলাধূলা, ব্যায়াম, জুল্ সন-কিছুই ছাত্রেবা করবে। এজন্ম ব্যায়াম শিক্ষক থাকবেন কিন্তু প্রধান শিক্ষক প্রজন্ম আন্তর্ম শিক্ষকগণও দূরে সরে থাকবেন না। প্রধান শিক্ষক পেলাধূলা সম্পর্কে ছাত্রদের উৎসাহ দেবেন এবং নিজে মাঝে মাঝে থেলাধূলার সময় উপপ্তিত থাকবেন। ছাত্রদের স্বাস্থ্যের দিকে তিনি দৃষ্টি রাথবেন। ছাত্রদের স্কুল্ থেকে বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা থাকবে। কোন ছাত্রেব ক্রমাগত স্বাস্থ্যেব অবনতি হচ্ছে লক্ষ্য করলে তা অভিভাবকেব দৃষ্টি আকর্ষণ করবেন ও ডাক্তারেব উপদেশ যথায়থ পালিত হচ্ছে কি না দেখবেন।

শিক্ষা ও প্রশাসনিক কাজ ছাড়াও প্রধান শিক্ষকের আবও অনেকগুলি কাজ
রয়েছে যার উপর সাধাবণভাবে তাকে নঙ্গর রাখতে হবে।
বিভালয়েব সববিধ বিভালয়ের সববকম কাজকর্মের উপর প্রধান শিক্ষকের
কাজকর্মেব উপর
প্রধান শিক্ষকেব
তত্ত্বাবধান পরিবারের মত স্কন্থ সমন্বয়ের ভিত্তিতে কাজকর্ম করবে।
এ বিষয়ে প্রধান শিক্ষকের দান্ত্বিভ অনেক এবং তার

সাফল্যের উপর বিতালয়ের সাফল্য ও শিক্ষার্থীদের জ্ঞানার্জন নির্ভর করছে।

- প্রশাসন (Administration):—প্রধান শিক্ষকের স্বচেয়ে বড গুণ হ'ল তাঁর প্রশাসন দক্ষতা ও সংগঠন ক্ষমতা। স্থপ্রশাসনের উপরেই বিভালয়ের, সামগ্রিক সাফল্য নির্ভর করে। প্রধান শিক্ষকের তত্ত্বাবধান পর্যায়ে তাঁর প্রশাসন সম্বন্ধে বিভিন্ন বিষয় আলোচিত হয়েছে। এথানে তার সংক্ষিপ্ত আলোচনা করা যেতে পারে। বিভালয়ের স্বরক্ষ কাজকর্মের পিছনে থাকবে প্রধান শিক্ষকের স্থদক্ষ প্রশাসনের উপর নির্ভরশীল।
- (ক) অফিস (Office)—অফিস ঘর সাজানো, থাতাপত্র বাথা ইত্যাদি প্রধান শিক্ষকের নির্দেশেই চলবে। বিভিন্ন থাতাপত্র, হিসেব, ragister প্রধান শিক্ষকেব নির্দেশেই পরিচালিত হবে। তিনি অফিসের গোপনীয়তা রক্ষা ফরবেন। বিভালয়ের Clerk, Bearer, Night-guard ইত্যাদি তাব নির্দেশ নতই কাজকর্ম করবে।
- (খ) সময়-ভালিকা (Time-table)— প্রধান শিক্ষক অক্তান্ত শিক্ষকদের সঙ্গে আলোচনা কবে বিভালযেব সময় তালিক। বচনা করবেন; তার উপব ভৈতি করেই বিভালয়েব শিক্ষাদান কর্ম প্রিচালিত হবে।
- (গ) পরীক্ষা (Examination,—প্রধান শিক্ষক অন্তান্ত শিক্ষকদের সহযোগিতার বিভালবেব পরীক্ষা-ব্যবস্থা পবিচালিত করবেন। প্রশ্নপত্র রচনা, উত্তর পরীক্ষা, ফলাফল নির্ণয়, progress report ইত্যাদি তাব নেতৃত্বেই পবিচালিত হবে। তিনি পরীক্ষার গোপনীয়তা রক্ষা কববেন।
- (ম) পাঠাগার (Library প্রধান শিক্ষক গ্রন্থগারিক ও মন্তান্ত দহকারীদের সাহায্যে বিভালয়েব পাঠাগাবেব প্রশাসন বন্ধা করবেন। নতুন বই কেনা, বই বাধানো, বই তালিকাবদ্ধ করা, ছাত্র-শিক্ষকদের বই দেওন। ইত্যাদি ব্যবস্থা এই প্রশাসনেব মন্তর্গত Reading room এব ও:udy-ব ব্যবস্থা এই পবিচালনাব অন্তর্গত।
- ঙে) ছাত্রবোস (Hostel:—বিভালয়ের ছাত্রাবাসও প্রধান শিক্ষকের পবিচালনাধীন। Hostel-এ superintendent থাকলেও ছাত্রাবাসের সর্বময় কড়ত্ব প্রধান শিক্ষকের।
- (চ) পাঠ্যপুস্তক নির্বাচন ('Text book selection)—বিভালবেব পাঠ্য-পুফুক নিশান্তনেব দাখিত প্রধান শিক্ষকের। এ ব্যাপারে তিনি বিভিন্ন subject teacher এব সাহাধ্য নেন। কোন এই পরিবর্তন ও সংযোজনের সময় তিনি তার ব্যবস্থা করেন। বছরের প্রথমে একটি পাঠ্যপুস্তক তালিকা (Book list) তার পরিচালনায় প্রতিষ্ঠিত হয়।

- (ছ) সহ-পাঠ্য ক্রমিক কার্যাবলী (Co-curricular Activities)—
  বিভালয়ের বিভিন্ন সহপাঠ্যক্রমিক কার্যাবলী প্রধান শিক্ষকের উপর নির্ভরণীল,
  তিনি খেলাধূলা, ব্যায়াম, সাহিত্য, আবৃত্তি, অভিনয়, বিতর্ক ইত্যাদি য়ে সব
  সহপাঠ্যক্রমিক কার্যাবলী অন্তর্গিত হয় তাতে প্রধান শিক্ষকেব অনুমোদন ও
  সহযোগিত। থাকে। যে বিভালয়ের প্রধান শিক্ষক সহ-পাঠ্যক্রমিক কার্যাবলীতে
  উৎসাহী ও আগ্রহা হন সে বিভালয় এ গুলিতে অগ্রগতি লাভ করে।
- (জ) পরীক্ষণাগার (Laboratory)—বিত্যালয়ের ব্যবহারিক শিক্ষা (Practical works) ও পরীক্ষণাগাবের দাখিত্ব প্রধান শিক্ষকেব। এ ব্যাপারে তাঁকে বিভিন্ন বিষয়-শিক্ষক সহযোগিত। কবেন: এ ব্যাপারে বিভিন্ন আধিক সুঁকিও তিনি বিত্যালয় কর্তৃপক্ষেব সঙ্গে নেন।
- (মা) বিভালয় পরিবেশ (School plant)—বিভালয় পবিবেশ প্রধান শিক্ষকের স্থানক পরিচালনায় স্থানর ও মনোরম ভাবে গড়ে উঠে। বিভালয়ের বিভিন্ন শ্রেণীকক্ষ, বাবানা ও আশপাশের এলাকা পরিষ্কার পরিছ্ন রাথার দাযির প্রধান শিক্ষকের। তিনি বিভালযে পানীয় স্থানের ব্যবস্থা করবেন। প্রধান শিক্ষক বিভালয়ে বাগান ইত্যাদি কবতে আগ্রহী হতে পাবেন। বিভালয় পরিবেশকে স্থানর, বাায়্য-সমত ও মনোনম কব্যাব দায়ির প্রধান শিক্ষকের।
- (এ) স্বাস্থ্য শিক্ষা (Health Education)—বিতালয়ে ছাত্রছাত্রাদের ব্যক্তিগত ও সামাজিক স্বাস্থ্য সম্বন্ধে শিক্ষাদানের দায়িত্ব প্রধান শিক্ষকের। তিনি অন্তান্ত শিক্ষক, ডাক্তার, Hoalth officer, Nurre ইত্যাদির সাহায্যে সে কাজ করতে পারেন।
- (ট) বিত্যালারের সামগ্রিক উন্নতি (Total Development of the School)—ফদক্ষ প্রশাসনের মাধ্যমে বিজ্ঞালয়ের সামগ্রিক উন্নতির দায়ির প্রধান শিক্ষকের। বিত্যালয়কে সামগ্রিক উন্নতির পথে নিয়ে যেতে প্রধান শিক্ষক সমস্ত প্রশাসন ব্যবস্থা ঢেলে সাজাবেন। বর্তমান ছাত্রবিশৃত্যালা (Student unrest) বিত্যালয়ের একটি বিশেষ সমস্তা। প্রধান শিক্ষকের ফদক্ষ প্রশাসন ব্যবস্থা সেইসর সমস্তার ষ্থাব্য সমাবানের উপধােগী হবে। শিক্ষার্গীদের কল্যাণ ও উন্নতি বিত্যালয় পরিচালনার উপর নির্ভ্রব্যাল। প্রধানশিক্ষক তাই একজন ফদক্ষ সংগঠক ও স্বয়েগ্য পরিচালক এবং সার্থক প্রশাসক হবেন।
- ॥ ৪॥ সমন্ত্র সাধন (Co-Ordination):—বিভালর স্মাজ্বে প্রাণকেন্দ্র। এই বিভালয়ই আবার জ্ঞান-বিজ্ঞান, শিক্ষাদীক্ষা বিস্থারের প্রধান স্থল। দেশ ও সমাজের উন্নয়নের ক্ষেত্রে বিভালয়ের তাই একটি মস্ত বড় ভূমিকা আছে। বিভালয়ের সঙ্গে সম্পর্ক শুধুমাত্র ছাত্র ও শিক্কদের নয়।

বিত্যালয়ের সঙ্গে অভিভাবকদের সম্পর্ক আছে, স্থানীয় অধিবাসীদের সম্পর্ক আছে, বিতালয় কর্ত্তপক্ষের সম্পর্ক আছে, সরকারের সঙ্গে সম্পর্ক আছে,

ছাত্ৰ, শিক্ষক, অভিভাবক, স্থানীয় অধিবানী, বিজাল্য কভূপল
সরকাব ও অগ্যান্ত
বিজ্ঞাল্যেৰ সঙ্গে সম্পৰ্ক
বাধবাব দাহিত্ব
প্ৰধান শিক্ষকেব

বিভালয়ের সঙ্গে নিকটবর্তী অন্যান্য বিভালয়ের সম্পর্ক আছে। এই ব্যাপারে প্রধান শিক্ষকের একটি বলিষ্ঠ ভূমিক। আছে। প্রধান শিক্ষক, ছাত্র, শিক্ষক, স্থানীয় অধিবাসী, সবকাব, বিভালয় কর্তৃপক্ষ, অন্যান্য বিভালয় প্রভৃতির সঙ্গে সমন্বয সাধন কবে সকলের সাহায্য ও পরামর্শে বিভালয়েব পরিচালন ব্যবস্থা নিয়ন্ত্রণ কববেন। এ ব্যাপারে প্রধান শিক্ষক সকলের কাছে দায়িও্নীল।

প্রধান শিক্ষককে ছাত্র, শিক্ষক, আভভাবক, বিভালন কর্তৃপক্ষ, স্থানীয় অধিবাসী প্রভৃতির সদে ভালো সম্পর্ক বেথে চলতে হয়। বিভালয়ের দৈনন্দিন কাজকর্ম পরিচালনায় বছলোক ও বিষয়েব সঙ্গে প্রধান শিক্ষককে খোগাযোগ বাগতে হয়। সকলেব সঙ্গে প্রীতিব সম্পর্ক বজাষ রেথে স্বরক্ষম অবস্থায় নিজেকে মানিয়ে চলা কঠিন কাজ; কিন্তু এগানে ক্রটি থাকলে প্রধান শিক্ষক ত্র্নামেব ভাগী হবেন।

চাত্রদের সাথে সম্পর্ক (Relation with the students) :- পিকা জীবনের সাফল্য নির্ভর করে চাত্র-শিশ্বকের প্রীতির সম্পর্কের উপর। প্রাচীন ভারতীয় শিক্ষা-ব্যবস্থাব একটা প্রধান বৈশিষ্ট্য গুক্শিয়োর মধুব সম্পর্ক। আচার্যের সাথে শিক্ষার্থীর সম্পর্ক ছিল পিতা-পুত্রের পবিত্র সম্পর্ক। বৈশ্রযুগে শিক্ষকতাকে আমর। ব্রত বলে মনে করি না.—এটা হচ্ছে আমাদের রভি। সাত্রষ গডাব যে বুভি শিক্ষকরা গ্রহণ থানি নিঠৰ কৰে চাত্ৰ-কবেছেন দেই বৃত্তিতে স্নেহ ও ভালবাসায় ছাত্রকে একান্ত শিক্ষক সম্পরের উপর আপন কবে নিতে হবে। প্রধান শিক্ষক যদি তার ক্ষমতার আসনে অধিষ্ঠিত থেকে ছাত্রদের দবে সরিয়ে বাথেন, তাদের কাছে নিজেকে ভীতিব বা বহস্তের বস্তু কবে তোলেন, তা হলে তিনি ভুল করবেন। প্রধান-শিক্ষক তার পদোচিত গান্তীর্থ বা মর্যাদা বক্ষা করে চলবেন। কিন্ত ভা চাত্র-সমাজ থেকে নিজেকে দূরে সরিয়ে বেথে নয়। তিনি যথাসম্ভব ছেলেদের সাথে মিশবেন-প্রত্যেক ছেলেকে তিনি জানবাব চেষ্টা কববেন। তিনি হবেন ছেলেদের Friend, Philosopher and Guide. ছোট স্থলে ছেলেদের চিনে রাথতে কট্ট হয় ন।। কিন্তু বড স্কুলে যেথানে ছাত্র সংখ্য। অনেক, সেথানে অস্কবিধা একট্ বেশী। প্রধান শিক্ষক যদি নীচের দিকে ক্লাস নেন ভাহলে স্কবিধা হয়। তিনি শুৰতে ছাত্রদের চিনে রাখতে পারবেন। ছাত্রেরাও ব্রুতে পারবে তাদের প্রধান শিক্ষক কি প্রকৃতির, তিনি কি চান, কি পছন্দ করেন, তারাও: দেই ভাবে চলতে পারবে। ছোট ছাত্রদের জীবন প্রধানশিক্ষকের প্রভাব

বেশী কার্ধকবী হবে। এই প্রভাব স্পষ্ট হ'বে ভীতির মধ্য দিয়ে নয়, প্রীতির মধ্য দিয়ে— মবগ প্রীতিব সাথে একটা শ্রন্ধা মেশান থাকবে। ছাত্রেরা যেন ব্রুতে শেথে যে স্থলের নিয়ম শৃষ্ণলা মেনে চললেই তারা শিক্ষকদের প্রীতিভাজন হবে, নচেৎ নয়।

ছাত্রদেব সাথে শিক্ষকদের সম্প্রক শ্রেণীকক্ষের মধ্যেই সীমানদ্ধ থাকবে না। শ্রেণীকক্ষের বাইবে থেলাব মাঠে ও অন্তান্ত গঠনমূলক কাদ্ধে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণ উৎসাহী হবেন। প্রধান শিক্ষক অনেক সম্ম প্রবীণ বা বৃদ্ধ হতে পারেন, কিন্তু মনেব দিব গেকে থাকবেন সতেজ, সদা-প্রফুল্ল ও সর্ব-ব্যাপাবে উৎসাহী।

ছাত্র সমাজে ক্রমবর্ধমান শৃঙ্খলাহীনতাব কাবণ স্বন্ধপ অনেকে নিদেশ করেছেন যে ছাত্র শিক্ষকদের যোগাযোগ বিত্যানে অত্যস্ত ক্ষীণ তাই ছাত্রদের সাথে সম্পর্ক যাতে নিবিড হয়, আরও মধুর হয় সেদিকে সচেই হওয়া দরকাব। প্রধান-শিক্ষকেব চবিত্রেব প্রভাব ও অন্তান্ত শিক্ষকদেব সাথে গনিষ্ঠতার মধ্য

হাত্ৰ-শিক্ষক সপ্পৰ্ক গড়ে ভোলাব দায়িত্ব প্ৰধান-শিক্ষকেব দিয়ে ছাত্রদেব আচাব ব্যবহাবে অনেক পরিবর্তন ঘটান সম্প্র। ছাত্রদের যদি মনেব মত কবে গড়ে তুলতে হয় ভাহলে আদর্শবাদী শিক্ষক তাদের সাথে মিশবেন। ব্যক্তিগত ছাত্রের জীবনে যে সমগ্রা তা জেনে তাকে উপদেশ দেবেন, শিক্ষায়

তাকে সহায়তা করবেন সর্বভাবে , তিনি হবেন তাব জ্ঞান। মাত্রয গড়ে তোলাব দাক্মিত্ব যারা সেচ্ছায় গ্রহণ করেছেন--মাদেব গড়ে তুলনেন ভাদেব দরে সরিয়ে বাখলে সে উদ্দেশ্য সিদ্ধ হবে ন।। ছাত্র-শিক্ষকেব মধ্যে খানষ্ঠ সম্পক থাতে স্বস্তি হয় সেজন্য প্রধান শিক্ষকের ভূমিকা গ্রহণ করতে হবে—"It should be borne in mind that every head-teacher worthy of the name is generally regarded by his scholars an ideal personality possessing extraordinary knowledge and gifted too, beyout the run of ordinary mortals. Honour, justice, truth are presumed to govern all his actions. This general and illimitable faith combined with the reality of his own p wers, are forces which he can direct to perfect the organisation and control of his school. The greatest care and circumspection are of course necessary if scholars ideal is to remain unsulfied and unshit ered amidist the duly provocations to which he is subjected. Self watch-fulness ough, to be his constant sentinal" (Bra / :- School Organisation.)

প্রধান শিক্ষক পদাধিকাব বলে ছাত্র সংসদের (Student's Union) সভাপতি

(President) হবেন। সম্পূর্ণ গণতা ব্লিক পদ্ধতিতে নিবাচিত ছাত্র সংসদে প্রধান
শিক্ষকের একটি গুক্তবপূর্ণ ভূমিকা আছে। তিনি সেই সংসদের president
বা chairman। তার নির্দেশ ও উপদেশে এই সংসদ
ভাত্রনংসদ ও
তার কাজ-কর্ম চালিয়ে যাবে। কাজেই ছাত্রসংসদের
প্রধান শিক্ষক
কাজকর্মের মাধ্যমে তিনি ছাত্রদেব সঙ্গে পরিচিত হবেন
এবং তার মধ্য দিয়ে বিভালয়ে ছাত্র-শিক্ষক সম্পর্ককে মধুর পেকে মধুরতম কবে
তলবেন, ফলে বিভালসে প্রোণ প্রতিষ্ঠা সম্ভব হবে।

সহকারী শিক্ষকদের সাথে সম্পর্ক (Relation with other Teachers):--বিছালয-সমাজের নেতা প্রধান শিক্ষক,--তিনি তাঁর স্কুলের শিক্ষকদেরও নেতা। একজন ভাল নেতার যে সব গুণ থাকা দরকাব তিনি সেই গ্রনের অধিকারী হবেন। সহ-শিক্ষকদের সহযোগিত। ব্যতীত সূল চালানে। যায় ন।। প্রধান শিক্ষকের ক্ষমভাব মধ্য দিয়ে নয়, উাদের স্থ অস্তান্য শিক্ষকদেব স্থবিনার পিকে দৃষ্টি রেখে, তাঁদ্রে ভালবাদ। ও এদ্ধা অর্জন সহযোগিতাৰ গুৰুত্ব কবতে হবে। প্রধান শিক্ষক যদি কত্ব্য নির্চাব সাথে পালন করেন ভাগলে তাব কাজেব মধ্য দিয়ে দহকারীর। অন্ধ্রাণিত হবেন। ধমক দিয়ে বা আইন দেখিয়ে আজকাল কাজ পাওবা খুবই বঠিন। বিজালযের সব ব্যাপারে শিক্ষকদের সমান আগ্রহ রয়েছে বলে মনে করতে হবে। নিয়ম শুখলা বক্ষা, সাবা বস্তবেব কাজের পরিকল্পনা ও স্কুলেব বিভিন্ন সমস্রা সম্পর্কে শিক্ষকদেব সাথে আলাপ আলোচনা করে স্থিব করা সঙ্গত। কোন বিষয়ে মতের অমিল হলে যথাসম্ভব বুঝিয়ে শিক্ষকদেব স্বমতে আনবার চেষ্টা করবেন। দ্বার ইচ্চাব বিরুদ্ধে একটা কিছু চাপিয়ে দিলে ত। কার্যকরী করবার প্রে শিক্ষকেরা পরোক্ষভাবে অসহযোগিতা করবেন। বুঝিয়ে ঘদি তাঁদেব স্থমতে আনা যায় তাহলে কোন প্ৰিকল্পনা ৰূপায়ণে অস্ত্ৰবিধা হবাব কথা নয়।

প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের মধ্যে বতমানে কিছুটা সহযোগিতার অভাব লক্ষ্য করা যায়। সর্বত্র এব কারণ একই বকম নয়। তাই স্থানকালপাত্র ভেদে রোগের কারণ নির্ণয় করে প্রভিকার প্রভিকার চেষ্টা করতে হবে। অনেক সময় শিক্ষকদের এতিকারের চেষ্টা করতে হবে। অনেক সময় শিক্ষকদের এতিকারের বাইরে। প্রধান শিক্ষক সেথানে থোলাখুলি ভাবে তাঁর অহ্ববিধার কথা তাঁদের জানাবেন। স্কুল্-সংক্রান্ত কিছু কিছু গোপনীয় বিধয় আছে যা তিনি গোপন রাধবেন। এছাড়া স্কুল্ সম্পর্কীয় সব বিধয়ে অহথা গোপনীয়তা রক্ষা করার প্রয়োজনীয়তা আছে বলে মনে হয় ন।।

প্রধান শিক্ষক সহকারী শিক্ষকদের কাজে ষথেষ্ট স্বাধীনতা ও স্থবোগ দেবেন,

নেই সাথে স্বাধীনতার সদ্ব্যবহার হচ্ছে কি না দেখবেন। যোগ্যতাসম্পন্ন

শিক্ষকগণ যথাযথতাবে দায়িত্ব পালন করবেন এই আশা
বিভিন্ন শিক্ষকের

করা উচিত কিন্তু তবু যদি কোথাও ভূল ফ্রটি থাকে প্রধান

শিক্ষক তা দেখিয়ে দিয়ে, কি করে ভূল সংশোধন করা যায়
বিক্ষকের নিয়ন্ত্র

বে সম্পর্কে উপদেশ দেবেন। বাত্তব অবহা বিচার কবে

অত্যন্ত সতর্কতার সাথে প্রধান শিক্ষক অন্যান্ত শিক্ষকদের সাথে শান্তি ও প্রীতির
সম্পর্ক বছায় রাথবেন।

প্রত্যেক স্থলেই বিক্ষকসভা (Teachers' Council) রয়েছে। বর্তমানে Staff Council বিজ্ঞালয় পরিচালনায় বিশেষ গুরুত্বপূর্ণ স্থান পেরেছে। বিজ্ঞালয় পরিচালনায় শিক্ষক প্রতিনিধিত্ব অনেক আগেই ত্বীকৃত্বয়েছে, বর্তমানে তাব সংখ্যা ও গুরুত্ব তারও বেড়েছে। শিক্ষকদেব মধ্যে থেকে Finance Committee ও Academic Council বিজ্ঞালয় পরিচালনা ও শিক্ষাদান ইত্যাদি নিম্নয়নে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে প্রধান শিক্ষক পদাধিকার বলে Toachers' Council-এর সভাপতি। কাঙ্কেই শিক্ষক-সভার সঙ্গে মধুব সম্পর্ক বেণে ইম্পাভদ্য নেতৃত্ব দিয়ে তিনি বিজ্ঞালয়কে স্থপরিচালিত কবতে পারেন। এই শিক্ষক-সভাতেই বিজ্ঞালয়ের অনেক গুরুত্বপূর্ণ সমস্থার আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ হতে পারে। বিজ্ঞালয় পবিচালনার নানাবিধ ক্ষেত্রে প্রধান শিক্ষক শিক্ষক সভার সহযোগিতা ও পরামর্শ আহ্বান করবেন।

অভিভাবকদের সঙ্গে সম্পর্ক (Relation with the Guardians):
—বিভালয় কার্য পরিচালনাব জন্ত অভিভাবকদের দলে যোগাযোগের প্রয়োজন
আছে। বিভালয়ের প্রধান কাজ হ'ল শিক্ষার্থীদের জ্ঞানার্জনে সাহায্য করা।
শিক্ষার্থীরা বিভালয়ে থাকে প্রভিদিন গড়ে প্রায় ২ ঘণ্টা।
বিভালয় পরিচালনার
বাকী ২২ ঘণ্টা শিক্ষার্থী তার পি নামাতা ও অভিভাবকদেব
সালিধ্যেই থাকে। কাজেই শিক্ষার্থীদের যথাযথ শিক্ষাদানের
জন্ত অভিভাবকদের সহযোগিতা একাপ্ত প্রয়োজন। অভিভাবকদের সঙ্গে ঘনিষ্ঠ
যোগাযোগ প্রধান শিক্ষককে রাগতে হবে। প্রধান শিক্ষক অভিভাবক
সমিতির (Guardians' Association) সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ বেথে এ কাজ্
করবেন। অভিভাবকদের সহযোগিতা ছাড়া শিক্ষার্থীদের যথায়থ শিক্ষাদান
সপ্তব নয়। কাজেই প্রধান শিক্ষক অভিভাবকদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ
রাখবেন।

ছানীয় অধিবাসীদের সঙ্গে সম্পর্ক ( Relation with the Local People ):—বিভালয় পরিচালনায খানীয় অধিবাসীদেরও একটি বলিষ্ঠ ভূমিকা

কারণ হবে।

আছে। আমাদেব দেশেব মনেক বিভালয় স্থানীয় অধিবাদীদেব আ্থিক
সাহায্য ও সহযোগিতায় গড়ে উঠে। বিভালয় প্রতিষ্ঠা ও
বিভালব প্রতিষ্ঠা ও
বিভালয়ের উন্নতিব জন্ত স্থানীয় অধিবাদীদের একটি বিশেষ
গুক্তমপূর্ণ ভূমিকা আছে। কাজেই বিভালয়ের অন্তান্ত
কাজকর্ম, সামগ্রিক উন্নতিব ও বিভালয়েব সঙ্গের সম্পর্ক স্থাপনেব জন্ত প্রধান-শিক্ষক স্থানীয় অধিবাদীদেব সঙ্গে মনুব সম্পর্ক স্থাপন
করবেন।

সরকারের সঙ্গে সম্পর্ক (Relation with the Government):—
স্বকাবেব গাতীয় শিক্ষানীতি বাস্তবে কপান্বিত হয় বিজ্ঞালয়গুলিব মাধ্যমে।
বিজ্ঞালয়গুলিকে স্বকাব আর্থিক সাহায্য দেন। স্বকারী
স্বকাবের নিদেশেই
বিজ্ঞালয়গুলি পবিচালিত হয়। কাজেই স্বকাবেব
সঙ্গে বিজ্ঞালয়গুলি পবিচালিত হয়। কাজেই স্বকাবেব
সঙ্গে বিজ্ঞালয়গুলি সম্পর্ক বেথে চলতে হবে। এ দান্বিত্ব প্রধান শিক্ষবেব।

অক্সান্ত বিভালমের সকে সম্পর্ক (Felation with other Schools): - প্রধান শিক্ষক স্থান্ত বিভালমের স্থানে থেবাগাযোগ বন্ধা করে চলবেন। খল্লান্ত বিভালমের প্রিচালন ব্যবস্থার সকে ব্যাগাযোগ ব্যবস্থার উন্নতি করতে পারবেন। তা ছাড়া অল্লান্ত ব্রভালমের সকে মাল্লান্ত মঙ্গে প্রের শিক্ষা-আন্দোলনে স্ক্রিয় ভূমিকা গ্রহণ ব্রভে পারবেন।

বিভালয় পরিচালক সমিভিত্ন সহত সম্পর্ক (Relation with

the School Managing Committee):—নিতালয় প্রসালনার দ্যিও
প্রিসালক বা কাশিরী স্মিণির। কিন্তু কাডিঃ বিছালয় প্রচালনা করেন
প্রধান শিক্ষক। বাকেরী-স্মিতি নাতি নিবাবণ করেন ও নানারপ নিদেশ দেন ,
কর্ম ওারো গাল্বরূপ দেন প্রধান শিক্ষক। প্রিচালক
স্মিতির সহিত্ত প্রধান শিক্ষকের সম্পর্ক হবে সহযোগিতাবিলালয় কত্পক
ন্মাতির সহিত্ত প্রধান শিক্ষকের সম্পর্ক হবে সহযোগিতাপ্রধান শিক্ষক জানারেন। তার প্রযোজন, স্তরিধা-অন্তরিধা কার্যকরী স্মিতির
কাছে উপস্থাপন কর্বনেন। তার প্রযোজন, স্তরিধা-অন্তরিধা কার্যকরী স্মিতির
কাছে উপস্থাপন কর্বনেন। প্রধান শিক্ষক ও কার্যকরী স্মিতির মনো বিক্ষক
স্থানীয় বাজনীতি বা গ্রাম্য দলাদলির বাইরে থাকবার চেটা ক্রবনেন।
কার্যকরী স্মিতিতে মতভেদ হলে তিনি নিরপেক্ষভাবে তার মতামত
দেবেন। দ্যাদলির মন্যে জডিয়ে প্রলে তা বিল্লালয়ের প্রকে সমূহ ক্ষতির

প্রধান শিক্ষক পদাধিকার বলে বিলালয় পরিচালক সমিতির Joint Secretary, কাজেই এই পরিচালক সমিতিতে তাব একটি গুক্তবপূর্ণ ভূমিকা আছে। পরিচালক সমিতিব সঙ্গে মধুর সম্পর্ক বজায় বেথে

পরিচালক সমিতিতে প্রধান শিক্ষকেব দাবিত উপদেশ্লব আছে। পাবচালক সামাত্ব সম্পে মধুর সম্পান বজার বেবে ছাত্র ও শিক্ষক সার্থে ও বিজ্ঞালযের সামগ্রিক উপ্পতির জন্মে কাজকর্ম কংবেন। তিনি পাবচালক সমিতিকে বিভিন্ন বিবয়ে **তথ্য পরিবেশন** করবেন ও **অভিন ঘটিত** 

পরামর্শ দেবেন। এই সমতেব ভিত্তিতে পরিচালক সমিতি বিভিন্ন নীতি নির্বাবণ করবেন, এবং প্রধান শিক্ষক হলেন এইসব নীতিব Executive Officer।

প্রকাজন আদর্শ প্রধান শিক্ষকের গুণাবলী (Qualification of an ideal Headmaster) :— একজন সন্ধিক্ষকের স্থাবলী প্রধান শিক্ষকের থাকরে। প্রধান শিক্ষকের শিক্ষাদানে সমস্থ আধুনিক তও (Theory) ও পদ্ধতির (Methods) সঙ্গে পরিচিত হবেন। বিভিন্ন বিষয়ের Teaching Aids সহপ্রে প্রশাসনিক দক্ষতা ও ধাবণ। থাকরে। প্রধান শিক্ষক সহপাঠ্যক্ষিক কার্যাবলীতে আগ্রহশীল হবেন। তার সাধাবণ জ্ঞান ও সাম্প্রতিক ঘটনাবলীর সঙ্গে তার পরিচয় থাকা প্রয়োজন। সমস্যা সমাধানের প্রকৃতিগত দক্ষতা প্রধান শিক্ষকের থাকরে। প্রধান শিক্ষকের স্থান্ত প্রধান শিক্ষকের স্থান্ত প্রধান শিক্ষকের স্থান্ত প্রধান শিক্ষকের স্থান্ত প্রধান প্রাম্থান প্রশাসন শিক্ষকের স্থান্ত প্রধান প্রশাসন শিক্ষকের স্থান্ত প্রধান প্রশাসন শিক্ষকের স্থান্ত প্রধান প্রশাসন শিক্ষকের স্থান্ত প্রধান প্রশাসন প্রশাসন প্রশাসন শিক্ষকের স্থান্ত প্রধান প্রশাসন প্রশাস

নিরপেক ও গণতান্ত্রিক দৃষ্টিভদী প্রধান শিক্ষকের মহাতম প্রধান গণ। প্রত্যান, বিশাস, উল্লম, আগ্রহ, বৈর্ধ, আমনীলভা, কম্পুলা, সহাতভুতি, সংখোগিতার মনোভাব, উদারতা, গাঙীয় প্রভৃতি গুণাবলী প্রধান শিক্ষকের অপারহার্য ভূষণ। সংখ্যা, শৃঞ্জলা, সম্বাহ্বতিতা, নির্মনিষ্ঠা প্রভৃতিব উপর প্রধান শিক্ষকের চরিত্রগত নির্ভ্বতা পাকরে। তবে প্রধান শিক্ষকের প্রধান গিক্ষকের প্রশাসনিক দক্ষতা ও সংগঠন ক্ষতা। তার প্রযোগ্য নেত্রই বিদ্যাল্যের সামগ্রিক সাক্ষ্য এনে দিতে পারে।

#### ॥ সহকারী শিক্ষক॥

#### Assistant Teacher |

শিক্ষাবিদগণ শিক্ষার নীতি নির্ধারণ করেন। শিক্ষাব রূপ কি হন্যা ডাইং
দে সম্পর্কে নির্দেশ দেন। সেই আদশকে বাহেবে রূপ দেন শিক্ষর। বিজ্ঞালয়ে
যে কার্যসূচী বচিত হয় তাকে বাহেবে রূপ দিতি করে
শিক্ষাবীদেব উপব তোলবার দায়িত্ব শিক্ষবদেব। প্রনান-শিক্ষক সমগ্রভাগে
বিজ্ঞালয়ে পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন। হেই দারি হ প্রভাব তিনি ষ্পাষ্যভাবে পালন করতে পারেন সহকারা শিক্ষকদেব সহায়তায়। বিজ্ঞালয়ের ভাল বাছী, প্রয়োজনীয় আদ্বাব পত্র, হেচিছিত্ত পাঠ্যক্রম স্ববিচ্ছ থাক্বার পরও যদি উপযুক্ত শিক্ষক না থাকেন তাহলে সে বিত্যালয়ে শিক্ষার আয়োজন সার্থক হয়ে উঠবে না। শিক্ষকদের সম্পর্কে বলা হয় a maker of men কথাটি খুব সত্য। একটা জাতিকে গড়ে তুলতে বা ধ্বংস করতে শিক্ষকগণ পারেন। শিক্ষার্থীর উপর শিক্ষকের প্রভাব সর্বাধিক। শিক্ষক নানাভাবে ছাত্রজীবনকে প্রভাবিত করেন। ছাত্রেরা জ্ঞাতসারে বা অক্সাত্রসারে শিক্ষককে অক্সসরণ করেন। তাই Nunn বলেছেন:—The teacher can no more prevent himself from acting on his pupils by suggestion, imitation, sympathy or other wise than he can himself invisible as he perambulates the class room.

বে শিক্ষকের উপর আগামী যুগের মাহ্ব গড়ে তোলবার দায়িত দেওর।
হয়েছে সেই শিক্ষকদের কি কি গুণ থাকা উচিত তা শিক্ষানীতি (Principal of Education) বিষয়ভূত। এথানে সংক্ষিপ্তভাবে তার উল্লেখ করা হবে। শিক্ষক হবেন স্থানে বে অধিকারী। তিনি হবেন স্থাং, সবল, পরিশ্রমী, কষ্টসহিষ্ণু। সমস্য কাজে তিনি উৎসাহাঁ ও উল্লোগী হবেন। স্বাস্থ্যহীন ব্যক্তির কাছ থেকে উল্লম্বীলতা আশা করা যায় না। তাঁর নেতৃত্ব গ্রহণ কবার ক্ষমতার অধিকারী হতে হবে। স্বদর্শন হওয়া ও শিক্ষকের অন্যতম গুণ।

শিক্ষক হবেন অসীম থৈর্যশীল। সমস্ত অবস্থায় তার মেছাজ ঠিক বাথতে হবে। যাদেব নিয়ে তাঁকে চলতে হবে তারা অবােধ, অবুঝ, চঞ্চল. বােন সময়ে একগুঁয়ে। তাদের মাত্র্য করার কঠিন কাজে দৈর্যের প্রয়েজন অতান্ত বেনী। মেছাজ তাঁকে সব সময় প্রয়ুল্প রাথতে হবে। তাঁর মন হবে সহামুভূতিশীল—শিশুদের মন জয় করতে হলে তাদের ভাল বাসতে হবে। কেহ. ভালবাসা, সহাহভূতিতে তিনি হবেন পিতৃকল্প। তিনি সব কাজে নিরপেক্ষ হবেন। কোন সময় যেন ছাত্রেরা মনে করাব স্থাবােগ না পায় শিক্ষক পক্ষপাতিত্ব করছেন—ভাহলে তিনি তাদের চোথে ছোট হয়ে যাবেন। সব রকম নীচতা বা হীনতাব উর্দ্ধে থাকবেন শিক্ষক।

শিক্ষক হবেন কর্তব্যনিষ্ঠ। শিক্ষকতায় তাঁর অন্তরাগ থাকবে। যে কাডের দাযিও কাকে দেওয়া হলেছে তা তিনি নিষ্ঠাব সাথে পালন করবেন। যেখানে নিষ্ঠাব বা অন্তবাগের অভাব সেখানেই আগ্রহের অভাব। নিষ্ঠাব বা অন্তবাগের অভাব সেখানেই আগ্রহের অভাব। কিমন্তা সমাশানের ক্ষিত্র বিক্ষ শিক্ষক যদি তা কবেন তাহলে তিনি আদর্শভিষ্ট হবেন। শিক্ষক হবেন বৃদ্ধিমান, কিছু পরিমাণে উপপ্তিত বৃদ্ধির অধিকারী। শিক্ষক মাত্রেই জানেন ক্লাসে বসেই তাঁকে অনেক কঠিন সমস্ভার সমাধান করতে হবে। নিজের বিষয়ে ঠার পূর্ণ অধিকার থাকবে।

অন্ত বিষয়েও তার জ্ঞান থাকবে—ত। না হলে ছাত্রদের কৌতৃহল তিনি মেটাতে পারবেন না।

শিক্ষক হবেন স্থাক্ষ কথা শিল্পী। বর্ণনার মধ্য দিয়ে বিষয়বস্তকে জীবস্ত করে তুলবেন। তাঁর কণ্ঠস্বর হবে জোরালো, উচ্চারণ হবে স্পাষ্ট ও শুদ্ধ। তাঁব রসবোধ থাকবে। নীরস পাঠকে সরস করে তুলতে মাঝে মাঝে হাসবার স্থযোগ দিতে হবে—কি করে শিক্ষা দিতে হয় সে কৌশল জানতে হবেভা, বাজিষ সম্পান্ধ তার নীতিবোধ থাকবে প্রথর। ব্যক্তিষসম্পান্ন ও চরিত্রবান। শিক্ষকই আদর্শ শিক্ষক
তার নীতিবোধ থাকবে প্রথর। ব্যক্তিষসম্পান্ন ও চরিত্রবান। তার নীতিবোধ থাকবে প্রথর। ব্যক্তিষসম্পান্ন ও চরিত্রবান না হলে তিনি ছাত্রসমাজেব নেতৃত্ব গ্রহণ করতে পাববেন না। 'আপনি আচরি ধর্ম শিখাও অপরে,'—এ কথাটি শিক্ষকের ক্ষেত্রে সর্বাধিক প্রযোজ্য। শিক্ষকতা একটা বৃত্তি, কিন্তু শুধু বৃত্তিরূপেই য়ে শিক্ষক তাকে গ্রহণ করবেন তিনি কোন দিনই আদর্শ শিক্ষক হতে পারবেন না। শিক্ষকতা শুধু বৃত্তি নম্ন—শিক্ষক তাঁর কাজকে ব্রভক্রপেই গ্রহণ করবেন। তাহলেই শিক্ষক জীবনের বত তংথতুর্দশার মধ্যে একটা সাম্বনা খুঁ জে পাওয়া যাবে।

আদর্শ শিক্ষকের যে সব গুণের কথা বলা হ'ল একজন মান্তথের পক্ষে কি সে সব গুণের অধিকারী হওয়া সন্তব্ ? বাস্তবক্ষেত্রে সর্বপ্তণ-সমন্তিত শিক্ষক খুঁজে পাওয়া কঠিন, কিন্তু গুণগুলি ইচ্ছা কবলে সমস্ত শিক্ষকই শিক্ষকের সামাজিক গ্রাহ্ম করতে পারেন। আমাদের দেশের শিক্ষকেরও মর্বাদা আপিক ও সামাজিক মর্বাদার মান উচ্চ নয়। তাই থুব কম লোকই শিক্ষকতাকে স্বেচ্ছায় বৃত্তিকপে গ্রহণ করতে এগিয়ে আসেন। শিক্ষকত। গ্রহণ করবার পর যেন আমরা আদর্শ শিক্ষক হ'বার চেন্টা করি। সমাজে শিক্ষকের যে উচ্চ স্থান ছিল তাকে আদর্শ শিক্ষকগণ ফিরিয়ে আনতে পারেন।

শিক্ষক নির্বাচন করেন বিভাল্যের পরিচালক মণ্ডলী। প্রধান শিক্ষকের সাথে পরামর্শ করে শিক্ষক নির্বাচন করা উচিত। তিনি শিক্ষককে দিয়ে কাজ করবেন, তার কি প্রয়োজন তা তিনিই স্বচেয়ে ভাল শিক্ষক নির্বাচন জানেন। সহকারী শিক্ষকের সহায়তায় প্রধান শিক্ষক স্কুলের স্ববিধ কাজ পরিচালন। করেন। তাই সহকারী শিক্ষক নির্বাচনে প্রধান শিক্ষকের মতামত গ্রহণ করা উচিত।

সহকারী শিক্ষক স্থশিক্ষিত হবেন, শিক্ষকতার জন্ম প্রযোজনীয় গুণাবলীর যদি অভাব থাকে সে গুণ তিনি অর্জন করার চেটা করবেন। শিক্ষক, বিষয় পর্জাত শ্রেণীতে শিক্ষা দেওয়া ও শ্রেণী শৃত্যলা রক্ষা করা তার প্রধান ও উপকরণ সম্বন্ধে কার । তিনি যে বিষয়ে শিক্ষা দেবেন সে বিষয়ে তাঁর সচেতন হবেন সম্পূর্ণ করায়ন্ত থাকবে। বিষয় শিক্ষক হলেন তাঁর নিজের বিষয়ে যে সব নতুন তত্ত্ব ও তথা যা প্রকাশিত হচ্ছে তার সাথে তিনি সংযোগ রক্ষা করবেন। তিনি যাতে ছাত্রদের সব রকম প্রশ্নের উত্তর দিতে পারেন সে ভাবে তৈরী হবে রাদে যাবেন। শিক্ষাদানের আধুনিক পদ্ধতির সাথে তিনি পরিচিত থাকবেন। নিজের বিষয় আয়ত্ব থাকাই বড কথা নয় কি পদ্ধতিতে শিক্ষা দিলে তাব বক্তব্য ছাত্রেবা গ্রহণ করবে, তাদের কাছে সহজবোধ্য করে বিষয়টি উপস্থাপন করবার কৌশল তিনি আয়ত্ব কববেন। তিনি বিভিন্ন শিক্ষা-সহায়ক উপকবণ (Teaching Aids) প্রস্তুত ও ব্যবহার করতে জানবেন।

সম্য-তালিক। অন্তসরণ করে পাঠ্যক্রম অন্থায়ী শ্রেণতে শিক্ষা দেওযাই সহকাবী শিক্ষকেব একমাত্র কাজ নয়। স্থল পবিচালনায় তিনি সর্বভাবে প্রধান শিক্ষককে সাহায্য কববেন। প্রভাব বাইবে স্থুলেব শৃঞ্জা বক্ষা একটা বন্ধ কথা।

বিভালধেব পৃথাল। বক্ষায় শিক্ষদেব দায়িত স্থলেব শৃঞ্জল। বক্ষা করা ছাত্র-শিক্ষক স্বারই কর্ত্ব্য শিক্ষকগণ দেখবেন ছাত্রেরা শৃঞ্জল। বক্ষা করছে কি না। শিক্ষকদের জন্মও কতকগুলি নিয়ম কাহ্মন আছে সহকাবী শিক্ষকগণ তা মেনে চলবেন। প্রধান শিক্ষকদের নিদেশ

তাঁব। মেনে চলবেন। যদি তাঁদেব কিছু বক্তব্য থাকে তা প্রধান শিক্ষকবে জানাবেন। তাঁদেব আচবণে যেন কোন অবস্থায় শন্ধল। ভক্তেব ইন্ধিত না থাকে : কল্ প্রিচালনায় ও শৃত্ধল। বন্ধায় সহকারী শিক্ষকেবও একটি দায়িত্ব বয়েছে : তিনিও শিক্ষক-সভাব একজন দায়িত্বশীল সদস্য। প্রধান শিক্ষকেব সাথে তাব মালিক কর্মচাবীব সম্পর্ক, নয়, তিনি তাব সহকাবী। তাই সহযোগিতাব মনোভাব নিষেই তিনি কাজ করবেন। সহপাঠাক্রমিক কার্যাবলী পরিচালনায় শিক্ষকদেব অংশ গ্রহণ কবতে হবে। প্রধান শিক্ষক সহকাবীদের সাথে পরামশ কবে যে ভাবে কাজ ভাগ করে দেবেন তাব। সেই ভাবে কাজ করবেন। প্রধান শিক্ষক ও সহকাবী শিক্ষকদেব মধ্যে গ্রীতিপূর্ণ সম্পর্ক না থাকলে স্বলেব কাডে নান। বক্ম বিশ্রভার স্কষ্টি হবে।

শিক্ষক ছাত্রদেব মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপনেব প্রযোজনীয়ত। আজ অপরিহার্য-রূপে দেখা দিয়েছে। প্রধান শিক্ষক ও সহকারা শিক্ষক স্বাদ পক্ষে ছাত্রদেব জানার প্রযোজন আছে। আধুনিক শিক্ষাবিজ্ঞান বলে যাকে শিক্ষা দেবে তাকে না জেনে শিক্ষা দেওয়া যায় না। ছাত্র-জীবনে শিক্ষকের প্রভাব অত্যক্ত বেশা। ছাত্রেবা শিক্ষককে তাদেব চলাব পথে আদশ কপেই দেখতে চায়। তাই তাদেব

ভাত্র-শিক্ষক সম্পূর স্থাপনে শিক্ষ/কর ভূমিকা দাপে মিশবাব সমগ অত্যন্ত সতক হয়ে মিশতে হবে '
শিশকের আচবণে ও কথায় যেন এমন কিছু না থাকে যা
ছাত্রদের সামনে একটা থাবাপ দৃষ্টাস্ত স্থাপিত কবতে পাবে।
শিক্ষক সহায়ভূতি ও সহযোগিতার মনোভান নিয়ে

ছাত্রদের সাথে মিশবেন। অনেকে মনে কবেন যে ছাত্রদের সাথে মিশলে, তাদেব নাথে থেলাধূলায় অংশ গ্রহণ কবলে মর্থাদাব হানি হবে। এ ধারণা ঠিক নয়। শিক্ষক অবশুই তার মর্যাদা রক্ষা করে চলবেন, সে জন্ম ছেলেদের দূরে সরিষে বাথতে হবে কেন? শিক্ষক যদি মনে কবেন যে, শ্রেণী পঠনের বাইরে তার কিছু করবার নেই তাহলে তিনি ভুল করবেন। বর্তমান শিক্ষাবিজ্ঞান সাধাবণ পাঠকক্ষের পাঠ ও সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্যে কোন সীমাবেখা টানতে চায় না। শিক্ষাপীদের চরিত্রগঠনে যদি যথাযথ সাহায্য কবতে হয তাহলে তাদেব সঙ্গে মিশতে হবে, শিক্ষাপীব সর্বাদ্ধীন উপ্পত্তি কেবলমাত্র শিক্ষকদেব সহাযতাতেই হতে পাবে। ভবিশ্বং ভাবতেব উপযুক্ত নাগরিক গঠনে শিক্ষকের দায়িত্ব সর্বাধিক একথা চিন্তা কবেই শিক্ষক শিক্ষাপীদেব মবের যাতে আদশ সম্পাক স্থাপিত হম সে চেষ্টা কবতে হবে। শিক্ষক, ছাত্র, অভিভাবক,—বিভালয ও সমাজেব মধ্যে আদশ সম্পাক স্থাপন কবতে হলে প্রয়োজনমত ও পাবকল্পনা অনুযায়ী শিক্ষকগণ ছাত্র-ছাত্রীদেব গ্রহপারিশ্বশিব (Home visit) করতে পারেন।

একজন আদশ শিক্ষক গণতাহিক (Democratic) ও সমাজতাদিক । জানা । (Socialistic) চিন্তাবাবায় সমৃদ্ধ হবেন এবং গণতাদিক ও সমাজতাদিক চিন্তাবাবা তিনি শিক্ষাণীদেব মধ্যে ছডিয়ে দেবেন, বিজালতে শিক্ষাকৰ গণতাহিক ও সমাজতাহিক সমন্ত কাজকৰ্ম গণতাহিক পদ্ধতিতে চলবে। গণতাহ্ব ও সমাজতাহিক চিন্তাবাৰ। সমাজতাহ্ব সমাজতাহিক চিন্তাবাৰ। সমাজতাহ্ব সমাজতাহিক ছনিয়াব নেতৃত্ব দিতে সক্ষম হয়। এরজন্ত শিক্ষককে নিরপেক ও উদাব মনোচাব সম্পন্ন হতে হবে। সমন্ত শিক্ষাণীদের প্রতি শিক্ষকেব পক্ষপাতশ্ব্য সমান দৃষ্টিভদ্ধী থাকবে, শিক্ষকেব যথাব্য দাহিত্ব পালনের উপব বিভালয়েব সাফল্য অনেকথানি নিভর কবে।

সহকাবী শিক্ষকেব মধ্যে অনেকেই **(শ্রেণী-শিক্ষক (Class-teacher)** থাকেন। অনেক ক্রেরে যে শ্রেণীতে প্রায় প্রতিদিন যে শিক্ষকেব class থাকে তিনি সেই শ্রেণীব শ্রেণী-শিক্ষক হন। তাঁর উপর Roll Class-Teacher call & fees Collection. এব দায়ি হও থাকে। শ্রেণী-শিক্ষকেব অনেক দায়ি হ থাকে। তিনি সকল ছাত্র-ছাত্রীদেব সদ্দে পবিচিত্ত হওয়ার স্ক্রেণাগ পান। ছাত্র-ছাত্রীদের সঙ্গে তাবই ঘনিও পরিচয় হযে থাকে। ছাত্রদের সঙ্গে তাব এই ব্যাক্তগত সম্পর্ক ও পরিচ্য বিজ্ঞান্ত পবিচালনায় অনেক কাজে লাগে। বিভালগেব অনেক সমস্তা ( যথা ছাত্র বিশ্রভান), অপবাব প্রবণ্ডা, পেছিয়ে পড়া ছাত্র, স্কুণ্-পালানো ছাত্র, পরাকা। ইত্যাদি ) এই মধুর সম্পন্ন ও ব্যক্তিগত পরিচয়েব সাহায্যে স্ক্রম্পন্ন হতে পাবে। শ্রেণা-শিক্ষক সবসময় সে দায়িত্ব পালনের চেটা করবেন, সেই শ্রেণীর শিক্ষাণীব। যাতে তাদের শিক্ষাণায় যথায়ওভাবে সমাধা করতে পারে তার দায়িত্ব শ্রেণী-শিক্ষককে পালন করতে হবে।

বিত্যালয়ে **বিষয়-শিক্ষকেরও** (Subject-teacher) একটি বলিদ্ধ ভূমিক! আছে। বিষয়-শিক্ষক হলেন ও বিষয়ের expert, এ বিষয়েব উপব ঠাব উচ্চতব শিক্ষা (Higher education) আছে। কাজেই ঐ বিষয় শিক্ষাদানের সময় তাঁর content of subject matter-এর অম্ববিধা হয় না। ঐ বিষয়ের উপর আধুনিক চিন্তাধারা ও থবর তিনি রাথেন। বিষয-শিক্ষকের training Subject-Teacher degree থাকায় তিনি তাঁর বিষয়-শিক্ষাদানের সবরকম তত্ত্ব ও পদ্ধতি সম্বন্ধে যথাষথভাবে অবহিত। ঐ বিষয়ের সববকম শিক্ষাসহায়ক উপকরণ (Teaching sids) ব্যবহারেব কৌশলও তিনি জানেন। কাজেই বিভিন্ন বিষয়-শিক্ষককে দিয়ে বিভিন্ন বিষয় যথাযথভাবে শিক্ষা দেওয়। যায়। শিক্ষার্থীর। ষাতে বিষয়টি ভালভাবে অন্তথাবন কবতে পাবে তাব দায়িত বিষণ-শিক্ষকের।

#### ॥ শিক্ষক সভা ॥

#### " Teacher's Council "

বৈতালয় প্ৰিচালনাৰ (School Administration) কেতে শিক্ষক সভাব (Teachers' council) একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা আছে, তাই প্রতি বিছালতেই বহুমানে Staff council আছে, তাদের বিভিন্ন কার্যাবলী ও বিছালয় পৰিচালনায় ভূমিক। আছে। বিছালয়েব শিক্ষা কার্য পরিচালনা ও শৃঙ্খলা শিক্ষক-সভার শুক হপুণ রক্ষাব ক্ষেত্রেও শিক্ষক-সভাব দায়িত অপরিদীম। পূর্বে ভ্যিকা বিদ্যালয় গুলিতে শিক্ষক-সভার গুরুত্ব স্বীকার কর। হ'ত না। ক্রমণঃ, সে ধ্ববণার প্রিবতন হয়. বউমানে শিক্ষক-সভা বিভালয়েব অপবিহার্গ অঙ্গ। প্রত্যেক শিক্ষক শিক্ষক-সঁভার সদস্ত হবেন। প্রধান শিক্ষক পদাধিকার বলে (ux-officio) এই সভার সভাপতি (President) হবেন, সহকারী প্রধান শিক্ষক (Assistant Headmaster) এই সভার দহ সভাপতি (Vice-President) হতে পাবেন। একজন নির্বাচিত শিক্ষক এই সংস্থায় এক বছরের শিক্ষক-সভাব গঠন জন্ম সম্পাদক (Secretary) হিসেবে কাজ শিক্ষকদেব মধ্য থেকে একজন কোষানাক্ষকে (Treasurer) নিবাচিত কৰা ্ষতে পারে। প্রতি শিক্ষক এই সংস্থাকে একটি নিধারিত হাবে মাধিক ব। বার্ষিক চাদা (Subscription) দেবেন। তাতে এই সংস্থার বিভিন্ন কাজকর্ম সভাপতি, সহ-সভাপতি অথবা সম্পাদক প্রযোজন অন্তসাবে এই সভাব মনিবেশন (Meeting) ডাকবেন।

শিক্ষকসভাব অধিবেশনে প্রধান শিক্ষক সভাপতিত্ব করবেন। তার অন্তপ-িভিত্তে সহ-প্রধান শিক্ষক, অথবা একজন অভিজ্ঞ শি**ক্ষক সভাপতিত্ব করতে** পারেন। এই অবিবেশনে সভাপতি বা সম্পাদক নিদিষ্ট \genda-র ভিত্তিতে আহ্বান করবেন। বিভিন্ন শিক্ষক লক্ষ্য-সভাব কৰ পদ্ধতি ঐ অধিবেশনে তাদেব বক্তব্য ও মতামত রাধবেন। সকলকেই স্বাধীন মতামত বাক্ত করবার স্থবোগ দিতে হবে। স্বধিবেশনে উপন্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর থাকবে। এই অধিবেশনে যে সব সিদ্ধান্ত (Resolution) গৃহীত হবে তা একটি ভালো খাতায় মথামথ ভাবে লিখে রাখতে হবে। কোন দিছান্ত যদি সর্ববাদীসমত না হয়, তবে ভোটের মাধ্যমে সংখ্যা গরিষ্ঠের মতামতই দিছান্ত বলে গৃহীত হবে। প্রয়োজনমত বিভালয় সম্পাদক, ছাত্রসম্পাদক প্রভৃতিকেও গুরুত্বপূর্ণ সমস্তা সমাধানের জন্ত আহ্বান করা বেতে পারে। তবে শিক্ষক-সভা শিক্ষকদেরই সংস্থা। এতে অন্ত কারও ভোটাধিকার থাকবে না। শিক্ষক-সভা প্রধান শিক্ষকের প্রামর্শসভা। কাজেই কথনও প্রামর্শ গ্রহণেব প্রয়োজন মনে করলে প্রধান শিক্ষক এই সভার অধিবেশন আহ্বান করবেন। শিক্ষক সভার হিসাবপত্র যথামথ রাথতে হবে এবং বছরের শেষে একবার সেই হিসাব পরীক্ষা করিয়ে নিতে হবে।

বিতালয় পরিচালক সমিতিতে (School Managing Committee) শিক্ষক প্রতিনিধি থাকবেন। প্রধান শিক্ষক পদাধিকার বলে এই সমিতির Joint Secretary, পূৰ্বে ২ জন নিৰ্বাচিত শিক্ষক প্ৰতিনিধি বিভালয় পরিচালনা বিছালয় পরিচালক সমিতিতে ছিলেন। এথন দমিতি **ও শিক্ষক-**সভা প্রতিনিধিত্ব বেডেছে। প্রধান শিক্ষক ছাড়াও এখন তিন-জন নিং।চিত (তিন বছবের জন্ম) প্রতিনিধি বিভালয় প্রিচালক সমিতিব সদস্য। এই প্রতিনিধিব। তাদের কাজ বর্ণের জন্ম বিক্ষক-সূত্র কাছে দায়ী। শিক্ষক-সভাব নিভিন্ন সিদ্ধান্ত তারা পবিচালক সমিতিতে উপস্থাপিত করেন , এবং পবিচালক সমিতির শিক্ষকস্বার্থ বিরোধী কাজকর্মের বিরুদ্ধে শিক্ষকও শিক্ষা-कर्मठातीत स्रायं ने निरु करते ने जाती आंशाय करते । शिक्षकरमेत ठाकुतीत নিরাপত্তা, ব্যথাত, বেতন, মহার্ঘ ভাতা, ছটি, অবস্বকালীন পেনসন, প্রভিডেট ফাণ্ড ইত্যাদি বিষয়ে শিক্ষকগণ, প্রতিনিধিগণ বিছ্যালয় পবিচালক সমিতিতে আলোচনা কবেন। তবে শিক্ষক প্রতিনিধিগণ বিভালয়ের সামগ্রিক উন্নতিব ম্বার্থে পবিচালক সামতিতে তাঁদের দায়িত্বপূর্ণ ভূমিকাও এই সঙ্গে পালন করবেন। শিক্ষকসভা শিক্ষক হাঁটাই, বেতন, ছুটি, পেনসন, প্রভিডেন্ট কাও ইত্যাদি শিক্ষকস্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলির সম্বন্ধে যথাযথ আলোচনা করে সঠিক সিদ্ধান্ত নেন। তারপর দেই সিদ্ধান্ত শিক্ষক প্রতিনিধি মাবফৎ পরিচালক সমিতিতে উপশ্বাপিত হয়। ফলে শিক্ষকদেব দাবী-দাওয়। স্থবিধা হয়।

নিম্নলিখিত বিষয়গুলিও শিক্ষক-সভাতে উপস্থাপিত হয়ে আলোচিত হয় ও ও শেষে সিদ্ধান্ত গৃহীত হয়,—

(১) প্রধান শিক্ষক শিক্ষকসভার সমস্ত সদস্যদের সঙ্গে আলোচনা কবে বিভালয়ের সময়-ভাঙ্গিকা (Time-table) প্রস্তুত করেন। পরে শিক্ষক-সভা ভা অমুমোদন করেন।

- (২) প্রধান শিক্ষক বিভালয়ের বাংসবিক পবীক্ষাব (Annual Examination) ফলাফল (Busult) শিক্ষকসভাব কাছে উপন্তিত করেন। শিক্ষকসভা তার উপব আলোচন। কবে class promotion দেবার সিদ্ধান্ত গ্রহণ কবেন।
- (৩) পাঠ্যপুস্তক নির্বাচনের (Text-book selection) এব সময শিক্ষক-সভাব প্রামর্শ গ্রহণ করেন। এবং প্রচলিত তালিক। থেকে কোন বই বাদ গেলে বা যুক্ত বা বিযুক্ত হলে তা শিক্ষক-সভা অনুমোদন করেন।
- (৪) শিক্ষক সভা বিভিন্ন সময় প্ৰিস্থিতি ও প্ৰয়োজন অনুসারে ছাত্র বিশৃষ্বলা (Students unrest) সম্বন্ধে আলোচনা কবেন এবং সিদ্ধান্তভ গহণ কবেন। বিভালযের শৃঙ্কলা ফিবিয়ে আনতে তাবা প্রধান শিক্ষককে সাহায্য ও প্রামণ দিতে পারেন।
- (৫) ছাত্র সংসদের (Students union) বিভিন্ন কাজ কর্মে শিক্ষক-সভা সাহায্য করেন। ছাত্র সংসদেব বিভিন্ন শাথাব ভাবপ্রাপ্থ শিক্ষক নিধারণেব সমযেও প্রধান শিক্ষক শিক্ষক-সভাব প্রামর্শ গ্রহণ করতে পারেন। শিক্ষক-সভা বিভিন্ন সময় ছাত্র সংসদেব বিভিন্ন কাজকর্মে সাহায্য ও প্রামর্শ দেবেন।
- (৬) বিহুলালযের সহপাঠ্যক্রেমিক কার্যাবলী (Co-curricular Activity) কপায়নে শিক্ষক-সভাব দাযিত্ব ও কর্ত্তব্য আছে, প্রধান শিক্ষক সে ব্যাপাবে সকলের সঙ্গে আলোচন। কবে নীতি নির্ধাবণ ও কর্মপন্থা নির্কান করেন। বিহ্যালয়ে সহপাঠ্যকামক কার্যাবলীর প্রবহ্তনে শিক্ষক-সভাব এক বলিষ্ঠ ও কার্যকবী ভূমিক। আছে।
- (৭) School Hygiene ও Health Education-এব ক্ষেত্রেও শিক্ষক-সভাব দায়িত্ব আছে। বিলালয়কে পরিসাব পবিচ্ছন বাথতে, শিক্ষার্থাদেব স্বাস্থ্য-শিক্ষা দিতে সমণ্য শিক্ষকেরই সম্মিলিত প্রচেষ্টাব প্রযোজন। এ ব্যাপারে শিক্ষক সভা আলোচনা ববে দিশ্ধান্ত নিতে পাবেন! সেই দিশ্ধান্ত পবামর্শের আকারে প্রধান শিক্ষক ও বিলালয় পবিচালক সমিতিকে জানিয়ে দিতে পারেন।
- (৮) School guidauce works-এ শিক্ষক-সভা অংশ গ্ৰহণ কববেন।
  নতুবা এক। career master- এই ভিন/চাব শত শিক্ষাণীকে বৃত্তি-মূলক নির্দেশন:
  দেওয়া সম্ভব নয়।
- (৯) বিশ্বন সভা বিভিন্ন বিশ্বন সংস্থা কতৃক আহত **শিক্ষা আন্দোলনে** সমবেডভাবে অংশ গ্রহণ করতে পাবেন।

বর্তমানে বিভালয় প্রিচালন। ব্যবস্থার ব্যাপক পবিবর্তন হয়েছে। তাতে-শিক্ষকদের কর্ত্তর অনেক বেডেছে, পবিচালক সমিতিতে নির্বাচিত তিনজন প্রতি নিধির মধ্যে একজন নিবাচিত প্রতিনিধি, প্রধান শিক্ষক ও বিজ্ঞালয় সম্পাদক নিয়ে Finance committee গঠিত হয়েছে। এই কমিটি বিজ্ঞালয়ের অর্থ সংক্রাপ্ত বিষয়ে নীতি নিধারণ কবেন। বিজ্ঞালয়ের স্বকারী ভালনেত committee ও শিক্ষক সভা সংগৃহীত হয় সেওলি ব্যয়-স্ক্র্য ইত্যাদি সম্পর্কে এই কমিটি সিদ্ধান্ত গ্রহণ কবেন। তাই বিজ্ঞালয় প্রিচালক সমিত্রি অর্থ সংক্রান্থ নীতি শিক্ষক-সভা তার শিক্ষক প্রতিনিধি মাবক্ষ জানাতে পাবে। ফলে সে সম্পর্কে শিক্ষক-সভা আলোচনা কবে সিদ্ধান্ত গ্রহণ কবতে পাবে।

উচ্চতর মাধ্যামক বিজ্ঞানত নিজৰ Higher Secondary section-এব মধ্য থেকে নির্ধাবিত তিনজন প্রতিনিধি নিমে বিজ্ঞালয়ে Academic council গঠিত হল। • এই council বিজ্ঞালয়েব পাঠ্যক্রম বচনা, Academic council বিজ্ঞালয়েব নিজ্ঞাকার্যেব উপ্রতি ও শিক্ষব-সভা অবনতি নাগন্ধে আলোচনা বাবে নিজ্ঞাক প্রহল কারেন। Academic counci -এব নের্থে এই ভাবে বিজ্ঞালয়ের বিজ্ঞাক্য প্রিচালিত হয়।

—শিক্ষক মতা এই পাবে নিজালয়ের বিভিন্ন গুব অপূর্ণ কাজে বলিষ্ঠ ভূমিক। দায়িতের সঙ্গে পানন নাবন। বাতমানে বিভাগন পবিচালন। বাবখাগ শিক্ষক-মভা একটি অপ্রিধ্য বাস।

#### প্রধাবলী

- 1. What are the functions of a Headmaster? How can be secure the co-operation of purchs and teachers and ensure good pupil teacher relationship
- 2. What are the detres of Headmaster. What improvements would you as headmater, a troduce in your School in the light of your training!
- 3. "The Headmaster is a co-ordinating agent "-Discuss.
- 4. Describe the major problems of School administration that a modern Headmaster has to face.
- 5. Discuss critically the functions of the Feathers' council in a School.
- .6. Write notes in
  - (a) Teachers Guncil-its Structure and purpose
  - (b) School Gove 1 ment as practical training in democratic ways of life.
  - (c) Teachers' council and headmaster.

# পঞ্চৰ জন্মার সমহ-তালিকা (TIME-TABLE)

কোন একটা কাজ স্থচাফরপে সম্পন্ন করতে হলে তার জন্ম চাই পূর্ব পরিকল্পনা। পূর্ব পরিকল্পনা থাকলেই একটা নিদিষ্ট কাজ নিদিষ্ট সময়ের মধ্যে

বিন্তাসমের শিক্ষাদান কার্য স্থপরিচালনাব জন্ম পূর্ব পরিক্ষন:

প্রয়োজন

াম্বর্জনা বাধ্বনেই একটা দান্ত বার নিন্ত ব্যৱস্থা এবের শেষ করা ধায়। শ্রেণী শিক্ষায় আমরা অনেক শিক্ষার্থীকে এক সাথে পড়াই। তাদের বহু বিষয় পড়াতে হয়। প্রত্যেক শ্রেণীর একটা নির্দিষ্ট পাঠাকম বয়েছে। পাঠ্যক্রম নির্ধারিত বিষয়-সমূহ পূর্ব-নির্ধাবিত সম্বেব মধ্যে শেয করতে হয়। পাঠ্যক্রম রচনা, বিষয় নির্ধাবণ ও সময় নির্দিষ্ট করার ব্যাপারে

শিক্ষক বা বিভালয়েব কোন হাত নেই। নিদিট সমযেব মধ্যে সেই পাঠ্যক্রম শেষ করে দিতে হবে বিভালয়কে। স্থলের কাজ করাৰ একটা বাধা সময় আছে, দেই সময়েব মধ্যে উর্ন্তম কোন কেন্দ্রীয় প্রতিষ্ঠান (স্কুলবোর্ড, বিশ্ববিভালয় বা সবকাবী শিক্ষা বিভাগ) রচিত পাঠ্যক্রম কি করে পড়ান যান তার জ্বল্য একটা পূব পরিকল্পনা প্রয়োজন। বিভালয়ে কি ভাবে পড়ানো হবে সেই পবিকল্পনাকে আমরা বিভালয়েব সময-তালিকা (Time-Table) বলতে পারি।

সমন্ত্র-তালিকার একটি চার্টে বিদ্যালয়েব পডাবার নির্দিষ্ট সমন্ত্রকে করেকটি পিরিয়ডে (period) ভাগ করে নিয়ে প্রত্যেক শ্রেণীতে প্রতি পিরিয়ডে একজন করে শিক্ষককে পড়াবার দায়িত্র দেওয়া হয়। পূর্ব নির্দিষ্ট পবিকল্পনা অনুসারে কাজ ঘডির কাঁটার সাথে এগিয়ে চলে বলে এতে সময় ও শক্তিব অপচয় হয় না ও স্কুলের কাজে কোন বিশৃগুলার সৃষ্টি হয় না। সময় ও সময়ের স্কন্তু বিভাগ হওয়ায় এই বিষয়ের পুনবার্ত্তি হয় না। কোন একটি বিষয়ের জন্ম প্রয়োজনাতিবিক্ত সময় ব্যয়িত হয় না। শিক্ষকগণ একসময়ে একটি বিষয়ের জন্ম প্রয়োজনাতিবিক্ত সময় ব্যয়িত হয় না। শিক্ষকগণ একসময়ে একটি বিষয়ের জন্ম প্রয়োজনাতিবিক্ত সময় ব্যয়িত হয় না। শিক্ষকগণ একসময়ে একটি বিষয়ের জন্ম প্রয়োজনাতিবিক্ত সময় ব্যয়িত হয় না। শিক্ষকগণ একসময়ে একটি বিষয়ের ভান্ম নিজ কর্তব্য মনোহোগী হওয়া প্রভৃতি অভ্যাস গঠিত হয়। সময়-তালিকা অনুসারে কাজ ক্রবার ফলে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে একটা স্বসংবন্ধ পদ্ধতিকে মেনে চলবার মনোভাব গতে ভর্তে!

সময়-তালিকায় বিষয়ের গুক ই অনুসারে তার উপর জোর দেওয়া হয়। কোন বিষয়ের জন্ম কতটা সময় দেওয়া হবে, সময়-তালিকার কোন বিজিন্ন period-এব জায়গায় তার স্থান নির্দিষ্ট হবে তা বিষয় কাঠিন্য বিচার করে ব্যাপ্তিকাল

শ্বির করা হয়। সময়-তালিকায় কঠিন, জটিল ও গুরুত্বপূর্ণ বিষয় গুলি শিকাশানেব জন্ম Pariod-এর ব্যাপ্তিকাল বাড়িয়ে দেওয়া হয়। আবার সহজ ও হাল্কা বিষয়গুলির জ্জ অপেকাক্তত কম সময় নির্দিষ্ট করা হয়। বিভালয়ে সমস্ত Period-এর ব্যাপ্তিকাল তাই সমান নয়। √

সময়-তালিকাকে বলা হয় "Second School Clock"। সময়-তালিকায় স্থলেব কাজেব সময়কে কয়েকটি পিরিয়ডে ভাগ করে দেখান হয়। কোন্ পিরিয়ডে কোন্ শ্রেণীতে কি পড়ান হচ্ছে তা দেখান হয়। কোন্ কমে কি কাজ হচ্ছে তার নির্দেশ থাকে ও কোন্ শিক্ষক কখন কোথায় কি পড়াচ্ছেন তার উল্লেখ থাকে। ঘড়ির কাঁটা ঘ্রবার সাথে স্থলের কাজ সময়-তালিকা অমুসারে ওগিয়ে চলে। সময়-তালিকাব দিকে একবার চোগ বুলিয়ে নিলেই সমস্ত স্থলের কোথায় কি হচ্ছে তাব একটা পরিলাব ছবি চোথের সামনে ভেসে ওঠে। সময়-তালিকার এক কপি শিক্ষকদেব কক্ষে থাকে, এক কপি নোটিশ বোর্ডে দেওয়া হয়, আর এক কপি প্রান শিক্ষক বিলাব গোকে। প্রধান শিক্ষক সময়-তালিকা দেখে প্রধান ক্রেক কোন কোন শিক্ষক কি করছেন এবং কোন্ শিক্ষক বিলাম উপভোগ করছেন। কোন শিক্ষক অমুপস্থিত হলে সময়-তালিকা দেখে প্রধান শিক্ষক তার কাল বহু শিক্ষকদের মধ্যে ভাগ করে দেবেন।

একটা স্থুলেব সময়-তালিক। বচনা করা অত্যন্ত কণ্ডগাণ্য ও সময় সাপেক্ষ কান্দ। সময়-তালিকা তৈরী কবতে বহুবিধ সমস্থার সন্মুখীন হতে হয়। প্রধান শিক্ষক বা সহকাবী প্রধান শিক্ষক: —যিনি সময়-তালিকা সময়চালিকা প্রস্তুত করেন তাঁকে সমস্ত অন্তবিধা দূর করে একটি সময়-করবার অহবিধা তালিকা তৈরী করতে প্রচুর বিচার-বিবেচনা ও পরিশ্রম করতে হয়। বাঁধাধরা সময়, অপ্রচুর শিক্ষক, সরন্ধামের অহ্ববিধা, ঘরের অভাব সব কিছুর মধ্যে সামস্বস্থা করে ধথন একটি সময়-তালিক। করা হ'ল তথনও দেখা মাবে প্রায় শিক্ষকেব একটা না একটা অভিযোগ আছে।

দমন্ত্ৰ-ভালিকা তৈরী করার প্রস্তুতি পূর্ণে দেখে নিতে হবে বছরে কয়টি School Day পাওয়া ধানে। মাধ্যমিক কি উচ্চ মাধ্যমিক বিভালয়ে কাজের সমন্ত্র সমান। তারপর দেখতে হবে কতজন শিক্ষক আছে। School Day-শুলির পপ্তাহে স্কুলে কতক শুলি মোট পিবিয়ড হবে ও কোন্ ক্লাদে কৃত পিরিয়ড হবে দেটাও ন্তির করে নিতে হবে। তারপর বিষয় শুক্ত বিচার করে বিভিন্ন বিশয়ের জন্ম কতটা দম্য দবকার ও কতটা দেওখা বাবে তার মধ্যে সামস্ত্রন্থ বিধান করতে হবে। কতকগুলি বিষয় আছে কঠিন, ব্রতে বেশী সমন্ত্র প্রোজন। কোন বিষয় ব্রত্তে সমন্ত্র ও পরিশ্রম প্রয়োজন ব্রাত্ত সমন্ত্র বিষয়ের জন্ম সমন্ত্র নির্বাহণ করতে হয়। বিষয়কাঠিয় ও গুক্ত বিচাব করে বিভিন্ন বিষয়ের জন্ম সমন্ত্র নির্বাহণ করতে হয়।

## ॥ সময়-তালিকার রচনারীতি॥

### || Principles of time-table Construction ||

দৈনদিন বিভালয় পরিচালনায় সময়-তালিকার স্থান স্বাধিক গুরুত্বপূর্ণ।
সময়-তালিক। প্রণেষন একটি জটিল ব্যাপাব। বিভালয় পরিচালনায় সময়তালিক! অপবিহার্য। বিভালয়ে বিভিন্ন কর্মসূচী কিভাবে কপায়িত হবে তা
সময়-তালিকায় নির্দিষ্ট পাকবে। সময়-তালিক। প্রণয়নেব বিভিন্ন নীতি
হ'ল,—

ক্লান্তি (Fatigue):—কোন বিষয় পড়াতে গিয়ে কতকট। প্লান্তি (Fatigue) উৎপাদিত হয় সম্য-তালিকায় সে কথাও বিচাব কবতে হবে।

মনোবিজ্ঞানীগণ প্লান্তি উৎপাদনের ক্ষমত। অন্সারে বিষয়সম্যতালিকায় কাল্পির

উলির শ্রোমান্তি বিষয়েক করেছন। শুদুমান্ত্র বিষয়েক প্রতির গুলুতে ক্লান্তির তাবতম্য
হয়। প্রীম্মে যত সহজে ক্লান্তি আদে নাতের সম্য তত সহজে ক্লান্তির করা। তাই শাতের পিরিয়ন্ত দিশিতর করা চলে। শিক্ষার্থীদের বাস, শারীরিক শক্তি, প্রবণত। গ্রন্থতির সাথে গ্রান্তির নিকট সম্পর্ক র্যেছে। প্লান্তিরর বিষয়গুলি সময়-তালিকায় যাতে প্রপ্র না দেও্যা হয় সে সম্পর্কে দৃষ্টি বাগতে হবে।

#### ॥ মনোযোগ প্রসঞ্জ॥

#### On Attention I

কৈনিক (Daily):—যে বিষদের পাঠ গ্রহণ কবতে অত্যধিক মনোযোগের প্রয়োজন দে বিষয়গুলি এমন সময় ছাপন কবতে হবে যথন শিক্ষার্থীদেব মনোযোগ দেবাব শমতা সবচেয়ে বেনা থাকে। দেদিক থেকে বিচাব কবে

দৈনেৰ সৰ সমধে শিক্ষাৰ্থীদেৰ পাঠে মনোধোগ একই বকম বাকে না। রাতিকর বিষয় পানেকে সালের শুকতে দেওবা থেতে পারে।
স্থানের প্রথম ত টি পিরিসভেই ছেলেদের মনোধ্যাগ স্বাধিক
প্রিমাণে পাঠে নিগন্ধ রাখা সম্ভব। প্রথম পিরিমাণে সভা
সভা ছেলেমেশের। বাড়ী থেকে আংসে তাই মন একট চঞ্চল
থাকে, দ্বিতীয় পিরিমাণে প্রভাগ স্বচেয়ে বেণী মন বসে।

শেষের দিকে শরীর ও মন রাস্ত থাকে তথন কঠিন বিষয়ে ছেলেমেয়েব। মন দিতে পারে না। টি দিনের সময় থেলাবুলা করে মনের কান্তি অনেকট। দূর হ্য তাই বিরতির পর ছেলেমেয়েবের মনোযোগ দেবার ক্ষমত। কিছুটা বুলি পার। কিছু শেষের পিরিবডে অবসাদ এত বেগা করে দেখা দেয় যে তথন অতি সাবারণ বিশয়েও মন দেওয়া কঠিন হয়ে দাডায়।

সাপ্তাহিক (Weekly): -- একটা দিনেব পিরিয়ত গুলিতে যেমন মনোযোগ

দেবার ক্ষমতা ধীরে ধারে কমতে থাকে সপ্তাহের দিনগুলিকেও ঠিক সেইভাবে ভাগ করা ধায়। প্রথম ঘণ্টায় যেমন মন একটু চঞ্চল থাকে তেমনি রবিবারের

সপ্তাহের সব দিন মনোযোগ সমান থাকে না। বিশ্রামের পর সোমবার পাঠে সহজে মন চলতে চায়
না। ছুটির আমেজ কাটিয়ে পড়ায় মন বসতে সময় লাগে।
মঙ্গলবার পড়ায় খুব মন বসে। দ্বিভীয় পিরিয়ডের মন
সপ্তাহের দ্বিভীয় দিনে পড়ায় মনসংযোগ সবচেয়ে বেশী হয়।

ভারপব আন্তে ক্লান্তি জমতে থাকে। শনিবার দিন ছুটির জন্ম মন উদ্থুস্ করতে থাকে, পডায় আব মন বসতে চায না। কখন ছুটির ঘণ্টা বাজবে সেজন্ম মন উদ্বীব হয়ে থাকে।

ক্লান্তি ও তৃতি (Fatigue and Satisfaction):—পাঠগ্রহণ করতে করতে শিক্ষার্থীদের মধ্যে ক্লান্তি শ্লানে। এই ক্লান্তি শারীরিক ও মানসিক। ক্লান্তি যত বাডে মনোযোগ তত কমে। কিন্তু পাঠ গ্রহণে শিক্ষার্থীর মনোযোগ

কান্ধি বাড়লে, মনো-যোগ কমে—কর্মে ভৃপ্তি মানসিক অবসাদ দূব করে।

প্রয়োজন। তাই নানা বিষয়ের উপব গুরুত্ব দিতে হয়।
সময়তালিকায় যদি শিক্ষার্থীদের জন্ম এমন সব কার্যক্রমের ব্যবখা করা যায় যাতে ত'রো মানসিক তৃপ্তি পায়
তাহলে তাদের ক্লান্তি ক্রমে, মনোযোগ থাডে। সময়-তালিকা
তাই সহপাঠ্যক্রমিক কার্যাবলী, ব্যবহাবিক শিক্ষা, হাতে

কলমে শিক্ষা ইত্যাদির উপর গুক্ত দিতে হয়। শিক্ষাদান ব্যবস্থাকেও শিশু মনের তৃপ্তিকর করতে হয়।

বিষয়-শুকুত্ব (Importance of the Subject):—কঠিন বিষয়গুলি দিতীয় ও তৃতীয় ঘণ্টার মধ্যে শেষ করে নিতে হয়। বিষয়ের গুণুত্ব অনুসারে অক্ষ, ইংরাজী, সংস্কৃত, বাংলা, বিজ্ঞান, ইতিহাস কি ভূগোল, হাতেব কাজ, জিল এইভাবে পরপর সময়-তালিকায় সাজান চলে। সপ্তাহের প্রথম দিকে কঠিন বিষয়গুলি রাখা উচিত। শনিবার কম গুরুত্বপূর্ণ বিষয়গুলি রাখতে হবে। অক্ষ ও ইংরেজাকে দিতীয় ও তৃতীয় ঘণ্টায় স্থাপন করা সঙ্গত।

বিষয় বৈচিত্ত্যে (Variation of the subjects):—সময-তালিকায় বিষয় স্থাপনে যেন একঘেঁয়েমির স্ঠিন। হয় সেণিকে লক্ষ্য রাখতে হবে।

সময়তালিকায় বিষয় বৈচিত্ৰ**গুলিকে** গুৰুত্ব দিত্তে **হ**বে বিষয় বৈচিত্র্যের স্থাষ্ট করতে না পারলে ছাত্রশিক্ষক উভয়ের মনেই ক্লাস্তি দেখা দেবে। সম্পূর্ণ বিপরীত বিষয পরপর স্থাপন করলে পড়ার ব্যাঘাত হবে। আবার ইংরাজী ব্যাকরণেব পব সংস্কৃত ব্যাকরণ বা পাটীগণিতেব

পর জ্যামিতি বসিয়ে দিলে অবসাদ দেখা দেয়। সহজ ও কঠিন বিষয় পব পর স্থাপন করলে ছাত্রদের স্থবিধা হয়। আবার একই বিষয়ের ছটি পাঠের (যেমন

শি: প: প্রথম পর্ব—৬

সোমবার দিন ইতিহাস পড়ান হ'ল তারপর শুক্রবার আবার ইতিহাস ) সমরের ব্যবধান এত বেশী হওয়া উচিত নয় যাতে ছাত্রেবা পূর্ব পাঠের বিষম্ন ভূলে বেতে পারে। কোন বিষয়ের চটি তিনটি শাখা থাকতে পারে পাটাগণিত, বীজগণিত জ্যামিতি। সপ্যাহে পর্যায়কমে প্রত্যেকটি বিষয় শেখবাব ব্যবস্থা করা যায় যেমন ছ'দিন পাটাগণিত, তু দিন বীজগণিত, তু'দিন জ্যামিতি—একে Spiral পদ্ধতি বলে। আবার একটি শাখাকে কয়েকটি অ'শে (unit) ভাগ করে এক শাখার এক অংশ (unit) শেষ হলে অপর শাখার একটি অংশ শুক্ত হবে। যেমন পাটাগণিতের স্থদক্যা শুক্ত হ'ল, যতদিন স্থদ কয়া শেষ না হবে তত্দিন পাটাগণিত চলবে তারপর বীজগণিতের একটা নিয়ম ধরা হবে এমনভাবে পড়াবার পদ্ধতিকে Block system বলা হয়, উভয় পদ্ধতির পক্ষেই যুক্তি রয়েছে শিক্ষকদের এ নম্পর্কে স্বাধীনতা থাকবে, তাদের কাজেব স্থবিধা স্বন্ধাবে পদ্ধতি বেছে নেবেন।

বিতারের গৃহ ও আসংবিপত্রের সঙ্গে সামগ্রপ্ত বিধান (Adjustment with the School plant and Equipments):—সময-তালিকা বিতালয় গৃহ ও আসবাব পত্রের দঙ্গে সামগ্রপূর্প হবে। সময়-তালিকা প্রণযনের সম্য় বিতালয়ে যতগুলি শ্রোকক্ষ আছে সে হিসাব রাপতে বিতালয় গৃহ ও সাধাবে হবে। বিতালয়ের আসবাবপত্রের দিকে তাকিয়ে সময়-আসবাব পত্রেব সবা তালিক। রচনা করতে হবে। মানচিত্র ইত্যাদি যে সব প্রক ব্যবহাবেব ক্রথা শিক্ষাসহায়ক উপকবণ আছে তার দিকে লক্ষ্য রেখে সময়-সময়-তালিকা প্রণয়ন কবতে হবে। বিতালয়ে যে সাধাবণ ঘরসময় ভাবতে হবে বাড়া আছে ও সামান্ত আসবাব পত্র আছে তাকে পরিকর্মনা অনুযায়ী সর্বশ্রেষ্ঠ উপায়ে ব্যবহাব করতে হবে। এবং সে কথা সময়-তালিক। প্রণয়নের সময় ভাবতে হবে।

পাঠ্যক্রম (Curriculum): মধ্য শিক্ষা-পর্গদ বিভালষের বিভিন্ন শ্রেণীর প্রতিটি শ্রেণীব পাঠা- জন্ম যে পাঠ্যক্রমের নির্দেশ করে দেন তা বাতে ব্ধাহথ ক্রম বাতে যথাবগভাবে ভাবে অনুসত হয় সময়তালিকা বচনার সময় সে সমাপ্ত হয তাব প্রযোগ দিকে লক্ষ্য বাথতে হবে। প্রতিটি শ্রেণীতে প্রতিটি সময়তালিকার বাথতে বিষয়েব উপব এমন class দিতে হবে বাতে হবে। পাঠ্যক্রম যথায়থ ভাবে সমাপ্ত করা সন্তব হয়।

সঙ্পাঠ্যক্রমিক বাধাবলী (Co-curricular Activitiy):—বর্তমানে বর্তমান বর্তমান বর্তমান বর্তমান বর্তমান বিদ্যা-বাবহায় করা হয়েছে। সময়তালিকায় বিভিন্ন শ্রেণীর ছাত্রছাত্রীদের বলী থুবই গুঞ্জপূর্ণ হল্য বিভিন্ন প্রকার সহপাঠ্যক্রমিক কার্যাবলীর স্থবোগ রাধতে হবে। এ ব্যাপাবে শিক্ষকদেরও কাজে লাগাতে হবে।

বাড়ীর কাজ (Hometask): সময-তালিকা এমন ভাবে তৈরী কবভে হবে যাতে বাড়ীর কাজ সাবা সপ্তাহ ছডিয়ে থাকে। একই দিনে অন্ধ, ইংরেজী অন্থবাদ, বাংলা রচনা লিখে নিয়ে আসতে হবে সময় তালিকায় যদি এরপ ব্যবস্থা থাকে তাহলে ছেলেমেয়েরা বাড়ীর কাজ করে অন্থ বিষয় আর প্ডবার সময় পাবে না।

কার্যাবলীর যথায় ও সমবন্টন Proper and equal distribution of works):

সমত্তি কার্যাবলীর বর্ণায় ও সমবন্টন Proper and equal distribution of works):

সমত্তি কার্যাবলীর বর্ণায় ও সমত্তি কিল্লায় বিভিন্ন শিক্ষকের কার্যান্ত কার্যাবল বন্দীন করা হবে। কোন শিক্ষকের উপর বেন অতিরিক্ত চাপ না পডে। আবার, এই কার্যান্ত কর্মকে এমন ভাবে বন্দীন করতে হবে যাতে উপযুক্ত শিক্ষক তার থপায়থ কার্যান্ত বিবিক্ত কার্যান্ত বিশ্বাহিত হবে।

প্রতি ঘণ্টার ব্যাপ্তিকাল (Duration of Periods):—একটি পিরিয়ড কতি। সময়ব্যাপী হবে দে বিষয়েও টিডা কবতে হবে। কঠিন বিষয়ে ছাত্রেরা দীর্ঘ মন সংযোগ করতে পাবে না। হোট ছেলেমেয়েদেব মন একই বিষয়ে দীর্ঘ সময় আটিকে রাথা ধার না। গ্রীয়কালে নহছে কাজে ক্লাপ্তি আদে একপ নানা বিষয় বিচার করে একটা না বিষড় কতিটা সময় ব্যাপা হবে তা স্থিব করতে হবে। যদি ছোট ছেলেমেয়েদেব দিকে দৃষ্টি বেথে পিরিয়ডেব

বিভিন্ন বিষয় শিক্ষা-দানেব জন্ম বিভিন্ন period-এব ব্যাপ্তি কাল বিভিন্ন হবে ব্যাপ্তিকাল নির্দেশ করা যায় তাহলে ত নিঃ এর বেশ একটি পিরিয়ডের ব্যাপ্তি হওয়। উচিত না। একটু উঁচ্ ক্লাসের ছেলেমেয়েবা ৪০।৫০ মিঃ একটি বিষয়ে মন নিবদ্ধ রাখতে পারে। উঁচু শ্রেণীতে কতকগুলো বিষয় আছে যা ৫০ মিনিটেব কমে বোঝান যায় না। প্রথম ঘটায় নাম ডাকা.

ছাত্রদেব দরগান্ত নেওয়া প্রস্তৃতিতে কিছুটা সময় যায় তাই এই পিরিয়ড্টা একট বেশী দীর্ঘ হওয়া দরকার। একই স্ক্লে শ্রেণীভেদে স্বল্প ও দীর্ঘ কাল ব্যাপী পিরিষড্ করা যায় না। তাই সব দিক বিবেচনা করে একই রকম পিরিয়ড হওয়া সঙ্গত। প্রথম পিরিয়ডের ব্যাপ্তিকাল একটু দার্ঘ হওয়া দবকাব কারণ নাম ডাকতে কিছুটা সময় যায়। তাই প্রথম পিরিয়ড হবে ৪৫ মিনিট। তারপর টিফিনেব বিরতি পর্যন্ত ৪০ মি: পিরিয়ড করা যেতে পারে। টিফিনের বিবতির পর শেষেব দিকে ছাত্রেরা ক্লান্ত হয়ে পডে তাই পবের পিরিয়ডগুলি ৩৫ মি: করে হবে। নীচের ক্লাসে ৩০ মি: বাদে যদি দেখা যায় ছেলেমেয়েরা চঞ্চল হয়ে উঠেছে, পড়াল মন দিতে পারছে না, ক্লান্তি বোধ করছে তাহলে কিলে বৈচিত্রা স্পষ্টিব চেনা করবেন, প্রসঙ্গ বদলে নতুন্ব স্থিট করবেন।

## ।। বিরতি ।।

1 Recess 1

সময়-তালিকায় বিরতির ব্যবস্থা করতে হবে। দ্বিতীয় পিরিয়ড পার হবার একটু একটু কবে অবসাদ জমতে থাকে ! একটানা তিন ঘণ্টা অর্থাৎ চার পিরিয়ড করার পর ছাত্রেরা আর মন দিতে পারে না। দীর্ঘনালীন ও স্থান করার বিশ্রামেব ৷ তাই চতুর্থ পিরিয়ডের পর ৩০ কালীন বিরতি
ম: বিরতির ব্যবস্থা রাখতে হবে। থেলাগুলার মধ্য দিয়ে এ সময়ে মনের ক্লান্তি দ্র হয়। বিরতিব পর মনোনিবেশ কবার ক্লমতা একটু বেড়ে যায়, তবে হিতীয় পিরিয়ডের সমান হয় না। দ্বিতীয় পিরিয়ডের পব যাতে ক্লান্তি জমতে না পারে সে জন্ম দিতীয় ও তৃতীয় পিরিয়ডের মাঝে ১০ মি: এর জন্ম আর কালীন বিরতির ব্যবস্থা কবলে তৃতীয় পিরিয়ডে মনোনিবেশ ক্লমতা বৃদ্ধি পেতে পারে।

## ॥ শিক্ষকের বিশ্রাম॥

II Teacher's Rest II

সময়-তালিকা রচনার একটি অস্থবিধা হচ্ছে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকেব অভাব। হয়ত একটি স্থলে ত্'জন অঙ্কের শিক্ষক রয়েছেন অথচ ক্লাদে ইউনিটের সংখ্যা ১০টি সেখানে প্রত্যেক রাসের জন্ম দিতীয়

ক্লান্তি দ্ব করতে, খাতা দেশতে ও পাঠের প্রস্তুতি করতে শিক্ষ-কেব বিশ্রাম প্রয়োজন হড়)নতের সংখ্যা ১০। সেখানে প্রত্যেক রাসের জন্ম ছিতায়
কি তৃতীয় পিবিয়দে অক্টের ব্যবস্থা করা সহুব হয় না।
শিশকদেরও পব পব অক্ট করাতে ভাল লাগবে না।
সাধাবণ স্কুলেব সাজ-সরঞ্জামের অভাবের দিকে লক্ষ্য রাখতে
হয়। সময়-ভালিকাব সময় খেয়াল রাখতে হয়, একই

সাথে ত্'টি ক্লাসে যেন একই সরঞ্জামের প্রয়োজন না হয়। হয়তে। ইতিহাসের উপযুক্ত শিক্ষক একজন, পর পর তাঁকে বর্ণনামূলক পাঠ দিতে হলে তিনি সহজেই ক্লাস্ত হয়ে পড়বেন। সময়-তালিকা রচনার সময় শিক্ষকের দৈহিক ও মানসিক ক্লাস্ত্রির দিকে লক্ষ্য রাথতে হবে। প্রত্যেক শিক্ষকের জক্ম তুটি পিরিয়ড বিশ্রামের ব্যবস্থা থাকা দরকার। বিশ্রামেব সময় তিনি বাডীর কাজ দেখতে পারেন। পরের পিরিয়ডের জক্ম প্রস্তুত হতে পারেন। বিশ্রাম গ্রহণ করতে পারেন। সময়-তালিকার বিষয় বন্টনে যভটা সম্ভব বৈচিত্র্য স্পষ্ট করা দরকার। একই বিষয় পর পর পড়াতে হলে বিরক্তির সঞ্চার হয়; মানসিক অবসাদ দেখা দেয়। যেথানে শিক্ষকের সংখ্যা কম, সেখানে বিশেষজ্ঞ শিক্ষকের ক্ষেত্রে বিষয় বৈচিত্র্য স্পষ্ট করা কষ্ট সাধ্য। আর একটি জিনিস লক্ষ্য রাখতে হবে, প্রত্যেক শিক্ষক্রের কাজের সময় যেন যভটা সম্ভব সমান হয়। বাহ্নবে দেখা যায় কোন শিক্ষকের একটি পিরিয়ড বেণী হয়ে গেল সেখানে ভাকে অস্থবিধা ব্রিয়ে দিলেভিনি ব্যাপারটা সহজভাবে গ্রহণ করবেন।

- 🛚 বিভিন্ন প্রকারের সময়-তালিকা 🗈
- # Different Types of Time-table #

বিভালর পরিচালনার স্থবিধার জন্ম কয়েক প্রকার সময়-ডালিকা বাবহার করা হয়। সেগুলি হ'ল---

। ১। সমষ্টি সময়-ভালিকা (Consolidated Time-table):
এই জাতীয় সময়-ভালিকায় শ্রেণী ও শিক্ষকের বিভিন্ন কর্মস্টা একত্রিভ করে
দেখানো থাকে। এই জাতীয় সময়-ভালিকাগুলি সপ্তাহের বিভিন্ন দিনকে কেন্দ্র
করে হয়। তারপর কোন্ দিনের কোন্ ঘণ্টায় কোন্ শিক্ষক কোন্ শ্রেণীতে কি
পড়াবেন তা উল্লিখিত থাকে। এ জাতীয় সময়-ভালিকা
আবার হয় কুহং, এবং স্বরূপ হয় ছটিল। বিভালয়ে ছাত্র
ক্রেই লটিল
হয়। তবে এই জাতীয় সময়-ভালিকা থেকে এক নজরেই সমস্ত বিভালয়ের কর্মস্টা জানা যায়। সময়-ভালিকাই বলে দেবে যে কোন্ নিদিষ্ট সময় কোন্
শিক্ষক কোথায় কি করছেন, বা, কোন্ ছাত্র কোথায় কি করছে এবং তারা
কতক্ষণ ঐ কাজে নিযুক্ত থাকবে।

া। ২ । শিক্ষক-ভিত্তিক সমস্ন-ভালিকা (Teacher-wise Time-table) :—এইরপ সমস্ন-ভালিকা বিশেষ করে শিক্ষকদের পক্ষে খৃবই কার্যকরী
এই ধরনের একটি সমস্ন-ভালিকা Staff room-এ রাখা হয়।
বিভালয়ে প্রতিটি শিক্ষকের নাম ক্রমান্বয়ে তুলে নেওয়া হয়।
ভারপর প্রতিটি শিক্ষকের প্রতিটি Period-এ বিভিন্ন কর্মইচী নির্দেশ করে দেওয়া হয়। যে-সব বিভালয়ে অনেক শিক্ষক আছেন সেখানে
এই জাতীয় সমস্য-ভালিকা দীর্ঘ হয়, তবে সেখানে জটিকতা থাকে কম।

॥ ৩॥ ক্রেন্ট্র-ভিন্তিক সমস্ক-ভালিকা (Class-wise Time-table):—
এই জাতীয় সময়-তালিকা প্রতিটি শ্রেণীর জন্ম এক একটি করে তৈরী করতে
হয়। প্রতিটি শ্রেণী ধরে বিভিন্ন Period-এ বিভিন্ন বিষয় ও শিক্ষক ষথাবথভাবে
প্রতিটি শ্রেণীর সময়
ভালিকা
তালিকা প্রয়োজন। এতিটি শ্রেণীর জন্ম তাদের শ্রেণীগত সময়তালিকা প্রয়োজন। এরপ সময়-তালিকা প্রতিটি শ্রেণীতে
থাকবে। বিচালয়ের একটি open place-এ সমস্ত শ্রেণীর শ্রেণী-ভিন্তিক সময়তালিকা ঝুলিয়ে দেওয়া যেতে পারে। তাতে ছাত্র-শিক্ষক-কর্মচারী-অভিভাবক
সকলেরই স্ক্রিধা হয়।

॥ ৪॥ সামস্থ্রিক সমস্থ-ভালিকা (Provisional Time-table ) :— সামস্থ্রিক সময়-ভালিকা নিয়ে বিভালয়ে শিক্ষকদের মধ্যে অসভোষ ও দক্ষের শেষ নেই। কোন দিন কোন শিক্ষক কোন কারণে বিভালয়ে অন্নপস্থিত থাকলে সেই জায়গায় অন্তান্ত শিক্ষকদের সেই দিনের মত কর্মস্থচী নতুন করে কবতে •

স্মি[†]়াক সম্য-তাদি,কা শিক্ষকের পক্ষে বিব্যক্তিক হয়। কোন শিক্ষকের অন্তপম্বিতিতে কোন শ্রেণীর কাজ তো বন্ধ থাকতে পারে না, তাই এই ব্যবস্থা। এইসব ক্ষেত্রে সাধারণতঃ একই বিষয়ের শিক্ষককেই দায়িত্ব দেওগা ভাল।

সাময়িকভাবে সম্য-তালিকা প্রথম ঘণ্টাতেই করে নিয়ে

ছার ও শিক্ষকদের জানিয়ে দিতে হয়। সাম্যিক সম্য-তালিকায় কোন একজন বা জন শিক্ষক থাতে পর পর class না পান সে দিকে দেখতে হবে। সাম্যিক কাজকর্মগুলি সকলের মধ্যে সমভাবে বণ্টন করে দিতে হবে। কারণ শিক্ষকদের কাজের চাপ এত বেশী থাবে সে, অতিরিক্ত চাপ রীতিম্বত বিরক্তিকর।

- । ৫ । **অস্থান্য সময়-ডালিকা (Other Time-table )** : আবও কিছু সময়-তালিকার গ্রহাব লক্ষ্য করা যায়। সেওলি হ'ল—
- (ক) গৃহ কাজের সময়-ভালিক —শিক্ষার্থীদের বিভিন্ন দিনের Bome tark সমন্বিত এই সমস-ভালিকা প্রতি শ্রেণীব জন্ম বিশেষ কার্যকরী।
- ৰিজ্ঞালবের অফ্রান্ট বিষয়-**ভিত্তিক সময়-ভালিক** Subject teacher তাঁব বিষয় কক্ষে সেই বিষয়েব উপব বিভিন্ন ক্ষেণ্ট লিক। প্রাণ্ড করেন :
- (গ্য **্রেণ্ডা শিক্ষকের সময়-ভালিকা:**—Class-teacher তার তেনীব ছাত্র-ছাত্রীদের জন্ম বিভিন্ন পাঠ্যক্রমিক সহপাঠ্যক্রমিক কার্যাবলীব উপব 'ভিজি কবে সময়-ভালিকা রচনা করেন।

## ॥ প্রধান শিক্ষকদের দায়িত্ব।।

|| Responsibility of the Head-Master ||

িজালয় প্ৰিচালনাৰ সময়-তালিকা একটি অপ্ৰিচাৰ্য অক্স। সময়-তালিকাকে ফলেৰ দ্বিত্বীয় গড়ি বলা হয় তাঠিক। সময় তালিকা অনুসারে স্কুলেৰ কাজ নিবন্ধিত হয়। অনেক বিচাৰ বিধ্যেচনা কৰে, বহু বার ছকু কেটে

সময- শালিক বচনাব বাপেশব প্রধান শিল্পক অস্থাঃ শিক্ষকদ্বেব কথা অনুবেন। যতটা সন্তব 'শক্ষাবিজ্ঞানের নীতি অন্তসরণ করে সময়-তালিকা তৈরীব পব অভিযোগ শোনা যায়। প্রধান-শিক্ষক মাত্রেই জানেন প্রতিবাব সময়-তালিক। প্রকাশ হবাব পব বছ শিক্ষক তাঁর অন্তবিধা বা তাঁর উপর অবিচার কবা হয়েছে এ অভিযোগ জানাতে আসেন।

স্বাইকে সম্ভষ্ট করে সম্য-তালিকা তৈরী করতে হলে যে পরিমাণ শিক্ষক ও-শিক্ষা-সরঞ্জামেব প্রনোজন অধিকাংশ স্থুলেব তা নেই। যথাসম্ভব চেটা করেও- কাজের ভার (Work load) সমান ভাবে ভাগ করে দেওয়া সম্ভব নয়। অপ্রধান বিষয় কেউ পড়াতে চান না। নীচের ক্লাসে বেশী পিবিষড় দিলে সম্মান হানি হয় বলে অনেকে মনে করেন। প্রধান শিক্ষক ষথাসভব অভিযোগ প্রতিকারেব চেটা করবেন ৺ ষেগানে সহব নয় সেখানে সময়-ভালিকার রচনার বাস্থব অস্থবিধার দিকটা বোঝালে শিক্ষকগণ নিশ্চয়ই বুয়বেন। নীচের ক্লাসে পড়াতে সব শিক্ষকেরই প্রস্তুত থাকা উচিত। বিশেষ করে য়ায়া ভাল শিক্ষক তাঁদের নীচের ক্লাসে ও সব চেয়ে উচ্ ক্লাসে দেওয়া সয়ত। প্রধান-শিক্ষক সানিম শ্রেণীতে কয়েকটি রাস বাখবেন। যেগানে প্রধান শিক্ষক নীচের ক্লাসে পড়াতেন সেখানে অন্ত শিক্ষকদের অভিযোগ করার কিছু থাকরে না। সময়-ভালিক। সক্সারে শিক্ষকগণ কাল্ল করবেন ভাই তাদের য়য়বির। বিচাব করে যেথানে আবশ্রক সেথানে প্রয়োলনীয় পায়রতন করে নেওয়া উচিত। সময়-ভালিক। রচনায় প্রধান শিক্ষকের দায়িয় মনের । সময়-ভালিক। তাকে বিভালে

# ॥ অসুবিধা ও প্রতিকার॥

I Defects and Remedies II

স্থলের পক্ষে সময় তালিক। না হলে চলে না। একদিকে বিস্তৃত পাঠ্যক্রম, আব একদিকে দীমাবদ্ধ দময় দীমিত শিক্ষক, দামান্ত দাজ-দরঞ্জাম। দবদিকের সামঞ্জন্ত বিধানের চেষ্টাব ফলে কাজ চালানে। রকমেব একটি সময়-তালিকা। যতই বিজ্ঞান-পদ্মত ভাবে সম্যত-তালিকা রচনা করা হোক দ**ম্য-তালিকা অমু**-ন। কেন বৰ্তমান প্ৰচলিত সময়-তালিক। অনুসারে কাজ কৰণ যান্ত্ৰিকতা দোৰে কবার ফলে শ্রেণা পাঠ কিছট। ফাছিক হয়ে ওঠে। 5% তালিকায় শিক্ষক-শিক্ষার্থী কারও আর ইচ্ছামত কবাব স্বাধীনত। থাকে ন।। শিক্ষার্থী কাজেব ব্যাপাবে কচি, উচ্ছা-অনিক্রা প্রভৃতি যে সব কথা বলা হয় সম্য-তালিকা ঠিকভাবে অন্নসরণ করতে হলে তাব অনেকথানি বিদর্জন দিতে ২গ। ঘডির কাটার দাথে দময়-তালিকার চাকা ঘুৰতে থাকে তার সাথে আবভিত হয় একটিব পর একটি সম্য-তালিকায় কুত্রি-বিষয়। সম্য-তালিকা অনুসাবে ইক্ত। ন। থাকলেও পূর্ব মতার সঙ্গে শিশুমনেব নিৰ্দিষ্ট বিধয় শিক্ষাৰ্থীকে পডতে হয়। মন অবসাদ গ্ৰন্থ হলে अदेनका । বিবতিব পূর্ব পর্যস্ত মনকে অবদর দেওয়া যাবে না। অংকেব পব ইংরেজী তাবপর বাংল। কি সংস্কৃত ব্যাকরণ এই চক্র থেকে মৃক্তি নেই কারণ স্থলের দ্বিতীয় ঘডিটির সাথে এগিয়ে চলতে ন। পারলে শেখার প্রতিযোগিতায়

পিছিয়ে থাকতে হবে। আবাব ইংরেজী শিক্ষক এক ট বিষয় পড়াক্তেন ছাত্রের।

গভীর মনোধোগ দিয়ে শুনছে। একটি বিশেষ কৌতৃহল উদ্দীপক মৃহুর্তে, হয়ত নাটকীয় ভাবে স্ক্লের ঘণ্টা বেজে উঠল। ছাত্রদের মন তথন সেই বিষয়টিকে পাবত্যাগ কবতে চাইছে না তথন ইচ্ছার বিক্দ্ধে তাদের বিষয়ান্তরে মনোনিবেশ করতে হয়।

তারপর আগ্রহের কথা। চল্লিশ মিনিটেব একটি পিরিয়তে সব ছাত্রই শ্মানভাবে একই বিষয়ে মন নিবন্ধ থাকে এ আশা ববা যায় না। অনেক সময় আগের ঘণ্টাব জেব পবেব ঘণ্টায় চলতে থাকে। জোব শিক্ষাৰীদেৰ আগ্ৰহেৰ কবে মাগ্রহ সৃষ্টি বর। যায় না। একটি বিষয় শেষ হবার देवस्या । তিন চাব মিনিটেব মধ্যে সাব একটি বিষয়ে মন দেওয়। ষায় কি না তাও বিচার কবে দেখা দবকাব। পববর্তী বিষয়ের জন্ম মন প্রস্তুত কবতে যে সময়ের দবকার সম্য-তালিকা সে ভাবে তৈরী করা যায় ন।। কখনও দেখা যায় ৪০ মি: পিরিয়ডে যে পাঠটি দেওয়া, হচ্ছে সাধারণ ছাত্রদের বোঝাবার পক্ষে দে সময় প্রাপ্ত নয়। আবও কিছু বেণা সময় হলে বিষয়টি ভারা ভাল কবে বুঝতে পাবত কিন্তু স্থুলেব ঘণ্টা ঠিক সময়ে বেজে উঠবে। বাঁধাধরা ছকু মাফিক আমানের এগিয়ে চলতে হয়। এই যান্ত্রিক পদ্ধতির হাত থেকে ছাত্রদেব মৃক্তি দেবাব জন্ম মহেসব্লী, ডিউই তালের শিক্ষা-পদ্ধতিতে সময়-তালিকা বলে কিছু বাণেন নি। **ডাল্টম** পদ্ধতিতে শ্রেণী পাঠ বলে কিছু নেই, তাই সময়-তালিকাও নেই। ছাত্রেব। যার যে বিষয়ে আগ্রহ, ষতক্ষণ খুশী পডতে পারে। শ্রেণী-কক্ষেব বদ্ধ-আবহাওয়ায় মন যেথানে সহজেই গ্রাম্ভ হয়ে ওঠে সে আবহাওয়। থেকে মুক্তি পেয়ে ছাত্রের। স্বাধীনভাবে যার যার পাঠ নিয়ে এগিয়ে ষেতে পাবে।

বেখানে ব ক্তিকেন্দ্রীক শিক্ষা-ব্যবস্থা সেথানে সময়-তালিকাকে বাদ দেবার
কোন অস্ক্রবধা নেই। আমাদের দেশের শিক্ষা-ব্যবস্থা
শেক শ্রেণী-শিক্ষার বিলোপ সাধন করা সন্তব নয়। তাই
সময়-তালিক। আমাদের শিক্ষা-ব্যবস্থার অপরিহার্য অক্তরণে
থাকবেই। যতটা সন্তব এর ক্রটিওলিকে আমবা দব করতে চেটা করব।

সময়-ভালিকার নমনীয়ভা (Flexibility of the Time-table):
সময-ভালিকাকে অচল অনভ বলে মনে করা উচিত নয়। প্রয়োজনে একে
পবিবতন করতে হবে। সারা বছবের জন্ম একটি সময়-ভালিকা রচিত হবে না।
গ্রীষ্ম ও শীতের জন্ম হ'টি পৃথক্ সময়-পাত্রকা রচনা করা
সময়-ভালিকা ঋপবিবর্তনীয় নয়।

মাম্য-ভালিকা তাই অনমনীয় হবে না। একটি সময়
ভালিকা দীর্ঘদিন অনুকরণ করবাব পব দেখা যায় যে কোন কোন বিষয়ের
পাঠ্যক্রম বেশ এগিয়ে গেছে। কিন্তু কোন কোন বিষয়ের পাঠ্যক্রম তখনও বেশ

পিছিয়ে। তথন সময়-তালিকার পরিবর্তন প্রয়োজন। পরীকার পূর্বে সময়-তালিকাকে সংক্ষিপ্ত করার প্রয়োজন থাছে। বিচ্চালযের সময়-তালিকা তাই পরিবর্তনযোগ্য। শিক্ষার্থীদের স্বার্থে ও শিক্ষাদানের তাগিদে সময়-তালিকাকে প্রয়োজনমত অদল বদল করতে হবে।

অনিয়ন্ত্রিত পাঠ বা ইচ্ছামত পাঠের হুযোগ সময়-তালিকায় দেওরা বায কি
না সে বিষয়ে প্রধান-শিক্ষক পবীক্ষা নিরীক্ষা করে দেখতে
সমর-ভালিকার আনবপারেন। সপ্তাহে প্রতি শ্রেণীব জন্ম বৃদ্ধি ২০০টি পিরিয়ড
ক্ষিত পাতেন ক্রনেপ
আলাদা কবে বাখা যায় তাহলে শিক্ষকের ত্রভাবধানে
চাত্রেরা ইচ্ছামত বিষয় পড়তে পাবে।

ছিতীয় ও তৃতীয় ঘণ্টাথ মাঝে ২০ মি: এর জন্ম বিরতিব ব্যবস্থা কৰা ধায়।
ভাবেবা শ্রেণী কক্ষেব বদ্ধ আবহাওঁর। থেকে বাইবে এদে কিছুটা ছুটা ছুটা ছুটা ইটি কবাব
ফ্রেগাগ পেলে একঘে ন্যেমিব হাত থেকে কিছুক্ষণের জন্ম
সমর-তালিকার পরমৃক্তি পায়। এতে অবসাদ জমতে পারে না ও পরবর্তী
বিরতি খুএই কাবকৰ
ঘণ্টায় পড়ায় মনোখোগ বাড়ে। এই স্বব্ধকালীন বিরতি
শিক্ষকদের পরবর্তী পিবিয়ডেব প্রস্তুতিব পক্ষে সহায়ক। সময় তালিকা ছাত্রদেব
স্থবিধার জন্ম। প্রধান শিক্ষক সহক্মীদেব সাথে আলোচনা করে যদি মনে
করেন কোন নতুন পদ্ধতি অবলম্বন করলে কাজের স্থবিধা হবে তাহলে চিরাচরিত
প্রথাকে পরিহার করে তিনি পবাক্ষা-নিবাক্ষা কবতে পারেন।

# ॥ ব্লক পদ্ধতি ও স্প্যাইরাল পদ্ধতি।।

11 Block System & Spiral System 11

সময়-তালিকা প্রণ্যনের হুটি পদ্ধতি স্নাছে, —Block System ও Spiral System। বাংলা ভাষা ও সাহিত্যের পাঠ্যক্রমে গছা ও পদ্ধ ত্ই-ই থাকে।

একটি গল কয়েকদিন প্রপ্র পড়িয়ে একটি পছা পড়াতে পদ্ধতি প্লটি গলা কয়েকদিন প্রপ্র পড়িয়ে একটি পছা পড়াতে পদ্ধতি প্লটি বাবহার প্রাপ্ত কর্ববার পদ্ধতিকে Block System বলা হয়। আর শিক্ষকের সাধীনতা। একদিন গছা, একদিন পছা, পড়ানোর পদ্ধতি Spiral System নামে পরিচিত। সম্য-তালিকায় হুটি পদ্ধতিকেই সমভাবে ব্যবহার করা যেতে পারে। তবে এ হু'য়ের কোন পদ্ধতি ব্যবহার করা হবে সে স্বাধীনতা বিষয়-শিক্ষককে দেওয়া উচিত।

## ।। সময়-তালিকা ও শিক্ষক-সভা।।

Il Time-table and Teacher's council II

সময়-তালিকা একটি ছটিল ব্যাপার। সময়-তালিকা প্রণয়ন করতে গেলে শিক্ষকদের সমালোচনার সম্মুখীন হতেই হয়। সাধারণতঃ সহ-প্রধান শিক্ষক শিক্ষকদের সঙ্গে পরামশ করে প্রধান-শিক্ষকের নির্দেশ মত সময়-ভালিকা প্রণয়ন করেন। কিন্তু বিছালয় গৃহ, আসবাবপত্র শিক্ষক প্রভৃতির অপ্রভুলতার জন্ত সময়-ভালিকায় অনেক ক্রটি থেকে যায়। তার জন্ত অনেক সমালোচনা আসে। কিন্তু সেই সময়-ভালিকা যদি শিক্ষক-শক্ষক-সভায় উপ-শাসিক করে আলোচনার মাধ্যমে গ্রহণ করা যায় ভবে সম্ম শিক্ষকের পক্ষে তা মেনে নিতে অস্ক্রবিধা থাকে না। এ পদ্ধতি হ'ল গণতান্ত্রিক পদ্ধতি।

সময়-তালিকা সম্পূর্ণ রুত্রিম ও যান্ত্রিক। এব মাধ্যমে স্বাধীন শিক্ষা সম্ভব নয়। ব্যক্তিগত বৈধম্যের দিকে লক্ষা বেথে সার্থক শিক্ষা সম্ভব নয়। কিন্তু তাহলেও বভমান শিক্ষা-ব্যবস্থায় ও বিভালয় পরিচালনায় সময-তালিকা অপবিহার্য। সময় তালিকাকে তাই যথায়ও, বৈজ্ঞানিক ও ক্রটিযুক্ত করতে চে৪। কবতে হবে। প্রব্নুসময়-তালিকা নয়, সেই অমুষায়ী যথায়থ কার্যকলাপই বিভালয়েব ক্রক্ষা ও উদ্দেশকে সম্পূর্ণতাব পথে নিতে যেতে পারে।

#### প্রশাবলী

- 1. Show that the time-table is the bringing together of the pupil teacher curriculum, and to some extent the building into some extent the building in a harmoniously working whole. Discuss in this connection the sound principles of time-table construction.
- Construction of good time-table is the most essential thing in School administration. Discuss in this connection the sound principles of time-table construction.
- 3 What is the necessity of the school Time-table? How does it reflect the organisation and the general aims of School?
- 4 Show how the time-table is bringing together of the pupil, teacher and curriculum in a harmoniously working whole. What are the practical difficulties encountered in the framing of an ideal time-table.
- Is a time-table essential in a School? Why? What factors should be kept in view in preparing the time-table? What should be included in it?
- 6 Write notes on Principles of time-table construction

#### वर्छ व्यशास

# শিক্ষক ও অভিভাবক সম্পর্ক [ PARENT-TEACHER CO-OPERATION]

প্রাচীন শিক্ষাব্যবস্থায় শিক্ষকের সঙ্গে অভিভাবকের যোগাযোগ খুব বেশ থাকতো না। শিক্ষার্থীরা গুকগৃহে গিয়ে শিক্ষা গ্রহণ করতো। সেথানে ছাত্র-

প্রাচান শিক্ষাব্যবস্থায শিক্ষক-অভিভাবক সম্পণ ভিল না শিক্ষক সম্পৃক গড়ে উঠলেও শিক্ষক-অভিভাবকেব যোগাযোগ প্রতিষ্ঠিত হয় নি। ফলে শিক্ষকের সঙ্গে অভিভাবকদের ব্যবধান থেকেই গেছে। বর্তমান শিক্ষাব্যবস্থায় সকলেই শিক্ষক-অভিভাবক সম্পর্কের উপব জোর দিয়েছেন।

শিক্ষকের সঙ্গে অভিভাবকের মণুব সম্পর্ক গড়ে না উঠলে শিক্ষার্থীব শিক্ষা গ্রহণ অসম্পূর্ণ থেকে যায়। অভিভাবকুদের সঙ্গে শিক্ষকদের বাববান তাই দূর করতে হবে—স্থাপন করতে হবে মধুব সম্পাবের স্থান্ত ভিত্তি।

অভিভাবক ছেলেমেয়েকে বিত্যালয়ে লেখাপড়া শিখতে পাঠান, বিত্যালয়ের পক্ষ থেকে তাকে মান্নয করে তোলবাব সর্বপ্রকার চেষ্টা হয়, কিন্তু এ চেষ্টার সাফলা নিন্তর করে অভিভাবক ও স্কুলের পাবস্পারক সহযোগিতার মধ্যে।

শক্ষাথীর শিক্ষাগ্রহণে অভিভাবকেবও দাযিও আছে কোন ছেলেমেযেব শিক্ষাব যথোচিত ব্যবস্থা কবতে হলে তার পাবিবাণিক অবস্থা জানতে হবে, তার অভিভাবককে জানতে হবে। শিক্ষা-াবজ্ঞানেব ছাত্রেবা জানেন মান্তবেব জাবনে

পাবিবেশের প্রভাব কত স্তদ্র প্রসাবা। শিক্ষাথার জীবনে পাবিবারিক পারবেশের প্রভাব তাব শিক্ষাকে অনেকথানি নিগদ্ধিত করে। অভিভাবক যদি ছেলেমেযের পড়া, চাল-চলন, আচাব ব্যবহাব সম্পর্কে থোজ না বাথেন, তাহলে শুধুমাত্র স্কুলের চেষ্টায় শিক্ষাথীকে ঠিক ভাবে পরিচালিত কবা সন্তব নয়। অভিভাবক স্কুলে আসেন ছেলেমেযেকে স্কুলে ভতি করতে—আর ছেলেমেয়ে যদি পরীক্ষায় ফেল কবে তাকে যাতে উপরেব কাসে উঠিয়ে দেওয়া যায় সে জ্বল অভুরোধ জানাতে। এ অবস্থার পবিবর্তন ঘটাতে হবে। ছেলেমেয়ের উন্নতি-অবনতির সম্পর্কে অভিভাবকেব একটা দায়িত্ব মাছে সেসম্পর্কে তাঁকে সচেতন হতে হবে।

বিভালয়ে যে সময় একটি শিক্ষাথী থাকে ভাব চেয়ে অনেক বেশী সময় সে বার্ডাতে থাকে। দিনের ২৪ দন্টার মধ্যে গড়ে প্রতিদিন কোন শিক্ষাথী বিভালয়ে ০'৪ ঘন্টাব বেশা থাকে ন।। বাকী ২০/২১ ২০টা সে শিক্ষাথীর শিক্ষাগ্রহণে গৃহপরিবেশের শুক্ষ বিভালযেব ৩/৪ ঘন্টা সময় কোন শিক্ষাথীব জ্ঞানার্জনেব একমাত্র স্বযোগ ও সময় হতে পারে না। জ্ঞান ভাগুর দিন দিন সমৃদ্ধশানী হচ্ছে। শিক্ষাথীদের উপর পাঠ্যক্রমের বোঝা দিন দিন বাডছে। জীবনেব সঙ্গে শিক্ষ: একাত্ম হয়ে যাচ্ছে। কাজেই শিক্ষার্থীরা ৰদি গৃহ পরিবেশে জ্ঞানার্জন না করে। তবে বিচ্ছালয়ের সাধ্য নেই যে কোন শিক্ষার্থীর শিক্ষাকে নে সম্পূর্ণ করে। শিক্ষাথীর শিক্ষাগ্রহণে তাই অভিভাবকদের একটি বিশেষ ভূমিকা আছে।

স্থুলেব উরতি করতে হলে অভিভাবকগণ স্থুল্ সম্পর্কে যাতে উৎসাহ নেয় সে

চেষ্টা করতে হবে। স্থুল্ থেকে ছাত্রদের উরতির জন্ম কি করা হচ্ছে তাব

থবর অভিভাবকদের জানাতে হবে। স্থুলের ভাল মন্দেব
বিভালয়ের উরতিতে

লভিভাবকদের সাহায্য

সৃষ্টি কবতে পাবলেই অভিভাবকগণ স্থুল্ সম্পর্কে মনোযাগী

হবেন। স্লের বৈষয়িক উর্নাতর জন্মণ্ড অভিভাবকদের সাথে বোগাযোগ
রাথা দরকাব। বিত্তবান অভিভাবকদের কাছ থেকে অনেক সময় স্থুলের উরতিক
জন্ম দান পাওয়া যায়। বাংলা-দেশের শিক্ষা প্রসারে বেসরকাবী আর্থিক
সাহায্য অনেকথানি সাহায্য কবৈছে।

কোন অভিভাবক এলে প্রধান শিক্ষক তাঁর সাথে ভন্ন ব্যবহার কববেন এইটা স্বাভাবিক। তবু কোন কোন সময় বিপবীত আচরণ কবা হয়েছে একপ অভিযোগ শোনা যায়। ব্যক্তিগত অভিজ্ঞতায় জানি, অনেক সময় ধৈৰ্যচ্যতি ঘটে, কিন্তু কোন অবস্থায় অভিভাবক ক্ষুদ্ধ হতে পারেন অভিভাৰকগণেৰ সঙ্গে এরপ ব্যবহাব করা চলবে না। গ্রামে অনেক দবিত্র ভত্ত ও সহাসু হতি-ছেলের্মেয়েবা পডে। তাদেব অভিভাবকগণ অনেক সময মূলক বাৰহাৰ তাঁদেব আর্থিক অস্থবিধার কথা জানাতে আসেন। <del>া শক্ষক সহায়ভূতির সাথে তাঁদের কথ। ভনবেন ও অত্যন্ত সৌজন্তপূর্ণ ব্যবহাব</del> কববেন। মর্যাদায় সকল মভিভাবকই প্রধান শিক্ষকের নিকট সমান। পাভভাবকদের যে কোন রকম অভিযোগ থাকলে প্রধান শিক্ষক ধৈর্যনহকাবে ভনবেন ও প্রতিকাবের চেষ্টা কববেন। বিহালয়ে অনেক সময় ধনী অভিভাবকদের অতিরিক্ত মর্যাদা দেওয়া হয়। পক্ষাস্তবে দবিদ্র অভিভাবকদেব অবহেলা কবা হয়। এব মাবাত্মক প্রভাব শিক্ষার্থীদের উপর পড়ে। সামাজিক বৈষম্যের তীত্র বিষভাব শিক্ষার্থীদের জীবনে প্রভাব বিস্তার করে; ধার ফলশ্রুতি কপনই ভাল হয় না।

বর্তমানে বিভালয়গুলিতে শিক্ষকদের সঙ্গে অভিভাবকদের সম্পর্ক মধুর হওয়াব প্রযোজন থাকলেও তাঁদের মধ্যে ব্যবধান অনেক বেডেছে। এর কতকগুলি কারণও আর্ডে। শিক্ষকের পাণ্ডিত্য অনেক সময় অভি-শিক্ষক-অভিভাবকদের লাক্ষ ব্যবধান গড়ে তুলতে সাহায্য করে। মধ্যে ব্যবধান বেডে মাধ্যার কারণ করে দেখেন। ফলে শিক্ষক-অভিভাবকগণের ব্যবধান বেডে মাধ্য। এর জক্ত বর্তমান শিক্ষাব্যবস্থাও দায়ী। বর্তমান শিক্ষাব্যবস্থা সমাধ্য থেকে বিচ্ছিন্ন। তার ফলে শিক্ষকদের সঙ্গে অভিভাবকদের ব্যবধান গড়ে উঠেছে।
শিক্ষা সংক্রান্ত প্রাচীন ধারণাও এর জন্মে দায়ী। বহুমান শিক্ষাবিজ্ঞানের মূলসম্বন্ধ অমুধায়ী শিক্ষায় অভিভাবকেব ভূমিকা-সংক্রান্ত মনে।ভাবের অভাব থেকেই
শিক্ষক-অভিভাবক সম্পর্ক গড়ে উঠে না, শিক্ষাব প্রীক্ষাধ্মীতাও শিক্ষকঅভিভাবক সম্পর্ক গড়ে ওঠার অন্যতম শহুবায়।

## ॥ শিক্ষক-অভিভাবক সম্পর্কের প্রয়োজনীয়তা॥

Need for Co-operation of the Teachers and Parents II

শিশুর জীবনে পিতামাত। ও অভিভাবকদেব স্থান থ্বই গুরুত্বপূর্ণ। পিতা-মাতা ও অভিভাবকদের স্বাস্থ্যগত ও চরিত্রগত বহু দোষগুণ শিশুদেব উপর পড়ে!

শিক্ষার্থীর। পিতামাত। ও আভভাবনদেব আচার ব্যবহাব ও অভ্যেসগুলি নিজেদেব মধ্যে অক্লবণ কবে। তা-ছাডাও লীবন সম্বন্ধে শিশুর ভবিশ্বং জীবন সম্পর্বে পিতামাতা ও অভিভাবকগণই সবচেয়ে বেশ উৎসাহী। তাই শিক্ষক-অভিভাবক সম্প্রক পান হলে সে সম্বন্ধে অনেক স্থবিগা হতে পাবে। এই সম্পর্ক পিতামাতা ও অভিভাবকেব বদভাায় ইত্যাদিব অন্ধ মত্লকরণ থেকে-শিক্ষার্থীদের রক্ষা করবে। অভিভাবকগণও তাদেব ছেলেমেয়েদেব সম্বন্ধে সবসমযই খৌজ থবর পাবেন, তাতে শিক্ষার্থীব জীবন আরও সমৃদ্ধ ও সম্ভাবনাম্ব হয়ে উঠবে।

শিক্ষার্থীদের বিভিন্ন শাবীরিক ও মানসিক বোগ তাদেব শিক্ষাজীবনকে
ক্ষতিগ্রন্থ কবে! এংসব শারীরিক ও মানসিক রোগগুলি
শারীরিক ও মানসিক সারানোব জন্ম অভিভাবকদেব সাহায্য প্রয়োজন।
কোগ প্রতিরোধ শিক্ষাথীদেব প্রবৃত্তি (Instinct) ও প্রক্ষোভ (Emotion)
জনিত সমস্থা, অপসঙ্গতিব সমস্থা (Problem of maladjustment) ও অপরাধপ্রবণতা ইত্যাদি সমস্থাগুলি রোধ বববাব জন্ম শিক্ষক-অভিভাবক সম্পর্ক

শিক্ষক ও অভিভাবক সম্পর্ক শিক্ষাথীদেব মধ্যে কতকগুলি গুণাবলীর বিকাশ
সাধনে সাহায্য করে। শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা, চরিত্রবিভিন্ন গুণাবলীর
গঠন, অভ্যেস নিয়ন্ত্রণ, সামাজিক আচরণ, ব্যক্তিসভা গঠন
বিকাশ সাধনের প্রচেষ্টা
ইত্যাদির জন্ম শিক্ষক-অভিভাবক সম্পর্ক প্রয়োজন, শিক্ষক
ও অভিভাবকদের যৌথ প্রচেষ্টাই শিক্ষার্থীব জীবনে এইসব গুণাবলীব বিকাশ
ঘটাতে পারে।

বতমান শিক্ষাব্যবশ্বায় বাড়ীতে পড়াশুনা, অন্থূলীলন ও গৃহকর্মের একটি বিশেষ ভূমিকা আছে। বিভালয়ে কোন বিষয় সাধারণভাবে বৃঝিয়ে দেওয়। হয়।

তার উপর ব্যাপক পড়াশুনা, চিস্তা-ভাবনা, কাজকর্ম ও
অন্থূলীলন শিক্ষাগার। বাড়াতৈই করে। প্রতিটি বিভালয়ে
শিক্ষাথীদেব Home Task দেওয়া হয়, বাড়ীতে এইসব পড়াশুন।
অন্থূলীলন ইত্যাদি শিক্ষাথীর। গৃহ পরিবেশে অভিভাবকদের নারিধ্যেই
কবে। কা.জই শিক্ষাথীর শিক্ষাগত অগ্রগতির জন্ম শিক্ষক-অভিভাবক সম্পক্ষ

শিক্ষা এক অবিচ্চিন্ন অভিজ্ঞত। প্রবাহ। শিক্ষার্থীবা এই অভিজ্ঞতা সঞ্চয় করে বিফালয় ও গৃহ পরিবেশ থেকে। জীবনেব এই বছবিচিত্র অভিজ্ঞতাব সঞ্চয়নে শিক্ষা এক আভিডাবকদের এক বলিষ্ঠ ও দায়িত্বপূর্ণ ভূমিক। শিক্ষা এক আভিডার পাছে। জীবন ও সমাজেব বিভিন্ন অভিজ্ঞত। শিক্ষার্থীব অভিজ্ঞতা প্রাং গৃহ পণিবেশেই অভন কবে। সেক্ষেত্রে অভিভাবকদেব ভূমিকা খ্রই কাবকরা। আব বিভালয় পরিবেশে শিক্ষার্থীব শিক্ষা ও আভিজ্ঞতঃ সঞ্চার শিক্ষকেব প্রযোজনীয়তা অনুষ্ঠীকার।

শিক্ষাথীবা দিনেব আধকাংশ সময় গৃহ পরিবেশে থাকে। দিনের ২৪ ঘন্টাব মধ্যে দৈনিক গড়ে প্রায় ৩.৪ ঘন্টা সময় শিক্ষাণীবা বিভালয় পরিবেশে কাটায়। গৃহপবিবেশ ও শিক্ষা কাজেই শিক্ষাজীবনে গৃহ পবিবেশেব গুকত্বও কম নয়। গৃহ পবিবেশে শিক্ষাণীব এই শিক্ষাকে সম্পূর্ণ করে তুলতে শিক্ষক ও অভিভাবক সম্পূর্ণ প্রযোজন।

বিছালয়েব সঙ্গে সমাজের সম্পক গডে তুলবাব জন্মও অভিভাবক-শিক্ষক শিলালয়ও সমাজ সম্পর্ক প্রয়োজন। বর্তমানে সমাজেব থেকে বিছালয়গুলি বৈচ্ছিত্র হয়ে পডেছে। তা-ছাডা শিক্ষাণীদের মধ্যে সামাজিক গুলাবলী ও গণতান্ত্রিক চেতন। গডে তুলবাব জন্ম শিক্ষক ও অভিভাবক সম্প্রক গডে তোলা দ্বকাব।

বিত্যালয় সংগঠনের জন্ম ও শিক্ষাথীর শিক্ষাব অগ্রগতির জন্ম শিক্ষক ও

মাভভাবক সম্পর্কেব প্রয়োজনীয়ত। সকলেই স্বীকাব

করেছেন। কিন্তু প্রশ্ন আদে যে, সে সম্পর্ক কি ভাবে

সম্পর্ক গড়ে ভোলাব

উপায় ও পছতি

মাধ্যমে শিক্ষক-অভিভাবক সম্পর্ক (Means and Methods for the establishment of Parent-Teacher Co
Operation) গড়ে ভোলা যায়—

॥ ১॥ প্রথান শিক্ষকের দায়িত্ব (Responsibility of the Head master): শিক্ষক অভিভাবক সম্প্রক সাপনে প্রধান শিক্ষকের দায়িত্বই সর্বাধিক। কাবণ প্রধান শিক্ষকের সঙ্গেই অভিভাবকদেব সম্পর্ক বেশী।

প্রধান শিক্ষকের মধ্ব ব্যবহার ও সহামুণ্ডাত শিক্ষক-অভিভারক সম্পর্ক স্থাপনে সহাযতা কবে অভিভাবকগণ শিক্ষাথাদেব ভতির সময় প্রধান শিক্ষকের কাছে আদেন, বেতন পত্র দিতে প্রধান শিক্ষকের কাছে আসেন, পবীক্ষাব ফল প্রকাশেব সময় প্রধান-শিক্ষকের কাছে আসেন। তাছাডা নানা সমস্যা ও অস্তবিধার সময়ও অভিভাবকগণ প্রধান শিক্ষকের কাছে আসেন। এই স্থযোগে প্রধান শিক্ষক ধারে ধীরে শিক্ষক ও অভিভাবকদেব

মধ্যে মধ্ব সম্পর্ক গড়ে তুলতে পাবেন। প্রধান িক্ষক সব অভিভাবকদের সঙ্গে মধ্ব ও সমান ব্যবহাব করীবেন, তাদেব প্রতি সহাস্তৃতি দেখাবেন। অভিভাবকদের কথা মন দিয়ে শুনে বিভিন্ন সমস্তা সমাধানেব জন্ম আন্তরিক সহযোগিতা কববেন। এই স্থযোগে প্রধান শৈক্ষক মহাশ্য স্বান্তান্ত শিক্ষকদের সঙ্গে অভিভাবকদেব প্রিচয় কবিয়ে দিতে পারেন।

॥ ২ ॥ সহ শিক্ষকদের ভূমিকা (Role of the Asstt. teachers) :—
শিক্ষক-মভিভাবক সম্পর্ক গড়ে ভোলার দায়িত্ব শুধুমাত্র প্রধান শিক্ষকদের নয় .

বে কোন হয়েই হোক
সহন্দিককাণ অভিভাবকদেব সঙ্গে সম্পক স্থাপনে অগ্ৰণী ভামিকা নেবেন এ দায়িত্ব সহাশক্ষকদেরও আছে। তারাও ওই সম্পর্ক স্থাপনে অগ্রণী ভূমিক। নেবেন। প্রত্যেক ক্রেণী-শিক্ষক (Class teacher: সেই শ্রেণীর ছাত্রদের অভিভাবকদের দঙ্গে পবিচয় রাগবেন। এ ছাডাও সমস্ত শিক্ষককে সচেতন ও উদ্দেশ্য প্রণোদিতভাবে এই সম্পর্ক গড়ে তোলাব দায়িত্ব নিতে হবে। মধুর ও ভদ্র ব্যবহাব, সহারুভুতি, উদারতা, শিষ্টাচাব,

দরদয়তা ইত্যাদির সাহায্যেই শিক্ষকগণ এ কাজ করতে পারেন, বধনই কোন শিক্ষক (যে কোন কাবণ বা উপায়েই হোক) কোন অভিভাবকের সারিধ্যে আসবেন তথনই তিনি এগিয়ে এসে চাঁব সঙ্গে পরিচিত হবেন, আলাপ আলোচনা করবেন।

॥ ৩॥ বিস্তালয় পরিচালক সমিতি (School Managing Committee) — বিভাগর পরিচালক সমিতিতে অভিভাবকদের একাধিক প্রতিনিধিত্ব থাকে। এই প্রতিনিধিরা নির্বাচনের মাধ্যমে আসেন। পরিচালক সমিতির অভিভাবকদের এই প্রতিনিধিবা শিক্ষক অভিভাবক সম্পক্ত ভূমিক। তাছাডাও পরিচালক সমিতিও নিজের ক্ষমতাবলে এ ধরনের গঠনমূলক বিভিন্ন পবিকল্পনা গ্রহণ করতে পারেন।

॥ ৪ ॥ অভিভাবকদের নিকট নিক্ষার্থীবের সম্বন্ধে বিবরণ প্রেরণ
(Reporting to the parents about the Students):—বিভালর
নিক্ষার্থীদের পরীক্ষা, আচরণ, শারীরিক অমুস্থতা, মানসিক
ক্ষিকার্থীবের সম্পর্কে
কমস্তা ও শৃঙ্খলা ঘটিত বিভিন্ন বিবৰণ অভিভাবকদের কাছে
ব্যেরণ করতে পারে। ফলে অভিভাবকেরা তাঁদের ছেলেমেয়েদের সম্বন্ধে ষ্পাষ্পভাবে অবহিত হয়। এইসব সমস্তা সমাধানের পথ তথন
প্রশন্ত হয়।

॥ ৫॥ গৃছ পরিদর্শন (Home Visit) ঃ— শিক্ষকগণ কয়েকটি দলে বিভক্ত হয়ে শিক্ষার্থীদের গৃহ পরিদর্শনের মাধ্যমে তাদের মাতাপিতা ও অভিভাবকদের শিক্ষকগণ শিক্ষার্থীদের

নাজী বাবেন

মধুর সম্পন গডে উঠে। আলাপ আলোচনাব মাধ্যমে
শিক্ষার্থীদের শিক্ষাশংক্রান্ত অনেক সমস্যা সমাধান হতে পারে।

॥ ও ॥ বিশ্বালয়ের উৎসব অনুষ্ঠানে অভিভাবকদের আমন্ত্রণ (Invitation to the Parents for Attending the School

Functions) ঃ—বিজ্ঞালয়ে বিভিন্ন সময় যে সমস্ত সামাজিক বিজ্ঞালয়ের সামাজিক ও সাংস্কৃতিক উৎসব হব তাতে অভিভাবকদেব আমন্ত্রণ ভানাতে হবে। ফলে অভিভাবকগণ বিজ্ঞালয়ে আসবাব স্থাোগ পাবেন। সেই সত্ত্রেই শিক্ষক-অভিভাবক সম্পর্ক গড়ে উঠবে। তাঁদের সহবোগতাম বিজ্ঞালয়েব সমাজজীবন ও মুগবিত হয়ে উঠবে।

অভিভাবক ও বিভালমের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক কি কবে স্থাপিত হতে পারে সে উদ্দেশ্যে W. M. Ryburn বিভালয়ের অভিভাবক দিবস (Parents' Day) প্রতিপালন ও অভিভাবক-নিক্ষক-সমিতি (Parent-teacher Association) স্থাপ্নের কথা বলেছেন।

া। ৭।। **অভিভাবক দিবস (Parents' Day):**—বছরের একটি নির্দিষ্ট দিনকে অভিভাবক দিবস হিসেবে ঘোষণা করতে হবে। ঐদিন সমস্ত অভিভাবককে বিভালয়ে আমন্ত্রণ জানাতে হবে। ধনী-গরীব কোনকপ ভেদাভেদ করলে চলবে না। বছবের এই নির্দিষ্ট দিনটি বিভালয়ে অভিভাবকদের

না। বছবের এই নিদিপ্ট দিনটি বিভালয়ে আভভাবকদের
অভভাবক দিবস
ভাগমনে মৃথর হয়ে উঠবে। অভিভাবক-দিবস উদ্ধাপনেব
ভদ্যাপনের শিক্ষাগত
জ্ঞ ছাত্র, শিক্ষক ও বিভালয় পরিচালক দমিতিকে উত্যোগ
দিব্
ও দায়িত্ব নিতে হবে। সবস্বতী পূজোর সময় কয়েকদিন
বিভালয় উৎসব ম্থর থাকে। তাবই মধ্যে কোন একটি দিনকে অভিভাবক
দিবস হিসেবে পালন করা যায়। এই দিবস প্রতিপালনের শিক্ষাগত উদ্দেশ্য
থাকবে। সে উদ্দেশ্য হ'ল শিক্ষক ও অভিভাবক মিলে শিক্ষাথীদের জ্ঞানার্জনে

সাহায্য করা। এই ধরনের অভিভাবক দিবসকে নিম্নলিখিত কর্মস্থচী অস্থ্যায়ী পালন করা যায় ;—

কে) অভ্যর্থনা (Reception):—অভিভাবক দিবদে নিমন্ত্রিত অভিভাবকদের সাদর অভ্যর্থনা জানাতে হবে। এর জন্ম পূর্ব থেকে একটি অভ্যর্থনা সমিতি তৈরী করা প্রয়োজন। এই অভ্যর্থনা সম্পূর্ণ আস্তরিক হবে। অভ্যর্থনার সময় চা বা cold drinks ইত্যাদির সঙ্গে ফুল ইত্যাদি প্রেজাবন্দরে মধ্যে অভ্যর্থনার সময় অভিভাবকদের মধ্যে ধনী দরিদ্র, উচ্চ নীচ, শিক্ষিত, অশিক্ষিত ভেদাভেদ করলে চলবে না। সমস্ত অভিভাবককেই পূর্ণ সামাজিক মর্যাদা দিতে হবে। অভ্যর্থনার সময় প্রচলিত সামাজিক শিষ্টাচার ও সৌজন্ম বোধ মেনে

হবে। অভ্যর্থনার সময় প্রচলিত সামাজিক শিষ্টাচার ও সৌজগু বোধ মেনে চলতে হবে। এই জাতীয় অভ্যর্থনার মধ্য দিয়েই শিক্ষক অভিভাবক সম্পর্ক গড়ে উঠবে।

- খে) প্রদর্শনী (Exhibition) ঃ—অভিভাবক দিবদে একটি প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। প্রদর্শনীর মধ্য দিয়ে ছাত্রদের যোগ্যতার নিদর্শন স্কচক তাদের নানারকম হাতের কাজ অভিভাবকদের সামনে উপন্থিত করা হবে। ছাত্রদের আঁকা ছবি, ম্যাপ, গ্লোব, নানারকম মাটির পুতৃল, মডেল্ প্রভৃতি দিয়ে প্রদর্শনীকে আকর্ষণযোগ্য করে তোলার চালনাধীন থাকবে

  চেষ্টা হবে। এছাডা চার্ট, পোস্টার ও পরিসংখ্যান প্রভৃতির সাহায্যে স্ক্লের ক্রমোর্রিড, শিক্ষণ-পদ্ধতি, খেলাধূলার ব্যবস্থা, ছাত্রেরা যে সব সামাজিক কাজে অংশ গ্রহণ কবেছে তার সাথে অভিভাবকদের পরিচিত করান যায়। প্রদর্শনীতে বিভিন্ন বিষয়ের (subject) শিক্ষাথীরা বিভিন্ন Stall (যেমন, History Stall, Physics Stall ইত্যাদি) দিতে পারে। এই প্রদর্শনী ছাত্রদের ঘারা নিমন্ত্রিত হবে। প্রদর্শনীর মাধ্যমে একদিকে যেমন শিক্ষক-অভিভাবক সম্পর্ক স্প্রতিষ্ঠিত থাকবে অন্ত দিকে তেমনি ছাদের শিক্ষাগত উন্নয়নের পথও খুলে দেবে।
  - (গ) প্রীতিভাজ ( Grand Feast ):— অভিভাবক দিবসে একটি প্রীতি-ভোজের ব্যবস্থা রাগতে হবে। তাতে শিক্ষক ও অভিভাবক উভয়েই অংশগ্রহণ করবেন। শিক্ষক ও অভিভাবক যে একই সামাজিক মর্যাদার অধিকারী সেকথা প্রতিষ্ঠিত করার প্রস্নোজন আছে। তাতে অভিভাবক-শিক্ষক সম্পর্ক স্থাপনের স্থবিধা হবে।
  - খে) আলোচনা (Discussion):—অভিভাবক দিবসে শিক্ষক ও অভিভাবকদের মধ্যে আলোচনার প্রয়োজন আছে। বিভালয়ের আর্থিক অবস্থা, শিক্ষার্থীদের বিবিধ অভিযোগ ও সমসা, শিক্ষাধান পর্গতি, শৃশুলা, পরীকা

ইত্যাদি বিষয়ে আলোচনা হবে। আলোচনায় শিক্ষক, অভিভাবক ও বাইরের কোন নিমন্ত্রিত বিশেষজ্ঞ (Expert) অংশ গ্রহণ করবেন। আলোচনার মাধ্যমে বিভালয় ও শিক্ষার্থীদের উন্নতি সম্বন্ধে অনেক সিদ্ধান্ত গৃহীত হতে পারে।

- (ঙ) বিস্তালর গৃহ পরিমর্শন (Inspection of the school building) :- অভিভাবকগণ বিভালবেব বিভিন্ন কক্ষ পরিদর্শন করবেন, এবং বিভালরের স্থবিধা-অস্থবিধাব সঙ্গে একাত্ম হবেন। এ বিষয়ে শিক্ষকগণ তাঁদের সাহায্য করবেন। তাতে শিক্ষক-অভিভাবক সম্পর্ক স্থদ্ট ভিত্তির উপর প্রতিষ্ঠিত হবে।
- ॥৮॥ উৎসব অমুষ্ঠান (Social Functions):— এ দিনেই বিকালের দিকে বিভালের প্রতি থেলাধূলা ও উৎসব অন্নষ্ঠানের ব্যবস্থা থাকবে। ছাত্রছাত্রী-শিক্ষক-অভিভাবকদেব থেলাধূলাতে গান-বাজনা, আর্বন্তি, অভিনয় ইত্যাদি অমুষ্ঠিত হবে। অনুষ্ঠানগুলি শিক্ষামূলক হবে এবং তার মধ্য দিয়ে শিক্ষক-অভিভাবক সম্পর্ক ক্রপ্রতিষ্ঠিত হবে।
- ॥৯॥ শিক্ষকদের সঙ্গে আলোচনা (Discussion with the Teachers) :— প্রধান শিক্ষক ও সহশিক্ষকগণ সর্বক্ষণের জন্ম উপস্থিত পাকবেন। শিক্ষাব সাফল্যের জন্ম অভিভাবকদের সহযোগিতার প্রয়োজনীয়তার কথা তাঁদের বোঝাতে চেষ্টা করবেন। প্রধান শিক্ষক স্থলের বিভিন্ন সমস্তা ও শিক্ষাব সমস্তা নিয়ে আলোচনা করতে পাবেন। স্বলেব সাথে অভিভাবকদের সম্পর্ক যাতে ঘনিষ্ঠ হয তার সরবক্ষম ব্যবস্থা করা হবে। ছেলে স্থলে যায় আরু আমি নিয়মিত মাইনে দিছি, এতেই আমাব সব দায়িত্ব শেষ হয়ে গেল অভিভাবক বেন এ ভাববাব স্থযোগ না পান। অভিভাবক দিবসে উপস্থিত থেকে স্বাই স্থলেব কার্যিবাব সাথে পবিচিত হবেন, স্থলেব উন্নতিব কথা চিন্তা করবেন, স্বর্গেপরি ছেলেব শিক্ষায় শিক্ষকেব সাথে তাঁরও একটা বিবাট দায়িত্ব আছে এ সম্পর্বে সচেতন হবেন তাহলেই অভিভাবত দিবস পালনেব উদ্দেশ্য সিদ্ধ হবে। আলোচনার পর কিছু কিছু যৌথ কর্মসূচী গ্রহণ করা থেতে পারে।
- ॥১০॥ **অভিভাবক-ৰিক্ষক সমিতি** (Parent-teacher Association) :—অভিভাবক দিবসে একদিনের জন্ম স্থুলে এসে অভিভাবকগণ আনন্দ
- উৎসবের ফাকে ফাকে শিক্ষকদেব সাথে শিক্ষা ও স্থুলের অভিচাৰক দ্বিশি সমস্যা নিষে একটু আলোচনা কবেন। সেই স্বল্পসায়ী প্রয়োজনাব্যা প্রয়োজন একটি স্বায়ী সমিতিব। অভিভাবকগণের প্রতিনিধি ও শিক্ষকগণকে নিয়ে ধদি স্থায়ীভাবে অভিভাবক-শিক্ষক সমিতি স্থাপিত হয় তাহলে স্কুলের বহু সমস্যা সমাধানেব স্ববিধা হয়।

এরপ সমিতিতে প্রধান শিক্ষকসহ সমস্ত শিক্ষক ও অভিভাবকদের সকলেই

সাধারণ সভ্য হবেন। সমিতির কার্যকবী সমিতিতে শিক্ষক ও অভিভাবকদের
নিবাচিত প্রতিনিধিরা থাকবে। অভিভাবক প্রতিনিধির সংখ্যা নির্দিষ্ট থাকবে
না। একজন অভিভাবক সমিতির সভাপতি হবেন। প্রধান শিক্ষক হবেন
সম্পাদক। প্রতি মাসে সমিতির একটি করে সভা হবে।
সমিতিব সংগঠন
প্রতি বছরই সমিতি নতুন করে গঠিত হবে। সমিতির
এ জন কোষাধ্যক্ষ থাকবে। সমিতিব আয় ব্যয়ের হিসেব থাকবে। বিভিন্ন
থাতাপত্র যথাযথভাবে নিয়ান্ত্রত হবে। সমিতিব একটি অফিস ঘর থাকবে।
স্থানীয় সমস্তা অন্থায়ী সাধাবণ শিক্ষা বিয়য়ক আলোচনার সাথে স্কুলের দৈনন্দিন
সম্প্রা নিয়েও আলোচনা হবে। স্কুলে শিক্ষক কি প্রীক্ষণ-পদ্ধতি বা অন্ত কোন
বিঘ্রে কোন নতুন প্রথা বা নিয়ম প্রভালিত করার আগে এই সামিতিতে আলোচনা
ক্রে নিলে অভিভাবকদের সহযোগিতা লাভ সহজ হবে। নতুন প্রকীক্ষা-নিবীক্ষাব
ক্রাফল নিয়েও এথানে আলোচনা কবা হবে। স্কুলে শৃন্ধলা রক্ষার কোন
অন্তবিধা স্কিই হলে অভিভাবক-সমিতি সক্রিয় ভাবে সাহায্য ব্রতে পারেন।

Notice দিয়ে Moeting ডেকে স্মতির কার্যকরী সভা ও সাধারণ সভা কাজ করবে। বিভিন্ন সমস্যা অন্থয়ারী সমিতির আলোচনা হবে। শিক্ষা বিষয়ের আলোচনাব সঙ্গে বিছ্যালয়ের দৈনন্দিন সমস্যাও পরীক্ষা ব্যবস্থা নিয়েও আলোচনার স্থান পাবে। বিছ্যালয়েব শিক্ষাদান পদ্ধতি ও পরীক্ষা ব্যবস্থা নিয়েও আলোচনা হতে পাবে। শিক্ষা ক্ষেত্রে নতুন পরীক্ষানিরীক্ষার ব্যাপার নিয়েও এই সভা আলোচনা ক্বতে পারে। বিছ্যালয়ে শিক্ষার্থীদেব শারীরিক ও মানসিক রোগ নিয়েও এই সমিতি কাজকর্ম করবে। ছাত্র বিশৃঞ্জাব সময় অভিভাবক-শিক্ষক সমিতির একটি বলিষ্ঠ ভূমিকা থাকবে। বর্তমানে পরীক্ষার যে ব্যাপক নকল করা চলছে সে নিয়েও এই সমিতি আলোচনাব মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। কোন দরিক্র ছাত্রকে এই সমিতি অর্থ সাহায্য দিতে পারে। এই সমিতি বিছ্যালয়ের কিছু কিছু উৎসব অন্থর্ছানের ব্যবস্থা করতে পারে। বিছ্যালয়ের সামগ্রিক উন্নয়নের কথাও এই সমিতি ভাববে।

স্কুল্ ও গৃহের সাথে যোগাযোগ রক্ষায় অভিভাবক-শিক্ষক সমিতি বিশেষ সহায়ক। শিক্ষার্থীর সম্পর্কের ও তাব পরিবেশ জানতে অভিভাবকের সহযোগিত। অত্যাবগুক। যেথানে অভিভাবক-সমাজ শিক্ষিত ও সচেতন সেথানে এরপ সমিতি-শিক্ষক অভিভাবক উভয় পক্ষেরই উপকার সাধনে সমধ। বিভাবি ও গৃহেব মধ্যে প্রধান শিক্ষক যতবেশা সংখ্যক সম্ভব অভিভাবকের সাথে যোগাযোগ স্থাপন
ব্যক্তিগতভাবে পরিচিত হতে চেটা করবেন। শ্রেণী শিক্ষক

ব্যাক্তগতভাবে পারাচত হতে চেষ্টা করবেন। শ্রেণী শক্ষক শ্রেণীর প্রত্যেকটি ছেলের অভিভাবকের সাথে যোগাযোগ রক্ষা, করবেন। অভিভাবক শিক্ষকের পারস্পারিক সহযোগিতাব ফুলে শিক্ষার্থী দম্পর্কীত বহু সমস্থার সহজ মীমাংসা সম্ভব হবে। স্ক্লের সাথে যোগ থাকায় স্ক্লের কোন কাজ সম্পর্কে অভিভাবকদের মনে ভুল ধারণা স্বাষ্টির অভিযোগ থাকবে না। শিক্ষার্থীর সম্পর্কে বিভালয় ও অভিভাবকের যে দায়িত্ব ও কর্তব্য রয়েছে তা স্বষ্ঠুভাবে পালন করতে হলে শিক্ষক-অভিভাবক সম্পর্ক ঘনিষ্ঠ হওয়। দরকার, এতে উভয় পক্ষই উপকৃত হবেন।

শিক্ষক অভিভাবক সমিতি বিহালয়ে শিক্ষক-সমাবেশ (Educational Conference) করতে পারেন। বিভিন্ন শিক্ষাবিদকে এনে শিক্ষা সমাবেশ এই স্থাতীয় সমাবেশে আধুনিক শিক্ষাতত্ত্ব, দর্শন, পদ্ধতি, সংগঠন, শৃদ্খলা, পবীক্ষা প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আলোচনাব ব্যবস্থা করা ষেতে পারে।

—এইভাবে শিক্ষক ও অভিভাবকদের মধ্যে মধুর সম্পর্ক গড়ে উঠবে। তাতে বিচ্যালয়ের সামগ্রিক উন্নতি হবে, এবং শিক্ষার্থীদের শিক্ষাগত অগ্রগতিত্তিরেখযোগ্যভাবে এগিয়ে চলবে।

আমাদেব প্রাচীন শিক্ষাব্যবস্থায় ছাত্র-শিক্ষক সম্পর্ক মধুব ছিল। কিন্তু

## ॥ শিক্ষক-ছাত্র সম্পর্ক॥

## || Pupil-teacher Relationship ||

পরবর্তীকালে পাশ্চাত্য সভ্যতার স্পর্শে সে ব্যবস্থ। পবিবতিত হয়। পাশ্চাত্য দেশের যন্ত্র দভাতাব স্পর্শে এ দেশের শিক্ষা ব্যবস্থাও পবিবতিত হয়। <u>চাত্র</u> শিক্ষকের মধুব সম্পর্ক ক্রমশঃ বিনষ্ট হয়ে যায়। উভয়ের মধ্যে ব্যবধান ক্রমশঃ নেডে যায়। বর্তমানে ছাত্র-শিক্ষর সম্পর্ক তাই থুব মধুর প্রাচীন শিক্ষাবাবস্থা ও নয়। অথচ শিক্ষাতত্ত্ব, শিক্ষ:-বিজ্ঞান, মনকত্ত্ব ও শিক্ষাদান আধুনিক শিক্ষাবাবস্থা পদ্ধতিব বিচার করলে দেখা যায় যে, ছাত্র-শিক্ষকের মধুর সম্পর্ক ছাড়। শিক্ষার্গীব যথাযথ শিক্ষাগ্রহণ সম্ভব নয়। পাশ্চাত্য সভ্যতাব ব্যক্তি স্থাতন্ত্রের অতি-মাধিক্যের অমোদ প্রভাব আমাদের শিক্ষা-ব্যবস্থার উপর পড়েছে। বর্তমান যগে সমাজ ব্যবস্থা জটিল হয়েছে। ফলে শিক্ষকের জীবনের সমস্রা ও ভটিলতা অনেক বেডেছে। তাই ছাঃ-শিক্ষক মধুর সম্পর্ক স্থাপন করতে যে সময়ের প্রয়োজন তাঁব পক্ষে সে সময় দেওয়া সম্ভব নয়। চাত্ৰ-শিক্ষক সম্পৰ্ক চাত্রদের পক্ষেও এই জটিলতা সমানভাবে কাজ করে। গড়ে ন। ওঠার কাবণ ব্যক্তিস্থাত্ত্বের উগ্র আলোয় যৌথ মনোভাব সম্পূর্ণ বিনষ্ট হতে বসেছে। বর্তমান শিক্ষা-ব্যবস্থা ও ছাত্র-শিক্ষক সম্পর্ক স্থাপনের কোন স্থােগ রাথে নি। শিক্ষকদের পাণ্ডিতা, আত্মাভিমান ও অহংকারও এই সম্পর্ক গভে না ওঠার কারণ। তাঁবা ছাত্রদের কাছ থেকে দূবে দূরে থাকতে চান। বিভালয়ের নিদিষ্ট সময়-তালিকার মধ্যেকার কাজ কোন ক্রমে সেরে

তারা বিভালয় থেকে বিদায় নেন। রাস্থাঘাটে ছাত্রদের সঙ্গে দেখা হলে তাঁরা অক্তদিকে মুখ করে চলে যান। এ সমস্ত কারণে ছাত্র ও শিক্ষকের মধ্যে মধুব সম্পর্ক গড়ে ওঠে নি। সামাজিক, অর্থ নৈতিক, পরীক্ষা ব্যবস্থাও শিক্ষা-ব্যবস্থার ক্রেটিগুলি এই সম্পর্ক গড়ে না ওঠার জন্ম বিশেষ ভাবে দায়ী।

বর্তমান শিক্ষা-ব্যবস্থা শ্রেণীপাঠনের (class teaching) উপর নির্ভরশীল।
শ্রেণীশিক্ষাদানে ব্যক্তি উপেক্ষিত হয়। এক একটি শ্রেণীতে ৩০।৪০ জন ছাত্র
থাকে। সময়-তালিকায় শিক্ষক.এক একটি শ্রেণীর জক্ত
শ্রেণীপাঠন ও বাজিগত বৈষম্য
কার্য সম্পন্ন করে ছাত্রদের সঙ্গে মধুব সম্পর্ক গড়ে তোলা যায়
না। আধুনিক শিক্ষা বিজ্ঞান ও শিশু মনস্তব্ব যেথানে ব্যক্তিগত বৈষম্যের
(Individual difference) উপর সর্বাধিক গুরুত্ব দিয়েছে সেথানে শ্রেণী পাঠন
অস্তঃসার শৃত্য। শিক্ষাদানকালে ব্যক্তিগত বৈষম্য যথাযথ ভাবে রক্ষা করতে
হলে ছাত্র-শিক্ষক সম্পর্ক একান্ত প্রয়োজনীয়।

বর্তমানে ছাত্র বিশৃষ্থলা চরমে উঠেছে। এই বিশৃষ্থলাব সমস্য দায়-দায়িত্ব কেবল মাত্র ছাত্রদের উপর চাপিয়ে দিলে চলবে না। ছাত্রদেব সঙ্গে মিশে তানেব সমস্যাব কথা, জীবনের কথা ও মনের কথা জানতে হবে। ভাত্র বিশৃষ্থলা তারপর গঠন মূলক পথে এই সমস্যার সমাধান করতে হবে। দেশের অগণিত যুবককে বেকার রেখে শৃষ্থলা বোধের বড় বড় কথা ও উপদেশ শুনিয়ে কোন লাভ নেই। ছাত্রদের সঙ্গে মিশতে হবে, তাদের কথা জানতে হবে। গ্রীতি, শুভেচ্ছা ও ভালবাদার পথই সে সমস্যার সমাধান করতে পাবে।

বর্তমানে পরীক্ষার হলে ব্যাপক ত্নীতি ছাত্রসমাজ ও শিক্ষা ব্যবস্থাকে এক চরম সংকটেব মৃথে ফেলেছে। এই সমস্যা সমাধানের জন্মও ছাত্র-শিক্ষক সম্পর্ক প্রয়োজন। ত্নীতির বোঝা ছাত্রদেব উপর চাপিয়ে লাভ পরীক্ষা হলে ছনীতি নেই। যেথানে হাজার হাজার ইঞ্জিনীয়াব বেকার সেথানে হিতোপদেশ শুনিয়ে লাভ নেই। পরীক্ষা ব্যবস্থার সংস্কাব, শিক্ষা সংস্কার করে এ সমস্যার মোকাবিলা করতে হয়। ছাত্র-শিক্ষকের মধুর সম্পর্ক এই সমস্যা অনেক থানি কাটিয়ে উঠতে পারে। এই মধুর সম্পর্ককে কাজে লাগিয়ে শিক্ষক ছাত্রদের মনের কথা জানতে পারেন। তারপর আলাপ-আলোচনার মাধ্যমে এ সম্বন্ধে দিদ্ধান্ত গ্রহণ করে যৌথ প্রচেষ্টায় শিক্ষা ও পরীক্ষাকে ত্নীতি মৃক্ত

ছাত্র-শিক্ষক সম্পর্ক শিক্ষার্থীদের শিক্ষাঞ্জীবনকে বিশেষভাবে প্রভাবিত করে।
একটি উত্তপ্ত পদার্থ যেমন তার পাশের পদার্থকেও উত্তপ্ত করে তুলে। তেমনি
শিক্ষকের সানিধ্যে থেকে শিক্ষার্থীরাও তার জ্ঞানের আলোকে উদ্ভাসিত হয়।
শিক্ষক-শিক্ষার্থীর ব্যক্তিমত্বা গঠনে সাহায্য করেন। তার জীবনের পথ চলাকে

স্থাম করেন। সামাজিকতা, ভদ্রতা, শিষ্টাচার, সৌজ্ঞাবোধ, স্বার্থত্যাগ, বিনয় ও ভদ্র ব্যবহাব শিক্ষার্থীরা শিক্ষকের কাছ থেকেই অর্জন কবে। ,শিক্ষার্থীর জীবনের অনেক সমস্রা শিক্ষক তার ব্যক্তিগত পরিচয়ের ছার শিক্ষক সম্পর্ক পাধ্যমে সমাধান করতে পারেন। শিক্ষকের মঙ্গের মধ্যমে সমাধান করতে পারেন। শিক্ষকের মঙ্গের মঞ্জেন শিক্ষার্থীব শিক্ষার্থীব শিক্ষার্থীবা এই সম্পর্ক বলে দ্বিধাহীন চিত্তে শিক্ষকের কাছে গিয়ে বিভিন্ন বিষয় জেনে নিতে পাবে। উদাবতা, নৈতিক শিক্ষা, আত্মপ্রত্যয়, ধৌণমনোভাব, গণতাদিক চেনা ও সমাজ-তান্থিক চিন্তাধার। শিক্ষার্থীরা শিক্ষকের কাছ থেকে লাভ করে। সহাত্মভৃতি, সহদয়তা ও সহযোগিতার সাহায্যে শিক্ষক ছাত্রদেব সধ্যে মধ্র সম্পর্ক গড়ে তুলতে পাবেন। আব শ্রন্ধা, জিজ্ঞাসা, সদিজ্ঞাব দাহায্যে শিক্ষণিবা শিক্ষকের মধ্যে মধ্য সম্পন্ধ গড়ে তুলতে পাবেন।

## ॥ বিভালয় পরিদর্শন॥

### || School Inspection ||

আমানের দেশে শিক্ষাক্ষেত্রে প্রিদশনের ব্যবস্থা বত পুরাতন। বিছালয় গবিদশনের মধ্যে Your paycholog, ভড়িয়ে আছে। কারণ প্রিদশক ওলে বিভালমে ছাত্র, প্রধান শিক্ষক, শিক্ষক, সমস্থ শিক্ষাকর্মী ও প্রিদশকের আচন্দ্রত কর্মানের আমলাতান্ত্রিক শাসন ব্যবস্থায় প্রিদশকের ভ্নিকা মোটেই গঠনমূলক নয়। পারদর্শক স্বসম্য বিভালয়ের ভুল ক্রটি খুঁজে বেব করার চেষ্টা ক্রেন। আর বিভালয়ের কর্তৃপক্ষ ভাচাপা দেওয়ার জন্ম ভোগামোদ, ভাল খাওয়া-দাওয়া, অনেক সময়

উৎকোচ পর্যন্ত দেন। ফলে পরিদর্শনের আদল লক্ষ্য ও উদ্দেশ্য বিনষ্ট হয়। ও প্রতি প্রদেশে শিক্ষাপরিচালনার সর্বোচ্চ শিখরে আছে State Education

Department. গণতান্ত্রিক বাষ্ট্র কাঠামোতে শিক্ষামন্ত্রীই তার নিয়ন্ত্রক। Education Secretariate শিক্ষা সংক্রান্ত নীতি নির্ধারণ করেন। বিভিন্ন পর্বাবন আর Director of Public Instruction তা বাস্প্রে পরিদর্শক ক্রপায়ণ করেন। বাজ্যন্তরে পরিদর্শনের সর্বোচ্চ তরে আছে Primary, Secondary, Female education-এব জন্ম এক একজন করে Chief Inspector/Inspectross থাকেন। জেলান্তরে একজন District Inspector থাকেন। তাঁকে দাহায্য করেন সহকারী জেলা পরিদর্শক (A. D. I.)। এছাড়াও Social Education, Physical Education, Technical Education ইত্যাদির জন্ম এক একজন করে Chief Inspector থাকেন। প্রাথমিক বিভালয়গুলি পরিদর্শনের জন্ম থানা-মহকুমা ইত্যাদি তরে Sub-Inspector ও

Deputy asstt. Inspector থাকেন। এঁদের মাধ্যমেই বিভালয়ের পবিদর্শন ব্যবস্থা নিয়ন্ত্রিভ হয়।

পরিদর্শনের প্রয়োজনীয়তা—(Need for Inspections) : -শিকা-ব্যবস্থায় বিভালয় পরিদর্শন ব্যবস্থা একটা প্রযোজনীয় অন্ধ। বিভালয়েব উপব **শিক্ষার্থীদের শিক্ষার দায়িত্ব অপিত হয়েছে।** ভবিষ্যৎ সমাজকে গড়ে তোলবাব দাযিত্ব নিয়েছে শিক্ষক সমাজ। বিভালয়েব মধ্য দিয়ে তাঁরা সরকারী দায়িত্ব ও সে কাজ করেন। রাষ্ট্র থেকে দেশের শিক্ষার জন্য অর্থ পবিদর্শকেব ভূমিকা বায় কবা হয়। শিক্ষা-বিভাগ থেকে সাধারণ ভাবে শিক্ষাব নীতি নির্ধারিত কবে দেওয়া হয়। দেই নীতি কার্যকরা কবে তোলবার দায়িত্ব বিভালয়ের। বিভালয়গুলিতে ঠিকমত কাজ হচ্ছে কি না অনুসন্ধান করাব একটা **নৈতিক দায়িত্ব রয়েছে স**রকা**রে**র। সবকাবী শিক্ষাবিভাগ এই দায়িত্ব বিত্যালয় পরিদর্শনের সাহায্যে পালন কবেন। েশেব শিক্ষার মান উল্লভিতে বিভালয পবিদর্শকের একটা বিশিষ্ট ভূমিকা রয়েছে। শিক্ষাবিভাগ পরিদর্শকের সহায়তায় বিভাল্যের প্রশাসনিক ও শিক্ষা সংক্রাফ সংবাদ সংগ্রহ করে শিক্ষাব মানোলয়ন ব্যবন্থ। কার্যকরী করাব চেষ্টা কবে। পরিদর্শকদেব গুকরপূর্ণ ভূমিকা সম্পর্কে M. S. Moniguidan and M. Suddulingarya AST Traces "An Inspector may be thought of as the min co-ordin ding authority in any school system. Hence, he has to take a large view of the education and bring the schools under his jurisdiction up to a certain level He has to make changes in organisation and administration so a to facilitate the aims he has in view. He must enable the schools to understand him, his aims and to work towards their attainment.

সরকার থেকে বিভালযে আর্থিক সাহায্য দেওয়া হয়। স্থুল পবিচালন। কার্যাদিতে কোন ক্রটি বিচ্যাতি আছে কি ন। তানতে আদেন স্থুল পবিদর্শক।
তিনি বিভালযের দোষ ক্রটি গুলি অন্তসন্ধান কনে। তাব
পরিদর্শক এলে
বিপোটের উপর একটা স্থুলের মবিছাং নির্ভব করে। তাই
ক্রল পবিদর্শকের আগমন প্রধান শিক্ষক বা স্থুল কর্ত্তপক্ষ
কথনও প্রীতিব চোপে দেখেন না। স্থুল পরিদর্শক
আসবেন শুননে একটা আদের সঞ্চার হ'ত। যেদিন স্বকাবী পরিদর্শক এলেন
সেদিন স্থুলে একটা আদের বাজত্ব বিরাজ কবত। প্রধান শিক্ষক ভটস্থ এই বুঝি
একটা সর্বনাশ ঘটে পেল। কোন রক্ষে জোডাভালি দিয়ে স্থুলের দোষ ক্রটি সব
পরিদর্শকের চোথের আডালে রেগে তাঁকে বিদায় করতে পারাটাই ছিল প্রধান
শিক্ষকের অন্তত্ম প্রধান ক্রতিত্ব। যার একটি কলমের আঁচড়ে স্থুলের ভ বয়ৎ

নির্ভর করছে এবং যিনি দোষ ক্রটি ধরতেই এসেছেন তাঁর কাছ থেকে দোষ আডাল করে বাথা ছাড়। আর উপায় কি।

বর্তমানে অবস্থাব পরিবর্তন হয়েছে। বিভালয় পরিদর্শক তার এলাকার শিক্ষাব উন্নতির জন্ম অনেকথানি দাযী। চিরাচরিত ভাবে স্কুলগৃহ, আদবাবপত্ত ফুলেব থাতাপত্র আর সাধারণভাবে ফুলের পঠন-পাঠন শিকার উন্নতিতে দম্পর্কে তু'টি একটি মস্তব্যের মধ্যেই তাঁর কান্ধ দীমাবদ্ধ নয়। পবিদর্শকেবও একটি তিনি বিছালয়ের ত্রুটি সন্ধান করতে যাবেন না। বিছালয় বিশিষ্ট ভূমিকা আছে। পবিদর্শনকালে যে সব ত্রুটি বিচ্যুতি তার নন্ধরে পড়বে সে সম্পর্কে তিনি প্রধান শিক্ষকের সাথে আলাপ করবেন। প্রধান শিক্ষকও অক্যান্ত শিক্ষকের সাথে আলোচনা করে তাঁদের অস্থবিধা কি জেনে কি করে স্কুলের উন্নতি হতে পারে স্কলেব ক্রটি দূর কবা যেতে পারে সে সম্পর্কে নির্দেশ দেবেন : পরিদর্শক হবেন বন্ধ ও সহায়ক। যদি বিতালয় পরিদর্শনের মধ্য দিযে শিক্ষ। ব্যবস্থাব উন্নতি কবতে হয় তাহলে পরিদর্শকের দৃষ্টিভঙ্গাই পবিবর্তন করতে হবে। শিক্ষা বিভাগ পরিদর্শক পাঠাচ্ছেন কি করে শিক্ষাব উন্নতি হয়, বিভালয়কে সাহায্য কৰা যায় যে উদ্দেশ নিয়ে। দোষফুটি খুঁছে অপ্নোদন বাতিল করা সরকাবী দাহায়। থেকে বঞ্চিত কবা পরিদর্শকের উদ্দেশ্য নয়। এই মনোভাব স্ষ্টি হলে পবিদৰ্শক সম্পর্নে যে একটা বিবাগ বা আমেব মনোভাব রয়েছে তাব পাববর্তন হবে। পবিদর্শকের আগমন ভীতির না হয়ে প্রীতির কারণ হয়ে উঠবে। পরিদর্শকের কাজ হবে 'Encouragement to good work and removal of defects."

## ॥ পরিদর্শকের কর্তব্য ॥

## || Duties of an Inspector ||

দেশের শিক্ষাব্যবস্থাব তদারকীর দায়িত্ব থাদেব উপর দেওয়া হবে তাঁদের নিয়োগের সময় বিশেষ বিচাব বিবেচন। করে করতে হবে। শিক্ষাগত ও শাসনগত তুই দিকেই তার সমান দক্ষতা থাকবে। পরিদর্শক পরিদর্শকের কর্তবা হবেন উচ্চশিক্ষিত, শিক্ষা-বিষয়ে তিনি বিশেষজ্ঞ হবেন। আনুনিক শিক্ষাদর্শন ও শিক্ষা পদ্ধতি সম্পর্কে তাঁর জ্ঞান থাকবে। স্কুলের পরীক্ষার ফল দেথেই তিনি দোষগুণ বিচাব করবেন না। প্রগতিশীল শিক্ষা চিন্তাকে যাতে বাহুবে রূপ দেওয়া যায় সে সম্পর্কে তার উৎসাহ থাকবে। তাঁর দৃষ্টি হবে উদাব। তিনি থাকবেন সর্বপ্রকার সংকীর্ণতার উর্বে। ক্ষমতা আছে বলেই ক্ষমতার যথেচ্চ ব্যবহার তিনি করবেন না। যাই কববেন তাঁব একটি মাত্র লক্ষ্য থাকবে তা হচ্ছে শিক্ষার উন্নতি বিধান। কোন স্কুলের কাজের মধ্যে যদি নতুনন্দের সন্ধান পান ভাহলে সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে বেতে

তিনি স্বয়োগ দেবেন। কোন বিন্যালয়ে কোন নতুন শিক্ষাপদ্ধতি অবলম্বন করে যদি স্থকল পেতে থাকে দেই পদ্ধতি অক্স স্কুলে গ্রহণ করা যায় কি না সে সম্পর্কে তিনি ব্যবস্থা অবলম্বন করবেন। তাঁর এলাকার সমস্ত স্কুলের কাজের মধ্যে সামগুল্প বিধানের চেষ্টা তিনি করবেন।

পরিদর্শক বিভালয় পরিদর্শন কার্য নিয়ে অফিস ও থাতাপত্রাদি দেখবেন।
সরকারী অর্থেব যথাযথ ব্যবহার হচ্ছে কি না দেখবেন।
অংধস ইত্যাদির অফিস আসবাবপত্র হিসেব পত্র সব দেখবেন। বিভালয়ের
পাবদর্শন ছাত্রাবাস ও পাঠাপার ইত্যাদি তদারকী করবেন। এসবের
মধ্যে যে সব ভুল ত্রুটি বেকবে তা দেখিযে দিয়ে সংশোধনেব ব্যবস্থা করবেন।

পরিদর্শক বিভালয়ের শিক্ষাদান ব্যবস্থা ও পরিদর্শন করবেন। বিভিন্ন বে কক্ষে গিয়ে বিভিন্ন শিক্ষকের পাঠদ্বান পদ্ধতি দেখবেন। যে সব ভুল ক্রটি চোথে পডবে সে নিয়ে পবে আলাপ আলোচনা করবেন। পরিদর্শক শিক্ষকদের নতুন শিক্ষাদান পদ্ধতি ও আধুনিক শিক্ষাতত্ত্ব সম্বন্ধে শিক্ষকগণকে পরামর্শ দিবেন। বিভালয়ের সামগ্রিক শিক্ষাদান কার্য কিভাবে উন্নত হয় তাব জন্ত সচেই হবে। পবিদর্শক সময়-তালিক। ও সহপাঠ্যক্রমিক কার্যাবলী নিয়েও আলোচনা কববেন। বিভালয়ের সামগ্রিক উন্নতির ক্ষেত্রে পরিদর্শকেব আলোচনা ও প্রামর্শ খুবই কার্যকরী।

পরিদর্শক বিভালয়গুলিকে আর্থিক অন্থাদনের (Recognition) সময়
পূরিদর্শন করেন। তারই Report-এর ভিত্তিতে স্বকার কোন বিভালয়কে
অন্থাদন দান কবেন। পরিদর্শকের report অন্থারই
সরকারী অন্থাদন ও
বিভিন্ন বিভালয়কে Deficit grant ও Lump grant
হিসেবে আর্থিক অন্থাদন দেওয়া হয়। সেক্ষেত্রে পরিদর্শক
কোন বিভালয় প্রতিষ্ঠার গুক্ত ও পূর্ব স্থাপ্তালির যথাখ্য বক্ষিত হয়েছে কি না
তা দেখবেন। স্মাজে শিক্ষা বিশারের ক্ষেত্রে পবিদর্শকের একটি স্বচ্ছ ও গঠন
মূলক ভূমিকা আছে।

# । গঠনমূলক দৃষ্টিভঙ্গী ।

#### || Constructive out-look ||

বিভালয় পরিদর্শকের সমালোচনা একটা কাজ। এই সমালোচনা হবে গঠনমূলক (Conscructive)। কোন পরিদর্শক যদি প্রংসাত্মক (Destructive) দৃষ্টিভঙ্গী নিয়ে সমালোচনা করেন তাহলে তাঁর পরিদর্শকের সমালোচনায় স্থলের কোন উপকারই হবে না। পরিদর্শক চনা গঠনমূলক হবে।

যদি পাঠ-পদ্ধতির মধ্যে কোন ক্রটি দেখতে পান তাহলে আদর্শ পাঠ পদ্ধতি কিরপ হওয়া উচিত সে সম্পর্কে শ্রেণীতে পাঠ দিবে দেখিয়ে

দিতে পাবেন। তিনি শিক্ষকদের কাছে কি চান শিক্ষকগণ তা বুঝে সেভাবে চলতে পাবে। ত'মিনিট দেথেই শিক্ষকের পাঠ দেবার ক্ষমতা আছে কি নাবিচাব করা কষ্টসাধ্য।

প্রিদর্শক সহামুভূতিশীল মনোভাব নিয়ে যদি স্কুল্ প্রিদর্শন করেন তাহলে ক্রুটি বের করে সেই সাথে ক্রুটি দুর কবাব পথেব নির্দেশ তিনি দিতে পারেন।
প্রিদর্শকেব সহামুভূতিশীল মনোভাবেব প্রিচ্য পেলে প্রধান পরিদর্শকেব সহামুভূতিশীল মনোভাবেব প্রিচ্য পেলে প্রধান শিক্ষক ও অন্যান্ত শিক্ষকগণ তাদের অম্ববিধাব কণা জানাতে দিখা কববেন না। প্রিদর্শক শিক্ষকদেব সাথে সদয় ব্যবহাব কববেন। যদি সভর্ক কবে দিতে হয় বা অপ্রীতিকর কিছু বলতে হয় তা তিনি শিক্ষককে ব্যক্তিগতভাবে বলবেন। শিক্ষক যেন মনে করেন তাঁকে যা বল। হ'ল তাব ভালোব জন্মই বল। হ'ল।

## ॥ পরিদর্শন ব্যবস্থার ত্রুটি ॥

11 Defects of the Inspection System 11

বতমান পরিদর্শন ব্যবস্থাব অনেক ক্রটি আছে। সেগুলি হ'ল-

- (১) পরিদর্শকের অক্সড!— সবকাবী শিক্ষা-পরিচালনা ব্যবস্থায় পবিদ্যালিক সংখ্যা খুবই অল্প। একজন পবিদর্শককে বিশাল এক একটি এলাকা জুডে অবস্থিত অনেকগুলি বিজালয় পবিদর্শন করতে হয়। তা তাঁর পক্ষে সম্ভব নয়। অনেক স্থানে যাতাগাতের ও বগাও আছে। পবিদ্যালেব আবও খনেক কাজ কর্ম আছে, যা সেবে পবিদ্যালেব কাজ তিনি প্রায় ক্ষেত্রেই কবতে পাবেন না। বিভালয় পবিদর্শন তো উঠেই গেডে।
- (২) **জামলাভান্ত্রিক ব্যবস্থ**;—পনিদর্শনের কাজ সরকারী আমলাভান্ত্রিক শাসন ব্যবস্থার অন্তর্ভুত। তিনি এক বৈরাচারী ভূমিকা পালন করেন। Byburn-এব মতে, "The inspector holds an extremely autocratic position." তিনি যেন বিজ্ঞান্ত্রে স্বাকিছুব ফ্রটি ধ্বভেট আসেন। তাব আগমনে বিজ্ঞালয়ের সকলেই ভীত-সম্ভুত্ব হয়ে পডেন।
- (৩) শিক্ষা ব্যবস্থার ক্রেটি—বর্তমান শিক্ষা-ব্যবস্থায় যে যা ক্রেটি আছে পবিদর্শনের মাধ্যমে তার সমাধান করা ধায় কি না তা । তের্কের বিষয়! বিভালযের শিক্ষা ও পবীক্ষা ব্যবস্থা সম্পূর্ণ ক্রন্তিম, যান্ত্রিক, ও গতান্তগতিক। এর মধ্যে কেবলমাত্র পরিদর্শন ব্যবস্থাকে উন্নত করলে শিক্ষার সামগ্রিক উন্নতি হবে কি না তা বিচার্য বিষয়।
  - (৪) কোঠারী কমিশনের বক্তব্য:-

#### াশক্ষক ও আভভাবক সম্পক

কমিশন পরিদর্শন ব্যবস্থার (পৃষ্ঠা---263) তিনটি ত্রুটির কথা বলেছেন। সেগুলি হ'ল---

- (i) Inadequacy of numbers ( অর্থাৎ পরিদর্শকদের সংখ্যার স্বল্পতা)।
- (ii) Poor quality of personnel because of inadequate Scale of pay, ( অথাং কম বেতনেৰ জন্ম উপযুক্ত লোকেরা এ কাযে আদেন ন। )।
- (iii) Lack of Specialization because most inspecting officers are generalists; ( অর্থাৎ প্রদর্শকাণ এ ব্যাপারে বিশেষজ্ঞ নয় )।

শুলালিয়র কমিশনের মন্তব্য (Remarks of the Mudaliar Commission): পরিদর্শক নির্বাচন ও পবিদর্শকের কত্ব্য সম্পর্কে ম্বালিয়র কমিশন্ কয়েকটি ম্ল্যবান নিদেশ দিয়েছেন। কমিশন্ বলেছেন, পরিদর্শক নির্বাচনে বিভিন্ন প্রদেশে বিভিন্ন নীতি অপ্নস্বল করা হয়। কোন কোন জায়গায় সরাসরি ভাবে পবিদর্শক নিয়োগ করা হয়। তাদের শিক্ষাপত যোগ্যতাব উপর যতটা জোর দেওয়া হয় অভজ্ঞতা ও অন্যান্য গুল সম্পর্কে দে পরিমাণ গুরুত্ব আবোপ করা হয় না।

কমিশন্ স্থপারিশ কবেছেন, যার। পরিদর্শকরণে নিযাচিত হবেন তাদেব
শিক্ষাগত যোগ্যতাব মাপকাঠি হবে অনার্স । ছগ্রী ব। এম. এ ডিগ্রী । অভিজ্ঞতাব
দিক খেকে স্থলে দশ বছরের শিক্ষকতা ব। প্রধান শিক্ষকপাবদর্শকেব মোগ্যতাব
রপে কমপক্ষে তিন বছরেব অভিজ্ঞতা থাকবে। এইভাবে
।পকাঠি স্বাসরি পারদর্শক নিয়োগ ব্যবস্থা ছাডাও দশ বছরের
আভিজ্ঞ শিক্ষক, অভিজ্ঞ প্রধান শিক্ষক ও ট্রেনিং কলেছেন অধ্যাপকদের মধ্য থেকে
পরিদর্শক নিয়োগ কর। যেতে পাবে। স্বামীভাবে এ দেব নিযোগ কব। হবে না।
তিন বছর থেকে পাচ বছব তার। একাজ করবেন তাবপব যার যার স্বামী পদে
ফিরে যাবেন। পরিদর্শকের কতব্য সম্পর্কে কমিশন বলেছেন — পবিদর্শকেব
কাজের ঘৃটি ভাগ থাকবে, একটি প্রশাসনগত অপরটি শিক্ষাগত।

প্রশাসনিক দিক হচ্ছে স্থলেব সারা বছরের হিসেব, প্রয়োজনীয় খাভাপত্র অফিসের বিভিন্ন কাজ প্রভৃতি দেখা। এজন্ত পরিদর্শকেব সাহায্যের জন্ত উপযুক্ত

কর্মী থাকবে। স্থলের মংখ্যা বেছে খাণনাব ফলে ন্ত্র পবিদর্শক প্রশাসনিক কাজে এত সময় যায় যে 'শক্ষাগত কাজের দিকে ও শক্ষাগত দিকগুলি পবিদর্শকের যতটা মনোযোগ দেওয়া উচিত তার পক্ষে সে পরিমাণ সম্ম দেওব। সত্তর হয় না। শিক্ষাগত কাজ বর্তমানে এত জটিল হয়ে উঠেছে যে পরিদর্শকের পক্ষে শিক্ষার স্বদিক দেখে বিচার করা সম্ভব নয়। একজন পরিদর্শক যত বিহান হউন না কেন তিনি সম্প্র বিষয় সম্পর্কে মতামত বা উপদেশ দিতে পারেন না। এজন্ত কমিশন প্রস্থাব

করেছেন—বিশেষজ্ঞদের নিয়ে একটি প্যানেল গঠিত হবে, পরিদর্শক হবেন এই

বিশেষজ্ঞ প্যানেলের সভাপতি। এই প্যানেল থেকে সভ্যগণ তিন বছরে একবার স্থলের শিক্ষাগত দিক পরিদর্শন করবেন। এই প্যানেলের সদস্যগণ ধখন কোন স্থলের শিক্ষাগত দিক পরিদর্শন করবেন। এই প্যানেলের সদস্যগণ ধখন কোন স্থলে থাবেন (এঁদের মধ্যে তিনজন সদস্য অভিজ্ঞ প্রধান শিক্ষক হবেন) তখন সেখানে তারা ২০০ দিন থাকবেন। সেখানে স্থলের শিক্ষকদের সাথে আলাপ আলোচনা করবেন। তাদের সাথে থাকার ফলে স্থলের সবদিক থেকে কার্যপদ্ধতি দেখবার ও জানবার স্থযোগ পাবেন। এইভাবে দেখা ও থোলাখুলিভাবে আলোচনার মধ্য দিয়ে স্থলের উন্নতি বিষয়ে পরিদর্শক কার্যকরীভাবে সাহাষ্য করতে পারবেন।

## ॥ উপসংহার ॥

#### || Conclusion ||

বিভালয়ের পবিদর্শন ব্যবস্থাকে উন্নত করতে হবে। পরিদর্শক আগুনিক
শিক্ষাদর্শন ও শিক্ষাদান পদ্ধতি সম্বন্ধে অবহিত থাকেন। তাঁর উদারতা,
সহাস্থভূতি সহযোগিতা, দূরদৃষ্টি বিভালয়ের শিক্ষার মান
পবিদর্শকেব গুণাবলী
উন্নয়নে সাহাধ্য করবে। তিনি বিভালয়ের পাঠ্যক্রমের
(Curriculum) সঙ্গে পরিচিত হবেন। সহপাঠ্যক্রমিক কার্যাবলীতেও (cocurricular Activities), সম্পর্কেও পরিদর্শক উৎসাহী হবেন। পরিদর্শকের
সাংগঠনিক ও স্কলনশীল চিন্তাধাবা থাকবে। তিনি শিক্ষাক্ষেত্রে নতুন
পবীক্ষা-নিবীক্ষায় (Experiments) উদ্বন্ধ হবে।

এরজন্ম শিক্ষার পুনর্গঠন ও পরীক্ষা ব্যবস্থাব সংস্কার করতে হবে। পবিদর্শকদেব সংখ্যা বাডাতে হবে ও তাঁদের বেতন হাব বৃদ্ধি
সবকানী বাবস্থা
করতে হবে। পবিদর্শন কাজে বিশেষ শিক্ষাদানেব পরও
অভিজ্ঞতা সঞ্চয়েব পর তাঁদেব এ কার্যে নিযোগ কবতে হবে। পরিদর্শন সংক্রান্ত
দৃষ্টি ভঙ্গার পরিবর্তন করতে হবে।

নিম্নলিগিত বৃত্তিজ্ঞীবীদের মধ্যে পরস্পার পরিবর্তন সাপেক্ষে বিত্যালয়গুলির পরিদর্শক নিযুক্ত করতে হবে—

- (১) জেলা পরিদর্শক।
- (२) বিত্যালয়ের অভিজ্ঞতা সম্পন্ন প্রধান শিক্ষক।

(৩) শিক্ষক-শিক্ষণ বিভাগের অভিজ্ঞ অধ্যাপক,
শিক্ষাদশন বিভালয তাহলে শিক্ষাতন্ত্ব, প্রশাসন ও পরিদর্শন এই ত্রিবিধ কার্ধের
প্রশাসন ও পবিদশনেব
সমন্বয় সাধন করা সম্ভব হবে। তথনই শিক্ষা-ব্যবস্থা একটি
বলিষ্ঠ রূপ নিতে পাববে।

#### প্রশাবলী

- Discuss the value of Co-Operation I etween parents and teachers in education. Draw up a Scheme for the formation of parentteacher associations for the mutual benefit of the School and the Community.
- 2 Write notes on,-
  - (a) Parent-teacher Co-Operation
  - (b) Pupil-teacher relationship.
  - (c) School Inspection-how it should be reformed.
  - (d) Role of District inspection of Schools in Primary Education.
- 3. Point out the Significance of Parent-teacher Co-Operation in the Total development of the Community Out line a Scheme for the effective organisation and Funcationing of Parent-teacher Associations.

#### সগুম অধ্যায়

# দহণাঠ্যক্রমিক কার্যাবলী (CO-CURRICULAR ACTIVITIES)

শিক্ষাথীব। বিভালয়ে যায় শিক্ষা গ্রহণ করতে। সেখানে তারা ইতিহাস, ভূগোল, সাহিত্য, অংক, বিজ্ঞান ইত্যাদি বিষয় পডাশুনা করে। কিন্তু কেবলমাত্র কতকগুলি বিষয়েব জ্ঞানই 'শিক্ষা' নয়। বিভালয়ে যে পাঠ্যক্রম (curriculum) দেওয়া থাকে তার উপব কিছু কিছু জানলেই জ্ঞান অজিত হয় না। বিভালয়ে শিক্ষাণীর। আবও কিছু কিছু কাদ্য-কর্ম কবে। বিভালয়ে স্কল্পবিরতি, দীর্ঘবিরতি, বিভালয় বদবাব আগে, বিভালয় ছুটির পরে ইত্যাদি সময়ে তার। যে অবসর সময় পায় তাকে তার। কাজে লাগায়। এই সময় সাধারণতঃ ছুটাছুটি,

শিশুৰ বাক্তিস হা গঠনেৰ পক্ষে কেবল পাঠাএম হণেষ্ট নয, ভাৰ জন্ম প্ৰযোজন সহপাঠাকমিক কাৰ্যাবলী চেচামেচি, থেলাগুলা ইত্যাদির মধ্যে কেটে যায়। এই বিরতির সমযটাকে কি করে গঠন মূলক কাজে লাগানো যায় সেই চিন্তা থেকেই স্বাষ্ট হয় পাঠ্যাতিবিক্ত কার্যাবলী ব। Extra-curricular activities। এই সব কার্যাবলীকে শিক্ষার কাজে লাগানোর কথা ধীরে ধীবে চিন্তা কর। হয়। বত্তমানে, এই জাতীয় কার্যাবলীকে সহপাঠ্যক্রমিক কার্যাবলী (Co-curricular activities) বল। হয়। ব্যক্তির

অন্তর্নিহিত সন্থাব পবিপূর্ণ বিকাশই যদি শিক্ষা হয় তবে কেবলমাত্র পাঠ্যক্রমেব মাধ্যমেই জ্ঞানার্জন সম্ভব হয় ন।, সম্পূর্ণ ব্যক্তিসত্ব। গঠনের জন্ম সহপাঠ্যক্রমিক কার্যাবলীকে গ্রহণ কবতে হয়। বতমানে তাই সকলেই শিক্ষাপ্ষেত্রে সহপাঠ্য-ক্রমিক কার্যাবলীকে গুরুত্ব দিয়ে থাকেন।

# ॥ এই কার্যাবলীগুলি সহপাঠ্যক্রমিক কার্যাবলা কেন ?॥

| Why these Activities are Co-curricular Activities ? |

ছাত্রদের অব্যানই তপ্তা,—এ শিক্ষাই মামণা ছাত্রদের দিয়ে এসেচি। লেখাপভার বাইবে যা কিছু—থেলাধূলা, ব্যায়াম, সমাজ সেবামূলক কাল, গান,

ংইপ্ডাব বাইরে⊊ কোন কাজকম নিশ্নীয ছিল অভিনয়, সাহিত্যবিষয়ক কাজ প্রাভৃতি ছাত্রদের পক্ষে বর্জনায় বলেই বিধান দেওগা হয়েছিল। থেলাধূলায় সময় নই করবে থারাপ ছাত্রেবা। স্ববোধ বালকদের উপদেশ দেওয়া হ'ত সে সব ছাত্রদের মন্দ স্বভাব পবিহার কবতে।

পুঁ থিকেন্দ্রিক শিক্ষায় বইষের বাইবে যে জগৎ শেই জগতের সম্পর্কে কেউ উৎসাহ দেখালে কি অভিভাবক, কি শিক্ষক সেই ছাত্রের ভবিশ্রৎ সম্পর্কে চিস্তিত হয়ে পড়তেন। পাঠ্যস্চীতে বৌদ্ধিক বিকাশের উপধোগী বিষয়-বস্তুর বাইরে কোন বিষয়ে পাস্থটীতে কতকগুল কমাবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। দৈহিক বিকাশ, সমাজ দেবাবই-এব বাইরে কোন যুলক কাজ ও সামাজিক মনোভাব গড়ে ওঠবার মত শিক্ষা, বিশ্বনিষ্ঠীৰ বস্তুর কথা বাস্তব জীবনের অভিজ্ঞতা সঞ্চযের মত শিক্ষা, একঘেঁয়ে বীকাৰ করা হ'ত না নীরস পুঁথের জগতের বাইবের জগতের সাথে পবিচিত হবার মত ও শুধুমাত্র আানন্দের কোন ব্যবস্থার কথাই চিন্তা কবা হ'ত না।

শিক্ষা সম্পর্কে চিরাচরিত ধারণাব পরিবতন শুক হবাব পর শিক্ষা-মনোবিজ্ঞানীগণেব গবেষণার ফলে আমরা বুঝতে শিথলাম যে, শুরুমাত্র কয়েক-

শিক্তর সামগ্রিক বিকাশ শুধুমাত্র ক্ষেক্থানা বই পড়ে হয় না থানা বই পড়ার মধ্যে শিক্ষা সীমাবদ্ধ নয়। প্রচলিত পাঠ্যক্রমেব বৃষ্টিরেও আমাদেব অনেক কিছু জানার আছে, করার আছে, শেথাব আছে। শিক্ষাব উদ্দেশ্য যদি হয় শিশুব ব্যক্তিসত্বা ও সমাজসত্বার পূণাঙ্গ বিকাশ, যদি শিশুকে সমাজের উপযুক্ত নাগ্যিক কবে তুলতে হয় তাহলে ভাকে

স্থােগ দিতে হবে তাব সামগ্রিক বিকাশের তাব সামগ্রিক বিকাশ শুদুমাত্র কয়েকথান। পুঁথি পড়েই হবে না। তারজন্ত থেলাগুলা, সামাজিক কাজ, দ গঠন মূলক কাজ, বিতর্ক, গান, অভিনয়, শিক্ষামূলক লমণ প্রভৃতি বহু কিছুর আয়োজন করতে হবে যাব মধ্য দিয়ে তার বৌদ্ধিক, দৈহিত্ব, মানসিক, সামাজিক প্রভৃতি সব দিকেব সমান বিকাশ লাভ ঘটে। জীবন যুদ্ধে জ্মী হতে হলে জগতে নিজেকে প্রভিষ্ঠিত করতে হলে যেভাবে শিক্ষার ব্যবস্থা দরকার পাঠ্যক্রমে তার সব ব্যবস্থা বাধতে হবে।

এক সময় ছিল যথন শিক্ষাৰ্থীব জাবনেব প্ৰয়োজনীয় এই বিষয়গুলিকে পাঠ্যক্ৰম বহিভূতি বিষয় (extra-curricular activities) বলে গণ্য করা হ'ত।

এখন এগুলি আর Extra-curricular Activities নয়, Co-curricular Activities কিন্তু আধুনিক শিক্ষাবিদ্গণেব চেটায় আমাদেব দৃষ্টি ভর্কীব পরিবর্তন হয়েছে। শিক্ষার সীমিত কপ আন্ধ বহু ব্যাপক হয়েছে। শিশুকে গ্রন্থকীট তৈরী করাই বর্তমান শিক্ষার উদ্দেশ্য নয়। ভার দেহ ও মনকে গড়ে তুলতে হলে ভাকে বাস্তব জীবনের উপযোগী শিক্ষা দিভে হলে পাঠ্যক্রেম বহু বিচিত্র বিষয়ের সমাবেশের প্রয়ো-

জনীয়তা আজ আর কেহ অম্বীকার করতে পারেন না। তাই খেলাধুলা, সাহিত্য-কর্ম প্রভৃতিকে আজ আর পাঠ্যক্রমবহিত্বত বিষয় না বলে সহপাঠ্যক্রমিক বিষয় বলে আখ্যা দেওয়া হয়েছে। বর্তমান শিক্ষা-ব্যবস্থার এ সব কার্যাবলীকে আর অভিরিক্ত বলে মনে করা ক্যুনা। স্কুলের কার্য ভালিকার অভ্যাবশ্যক অল বলে এই কাল These activities are no larger looked upon as mere extras but as an integral part of the school programme."

আধুনিক শিক্ষা-ব্যবস্থার সহপাঠ্যক্রমিক পাঠ্য হুচির গুরুত্ব উপলব্ধি করে মুদালিয়র কমিশন্ শিক্ষার্থীর সর্বাঙ্গীন ব্যক্তিত্ব বিকাশের জন্ম (to the develop-

সহপাঠ্যক্রমিক কার্যবেলী সম্বন্ধে মুদালিয়ৰ কমিশনের বক্তব্য ment of their entire personality) সহপাঠ্যক্রমিক কার্যাবলীকে বিভালয়ে পাঠ্যস্থচীর বাইরে সরিয়ে না রেথে বিভালয়ের অভ্যাবশুক অঙ্গ বলে বিবেচনা করতে নির্দেশ দিমেছেন (as integral a part of activities of school as its curricular work"। সহপাঠ্যক্রমিক বিভিন্ন

কার্যাবলীর মধ্য দিয়ে শিশুব শক্তির অপচয় হয় না। তাদের বৌদ্ধিক বিকাশেব লাখে লাখে অন্যান্ত বহু সদ্গুণাবলীর বিকাশ ঘটে। (........by planning a coherent programme of different activities, rich in stimuli, the school will not fritering away either the time or the energy of the pupils but will be heightening their intellectual powers also side by side with training them in other fine qualities"—Reports of Mudaliar Commission.)

# ॥ সহপাঠ্যক্রমিক কার্যাবলীর প্রয়োজনায়তা।। Necessity for the co-curricular Activities।।

শিক্ষার্থীর জীবনকে গড়ে তুলতে সহপাঠ্যক্রমিক কার্যাবলীর বহুদিক থেকে উপযোগিত। রয়েছে। শিক্ষার্থী যথন কৈশোরে উপনীত হয় তার মনোজগতে কতকগুলি পরিবর্তন দেখা দেয়। কিশোর বয়দে যুথবদ্ধতা সংঘবদ্ধ জীবন যাপন সংস্থার অত্যন্ত তীব্রভাবে দেখা দেয়। এই সংস্থারের বশে বার বছর বয়দ থেকে শিক্ষাথীরা তাদের মধ্যে যে শক্তিশালী তার নেতত্তে দলবদ্ধ হয়। দলগতভাবে আজ আত্মপ্রকাশ করতে চায়। দলনেতার নির্দেশে তাদের চিন্তা ও কার্য সভাবদ্ধরূপে প্রকাশ পায়। তাদের অনিয়ন্ত্রিত কার্য অনেক সময় কার্যরূপে প্রকাশ পেতে পারে। কিশোর বয়সের সভ্যচেতনা বাতে ব্যক্তির ঠিক কলাণে ও তাদের ব্যক্তিগত উন্নতির পথে পরিচালিত হয় সে চেষ্টা করতে হবে। তাদের এমন সব কাজে নিয়োগ করতে হবে যার মধ্য দিয়ে তাদের নিজেদের শক্তিব প্রকাশই হবে না, তাদের সজ্মশক্তি সামাজিক কল্যাণে নিয়োজিত হবে। স্কলের বহু সাংগঠনিক কান্ধ ও সভা সমিতির মাধ্যমে সঙ্ঘবদ্ধ হয়ে কান্ধ করে किर्मात वहरमत्र श्रां जाविक श्रवृत्ति চति जार्थ हरत। धरे मर मः गर्रातत छ মানাবিধ নিয়ন্ত্রিত কাজের মধ্য দিয়ে তাদের সামাজিক জীবন ও নৈতিক জীবন. স্থন্দর ভাবে গড়ে উঠবে।

সঙ্গবদ্ধভাবে সমাজের কাজের মধ্য দিয়ে কিশোর বয়সে সামাজিক **শুণাবলীর** বিকাশ ঘটবে। সামাজিক কাজের জন্ম বিন্যালয়ের বাইরে যে বিস্তৃত ক্ষেত্র বয়েছে তাই বেছে নিতে হবে। বাস্তব ক্ষেত্রে কান্ধ করে সে যে অভিজ্ঞত। দক্ষ্য কববে তাকে তার পরবর্তী জীবনের প্রস্তুতি পর্ব বলা সামাজিক গুণাবলীব থেতে পারে। বিভালয়ের কাজের একটা সামাজিক দিক বিকাশ রয়েছে। স্কুল্ থেকে বিভিন্ন সমাজ উন্নয়নমূলক ও সেবামূলক কাজেব ব্যবস্থায় ছেলেমেয়েব। মূল্যবান শিক্ষালাভ কবতে পাবে। তাদের মন্যে সামাজিক বোধপষ্ট ও সজ্মবন্ধ ভাবে কাজ করার ফলে সহযোগিতাব মনোভাব স্ষ্টি হয়। ব্যক্তির পাথে দমাজেব ও সমাজের সাথে ব্যক্তিব কি সম্প্রক— বিভিন্ন সামাজিক কর্মের মধ্য দিয়ে সে শিক্ষালাভ হয়। সঙ্ঘবদ্ধ কাজেব ফলে একই বকম মনোভাব (like mindedness) সৃষ্টি হয়। চিন্তায, বাক্যে, কর্মে ও ভাবে তাদের মধ্যে একাত্মবোধের সৃষ্টি হয়। একেব জন্ম অপবেব ভ্যাগ স্বীকার কবাব মনোবৃত্তি দেখা দেয়। ব্যক্তিগত কচি ও প্রবণত। মহুদাবে ভাবা সভ্যবদ্ধ হয়ে বিতর্ক সভা, অভিনয়েব জন্য সমিতি, ফুটবলেব দল, স্কুল পত্রিকাব জন্ম সমিতি প্রভৃতি গঠন কবে দে আর ব্যক্তিগতভাবে চিন্তা কবে না—নিজেকে সমাজেব একজন রূপে ভাবতে শেখে। সে দর্বভাবে দলেব স্বার্থের কথাই চিন্তা কবে ও সমষ্টিব স্বার্থকে ব্যক্তি স্বার্থের উপরে স্থাপনের শিক্ষা পায। সহপাঠ্যক্রমিক কাজের মধ্যে সহুবন্ধ হয়ে কাজ 'করাব যে সামাজিক দিক রয়েছে তাব ফলে শিক্ষাগীব। এগানেই স্থনাগবিক হ'বার শিক্ষালাভ করে।

সংপাঠ্য ক্রমিক ার্যাবলী শিক্ষার্থীদের প্রশ্নো ওবজনিত সমস্তার সমাধানে ও প্রবৃত্তির অবদমনে সাহায্য করে। ফলে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য উরত হব।
শানসিক স্বাস্থ্য
শানসিক স্বাস

সহপাঠ্যক্রমিক কার্নাবলীর মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে সামাজিক সৌজভবোধ, গণভান্তিক চেতনা শিষ্টাচার, ব্যবহার, কর্তব্য প্রভৃতি গুণাবলীর বিকাশ হয়। এই কার্যাবলীগুলির মধ্য দিয়ে শিক্ষার্থীরা গণভান্ত্রিক চেতনা, সমাজতান্ত্রিক চিন্তাধারা ও যৌথ কর্মপ্রচেষ্টা লাভ করে যা আজকের সমাজ জীবনে ও রাষ্ট্রৈতিক জীবনে অত্যাবগ্যক।

সহপাঠ্যক্রমিক কাজের মধ্য দিয়ে শিক্ষার্থীর নৈতিক শিক্ষা লাভ হয়। তার চরিত্র গঠিত হয়। যে সমাজে সে বাস করবে সমাজ আশা করে সেই সমাজের

শিঃ পঃ প্রথম পর্ব--৮

রীতিনীতিকে সে মেনে চলবে। সমাজের অপর দশজনেব হিডান্থিত দে চিস্তা নৈতিক শিক্ষাও করবে। সঙ্গাবদ্ধ হয়ে কাদ্ধ করাব ফলে সে দলের নেতৃত্ব চবিত্র গঠন ভ ইচ্ছাকে মেনে চলতে শেগে। এই শিক্ষাই তাকে নিয়ম শৃদ্ধলাও মাইনকাঠন মেনে চলতে অন্তপ্রাণিত কবে। এই সামাজিক নীতিবাধ থেকেই তার চরিত্র গঠিত হয়।

সহপাঠ্য ক্রমিক কার্যাবলী শিক্ষার্থীদেব মধ্যে শৃঙ্খলাবোধ স্ট করে। থেলাধূলা, গানবান্ধনা, আবৃত্তি, অভিনয় প্রভৃতি কাজকর্মের মাধ্যমে শিক্ষার্থীর। শৃঙ্খলাবোধ আয়ত্ব করে। বর্তমানে ছাত্র-বিশৃঙ্খলা বিভালয়গুলির এক চবম সমস্থা। সহপাঠ্যক্রমিক কার্যাবলী এই সমস্থার অনেকথানি সমাধান কবতে সাহায্য কবে। কাবণ এই বার্যাবলীব মাধ্যমে শিক্ষাণীবা শৃভ্যলাবোধ আয়ত্ত কবে।

সহপাঠাক্রিক বাধাবকার মধ্য দিয়ে শিক্ষাণীর। স্বস্থান্তের অধিকাবী হয়।
সহপাঠার মিক আর্থাবিরার অক্সীলনে শেক্ষাণীদের মন ভাল
পাকে মন ভাল পাবলে ধাছাও ভাল পাকে, ভাছাডা
খেলাবন, প্রভৃতি এমন কতক্ঞাল সহপাঠাক্রমিক কার্যাবলী আছে যেগুলিব
মাধামে শ্রীবচ্ট। হয়।

সংপাঠ্যক্রমিক কাথাবলী শিক্ষার্গীদের মধ্যে নেতৃত্বের গুণাবলাব বিকাশ সাধন করে। বিভিন্ন ধরনের সহপাঠ্যক্রমিক কার্যাবলাকে বিভিন্ন শিক্ষার্গীকে নেতৃত্ব দিতে নিতৃত্বের গুণাবলাব বিকাশ বর্কাশত হয়, অপ্রাদ্ধেক তেম্মান নেতৃত্বের গুণাবলা বিকাশত হয়, অপ্রাদকে তেম্মান নেতৃত্বের প্রাণাবলা বিকাশত হয়, অপ্রাদকে তেম্মান নেতৃত্বের প্রতি আছা ও নেতৃত্বকে মেনে চলাব প্রবণতাব স্পষ্টি হয়।

সহপাঠ্য ক্রমিক কার্যাবলী পাঠ্যক্রমের পরিপূরক। পাঠ্যক্রমের মাধ্যংমই
শিক্ষাণীব জ্ঞানার্জন সম্পূর্ণ হয় না। ব্যাতি ত্বের সামগ্রিক বিবাশ সভব হয় না। পরীক্ষামূলক পরিশ্রমণ, পেলাগুলা, আবৃত্তি, আভনয় প্রভৃতি সহপাঠ্যক্রমেক কার্যাবলী ইতিংশস, ভূগোল, সাহিত্য প্রভৃতি বিয়য়ভূলির জ্ঞান সম্পূর্ণ হয় না। সহপাঠ্যক্রমিক কার্যাবলী তাই পাঠ্যক্রমের পরিপূরক।
সহপাঠ্যক্রমিক কাজেব আর একটি দিক হচ্ছে শিক্ষাণী ব্যক্তিগত কচি ও
সামর্থ্য অনুসারে কাজের মধ্য দিয়ে নিজেকে গড়ে তোলার হযোগ পায়। বল
বাজিশত বেষমা, কচি
ভ্রামণ্য গম্মিত্ব হয
তাহিদা এক রকম নয়। একজন খোলালা পছন্দ করবে,
একজন অভিনয় করতে ভালবাসে। একজন আঁকা বা লেখার দিকে আরুই
হবে। কোন ছেলের মধ্যে কি শক্তি রয়েছে সে কথা কেউ বলতে পারে না।

ব্যক্তিতে ব্যক্তিতে পার্থক্য (individual difference) রয়েছে। তাই বেখানে বহু রকম কাজেব স্থাগে মাছে দেখানে শিক্ষার্থীর নিজ নিজ কচি ও আগ্রহ অমুসারে পছন্দ মত কাজ বেছে নিতে পারে। যার মধ্যে যে ক্ষমতা রয়েছে তাকে দর্বাধিক পরিমাণে দে শক্তি বিকাশের স্থাগে দিলে দে তাব নিজের স্থাগ্য প্রতিভার সন্ধান পাবে। ছাত্তেরা মনের মত কাজ কবাব স্থাগে পেলে কাজকে আব কাজ মনে করবে না এর মধ্যেই থেলাব আনন্দ উপভোগ কববে।

সহপাঠ্যস্চীর অন্তর্গত বিভিন্ন ধবনের স্কনধর্মী গঠনমূলক কাজের মধ্য দিয়ে ছাত্রেবা অবসর বিনােদনের যে শিক্ষা পায় তাব স্কুফল বিভালয় ছেডে যাবার পরও অন্তর্ভুত হয়। সামাজিক দিক থেকে বিচার কবলে অবসব বিনােদনের শক্ষা কুল্ পববতী জাবনে আরও ম্লাবান বলে বিবেচিত হয়। বিজ্ঞানেব যুগাওকানী আবিধারেব ফলে উৎপাদন আরু সহজতর হয়েছে। পূবে যে কাজে মাল্লয় যে সময় ব্যাক্ষরত আরু আব সে সময় ব্যাব করতে হয় না। তার কাজেব সময় কমেছে কিন্তু যন্ত্র যুগো মাল্লয় কাজেব আনন্দ হারিয়ে ফেলেছে। যুগ্রেব সাম্য কমেছে প্রাধা মাল্লয় যেন যুগোও নেই। একঘের নীবস কাজের মুগো সে যুত্তুকু অবসর পায় তা সে হারা আমাদ প্রমাণেই ব্যাব কবে।

আলস্থে সময় কাটান অপেক্ষা শ্বনিকেব চটুল আনন্দে জীবনের শৃহাতাকে ভবে তোলবাব চেটা হয়ত ভাল , কিন্তু দামাজিক দিক্ থেকে, কি ব্যক্তির দিক্ থেকেও এর বিশেষ কোন মূল্য নেই। অবসরেব প্রয়োজন আছে, আব সেই দাথে প্রয়োজন আছে কি কবে অবসর সময়কে স্থন্দরভাবে ব্যয় করা যায় তার শিক্ষার। আর্থিক প্রয়োজনে যেমন বৃত্তি শিক্ষাব প্রয়োজন মনের থোবাক যোগাতে, তেম'ন অবসব বিনোদনের শিক্ষার প্রয়োজন। অবসবক্ষণকে আনন্দমূথর বাবে ভূলতে মান্ত্র্য থেয়ালের বসে অনেক কান্ধ করে। স্থল জীবনে স্থন্ধন্মী গঠনমূলক কাজেব মধ্য দিয়ে থেয়াল (hobby) চরিতার্থ করার শিক্ষা পেলে কর্মজ্বীবনে সেই সব কাজের মধ্য দিয়েই স্থন্দরভাবে সে অবসর বিনোদন করতে পাবে।

সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্য দিয়ে শিক্ষার্থীর ভবিশ্রৎ জ্বীবনের প্রস্তুতি চলতে থাকে। সে বাহুবের সাথে পবিচিত হয়। বুহুত্ব সমাজ-জীবনের সংস্পর্শে আসে। শিক্ষাব গতারুগতিকতার মধ্যে আনন্দের বুহুত্তর সমাজ ও বাত্তব স্পৃষ্টি করতে হলে শ্রেণীকক্ষের বন্ধ পরিবেশ থেকে শিক্ষার্থীকে গ্রীবনের সঙ্গে প্রিক্র সাধন আগ্রহ সৃষ্টি করতে সহপাঠ্যক্রমিক কাজের গুঞ্জ দেওয়। হবে। সেখানে স্ক্লের সময়-তালিকায় সহপাঠ্যক্রমকে অপাংক্রেয় করে রাখা হয়

না। কি কবে স্বষ্টুভাবে নানারূপ কাজের মধ্য দিয়ে শিক্ষার্থীর দেহ ও মনের উৎকর্ষ সাধন ও ব্যক্তিত্বের পূর্ণান্ধ বিকাশে সহায়তা করা যায় শাধুনিক শিক্ষকদেব তাই প্রধান লক্ষ্য।

সম্ভাবনা-বহুল সহপাঠ্যক্রমিক কার্যাবলীর গুরুত্ব সম্পর্কে অবহিত হবাব পরও আমাদের বিছালয় সমূহে লেথাপড়াব বাইরে কোন কাজে ছাত্রদের খুব বেশী উৎসাহ দেওয়া হয় না। এজন্য প্রথম প্রযোজন দৃষ্টিভ্রদীর পরিবর্তন। অর্থ ও

সহপাঠ্যক্রমিক কার্যাবলীর জন্ম সম্ব-তালিকায় নিষ্মিত স্থান দিতে হবে সময় সম্পর্কে অন্তবিধার কথা তুলে একে প্রায়ই সরিয়ে রাগতে হয়। যেথানে কিছু ব্যবস্থা আছে দেখানে স্কুলের দৈনিক কাজ শেষ হবাব পব সহপাঠ্যক্রমিক কার্যস্চীকে সময়-তালিকায় নিয়মিত স্থান দিতে হবে। অন্তান্ত শিক্ষণীয় বিষ্যেব সাথে সমপ্রায়ভুক্ত না করলে এর শিক্ষণমূল্য

সম্পর্কে শিক্ষক-শিক্ষার্থী সচেতন হবে না। শুর্ সময়-তালিকায় স্থান দিলেই হবে না, কচি, আগ্রহ, শক্তি অন্থায়ী যাতে শিক্ষার্থীয়া নিজেদের পছনদমত বিষয় বেছে নিয়ে সে কাজে আন্থানিয়োগ কবতে পাবে দেইরূপ কাজের বহু রক্ম স্থযোগ বাগতে হবে।

নানান্দপ কাজেব সংযাগ স্পষ্ট কবে ষেমন শিক্ষার্থীদের এদব কাজে অংশ গ্রহণ কংতে উৎসাহ দেওয়া হবে তেমনি দেগতে হবে যাতে দব ছেলেমেদেই ষেন দহপাঠ্যক্রমিক পাঠাঙ্গদ্ধীতে অংশ গ্রহণ কবে। ছাত্রদের মধ্যে উৎসাহ স্কৃষ্টি কবার

শিক্ষাগতমূল্যাযনে সহপাত্যকমিক কাৰ্যাব**নী**কে স্থান দিতে হবে জন্ম সহপাঠ্যক্রমিক কাজে একটা নম্বব দেবাব ব্যবস্থা থাকা উচিত। সহপাঠ্যক্রমিক বিষয়ে শিক্ষার্থীর ক্বতিত্ব দামগ্রিক মূল্যায়নের সময় বিচার কবা হবে। সর্বাত্মক পবিচয় পত্রে (Cumu abive rec rd carl) পাঠ্য বিষয়েব বাইরে সহপাঠ্যক্রমিক বিষয়ে শিক্ষার্থীব যোগ্যতা ও ক্বাতত্বের কথা

উল্লেখ থাকে। কিন্তু বাধিক প্রীক্ষার সম্ম শ্রেনাতে যে কয়টি বিষয় প্রভান হয় তাব বাইরে স্বাত্মক প্রিচয় লিপিতে উ:ল্লেখিত বিষয় সমূহকে বিচারেব মধ্যে আনা হয় না। সহপাঠ্যক্রমিক কার্মাবলীতে একটা নির্দিষ্ট নম্বর দ্বোর ব্যবস্থা থাকলে শিক্ষাথার সামগ্রিক মূল্যাবন যথাধথকণে হর, ছেলেমেয়েরা উৎসাহও পায়।

# ॥ সহপাঠ্যক্রমিক কার্যাবলা সংগঠনের অসুবিধা॥

11 Defects of organising co-curricular Activities 11

সহপাঠ্যক্রমিক বিষয় সমূহ স্কুলের সময়-তালিকায় প্রবর্তন করার সাথে একটু সতর্কতা অবলম্বন করাব প্রযোজন আছে। অভিভাবক ও প্রাচীন পছী শিক্ষকেরা প্রথমেই অভিযোগ করবেন ছেলেমেয়েরা থেলায় মেতে উঠেছে, লেখা-পডায় আর তাদের মন নেই। থেলাব্লা যে পডার অঙ্গ হতে পারে একথা তাঁদের বোঝান শক্ত। দৈনন্দিন পডাকে ছেলেমেয়ের। অবহেলা কঞ্চক সহপাঠ্যক্রমিক কার্যাবলী প্রবর্তনেব সে উদ্দেশ্য নয়। বইয়ের পড়ায় তাদের উৎসাহ ও আগ্রহ বাড়বে এই উদ্দেশ্য নিয়েই নানা রকম কাজ ছাত্রদেব দেওয়া হয়। আমেরিকার সমীকার

সহপাঠ্যক্রমিক কার্ধাৰলী শিক্ষার্থীদেব পডাগুলায প্রবণতা কমিরে দেবে বলে জনেকেব ধারণা ফলে দেখা গিয়েছে যে সেখানের বিচ্চালয়ে বছবিধ সহপাঠ্যক্রমিক কাজ প্রবর্তনের ফলে সাধাবণ পাঠ্যবিষয় সমূহ
আয়ত্ব করার যোগ্যভা একটুও হ্রাস পায় নি। যদি দেখা
যায় অতি উৎসাহেব বশে ছাত্রের। খেলাধ্লায় বা বাইরেব
কাজে খুব বেশা সময় নিযোগ কবছে তথন তাদের সতক
কবে দিতে হবে। সময়-তালিকায় সময় নিদিষ্ট করে দিলে

ভার। ছই দিকেই পরিমিত সময় ব্যয় করতে পারবে, কোন দিক থেকে কোন অভিযোগ উঠবাব আব স্থযোগ থাকবে না।

সহপাঠ্য ক্রমিক কার্যাবলীর প্রতি অনেক শিক্ষকের অনীহা আছে।
শিক্ষকদের মধ্যে অধিকাংশই গতামুগতিক শিক্ষায় শিক্ষিত। তাই তাদেব মধ্যে
সহপাঠ্যক্রমিক কার্যাবলীর অনুশীলন ও অনুরাগ নেই। বিভালয়ে শিক্ষক
নিয়োগের সম্য কেবল মাত্র শিক্ষাগত যোগ্যতা ষাচাই কব।
হয়। সহপাঠ্যক্রমিক কার্যাবলীব প্রচলন কবলে শিক্ষকদেব কাজ বেডে যাবে। কিন্তু
তারা যে বেতনক্রমে প্রতিষ্ঠিত তাতে তা সন্তব নয়। এই সম্য কারণে শিক্ষকদেব
মধ্যে সহপাঠ্যক্রমিক কার্যাবলীর প্রতি অনীহা লক্ষ্য কর। যাগ।

ভাতদেব মধ্যেও সহপাঠ্যক্রমিক কার্যাবলীর প্রতি অনীহা লক্ষ্য করা যায়। বিছালয়ে সমস্ত ছাত্রছাত্রীদেব জন্ম সবশুলাব সহপাঠ্যক্রমিক কার্যাবলীব ব্যবস্থা রাখা সভব নয়। ফলে অনেক ছাত্র এই কাজে বিমুখ হয়। পরীক্ষাব ক্ষেত্রে সহপাঠ্যক্রমিক কার্যাবলীব গুরুত্ব দেওয়া হয় না, ফলে ছাত্রছাত্রীবা তা অবহেলা করে। অধিকাংশ ছাত্রছাত্রী গবীব বাজী থেকে এসেছে, তাদেব পক্ষে সহপাঠ্যক্রমিক কার্যাবলীর জন্ম সামান্য কিছু কিছু খরচপত্র করাও সম্ভব নয়। অনেক ছেলেমেয়েকেই বাজীতে কঠোর পরিশ্রম কবতে হয়। তথন বিছালযে এসে আরও পরিশ্রম করা তাদের সাধ্যের অভিরক্তি হয়। তাই সহপাঠ্যক্রমিক কার্যাবলীব প্রতি ছাত্রদেবক একটা অবহেলা লক্ষ্য করা যায়।

বর্তমান শিক্ষা ব্যবস্থাও সহপাঠ্যক্রমিক কার্যাবলীর অমুক্ল নয। সরকার

এ ব্যাপাবে উৎসাহী নয়। বিভালয়গুলির আথিক
প্রচলিত শিক্ষা ব্যবস্থা
অনটন এই জাতীয় কার্যাবলী কপায়ণের বিরাট অন্থবায়।
সহপাঠ্যক্রমিক
সরকার সে ব্যাপারে সচেষ্ট নয়। সমগ্র শিক্ষা-ব্যবস্থার
কার্যাবলীর উপযুক্ত নয়
কোথাও সহপাঠ্যক্রমিক কার্যাবলীকে গুরুত্ব দেওয়া হয় ন।।
তাই ছাত্র, শিক্ষক, অভিভাবক, বিভালয় কর্তৃপক্ষ ও সরকাবী মহলেও

সহপাঠ্যক্রমিক কার্যাবলীয় প্রতি একটা অবহেলা লক্ষ্য করা যায়। সমস্ত শিক্ষা ব্যবস্থাকে এর জন্ম ঢেলে সাজাতে হবে।

সময়-তালিকায় সহপাঠ্যস্থচীকে স্থান দিলে আর একটি অস্থবিধা হচ্ছে শিক্ষকদের কাজের সময় বেডে **ধায়। নানারণ সহপাঠ্যক্রমিক বিষ**য় সংযোজনের ফলে স্কলের কাজের সময় দীর্ঘতর হবে, শিক্ষকদের বেশী সময় স্কুলে থাকতে হবে। অতিরিক্ত পরিশ্রম শিক্ষকগণ স্বেচ্ছায় করতে রাজী হবেন निकरापत्र गायिष वृक्ति না ৷ অতিরিক্ত শিক্ষক নিয়োগ করে এ অস্থবিধা দূব করাব চেষ্টা কবা যেতে পাবে। অর্থেব সংগ্রান করা সব স্কুলের পক্ষে সম্ভব হবে না বলে এ ব্যবস্থায় আপত্তি উঠবে। মুদালিয়ব কমিশনেব রিপোর্টে সহপাঠ্যক্রমিক কার্য-স্থচীকে যেভাবে গুরুত্ব দেওয়া হয়েছে সে কথা বিচার করে শিক্ষা বিভাগ স্থূল্গুলিকে কি করে সাহাষ্য কব। যায় দে কথা চিন্তা করে পথ নির্দেশ কংবেন। ষ্মার একটি ভয় হচ্ছে লক্ষ্যত্নতি। গতাকুগতিকতার বাইরে একটা শুভ উদ্দেশ্য নিয়ে সে সব কাজ শুক করা যায় প্রথমেই দে সম্পর্কে নানাদিক থেকে আপত্তি হুক হয়। তারপরও যদি কাজটি শুক করা যায় কিছু দিন বাদে অনেক ক্ষেত্রে দেখা যায় যে উদ্দেশ নিয়ে কান্ধটি শুক হুয়েছিল সে লক্ষ্যচাতি উদ্দেশ গৌণ হয়ে দাভিয়েছে। কাছটির শিক্ষা মূল্যের কথা ভুলে গিয়ে আকুদঙ্গিক বহিরঙ্গ দিকটাই প্রাধান্ত লাভ করেছে। সহপাঠ্যক্রমিক কাজগুলির পিছনে ধেন একটা পূরপাবিকল্পনা থাকে। কাজের পিছনে একটা পরিকল্পনা থাকলে লক্ষ্যন্তিই হবার সম্ভাবনা কম।

# ॥ নানারণ সহপাঠ্যক্রমিক কাজ॥

## | Various Co-curricular Activities |

ানগালনে বিভিন্ন রকমেব কাজেব সাণোজন কবা হবে ধার মধ্য থেকে
ছাত্রেবা তাদের পছন্দ মত কাজ বেছে নেবে। কোন সময়ই কুল নির্বারিত কাজ
ছাত্রদেব উপব চাপিয়ে দেওয়া হবে না। সাবারণ ভাবে ছাত্রদের আগ্রহ ও
প্রবণত। বিচাব করে প্রত্যেকের একাধিক সহপাঠ্য ক্রমিক কাজের আয়োজন ক্রা
হবে। কাজগুলি যতদ্র সম্ভব বৈচিত্রপূর্ণ হবে। স্কুলের
সামান্য ও স্থানীয় অবখা বিচার করে নানারূপ কাজেব
ব্যবস্থা কর। হবে—এজগু কোন নীতি নির্দেশ কবা সভব
নয়। ধে সব কাজে ছাত্রদের আগ্রহ কম বা বেশী ছাত্রের থে
কাজে অংশ গ্রহণ করতে রাজা নয় সে সব কালের ব্যবস্থা
করতে নেই। সব ছেলেমেয়েই কোন একটা কাজে অংশ গ্রহণ করবে কিন্তু

একাধিক কাজে অংশ গ্রহণ করতে কোন ছেলেমেয়েকে বাধ্য করা হবে ন।

অতিরিক্ত উৎসাংহর বশে কেউ যদি সাধে র অতিবিক্ত কাজে অংশ নিতে চায় তাকে বৃঝিয়ে বিরত করতে হবে।

ছাত্রদের জন্ম যে সব কাজের ব্যবস্থা কর। হবে তার উদ্দেশ্য ও লক্ষ্য সম্পর্কে ছাত্রদের ভাল করে ব্রিয়ে দিতে হবে। কাজ সম্পর্কে ছাত্রদের মনে সত্যিকারের আগ্রহ স্পষ্ট হয়। যে কোন কাজের পিছনে পৃবপরিকল্পনা থাকবে। পরিকল্পনা আগেই শিক্ষকগণ করে বাখবেন না। ছাত্ররাই নিজেদের কাজের পরিকল্পনা নিজেরা করবে। ভূল যদি হয় নিজেদেব ভূল নিজেরাই শুধরে নেবে। শিক্ষকেব পরামর্শ বা সাহায্য চাইলে তিনি তাদেব সাহায্য করবেন।

সহপাঠ্য ক্রমিক বিষয় নির্বাচনে যে সব কাজে ছাত্রদের স্বাভাবিক আগ্রহ
আছে ও বে কাজের মধ্যে দিয়ে সামাজিক ও নৈতিক শিক্ষা লাভ হয় সে সর
বিষয়কে অগ্রাধিকার দিতে হবে। কোন স্কুল্ কি কাজের আয়োজন করবে তা
স্কুল্ কর্তৃপক্ষ স্থির করবেন। সহপাঠ্যস্থচী পরিচালনায় ও
হেলেদের পরামশ দেবার জন্ম উপযুক্ত শিক্ষকের প্রয়োজন
কার্যাবলীর শ্রেণী
রয়েছে। স্কুল্ যে কাজের ব্যবস্থাই ককক না কেন দেখতে
হবে সে কাজ পরিচালনাব জন্ম উপযুক্ত শিক্ষক আছে কি
না। যে সব সহপাঠ্যক্রেমিক কাজের আয়োজন স্কুল্ থেকে করা
যেতে পারে, ভাকে কম্মেকটি প্রোণীতে ভাগ করা যেতে পারে,

- (১) সাহিত্য বিষয়ক কাজ কর্ম (Literary Activities)
  - (২) শাবীরিক কাজ কর্ম (Physical Activities)
  - (৩) সমাজদেবাযুলক কাজকর্ম (Community Activities)
  - (৪) সাংস্থতিক কাজকৰ্ম (Cultural Activities)
  - (৫) পৌৰ্থান্থৰ কাৰ্যাবলী (Civic Training Activities)
  - (b) Hobbies.
  - (৭) সামাজিক কার্যাবলী (Social Activities)
  - (৮) বহুমুখী কাগি লী (Multipurpose Activities) ইত্যাদি।
- (১) সাহিন্দ্য বিষয়ক কর্ম (Literary activities)— সাহিত্য বিষয়ক কর্ম পব স্থলে কম দেশী হয়ে থাকে। আলোচনা চক্র বা বিতর্ক সভার আয়োজন করা খুব কঠিন কিছু নয়। প্রত্যেক কলেই সাহিত্য বা অক্সান্ত বিষয়ে আলোচনার জন্ম একটি সমিতি থাকবে। ছাত্রদেব নিয়ে এই সমিতি গঠিত হবে। একজন শিক্ষক থাকবেন উপদেষ্টা রূপে। যে বিষয় নিয়ে বিতর্ক হবে বা আলোচনা হবে ভা পূর্বই জানিয়ে দেওয়া হবে। আলোচনা বা বিতর্কে

অংশ গ্রহণকারী ছাত্রেরা, ছাত্র সম্পাদক বা শ্রেণী সদস্তেব কাছে নাম দিবে।
নিধারিত দিনে সব ছাত্রই আলোচনায় উপস্থিত থাকবে। শিক্ষকদের একজন
বিচারক বা সভাপতির আসন গ্রহণ করবেন। বক্তারা
বিষয়টির পথে বা বিপথে তাদের স্থচিন্তিত বক্তব্য উপস্থিত
করবে। বিতর্ক সভার মধ্য দিয়ে ছাত্রেবা স্থান্ত্রল ও ধারাবাহিকভাবে নিজেদের
কথা যুক্তিপূর্ণভাবে উপস্থাপন করতে শেখে। ধীবভাবে চিন্তা করে অপরের
যুক্তি খণ্ডন ও বিতর্কের মধ্য দিয়ে শোনা যায়। বক্তৃতা দেবার অভ্যাস গঠিত
হয়। পার্ণামেন্টারী রীতি-নীতির সাথে পরিতিত হবার স্থ্যোগ ঘটে।

বিহালয় পত্রিক। ব। স্থল্ ম্যাগাজিন্ অনেক স্থলে আছে। ছাত্রদের মধ্যে কোন কোন ছাত্রেব লেথার আগ্রহ থাকে। প্রকাশের স্থযোগ না থাকায় শক্তি থাকা সত্তেও তারা লিথতে উৎসাহ বোধ কবে না। স্থল্ ম্যাগাজিনের মধ্যমে তাদের ভাব কল্পনা স্থলব ভাবে প্রকাশ করার স্থযোগ পায়। লেথক জীবনের হাতে থভি বহু স্থল্ ম্যাগাজিনের মধ্য দিয়েই শুক হতে পাবে। বিভিন্ন বিষয়ে লেথার মধ্য দিয়ে তাদেব রচনা শক্তির বিকাশ লাভ ঘটবে। স্থল্ ম্যাগাজিন্ পরিচালনার দায়িছ ছাত্রদের হাতেই থাকা উচিত। উপদেষ্টা রূপে একজন শিক্ষক থাকবেন। আছকের স্থল্ পত্রিকার সম্পাদক হয়ত একদিন কোন কাগজেব সম্পাদক রূপে মায়্রপ্রকাশ করবে। বিহালয়ে দেও্যাল পত্রিকাও থাকবে।

সাহিত্য সভার আয়োজন হলে ছাত্ররা বিভিন্ন বিষয়ে স্ববাচত প্রবন্ধ কবিতা, গল্প পাঠ কবে শোনাবাব স্থযোগ পাবে। স্কুলের সাহিত্য শাহিত্য সভা সভাষ বাইরের ক্লতাবল ব্যক্তিদের নমন্ত্রণ করে আন। যায়। তাঁদের কাচু থেকে ছাত্রেরা অনেক কিছু জানতে ও শিক্তে পাবে।

(২) শারীরিক কাজকর্ম (Physical Activities):—কিশোব বয়সে দৈহিক গঠনে খেলাবুলার প্রয়োজন অত্যন্ত বেশী। ১২/১২ বছর বয়সে যথন ছাত্রদেব মধ্যে দত্রবদ্ধভাবে কাজের একটা।বশেষ প্রবণত। দেখা যায় তথন তাদের উৎসাহ ও শক্তিকে খেলাধূলাব পথে পবিচালিত কবলে কিশোর বাহিনী বিপথে যাবার পথ থেকে বক্ষা পেতে পাবে। খেলাধূলা ছাত্রেরা দবচেয়ে বেশী ভালবাসে—এতে ছাত্রেরা স্বেচ্চায় অংশ গ্রহণ কবে। শিক্ষক ও শিক্ষাথীর সহজ মিলন ক্ষেত্র খেলার মাঠ। খেলার মধ্য দিয়ে ছাত্রদের দলগত মনোভাবেব স্কৃষ্টি হয়, সজ্যবদ্ধ ভাবে কাজ করার প্রয়োজনীয়তা উপলব্ধি করে ও নেতৃত্ব গ্রহণের ক্ষমতা জন্মায়। দল্লবদ্ধভাবে কাজ করতে হলে দলনেতার নির্দেশ মানবার প্রয়োজনীয়তা বুঝকে পারে। ছাত্রেবা খেলার মধ্য দিয়ে নিজেকে প্রকাশ ও অর্থ প্রতিষ্ঠার স্ক্রযোগ পার সর্বোপরি সভ্য চেতনা (espirit de corps) গড়ে ওঠে।

থেলায় শুধু দৈহিক উৎকর্ষ সাধন হয় না, থেলাধূলার মধ্য দিয়ে শাবীরিক, মানসিক, সামাজিক ও নৈতিক সব রকম শিক্ষাই হতে পারে। একজন একজন থেলোয়াডকে ব। এ্যাথলেটকে চিন্তা করে এ ত সিদ্ধান্ত গ্রহণ, সর্বদা সতর্ক থাকা, নানাকপ কৌশল আগ্রন্থ কবা, কিছু সময়েব জন্ম একটি মাঞ্জ বিষয়ে সমগ্র মন নিবদ্ধ রাথার শক্তি অর্জন কর। প্রভৃতি শুণের অধিকারী হতে হবে। এ সবেব মধ্য দিয়ে মানসিক শক্তির যথেষ্ট উৎকর্ষ ঘটে। দৈহিক ও মানসিক শক্তিব উৎকর্ষ সাধন পরোক্ষে চারত্রও গঠিত হয়। শিক্ষার্থীর আ্মাবিখাস বেডে যায়, স্বাধীন ভাবে যে কোন কাজে এগিয়ে যেতে সে আর দ্বিবা বোধ করে না।

খেলাধূলার বছবিধ ব্যবস্থা স্কুল থেকে করা সম্ভব। ফুটবল প্রায় আমাদের জাতীয় খেলায় পরিণত হয়েছে। ফুটবল খেলা খুব ব্যয় সাধ্য নয়—অনেক ৬েলে একসাথে থেলতে পাবে। অল্প ব্যয়ে ও অল্প জায়গায় বিভিন্ন খেলাধুলাব থেলার মধ্যে ভলি-বল থেলা। এই থেলায়ণ ছাত্রেরা ব্যবস্থা যথেষ্ট উৎসাহ বোধ করে। ব্যয় সাধ্য খেলাব মধ্যে হকি, ক্রিকেট্ ব্যাভমিন্টানও বহু স্কুলে খেলার ব্যবন্থ। আছে। আমাদেব দেশীয় থেলায় কোনৰূপ খরচ নেই— গ্রামের ছাত্রদের মধ্যে দেশায় খেলায় উৎসাহ দেখা যায়। স্কুল থেকে দেশীয় খেলাব ব্যবস্থা কবা খেতে পাবে। বিভালয়ে বিভিন্ন (atheletics) ব্যবস্থা করতে হবে। বহিবিভালয় খেলাধুলার (outdoor ga.ne) ব্যবস্থা ছাড়৷ ক্যারম, টেবিল টেনিস্ প্রভৃতি অন্তর্বিগালয় থেলার (indoor games) ব্যবস্থাও খুলে করা ধায়। এ ছাড। সূল থেকে বার্যিক ক্রীড। প্রতিযোগিতাব ব্যবস্থা হলে ছাত্রের। আনন্দের সাথে বিভিন্ন বিশেষ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। Drill ইত্যাদির থাকবে।

- (৩) সমাজ দেবামূলক কাজকর্ম (Community Activities):—
  শিক্ষার্থীদেব সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্যে সমাজ-দেবা মূলক কাজ-কর্ম
  থাকবে। বিভালয় সমাজেরই অল। শিক্ষার্থীর। আদে সমাজ থেকেই। সমাজের
  সঙ্গে বিভালয়ের সম্পর্ক স্থাপন কবতে হবে। আমাদের
  সেবামূলক কাজ
  দেশেব সমাজ যে অবস্থায় আছে তাতে সে সকলেরই
  দয়াদাক্ষিণ্য কামনা করে। রাস্থানটি ও পুকুব ইত্যাদি পরিষ্কার মডকের
  সময় সেবা, গৃহদাহে ত্রাণমূলক কাজকর্ম, দরিদ্র সেবা, রোগীর স্কুশ্রুষা ইত্যাদি
  শিক্ষার্থীব। হাতে-কলমে করবে। তাতে তাদেব সামাজ্বক অভিজ্ঞতা অনেক
  বেডে যাবে।
- (৪) **সাংস্কৃতিক কাজকর্ম (Cultural Activities**) : -- ছাত্রদেব আনক বিধানের জন্ম মাঝে মাঝে গান, হাস্ত-কৌতুক কি নাটক আভন্যের

আয়োজন করা যেতে পারে। স্কুল্ প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে, রবীক্র উৎসব উপলক্ষ্যে অষ্ঠানের আয়োজন কর। হয়। এতে ছাত্রদের উপযোগী করিগুরুর যে সব নাটক আছে তার অভিনয় হতে পারে। স্কুলেব পরস্বাব বিতরণী উৎসবেও নাটক, গান ইত্যাদির ব্যবস্থা গানবাজনা
হলে ছাত্রেরা আনন্দের সাথে এতে অংশ গ্রহণ করবে। এ কাজেব ভাব ছাত্রদেব উপব ছেডে দিলে স্টেজ বাধা থেকে সব রক্ষম কাজ তারা অত্যন্থ উৎসাহের সাথে করবে। স্বস্থি ধর্মী কিশোর মনের থোরাক যোগাতে এসন কাজের যথেই মূল্য আছে। অভিনয় সম্পর্কে ছাত্রদের একটা স্বাভাবিক আগ্রহ থাকে। একে শিক্ষার কাজে লাগান থেতে পারে। ঐতিহাসিক বিয়ে বস্তু নিবে নাটক অভিনয়েব ব্যবস্থা হলে বিষয়বস্তু তাদের কাছে সজীব হযে দেখা দেফ। এনী শিক্ষায় অভিনয় পদাতর সাহায্য নেওয়া চলে। যেখানে ত'তিন জনেব কথা বাতাব মধ্য দিয়ে কোন ঘটনাব কথা বিবৃত কর। হয়েছে শেখানে শিক্ষক অভিনয় পদ্ধাতব সাহায্যে পড়াতে পাবেন।

কিশোর বয়সে মানাসক বিপর্যয়েব ফলে বয়স পদ্ধিক্ষণেই কিশোব মনে স্বাভাবিক যৌনচেতনাব স্ত্রপাত হয়। খেলা ধুলা, সাহিত্য চর্চা ও অভিনয় ইত্যাদিব মধ্যে শিক্ষাথীব মন নান। ভাবে নিয়োজিত থাকায় তাব। এসব স্কল্পনী ধর্মী কাজে নিজেদের প্রকাশেব স্করোগ পাস। আনন্দময় পরিবেশে গঠনমূলক কাজে ও নতুন স্প্রিব আনন্দে স্বাভাবিক প্রধান্ত সমূহ তৃপ্তি হয় ও সমাজেব কল্যাণকব কাজে নিয়োজিত হয়।

শিক্ষাথীবা ছবি আকৰে মডেল্ ইত্যাদি তৈবী করবে। কলে তাদেব সৌন্দ্যান্ত্তি বাডবে। শিল্প চেতনা বৃদ্ধি হবে।

(৫) পৌরশিক্ষণ কার্যাবলী (Civic Training Activities):—
বিভালয়ে এমন সব কার্যাবলী অন্ধর্মরণ করতে হবে যাতে
শিকাস্পক গবিভ্রমণ
পৌরশিক্ষণ সম্ভবপর হয়। শিক্ষাথীরা শিক্ষামূলক পবিভ্রমণে (E-lucational Excursion) থাবে। সেথানে গিয়ে তারা প্রত্যক্ষ জ্ঞান
জ্ঞান কববে।

শিক্ষার্থীবা সমবাষের ভিত্তিতে তাদের নিত্য প্রয়োজনীয় থাতা কাগজ প্রেলন প্রভৃতি দিয়ে সমবায় বিপনি স্টল্ কবতে পারে। স্কুলেব পূর্বে ও টিফিনের সময় ছাত্রের। এথান থেকে তাদের প্রযোজনীয় জিনিস থরিদ করে। ক্রেতা, বিক্রেতা হিসেব রক্ষক ছাত্রদের মধ্য থেকেই নিবাচিত করা হয়। যদি সম্ভব হয় দোকানে কোন বিক্রেতা বাথা হবে না। জিনিসের পাশে দাম লিথে রাথা হবে, ছাত্রেবা দাম দিযে নিজেদেব প্রয়োজনীয় জিনিস সংগ্রহ করবে। সমবায় বিপনি

পরিচালনাব মধ্য দিয়ে সমবায় সমিতির প্রযোজনীয়তা ও গঠন সম্পর্কে ছাত্রের।
শিক্ষালাভ করবে। বিক্রেতা-হীন দোকানে জিনিস কিনবাব মধ্য দিয়ে তার।
সততার শিক্ষা পাবে।

- (৬) Hobbiea: শিক্ষার্থীদের সহপাঠ্যক্রামক কাজ-কর্মের মধ্যে বিভিন্ন
  Hobby-কে স্থান দিতে হবে। Photography. Penfriendship, Stamp
  collections, Corn collecting, Gardening, Wood work, Clay work,
  Lather work ইত্যাদি কাজকর্ম শিক্ষার্থীব। করে শিক্ষাকার্যে সাক্রয় ভূমিক।
  গ্রহণ করবে, জীবনের অভিজ্ঞতা নিজেই অজন করবে।
- (৭) সামাজিক কার্যাবলী (Social works):—শিক্ষার্থীর। সংপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্যে সামাজিক কাজকর্মে অংশগ্রহণ কবে। মেলা-পার্বণে শিক্ষাথীরা দেবামূলক কাজকর্ম করে। তাছাড়া Junior Redeross, Social Education, Labour Squads ইত্যাদিতে শিক্ষাথীরা অংশগ্রহণ কববে। জুনিয়র রেডক্রস সমিতির মধ্য দিয়ে শিক্ষাথীরা নানাবপ সেবামূলক কাজকর্মে অংশ গ্রহণ করবে। স্বাস্থ্য রক্ষার নিয়ম পালন প্রচার করলে ব্যক্তি স্বাস্থ্য ও জন স্বাস্থ্যেও জন স্বাস্থ্যেও জন স্বাস্থ্যেও জন স্বাস্থ্যেও জন স্বাস্থ্যেও জন ব্যক্তি হয়। অস্তম্ভ ও হুস্ত জনের সেবা একটি মহৎ কাজ। এই কাজের মধ্য দিয়ে জন-সেবাব মহৎ আদশে ছাত্রদের অন্তপ্তাণিত করা ধায়। বিভাসরে I মিতের বিজনি তাবিল কাজি করে গালার ভাত্তিতে একটা তহবিল কাজি করে গবীব ছাত্রদের বই দিয়ে পডাশুনায় সাহায্য করা ধায়। এসব প্রতিষ্ঠান গঠন ও পবিচালনাব দায়িজ ছাত্রদের উপর ছেডে দিতে হবে। এব মধ্য দিয়ে সংগঠন মূলক কাজ সম্পর্কে তাদের অভিজ্ঞতা হবে ও প্রতিষ্ঠান পরিচালনার প্রত্যক্ষ জ্ঞান অজিত হবে।
  - (৮) বছমুখী কার্যাবলী (Multipurpose Activities)ঃ শিক্ষাণাব। Boys Scout, Girls guide, N. C. C., A. C. C. অম্পান, অঞ্জ প্রিক্রম। ইত্যাদি কাজকর্মে অংশ গ্রহণ কববে।

বিভাল্যে শিক্ষাপ্রিপ্র কার্মেই সহপাত্ত - নক কার্যাবলার ব্যাপ্থা ব তে হবে।
এ ব্যাপারে শিক্ষা সংস্থার চবতে হবে। বরাক্ষা ব্যাথায় সংপাত্যক্রমিক
কার্যাবলাকে গুলুত্ব দিতে হবে। এ ব্যাপারে স্বকারী আর্থিক অপ্নান বাডাতে
হবে। শিক্ষকদের এ ব্যাপারে উংসাহা ভূমিক। নিতে হবে। সহপাত্যক্রমিক
কার্যাবলার সাথক ক্রপায়ণে শিক্ষাথার শিক্ষাগ্রহণ সম্পূর্ণ হবে এবং বিভালয়ের
সমাজ-জীবন ন্থারত হয়ে উঠবে।

#### প্রশাবলী

- 1, Why is so much stress laid on Co-Curricular activities now a days? Who would organise Co-Curricular activities in a Secondary School? Give reasons for your answers.
- 2. What principles should guide you in the planning of extra curricular activities in your School? How do they influence the realisation of the major objectives of education.
- How does proper organisation of co-curricular activities in the school help the education of character.
- 4. What is the place of co-urricular activities in education? How do they help in the Training of character? Out line plans for the organisation of two c_i -curricular activities that you consider most useful.
- 5. Extra curricular activities that are now regarded as an intregral part of education.—discuss. Describe at least five such activities that can effectively be introduced in secondary schools of West Bengal.
- Extra curricular activities are now more popularly regarded as
  "co-curricular"—Why? Describe the organisation of any one
  important co-curricular activity and Examine its Educational
  henefits.
- 7. Write notes on-
  - (a) Co-curricular Activities

#### चष्ट्रम चन्त्राम

# বিত্যালয়ে স্বাহ্তন্ত শাসন (SCHOOL SELF GOVERNMENT)

শিক্ষা সংক্রান্ত চিন্তাধারার পরিবর্তন হয়েছে। বিভালযে শিক্ষাগীরা আদে শিক্ষাগ্রহণ করতে। বিজ্ঞালয় পরিশাদনেব দায়িত্ব প্রধান শিক্ষক, অন্যান্ত শিক্ষক ও পরিচালক সমিনিব। বিভালয় পবিশাসনে ছাত্রদের গণতান্ত্ৰিক সমাজ-ব্যবহাবের কথা পূবে গুব বেশী কবে চিন্তু। করা হয় নি। তান্ত্ৰিক চিন্তাধাৰা ও কিন্তু সমাজ ব্যবস্থ। পবিশ্রনের সঙ্গে সঙ্গে শিক্ষা ব্যবস্থারও বিভালবের সায়জ্পাসন পরিবর্তন হয়েছে। সমাজভান্তিক ও গণতান্ত্রিক চেতনার প্রত্যক্ষ প্রভাব পড়েছে শিক্ষাব্যবস্থার উপব। তাই বিভার্যে স্বাযম্বশাসনের কথা চিন্তা করা হচ্ছে। কোথাও কোগাও স্বাধ্বশাসন নিয়ে প্রাক্ষা-নিবীক্ষাও হয়েছে। ছাত্র-বিশুখলাব যে[®] চরম রূপ এখন আমবা প্রত্যক্ষ কবি তাদের স্বায়ত্তশাসনের অধিকার এ সমস্তা অনেকথানি সমাধান করতে পারবে বলে অনেকে মনে কবেন। বিভালয়েব বিভিন্ন কাজ-কর্মে তাই শিক্ষাণীদের উপব দাযিত্ব অর্পণ করা হয়। শিক্ষাগীদের উপর দায়িত্ব অপিত হলে ভাব। কম বয়স থেকেই ত। বহন কথতে অভ্যন্থ হবে, ফলে তাদের ভবিক্তং সমাজজীবন সমূদ্ধ হবে।

- বিভালয় হচ্ছে ভবিগ্রৎ জাবনের প্রস্তাতি-ক্ষেত্র , — শিক্ষাথীব। প্রবর্তী জীবনে যে সমস্যাব সম্মুখীন হবে, সমাজের সভা রূপে তাকে যে স্ব কর্তব্য সম্পাদন করতে হবে । শিক্ষাব মধ্য দিয়ে তাকে তাব জন্ম প্রস্তুত্ত করতে হবে । শিক্ষা মানেই অভিজ্ঞতা সঞ্চয় । জীবনেব গড়ে তোলাই বিভালম মাত্রপাদনের মূল ক্ষা পথে নিত্য নতুন অভিজ্ঞতা লাভেব মধ্য দিয়ে শিক্ষাথীরা নিজেদের গড়ে তুলবে, স্থলে এসে শিক্ষকের নিকট পাঠ গ্রহণ, আবে প্রা মুগন্ধ বলাই বউমান শিক্ষার

উদ্দেশ্য নয়। আজকেব শিশু ভবিশ্বৎ নাগবিক। "প্রতিষ্টি বাষ্ট্রেব কর্তব্য উপযুক্ত শিক্ষাব বাবস্থা করে শিশুদেব রাষ্ট্রের উপ;ক্ত নাগবিক করে গদ্যে তোলা। সন্দিয়-ভাবে তার। যাতে তাদেব বাই পরিচালনায় অংশগ্রহণ করতে পারে বিভাগরেব মধ্য দিয়ে তাদের সে শিক্ষার ব্যবস্থা করতে হবে। গণতান্ত্রিক বাই-ব্যবস্থায় শিক্ষাকেও গণতান্ত্রিক কবে তুলতে হবে। বিভালয়েব গণতান্ত্রিক সমাজে ছাত্রেরা বিভালয় পরিচালনায় যাতে অংশ গ্রহণ কবতে পাবে শেজন্য প্রতিলনায় যাতে অংশ গ্রহণ কবতে পাবে শেজন্য প্রতিলনায় বাতে পাবে।

# ॥ বিত্যালয় সমাক্ষের প্রতিচ্ছবি॥

|| School is the Miniature of the Society ||

শিশু ভবিশ্বৎ জীবনে যে সমাজের নাগরিক রূপে প্রতিষ্ঠা লাভ করবে সেই সমাজের রূপটি সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা সে যাতে বিভালযের শিক্ষার মধ্য দিয়েই লাভ করে সে ব্যবস্থা করতে হবে। শিক্ষার্থীদেব দামনে এমন দব, স্থযোগ-স্তবিধা থাকবে যাব মধ্য দিয়ে তারা এমন অভিন্তত। লাভ কববে যাতে ভবিয়তে '

শিক্ষা শিক্ষাথীব ভবিদ্যৎ জীবন পতিষ্ঠিত কববে সামাজিক ও রাষ্ট্রীয় দায়িত্ব পালনে তাকে বিব্রত হতে না হয়। ভবিন্তাৎ জীবনেব পক্ষে প্রযোজনীয় ও সমাজেব পক্ষে কল্যাণকর শিক্ষা যদি বিভালয় থেকে পাওয়া না যায় তাহলে বিভালয়ে যাবাব কোন সার্থকতাই থাকে না।

অধ্যাপক ক্রাছ লিল্ জোশ্স বলেছেন:—"The school is fundamentally an experience giving institution, and if it cannot give more vital exprience that the child can get anywhere else, in the world, it has no valid claim upon his thime."

আমবা গণতান্ত্ৰিক বাষ্ট্ৰেব অধিবাসী। গণভান্ত্ৰিক রাষ্ট্রের অধিবাসী রূপে গড়ে ভোলবার জন্ম যা কিছু প্রেরোজন নিশুদের নিক্ষার মধ্যে দেব আমোজন রাখতে হবে। বিভালয়ের কার্যাবলী এমন ভাবে পবিচালনা কবতে হবে যাতে বিভালয় একটি আদর্শ গণতান্ত্রিক বাষ্ট্রের ক্ষুদ্র সংস্করণ বলে মনে হবে। গণতান্ত্রিক রাই গঠন ও পরিচালনাব ব্যবস্থা সে ক্লের বই পড়ার সাথে ক্ল্লু পরিচালনাব সাথে প্রত্যক্ষভাবে ছড়িত থেকে জানবে। সে বিভালয় ক্ষেম্বাসন বিভালয় ক্ষেম্বাসন বিভালয় ক্ষেম্বাসন ক্ষেম্বাসন বাহে আদর্শ গণভান্ত্রিক ক্ষুশ্-রাত্রের পরিচালনাম ক্ষেম্বাসন ক্ষেম্বাসন ক্ষাবে। কাজের মধ্য দিয়ে ভার শৃঙ্খলাব কি প্রয়োজন। বাইবেব থেকে চাপিয়ে শৃঙ্খলাব

বোঝাকে শিশুবা নিপীতন বলে মনে করে। কিন্তু, কাঙ্গের স্থ্র্ট্ন পরিচালনার মধ্য দিয়ে যখন ভাদের মনে শৃখাল। বোধ জন্মাবে, ব্রুতে পারবে জীবনের প্রতিটি ক্ষেত্রে শৃখালাব কি প্রযোজন, তথন তাবা স্বেচ্চায় শৃখালাকে মেনে নেবে। জনেক তত্ত্ব কথা শুনিয়ে ও বহু উপদেশ ও নিপীতনে যে ফল পাওয়া যায় নি প্রাত্যহিক জীবনের অভিজ্ঞতার মধ্য দিয়ে তাবা জীবন গঠনে ও ও স্থ্র্ট্ন কর্ম-সম্পাদনে শৃখালাব প্রয়োজন সম্পর্কে অবহিত হবে। স্বয়ং শালিভ স্কুল সমাজের নান। কাজে অংশ গ্রাহণ ও স্থৃত্ব রূপায়ণের মধ্য দিয়ে ভাদের আত্মাবশাস বেড়ে যাবে ও দারিছ বেয়ধ জন্মাবে। সমাজ জীবনে গোগ্রীবদ্ধ হলে আমবা বাস কবি। শিক্ষাব একটা কাজ হচ্ছে শিশুকে সামাজিক কবে গড়ে তোলা। সভ্যবদ্ধ হয়ে মিলে মিশে কাজ করার ফলে ভাদের পামাজিক কবে গড়ে তোলা। সভ্যবদ্ধ হয়ে মিলে মিশে কাজ করার ফলে ভাদের পামাজিক কবে গড়ে তোলা। সভ্যবদ্ধ হয়ে মিলে মিশে কাজ করার ফলে ভাদের পামাজিক বেগাল সহনশীলভা, পারস্পারিক প্রীতি ও সহযোগিভার, প্রয়োজনীয়ভা ভারা উপলব্ধি করবে।

# ।। শিক্ষকের ভূ'মকা।।

#### 11 Teacher's Role 11

বিভালা সমাজে শিক্ষকেব একটি বিশিষ্ট ভূমিকা রয়েছে। বিভালয়কে গণভান্ত্ৰিক সমাজে পরিণত করতে হলে ছাত্রদেব নানা সমস্যা এসে ভীড় জমাবে, চলাব পথে অনেক বাধা বিশ্ব স্থান্ট হবে। শিক্ষক এখানে উপদেষ্টার ভূমিকা গ্রহণ কববেন। নানাকাজেব পরিকল্পনা গ্রহণ ও রূপায়তে ছাত্রদের পরামর্শ দিয়ে, উপদেশ দিয়ে ও উৎসাহ দিয়ে তিনি দাখিদ্ব সাহায্য কববেন। প্রভাক্ষ ভাবে তিনি ছাত্রদেব কাজে হতকেপ কববেন না। ছাত্রেয়া, য়েন মনে কবার স্থযোগ না পায় তাদেব হাতে সভিকোরেব কোন ক্ষমতা দেওয়া হয় নি। তাদের সামনে রেথে শিক্ষকগণই কাজ চালাতে একথা ভাববার স্থযোগ যেন তারা না পায়! কিছ্ক শিক্ষকেব সদা সত্রক দৃষ্টি পাকব্রে যাতে ছাত্রেবা অপব্যবহাব না কবে। ছাত্রদের হাতে ক্ষমতা দিলে দায়ের চাপালে কতব্য সম্পাদনে প্রথম অবস্থাব অনেক ভাল্ডি হতে পাবে। প্রাথমিক ভূল ভ্রান্থিতে হতাশ হলে চলবে না। তাদেব ভূল ক্রটি সংশোধন করে ঠিক পথে চালাবাব দায়ের শিক্ষক গ্রহণ করেবেন।

ছা থে দের পায়িত্ব নল নাগাবক কপে গড়ে তোলবার প্রাথমিক প্রচেষ্টা কপে ভারতে স্কৃণ্ সায়ত্বশাসন ব্যবস্থাব প্রথম প্রবর্তন কবেন রবীন্দ্রনাথ। নাগবিক জীবনেব দায়িত্ব ও কতব্য পালনের উপযুক্ত শিক্ষা বিভালয় ববীন্দ্রনাথ জাবনের মধ্য দিয়েই শুক হবে এই উদ্দেশ্যে রবীন্দ্রনাথ তার বিভালয়ে ১৯০৫ খ্রীঃ স্কুল্ স্বায়ত্বশাসন ব্যবহার প্রচলন করেন।

প্রাপ্ত (Preparation: — স্কুলে স্বায়ত্বশাসন ব্যবস্থার প্রবর্তনের পূর্বে প্রধান শিক্ষক এ বিষয় নিয়ে সহকারী শিক্ষকদের সাথে কি কি ব্যবস্থা অধলম্বন করা যায় ও কিভাবে অগ্রসর হওয়া যায় তা নিয়ে আলোচনা করবেন। সহকারী শিক্ষকদেব সহযোগিতা ভিন্ন এ ব্যবহার সাক্ষল্য সম্ভব নয়। শিক্ষকদেব মনে এ বিষয়ে দ্বিধা থাকতে পাবে, সংশ্য থাকতে পাবে, ছাত্রদেব হাতে শৃত্বলাব দায়িত্ব দিলে তা যথাবিধপে পালন কবতে পারবে কি না। তারপব তাবা মনে করতে পারেন এতে তাদের অধিকার সংকোচিত হবে, তাদেব মর্যাদা ক্ষ্ম হবে। ছাত্রদের

শুভ বৃদ্ধির উপর নির্ভর করলে, মর্গাদা, কি আধকার, ক্ষুপ্ন প্রথম স্বায়ত্ত পাদন করলে করলে মনে ক্রুয় না। শিক্ষকণণ সংক্রান্ত স্টিক দৃষ্টি তথা প্রথম অবস্থায় উপদেষ্টারূপে থাকবেন। ছাত্রেরা তুল করলে গড়ে তুলতে হবে শিক্ষকণণ তা সংশোধন করবেন। ক্ষমতাব অপব্যবহারের সম্ভাবনা যে একেবাবে নেই তাবলা যায় না, এ অবস্থার স্টে হলে তার প্রতিকারের ক্ষমতা শিক্ষক ও প্রধান শিক্ষকেব সবু সময়েই থাকবে। শিক্ষক-ছাত্র

সম্পর্ক প্রীতিপূর্ণ হলে সহযোগিতার মধ্য দিয়ে স্কুল্ স্বায়ত্বশাসন ব্যবস্থা পরিচালনা অতি স্কুষ্ঠভাবেই সম্পন্ন হবে।

স্কলে স্বায়ত্তশাসন ব্যবস্থা চালু করার পূর্বে ছাত্রদের এ বিষয়টি সম্পর্কে ভাল করে বুঝাতে হবে। মানসিক প্রস্থতি না থাকলে তারা প্রথম থেকেই ভূল করতে পারে। ক্ষমভার সাথে তাদের যে বিরাট দায়িত্ব গ্রহণ করতে হচ্ছে তা তাদেব বুঝিয়ে দিতে হবে একে কার্যকবী কপ দেবার পূর্বে পরিচালনা সংক্রান্ত বিধি ও নিষম-কান্তন পর্বেই প্রস্তুত করে নিতে হবে।

# ।। বিজ্ঞালয়ে ছাত্রদের স্বায়ত্বশাসনের বিভিন্ন রূপ।। ৺ I Different Types of Student's Self-Government

|| Different Types of Student's Self-Government in the School ||

বিতালয়ে স্বায়ত্বশাসনের বিভিন্ন রূপ আছে। `সেগুলি হ'ল,—

॥ ১॥ মনিটর ও প্রিফেক্ট প্রথার সংশোধিত রূপ (Reformed pattern of the Monitorial and Prefect System):—

এক সময়ে ইংলণ্ডে মনিটব প্রথা বেশ জনপ্রিয়ত। অর্জন কবে। Dr. Andrew Bell এই প্রথা চালু করেন। এটি একটি ভারতীয় প্রথার সংশোধিত-কপ। Dr. Bell যথন মাদ্রাজে ছিলেন (১৭৮৯ গ্রীঃ। তথন সেথানে প্রাথমিক বিভালয়সমূহে "সদীব পোডো" নামে এক প্রথান সাথে পরিচিত হন। এই প্রথায় 'মাত্রবে শ্রেণী' একজন ছাত্রকে শিক্ষক নিযুক্ত কবতেন তাঁব সাহায্যকাবীকপে, শৃখলা বক্ষায় গুক্মশায় তাব সাহায্য নিতেন। অনেক ক্ষেত্রে নীচের শ্রেণীতে পভানোব দায়িত্বও ভাবা কিছুটা পালন করেত। এই প্রথাকে Bell সাহেব সংস্কাব কবে Monitarial System-এর চালু কবেন। ইংলণ্ডে প্রাথমিক শিক্ষা বিস্তাবে এই প্রথা থ্বই জনপ্রিয়তা লাভ করেছিল। এই প্রথায় শিক্ষক দ্বারা মনোনীত Monitor ত্ইছেলেব নাম লিখে বাখতে, Home task সংগ্রহ কবত, শৃখলা রক্ষাব ব্যাপাবে সে শিক্ষকের সাহায্য করত। নীচু ক্লাসে প্রভানোব দায়িত্বও তাকে দেওয়া হ'ত। Monitor স্লের শিক্ষা ও প্রশানন তই কাজেই অংশ গ্রহণ করত।

Dr. Thomas Araold রাগবির Public School-এ উনবিংশ শতাকীতে Prefect প্রথা চালু করেন। তিনি উচু শ্রেণী থেকে ভাল ও যোগ্য ছেলে বেছে নিয়ে তাদেব ভূউপর বিভালয়ের প্রশাসনের ও শিক্ষাদানের দায়িত্ব কিছুটা অর্পণ করতেন।

Monitor ও Prefect প্রধার প্রধান ক্রটি হচ্ছে মনিটর ও প্রিফেক্ট নির্বাচনে ছাত্রদের কোন অংশ নেই। প্রধান শিক্ষকের মনোনীত ছাত্রেবাই এই পদের অধিকারী। তারা প্রধান শিক্ষক বা ভারপ্রাপ্ত শিক্ষকের নির্দেশে পরিচালিত হয়। তাদের নিজস্ব কোন স্বাধীনতা বা অধিকার নেই, এতে প্রায়ই ছাত্র-বিক্ষোভ দানা বেঁধে ওঠে। একে ছাত্রদের স্বায়তশাসন বলা চলে না।

এই প্রথাকে কিছুটা সংস্থার করে গণতান্ত্রিকরূপ দেওয়া চলে। প্রধান শিক্ষকের মনোমত না হয়ে যদি Monitor ও Prefect ছাত্রদের ছারা নির্বাচিত হয় তাহলে তারা হবে সত্যিকারের ছাত্রদের ছাত্রপ্রতিনিধি। প্রশাসনিক দায়িও পালনের ক্ষেত্রেও তাদেব কিছুটা স্বাধীনতা দিতে হবে। Prefect-দের নেতৃত্বে নির্বাচিত শ্রেণী-কমিটি শ্রেণী পরিচালন করবে।

।। ২ ।। 'হাউস' প্রথা (House system): — এই প্রথা বিজ্ঞানয়ে স্বায়ত্বশাসনের ক্ষেত্রে থুবই কার্যকরী। 'ইংলণ্ডে এই প্রথার প্রচলন থুব বেনী এই প্রথাতে প্রতিটি শ্রেণীর ছাত্রছাত্রীকে ৪।৫টি 'হাউসে' (House) ভাগ কবা

হয়। সাধারণতঃ মনীযীদেব নামে তাদের নাম করণ করা প্রতিটি শ্রেণীব ছাত্রবৃদ্দ কবেবটি হাউসে
বৃদ্দ কবেবটি হাউসে
বিজ্ঞত হবেন
ভাত্রেবা ৩।৪টি House-এ বিভক্ত হয়ে পড়ে। প্রতিটি হাউদে সব শ্রেণীব ছাত্রছাত্রী সমসংখ্যায় থাকে। প্রতিটি 'হাউদ' পবিচালনাব জন্ম একটি কেন্দ্রীর কমিটি (নির্বাচিত) থাকে। প্রতি 'হাউদ' পবিচালনাব জন্ম একটি কেন্দ্রীর কমিটি (নির্বাচিত) থাকে। প্রতি 'হাউদ' এক একজন House Leader থাকে। প্রতিটি হাউদ বিভালয়ের শৃন্ধলা রক্ষা, পরিদ্দার-পরিচ্ছন্নতা, খেলাগুলা, বিভালয় পত্রিকা, বিতর্ক সভা, অভিনয়, প্রদর্শনী, সাংস্কৃতিক উৎসব ইত্যাদিতে অংশ গ্রহণ করে সম্পূর্ণ গণতান্ত্রিক উপায়ে। বিভিন্ন হাউদের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে প্রতিযোগিতার ব্যবস্থা কবা হয়। Health competition-এর মাধ্যমে শিক্ষাঝীদের মধ্যে বিভিন্ন গুণাবলী বিকশিত হয়।

शिक्ष বিষয়ে পারদর্শী কয়েকজনকে নির্বাচিত করে তাদের উপর বিভিন্ন বিষয় ভদারকীর ভার দেওয়া হয়। ২০ জন ভাল ছাত্র নীচের শ্রেণাগুলিতে
শিক্ষাদান করবে। ২০ জন সংগীত-নাটক অভিজ্ঞ ছাত্র বিভিন্ন বিষয়ে উৎসব-অঞ্চান পবিচালনা করবে। ২০ জন ছাত্র বিষয়ে পরিষ্ঠার-পরিচ্ছর বাষর শাসন

ক্ষেণাভনা করবে। ২০ জন ছাত্র বিতিনিধি বিভালয়ের শিক্ষাব্দীদের নিয়মিড উপস্থিতির হিসেব রাখবে। তাদের নিয়ে একটি কমিটি হবে। এই কমিটি পরিকল্পনা করে বিভিন্ন প্রশাসন্থলক কাজ্কর্ম পরিচালনা করবে। সোভিয়েট রাশিয়াতে এ ধরনের প্রপা আছে।

॥ ৪ ॥ **ছাত্র সংসদ** (Students' Union):—বিহালয়ে বিভিন্ন শ্রেণী থেকে নির্বাচিত প্রতিনিবিদেব নিয়ে একটি ছাত্র সংসদ গঠিত হবে। প্রধান শিক্ষক পদাধিকার বলে এব গভাগতি হলেও অন্তান্ত সকলেই ছাত্রদের মধ্য বেকে নিরাচিত ছাত্র সংসদ (Grantal Serrotary)। ছাত্র সংসদের বিভিন্ন উপসমিতি থাকবে, যেমন,—সাহিত্য সমতি, ক্রাডা সমতি সংস্কৃতি সামতি, সমাঙ্গনেবা সমিতি, পত্রিকা সামিতি, কবিশ্রদেবা সমিতি ইত্যাদি। প্রতিটি উপসমিতির এক-একজন সপাদক থাকবে। ছাত্রদংসদেব একজন কোষাবাক্ষ ও একজন হিদেব প্রাক্ষকও থাকবে। এই স্থাতির স্বাত্রিক প্রতিত কাজক্য করবে। এবং বিভিন্ন কাজ-কর্যের সমন্ন বিভিন্ন শ্রেণীর ছাত্রছাত্রীদের সক্রিয় সহযোগিতা গ্রহণ কবনে।

॥৫॥ শ্রেনী সমিতি (Class Committee): শ্রেনী সামতিব সদস্যদেব শ্রেণীর ছাত্রেবা নিশাসন কববে। এ নির্বাচন সাবা বছবেব জন্ম হতে পাবে বা বছবে হ'বার হতে পাবে। নির্বাচিত সদস্যের: শ্ৰেণী পৰিচালনা একজন সভাপতি নির্বাচিত বরবেন। শ্রেণী শিক্ষক উপদেষ্টারূপে থাকবেন। এো সংমতি এো শুখলাব দায়িত গ্রহণ করবে। প্রয়োজন হলে শুখালা ভঙ্গকারীৰ শাস্তি বিধান করবে। গুক্তব অপবাধ ষেথানে দৈহিক শাতিব প্ৰশ্ন ছ ডত তা প্ৰধান শিক্ষককে জানাতে হবে। শ্ৰেম স্মিত থেকে কোন শাণিব স্থপাবিশ করা হলে তাদের দিয়ান্ত বহাল রাখ। হবে কন। ত। প্রধান :শক্ষকান্তব করবেন। বিশেষ অবসা ব্যতিবেকে ছার স্মিত্র সিদ্ধান্ত প্রেবর্তন করা উচিত নয়। ঘন ঘন ছাএদের সিদ্ধান্ত প্রিবর্তন কবলে ছাত্রেবা মনে কববে তাদের স ত্যকাবের কোন ক্ষমতা নেই। শ্রেণা শুখানা বক্ষা করা ছাডাও শ্রেনীর পবিদার পবিজ্ঞাতাব দিকে তারা দৃষ্টি বাথবে. শ্রেণ কলেব নৌন্দর্য বৃদ্ধিব দিকেও তার। দৃষ্টি রাথবে। শ্রেণী থেকে হাতেব লেখা সাম্যিক পত্রিকা প্রকাশ ব্যবস্থা ও শ্রেণী গ্রন্থাগাব থাকলে সমিতি ভার পরিচালনা করবে। শ্রেণীব থেলা,লার ব্যবস্থাও সমি ত করবে।

॥ ৬॥ সংসদীধ পদ্ধতি (Council Type) —এই পদ্ধতিতে নিবাঁচিত ছাএ প্রতিনিবিদেব হাতে বিভালয়েব স্বায়বশাসনেব ভার তুলে দেওবা হয়।
সংসদীয় গণতন্ত্রেব মত এতে একজন প্রধান মন্ত্রী, বিভিন্ন
পাণিবলাব গণতন্ত্র
স্থানিতর মন্ত্রী ইত্যাদি থাকে। এদের কার্য ধারা নিয়ে
কার্যকরী সমিতিতে সারিষদীয় পদ্ধতিতে আলোচনা ও বিতর্ক করা হয়। কোথাও
কোথাও Sinior Student প্রথাও প্রচলিত আছে। সেক্কেন্ত্রে সব থেকে যার
বিস্তৃত্ব দেওয়া হয়।

। ১। কাৰ্যকরী সমিতি (Executive Committee): প্রতি শ্রেণী থেকে কয়েকজন করে সভ্য নিয়ে সমগ্র স্থানের ভন্ত কার্যকবী সমিতি গঠিত হবে। সমিতির একজন সভাপতি ও একজন সহ-সভাপতি থাকবে। কাৰ্যবন্ধী সমিতি নিবা-এদের সমিতি সভার। নিথাচিত করতে পাবে। কিন্তু চনের মাধামে হবে সমগ্র স্কুলের ছাত্রদেব ছারা নিবাচিত হলে ব্যবস্থাটি অধিক গণতন্ত্র সম্মত হবে। বিভালয়ের সাধাবণ শৃঙ্কা ছাড়া এই সমিত খেলাধুলা পরিচালনা, স্থল পত্তিকা, এখাগার, সমবায় বিপনী প্রভৃতি পরিচালনাব দাণিত্ব গ্রহণ করবে। স্থলে নাট্যাফুষ্ঠান ও প্রদর্শনীব ব্যবস্থাও এরাই করবে। বিভিন্ন কার্য পরিচালনার জন্ম ভিন্ন ভিন্ন উপ-সমিতি থাকবে। যার যেরূপ প্রবণতা ও যে থেই দিকে পারদর্শী ভাকে দেই উপ-সমিভির সভা কবা হবে। প্রধান শিক্ষক প্রধান উপদেষ্টারপে থাকঁবেন। বিভিন্ন উপ-স্মিতিতে শিক্ষক উপদেষ্টা থাকবেন। গুক্তর বিষয় ছাড। তাঁবা ছাত্রদের কাজে হুক্ষেপ কববেন না। ভুল ভ্রান্তির সংশোধনের দায়িত্ব শিক্ষকগণের। তাই বিভিন্ন উপসমিতি কিভাবে কাজ করছে তার উপর সতর্ক দৃষ্টি রাথবেন।

বিন্তালয়েব স্বায়ৎশাসন ব্যবখার প্রবর্তন হলে অনভিড তাব জন্ম ছেলেমেয়ের।
ভূল করবে। তব্ও তাদের স্কযোগ দিলে তারা বাধা বিপাতিব মধ্য দিরেই
ভবিশ্বৎ জাবন গঠনের প্রয়োজনীয় শিক্ষা লাভ করবে।
শিক্ষার্থাদের ভূল বন্ধ ছাত্রছাত্রীদের শুভবৃদ্ধিব উপর নির্ভব কবে দায়িত্র দিলে
ভাবে সংশোধন কবে
তার। শৃঞ্জলা ও সহযোগিতাব প্রয়োজনীয়তা বুরাকে
দিতে হবে
পারবে। শিক্ষা পাবে যে কি কবে একটা সংগঠন গড়ে
ভূলতে হয়;—তাকে পরিচালনা করতে হয়। এই কার্যকরী ও স্পিম্মী
শিক্ষার মধ্য দিয়েই তারা দায়িত্বশীল ও কত্বানিষ্ঠ স্থনাগরিক হয়ে উঠবে।

## ॥ বিত্যালয়ে স্বায়ত্ব শাসনের গুরুত্ব।।

I Importance of the School Self-Government II

নিম্নলিখিত কারণগুলির জন্ম বিছালয় স্বায়ত্বশাসনের গুরুত্ব স্বীকার করা হয়েছে;—

(১) বিভালয়ে ছাত্রদের স্বায়ৎশাসন তাদের মধ্যে শৃঞ্জলা স্ঠে করে।
ফলে ছাত্র-শৃঞ্জলা কমে যায়। শিক্ষার্শীরা মনে করে হে,
ছাত্র-শৃঞ্জলা
বিভালয় তাদেরই। কাজেই সে ক্ষেত্রে শৃঞ্জলা ভঙ্গ কবাব
কোন যুক্তি থাকবে না। বিভালয়ের উপর ছাত্রদের অধিকার তাদের স্থশৃঞ্জল
করে।

- (২) শিক্ষাথীদের মধ্যে গণভান্ত্রিক চেতনা, সমাজতান্ত্রিক চিন্তাধারা ও সামাজিক দৃষ্টিভঙ্গীর উদ্বর হয়। শিক্ষার সঙ্গে সমাজেব গণতান্ত্রিক চেতনা, সমাজতান্ত্রিক চিন্তা- বারাও সামাজিক তিনে, সহযোগিতা, সহায়ভূতি প্রভৃতি দৃষ্টিভঙ্গী গুলি গড়ে ওঠে। সেই সঙ্গে শিক্ষাথীদের মধ্যে সামাজিক গুণাবলীর বিকাশ হয়। মধুব ব্যবহার, শিপ্তাচার, অপরেব প্রতি অক্তভৃতি স্প্র্টি হয়, এবং ইশা, সোভ, স্বার্থ পবশ্রীকাতরতা প্রভৃতি অসামাজিক চিন্তাধারা গুলি বিদ্রিত হয়।
- (৩) শিশুমনগ্রের বিচাবে স্বায়ত্বশাদন বিভালয়ে কাম্য। পূর্বতন শদ্ধতিতে তাদের উপর যে দব শান্তি, কর্ম ও চিস্তা চাপিয়ে দেওয়া শিশুমনস্তম হ'ত তা থেকে তাব। মৃক্তি পায়। তাদের প্রবৃত্তি ও প্রক্ষোভগুলি স্বাচাবিকভাবে সামাজিক পথে প্রিচালিত হয়। মানসি স্বাস্থ্য অক্ষুধ্য থাকে।
- (১) বিভালবে স্বাযত্পাসনের প্রবতনের ফলে জাবনের অভিজ্ঞতা শিক্ষাথীর। ভাব মধ্য দিয়ে জাবনের নানাবির স্থভিজ্ঞতা অজন অর্থন করে। প্রশাসনিক, সাংগঠনিক ও প্রিচালনাব বিভিন্ন অভিজ্ঞতা তারের ভবিষ্যৎ জীবনের বহু কাজে আলে।
- (৫) বিত্যালবে স্বায়ত্ত্বশাসনের মান্যমে শিক্ষাথীর পাঠ্য-পাঠ্যক্ষের সঙ্গে ক্রমের সঙ্গে সংস্কৃমহপাঠ্যক্ষ জীবনের সঙ্গিগুতার মিলন হয়। জীবনের বোগ স্বাধান শিক্ষা প্রতিষ্ঠিত, এবং ব্যক্তি তার অন্তর্নিহিত্ত সত্তার পবিপূর্ণ বিকাশের স্রযোগ পায়।
- (৬) বিভালয়ে স্বায়ত্তশাদনের মাধ্যমে শিক্ষার্থীবা বিভিন্ন গুণাবলী কতকগুলি গুণ অর্জন করে। সেগুলি হ'ল—দায়িত্ব জ্ঞান, বিকাশ কতব্য নিষ্ঠা, বন্ধু প্রীতি, সংষম, বৈর্য, বিচক্ষণ লা, নেতৃত্ব, আচরণ, ব্যবহাব, কর্মদক্ষতা, দলপ্রীতি, প্রমত্সহিঞ্তা বিশ্লেষণ প্র্যবেক্ষণ ক্ষমতা ইত্যাদি।

বিতালয়ে শিক্ষাথীদেব স্বায়ত্বশাসন প্রবর্তনে কতকগুলি বাধা-বিপত্তি স্নাছে।
প্রধান শিক্ষক, অন্যান্ত সহকারী শিক্ষক কোমলমতি শিক্ষার্থীদের হাতে এত
ক্ষমতা তুলে দিতে রাজী থাকেন না। ভাতে তানের
বিআলপ্রধ সাম্বাদানের
মর্যাদাব হানি হয় বলে তাব। মনে কবেন। বিতালয়ের
কি বাধা বিপত্তি
শ্বিরচালক সমিতি ও অভিভাবকেবাও তাব জন্ম প্রস্তুত্ত নয়। নির্বাচিত ছাত্র প্রতিনিধিবা বিভিন্ন বিষয়ের দক্ষ নাও হতে পাবে।
তানেব প্রশাসনিক ও সাংগঠনিক দক্ষতা নাও থাকতে পাবে। অনেক সম্য় তার। এমন শিক্ষান্ত নিতে পাবে যা ছাত্র স্বার্থ ও বি্যালয়েব স্বার্থের প্রীপন্থা। স্বায়ত্বশাসনেব যে লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে তা প্রবর্তন করা হচ্ছে ছাত্র প্রতিনিধির। তা নস্তাৎ করে দিতে পারে।

এত বাধা বিপত্তি ও অস্কবিধা সত্তেও আধুনিক শিক্ষাতত্ত্ব বিভালয়ে ছাত্রদের স্বায়ত্ত্বশাসনকে মেনে নেওয়া হয়েছে। স্বসংগঠিত ও পরিকল্পনাপূর্ণ স্বায়ত্ত্বশাসনে

ছাত্ৰদেৰ স্বাযত্ত্ৰাস-নেব অধিকানেব সীমারেপা ভূল ক্রটি হওয়ার সম্ভাবনা কম। স্বায়ত্বশাসনের অধিকাবেব একটা সীমাবেগা (Limibations) থাকবে। বিভালয়ে ছাত্রদেব সম্পূর্ণ স্বায়ত্বশাসন সম্ভব নয়। বিভিন্ন শেত্রে ভূল ভ্রাস্তি বোধেব জন্য প্রধান শিক্ষক ও অন্তান্ত

শিক্ষককে বিশেষ ক্ষমত। ( veto power ) দিতে হবে। দর্ভাষ বাজনীতিকে বিজ্ঞালয়েব স্বাযন্ত-শাসন থেকে দূরে রাগতে হবে। যথায়থ ভাবে, স্থপরিকল্পিড উপায়ে ও যথেষ্ট স্বাধীনতার সঙ্গে বিজ্ঞালয়ে শিক্ষার্থীদের স্বাযন্ত্রশাসন প্রবর্তন কবলে তা থেকে শিক্ষার্থীবা বছল পরিমাণে উপক্ষত হবে।

#### প্রশাবলী

- 1 Explain what is meant by 'Self Government in School', What step would you take to introduce and popularise it in your school?
- Discuss the different forms of self-government that can be worked in our schools and their influence upon the healthy tone and discipline on the school.
- 3. Discuss fully the value of self-government in schools as an aid to Civic Training.
- 4. Discuss the importance of school self-government in schools as on aid to social education of the child. How and to what extent will you introduce it in your school.
- 5. Discuss the importance of School Government as an aid to the emotional and social education of the child.
- 6. Write notes on .-
  - (a) School government as practical training in democratic works of life,

শিক্ষাদার্শনিকগণ নিজ নিজ শিক্ষাদর্শকে বাস্তবে কি করে স্বষ্টু প্রযোগ সম্ভব তাব পথ নিদেশ করতে বিভিন্ন শিক্ষাপদ্ধতি স্বষ্ট করেছেন। সার্থক শিক্ষক হতে হলে শিক্ষাদর্শের সাথে তাব প্রয়োগ পদ্ধতি জানতে হবে, সেই প্রযোগ পদ্ধতিকে আয়ত্ত করতে হবে ও বাস্তব শিক্ষাক্ষেত্রে তাকে কণ দিতে হবে। মূগে মূগে নতুন নতুন শিক্ষাপদ্ধতিব প্রচলন হয়েছে। বহু পরীক্ষা

দিতীয় পর্ব পদ্ধতি বিজ্ঞান ( Methodology ) নিৰীক্ষাৰ মধ্য দিয়ে সে সৰ পদ্ধতির উপযোগিতা বিচাৰ হয়েছে। আধুনিক মনোবিজ্ঞানসম্মত শিক্ষা-পদ্ধতি সমূহকে জ'না ও তার স্বষ্ঠু প্রয়োগ এই পর্বে আলোচিত হয়েছে।

যুক্তিসিদ্ধ ও মনে।বিজ্ঞানসন্মত দিক থেকে
শিক্ষাপদ্ধতি সমূহ বিচাব কবতে হবে। শিক্ষায়
সক্রিযতাতত্ব ও তাব উপর নির্ভব কবে যে সব
শিক্ষ-পদ্ধতি সৃষ্টি ২য়েছে, কি কবে শ্রেণীতে পাঠ

ুদিতে হবে। কি কবে পাঠ পবিকল্পনা কবতে হবে। পাঠকে সার্থক কবে তুলতে হলে কি কি
শিক্ষা সহাযক উপকবণ আমবা ব্যবহাব কবৰ এই পর্বে আমবা তা নিবে আলোচনা করব।

শ্রেণী শিক্ষা ও ব্যক্তিগত শিক্ষা কিভাবে পবিচালিত হবে ও একটি বিষয়েব সাথে অপব বিষয়ের সম্পর্ক, পাঠদানকালে একটি বিষয়েব সাথে অপব বিষয়কে আরও সহজবোধ্য কবে ভোলা কি ভাবে সম্ভব আমবা তা জানব।

যা পড়ালাম তা কতটা দার্থক.হ'ল তার বিচাবে প্রয়োজন দার্থক মুল্যায়নেব। এই মূল্যায়ন হবে স্বায়াক, তাও আমবা এই পর্বে আলোচনা কবেছি।

# শिका- नक्षि । नित्रम

## প্রথম অধ্যায়

# শিক্ষার পদ্ধতি-বিজ্ঞান ৪ পরিবেশের স্থান (Significance of Methodology)

#### শিক্ষা:-

বছল পরিচিত এই ছোট্ট কথাটি বোধ হয় সভ্যসমাঞ্চেব দ্বাধিক ব্যবস্থত কথা। কিন্ধ শিক্ষা শক্ষটিব সাথে আমন। যত পরিচিত ঠিক ততথানি অপবিচিত এব স্বৰূপ ও তাংপর্যের সাথে। অতি পরিচিতিব ফলেই হয়ত আমনা বিবাট অর্থগর্ভ এই কথাটির তাংপর্যকে ব্যাবাব চেষ্টা করি না। শিক্ষা কি, কবে কোন বিশ্বত যুগে শিক্ষার ইতিহাস শুক্ত হ্যেছিল, কি কবে নানা বিবর্তনেব মধ্য দিয়ে শিক্ষা বর্তমান ৰূপ পেয়েছে সে এক জটিল প্রশ্ন। শিক্ষার ইতিহাস মানব সভ্যতাব ইতিহাসেব সমকালীন। আদিম মানুষ যেদিন সভ্যতাব পর্যে প্রথম পদক্ষেপ কবে সেদিন থেকেই শিক্ষাব ইতিহাস শুক।

সেই মাদিপবে মান্তব নিজেব অজ্ঞাতেই শিক্ষাব ক্ষেত্র প্রস্তুত কবেছে। আদিম মারুষ হিংল্র প্রকৃতির মাঝে ছিল একান্ত অসহান। নিদের অন্তিত্বকে বাঁচিয়ে রাথতে তাকে নিয়ত সংগ্রাম কবতে হয়েছে। শিক্ষাৰ ইতিহাস আদিম বন্য অবন্থ। থেকে ধীবে ধীরে গোষ্ঠা ইক্ত হয়েছে— সভ্যতাৰ সমকালীন সমান্তবদ্ধ হয়েছে, পরিবেশের সাথে সামঞ্জন্ম বিধান করে ছীবন-যাত্রাকে সবল কবে ভোলবার চেষ্টা কবেছে। এই প্রচেষ্টা, এই যে সামনের দিকে এগিয়ে চলাব জ্ঞা পদক্ষেপ, এর মধ্যে মান্তব নিত্য নতুন পরিস্থিতির সম্মূথীন হয়েছে—এর মধ্য দিয়েই নিয়ত শিক্ষা লাভ কবেছে। সে শিক্ষা হচ্ছে জীবন-যুদ্ধে বেঁচে থাৰুবার উপায় উদ্ভাবনেব শিক্ষা। বন্ত-প্রকৃতির মাঝে বাঁচবার প্রয়োজনে তাকে নিত্য নতুন উপায় উদ্ভাবন করতে হয়েছে। জীবন-মুদ্ধে ক্ষতৰিক্ষত হয়ে মানুষ বহু অভিজ্ঞতা সঞ্চয় করেছে। ক্ষুধার্ত মানুষ ক্ষাব তাজনায় বন্ত ফল কুডিয়ে ক্ষ্মিবৃত্তি কবেছে—দেখেছে কোনটি ভাল কোনটি মন্দ। ভালকে গ্রহণ করেছে, মন্দকে বাতিল কবে দিয়েছে। শিকারে গিয়ে লক্ষ্য করেছে তীক্ষাগ্র বিশিষ্ট প্রস্থুবখণ্ডের উপযোগিতা সাধাব**ণ** প্রস্তর অপেক্ষা বেশী। এমনি ভাবে দৈনন্দিন জীবনের প্রযোজন মেটাতে বছ অভিজ্ঞত। সঞ্চয় করে বেথে গিয়েছে গোষ্ঠীভুক্ত উত্তর-পুক্ষের জন্য। মারা অভিজ্ঞ তাদের কাছ থেকে অনভিজ্ঞের। নতুনের সন্ধান লাভ করেছে। কর্মে, চিস্তায়, অন্থভৃতিতে নব নব অভিজ্ঞতা সঞ্চিত হয়েছে মনাগত মানব-সমান্তের জন্ত । এই যুগ যুগ সঞ্চিত অভিজ্ঞতার আলোকে সভ্যতার জয়বাত্রায় ধান্তবের কর্মক্ষেত্র বিস্তৃত হয়েছে নতুন দিগস্তে। তাই দেখি আদিম মান্ত্র্য শিক্ষার স্বৰূপকে না জেনেই শিক্ষার ক্ষেত্রকৈ প্রস্তুত করেছে।

মান্থবের স্বাভাবিক জীবন-যাত্রা নির্বাহের প্রয়োজনে গড়ে উঠেছিল সমাজ-ব্যবস্থা, আব তারই সাথে স্কুষ্ঠ সমাজ-জীবনেব প্রয়োজনে বিকাশ লাভ করে

শিক্ষা। বাইরের থেকে শিক্ষা নামক বস্তুটিকে সমাজেব বুকে চাপিয়ে দেওয়া হয় নি; মায়ুয়েব প্রয়োজনে, সমাজের প্রয়োজনে, সমাজের প্রয়োজনে, সমাজের মধ্য থেকেই শিক্ষা ধীরে ধীবে বিকাশ লাভ কবে একটা স্থসংবদ্ধ কপ নিয়েচে। প্রথম অভিজ্ঞতা সঞ্চয়েব কেত্রে বা নতুন কিছু উদ্ভাগনেব পিছনে অধিকাংশ ক্ষেত্রেই সজ্ঞান মনের স্বকৃত চেই। ছিল। কাজ কবতে গিয়ে আকস্মিক ভাবে বা কোন কোন ক্ষেত্রে সজ্ঞান চেইয়মায়্ম য়ায়্ম য়ালভ করেছে তাই তাব বৃদ্ধিতে বিশ্বত হয়েছে। একজনের অভিজ্ঞতালক নতুন জ্ঞান সমগ্রিক ভাবে সামাজিক সম্পদে পবিণত হয়েছে।

মানব-শিশুর জীবনের দিকে তাকালেও দেখতে পাই শিক্ষা কি, না-জেনেই তার কাজেব মধ্য দিয়ে সে শিক্ষালাভ কবছে। সমাজেব কেত্রে বা মাহুষেব কেত্রে শিক্ষা কি, তার স্বৰূপ কি ইত্যাদি জেনে শিক্ষা শুক হয় নি। এ সম্পর্কে ডিউই বলেছেন, "The process begins unconsciously at birth, and is continually shaping the individual power, saturating his conscience, forming his habits, training his ideas and arousing his feelings and emotions. Through this unconscious education the individual gradually comes to share in the intellectual and moral resources which humanity has succeeded in getting together. He becomes in inheritor of the funded capital of civilisation.

মাহ্য নিজের অজ্ঞাতসারেই প্রথম শিক্ষার গোড়াপত্তন করেছিল।
তারপর সামা।জক চেতন। প্রবল হয়ে উঠবার সাথে আনুষ্ঠানিক শিক্ষাপর্বের
প্রবাতন অভিজ্ঞতাব
গোল মাত্র পূর্বসঞ্চিত আভিজ্ঞতাই সুর্চু জাবনকে গড়ে
প্রভাব ভবিষ্যতের
প্রভাব পক্ষে পর্যাপ্ত নয়। জীবন শুর্ অভীত ও
প্রভাত
বর্তমানের মধ্যেই সামায়িত নয়। তার দৃষ্টি প্রসারিত
জ্বনাগত ভবিষ্যতের দিকে। সামনের দিকে দৃষ্টি রেথে মাহ্যকে গড়ে

তুলতে হবে শিক্ষা-ব্যবস্থা। শিক্ষা শুধু পুরাতন অভিজ্ঞতা সঞ্চয় নয়, ভবিয়তের প্রস্তুতি। দৃষ্টিকে আরও প্রসারিত কবে বলতে পারি শিক্ষাই জীবন— জীবনই শিক্ষা।

#### শিক্ষা প্ৰকৃতি (Teaching Methods) :--

অতি প্রাচীনকালেই ভবিগ্রতেব দিকে দৃষ্টি রেথে মান্ন্যকে কি ভাবে গড়ে তোলা যায় সমাজে সে চিন্তার উদ্ভব হয়েছিল। আন্মন্ধানিক শিক্ষা একদিনে গড়ে ওঠেনি। বহু যুগেব ব্যর্থত। ও সাফল্যের মিশ্র ইতিহাস জড়িত রয়েছে এর পিছনে। প্রতিটি যুগের একটি নিজস্ব যুগ-বৈশিষ্ট্য আছে। পরিবর্তিত সমাজের প্রয়োজনে শিক্ষা নতুন রূপ পবিগ্রহ কবেছে। বহু বিবর্তনেব মধ্য দিয়ে, বহু দার্শনিক, শিক্ষাবিদ ও সমাজ-কল্যাণীর চিস্তায় ও কর্মে শিক্ষানীতি ও পদ্ধতি আজ বর্তমান রূপ নিয়েছে।

আমাদের দেশের বর্তমান প্রচলিত শিক্ষাপদ্ধতি ও শিক্ষাদর্শকৈ দানতে হলে স্বাভাবিক ভাবেই পাশ্চাত্য শিক্ষা দার্শনিকদের শিক্ষাসম্পর্কীয় মতবাদ আমাদের আলোচনা করা দরকার। বর্তমানে যে আধুনিক শিক্ষাপদ্ধতিব সাথে আমবা পরিচিত ও যে শিক্ষাদর্শ কর সাধনাব কল . আমাদের সামনে রমেছে ত। পাশ্চাত্য শিক্ষাদার্শনিক ও শিক্ষাবিদেব চিন্তা ও সাধনায় গড়ে উঠেছে। মধ্যমূগেব ধর্মান্ধ পুবোহিত-শাসিত সমাদ্ধে জীবনের সাথে সম্পর্ক বিবহিত গতামুগতিক শিক্ষাব্যবস্থা কি করে বৈপ্লবিক পরিবর্তনের মধ্য দিয়ে বর্তমান কপ নিয়েছে, সেই ধারাবাহিক ইতিহাসকে অন্তসরণ করলেই আমবা আধুনিক শিক্ষাপদ্ধতি বিজ্ঞানের ( Methodology) স্বর্পকে জানতে পারব।

শিক্ষাবিদরা শিক্ষার নীতি-আদর্শ-লক্ষ্য প্রভৃতি স্থির কবার প্বেও একটা কথা থেকে যায়, তা হচ্ছে কি করে শিক্ষার নির্দেশিত লক্ষ্যে পৌছান যাবে, আদর্শকে বাহুবে রূপ দিতে হলে কোন পথ ধবে অগ্রসব হতে হবে—কোন পদ্ধতিকে অন্তসবল করতে হবে। কণো তাঁব শিক্ষার শিক্ষাপদ্ধতি শিক্ষাদর্শন কাজবর্গ ব্যাবার জন্ম তাঁর মানসপুত্র 'এমিল'কে স্কৃষ্টি করেছেন। পেন্টালৎসী তার শিক্ষাদান প্রণালী ব্যাবার জন্ম লিখলেন 'How Gertrude teaches her son' ফ্রায়েবল শিশু উদ্যানের (Kindergarten) স্টি করলেন। এমনিভাবে মন্তেসরী পদ্ধতি, প্রোজেক্ট পদ্ধতি, ডান্টন পদ্ধতি প্রভৃতি বছ শিক্ষাপদ্ধতির স্টি হয়েছে। বিভিন্ন শিক্ষাবিদদের মনোনীত শিক্ষণীয় বিষয়সমূহ শেখাতে হলে কি করে শিক্ষাথীর মনে আগ্রহ স্টি করতে হবে, কিভাবে শিক্ষণীয় বিষয়সমূহ তাদের সামনে উপস্থাপন করতে

হবে—শিশুর কোন কোন বিশেষ প্রবণতাকে কাজে লাগিয়ে তারণকাছ থেকে ইপ্সিত ফল পাওয়া যাবে—এসব নিয়েই পদ্ধতিবিজ্ঞানের স্পষ্ট হয়েছে। শিক্ষাপদ্ধতি মূলতঃ শিক্ষাপানের কৌশল। শিক্ষা দেবার কাজ সফল করবার জন্ম বহু প্রকাব শিক্ষাপ্রণালী রয়েছে—যেমন আরোহী প্রণালী, অবরোহী প্রণালী, বহুতা প্রণালী, কার্যাগার (Laboratory) পদ্ধতি, প্রশ্নোত্তর পদ্ধতি, আবিক্ষিয়া পদ্ধতি, কর্মকেন্দ্রিক পদ্ধতি, থেলা-ভিত্তিক পদ্ধতি ইত্যাদি। বাক্তিগত শিক্ষা ও শ্রেণীগত শিক্ষা উভয় ক্ষেত্রেই এর কোন একটি বা একই সাথে কয়েকটি পদ্ধতি অন্যুস্ত হয়। কোন পদ্ধতি কি ভাবে প্রযোগ কয়লে স্বাপেক্ষা ভাল ফল পাওয়া যাবার মস্তাবনা আছে আধুনিক শিক্ষাপদ্ধতি বিজ্ঞান সেই পথই নির্দেশ করে।

শিক্ষাদার্শনিকগণ নিজ নিজ শিক্ষাদর্শকে বাস্তবে কি কবে স্থষ্ঠ প্রয়োগ সম্ভব তার পথ নিশ্নেশ করতে বিভিন্ন শিক্ষাপদ্ধতি সৃষ্টি কবেছেন। শিক্ষাব উদ্ধেশ, লক্ষ্য, কি কি বিষয় শেখাতে হবে বলে দিলেই শিক্ষাবদের সার্থকপ্রয়োগে শিক্ষাবিদের কাজ শেষ হয় না। কি করে শেখাতে হবে, শেখাবার সময় কোন্ পদ্ধতি অবলম্বন করে শেখালে সবচেয়ে সহজে ও ভালভাবে শিক্ষাথী শিক্ষণীয় বিষয়াট আয়ত্ত কবতে পারবে, শিক্ষাপদ্ধতি সেই পথ নির্দেশ করে। শিক্ষাবিদদের নির্দেশিত পথ ধবেই শিক্ষক অগ্রসর হন তার শেখাবাব কাজে। সার্থক শিক্ষক হতে হলে শিক্ষাদর্শের সাথে তার প্রয়োগ-পদ্ধতিকে জানতে হবে। সেই প্রয়োগপদ্ধতিকে আয়ত্ত করতে হবে ও বাপ্তব শিক্ষাক্ষেত্রে ডাকে কপ দিতে শিখতে হবে।

বিভিন্ন শিক্ষাপদ্ধতি একদিনে গড়ে ওঠেনি। বছ পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে শিক্ষাপদ্ধতিসমূহ বর্তমান দ্বপ নিয়েছে। কশোর পরিকল্পিত শিক্ষা ব্যবহায় শিশুকে সমন্ত শিক্ষা আয়োজনেব মধ্যমণি বলে গ্রহণ করে অভিনধ শিক্ষা-পদ্ধতি পবিকল্পনাব পর থেকে বছ শিক্ষাবিদ ধীরে ধীরে শিক্ষা পদ্ধতিকে আধুনিক মনোবিজ্ঞান-সমত করে তোলবার প্রতিবাদে আধুনিক স্বাধনা করে পিষেছেন। কশোর পূর্ব থেকেই কুইন্টিলিয়ান, ইরাসমাদ, কমেনিয়াদ প্রভৃতির লেখাণ চিরাচারত শিক্ষাপদ্ধতির বিক্লে প্রতিবাদ ধ্বনিত হয়ে ইঠেছিল। কমেনিয়াদ মধ্যমুগীয় মনোভাবের বিক্লে প্রতিবাদ করে নতুন শিক্ষাপদ্ধতি উদ্বাবনের প্রয়োজনীয়তার দিকে অন্ধৃশি নির্দেশ করেন।

পদ্ধতিবিজ্ঞানের ক্রম বিবর্তনের পথকে (Process of evolution of Methodology) সঠিক ভাবে অনুসরণ করতে হলে প্রাচীন ও স্থাধুনিক

যুগের শিক্ষাপদ্ধতির স্বরূপ ও তাৎপর্যকে সঠিকভাবে জানতে হবে। শিক্ষাদর্শ সফল রূপ পায় নির্ভূল প্রয়োগের মধ্য দিযে। শিক্ষাদর্শ ষতক্ষণ তত্ত্বের মধ্যে জাবময় শিক্ষাদর্শের ভাবময় অবস্থা কায়া রূপ নেয় শিক্ষাপদ্ধতির কাষারূপ শিক্ষাপদ্ধতির প্রয়োগের মধ্য দিয়ে। প্রাচীন ভারত ও গ্রীসে শিক্ষায় রি পদ্ধতি অহুস্তত হ'ত, পাশ্চাত্য শিক্ষা দার্শনিকগণ আধুনিক কালে কোন পথ নির্দেশ করেছেন, প্রাচীন ও আধুনিকের সমন্বয়ে নতুন কোন পথের সন্ধান মেলে কি না. ত। বিচার করে দেখবার জন্ম সামগ্রিকভাবে পদ্ধতি-বিজ্ঞানের সাথে পরিচিত হওয়া একান্ত প্রয়োজন।

শিক্ষাপকতির প্রত্যুগ (Application of Teaching Methods);—

শিক্ষাপছি । শিক্ষায় একটা পূব নির্দিষ্ট পাঠ্যক্রমের অত্মসরণ করা হয়।
শিক্ষাগাঁদের প্রয়োজন, রাষ্ট্রের প্রয়োজন, শিক্ষার লক্ষ্য সবদিকে দৃষ্টি রেথে শিক্ষাকর্ত্তপক্ষ ব। অন্থরপ কোন প্রতিষ্ঠান পাঠ্যক্রম নির্ধারণ করেন। শিক্ষক হচ্ছেন
পাঠ্যক্রম ও শিক্ষাথীর মধ্যে যোগস্থত্ত স্থাপনের মধ্যবর্তী লোক (intermediary)।
পাঠ্যক্রম কতকগুলি unit-এ ভাগ করে নেওয়া হয়। একটা unit-এর জের
পববর্তী unit-এ বর্তায়। শিক্ষার লক্ষ্য ও শিক্ষাথীর অগ্রগতির হারেব
উপব দৃষ্টি বেথে unit-গুলি ভাগ করা হয়। ধাপে ধাপে এগিয়ে যাতে
শিক্ষার লক্ষ্যে পৌছাতে পারে মেই ভাবে unit-গুলি একটির সাথে একটি
বেধে দেওয়া আছে। শিক্ষাপদ্ধতির লক্ষ্য হচ্ছে পাঠ্যক্রমেব নানা উপাদান
বৈছে সাজিয়ে বিভিন্নভাবে ছাত্রদের সামনে উপস্থাপন করা।

শিক্ষাপদ্ধতি নানা বকম হতে পারে। থেলার মধ্যে, অমুকরণ ও মৃথত্তের মাধ্যমে, মৃথে থলে আব বোর্ডে এ কৈ আর লিথে (chalk and balk), বক্তভাব মাধ্যমে, শিক্ষা-উপকরণের সাহায্যে, বস্তনিষ্ঠ পদ্ধতিতে গবেষণাগারে পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে, কর্মণালায়, স্কুলের বাগিচায়, কোন প্রোদ্ধেক্টের মাধ্যমে প্রভৃতি বহু ভাবে শিক্ষা দেওয়া সন্তব। বিষয়বস্তকে শিক্ষাব বহু পদ্ধতি আরোহী পদ্ধতিতে বিশেষ থেকে সাধারণ (Particular to General) বা অবরোহী পদ্ধতিতে সাধারণ থেকে বিশেষের দিকে (General to Particular; সাজিয়ে বা ড্'টিকে মিলিয়ে ছাত্রদের সামনে উপস্থাপন করা যায়। শিশুদের কিণ্ডারগাটেন বা মস্তেসরী পদ্ধতিতে শিক্ষা দেওয়া যায়। আজকের দিনে সিনেমা, রেডিও এবং টেলিভিশনের সাহান্ত্যা শিক্ষার ব্যবস্থা হয়েছে। শ্রেণী-শিক্ষায় শিক্ষকেরা মৃথে বলার পরিবর্তে নির্দিষ্ট পাঠকে কয়েকটি unit-এ ভাগ করে দিয়ে শিক্ষার্থীদের স্বাধীনভাবে কাজ করার স্ব্যোগ দিতে পারেন। শিক্ষক পরামর্শ দিয়ে ভূল সংশোধন করে মাত্র সাহায্য করবেন।

আজকাল চিঠিপত্তের মাধ্যমে এক নতুন শিক্ষা-পদ্ধতি ধীরে ধীরে জ্বনপ্রিয়তা অর্জন কবচে।

এথানে যে সব শিক্ষা-পদ্ধতির কথা বলা হ'ল, সমস্ ক্ষেত্রেই শিক্ষক ছাত্রদের সাথে পরামর্শ করে বা এককভাবে কাজের বা শিক্ষার বিষয়বস্ত্ব নির্ধারণ করতে পারেন। শিক্ষক পরামর্শ দিয়ে সাহাষ্য শিক্ষক শিক্ষার্থী করে কাজে উৎসাহিত করেন, শিক্ষার মান বজায় রাথেন, সহযোগিতা পরীক্ষাব মাধ্যমে উন্নতি পরিমাপ করেন। বিভিন্ন শিক্ষা-পদ্ধতিতে বিভিন্ন শিক্ষাপ্রক্রিয়া ও শিক্ষারীতিব উপব গুরুত্ব আরোপ করা হয়।

শিক্ষাপ্রণালী বা শিক্ষাপদ্ধতি তত্ত্বগত দিক দিয়ে বিচাব করে তার উপযোগিতা সম্পর্কে কোন সম্যুক ধাবণা সম্ভব নয়। শিক্ষাপ্রণালী ও পদ্ধতির বিচাব হয় তার বাহ্বব প্রয়োগেব ক্ষেত্রে। প্রতিদিনকাব শিক্ষায় কোন একটি পদ্ধতিকে কি ভাবে প্রয়োগ কর। যায় তা দিযেই সে পদ্ধতিব উপযোগিতা বিচার হবে।

নতুন নতুন শিক্ষাপদ্ধতি উদ্ভাবিত হচ্ছে। একটি নতুন পদ্ধতি আবিষ্কৃত হলেই তার স্বাদিক বিচার-বিবেচনা ন। কবেই তাকে আক্ষেড ধরা একটা ফ্যাসান হয়ে দাভিয়েছে। প্রতি ঋতুতে পোষাকের সীমাবদ্ধ উপযোগিতা ফ্যাসান বদলানোর মত শিক্ষাপদ্ধতিকে নিত্য নতুন করে বদলান ষায় না। পুরান হলেই ফল, আব নতুন হলেই ভাল—এ মনোভাব খ্ব স্বাস্থ্যকর নয়। তাই বিভিন্ন পদ্ধতিব উপযোগিতা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চালান হচ্ছে। এই পরীক্ষার ফলে দেখা গিয়েছে কোন একটা শিক্ষাপদ্ধতি স্বক্ষেত্রে সমভাবে প্রয়োগ্যোগ্য নয়। কোন একটি পদ্ধতির কার্যকারিতা নির্তর করে কে, কিভাবে, কাদের উপব, কোন অবস্থায়, কি উদ্দেশ্যে সে পদ্ধতিব প্রয়োগ করবে তার উপর। যেখানে একটি নতুন শিক্ষাপদ্ধতি প্রয়োগ করা হবে প্রয়োগের আগে দেখতে হবে সেখানকার অবস্থা স্বিদিক দিয়ে সেই পদ্ধতি প্রয়োগের উপবোগী কি না। খ্ব ভাল পদ্ধতিও উপযুক্ত ক্ষেত্রে প্রয়োগ না হলে বার্থ হতে বাধ্য।

কোন একটি পদ্ধতির প্রয়োগের ক্ষেত্রে নানা অস্থবিধা আছে। একজন
শিক্ষক—তিনি যত ভাল শিক্ষকই হউন না কেন, তাঁর কাজেব ক্ষেত্র সীমাবদ্ধ।
শিক্ষণ হচ্ছে শিক্ষাদর্শ ও শিক্ষাপদ্ধতির সাথে স্থান-কালসামঞ্জম্ম বিধান
পাত্রের সামঞ্জম্ম বিধান করে সেই পদ্ধতির প্রয়োগ। এই
সামঞ্জম্ম বিধানের (adjustment) কাজটি কবতে হয় শিক্ষককে। তিনি
ইচ্ছাম্মত কাজ করতে পারেন না। কারণ, প্রয়োগের সময় বিচার করতে হবে

স্থান, কাল ও পাত্র। স্থানীয় বাধা ও অস্ক্রিধা ভার কার্যপদ্ধতি, দক্ষতা ও প্রয়োগ-কুশলতাকে অনেকটা সীমায়িত করে।

শিক্ষার্থী সম্পর্কে আলোচনায় আমরা পূর্বেই দেখিয়েছি তাব পারিবারিক পরিবেশ, গৃহের অবস্থা, চারপাশেব পরিবেশ, অর্থ নৈতিক অবস্থা, পূর্ববর্তী ফুলের অবস্থা, শিক্ষা গ্রহণের ক্ষমতা, বিকাশের হার ( rate ব্যক্তিগত পাৰ্থক্য of development), ব্যঃপ্রাপ্তির মাত্রা (levels of maturity) প্রভৃতি শিক্ষার উপর প্রভাব বিস্তার করে। শিক্ষার ন্যাপারে বয়স (C. A) থুব নির্ভরশীল মাপকাঠি নয়। মানসিক বয়স (M. A) দিয়ে যদি শ্রেণী ভাগ করা হয়, তাহলেও অস্ত্রবিধা আছে। একই মানসিক বয়সের দৈহিক ও মানসিক বিকাশের পরবর্তী হার একই রকম নাও হতে পারে। শিক্ষার্থীদের শিক্ষার ক্ষমতা দর্ব বিষয়ে একট রকম হয় না। একই মানসিক বয়সেব সব ছেলেমেয়েরা একটা বিষয় ঠিক একভাবে শিখবে, বা তা নিয়ে চিন্তা বা ধারণা একভাবে করবে দে কথা মনে করা ঠিক নয়। পরীকা কবে দেখা গিয়েছে প্রতি ক্ষেত্রে ব্যক্তিগত পার্থক্যেব (individual difference) জন্ম পরীক্ষার ফল ভিন্ন ভিন্ন রকম হচ্ছে। কোন পদ্ধতিই ব্যক্তিগত পার্থক্যজনিত বৈষম্যের সমাধান করতে পারে না। যুক্তিসিদ্ধ পথে বিশ্লেষণ করে সিদ্ধান্তে আসা গেল যে শিক্ষা এই নিয়মে অগ্রসর হবে-কারণ সেইটাই যুক্তিপূর্ণ পথ, কিন্তু বান্তবক্ষেত্রে দেখা গেল যুক্তিব পথ ধবে দব ছেলের উন্নতি দমান-ভাবে হচ্ছে না। মনোবিজ্ঞানের পরীক্ষাগ দেখা ধায় প্রতিটি ছেলেমেয়েব একটা বিশেষ বৈশিষ্ট্য রম্বেছে—যার ফলে যুক্তিপূর্ণ নিযমগুলিব প্রতিক্রিয়া নানারপ হচ্ছে।

একই বয়সের C. A.) ছেলেমেয়েদের শিক্ষা গ্রহণের ক্ষমত। প্রায়ই একই বকমের এই ধারণার উপর নির্ভর করে শ্রেণীবিভাগ কবা হয়ে থাকে। এতে ক্ষতিজের হারের পার্থকাটা অত্যন্ত বেশী হয়। শ্রেণীর একই শ্রেণীতে পার্থকা সবচেয়ে অগ্রবর্তী ছেলের সাথে সবচেয়ে পিছিয়ে পড়া ছেলের মধ্যে পার্থক্য দেখলেই এই সত্যটা ধরা পড়বে। মানসিক বয়স নিয়ে শ্রেণী বিভাগ করলে ব্যক্তিগত পার্থক্যজনিত অস্থবিধা থেকে যাবে। প্রচলিত কোন পদ্ধতির মাধ্যমেই ব্যক্তিগত পার্থক্য নির্ধারণ করে প্রতিটি ছাত্রের ক্ষচি ইচ্ছা, ক্ষমতা অত্যথায়ী শিক্ষার ব্যবহা সম্ভব নয়। মানসিক বয়স ও শিক্ষাগত ক্রতিখের হার নির্ণয় করে নানারপ শাখার ( etresming ) ব্যবহা করে ও এক বছরের জায়গায় ছয় মাস অন্তর প্রমোশন্ দেবার ব্যবহা হয়েছে, কিন্তু তার ফলও সর্বক্ষেত্রে আশাপ্রদ নয়।

### ভারতের বিত্যালয়গুলির অবস্থা ( Condition of Indian Schools ) ;—

অর্থনৈতিক অবস্থাব উপব শিক্ষা অনেকটা নির্ভরশীল। এটা যেমন ব্যক্তির ক্ষেত্রে সত্যা, বিছ্যালয়ের ক্ষেত্রেও সত্যা। বিদ্যালয়ের জন্ম আমরা কি পরিমাণ অর্থ ব্যন্ত করতে পাবি, তার উপব বিভালয় গৃহ, আদবাব পত্র, লাইত্রেরীর বই, লাাববেটরী, ম্যাপ, চার্ট, ও অন্যান্ত শিক্ষার সর্ঞাম এমনকি শিক্ষকেব সংখ্যা পর্যন্ত নির্ক্ত করে। যদি অল্প ভায়গায় অল্প খরচে সর্বাধিক সংখ্যক ছাত্রের শিক্ষার ব্যবস্থা করা হয়, তাহলে দেখা যাবে একটি শ্রেণাতে বহু চাত্রকে পুরে দেওয়া হয়েছে। আলো-বাতাসের পর্যাপ্ত ব্যবস্থা নেই। শিক্ষকেব চলাফেরা দুবের কথা ছাত্রবাই বদতে হলে বেঞ্চ ডিঙ্গিয়ে যায়। সামান্ত শিক্ষা সরজাম, শিক্ষকের সংখ্যা ঠিক যে-কয়জন না হলে একেবাবে চলে না তাব বেশী একজনও নয়, সেই জায়গায় কর্মকেন্দ্রিক বা প্রোজেক্ট বা অন্ত কোন আগনিক পদ্ধতির সাহায়ে শিক্ষা দেওয়ার কথা চিম্ভা করা বাতলতা নয় কি ? এ সব জায়গায় chalk and talk পদ্ধতি হতে একমাত্র শিক্ষা-Chalk and talk পদ্ধতি। তার মধ্যে কথাই বেশী চকের ব্যবহার সীমাবদ্ধ। একমাত্র পদ্ধতি অনেক সময় অপরিসর শ্রেণীকক্ষে বেড়ি গিয়ে স্বাধীনভাবে খুবেফিবে কাজ করার মৃত জায়গ। থাকে না। যোগ্য শিক্ষক একসাথে একই শ্রেণীতে ৪০।৫০টি ছেলেকে শিক্ষা দিতে পাবেন, তবে সেম্বন্ত তাকে সব বকম স্তযোগ স্থবিধা দিতে হবে। ছোট একটি শ্রেণাকক্ষে ইচ্ছা থাকলেও প্রতিটি ছেলের কাছে যাবার উপায় নেই, প্রয়োজনীয় শিক্ষকের স্বস্থাম বা দরকাবী বই নেই এ অবস্থায় শিক্ষক যত যোগ্যই হউন না কেন তিনি নিঞ্পায়। শিক্ষক বক্ততা করে কাজ সাবেন আর ছেলেরা মুখন্ত কবে পরীক্ষায় পাশের চেষ্টা করে।

শিক্ষায় শিক্ষকের একটা গুৰুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। শিশুকেন্দ্রিক
শিক্ষায় শিক্ষকের গুৰুত্ব কমে নি, তাকে নতুন ভূমিকা গ্রহণ করতে হয়েছে।
শিক্ষক যদি নিজের গুৰুত্ব ও তার করণীয় কওব্য সম্পর্কে
চিবাচরিত পদ্ধতির
সচেতন না থাকেন, তাহলে শিক্ষাব কোন পদ্ধতিই কার্যপ্রতিশিক্ষকের
করা করা সম্ভব নয়। অনেক শিক্ষক এখনও আছেন
করা করা সম্ভব নয়। অনেক শিক্ষক এখনও আছেন
করার বা
বলার কিছু মেই। শিক্ষার্থা গুরু বিনা বাক্যব্যয়ে আদেশই পালন কবে
যাবে, শিক্ষার্থার মানসিক শৃঙ্খলার (Mental Discipline) জন্ম ন ব্যে
কঠিন কঠিন বিষয় মুখন্ত করতে হবে। শিক্ষার্থাদের তরফ থেকে কোন স্বাধীন
চিন্তা বা মৌলিকভার পরিচন্দ্র দিলে তাকে 'ভে'পো' বলে শাসন করতে হবে।
এই শ্রেণীব খুদে ভিক্টেরদেন শাসনে শ্রেণীকক্ষে ছাত্রদের যে কি অবস্থা হয়

তা সহজেই অন্থমেয়। এই জাতীয় শিক্ষকেরা বিভিন্ন আধুনিক শিক্ষাপদ্ধতিকে মনে করেন পাগলামি। প্রোজেক্ট পদ্ধতি, কর্মশালা বা কর্মকেন্দ্রিক পদ্ধতিকে মনে কবেন ছেলে ক্ষ্যাপাবার পদ্ধতি, এতে লেখাপড়াব নামে ছেলেদের ভবিশ্বৎ নত্ত হয়। এবা ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকদের পর্যন্ত অত্যন্ত কক্ষণার চক্ষে দেখেন।

অনেক শিক্ষক আছেন তারা নিজেরা যে পদ্ধতিতে লেগাপড। শিথেছেন সেই পদ্ধতিতেই শিক্ষা দেন ও মনে কংনে এটাই হচ্ছে সহজ্জম পদ্ধি।

নতুন কোন পদ্ধতিকে তাবা সন্দেহের চোণে দেখেন।
নতুনক এহণে শিক্ষক
নতুন পদ্ধতিকে এহণ করতে তাঁরা দিধাবোধ করেন।
মন বিধাপ্রস্থ
শিক্ষায় যারা যুক্তিবাদী তার। যুক্তিসিদ্ধ পথ ধরতে চান।
তাঁবা অনেক সময় বুঝতে চান না ছেলেদের মনের গতি সব সমস যুক্তিব পথ ধরে
চলে না। সব যুক্তির স্থব্যে সব ছেলের উশ্ধৃতিব পথ ছকে বেধে দেওয়া যায় না।

আধুনিক শিক্ষাপদ্ধতি সম্পর্কে ধাবণ থাকলেও সব সময় কাজের স্থবিধা হয় না। পূর্ব হিরকত পবিক্রম মেনে নিয়ে শিক্ষককে চলতে হয়। সেথানে পরিচিত শিক্ষাপদ্ধাতর প্রয়োজনীয় সামগুস্তের (Adjustment) দ্বকাব

হয়। দঢভাবে একটা পদ্ধতিতে আঁকডে থাকব—এই দাৰ্থক শিক্ষা-পদ্ধতিৰ গৌषामि निष्य চললে স্থবিধা দেখা দিছে বাধ্য। প্রবোগ কৌশতের শিক্ষাদর্শ, শিক্ষাপদ্ধতি, শিক্ষামনোবিজ্ঞান জানা থাকলেই উপৰ নিৰ্ভৱশীল ভাল শিক্ষক হওয়া যায় না। শিক্ষার ক্ষেত্রে প্রয়োগেব কলাকৌশল তাঁকে আয়ত্ত করতে হবে। কোন অবস্থায় তিনি কি ভাবে অগ্রদর হবেন ত। পুঁথি পড়ে খির কর। যায না। শিক্ষক তাব সায়ত্তাবীন বিছা যদি দার্থকভাবে প্রযোগ কবতে পাবেন তাহলেই তিনি দার্থক শিক্ষক। পদ্ধতিবিজ্ঞানের আলোচনায় স্মপ্রাসীন ভারতীয় ও গ্রীদের পদ্ধতি থেকে শুরু কবে অতি আধুনিক পদ্ধতির আলোচন। করা হ'ল। শিক্ষক শিক্ষাণীৰ কল্যাণে একক বা মিশ্র ভাবে যে পদ্ধতি কার্যক্ষেত্রে প্রয়োগ করে স্বফল পাবেন বলে মনে করেন তিনি তার সাহাধ্য গ্রহণ করবেন। জতি পুবাতন বলেই কোন পদ্ধতিকে অপাংক্রেয় মনে কব। উচিত নয। আবাব সতি আধুনিক বলেই পাগলামি মনে করা ঠিক নয়। তুটি মনোভাবই শিক্ষকদেব মধ্যে অনেক সময় দেখা যায়। সার্থক শিক্ষক সব সময় পুরানো পথ ধরেট চলবেন না। । বরকার হলে নিজে পথ তৈরি করে নেবেন। শিক্ষকতার ক্ষেত্রে শিক্ষাথীর স্বার্থে যা প্রয়োজনীয় তাই গ্রহণীয়।

### পজতি নিৰ্বাহ্ণৰে মনস্তত্ত্ব ও ঘুক্তি (Logical and Psychological Factors Involved in a good Method) ঃ

বারা শিক্ষার সাথে জভিত আছেন তাঁরা জানেন, যাকে শিক্ষা দেওয়া হবে ঠিক মত তাকে শিক্ষা দিতে হলে দেই শিক্ষার্থীকে প্রথম জানতে হবে।

শিশুর শক্তি-সামর্থ্য, আকাজ্ঞা, অনুরাগ-বিরাগ, শিশুর আবেগ, সংস্থার, শিশুর বিশেষ প্রবণতা অর্থাৎ তার সব রক্ম বৈশিষ্টা জেনে বিশ্লেষণ করে শিশু-মনোবিজ্ঞানের উপর ভিত্তি করে আগুনিক শিক্ষা-যুক্তি ও মনস্তৱেব পদ্ধতিসমূহ গড়ে উঠেছে। শিক্ষাপদ্ধতি নির্ধাবণে শিশু-সমন্বয মনোবিজ্ঞানের গুরুত্বকে মেনে নিলেও একথা স্বীকার করতে হবে--শিক্ষা-পদ্ধতি নির্ধারণে শিশু-মনোবিজ্ঞানই শেষ কথা নয়। শিক্ষার আদর্শ ও শিক্ষার উদ্দেশ্যকে সার্থক ও বাহুবে রূপায়ণের জন্ম শিক্ষাপদ্ধতি-বিজ্ঞানের স্বষ্ট হয়েছে। শিক্ষাপদ্ধতি নির্ধারণের পিছনে চুটি প্রভাব সক্রিয় --একটি শিক্ষার মনস্তত্ত্বের দিক, আর একটি শিক্ষার যুক্তিসিদ্ধ দিক ( psychological and logical approch)। শিক্ষককে তু'টি দিক সম্পর্কে অবহিত হয়েই শিক্ষা-পদ্ধতিকে বুঝতে হবে। শিক্ষক শিশুর প্রকৃতিকে জানবেন, আবার যা শিক্ষা দেওয়া হবে তাব স্বরূপ ও তাৎপর্যকে জানবেন। শিশু-মনেব গতি-প্রকৃতি নির্ণয়ের পরও দেখা গিয়েছে শিশু-মনের ক্রিয়া-প্রতিক্রিয়। সবক্ষেত্রে একই পথ ধরে চলে না। বহুদিনের অভিজ্ঞত। সঞ্চাত যুক্তিসিদ্ধ পুণই শিক্ষক সেক্তে অনুসরণ করেন। "The teachear then must regard on one hand the nature of the child to be taught and on the other hand the nature of knowledge in general and of the special piece of knowledge to be imparted in particular. This is what is meant when it is said that the theory of teaching rests both on psychology and on logic." (J. Welton, Principles and Methods of Teaching ).

# শিক্ষায় পরিবেশের গুরুছ (Importance of Environment in Education ) 2—

পরিবেশ – সাধারণ ভাবে শিক্ষা বলতে আমরা বুঝি জীবনে একটা নির্দিষ্ট সময়ে কোন একটা বিশেষ উদ্দেশ্য নিয়ে বিশেষ একটা বা করেকটা বিষয় সম্পর্কে জ্ঞান অর্জন করা। এ শিক্ষা আমরা বহুদিন বাঁচি সাধাবণতঃ বিদ্যালয়ের মাধ্যমেই অর্জন করি। ব্যাপক তহুদিন শিখি অর্থে শিক্ষাকাল বলে জীবনের কোন একটা সময়কে নির্দিষ্ট কবে বাখা সম্ভব নয়। যতুদিন বাঁচি ততুদিন শিখি। জীবনেব প্রতিটি দিন আমশা নতুন অভিজ্ঞতা সঞ্চয় করছি—জন্ম থেকে মৃত্যুদিন পর্যন্ত যে কোন অভিজ্ঞতা অর্জনই হক্তে শিক্ষা। Raymont বলেছেন, In the wider and less definite sense, education means that process of development in which consists the passage of human being from infancy to maturity, the process whereby he gradu-

cally adapts himself in various ways to his physical, social and spiritual environment." (Principle of Education).

জনকণ থেকেই শুৰু হয় শিশুর শিকাপর্ব। মহাত্ম। গান্ধী বলেছেন— "The real education begins from the conception as the mother begins to take up the responsibility of the child."

বে শিশুটি জগতে এল, তার দৈহিক ও মানসিক পরিপূর্ণ স্বষ্ঠু বিকাশের উপযোগী কবে শিক্ষা পরিবেশ সৃষ্টি করতে হবে। সার্থক শিক্ষার জন্ম প্রয়োজন আদর্শ শিক্ষা-পরিবেশ শিক্ষাথীর জীবনে পরিবেশের প্রভাব সম্পর্কে দচেতন ছিলেন বলেই আর্থ শ্বিরা নাগরিক জীবনেব কল-কোলাহলের বাইরে তপোবনের আদর্শ-পরিবেশে শিক্ষার ব্যবস্থা করেছিলেন। যে পরিবেশে শিক্ষাথীর জীবনের শ্রেষ্ঠ ক্ষণগুলি ব্যয়িত হয়, সেই পবিবেশ অপবিহার্থকপেই শিক্ষাণীব জীবনকে নানাভাবে প্রভাবিত করে। তপোবনের পবিবেশ সম্পর্কে রবীন্দ্রনাথ বলেছেন, ''তপোবনেব গুকগৃহের শিক্ষা প্রকৃতির সাথে মারুষকে প্রীতির সম্বন্ধে শুক্ত কবে, আবাব মারুষের সাথে মারুষকে শ্রন্ধাব বন্ধনে আবদ্ধ করে,। সংযোগ শুক্ত করে, আবাব মারুষের সাথে মারুষকে শ্রন্ধাব বন্ধনে আবদ্ধ করে,। সংযোগ শুক্ত করে, আবাব মারুষের সাথে মারুষকে শ্রন্ধাব বন্ধনে আবদ্ধ করে,।

শিক্ষা-পরিবেশ (Environment) :—

শিক্ষার জন্ম স্থাজন শিক্ষাব উপযোগী পবিবেশ সৃষ্টি। শিশুর থেকেই পরিবেশের সাথে সামঞ্জন্ম করে চলার প্রচেষ্টা চলতে থাকে। অফুকুল পরিবেশে শিশু তাব ইন্দ্রিয়েব অনুভূতির সাহায়েট অনেক কিছু শেখে। মানুষের পবিবেশ থেকে একটি শিশুকে জন্মক্ষণ থেকে দূরে সরিয়ে রাখলে তার মুথে মাহুষেব ভাষ। ফটবে ন।। নেক্ডে পালিত মানবশিশু শুধু অবয়বেই মাকুষ-মাচরণ অভিজ্ঞতা তার নেকডের মৃতই হবে। পৰিবেশ শিক্ষার গতি-এক একটি বিশেষ পরিবেশ শিক্ষাব গতিপ্রকৃতি নিধারণ প্রকৃতি নির্ণয় করে কবে। একই ভাষাভাষী বিভিন্ন অঞ্চলের শিশুদেব মধ্যে স্থানীয় প্রভাবে উচ্চাবণভঙ্গী বিভিন্নতব হয়, পূর্ববঙ্গেব কথা বাংলা ও পশ্চিম-বঙ্গের কথা বাংলায় এই প্রভেদ স্বস্পষ্ট। পরিবেশেব প্রভাবে আচরণের পার্থকা দেখা যায়, উন্নততর সামাজিক পরিবেশে যেখানে শিক্ষার স্বযোগ স্ববিধা বেশা. ও বিচিত্র অভিজ্ঞতার মধ্য দিয়ে শিশু বড হয়ে উঠে, দেখ্রানে শিক্ষা অধিকতর কার্যকরী হয়। স্থযোগ স্থবিধ। ষেখানে কম, নতুন অভিজ্ঞত। লাভেব ক্ষেত্র , যেথানে সীমাবদ্ধ সেথানে ফল ঠিক বিপরীত হয়। একটি শহরের ছেলে ও একটি পাডাগাঁয়ের ছেলের মধ্যে পার্থক্য সহজে চোথে পডে। ইংবেজী শিক্ষার ক্ষেত্রে দেখা যায় একই বয়দের একই শ্রেণীর ছু'টি ছেলের মধ্যে সহরেব ছেলের

ইংরেজী শন্ধভাগ্রার অনেক বেশী সমৃদ্ধ। দৈনন্দিন জীবনে সে বছ ইংরেজী শন্ধ শুনে ভাতে অভ্যান্ত হয়ে যায়। গ্রামের ছেলেরা যে পরিবেশ থেকে আদে, তা শিক্ষার দিক থেকে ও অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর, তাই সহরের ছেলেরা বে স্থযোগ পায় গ্রামের ছেলেরা সে স্থযোগ পায় না। সামাজিক পরিবেশ ছাডাও পারিবারিক পরিবেশ ও পারিবারিক অর্থ নৈতিক অব্দ্বা শিক্ষাক্ষেত্রে প্রভাব বিস্থাব করে। এবার্ডিন সহরে একটি সমাক্ষায় দেখা গিয়েছে প্রাথমিক স্থবের শেষে ও মাধ্যমিক পর্যায়েক শুকতে যে সব ছেলেকে বৃদ্ধির প্রীক্ষায় একই প্র্যায়ভুক্ত বলে নির্ণয় করা হ্যেছে। পরবর্তী কালে যাদের পারিবারিক অবস্থা ভাল অনুকূল পবিবেশ ও উত্মত স্থলের শিক্ষায় তারা এগিয়ে গিয়েছে। অথচ একই বৃদ্ধাঙ্গ (IQ ও শিক্ষা গ্রহণের শক্ষাত্ব থাকা সত্ত্বও অবস্থা যাদেব থারাপ তাবা স্থলে সমান ক্রতিত্ব দেখাতে পাবে নি।

বিভিন্ন সমীক্ষায় দেখা গিষেছে পবিবেশ পবিবক্তনের সাথে শিক্ষাপীর উন্নতি বা অবনতি হয়েছে। উন্নততর ক্লল পবিবেশে আধুনিক শিক্ষা সমন্ধিত বিভালয়ে ছেলেদের উন্নতিব হাব যে ভাবে পবিবেশ শাশার্তনে এগিয়ে চলে, সেখান থেকে সনিগে নিম্নমানের বিভালয়ে সেই ছেলেদের নিয়ে এলে ছেলেদের উন্নতিব পজি নিম্নম্থীন হবে। শিক্ষার অন্তক্তন ও প্রতিকুল পবিবেশের সাথে শিক্ষার যোগাযোগ অতি ঘনিষ্ঠ। এমনকি পরিবাবের আয়তনও শিক্ষাকে প্রভাবিত কবে। সমীক্ষা চালিয়ে দেখা গিয়েছে ছোট ছোট পরিবার থেকে যে সব ছেলেরা আসে বৃদ্ধির পরীক্ষায় তাবা বড পরিবাবের ছেলেদের চেয়ে অধিক ক্তিন্থের পরিচয় দেয়।

বিত্যালয়, পরিবার ও সামাজিক পরিবেশ শিক্ষায় কি পবিমাণ প্রভাব বিস্তাব কবে এ নিয়ে বহু প্রীক্ষা-নিরীক্ষা হয়েছে , ফলাফল সর্বত্ত একই রক্ষ না হলেও সর্বত্রই কতকগুলি নীতিগত বিষয়ে ঐক্য দেখা সাধাৰণ পৰিবেশে গিয়েছে। তবে পরিবেশ কোন ব্যক্তির জন্মগত বৈশিষ্ট্যের নিম্পামী বান, উন্নতত্ব মধ্যে কতটা পরিবর্তন আনতে পারে দে সম্পর্কে কোন পৰিবেণে মানেব উন্নতি সঠিক দিরান্তে আদা দত্তব হ্য নি , তবে একটা বিষয়ে সিদ্ধান্তে আদ। গিয়েছে বে-দব ছেলেরা অতি সাধাবণ পবিবেশ ব। দ্বিত পবিবেশে বাস করে, বড হবার সাথে সাথে তাদের বৃদ্ধ্যক্ষ (I. Q.) ধীরে ধীবে নীচেব দিকে নাম:ত থাকে। উদ্দীপকের অভাব শিক্ষা সম্পর্কীয় স্থযোগের অভাব ও উৎদাহের অভাবের ফলে তাদের উন্নতি ব্যাহত হয়। উন্নত পরিবেশে িক্ষার্থীদেব তর্ফ থেকে যে কাজের উৎসাহ দেখা যায়, সামাজিক দিক থেকে যার। পিছিয়ে আছে সেই সমাজের ছেলেমেয়েদের মধ্যে একটা হীনমন্ততাবোধ তালের আত্মবিকাশের পথে অস্তরায়ের স্বষ্ট

করে। তাদের জীবন বৈচি ত্র্যর অভাবে একটা একর্থেরে পরিবেশে আনন্দ উৎদাহের অভাবে শিথবার যে ইচ্চাটুকু তাদের থাকে সে উৎসাহ বা উত্তম ধীরে ধীরে নিভে যায়।

শিক্ষার উপযুক্ত পরিবেশ শিক্ষার্থীর জীবনে যে প্রভাব বিস্তার কবে তা অত্যন্ত ব্যাপক। শুধুমাত্র স্কুল পরিবেশকে আদর্শ পরিবেশ করে তুললেই ইপ্লীত ফল পাওয়। যাবে না। শিক্ষার্থীর পারিবারিক পরিবেশ, সামাজিক পরিবেশ, অর্থ নৈতিক অবস্থা—সব কিছুই শিক্ষায় প্রভাব বিস্থার করে। তাই যে কোন আদর্শ শিক্ষাব্যবন্ধ। গডে তোলবাব জন্ম সবদিক থেকে পরিবেশকে শিক্ষার উপযোগী কবে তোলা প্রয়োজন। শিক্ষার্থীর শিক্ষামানের উন্নতি তবা অবনতির বিচাবে শুধু স্থালের পরিবর্ধনের ছার। শিক্ষার্থীর সর্বাঙ্গীণ উন্নতি সম্ভব নয়। শিক্ষার্থীর ক্রমান কথা বিশ্রেষ করে বিচাব করেতে হবে। পরিবেশ বভ্যাকর, সামাজিক পরিবেশের উন্নতির কথা চিন্থা করেতে হবে।

শিক্ষা ও বয়ঃপ্রাতি (Education and Maturity)—উপযুক্ত ও অফুক্ল শিক্ষা পরিবেশের সাথে শিক্ষার্থীর বয়ঃপ্রাপ্তির (Vaturation) প্রশানিক পরিবেশ ও বয়ঃপ্রাতি বলি ও বিষয়ে পরিবেশ ও বয়ঃপ্রাতি বলি বলি হালে না। বয়ঃপ্রাপ্তি বললে বুরতে হবে বয়সের স্তব অফুসারে নিজস্ব পূর্ণতা প্রাপ্তি। যেমন ৮ বছবেব ছেলেব দৈহিক ও মানসিক গঠনের একটা নির্দিষ্ট মান বয়েছে। সেই বয়সের কতকগুলি বৈশিষ্ট্য রয়েছে। যে শিশু দৈহিক ও মানসিক ও বৌদ্ধিক দিক থেকে বয়স অফুপাতিক পূর্ণতা লাভ কবেছে সেই শিশুকে বয়ঃপ্রাপ্ত বলা যেতে পাবে। অর্থাৎ যে সব দিক থেকে ৮ বছরের ছেলেব পূর্ণতালাভ করেছে, না হলে এ ছেলেকে বলা হবে পশ্চাৎপদ।

বয়স অন্তসারে শিশুর স্বাভাবিক পূর্ণতা প্রাপ্তিব উপর শিশুব শিক্ষার ক্রমোন্নতি নির্ভরশীল। যতই উদ্দীপনা বা উৎসাহ দেওয়া হোক না কেন, এক বছরের ছেলেকে দিয়ে লিখতে বা অন্ধ কেবতে শেখান যাবে না। আবাব যথন উপযুক্ত বয়প্রাপ্ত হবে, তখন খুব স্বাভাবিক ভাবেই অনুকূল পরিবেশেব প্রভাবে ও শিক্ষাকের চেষ্টায় সে এগুলি আরত করতে পারবে। অপবিণত্ত বয়সে বক্ত কষ্ট ও পরিশ্রমে একটি শিশুকে দিয়ে তার বয়সের পক্ষে অস্বাভাবিক একটি বিষয় হয়ত শেখান যায়, কিন্তু তাতে শুম ও সময়ের যে অপচয় হয়, উপযুক্ত বয়সে তা শেখাবার চেষ্টা করলে অনেক অল্প সময়েও পবিশ্রমে সেকাজটি আরও ভালভাবে শেখান যায়।

Gasell & Thompsion ছটি যমজ বোন নিয়ে এ সম্পর্কে পরীক্ষা করে দেখেছেন। একটি বোনের বয়স যথন ৪৬ সপ্তাহ তথন তাকে দিয়ে ক্রমাণত ৬ সপ্তাহ ধরে প্রতি সপ্তাহে ৬ দিন একটা সিঁ ড়ি বেয়ে ওঠা জভ্যাস করান হলে সে ২৬ সেকেণ্ডে সিঁ ডিটিতে উঠতে পারত। পরে এই যমজ বোনের বয়স যথন ৫৩ সপ্তাহ, তথন তাকে দিয়ে চেষ্টা করান হলে সে প্রথম প্রচেষ্টায় ৪৫ সেকেণ্ডে সিঁ ডিটিতে উঠে গেল। ছ'সপ্তাহেব চেষ্টায় সে ১০ সেকেণ্ডে সিঁ ডিটিতে উঠতে পারত। তাই দেখা যাচ্ছে উপযুক্ত বয়সে ২ সপ্তাহের চেষ্টায় যে ফল পাওয়া যায়, পূর্ণতা প্রাপ্তির পূর্বে ৬ সপ্তাহের চেষ্টায়ও সে ফল পাওয়া সম্ভব নয়। মাহুযেব উপব বহু পরীক্ষা করে দেখা গিয়েছে উপযুক্ত সম্বে একটি স্বাভাবিক শিশুকে তাব বয়স অহুযায়ী কাজ দিলে সে যে ভাবে কাজটি করনে, তার পূর্বে তাকে দিয়ে সেই কাজ করাবাব চেষ্টা হলে প্রাথিত ফল পাওয়া যাবে না।

শিক্ষা-পদ্ধতি ও শিক্ষা-পরিবেশ ছুই-ই শিক্ষার সাফল্যের দিক থেকে অতীব গুকত্বপূর্ণ। আধুনিক শিক্ষাবিজ্ঞানে পদ্ধতি নির্ণয় ও পরিবেশ রচনা নিয়ে বহু পরীক্ষা-নিরীক্ষা হয়েছে ও হচ্ছে। শিক্ষার আদর্শ আদর্শ শিক্ষার পরিবেশ যত উন্নতই হোক না কেন, তাব সাফল্য নির্ভব করে ও পদ্ধতির গুক্ত সার্থক শিক্ষা-পদ্ধতি নির্ধারণ ও পদ্ধতির ষ্থায়থ প্রয়োগের উপর। শিক্ষায় পদ্ধতি-বিজ্ঞানের গুরুত্ব দেথানেই নিহিত। শিক্ষাদর্শ যত উচ্চত হোক না কেন, ক্রটিপূর্ণ শিক্ষা-পদ্ধতি অন্ধসরণ করলে কথনই দে উচ্চাদর্শে পৌচান সম্ভব হবে না। যারা শিক্ষার সাথে জডিত, দেশেব শিক্ষার গুরুদায়িত্ব বাবা ব্রেচ্চায় গ্রহণ করেছেন, প্রাচীন ভারতেব শিক্ষা-পদ্ধতি ও পরিবেশ ও জগতের বিভিন্ন প্রগতিশীল দেশে উদ্ভাবিত আধুনিক শিক্ষাপদ্ধতি বিজ্ঞান ও তাব প্রয়োগ-কৌশন ও শিক্ষাপরিবেশ সম্পর্কে তাঁদের জান। দরকার। সেই সাথে বিভিন্ন দেশেব চিন্তাশীল শিক্ষাবিদদের চিন্তাধারার সহিত পরিচিতি অত্যাবশ্রক। যুগ পবিবতনের সাথে নতুন যুগের প্রয়োজনে বিভিন্ন দেশের শিক্ষাধারা নতুন রূপ পরিগ্রহ করছে। অতীত অভিজ্ঞতার আলোকে ব্তমান যগের প্রয়োজনের সাথে সামঞ্জন্ত বিধান কবে শিক্ষাদর্শ ও শিক্ষা-পদ্ধতির পরিবর্তন ও পরিবর্ধন হচ্ছে। এই পরিবর্তনের ধারাকে আমাদের সমগ্রভাবে জানতে হবে। আমাদেব দেশের গঙাহুগতিক ধান্ত্রিক শিক্ষা-পদ্ধতিকে পরিবর্তন করে আধুনিক যুগের উপথোগী করে তুলতে হলে বিভিন্ন দেশের প্রয়োগ-সিদ্ধ শিক্ষা-পদ্ধতির সাহায্য গ্রহণ অপরিহার্য। এ সম্পর্কে আধুনিক-অনাধুনিক ভেদ না করে খোলা মন নিয়ে প্রাচীন ও আধুনিক শিক্ষা-পদ্ধতি ও শিক্ষা-দর্শন আলোচনা করে আমাদেব দেশের বিশেষ বৈশিষ্ট্যের কথা সারণ রেখে এ দেশের প্রয়োজনের উপযোগী শিক্ষা-পদ্ধতির উদ্ভাবন করতে হবে।

# দ্বিতীয় অধ্যায়

## শिक्षापर्भ ८ १६ छि-विख्वात्वत्र क्रमविवर्छन

(Evolution of Teaching Methods)

### শিশুকৈ বিক্ষা ( Child Centric Education ) ?

বর্তমান শতাকীকে আমরা বলি শিশুর যুগ। নবলন্ধ শিক্ষার নতুন আলোকে আমরা নিত্যকালের সেই চির পুরাতন শিশুকে নতুন করে আবিদার করেছি। শিশুর মধ্যে লুকান রয়েছে অনস্ত সম্ভাবনা। তার দৈহিক, মানসিক ও আজিক বিকাশ, তার আবেগ-অমুভৃতি প্রকাশের স্বযোগ দানই হচ্ছে সার্থক শিক্ষার কাঞ্জ।

"The main object of education is not to teach but to develop"—
( Pestalozzi ).

বিকাশ (Develop) অর্থাৎ যে স্থপ্ত সম্ভাবনা নিয়ে শিশু জগতে এসেছে, সেই অনস্ত সম্ভাবনা বা শক্তির বিকাশই হচ্ছে শিক্ষাব স্থা সম্ভাবনার বিকাশ কাজ। স্বামীজির কথার মধ্যেও সেই কথাই প্রতিধ্বনিত হয়েছে। মানুষ্ণ স্বরূপতঃ পূর্ণ (Perfect), এই পূর্ণতার বিকাশই হচ্ছে শিক্ষা।

"Education is the manifection of the perfection already in man"—( স্বামী বিবেকানন্দ )। শিশুব এই সন্থাবন। বিকাশেব মধ্যেই আজকেব সমন্ত শিক্ষাপ্রচেষ্টা নিবদ্ধ। বর্তমান শিক্ষাব্যবন্ধায় শিশুই হচ্ছে সমগ্র শিক্ষাপ্রচেষ্টার কেন্দ্রবিন্দু। শিক্ষার সব আয়োজনই শিশুকে নিয়ে। তাই আজকের শিক্ষাকে বলা হয় শিশুকেন্দ্রক শিক্ষা (Child Centric Education)।

### শিক্ষাপাকতির বিবর্তন—মধাযুগ থেকে বর্তমান কাল (Evolution of Teaching Method—From Mediaeval to Modern Age ) ঃ

শিশু সম্পর্কে মনোভাব চিরদিনই এরপ ছিল না। মধ্যযুগে ভারতে ও ইউরোপে শিক্ষা ছিল জীবন নিরপেক্ষ। জীবনের পার্থিব প্রয়োজন থেকে বিচ্ছির হয়ে যে সংকীর্ণ দৃষ্টিভঙ্গী-সম্পন্ন শিক্ষাব্যবস্থা শিশু বয়ক্ষের ক্ষুত্ত পুরোহিত-শাসিত সমাজে গড়ে উঠেছিল, সেথানে সংস্করণ শিক্ষার্থীর স্থান ছিল নিতাস্কই গৌণ। নুবীন শিক্ষার্থীর বে শুক্টা স্বতন্ত্র স্বত্বা আছে, সে যুগের শিক্ষাব্যবস্থায় তার কোন স্বীকৃতি খুঁজে পাওয়া ষায় না। শিশুকে মনে করা হ'ত বয়স্কের একটি ক্ষুক্ত সংস্করণ। শুধুমাত্র দেহের কাঠামো আর বয়সের দিক থেকেই শিশুকে পৃথক মনে করা হ'ত। একজন শিক্ষাবিদ বলেছেন, সে যুগে শিশুকে টেলিস্কোপের উন্টোদিক থেকে দেখা হ'ত। বেশীদিনের কথা নয়, ভিক্টোরীয় যুগের একখানি শিশুর চিত্র দেখলেই একখার সত্যতা প্রমাণিত হবে।

শিশু-মনের ক্রিয়া-প্রতিক্রিয়া প্রক্ষোভ-বিক্ষোভ, আবেগ-সংস্কার, তার স্বভাব-স্বাচরণ নিয়ে শিশুর যে স্বতম্ব জগৎ আছে একথা কেউ মনে করত না। শিশুর রুচি, আগ্রহ বা প্রবণতার সন্ধান করার প্রয়োজনীয়তা **আছে একখা** সে যুগের শিক্ষায় স্বীকৃতি পায় নি। শিশুর মন আর শিশুশিক্ষায় অবহেলিত বয়স্কের মন একই রকম, এই ছিল সেদিনের স্বতঃসিদ্ধ শিশু সিদ্ধান্ত। এ স্থির সিদ্ধান্তের উপর নির্ভর করেই পূর্ব-নিদিষ্ট একটি শিক্ষাক্রম শিশুর উপর চাপিয়ে দেওয়া হ'ত। যে শিক্ষাক্রম তাকে অনুসরণ করতে হচ্ছে তা তার ভাল লাগছে কি না, আয়ুত্ত করার মত শক্তি তার আছে কি না -- এসব কথা বিচাব-বিবেচনা করার প্রশ্নই উঠত না। প্রাচীন শিক্ষাব্যবস্থায় শিশুর ব্যক্তির বিকাশের স্রযোগই ছিল না। তার ভালমন্দ অভিভাবক চিন্তা কববে। তার ইচ্ছা-অনিচ্ছা ক্ষমতা-অক্ষমতা— ভাও অভিভাবক স্থির করবে। শিশু স্বর্থাৎ যার জন্ম শিক্ষার সমস্ত আয়োজন, ম্পাযুগে সে ছিল নিভান্ত কুপাব পাত্র। বয়দ্ধেব ইচ্ছাই শিশুর শিক্ষায় প্রতিফলিত হোক, তাদের কতকগুলি ধারণা শিশুর জীবনে রূপ গ্রহণ ককক, এই ছিল শিশু সম্পর্কে সে যুগের মনোভাব।

প্রচলিত শিক্ষাব্যবস্থার সংস্থার সাধনেব চেগ্রা বহুদিন থেকে চলে **আসছে।** প্রগতিশীল শিশুকেন্দ্রিক শিক্ষার আদর্শ একদিকে বা কোন একজন শিক্ষাবিদ্বের চেষ্টায় গৃহীত হয় নি। শিক্ষায় শিশুর গুরুবের স্বীকৃতি শুঙালমুক্তিব তপস্তা কুইন্টিলিয়ান, ইবাসমাস বমেনিয়াস প্রভৃতির শিকা-সম্পর্কীয় লেখার মধ্যে পাওয়া যায়! কিন্তু তারা প্রচলিত ব্যবস্থার প্রভাব থেকে সম্পূর্ণ মুক্ত হয়ে শিক্তকে প্রাচীন শিক্ষার শৃঙ্খল থেকে মুক্তি দিতে পারেন নি। ধর্মনির্ভর চিরাচরিত শিক্ষাপদ্ধতির কিছুটার সংস্থার সাধনের জক্ত **তাঁরা** চেষ্টা করেছিলেন। শিশুকেন্দ্রিক শিক্ষার দিকে প্রথম-বলিষ্ঠ পদক্ষেপ শুরু হয় অষ্টাদশ শতাব্দীতে শিক্ষা সম্পর্কীয় কণোর বৈপ্রবিক মতবাদ প্রচারের পর। এরপর থেকেই শিক্ষায় শিশুর বন্ধন-মক্তির প্রচেষ্ট। ইউরোপে ব্যাপকভাবে শুরু হয়। কুশোর দার্শনিক মতবাদ বাস্তবে রূপ দেবার জ্বন্তে এগিয়ে **আসেন** পেন্টালংসী। এরপর হার্বার্ট শি**ত্তশিক্ষা**র একটা মনস্তাত্ত্বিক ভি**ত্তিভূমি ভৈরী** করেন। ফ্রয়বেলের কিণ্ডারগার্টেন শিক্ষাব্যবস্থায় শিশু স্বাধীনভাবে আছ-বিকাশের স্থােগ পায়। পড়ার সাথে খেলা, গান, হাতের কা**জ সব মিলিক্ত** তিনি এক অভূতপূর্ব শিশু উত্থান রচনা করলেন। বিংশ শতাব্দীতে ম**ন্তেসরী**, ডিউই, রবীন্দ্রনাথ, গান্ধীজী শিক্ষায় এক বিরাট পরিবর্তন আনেন।

শিক্ষায় শিশুই কেন্দ্রবিন্দু এ আজ আর দার্শনিক তত্ত্ব নর, শিশুশিক্ষায় শিশু মধামণি এ আজ বাস্তব সত্য। শিশুর স্বাভাবিক বিকাশের পথকে মৃক্ত করে দেওয়াই বর্তমান শিক্ষার লক্ষ্য। কঠোর নিয়ন্ত্রণ এথানে শিশুর স্বাভাবিক প্রকাশের পথকে রুদ্ধ করে না। শৃত্যলার নামে নিপ্রীডন নেই। শিশু কাজ করে নিজের তাগিদে, অন্তরের প্রেরণায়। শৃঙ্খলা বাইবে থেকে চাপিয়ে দেওয়া হয় না, দায়িজবোধ থেকে স্বাভাবিক ভাবেই শিশুশিক্ষায় মধামণি শিশুব মনে শৃঙ্গলাবোধ জন্মায। কাজের মধ্য দিয়ে শিশু ণিত বান্তব অভিজ্ঞতা সঞ্চয় করে, তার মনে আত্মপ্রতায় জনায় ধীরে ধীরে তার ব্যক্তিত্ব গড়ে ওঠে। শিশুর স্বাভাবিক কর্মপ্রেরণা ও স্জনীস্পৃহাকে শিক্ষার মাধ্যমরূপে গ্রহণ করে কর্মকেন্দ্রিক শিক্ষাপদ্ধতির (প্রোজের ও বুনিয়াদি শিক্ষাপদ্ধতি) সৃষ্টি হয়েছে। শিশুকেন্দ্রিক শিক্ষাব এও এক বিশেষ রপ। দৈহিক, মানসিক ও বৌদ্ধিক-সবদিক থেকে সামগ্রিক বিকাশের পথকে মুক্ত করে দিয়ে সামঞ্চস্ত-পূর্ণ ব্যক্তিত্ব গড়ে তোলাই শিশুকেন্দ্রিক শিক্ষার লক্ষা।

# পৰুতি বিজ্ঞানের ক্রমবিবর্তন (Evolution of Feaching Method ) :—[ বিস্তৃত আলোচনা ]

আধুনিক শিক্ষাকে শিশুকেন্দ্রিক শিক্ষায় রূপাস্তরিত কবে আমবা শিশুকে ্সমন্ত শিক্ষা আয়োজনেব কেন্দ্রে স্থাপন করেছি। শিশুব গুক্তরের স্বীক্রতি-স্থরপ আমরা বলি এ যুগ শিশুর যুগ। শিশু একদিনে এ স্থান লাভ করে নি। মধ্যযুগের শিক্ষাব্যবস্থায় শিশুর স্থান ছিল নিতান্তই গৌণ। তার নিজস্ব বৈশিষ্ট্য বা স্বকীয় পুথক সতার কোন স্বীকৃতি শিক্ষাব্যবস্থায় ছিল শিশুৰ যুগ এদেছে না। একটা পূর্ব স্থিরীক্রত পথে শিক্ষাকে পরিচালনা কবা পৰীক্ষা-নিৰীক্ষা^{ৰ পথে} হ'ত। সেই ছাঁচেঢাল। শিক্ষায় শিশুর ব্যক্তিত্ব বিকাশের কোন স্বযোগই থাকত না। পুবাতনের অনুবর্তন করাই ছিল শিক্ষকের কাল। শিক্ষাদার্শনিকগণের বছদিনের চেষ্টায় এই অচল অবস্থার পরিবতন সম্ভব শিক্ষাবিদগণ তাদের শিক্ষাদর্শের সমর্থনে তাকে বাত্তবক্ষেত্রে প্রয়োগের জন্ম তাদের আদর্শের পরিপোষক শিক্ষা-পদ্ধতির উদ্ভাবন করেছেন। শিক্ষাদর্শের এই প্রয়োগিক (Empiric) দিক বিজ্ঞানসিদ্ধ হয়ে উঠেছে वक्षातित्र (रुष्टीम् । व्याधिनक पूर्णत व्यथम व्यवसाम हरलाइ शतीका-नितीका (Experiment & observation)। একজনের ভূলপ্রান্তি আর একজনের চেষ্টায় সংশোধিত হয়ে নিভূ লতর পদ্ধতি আবিষ্কৃত হয়েছে। শুধুমাত্র ভাব-বাদের উপর শিক্ষার ভিত্তি আজ প্রতিষ্ঠিত নয়। ভাববাদী দার্শনিকগণের শিক্ষাদর্শ ও পদ্ধতির বহু পরিবর্তন হয়ে শিক্ষা-পদ্ধতি বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়েছে। পরীক্ষা-নিরীক্ষার পথে বহু পদ্ধতি আবিষ্কৃত হয়েছে। মধ্যযুগের পরবর্তীকালীন শিক্ষাপদ্ধতিসমূহ নিয়ে আলোচনা করলে দেখা বায়, পদ্ধতিবিজ্ঞানের অগ্রগতির মধ্যে একটা ধারাবাহিকতা রয়েছে। ধাপে ধাপে শিক্ষাপদ্ধতিসমূহ পরিমাজিত হয়ে বিজ্ঞানসম্মত রূপ লাভ করেছে।

প্রাচীন যুগ থেকে ক্রমবিবর্তনের মধ্য দিয়ে শিক্ষাদর্শ ও শিক্ষাপৃদ্ধতি বর্তমান রপ লাভ করেছে। এই বিবর্তনের পথ অনুসরণ করলে বহু ভ্রান্তি বহু ক্রমবিবর্তনের গাবা

ক্রমবিবর্তনের গাবা
পথ ধরেই আজকের শিক্ষাবিজ্ঞানীরা সঠিক পথের সন্ধান
পোয়েছেন। তবু পবীক্ষা-নিরীক্ষার শেষ নেই, কি করে আরও নিখুঁত আরও
সহজ পদ্ধতি খুঁজে বের কর। যায় সেই পথের সন্ধান করে চলেছেন
শিক্ষাবিজ্ঞানীরা।

আমাদের আলোচনাব বিষয় শিক্ষাপদ্ধতির ক্রমবিবতন। কি কবে শিক্ষাণদ্ধতিসমূহ বর্তমান রূপ পেল সেই দিকে লক্ষা রেখে আলোচনাকে সীমাবদ্ধ রাখলেও শিক্ষাদর্শকে পদ্ধতির থেকে সম্পূর্ণ পৃথক করে দেখা যায় না।
শিক্ষাদর্শ ও শিক্ষা-পদ্ধত একটি অপরটির পরিপুরক।
শিক্ষাদর্শ ও শিক্ষা-পদ্ধতি নিয়ে আলোচনা কবলে তা হবে পরম্পবের পবিপ্রক অসম্পূর্ণ। শিক্ষা-পদ্ধতিকে ব্বতে হবে শিক্ষাদর্শের পটভূমিকায়। অতি ব্যাপক বিষয়টিকে সংক্ষেপে আলোচনার প্রচেষ্টায় শিক্ষা-পদ্ধতির উপব বিশেষ দৃষ্টি দেওয়া হ'ল বলে যদি মনে করা হয় শিক্ষায় দার্শনিক তথের ভূমিকা গৌণ, তাহলে ভূল করা হবে। শিক্ষাদর্শের বিবর্তন আর শিক্ষা-পদ্ধতির বিবতন অক্ষাঞ্চী ভাবে একটি অপবটির সাথে জডিত। আলোচনায় আমরা এই কালামুক্রমিক গতিপথেরই অমুসরণ করব।

# প্রাচীন ভারতীয় শিক্ষাদর্শ ও শিক্ষাপকতি ( Principle and Method of Ancient Indian Education ) ç—

আধুনিক শিক্ষা-নীতি ও শিক্ষা-পদ্ধতি বলতে আমরা পাশ্চাত্য নীতি-পদ্ধতিকেই ব্বে থাকি। আধুনিক পদ্ধতি বিজ্ঞানের ধারাকে অন্নসরণ করতে হলে প্রাচীন ইউরোপের শিক্ষানীতি, পদ্ধতি ও আদর্শ কি ছিল দেখান থেকেই আলোচনার স্থ্রপাত করতে হবে। আধুনিক শিক্ষাধারা প্রাচীন ভারতীয় শিক্ষাব্যবহা থেকে বিচ্ছিন্ন হলেও প্রাচীন ভারতের শিক্ষাদর্শ সম্পর্কে হ'একটি কথা এখানে অপ্রাসন্ধিক হবে না।

প্রাচীন ভারতে প্রাগৈতিহাসিক যুগে সিন্ধু উপত্যকায় এক ছতি উন্নত সভ্যতা বিকাশ লাভ করেছিল। সেই সভ্যতার বহু তথ্যই আত্মও আমাদের নিকট অজ্ঞাত, তব্ও সিদ্ধু সভ্যতার যে সব নিদর্শন আমরা পেয়েছি তা থেকে মনে হয় মহেঞ্জদভোতে লিপির ব্যবহার ছিল। যারা লিপির ব্যবহার জানত তাদের একটা শিক্ষাব্যবস্থা ছিল একথা স্বাভাবিক। এরপর প্রাচীন ভারতের শিক্ষাব্যবস্থা একাস্ত ভারতে এল আর্যরা। প্রাচীন ভারতের শিক্ষাব্যবস্থা একাস্ত ভাবে আর্য সভ্যতারই দান। প্রাচীন ব্রাহ্মণ্য সমাজ্ঞ ও শিক্ষাব্যবস্থার মধ্যেই আমরা খুঁজে পাই আমাদেব জাতীয় জীবনের বৈশিষ্ট্য-সমূহকে। যতই পুরাতন হোক না কেন, আজ্ঞ ভারতীয় হিন্দু সমাজের রীতিনীতি ও সমাজ-জীবন অনেকখানি নিযন্ত্রিত হচ্ছে প্রাচীন ভারতীয় আদর্শের হারা। প্রাচীন ভারতের তপোবনে যে শিক্ষাব্যবস্থা গড়ে উঠেছিল তার মূল্য আজ্ঞ আমরা অস্বীকার করতে পারি না।

ভারতীয় জীবনের শেষ কথা মৃক্তি বা মোক্ষ। অন্তরে যে প্রচ্ছন্ন অনস্ত সম্ভাবনা বয়েছে, সেই অনস্ত শক্তির বিকাশ ঘটিয়ে নিজের অমর সন্তার সন্ধান পাওয়া বা পূর্ণতালাভ করাই হচ্ছে প্রাচীন ভারতীয় শিক্ষার উদ্দেশ্য। পরিপূর্ণতা বা অমৃতত্ব লাভই জীবনের শেষ কথ। হলেও আর্য-ঋষিরা জ্পতে বেঁচে থাকবার জন্ম প্রয়োজনীয় লৌকিক-শিক্ষাব উপযোগিতাব কথাও স্বীকার করেছেন। উপনিষদে বিভাকে পরা-বিভা ও অপবা-বিভা এই চুই ভাগে ভাগ করা হয়েছে। লৌকিক-বিছা অর্থাৎ কলা. পবা ও অপরা-বিদ্যা বিজ্ঞান, শিল্প-বিত্য। অফুশলনের প্রয়োজনে জগতে বেঁচে থাকবার জন্ম, কিন্তু ঋষিবা সাথে সাথে সতর্ক করে দিয়েছেন, একেই যেন জীবনের শেষ কথা বলে গ্রহণ না করি। উপনিষদের ঋষি বলেছেন, মানুষের সাংসারিক স্থথ-সমন্ধির জন্ম লৌকিক ব। অপরা-বিভার প্রয়োজন। জীবনের চরম সত্যকে উপলন্ধি করার জন্ম তাকে আধ্যাত্মিক চিম্ভা করতে হবে। আদর্শ-মামুষ গড়ে তুলতে লৌকিক বিচ্ছা ও শুদ্ধ-বিচ্ছা তুয়ের সমন্বয় প্রয়োজন। ভারতের শিক্ষায় জড-বিজ্ঞান ও ধর্ম-বিজ্ঞানের সমন্বয় হয়েছিল। উপনিষদে বলা হয়েছে বিভা (পরা-বিভা) ও অবিভা (অপবা-বিভা) যাবা যুক্ত করে দেখেন তারাই সত্য দেখেন। নিজেকে জানা—আত্মানং বিদ্ধি— মামুষের মধ্যে যে দেবত্ব রয়েছে সেই দেবত্বকে উদ্বোধিত কবাই ছিল ভারতের শিক্ষার শেষ কথা।

ভারতীয় শিক্ষাপদ্ধতিতে দেখি ব্যক্তিগত ও শ্মষ্টিগত উভয় প্রকার শিক্ষাব্যবস্থাই ছিল। গুরু মৌথিক রীতিতে শিক্ষা দিতেন। বকুতাধর্মী শিক্ষা বৌদ্ধর্য প্রবর্তিত হয়েছিল বলে মনে হয়। তবে তার শৌথিক শিক্ষা ব্যাপক প্রয়োগ ছিল না। ভারতীয় শিক্ষা প্রধানতঃ ব্যক্তিকেন্দ্রিক শিক্ষা (individualised instruction); আচার্যের প্রত্যক্ষ ভত্তাবধানে শিক্ষার্থীকে শিক্ষা গ্রহণ করতে হয়।

সে যুগের পাঠপদ্ধতিকে কয়েকটি শুরে (stage) ভাগ করা যায়। উপক্রম বা প্রস্তুতি—শিক্ষার্থীর মনে শুরুর কাছ থেকে জানবার আছাই থেকে পাঠ-প্রস্তুতি পর্বের স্থচনা হ'ত। শুরণ—শুরু যা বলতেন তা মনোযোগ দিয়ে শোনা। আরুত্তি বা অভ্যাস করে আয়ন্ত করা। অর্থবাদ—যা শেখান হ'ল তার অর্থ বুঝা। এরপর ফল ও উপপত্তি—অর্থাৎ আলোচনা করে যুক্তির সাহায্যে জ্ঞানের ভিত্তিকে দৃঢ় করে তার প্রয়োগ করা। মনন ও নিদিধ্যাসনের ফলে শিক্ষার্থী ভার জীবনে সত্যকে উপলব্ধি করত। গভীর ভাবে চিন্তা করাকে বল। হ'ত মনন। নিদিধ্যাসনের অর্থ হচ্ছে একাগ্রচিত্তে ধ্যান করে সত্যকে উপলব্ধি করা। প্রাচীন শিক্ষাপদ্ধতিতে মেধা ও শ্বতিশক্তির উপয় বিশেষ গুরুত্ব আরোপ করা হ'ত। প্রশ্নোত্তর পদ্ধতিতেও শিক্ষার ব্যবস্থা ছিল। গল্পের মাধ্যমে শিক্ষা দেবাব পদ্ধতিও সে ধুগে প্রচলিত ছিল।

ভারতীয় শিক্ষা-পদ্ধতির যে পরিচয় আমরা পাই, তাতে দেখা যায় বৈদিকযুগ থেকেই একটি স্থচিস্থিত শিক্ষাব্যবস্থা এদেশে প্রবর্তিত হয়েছিল। দশম শতাব্দী থেকে ব্রাহ্মণ্য শিক্ষাব্যবস্থায় জড়ত্ব দেখা দেয়। প্রাচীন শিক্ষা ব্যবস্থা প্রাণশক্তি হারিয়ে পরিবর্তনশীল সমাজের সাথে সামঞ্জু রাখতে না পেরে এক গতামুগতিক শিক্ষাব্যবস্থায় পরিণত হয়।

# প্রাচীন ভ'হিত্রুপিক্ষা প্রকৃতি ( Method of Ancient Chinese and Hebrew Education ) ;—

প্রাচীন চীনের শিক্ষায় মৃথন্থের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হ'ত। শিক্ষক বই থেকে কোন অংশ পড়তেন ছাত্রেরা বার বার তা আরুত্তি করে মৃথস্থ কবত। চীনদেশে লিপির ব্যবহাব থাকলেও প্রাচীন চীনের শিক্ষারীতি ছিল প্রধানতঃ মৃথস্থ ও অমুকরণ ানর্ভর। কনফুদিয়াদ এই স্থতি-নির্ভর শিক্ষার বিপদ সম্পর্কে গতর্ক করে দেন। চিস্তাহীন শিক্ষার কোন মৃল্য নেই—এটা শুধুমাত্র পগুশুম একথা বলে তিনি শুধুমাত্র স্থতিনির্ভর শিক্ষারীতির পরিবর্তনের কথাই বলেন।

হিক্র বা ইন্ট্রদী শিক্ষাপদ্ধতিও ছিল আবৃত্তি ও মৃথস্থনির্ভর। হিক্রশিক্ষার পাঠ্যক্রমে মোজেদের আইন (Lew of Moses) ছিল বিশেষ
গুরুত্বপূর্ণ। শিক্ষাথীদের বার বার আবৃত্তি করে যোজেদের আইন মৃথস্থ
করতে হ'ত। ইন্ট্রদির শিক্ষা-ব্যবস্থায় অত্যন্ত কঠোর শৃঞ্জলা রক্ষা করা হ'ত।
এবং শৃঞ্জলা রক্ষার জঁক্ত যথেচ্ছ বেডের সাহায্য গ্রহণ করা হ'ত। পরবর্তীকালে
দ্ববশ্ত শাসনের কঠোরতা কিছুটা শিথিল করা হয়। ইন্ট্র্নিদের একটি নীতিগ্রন্থের সাথে বিষয়বস্তর অর্থ উপলব্ধি করার নির্দেশ দেওয়া হয়েছে।

ভবুও দেখা বায় অনুধাবন ও উপলব্ধি অপেক্ষা প্রাচীন চীন ও হিক্র শিক্ষা-প্রতিতে মুখন্ব ও অনুকরণের উপরই অধিক গুরুত্ব দেওয়া হয়েছে।

শ্বিকাসীয় পিক্ষাদৰ্শ ও শিক্ষা-প্ৰতি (Principle and Method of European Education ) ;—

প্রাসঃ ইউরোপের শিক্ষাক্ষেত্রে মধ্যযুগীয় চিন্তাধারা ও খুটান ধর্মধাজক সম্প্রদায়ের একাধিপত্য স্থাপিত হ'বার পূর্বে ইউরোপীয় শিক্ষাদর্শ ও পদ্ধতি বলতে জ্রীসের শিক্ষাপদ্ধতি ও শিক্ষাদর্শকে বুঝান হ'ত। দর্শন, রাজনীতি, শিল্পশিক্ষা প্রভৃতি সর্বক্ষেত্রেই গ্রীসের স্থান ছিল সর্বাত্রে। গ্রীস ছিল ইউরোপীয় সভ্যতার আদি লীলাভূমি। সক্রেটিস, প্লেটো, এ্যারিস্টিল, সোন্দিষ্ট মতবাদ ক্রিন্তাল প্রভৃতি মনীধীদের চিন্তাধারা ইউবোপীয় পণ্ডিত সমাজের চিন্তাধারাকে শতান্দীর পর শতান্দী ধরে নিয়ন্ত্রিত করেছে। গ্রীসের সভ্যতা ছিল নগরকেন্দ্রিক। শুধুমাত্র মৃষ্টিমেয় স্থবিধাভোগী নাগরিকদের সন্তাতা ছিল নগরকেন্দ্রিক। শিক্ষা ছিল বড়লোকের অবসর বিনোদনেব উপায় মাত্র। সোফিন্ট দার্শনিকের। অথের বিনিময়ে শিক্ষা দিতেন। আপামর জনস্থাবিণ শিক্ষার অধিকার পেকে ছিল বঞ্চিত। এমন কি সক্রেটিস পর্যন্ত শিক্ষার স্থাগাংপান নি, কারণ দোফিন্টদেব দেবাব মত অথ তাব ছিল না। অত্যন্ত ত্বংথের সাথে তিনি বলেছেন—

"As for myself I am first to confess that I have never had a teacher; although I have always from my earliest youth desired to have one. But I am too poor to give money to the Sophists, who are the only professors of moral improvement"—(As quoted by Robert R. Rusk in Doctrines of the Great Educators.)

সোফিন্ট শিক্ষাদর্শে কোন স্থান প্রসাবী উদার দৃষ্টিভঙ্গীর পরিচয় পাওয়া বায় না। তাদের শিক্ষাপদ্ধতিও কোন স্থান্থন প্রণালীকে অন্থ্যন্ত্রপ করত না। সোফিন্টরা শিক্ষাকে প্রয়োজনের ভিত্তিতে প্রতিষ্ঠিত করেছিলেন। জীবনের প্রত্যক্ষ প্রয়োজন মেটানোই ছিল শিক্ষার উদ্দেশু। তাঁরা মনে করতেন ব্যক্তির নিজের অভিজ্ঞতা হচ্ছে সবকিছু বিচারের মাপকাঠি। শিক্ষাব সার্বজ্ঞনীন সংজ্ঞা দ্বারা ব্যক্তিগত মতবাদকে নিয়ম্রণ তাঁরা স্বীকার করতেন না। এঁরা ছিলেন শিক্ষায় ব্যক্তি-স্বাধীনতা মতবাদের সমর্থক। ব্যক্তিরু নিজস্থ শক্তির চরম বিকাশই ছিল শিক্ষার লক্ষ্য। দেহের বিকাশের জন্ম শরীর চর্চা (gymnastics) ও মনের বিকাশের জন্ম সঙ্গীত চর্চাকে তাঁরা তাঁদের উদ্দেশ্য পিন্ধির মাধ্যম রূপে গ্রহণ করেছিলেন।

শতকেটিস: সজেটিস, প্লেটো এঁরা শিক্ষা সম্পর্কে যে দার্শনিক মতবাদ প্রচার করে গিয়েছেন তাতে দেখা যায় শিক্ষার মধ্য দিয়ে ব্যক্তিসন্থার বিকাশের কথা বললেও সোফিস্টদের উগ্র ব্যক্তিস্বাতন্ত্র মতবাদের সমর্থন তারা করেন নি। তাঁরা মনে করতেন শিক্ষা বাইরের থেকে চাপিয়ে দেবার মত বস্তু নয়। শিশুর ব্যক্তিসন্তার মধ্যে তা আপনি বিকশিত হয়ে উঠবে। সক্রেটিস শিক্ষার কাজের সাথে ধাত্রীর কাজের তুলনা করেছেন। তিনি নিজেকে বলেছেন 'মনের ধাত্রী' ("a man-midwife for mind") — নতুন মনের স্পষ্টতে সাহায্য করাই তার একমাত্র কাজ।

সক্রেটিস গ্রীসের প্রচলিত শিক্ষাব্যবস্থার বিরুদ্ধে তাঁর মতবাদ প্রচার করেন।
শিক্ষা সম্পর্কে তাঁর সার্বজনীন সংজ্ঞা ও আরোহী পদ্ধতি (Inductive piscourse) সমাদর লাভ করে। কোন একটি বিষয়ের প্রজ্ঞ নির্বারণে তিনি আরোহী পদ্ধতির সাহায্য গ্রহণ করতেন। সংক্রেটিস অরুস্ত পদ্ধতিতে তিনটি স্তর দেখা যায়।

প্রথম হর চিন্তন বা অন্থমান, প্রেটো বলছেন opinion. এই ন্তরে তিনি দেখিয়ছেন শিক্ষার্থী যা জানে বলে মনে করে তাকে প্রতিষ্ঠিত বা প্রমাণ করার মত যুক্তি প্রয়োগের ক্ষমতা তার নেই। দ্বিতীয় হ্ররে বিশ্লেষক (analytic or destructive stage) পদ্ধতিতে তিনি দেখান, সে বা জানে বলে মনে করে প্রকৃতপক্ষে তা সে জানে না। সর্বশেষ ন্তরে সংশ্লেষক (Synthatic stage) পদ্ধতি প্রয়োগ করে তার জানাকে যুক্তির ভিত্তিতে প্রতিষ্ঠিত করা হয়। অন্থশাসনের গণ্ডি ও সংস্থারের দাসত্ব থেকে মান্থবের চিস্তাধারাকে সক্রেটিস যুক্তির ভিত্তিতে প্রতিষ্ঠিত করেছিলেন। এথানেই তাঁর অন্যতা।

একটি বিষয়ে ভারতীয় দার্শনিকদের সাথে তার সাদৃশ্য খুঁজে পাই। আর্থ ঋষিরা বলেছেন 'আত্মানং বিদ্ধি'। সক্রেটিস বলেছেন "Know Thyself" নিজেকে জান। এই আত্মজ্ঞান বা নিজেকে জানার সাধনাই ছিল আর্থিশবির প্রমকাম্য। সক্রেটিসও এই বাণীই প্রচার করেছিলেন।

েপ্রেটোঃ শিক্ষাব প্রয়োজনীয়তা সম্পর্কে প্লেটো বিশেষ সচেতন ছিলেন।
তিনি Republic এবং Law গ্রন্থে তাঁর শিক্ষা সম্পর্কীয় স্থচিস্তিত মতামত
লিপিবদ্ধ করে গিয়েছেন। তিনি বলেছেন, শিশুর মধ্যে যে সম্ভাবনা রয়েছে
শিক্ষার কাজ হচ্ছে তাকে স্থানিয়ন্তিও স্থপরিচালিত করা। "Education does not generate or infuse a new principle, it only guides and directs a principle already in existence") জোর কয়ে শিশুর উপর শিক্ষাকে চাপিয়ে দেবার তিনি বিরোধিতা করেছেন। জোর করে চাপিয়ে দিলে তা মনের উপর প্রভাব বিস্তার করতে পারবে না। প্রাথমিক

শিক্ষা হবে আনন্দময়। শিক্ষা আনন্দময় হ'লে শিশু-মনের স্বাভাবিক প্রবণতার থেঁজি মিলবে —"Then do not use compulsion, but let early education be a sort of amusement, you will then be better able to find out the natural bent." (As quoted by Rusk in his Doctrines of the Great Educators).

Law গ্রন্থে তিনি শিক্ষার থেলার প্রভাব সম্পর্কে বিশেষ জোর দিয়েছেন। থেলার প্রতি শিশুর স্বাভাবিক স্প্রথাগকে আধুনিক শিক্ষায় বিশেষ ভাবে কাজে লাগান হয়। প্রেটোর শিক্ষানীতির মধ্যে আমরা তার প্রথম সন্ধান পাই। তিনি ঐ গ্রন্থে সার্বজনীন শিক্ষার কথা বলেছেন। ছেলের বিভালয়ে আসা পিতার ইচ্ছার উপর নির্ভর্নীল হবেনা, দবকাব হলে তাকে ছেলে পাঠাতে বাধ্য করা হবে। শিক্ষাকে তিনি কি চোথে দেখতেন Law গ্রন্থে তার আভাস পাই—শিক্ষা হচ্ছে—"The first and fairest thing that the best of men can ever have." প্রেটোর শিক্ষা-ব্যবস্থায় সঙ্গীত ও দেহচর্চা হই-ই স্থানলাভ করেছে। তিনি শিক্ষা সঙ্গীত দিয়ে শুরু করার কথা বলেছেন, তারপর দেহচর্চা। মানসিক-শিক্ষার প্রাধান্য তিনি মেনেনিয়েছেন, দেহচর্চা ও সঙ্গীত তুই-ই আত্মার উরতি সাধন করবে বলে তিনি বিশাস করতেন।

শুলাটাঃ সোফিন্টদের শিক্ষাদশেব বিপরীত আদশ দেখি স্পার্টায়।
এখানে শিক্ষা ব্যক্তির প্রয়োজনে নিয়ন্ত্রিত হ'ত না—রাষ্ট্রের তথা সমাজের
প্রয়োজনেই ব্যক্তিকে গড়ে তোলা হ'ত। শিক্ষাও সেইভাবেই নিয়ন্ত্রিত হ'ত।
স্পার্টার শিক্ষায় পুথির কোন স্থান ছিল না। রাষ্ট্ররক্ষাব প্রয়োজনে শব্দ দেহ
ও রাষ্ট্রের প্রতি আহুগত্য অর্থাৎ রাষ্ট্রের স্বার্থে যতটুকু শিক্ষার প্রয়োজন ছিল
তার বেশী শিক্ষা স্পার্টায় দেওয়া হ'ত না।

# মহাঘুলীয় খৃষ্টীয় শিক্ষাদৰ্শ (Principle of Mediaeval Christan Education):—

গ্রীষ্টধর্ম ইউরোপে প্রাধান্ত লাভ করার সাথে সাথে সেথানে শিক্ষাক্ষেত্রে যে যুগের শুক্ত হয় তাকে বলা হয় তিমিরাচ্ছন্ন যুগ। এ যুগে মান্থবের স্বাধীন চিন্তার প্রাধান্ত গীরে ধীরে থর্ব হতে থাকে। খুষ্টান যাক্ষক সম্প্রদায় খুষ্টীয় ধর্ম সংস্কারে আঘাত লাগতে পারে এমন কোন মতবাদকে প্রশ্রেষ্ঠ দিতে প্রস্তুত ছিলেন না। তাই যুক্তিবাদ বা চিন্তাব স্কুকীয়তাকে সন্দেহের চোখে দেখা হ'ত। মধাযুগের শিক্ষা সম্পূর্ণভাবে চার্চের ক্লেগত হয়—ব্যক্তিসন্থার পূর্ণ বিকাশের আদর্শ শিক্ষাক্ষেত্র থেকে লোপ পায়। খুষ্টধর্মের প্রতি অন্ধ আহুগত্য, ধর্মীয় আচরণ ও রীতিনীতি শিক্ষাই ছিল সে যুগের শিক্ষার

আদর্শ। মধ্যযুগীয় খুষ্টান শিক্ষাদর্শ প্রধানতঃ টমাস্ এ্যাকুউনাসের দান। তিনি বলেন, মানুষ আদিম পাপ (Original Sin) অজীকার করে জয়েছে — তাই মানবশিশুর স্বাভাবিক প্রবণতা পাপের দিকে। এই আদিম পাপের প্রতি আগ্রহের দমন করাই হচ্ছে শিক্ষার লক্ষ্য। এমন কি অষ্টাদশ শতাব্দীতে পর্যন্ত দেখি পিতাকে উপদেশ দেওয়া হচ্ছে—Break your child's will in order that it may not perish—— Break its will as soon as it can speak plainly—or even before it can speak at all. It should be forced to do as it is told, even if you have to whip it ten times running.' (John Wesley).

মধ্যযুগে শিক্ষা প্রধানতঃ বক্তৃতাধর্মী ছিল, বিশ্ববিচ্ছালয় সমূহে বক্তৃতা ও বিতর্কের মাধ্যমে শিক্ষা দেওয়া হ'ত। মুদ্রাযন্ত্র আবিষ্কারের পূর্বে অধ্যাপক 'হাতে লেখা' বই পেকে বলতেন ছাত্রেবা তা 'লিখে নিত' মুখস্থের উপর যথেষ্ট শুক্রত্ব আরোপ করা হ'ত। প্রাচীন সাহিত্য পাঠের রীতি চালু হওয়ায় ব্যাকরণ মুখস্থ করতে হ'ত।

# প্ৰবিকাগরণ (Reniessance) ঃ

১৪৫৩ খৃষ্টাব্দে কনসান্তিনোপলের পতনের পর ইউরোপে এক যুগ-পরিবর্তনের স্থচনা হয়। নবজাগুরণে নতুন দাহিত্য, নতুন শিল্পকলা, নতুন জ্ঞানবিজ্ঞান ও নতুন চিস্তাধারার জন্ম হ'ল। তিমিরাচ্ছন্ন যুগের অবসানে মাহ্ন্য্য জীবনকে নতুনভাবে দেখতে শিখল, সব বিষয় অহুসন্ধান করে যুক্তির আলোকে
সভ্যকে জানবার আগ্রহ তার মধ্যে দেখা দিল। শিক্ষাকে আর চার্চের
কুক্ষিগত রাখা সম্ভব হ'ল না। ধর্মক্ষেত্রেও সংস্কার
শানবতাবাদ আন্দোলন শুরু হ'ল। সামগ্রিকভাবে জ্ঞান-বিজ্ঞান-চর্চার
একটা উদ্দীপনা সর্ব্ব্ দেখা দিল। নব জাগরণের যুগে প্রাচীন গ্রীক প্রভাবে
শিক্ষাদর্শে যে নতুন মতবাদ জন্ম নিল তা মানবতাবাদ (Humanism)।

শিক্ষাক্ষেত্রে খৃইধর্মের প্রভাবমৃক্ত গ্রীক-রোমান সাহিত্য ও দর্শন, শিল্পকলা, চারুবিতা প্রভৃতি মানবিক-বিত্যা (Humanities) সমূহের চর্চা শুরু হয়।

অন্ধ আনুগত্যের স্থানে যুক্তিবাদ ও স্বাধীন চিস্তা স্বীকৃতি 
ইরাসমাস

লাভ করে। শিক্ষায় মানবতাবাদের অন্ততম প্রচারক 
ইরাসমাস। মানবতাবাদীরা ছিলেন আদর্শবাদী। তারা গ্রীক ও রোমীয় 
আদর্শে শিশ্বায-মানবিকবিষয়সমূহ (liberal subject) প্রবর্তন করতে 
চাইলেন আর সেই সাথে যোগ করে দিলেন খৃষ্টান-মুক্তির আদর্শ। মানবতাবাদীরা শিক্ষাকে বাস্তবজীবনের সাথে যুক্ত করতে চেয়েছিলেন কিন্তু যুগ প্রভাব 
থেকে মৃক্ত হতে না পারায় বাস্তব শিক্ষা-পদ্ধতি তারা স্বষ্ট করতে পারেন নি।

মানবভাবাদীদের আন্দোলনের ফলে খ্রীষ্টধর্মের গণ্ডিবন্ধতা থেকে শিক্ষা মৃত্তিল লাভ করায় শিক্ষা সম্পর্কে মাহ্নবের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন শুরু হয়। কিন্তু মানবভাবাদিগণ পর্যবেক্ষণমূলক শিক্ষাধারা, জ্ঞানের ক্ষেত্রের বিন্তার, ব্যক্তিত্ব বিকাশের পথকে প্রশস্ত করা প্রভৃতি বিষয়ে বিশেষ দৃষ্টি দেন নি। দর্শন, সাহিত্য, ভাষা শিক্ষা প্রভৃতি বিষয়েই তাঁদের দৃষ্টি প্রধানতঃ নিবদ্ধ ছিল। এই ক্রিটি দূর করতে যাঁরা এগিয়ে এলেন, তাঁদের শিক্ষার বান্তববাদ (realism) বলা হয়। স্পেনের লুই ভিভাসের সময় থেকে শিক্ষায় বান্তববাদের (realism) গোড়াপত্তন হয়। সাহিত্য, দর্শনের সাথে সাথে তিনি তর্কবিন্তা, প্রকৃতি পর্যবেক্ষণ, পদার্থাবন্তা, অর্থনীতি, ললিতকলা প্রভৃতি বিষয় শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেন। ক্রমে শিক্ষা, সাহিত্য ও দর্শন থেকে প্রসারিত হয়ে জ্ঞান-বিজ্ঞানের বহু শাখায় প্রসারিত হয়। নতুন নতুন বিষয় শিক্ষার অন্তর্ভূত হওয়ায় শিক্ষাদান পদ্ধতিতেও পরিবর্তনের প্রয়োজনীয়ত। অন্তর্ভূত হয়।

# জন্ কোমেনিয়াসঃ-

এই সময়ে ১৫৯২ ঝী: মোরাভিয়ার একটি ক্ষুদ্র গ্রামে বিশিষ্ট সংস্কারব্রতী শিক্ষাবিদ্ জনু কোমেনিয়াস জন্মগ্রহণ করেন। শিক্ষানাতি ও শিক্ষা-পদ্ধতিতে আধুনিক যুগের প্রথম পথ প্রদর্শক কোমেনিয়ান। শিক্ষাথীর দেহ ও মনের - বিকাশের সাথে শিক্ষার স্থরবিভাগ ও সেই অমুযায়ী বিষয় নির্বাচন উদাহরণের সাহায্যে ও ইন্দ্রিয়ের মাধ্যমে শিক্ষার প্রয়োজনীয়ত। প্রভৃতি সিদ্ধান্তের মধ্যে তাঁর দৃষ্টিভঙ্কীর অভিনবজের সন্ধান পাওয়া যায়।

শিক্ষার ব্যাপকতা সম্পর্কে তিনি বলেছেন, শিক্ষা এইক জীবনের সফলতা ও পারত্রিক জীবনের প্রস্তুতি উভয়েব জন্তই প্রয়োজন। শিক্ষাদানের পদ্ধতির উপর কোমেনিয়াস বিশেষ গুরুত্ব আরোপ কবেছেন। তিনি শিশুর বয়সভেদে শিক্ষাকে কয়েকটি তরে ভাগ করেছেন। প্রথম তরে শিশু ছয় বছয় বয়স পর্যন্ত নার্শারী স্কুলে শিক্ষা পাবে। এই সময়ে গল্প, ছড়া, থেলাধূলা, হাতের কাজ, গান প্রভৃতির মধ্য দিয়ে শিক্ষা দেওয়া হবে। দ্বিতীয় তর ছয় থেকে বার বছর পর্যন্ত প্রথমিক বিভালয়ের শিক্ষা। এই সময় মাতৃভাষার সাহায়্য নেওয়া হবে। এই সময়ে শিক্ষার্থীর ইন্দ্রিয়ের সাহায়্য মৃত্ বিষয়ের জ্ঞান ও প্রীরে ধীরে কল্পনাশক্তি বিকাশের শিক্ষা দেওয়া হবে। এর পর মাধ্যমিক শিক্ষা। ক্রমবর্ধমান মানবদেহ ও মানবমনের বিকাশের ধায়ার সাথে সামজস্তারেথে কোমেনিয়াস বাল্য, কৈশোর ও যৌবনের শিক্ষার কথা বলেছেন।

শিশুর মনে শিক্ষার জন্ম আগ্রহ ও অফুরাগ স্পষ্টির জন্ম বিভালয়ে আনন্দময় পরিবেশের স্পষ্টি করতে হবে। প্রাঞ্চিক সৌন্দর্যে দেরা শান্ত নির্কন পরিবেশে বিভালয় নিমিত হবে। প্রকৃতির সংস্পর্শে এসে সক্রিয় কর্ম প্রচেষ্টার মাধ্যমে শিশু জ্ঞান লাভ করবে। যতটা সপ্তব ইন্দ্রিয়ের মাধ্যমে জ্ঞান আহরণের চেষ্টা করতে হবে। শিশুর শিক্ষা পুঁথিনির্ভর হবে। প্রত্যক্ষ উদাহরণের মাধ্যমে সে যে শিক্ষালাভ করবে তাই তার মনে স্থায়ী হয়ে থাকবে। শিক্ষাপ্রচেষ্টাকে সফল করে তুলতে হলে শিক্ষা-পদ্ধতিব মধ্যে সামঞ্জন্ম বিধান করে শিক্ষাব ব্যবস্থা করতে হবে।

#### জন্ লক :-

নবজাগরণের ফলে ইউরোপের চিন্তাজগতে বে বিপ্লব দেখা দেয়, তার ফলে যুজিবাদ প্রাধান্ত লাভ করে। মান্নুষ বহুদিনের অন্ধ সংস্কার ও যাঙ্গক সম্প্রদায়ের আরোপিত বাধা নিষেধের বন্ধন থেকে মুক্তি প্রয়াদী হয়ে উঠে ও সত্যের দিকে আরস্ট হয়। কোমোনয়াদেব শিক্ষাসংস্কারমূলক প্রশাস এই সামগ্রিক সামাজিক ও ধর্ম বিপ্লব-প্রচেষ্টাবই অঙ্গ। কোমেনিয়াস শিক্ষাকে সার্বজনীন রূপ দিতে চেয়েছিলেন ও তার শিক্ষা-পদ্ধতির মধ্যে আমরা মনো-বিজ্ঞানসম্মত শিক্ষা প্রচেষ্টার সন্ধান পাই। সেদিক থেকে তিনি নতুন যুগের অগ্রদত।

কোমোনিয়াসেব পর ইংলণ্ডের দার্শনিক জন্ লকের শিক্ষা বিষয়ক চিস্তা-ধারা পরবর্তী শিক্ষাবিদর্দের প্রভাবিত করেছিল। তার মতামত বহুল পরিমাণে কোমেনিয়াসেব চিস্তাধারার সাথে সামঞ্জপূর্ণ।

শিক্ষায় লক্ ছিলেন কিছুটা প্রয়োজন বাদী। গামাদের জীবনের সাথে যে সব বিংয়ের সম্পর্ক আছে, জীবনধারণের জন্ম যা প্রয়োজন আমরা তাই শিথব।

লক্ খেলাভিত্তিক শিক্ষার উপযোগিত। সম্পর্কে সচেতন ছিলেন। শিক্ষাকে কার্যকরী করে তুলতে হলে, শিশুর আগহ স্ঠেষ্ট করতে হলে, খেলার মাধ্যমই স্বাপেক্ষা উপযোগা। লককে খেলাভিত্তিক শিক্ষার পথিকৎ বলা যায়।

লক্ শিক্ষায় শৃতির উপব বিশেষ জোর দিয়েছেন। তার শৃঙ্খলা সম্পর্কে দৃষ্টিভঙ্গী আধানক যুগের সাথে তুলনীয়। তিনি বলেন, বেতের সাহায্যে শিক্ষক ষা শেথাতে চান, শিক্ষার্থীব মনে সে সম্পর্কে অন্তরাগ না জন্মে বিরাগই জন্মে। আধুনিক মনোবিজ্ঞান লকের এ-কথাই সমর্থন করে।

আধ্নিক মনোবিজ্ঞানসমত শিক্ষার ক্ষেত্র প্রস্তুতে সপ্তদশ শতাব্দীতে শিশুর জানার আগ্রহের সাথে সামঞ্জশ্ম রেথে তিনি যে শিক্ষাণর্শের কথা বলেছেন, তা তাঁর পরবর্তী কাল্লের প্রগতিশীল শিক্ষাবিদদের খোরাক জুগিয়েছে। তাঁর বছ মতামতই আধুনিক যুগে গ্রহণযোগ্য না হলেও তিনি তাঁর যুগে ঘথেষ্ট আধুনিকতার পরিচয় দিয়েছেন। শিক্ষাক্ষেত্রে লকের সর্বশ্রেষ্ঠ অবদান হচ্ছে প্রতিটি শিশুকে পর্যবেক্ষণ করে তার জন্ম প্রয়োজনীয় শিক্ষাব্যবস্থার নির্দেশ।



প্রাচীন শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনের দাবী ধ্বনিত হয় প্রথম কশোর কঠে। এর আগে গতাহগতিক শিক্ষাব্যবস্থার পরিবর্তনের দাবী এত বলিষ্ঠ-ভাবে প্রতিষ্ঠা করতে কেউ এগিয়ে আসে নি। এর আগে শিশু ছিল দর্বাপেক্ষা অবহেলিত। শিক্ষায় শিশুর আগ্রহ, কচি, ক্ষমতা, মানসিক প্রস্নগতা—কোন কিছুরই ম্ল্য ছিল না। কশোই প্রথম শিশুর স্বাভাবিক বিকাশেব উপযোগী শিক্ষাব্যবস্থার কথা বলেন। শিশুকে শিক্ষার কেন্দ্রে স্থাপন কবে তিনি আধুনিক শিশুকে শিক্ষার গোডাপত্তন করেন।

তিনি বলেন, মান্থবের তৈরী ক্বাত্রম শিক্ষাব্যবস্থা শিশুব স্বাভাবিক বিকাশের পথ ক্লব্ধ করে দেয়। শিক্ষায়ু তিনি ছিলেন প্রকৃতিবাদী। তাব মতে শিশু প্রচলিত শিক্ষাক্রমকে অন্ত্সরণ করবে না, শিক্ষাব্যবস্থাই ক্রমবর্ধমান শিশুকে অন্ত্সরণ করবে। ক্লোর শিক্ষা প্রকৃতি অন্ত্সাবী শিক্ষা। ক্লোর শিক্ষাপদ্ধতিও এই প্রকৃতি অন্ত্সারী শিক্ষার দিকে দৃষ্টি রেথে রচিত। তার শিক্ষানাতির ব্যবহারিক রূপ সম্পর্কে তিনি 'এমিল্' গ্রন্থে বিশদ আলোচনা ক্রেছেন। এমিলের জীবন-ক্থার মধ্য দিয়ে ক্লেশা তার শিক্ষানীতি ও শিক্ষাদর্শের বাস্তব দিকটি আমাদের সামনে তুলে ধরেছেন।

কশো শিশু জীবনের পরিণত রূপ লাভ করার পূর্ব পর্যন্ত সময়কে চারটি স্তরে ভাগ কবেছেন। প্রথম স্তরের পাঁচ বছব পর্যন্ত শিক্ষাকালকে দৈহিক বিকাশ ও ইন্দ্রিয়াঃশীলনেব শিক্ষাকাল বলা চলে। গৃহেব কাবাগার থেকে শিশুকে মৃক্তি দিতে হবে। শাসন বাহুল্য থাকবে না, আদর দিয়েও তাকে বিগডে দেওয়া হবে না। খেলাধূলা করবে স্বাধীন ভাবে, স্বাভাবিক পরিবেশে সে মাসুষ হয়ে উঠবে।

দিক্ষার স্তরের শিক্ষা চলবে বাব বছর বয়স পর্যস্ত। এ স্থব নেতিবাচক শিক্ষার স্তব। মান্থবেব সমাজের বাইবের উদার প্রকৃতিব মৃক্ত প্রাঙ্গণে শিশু শিক্ষালাভ করবে। গতান্তগতিক কোন শিক্ষার ব্যবস্থা এই স্থবে থাকবে না বইয়ের বোঝা চাপিয়ে মনকে পিষ্ট করা হবে না। থোলা চোথ আর থোলা মন নিয়ে সে প্রকৃতির কাছ থেকে বাস্তব শিক্ষালাভ করবে। বাইরের প্রকৃতি সম্পর্কে তার মনে কৌত্হল জাগবে, কৌত্হল মেটাবাব জন্ত সে নানারূপ প্রশ্ন করবে, এ সব প্রশ্নের জবাব দিয়ে, গল্প বলে তাব জানার স্বাভাবিক তৃষ্ণা মেটাতে হবে ও তিরস্কার বা পুরস্বারের লোভ দেথিয়ে কিছুই করান হবে না। প্রকৃতিই হবে শিশুর শিক্ষক, প্রকৃতিই তার বিচারক।

তৃতীয় স্তরে শিক্ষা পনেরো বছরের মধ্যে সীমাবদ্ধ। এসময় বিজ্ঞান, ইতিহাস, ভূগোল, সাহিত্য প্রভৃতি বিষয় শিক্ষকের মুখ থেকে স্তনে শিখবে। রুশো ছিলেন বইয়েব বিরোধী। শ্রমের মূল্য সম্পর্কে সচেতন করে তোলবার জন্ম শিল্প শিক্ষার কথা তিনি বলেচেন।

চতুর্থ ন্তরে শিক্ষায় শিশুর সামাজিক চেতনাকে জাগ্রত করতে হবে। কশো শিক্ষায় ব্যক্তি স্বাতস্ত্র্যবাদী হলেও, শিশু সমাজবিরোধী হয়ে উঠতে পারে এমন শিক্ষার কথা তিনি বলেন নি। তাই ব্যক্তিস্ত্রার বিকাশের সাথে শিক্ষার মধ্য দিয়ে তিনি শিক্ষাথীকে সমাজ সচেতন করে তুলতে চেয়েছেন।

ক্রশোর দোষক্রটি ও অসঙ্গতি সবেও তিনিই আধুনিক শিক্ষার পথ প্রদর্শক। প্রকৃতির উদার মুক্ত প্রাঙ্গণ শিক্ষার সর্বাপেক্ষা উপযুক্ত পরিবেশ—একথা পাশ্চাত্য শিক্ষায় তিনিই প্রথম জোবেব সাথে বলেন। ইন্দ্রিয় পরিচালনার মাধ্যমে বিভিন্ন জিনিসেব সাথে পরিচয় ঘটিয়ে শিশুব আগ্রহকে বাডিয়ে তোলার পদ্ধতিকে কশোর কাছ থেকেই আমরা পেযেছি। শিক্ষা-পরতি সম্পর্কে তিনি যে আভাষ দিয়েছেন সেই ইঙ্গিতগুলি নিয়েই পরবতীকালে নতুন নতুন শিক্ষাপ্রণালী উদ্ভাবিত হয়।

কশো শিশুর নিজম্ব সন্থাকে স্বীকার করে নিয়ে মানসিক বিকাশেব পথকে প্রস্তুত করার নির্দেশ দিয়ে শিক্ষাকে মনোবিজ্ঞানের ভিত্তিব উপব দাঁড করানোব পথ প্রস্তুত করেছেন।

# /পেস্টালৎসীঃ—'

কুশোব চিস্তায় য। ছিল অস্পষ্ট, য। তিনি নলতে চেয়েছেন আভাবে-ইপ্পিতে তাকে ফুসংবদ্ধ রূপ দেবার চেষ্টা দেখতে পাই পেস্টালংসীর মধ্যে। শিক্ষানীতি ও শিক্ষাপদ্ধতিকে মনোনিজ্ঞানসমত করাব প্রাথমিক প্রচেষ্টা পেস্টালংসীব শিক্ষাপ্রয়াসেব মধ্যেই দেখা যায়। কুশোব নেতিবাচক শিক্ষাকে তিনি গঠনমূলক রূপ দিয়েছিলেন। তিনি বলেন, শিশুর স্বভাব বা প্রকৃতি জেনেই স্বভাব অহুযায়ী শিক্ষার আযোজন সম্ভব। সেই দিক থেকে তিনি শিক্ষা মনোবিজ্ঞানের প্রথম পথ প্রদর্শক।

পেস্টালৎদীর শিক্ষায় ইন্দ্রিয়াত্বভূতিব সাহায্যে শিশুব বাস্থব বোধ নিকাশের একটা বিশেষ স্থান আছে। শিশুর কাছে বিমূর্ত অপেক্ষা মূর্ত বিধয়ের অবদান বেশী, এটা ব্রুতে পেরে তিনি শিক্ষায় ইন্দ্রিয়-গ্রাহ্য উপকরণের ব্যবহার শুক্র করেন। ফ্রয়েবেল্ ও মস্থেসরীব শিক্ষাপদ্ধতিতে বহুবিধ উপকরণের ব্যবহারের পশ্চাতে পেস্টালৎদীব প্রভাব বয়েছে। শিশুর শিক্ষায় মায়ের ভালবাসার প্রয়োজন সবচেয়ে বেশী, একথার মধ্যে তিনি বলছেন শিক্ষার্থী ও শিক্ষকের মধ্যে একটা গ্রীতির সম্পর্ক গড়ে উঠা দরকার। শিক্ষক শিক্ষার্থীর আম্বরিক প্রচেষ্টার মধ্য দিয়েই শিশুর মধ্যে বে স্থপ্ত সম্ভাবনা য়য়েছে তার বিকাশ লাভ ঘটবে। এই বিকাশ ঘটানোই শিক্ষার কাজ।



পেন্টালৎদী শিক্ষাকে মনোবিজ্ঞানের ভিত্তির উপর দাঁড় করাতে চেয়ে-ছিলেন। কিন্তু তার নীতির মধ্যে এমন কতকগুলি অসঙ্গতি ছিল, যার জন্তু তিনি আদর্শের সাথে বান্তবের স্বষ্ঠু সময়য় করতে পারেন নি। মনোবিজ্ঞান সম্পর্কে দীমাবদ্ধ জ্ঞান নিয়ে তিনি অগ্রসর হয়েছিলেন। তিনি যে কাজ শুরু করেছিলেন তাকে বৈজ্ঞানিক রূপ দিতে এগিয়ে আসেন হার্বার্ট। ক্লেশা ও পেন্টালৎদী শিশু শিক্ষায়—শিশুর মনকে জেনে তার শিক্ষাব্যবস্থা করা উচিত —একথা ব্রেছিলেন। তাঁরা এ নিয়ে পরীক্ষা শুরু করেন। হার্বার্ট তাকে বাস্তবে রূপ দেন।

হার্বার্ট শিশুর মানসিক গুঠন ও আগ্রহের ধারাকে অন্থসরণ করে চারটি স্তর বা সোপান রচনা করেছেন। এই স্তর বিভাগ অন্থসারে তিনি শিক্ষা-পদ্ধতির চারটি স্থর নির্দেশ কবেছেন। হার্বাটের শিক্ষাপদ্ধতির চাবটি স্তর হচ্ছে স্পাষ্টতা. পাবস্পারিক সম্বন্ধ স্থাপন, স্থর নির্ধারণ ও প্রয়োগ পদ্ধতি। প্রথম স্থরটিকে ভেঙ্গে পরে প্রস্তুতি ও উপস্থাপন এই হ'টি স্তর বিভাগ করা হয়।

জ্ঞান এক ও অথণ্ড, এবং প্রত্যেক বিষয়ের জ্ঞান পরস্পার সম্পর্কয়ত ।
হার্বাটের শিক্ষাতবের পূর্বসঞ্চিত ধারণার সাথে স্থান্থম্ধ ও সম্পর্কয়্ত হয়ে
ন এন ধারণা গড়ে উঠে ও চিন্তাধারার এক্য সাধিত হয়—এই মতবাদকে আশ্রয়
করেই অমুবদ্ধ প্রণালীর স্পষ্ট হয়।

আধুনিক পদ্ধতি বিজ্ঞানের বহু পবিবর্তন হমেছে, অনেক নতুন শিক্ষাপদ্ধতি উদ্ভাবিত হয়েছে, কিন্তু স্বকিছুর মূলে রয়েছে, শিহকে জানা ও তার মনে শিক্ষার আগ্রহ স্পষ্ট করা। শিশু-মনের আগ্রহকে কেন্দ্র করেই কর্মকেন্দ্রিক শিক্ষাপদ্ধতি গড়ে উঠেছে। হাবার্টের পঞ্চ সোপান শিক্ষাপদ্ধতি কিছু পরিমাণে যান্ত্রিক হলেও শ্রেণী শিক্ষায় এর উপযোগিতাকে অস্বীকার কবা যায় না। হার্বার্ট শিক্ষবকে দর্শকের ভূমিকায় স্থাপন করেন নি। শিক্ষাগাঁর চবিত্র গঠন ও ব্যক্তিত্ব বিকাশে শিক্ষকের যে একটি প্রত্যক্ষ দায়িত্ব আছে তার স্বীকৃতি হার্বার্টের মধ্যে পাই। শিক্ষায় অত্বন্ধ প্রণালীর কার্যকারিতাকেও অস্বীকার করা যায় না। হার্বার্ট শিক্ষাকে মনোবিজ্ঞানের দৃট ভিত্তিতে দাড় করিয়ে পরীক্ষা-নিরীক্ষার স্তর অতিক্রম করে শিক্ষাপদ্ধতিকে বৈজ্ঞানিক রূপ দান করেন।

ফুরেবল ঃ

শিশু উন্থানের দার্থক শ্রষ্টা ফ্রয়েবেলের অভিনব শিশু-শিক্ষা-পদ্ধতি শিক্ষা-জগতে এক নতুন পথের সন্ধান দিয়েছে। পেস্টালংসীর শিক্ষাচিন্তায় উদ্ধুদ্ধ হয়ে শিশুশিক্ষার ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের স্থচনা করেছেন ফ্রয়েবেল্। তিনি বলেন, শিক্ষার লক্ষ্য হবে শিশুর অন্তর্নিহিত শক্তির সামগ্রশুপূর্ণ বিকাশ। এই আত্মবিকাশ হবে স্বতঃ স্কৃতভাবে। বাগানের ছোট ছোট গাছগুলি বেমন তত্ত্বাবধানে ধীরে ধীরে বড় হয়ে একদিন ফুলে-ফুলে বিকশিত হয়ে ওঠে, তেমনি শিশুরা বিভালয়ে সমত্ত্ব পালিত হয়ে ধীরে ধীরে বিকাশ লাভ করবে। ফ্রয়েবেল্ তার বিভালয়ের নাম দিয়েছেন শিশুউভান (Kindergarten)। খেলা, মনের মত কাজ ও গানের মধ্য দিয়ে এক আনন্দময় পরিবেশ রচিত হয় শিশু উভ্যানের শিশুদের জন্ম। প্রাকৃতিক পরিবেশে গাছ, ফুল, পাথি, পশু প্রভৃতি পর্যবেশন করে নানা জ্ঞান শিশুরা আহবণ করে। কিগুরগার্টেন শিক্ষা-পদ্ধতির অন্যতম শ্রেষ্ঠ দান হচ্ছে, শিশুদের মনমাতানো গান ও ছড়া। গল্প বলে শিক্ষার ব্যবস্থা তার পদ্ধতির আর এক বৈশিষ্ট্য। শিশুউভানের অভিনবত্ব শিক্ষায় এক নতুন যুগের স্কৃষ্টি করেছে। শিশুশিক্ষা-ব্যবস্থায় ফ্রয়েবেল্ প্রবৃত্তিত কিগুরগার্টেন শিক্ষা-পদ্ধতির প্রভাব অনস্থীকার্য।

#### **⊭মরিয়া মন্তেসরী:**−

অষ্টাদশ শতাব্দী থেকে শিক্ষাক্ষেত্রে যে পরিবর্তনের স্থচনা হয়, বিংশ শতাব্দীতে সে প্রচেষ্টা সার্থক রূপ লাভ করে। ভাববাদী শিক্ষা-দার্শনিকগণ উাদের শিক্ষাদর্শকে বাৃহ্যনে রূপায়িত করার জন্ম যে পরীক্ষা-নিরীক্ষা শুরু করেছিলেন, বিংশ শতকে তা বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়েছে। ক্রয়েবেলের পর যে মহিলা নব নব উদ্ভাবনী শক্তি দ্বারা শিশু-শিক্ষার ক্ষেত্রকে আরুও বিস্তৃত করেছেন তার নাম মেরিবা মন্তেসরী। কিণ্ডারগার্টেন পদ্ধতির আয় মন্তেসরী শিক্ষাপদ্ধতি বিশ্বের সর্বত্র শিশু-শিক্ষার পদ্ধতিরূপে জনপ্রিয়ত। অর্জন করেছে।

ক্রশোর প্রবর্তী অন্যান্ত শিক্ষাবিদের মত মস্তেসরীও ক্রশোর আদর্শহার। প্রভাবিত হয়েছিলেন। তিনি বিশ্বাস করতেন শিক্ষা হবে শিশুকেদ্রিক। প্রতিটি শিশুর একটি নিজস্ব সত্তা আছে। শিশুর শিক্ষা অগ্রসর হবে তার বিকাশের হুর অনুসরণ করে। শ্রেণীগত শিক্ষায় শিশুকে আলাদা করে দেখা সম্ভব নয়। তাই তিনি বলেছেন শ্রেণীশিক্ষা অবৈজ্ঞানিক।

মস্তেসরী শিক্ষানীতির প্রথম কথাই হচ্ছে স্বাধীনতা। প্রতিটি শিণ্ড নিজ্ প্রকৃতি অন্থয়ায়ী একক ভাবে শিক্ষাগ্রহণ করবে। শিশুর স্বাধীনতা নিয়ন্ত্রিভ হবে স্বত: স্কৃত অন্তর্জাত শৃল্পলার মধ্য দিয়ে। তার শিক্ষা-পদ্ধতিতে শিশুকে নিজের চেটায় শেখার স্বযোগ দেওয়া হয়। মন্তেসরীর শিক্ষানিকেতনে শিক্ষিকা নেই, আছে পরিচালিকা। তিনি শাসন করেন না, সাহায্য করেন। তাঁর শিক্ষাপদ্ধতিতে শিশুর ইন্দ্রিয়নিচয়ের শিক্ষার জন্ম বিভিন্ন Didactic Apperatus পরিকল্পনা করেছেন। মন্তেসরী পদ্ধতিতে লেখা ও পড়া একসাথে শেখান হয়। শ্রেণীশিক্ষার বিলোপ সাধন করে তিনি বে শিক্ষা-গন্ধতির প্রবর্তন করেন, তা শিক্ষাক্ষেত্রে এক স্থান্তর প্রসারী পরিবর্তনের স্থাচনা করেছে।

ডিউই,

বিংশ শতাব্দীর শিক্ষাধারা যে ত্'জন শিক্ষাবিদ দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছে, জন্ ডিউই তাঁদের অক্সতম। মস্তেসরী ছিলেন চিকিৎসা বিজ্ঞানী। তিনি মনোবৈজ্ঞানিকের দৃষ্টিভঙ্গি নিয়ে যে স্থত্ত আবিদ্ধার করেছিলেন, তাঁব প্রচেষ্টা শিক্ষাক্ষেত্রে সে সব স্থত্তের প্রয়োগের মধ্যে সীমাবদ্ধ ছিল। কিন্তু ডিউই ছিলেন একাধারে শিক্ষাবিদ্ ও দার্শনিক। তার শিক্ষা-প্রচেষ্টা ও শিক্ষাদর্শন ওভঃপ্রোভভাবে জডিত।

ডিউই বিভালয়কে সমাজ-জীবনের অঙ্গ বলে গ্রহণ কবেছিলেন। খেছেত্ শিক্ষা সমাজ জীবনের অঙ্গ, তাই শিক্ষার সাথে সমাজ জীবনের অতীত অভিজ্ঞতা অবিচ্ছেভভাবে জড়িত। তিনি বলেন, শিক্ষা হচ্ছে অভিজ্ঞতাব পুনুর্গঠন। শিশুর শিক্ষা তার বর্তমানের সাথেই জড়িত, এ শুধু বাঁচবাব জন্ম ভবিশ্বৎ প্রস্তুতি নয়—বেঁচে থাকার ক্রিয়াই হচ্ছে শিক্ষা।

ডিউই প্রতিষ্ঠিত বিভালয়ের নাম laboratory স্ক্ল। এইটিই হচ্চে আধুনিক যুগের প্রথম গবেষণাযূলক বিত্যালয়। এথানেই ডিউই প্রথম সমস্তামূলক শিক্ষা-পদ্ধতির প্রয়োগ করেন। ডিউই স্কলের ছেলেরা চাব থেকে ্চৌদ বছর পর্যন্ত নানা রকম কাজ ও প্রাক্ষার মধ্য দিয়ে শিক্ষালাভ কবে। পূর্বনিদিষ্ট বাঁধাধরা কোন শিক্ষা-পদ্ধতি এখানে অনুসরণ করা হয় না। সতম্বভাবে কোন বিষয়ও এখানে শেখান হয় না। শিক্ষার্থীরা নানারকম গঠনমূলক কাজ কর্মের মধ্যদিয়ে শিক্ষালাভ করতে কবতে তারা বিভিন্ন সমস্তার সমাধানের যোগাতা অর্জন করে। বিছালয় এখানে বৃহং মানব সমাজেরই প্রতিচ্ছবি। শিক্ষক ও ছাত্রের সহযোগিতায় শিক্ষা এখানে এগিয়ে চলে। শিক্ষা এখানে জনাগত জীবনেব প্রস্তৃতি। শুধু প্রস্তৃতি নয় শিক্ষাই জীবন। বাস্তব জীবনের সাথে সম্পর্ক আছে বলেই ছেলেরা এ শিক্ষা গ্রহণে উৎসাহ বোধ করে। প্রয়োজনে ও গোষ্ঠার প্রয়োজনে ব্যক্তিতান্ত্রিক ও সমাজতান্ত্রিক উভয় দিন থেকেই মামুষকে গড়ে তোলাই হচ্ছে শিক্ষার আদর্শ। ব্যক্তিতান্ত্রিক ও সমাজতান্ত্রিক শিক্ষার তুই লক্ষ্যের সমন্বয় সাধন করে শিক্ষার কথা বলেছেন আদর্শ গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার ব্যক্তির চাহিদা ও সমাজের চাহিদায় কোন বিরোধ নেই—এথানে একে অপরের পরিপ্রকু;

শিক্ষার সর্বব্যাপক রূপটিকে ডিউই যেভাবে তুলে ধরেছেন, তার পুর্বে শিক্ষাকে সে দৃষ্টিভঙ্গী থেকে আর বিচার করা হয় নি। শিক্ষাই জাবন ও শিক্ষা জীবনের সমব্যাপী। শিক্ষাসম্পর্কে এ দৃষ্টিভঙ্গী সম্পূর্ণ নতুন।

শি: প: দিতীয় পৰ্ব—৩

## প্রোজেন্ট প্রকৃতি (Project Method ):--

বাস্তব দৃষ্টিভঙ্গী থেকে ডিউই তার শিক্ষা-পদ্ধতিকে উপস্থাপন করেছেন। তাঁর Problem Method থেকেই তাঁর শিক্স কিলপ্যাট্রিক Project Method প্রবর্তন করেন।

বাস্তব সমাজেব পরিবেশে বাস্তবজীবনের বিভিন্ন সমস্তা সমাধানের যোগ্যতা অর্জনের ভিস্তিতে প্রোক্তের পদ্ধতি পরিকল্পিত হয়েছে।

প্রোজেক্ট হক্তে একটি সমস্যামৃলক কাজ—যা স্বাভাবিক পরিবেশে অনুষ্ঠিত হয়। এই পদ্ধতিতে যে কাজটি শিক্ষার্থীকে একক বা যৌথভাবে দেওয়া হবে, তা হবে সমস্যামৃলক। শিক্ষার্থীব। সেই সমস্যাব সমাধান কববে শ্রেণীকক্ষের বাইরে স্বাভাবিক পরিবেশেব মধ্যে। কিলপ্যাট্রিক বলেছেন প্রোজেক্ট হচ্চে একটি উদ্দেশ্যনক কাজ যা সামাজিক পবিবেশে সর্বাস্তকরণে সম্পাদিত হবে।

প্রোজের পদ্ধতিতে প্রতি কাজের পিছনে থাকবে একটি সমস্থা এবং সেই সমস্থার পিছনে থাকবে একটা উদ্দেশ্য। সমস্থা শিক্ষার্থীব সামনে উপস্থিত কবা হলে তাবা সেই সমস্থাটির সমাধান করবে। এই সমস্থা সমাধানের মধ্যদিয়েই কাজটির উদ্দেশ্য সদ্ধ হবে।

# ্ৰুৰিহ্লাদি পদ্ধতি (Basic Method ) :

কর্মকেন্দ্রক প্রোজেক্ট পদ্ধতির মত শিল্পকেন্দ্রক (craft centred) ব্নিয়াদি শিক্ষার মাধ্যমে ভাবতেব শিক্ষাক্ষেত্রে এক বৈপ্লবিক পবিবর্তনের স্থচনা করেন গান্ধীজী। কর্মের সাথে জ্ঞানের বন্ধন করে প্রথিগত শিক্ষার সাথে বাস্ব জ্ঞাবনের যে ব্যবধান তা তিনি ব্নিয়াদী শিক্ষাব্যবহাব মধ্যদিয়ে ঘ্চিয়েছেন। গান্ধীজীব শি:াপবিকল্পনা ভারতের নিজম্ব বৈশিষ্টা ও আধুনিক শিক্ষাবিজ্ঞানের উপব ভিত্তি করে রচিত। ব্যনয়াদি শিক্ষাপদ্ধতিতে গতাহুগতিক প্র্থিকেন্দ্রিক শিক্ষার পথকে ত্যাগ করে কর্মের মাধ্যমে শিক্ষার ব্যবহাকে গ্রহণ করা হয়েছে। কোন একটি শিল্পকে কেন্দ্র করে অগ্রবন্ধ প্রণালীর মাধ্যমে শিক্ষা হয়, শিল্পশিক্ষার মধ্য দিয়ে শিশ্বেক কারিগর বানানো ব্নিয়াদী শিক্ষা-পদ্ধতির লক্ষ্য নয়। এ শিক্ষার শিশু ধান্ত্রিক ভাবে শিল্পকৈ আয়ত্ত করবে না, বৈজ্ঞানিক প্রণালীতে শিক্ষালাভ করে শিশু শিক্ষাকে সম্পূর্ণ আয়ত্ত করবে ।

# প্রান্তিনিক্তেন: রবীস্ত্রনাথ:-

ভারতের যান্ত্রিক শিক্ষাব্যবস্থা রবীন্দ্রনাথের মনে গভীর বেদনার স্থষ্ট করেছিল। ভারতের স্থূল্ সম্পর্কে তিনি বলেছেন, "অনস্ত বেদনার সঙ্গে আমার মনে এই কথাটি জেগে উঠেছিল, ছেলেদের মাহুষ করে ডোলার জন্ম যে একটা ষন্ত্র তৈরী হয়েছে, যার নাম ইম্বুল, সেটার ভিডর দিয়ে মানব শক্তির শিক্ষার সম্পূর্ণতা হতেই পারে না।" তাই তিনি প্রচলিত ব্যবস্থাকে মেনে নিতে পারেন নি। পন্ধী প্রকৃতির আভাবিক পরিবেশে শিশুশিক্ষার আয়োজন করেছেন শাস্তি-নিকেতনে। প্রচলিত প্রাণহীন কৃত্রিম শিক্ষার স্থানে তিনি শিশুর শিক্ষায় এক আনন্দময় স্বচ্চন্দ জীবন প্রবাহ বইয়ে দিতে চেয়েছিলেন। প্রাচ্য ও প্রতীচ্যের চিস্তাধারার সমন্বয়ে এক নতুন শিক্ষাদর্শের সন্ধান আমরা রবীক্রনাথের শিক্ষাচিস্তায় পাই।

# অন্যান্য তাধু'নক নিক্ষা পদ্ধতি :–

গতাহগতিক শ্রেণীশিক্ষার বন্ধন থেকে শিশুকে মৃক্তি দেবার বে আধুনিক প্রচেষ্টা শিক্ষার ক্ষেত্রে চলেছে, দেই প্রচেষ্টার ফল স্বরূপ আমবা পেয়েছি মিস্ পার্কহার্স্ট উদ্ভাবিত ভাল্টন পদ্ধ'ত। শ্রেণীশিক্ষার শিক্ষার্থীর। স্বাধীনতা, স্বয়ংক্রিয় ।, ইচ্ছা-অনিচ্ছা বহু পরিমাণে ব্যাহত হয়। ডাল্টন শিক্ষাপদ্ধতিতে শ্রেণীশিক্ষাব অস্থবিধা দূর করে শিশুকে নিদ্ধের খুশামত পড়বার অব্যাহত স্বাধীনতা দেওয়া হয়েছে। স্বদজ্জিত পাঠকক্ষে শিক্ষাব সব সরক্ষাম রয়েছে, শিক্ষক রয়েছেন সাহায্য করাব জন্ত, শিক্ষার্থা নিজের স্থবিধা মত পড়া বুঝে নিয়ে নিদিষ্ট সময়ের মধ্যে পূর্ব ছিরীকত পাঠিট তৈরি কবে নিচ্ছে। ডাল্টন পদ্ধতিব মূল কথা স্বাধীনতা। এথানে নিজের ইচ্ছামত কাজের যেমন স্থবিধা রয়েছে, তেমনি ইচ্ছা করলে দলবক্ষ হয়ে কাদ্ধ করাব স্থগোগও রয়েছে। সম্পূর্ণ স্বাধীনতা দেবাব ফলে আত্মবিলাস বেছে যায়, দায়ন্ধবোধ জন্মার, যা তার ব্যক্তিত্ব বিকাশের ও নিজের যুক্তি ও বুদ্ধি বলে কাদ্ধ করার ক্ষমতা ও সমস্তা সমাধানের পক্ষে সহায়ক হয়।

উইনেটক শিক্ষা-পদ্ধতি শিক্ষার্থীদেব মধ্যে ব্যক্তিগত পার্থক্য নীতির উপর প্রতিষ্ঠিত। প্রতিটি শিশুর একটি স্বকায় বৈশিষ্ট্য রয়েছে, প্রতিটি শিশুর পক্ষে সব বিষয়ে একই হারে উরতি সন্তব্য নম। শিক্ষার্থীনা নিজেদের চেষ্টায় নিজ নিজ ক্ষমতা অনুসাবে প্রমাণ বিষয়দমূহ আয়ন্ত কবে। গতান্তগতিক শ্রেণীশিক্ষার ব্যবস্থা এই পদ্ধতিতে নেই। আবার শ্রেণী শিক্ষার্কে সম্পূর্ণ বিলোপ কবে দেওয়া হয় নি। এখানে একই সাথে একটি শিক্ষার্থী তিনটি শ্রেণীতে পডতে পারে। যে বিষয়ে যে পরিমাণ অগ্রগতি হয়েছে তাব পরিমাপে সে বিভিন্ন বিষয়ের জন্ম বিভিন্ন শ্রেণীতে পাঠ নেবে। ব্যক্তিম্থীন শিক্ষা প্রচেষ্টায় শ্রেণী শিক্ষার প্রয়োজনীয়তাকে স্বীকার করে নিয়ে উইনেটক। শিক্ষা পদ্ধতিতে উভয়ের মধ্যে একটা সমন্বয় সাধিত হয়েছে।

ব্যার্কাভিয়া শিক্ষা পদ্ধতিতে পিছিয়ে-পড়া ছাত্রেরা যাতে অবহেলিত না হয়, আর মেধাবী ছেলেদের অগ্রগতি যাতে পিছিয়ে-পড়া ছাত্রদের জন্ম ব্যাহজ না -হয়, সে দিকে পড়াবার ব্যবস্থা রয়েছে। ওভাইড ডেক্রলী প্রবর্তিত শিক্ষাব্যবস্থায় ব্যক্তিগত ও শ্রেণীগত উভয় শিক্ষা পদ্ধতির সমন্বয় হয়েছে। ডেক্রলীর শিক্ষানীতির মূলকথা হচ্ছে জীবন বাপনের মধ্য দিয়ে শিক্ষা গ্রহণ। শিক্ষা হবে বাস্তবজীবনের অঙ্গ ও অভিজ্ঞতা ক্ষর্পনের মধ্যদিয়েই শিক্ষার্থীরা শিক্ষা লাভ করবে। ডেক্রলী পদ্ধতিতে শিক্ষার্থীর মাগ্রহের উপর নির্ভর করে শিক্ষা দেওয়া হয়। যে বিষয়ে শিক্ষার্থীর আগ্রহ আছে, সেই বিষয়কে কেন্দ্র করে অক্যান্ত বিষয় শিক্ষার ব্যবস্থা করা

#### —ঃ ক্রাক্তব্দ

আবৃনিক বুগে শিকা-পদ্ধতি নিয়ে সর্বাধিক পরীক:-নিরীক। চলেচে আমেবিকায়। কি করে শিক্ষাপদ্ধতিকে নিথুত করে তোলা যায় এ বিষয়ে শিক্ষাবিদরা দেগানে গবেষণায় বত। এই গবেষণার ফলেই আমরা পেয়েছি ্ৰাজেক পদ্ধতি, ডাণ্টন পদ্ধতি, উইনেটক। পদ্ধতি, বাটাভিয়া পদ্ধতি। সৰ শিক্ষার্থীর বৃদ্ধির বিকাশ একই রকম ভাবে হয় না। সব ছেলের শিথবার ক্ষ্যতা একরকম্ নয়। বিভিন্ন ক্রির, বিভিন্ন প্রকৃতির ছেলেমেয়েদের জন্ত একট পদ্ধতি সমান ভাবে কার্যকরী হয় না। 'বুদ্ধ্যক্ষ' (I. Q) নির্ধারণের পদ্ধতি আবিষ্ণাবেৰ ফলে বৃদ্ধিৰ পৰিমাণ করে ছেলেমেযেদেৰ বিভিন্ন শ্রেণীতে ভাগ কর। হচ্চে। অত্যন্ত বৃদ্ধিমান, সাধারণ বৃদ্ধিমান, হস্ববৃদ্ধি ছেলেব জন্ম একই পদ্ধতি সৰ্বত্ৰ স্থফল দেবে না। তাই কোন একটা শিক্ষাপদ্ধতি কথনই সার্বন্ধনীন হতে পারে না। আগুনিক শিশুকেন্দ্রিক শিক্ষায় শিক্ষার মস উদ্দেশ্য ও লক্ষ্য সম্পর্কে গণতান্ত্রিক দেশসমূহে মৌলিক বিষয়ে চিন্তার সমতা দেখা গেলেও এই লক্ষ্যে পৌছাবার জন্ম স্থান-কাল-পাত্র-ভেদে প্রয়োজন ক্ষত্যপারে বিভিন্ন পদ্ধতিব আশ্রয় গ্রহণ করতে হবে। বর্তমান প্রচলিত পদ্ধতি-সমুহের কোনটি ভাল, কোনটি মন্দ, এ বিচার করে গ্রহণ কি বর্জন করা সম্ভব নয়। গ্রহণযোগ্য কি বর্জনীয় কথাটা পদ্ধতির বিচারে আপেক্ষিক ভাবে গ্রহণ করতে হবে। শ্রেণীগত শিক্ষায় যে পদ্ধতি কার্যকরী, ব্যক্তিগত শিক্ষায় সে পদ্ধতির কোন স্থান নেই। স্থাবার ডেক্রলী পদ্ধতিতে দলগত ও ব্যক্তিগত উভন্ন প্রয়োজন মেটাবার চেষ্টা করা হয়েছে। মস্তেদবী পদ্ধতিতে শ্রেণীশিক্ষার বিলোপ করে দেওয়াব ব্যবস্থা হয়েছে, কিণ্ডারগার্টেন পদ্ধতিতে মিলে মিশে দ্ৰগত ভাবে কাজ করার ব্যবস্থা হয়েছে। বিচিত্র শিশুমনের রহস্তময় বিকাশের ধারাকে একই সাধারণ স্থত্তে বেঁধে নিয়ে স্বার ক্ষেত্রে একই শিক্ষাপদ্ধতি প্রয়োপ করা সম্ভব भয়। দীর্ঘ গবেষণার ফলে পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে <del>বিশকা-পদ্ধতি বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত হলেও আমাদের আবও</del> অনেক জানবার আছে। শিশুর মনের হুজের রহস্ত, তার গতি-প্রকৃতি আমরা

ষতটা জানতে পেরেছি তার উপর ভিত্তি করেই বিভিন্ন পদ্ধতির সৃষ্টি হয়েছে। মনোবিজ্ঞানের ক্রমোন্নতির সাথে পদ্ধতি-বিজ্ঞানের পরিবর্তন হবে। সামাজিক অর্থ নৈতিক অবস্থার সাথেও শিক্ষাব্যবস্থা জড়িত। পরিবর্তনশীল সমাজ-ব্যবস্থায় শিক্ষার রূপাস্তরের সাথে পদ্ধতি-বিজ্ঞানের রূপাস্তর হবে, উন্নতিশীল হবে, আরও নিভূলতর হবে।

# ভারতে শিক্ষা-প্রকৃতির ক্রমবিবর্তন' 🗸 🗸 🗸

শিক্ষা-পদ্ধতির ক্রমবিবর্তনের ইতিহাস পর্যালোচনার পাশ্চাত্য জগতে
শিক্ষা-পদ্ধতিতে যুগে যুগে যে বিবতন হয়েছে আমাদের আলোচনা প্রধানতঃ
তার মধ্যেই নিবদ্ধ ছিল। বর্তমান ভারতে যে শিক্ষা-ব্যবস্থা প্রচলিত,
তার বুনিয়াদ পাশ্চাত্য শিক্ষার আদর্শে ও অন্তকরণে গঠিত। পাশ্চাত্য
শিক্ষাদর্শ ও পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞানই ইংরেজ শাসনকালে শিক্ষাজগতে
একাধিপত্য বিস্থার কবে আজও বিরাজ করছে। বিদেশী শিক্ষার প্রভাবে
আমাদের শিক্ষাচিন্তা পাশ্চাত্য শিক্ষাবিদদের দ্বাবাই প্রভাবিত হয়েছে।
আমর। যথনই কোন আধুনিক শিক্ষা-পদ্ধতির কথা বলি, তা পাশ্চাত্য
শিক্ষা পদ্ধতি।

বিবেকানন, অরবিন্দ, রবীন্দ্রনাথ, গান্ধীজীর শিক্ষাদর্শ ভারতে 🛊 জাতীয়তাবাদী শিক্ষিত জনসাধারণকে প্রভাবিত করেছে, কিন্ধ তাঁদের চিস্তাকে বাস্তবে রূপ দেওয়ার অতি সামাত্ত চেষ্টাই প্রাচ্য ও প্রতীচ্যের হয়েছে। বিংশ শতাকীর প্রথম থেকেই রবীন্দ্রনাথ একক সম্বন্ধ ভাবে প্রাচীন ভাবতীয় শিক্ষাদর্শকে প্রনঞ্জীবিত করার জন্ম বোলপুরে ব্রহ্মচর্য্য-আশ্রমের প্রতিষ্ঠা করেন। আধুনিক খুগ-সমত পাশ্চাত্য শিক্ষার কথাও তিনি বিশ্বত হন নি। তার শিক্ষাপ্রচেষ্টায় দেখি প্রাচ্য ও পাশ্চাত্যের সমন্বয়ের সাধনা। পরবর্তীকালে গান্ধীদ্রী বুনিয়াদী শিক্ষা-পদ্ধতির প্রবর্তন করেন। স্বাধীনতা লাভের পর সরকারী স্বীকৃতি লাভ করা সত্তেও বনিয়াদি শিক্ষা-পদ্ধতির ব্যাপক প্রসার হয় নি। এ সব আধুনিক প্রচেষ্টার প্রয়োগক্ষেত্র অভিসামাত্র স্থানের মধ্যে সীমাবদ্ধ। সর্বভারতীয় শিক্ষাক্ষেত্রে বুনিয়াদী শিক্ষা কিছুটা পরিচিত হলেও এর প্রয়োগক্ষেত্র অতি বিস্তৃত নয়। লারতের শিক্ষাক্ষেত্রে ওঁদের সীমাবদ্ধ প্রভাবের ফলে এদেবে ইংরেজ প্রবৃতিত যে শিক্ষাকে আমরা গ্রহণ করেছি, তার যে-কোনরকম সংস্কারের প্রস্তাব আমরা পাশ্চাত্য শিক্ষা-পদ্ধতির পটভূমিকায় বিচার করি। কিন্তু প্রাচীন কাল থেকে একটি মহান শিক্ষাদর্শ এদেশে প্রচলিত আছে। মুস্লিম যুগে বৌধ-শিক্ষা-ব্যবস্থা ও আধানক যগেও প্রাচীন শিক্ষা-পছতি পরিবৃতিভরপে থেচে ছিল ও আচে।

শিক্ষা পদ্ধতিব ক্রমবিবর্তনের দারা সম্পর্কীয় আলোচনা শুক্তেই প্রাচীন ভারতে শিক্ষাদর্শ ও শিক্ষা-পদ্ধতি সম্পর্কে সাধারণভাবে উদ্বৈথ করা হয়েছে। প্রাচীন, মধ্য ও আধুনিক যুগে দেশীয় শিক্ষাব্যবস্থা লোপ পাবার পূর্ব পর্যন্ত ভারতের তপোবনে, প্রাচীন ভারতের প্রধান শিক্ষাকেন্দ্র সমূহে, বৌদ্ধবিহারে, টোলে, পাঠশালায়, মাশ্রাসা-মক্তবে যে শিক্ষাব্যবস্থা ছিল, সেখানে যে শিক্ষা পদ্ধতি প্রচলিত ছিল তা আমাদের জানা দরকার।

প্রাচীন ভারতের তপোবনের গুরুগৃহে গুরুশিয়ের সম্পর্ক ছিল পিতাপ্রের মত পবিত্র ও মধুর। তপোবনের আনন্দমর পরিবেশে গুরুগৃহে
শিয়ের। 'প্রণিপাত, পরিপ্রম 'ও সেবার দারা' গুরুর কাছ
ভণোবনের শিক্ষা
পেকে বিভাগ্রহণ করতেন। শিক্ষক-শিক্ষাথীর সহজ
সম্পর্কই ছিল সে যুগের বিভার্জনের প্রধান মাধ্যম। তপোবনের বিলাসব্যসনহীন সরল অনাডম্বর পরিবেশে গুরুর ব্যক্তিগত তত্বিধানে শিক্ষাথীদের
ভবিত্রৎ জীবন গড়ে উঠত। সে যুগে সর্বজনীন শিক্ষাব্যবস্থায় ব্রাহ্মণ-ক্ষত্রিয়
স্বাইকেই গুরুগৃহে নির্দিষ্ট সময় বিভাভ্যাস করতে হ'ত।

প্রাচীন শিক্ষাব্যবস্থায় গুরু কথনও ব্যক্তিগতভাবে, কথনও সম্প্রগতভাবে
শিক্ষা দিতেন। শ্লিক্ষা ছিল মৌথিক। গুরুর কাছ থেকে শুনে শিক্ষার্থীরা
রোজকার পাঠ মুখস্থ করত। না বুঝে কিছু মুখস্থ করার উপায় ছিল
না। সে যুগের পাঠপদ্ধতি উপত্রম (প্রস্তুতি , শ্রবণ,
পাঠপদ্ধতি আরুত্তি, অর্থবাদ, ফল, উপপত্তি এই কয়টি প্ররে
বিভক্ত ছিল। শ্বতি ও মেধার উপব বিশেষ জোর দেওয়। হ'ত।
প্রশোভর পদ্ধতিতে শিক্ষার ব্যবস্থা ছিল। স্থত্ত-সাহিত্য ব্যাখ্যা না করে
দিলে বুঝা কইসাধ্য ছিল। কঠিন অংশের ব্যাখ্যা করে গুরু বুঝিয়ে
দিতেন।

পরবর্তীকালে তক্ষণীলা ব্রাহ্মণ্যশিক্ষার অন্ততম শ্রেষ্ঠ কেন্দ্ররূপে খ্যাতিলাভ করে। এখানেও আচার্যের তত্ত্বাবধানে শিক্ষার্থীর। শিক্ষালাভ করত। একই গুরুর অধীনে ২০ জনের বেশী ছাত্র থাকত না বলে প্রতিটি শিক্ষার্থীর প্রতি তিনি দৃষ্টি রাখতে পারতেন। একই গুরুর মধীনে তক্ষণীলা ছাত্রসংখ্যা অধিক হলে অপেক্ষাকৃত অগ্রসর ছেলেরা নবাগতদের শিক্ষার দায়িত্ব গ্রহণ করত। এদের বলা হ'ত পিথিআচারিয়া। ভারতে সর্দার পোড়ো প্রথার এভাবেই স্বষ্টী হয় বলে মনে হয়। তক্ষণীলায় আরুত্তির উপর বিশেষ জার দেওয়া হ'ত। বারবার আরুত্তি করে অধীত বিহাকে আয়ত্ত করা হ'ত। গুরু কঠিন অংশের ব্যাখ্যা করে দিতেন।

লিপির ব্যবহার প্রচলিত হলেও মৌথিক রীতির উপরই জোর দেওয়া হ'ত। মৌথিক পদ্ধতির সাথে পুঁথির ব্যবহার ছিল। তবে ভারতীয় শিক্ষাব্যবস্থায় চিরদিনই মুখন্থের প্রাধান্ত ছিল।

বৌদ্ধশিক্ষা-ব্যবস্থায় ব্যক্তিগত শিক্ষার ব্যবস্থা ছিল। বৌদ্ধবিহারশুলিতে শিক্ষাদান পদ্ধতি ছিল প্রধানতঃ মৌখিক। ভারতে শ্রেণীশিক্ষার
প্রবর্তন বৌদ্ধ যুগেই বৌদ্ধ মহাবিহারগুলিতেই শুক হয়েছিল। বুদ্ধদেব
আলোচনা, উপদেশ, গল্ল, উপকথার সাহাযোে শিক্ষা
বৌদ্ধশিক্ষা
দিতেন। ভারতীয় শিক্ষাব্যবস্থায় গল্পবলে শিক্ষা দেওয়ার
রীতিটি অতি প্রাচীন। বৌদ্ধ বিহারগুলিতে স্থানীয় লৌকিক ভাষায় শিক্ষা
দেওয়া হ'ত।

নালন্দার শিক্ষাপদ্ধতি সুম্পর্কে ই-ৎ সিঙ্ একটি প্রন্ধর বিবরণ রেথে গিয়েছেন। শ্রমণেরা ভোরে উপাধ্যায়ের সেব। কবে ধর্মণাস্থের একটি অংশ পাঠ করত, এবং যা পড়েছে সে সম্পর্কে চিস্তা করত। দিনের পর দিন এভাবে নতুন জ্ঞান অজন করত। মাসের গর মাস নালন্দা ধরে যে জ্ঞান আয়ত্ত করেছে সে সম্পর্কে আলোচনা করত। নালন্দায় আর্তি ও উপলব্ধির উপর বিশেষ জ্ঞার দেওয়া হ'ত। আলোচনা ও বিতর্কের ব্যবস্থা থাকায় অথীত বিহ্যাকে উপলব্ধি না করে কেহ বিতর্কে সাফল্য অর্জন কবতে পারত না। প্রবন্ধ রচনা ও বক্তৃতা প্রভৃতি এথানে অভ্যাস করান হ'ত। শিক্ষা ব্যক্তিগত ও শ্রেণীগত উভয় পদ্ধতিতে দেওয়া হ'ত। নালন্দায় প্রতিটি উপাধ্যায়ের অ্বধীনে ১০ জনের বেশী শিক্ষার্থী থাকত না। অধ্যাপকেরা ব্যক্তিগত ভাবে শিক্ষার্থীর উপর নজর রাথতেন। শিক্ষক-ছাত্র সম্পর্ক ঘনিষ্ঠ হবার ফলে উচ্চ মান বাজায় রাথা সম্ভব হ'ত।

ইংরেজী শিক্ষা প্রবর্তনের পূর্ব পর্যন্ত হিন্দুদের উচ্চশিক্ষার কেন্দ্র ছিল টোল। ভারতের বিভিন্ন প্রান্তে যে সব শিক্ষাকেন্দ্র উচ্চশিক্ষার জন্ত খ্যাভিলাভ করেছিল, দেশ-দেশান্তর থেকে জ্ঞান পিপাস্থ ছাত্রেবা সেথানে এসে উচ্চশিক্ষা লাভ করত। অধ্যাপকদেব প্রত্যক্ষ তরাবধানে শিক্ষার্থীরা এখানে নানা বিষয়ে শিক্ষা গ্রহণ করত। প্রাচীনকাল থেকেই ভারতে উচ্চশিক্ষার ব্যক্তিগত শিক্ষাপদ্ধতি চালু ছিল। টোলের শিক্ষায়ও আমরা সেই পদ্ধতিকেই প্রত্যক্ষ করি। টোলের যুগে আলোচনা ও তর্কযুদ্ধ প্রায়ই হ'ত। কুট প্রশ্নে ও চুলচের। বিচারে কি করে প্রতিপক্ষকে পরাস্ত করা যায় শিক্ষার্থীর তাই একটা প্রধান লক্ষ্য ছিল। বিচার-আলোচনা ব্যবস্থা থাকলেও স্থতিশক্তি ও মুথন্থের উপর অনন্তব গুরুব্ধ বিভারে শিক্ষার্থী হ'ত। টোলের পাঠ্যক্রমের মধ্যে ব্যবহারিক

জীবনের প্রয়োজনীয় কোন বিভার সন্ধান পাওয়া যায় না। কোন কক কারিগরের অধীনে শিক্ষানবীশ হয়ে দে বিভা আয়ত্ত করতে হ'ত।

মুদলিম যুগেও ইংরাজী শিক্ষা প্রবৃতিত হ্বার পূর্ব পর্যন্ত হিন্দুদের টোল ও পাঠশালায়, মুদলমানদের মাদ্রাদা ও মক্তবে উভয় সম্প্রাদায়ের শিক্ষার প্রয়োজন মিটিয়েছে। উভয় শিক্ষা-ব্যবস্থায় গুরুশিয়ের ঘনিষ্ঠ সম্পর্কের মধ্যদিয়ে একটা প্রীতিপূর্ণ পরিবেশে শিক্ষা দেওয়া হ'ত। মক্তবে শিক্ষা-পদ্ধতি ছিল মৌথিক। মক্তবে প্রধানতঃ ধর্মের পালনীয় রীতিনীতি ও কোরাণের অত্যাবশুক অংশ শিক্ষা দেওয়া হ ত। তবে প্রাথমিক লেখাপড়া ও অংক শেখান হ'ত। উচ্চশিক্ষার জন্ম মাদ্রাদা মুদলিম যুগের শুরু থেকে স্থাপিত হতে থাকে। মুদলিম শিক্ষা হিন্দু শিক্ষার মতই ছিল ধর্মকেন্দ্রিক। বড় বড় সহরে মসজিদের সাথে মাদ্রাদা প্রতিষ্ঠিত হয়়। মাদ্রাদার শিক্ষা ছিল প্রধানতঃ আবাসিক। দ্ব দ্র থেকে ছাত্রেরা উচ্চশিক্ষার জন্ম দেশের বিভিন্ন মুদলিম শিক্ষাক্রের সমবেত হ'ত। শিক্ষার জন্ম ব্যয় করা ধর্মের নির্দেশ বলে অনেক বিত্তবান মুদলমান ছাত্রদের আথিক সাহায্য করতেন। শিক্ষা-পদ্ধতি ছিল ব্যক্তিগত।

পাঠশালায় প্রাথমিক শিক্ষার যে পদ্ধতি ছিল এবং এখনও যে পদ্ধতিতে শেখান হয়, তা অতি প্রাচীন। গ্রামীণ্ ভারতের অধিকাংশ পাঠশালায় যে শিক্ষা-পদ্ধতি অনুসত হয় তাকে আমরা বলতে পারি -পাঠশালা Traditional Method, স্থান, কাল ও অবস্থাভেদে সামান্ত রকমফের হলেও এখনও আমর। প্রাথমিক শিক্ষায় পুরাতনের অন্তবর্তন করছি। সে যুগের পাঠশালায় শিক্ষা-পদ্ধতি ছিল মুখাতঃ ব্যক্তিগত। মাটির উপর বাল বিছিয়ে কার্হফলকে, ভালপাত। ব কলাপাতার উপর একটির পর একটি অক্ষর লিথে বর্ণমালা শেথাবার পদ্ধতি বহুদিন থেকে এদেশে প্রচলিত আছে। শিক্ষক একটি বর্ণ লিখতেন শিক্ষার্থীরা সমস্বরে তা উচ্চারণ করে কাষ্ঠফলকে লিখত। এখনও গ্রামের পাঠশালায় দেখা যায় ছেলে-মেয়ের। তালপাতায় 'দাগ বুলাচ্ছে' লোহার শলাকা দিয়ে লেথার উপর ছেলেরা লিখছে। প্রাথমিক গণিত শিক্ষার জন্ম শতকিয়া, গুণের নামতা প্রভৃতি সমস্বরে আবুডি করে প্রবার অতি প্রাচীন পদ্ধতিটি আব্রও গ্রামের পাঠশালায় প্রচলিত আছে। পাঠশালায় কিছুদিন পৃবপর্যন্ত যে অবস্থা ছিল তাকে ব্যক্তিগত ও শ্রেণী শিক্ষার মাঝামাঝি অবস্থা বলা চলে, সে সময়ে বছরের যে কোন সময়ে ছেলেঁরা পাঠশালায় ভতি হ'ত। যোগ্যতা থাকলে মেধাবী ছাত্র এগিয়ে ষেড, তাকে বাংসরিক পরীক্ষার জন্ম বসে থাকভে হ'ত নাঃ অপেক্ষাকৃত বয়স্ক শিক্ষার্থীকে গুরুমশায় তাঁর কাজের সাহায্যের জন্ম

নিযুক্ত করতেন। Monitorial শিক্ষা পদ্ধতির জন্ম ভারতের পাঠশালায় হয়েছিল।

প্রাথমিক শিক্ষার জন্ম কিণ্ডারগার্টেন, মন্তেসরী প্রভৃতি শিক্ষা-পদ্ধতি প্রবর্তনের স্বপ্ন আমরা দেখি। পাশ্চাত্যে শিশুশিক্ষা-পদ্ধতির অনেক উন্নতি হয়েছে। আধুনিক মনোবিজ্ঞান-সম্মত শিক্ষা-পদ্ধতি প্রবৃত্তি হয়েছে. কিছ ভারতীয় শিক্ষাব্যবস্থায় প্রাথমিক শিক্ষার্থীদের জন্ম উন্নত ধরনের পাশ্চাত্য শিক্ষা-পদ্ধতি প্রবহনের আশা স্কুর প্রাহত। প্রাথমিক শিক্ষার শামান্ত কয়েকটি K. G. বা মন্তেসরী স্কুলগুলিতে ভারতের শোচনীয় অৰম্বা শিক্ষার্থীদের অতি ক্ষুদ্র এক ভগ্নাংশই শিক্ষার স্কুযোগ পায়। গান্ধীজী প্রবর্তিত বুনিয়াদী শিক্ষা-পদ্ধতি প্রবতনে আমর। ব্যর্থ হয়েছি। দোষক্রটি-ভরা সেকেলে যে শিক্ষা-পদ্ধতিতে ব্যক্তিগত ভাবে গুরুমশায় শিক্ষা দিতেন, এখনও সেই প্রাচীন পদ্ধতিটি চালু আছে, কিন্তু ব্যক্তিগত শিক্ষার ক্ষেত্রে প্রাথমিক বিতালয়ে শ্রেণীশিক্ষা চালু হয়েছে। আগে একজন শুক্রমশায় ২৫।৩০টি ছেলেকে একসাথে পড়াতেন। এখন সহবে একটি প্রাথমিক বিভালয়ে ৩০০।৩৫০ ছাত্র, শিক্ষক ৫ কি ৬ জন। দেশীয় প্রাচীন পাঠশালার শিক্ষা-পদ্ধতিকেই আধুনিক প্রাথমিক বিভালয়ে আমরা বজায় রেখেছি। বাহ্মিক পরিবতন কিছুটা হলেও প্রকৃতিগত পরিবতন বিশেষ কিছু তয় নি।

ভারতীয় শিক্ষা ব্যবস্থায মাধ্যমিক শিক্ষার প্রবর্তন ইংরেজ যুগ থেকেই শুরু হয়েছে। মাধ্যমিক হরে শ্রেণীগত শিক্ষার হফল ব্যবস্থাকে প্রথম থেকেই আমরা স্বীকার করে নিয়েছি। পরীক্ষাকেন্দ্রিক শিক্ষা পরীক্ষাকেন্দ্রিক শিক্ষা ব্যবস্থায় যে শিক্ষাপদ্ধতি অবলম্বন করলে সহজে ছেলেকে পাস করান চলে, শিক্ষকমহাশয়েরা নিজ নিজ জ্ঞান বৃদ্ধিমত হষ্ট সে সব পদ্ধতির প্রয়োগ করে থাকেন। আধুনিক শিক্ষাপদ্ধতি সম্পক্ষেত তরগত জ্ঞান থাকলেও তার প্রয়োগের কোন স্থযোগ বর্তমান শ্রেণীশিক্ষাব ক্ষেত্রে নেই।

শিক্ষা-পদ্ধতির বহু উন্নতি হয়েছে। কি করে শিক্ষা-পদ্ধতিকে উন্নততর করা যায়, বিজ্ঞানসম্মত পদ্ধতির প্রয়োগে শিক্ষাকে সাথক করে তোলা যায়, ইউরোপ-আমেরিকায় তা নিয়ে বহু গবেষণা হয়েছে ও হচ্ছে। ভারতের শিক্ষাব্যবন্থায় প্রাথমিক ও মাধ্যমিক হরে আধুনিক শিক্ষাপদ্ধতির প্রয়োগের কোন প্রচেষ্টা আমরা দেখি নি। গুরুকুলের শিক্ষাপ্রচেষ্টা অতি সংকীর্ণ গণ্ডির মধ্যে আবদ্ধ। সর্বভারতীয় শিক্ষাক্ষেত্রে ব্নিয়াদী শিক্ষা-পদ্ধতির প্রয়োগপ্রচেষ্টা সার্থক হম্ব নি। সমগ্রভাবে বিচার করলে আমরা দেখি আধুনিক শিক্ষার প্রবর্তনের শুক্ষতে আমরা যে শিক্ষা-পদ্ধতিকে গ্রহণ করেছিলাম আক্তর তার কোন পরিবর্তন আমাদের বিভালয়গুলিতে হয় নি।

# তৃতায় অধ্যায়

# কয়েকটি প্রগতিশীল শিক্ষা-পদ্ধতি (Some Progressive Methods of Teaching)

# । करव्रकाँ अभिजिभील भिक्का-भद्मित ।

কৰ্মকৈত্ৰিক পিকা (Theory of Activity in Education):—

শিক্ষার সক্রিয়ভাতত্ব বা কর্মকেব্রিক শিক্ষাঃ—আধুনিক শিক্ষা ব্যবস্থায় শিক্ষার সব আয়োজন শিশুর জীবনের স্বাভাবিক বিকাশের গতির দিকে লক্ষ্য রেথে করা হয়েছে। আধুনিকপূর্ব যুগে শিক্ষাক্ষেত্রে শিশু ছিল অবহেলিত। সমগ্র শিক্ষাপ্রক্রিয়ায় শিশুর স্থান ছিল গৌণ ও তার ভূমিকা ছিল নিক্রিয়। একটা নরম মাটির তাল নিয়ে তাকে যেমন খুশা কপ দেওয়া যায়— শিশুকেও মনে করা হ'ত সেই নরম মাটি। শিশুকে গড়ে তোলার কাজে তার ইচ্ছা-অনিচ্ছা, ক্ষমতা-অক্ষমতা, ভাল লাগা মন্দ লাগা, এসব কথা ভাববার অবকাশ কারও ছিল না, ভাবা দক্ষকার বলে কেউ মনে করত না। শিশুর যে মন আছে, আর সে যে শিশুমন,

শক্তিমতার মধ্য দিয়েই
সে যুগে একথা কেউ বুঝতে চাইত না। তথন শিক্ষার
শিশুর বিকাশ হর
অর্থ ছিল শিশুকে ছকে বাঁধা একটা নিয়মের মধ্য দিয়ে
গড়ে তোলা, শিশুজীরনের স্বাভাবিক বিকাশের সহায়তা করার কথা তথন
কারও মনে আসত না। ধীরে ধীরে এ অবস্থার পরিবর্তন শুরু হয়। মধ্যযুগীয় ক্রিম প্রাণহীণ শিক্ষার বন্ধন থেকে শিশুকে মৃক্তির বাণী প্রথমে শোনান
কশো। তাঁর 'এমিল্' গ্রন্থ শিশুমুক্তির প্রথম সনদ্, এই সনদের প্রথম কথাই
হ'ল শিশুকে স্বাধীনতা শাও—তাকে স্বাধীনভাবে কাব্ধ করতে দাও। এই
কর্মের স্বাধীনতাব মধ্য দিয়েই শিশুজীবন গড়ে ওঠে। তার মধ্যে যে স্বপ্ত
সন্থাবনা আছে শিশুর স্বাভাবিক সক্রিয়তার মধ্য দিয়েই তার বিকাশলাভ ঘটে।

শিশুশিক্ষা সম্পর্কে ফ্লোর বৈপ্লবিক শিক্ষাদর্শ প্রচার হবার পর থেকেই ইউরোপে প্রাচীন গতান্তগতিক শিক্ষা-পদ্ধতির পরিবর্তে নতুন শিক্ষাপদ্ধতির

ননোবিজ্ঞানসম্মতশিকা সঞ্জিলতা তত্ত্বের উপব জানিকিত মাধ্যমে কি করে ভোলা যায় সেই প্রচেষ্টা শুক হয়।
শিক্ষা-পদ্ধতি বিবর্তনের আলোচনায় আমরা দেখেছি এই
প্রচেষ্টার ফলেই বহু মনীযার সাধনার মধ্য দিয়ে শিক্ষা
মনোবিজ্ঞানের ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়েছে। শিক্ষায়

শিশুর প্রাধান্তকে স্বীকার করে নিয়ে তার স্বাভাবিক বিকাশের পথকে সহজ করে তোলার দিকে দৃষ্টি রেথে বিভিন্ন শিক্ষা পদ্ধতির স্বষ্টি হয়েছে। কিণ্ডার-গার্টেন, প্রোজেক্ট, মন্তেসরী, বুনিয়াদী প্রভৃতি বিভিন্ন শিক্ষাদর্শ ও শিক্ষাপদ্ধতি নিয়ে আলোচনা করলে দেখা যায় বিভিন্ন শিক্ষা-পদ্ধতিতে বিভিন্ন শিক্ষা

প্রণাদী অনুস্ত হলেও এসব মনোবিজ্ঞানসমত আধুনিক শিক্ষাপরিকল্পনা ও শিক্ষা-পদ্ধতির মধ্যে উদ্দেশ্য ও লক্ষ্যের দিক থেকে বিশেষ তারতম্য খুঁচ্ছে পাওয়া যায় না। শিশুর সক্রিয়তা তার স্বাভাবিক কর্মপ্রবণতা ও সম্জনীশক্তিকে ভিত্তি কবেই নানারপ শিক্ষা-পদ্ধতির সৃষ্টি হয়েছে।

আনাধুনিক শিক্ষায় শিশু ছিল নীরব শ্রোতা। তার কিছুই কবার ছিল না। শিক্ষক একটি পূর্ণপাত্র, শিশুরপ শৃত্য পাত্রটিকে ভবে দেওয়াব চেষ্টা করতেন শিক্ষক। অতি অল্প সময়ের মধ্যে যত বেশা সম্ভব বিভার বোঝা চাপিয়ে দেওয়ার কসরৎ করাই ছিল শিক্ষকের রজ্জে বাধা শিশু কিছা । সেই বোঝা বইবার শক্তি শিশুর আছে কি না ভা দেখার দরকাা ছিল না। দেখানে শিক্ষকই সক্রিয়—শিশু নিষ্ক্রিয়। শিক্ষার অর্থ ছিল শিশুর মগজে বিহাকে পুরে দেওয়া। শিক্ষা যে বিকাশ, হপ্তঃ সম্ভাবনার স্বাভাবিক বিকাশে সহায়ত। করাই যে শিক্ষকের কান্ধ একথা সেদিন কেউ ভাবত না। সক্রিয়তাব পথ ধরে কি করে শিশুর নিজম্ব বৈশিষ্ট্য ভলি প্রকাশ পেতে পারে মধ্যযুগীয় শিক্ষাচিন্তায় এ কথা কারও মাথায় আসে নি। অফুরম্ভ প্রাণশক্তির আধার শিশুর প্রাণশক্তিব প্রকাশ তার নান। কান্ধের মধ্য দিমে। শিশুর এই স্বাভাবিক কর্মপ্রবণতাকে মনে করা হ'ত শিক্ষা। পণের অন্থরায়। নানারূপ শাগনের বাধনে কন্ধ করা হ'ত শিশুব সক্রিয়তাকে।

আজকের শিক্ষার গোডার কথাই হচ্ছে শিক্ষাকর্মে শিশুই হচ্ছে প্রধান অন্ধ। তাই আধুনিক শিক্ষার পূর্বনিদিষ্ট একটা পাঠ্যক্রম শিশুর উপর চাপিয়ে ডার সমস্ত স্থাধীন প্রচেষ্টাকে বিনপ্ত করে, মন আর দেহের দিক থেকে তার সমস্ত সন্তাবনার পথকে কন্ধ করে দেশুরা হয় না। শিশুর করি, চাহিদা, সামর্গ্য সব কিছু বিচার করতে হয়। শিক্ষা মানে কতকগুলি বই মুখন্ত করা নয়। তাই আধুনিক শিক্ষণ পুঁথির বোঝায় ভাবা কান্ত নয়। আজকের শিক্ষাবিদরা ব্যতে পেরেছেন গতাংগতিক পুঁথি ভারাক্রান্ত নারস শিক্ষাকে সরস করে ভুলতে হলে এমন আরোজন করতে হবে যাতে শিশুর একটা বিশিষ্ট অংশ রয়েছে এ বোধ তার জন্মালে সে নিজের মুল্য সম্পর্কে গতেন হবে। প্রতিট কাজে সে আনন্দের সাথে অংশ গ্রহণ করেবে। শিশুরে একটা বিশিষ্ট অংশ রয়েছে এ বোধ তার জন্মালে সে নিজের মুল্য সম্পর্কে গতেন হবে। প্রতিট কাজে সে আনন্দের সাথে অংশ গ্রহণ করেবে। শিশুদের কাজের মুল্য যত বেশা দেওয়া হবে ততই কাজের আগ্রহ বেড়ে যাবে। কাজের মধ্য দিযেই শিশু আর আন্থ-উন্মেষণের পথ খুঁজে পাবে।

শিশুজীবনের বিচিত্র বহুম্থী প্রকাশ দেখতে পাই শিশুর কাজের মধ্য দিয়ে। শিশু চির চঞ্চল, দারাক্ষণ দে কর্মব্যন্ত, কর্মই তার প্রাণ। এ স্বাভাবিক কর্মপ্রবণতার পথকে কন্ধ করলে আবিলতার স্বষ্টি হবে। 'এ ক্যো না,' 'ও কোব না,' 'এটায় হাত দিও না'—এই 'না' এর বাঁধনে বদি ,শিশুকে আষ্টেপিটে বেঁধে ফেলা হয় তাহলে তার স্বাভাবিক কর্মশক্তির কোন দিনই বিকাশলাভ ঘটবে না। কশো বলেছিলেন, শিশুর স্বাভাবিক সক্রিয়ভার শিহুর প্রাভাবিক সক্রিয়ভার শিহুর প্রাণ কাজেই শিশুর প্রাণ কাজের মধ্য দিয়ে শিশু কেমন আত্ম-উন্মেবণের পথ খুঁজে পার, তেমনি কাজের মধ্য দিয়েই শিশুর ক্ষমশক্তি পরিপূর্ণ বিকাশের স্বযোগ পাবে। কাজের মধ্য দিয়েই সে যা আরম্ভ করবে তাই তার সভ্যিকারের শিশু। প্রত্যক্ষ অভিজ্ঞতার মধ্য দিয়েই শিশুর জ্ঞানের ভিত্তি দত হবে।

শিশুজীবনের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে সক্রিয়তা—দৈহিক ও মানসিক।
আধুনিক বহু শিক্ষা-পদ্ধতির পশ্চাতে এই নীতি বা তর্টিকে সক্রিয় দেখতে
পাই। শিশুরা স্বাভাবিক ভাবেই সক্রিয় (naturally
শিশুর বৈশিষ্ট্য সক্রিয়ত।
একোচেঃ । শিক্ষার সহজাত সংস্থার সমূহ তার কাজের
মধ্য দিয়েই প্রকাশের পথ খুঁজে পায়। শিক্ষার অক্সতম লক্ষ্য হচ্ছে জীবন
যুদ্ধের জন্ম প্রস্তাতি। এ শিক্ষাও কাজের মধ্য দিয়ে, বাধাবিপত্তির মধ্য দিয়েই
লাভ করা যায়।

একটি সুস্থ সবল শিশুকে সুযোগ দিলে কিভাবে শিখবে সে সম্পর্কে A. Pinsent বলেছেন, "Given favourable opportunities, the normal healthy child is active and alert during most of his working days, eager to explore, experiment, ask question, demand information, acquire skill wich promise to realize his purpose. He can and does, learn much by his own activities out of school without any formal instruction. Even in school only the child himself can learn. Nobody else can learn for him"

শিশু নিজেই শিথবে। স্থলে কি স্থলের বাইরে সে নিজের কাজের মধ্য দিয়েই শিথবে। তাকে স্বযোগ দিতে হবে, তাহলেই শাভাবিক শিক্ষা সে নিজ থেকে শিথবার জন্ম সক্রিয় হয়ে উঠবে। নিজের ইচ্চায় কাজের মধ্যে শেথাটাই হবে তার স্বাভাবিক শিক্ষা।

#### কাগ্রহ:--

শিশুকে শিক্ষা দিতে হলে তার মধ্যে আগ্রহ সৃষ্টি করতে হবে। শিক্ষাকে যদি শিশুর জীবনের সক্রিয় কর্মপ্রচেষ্টার সাথে যুক্ত করা যায় ডাইলে সহজেই সে শিক্ষায় উৎসাহী হয়ে উঠবে। মাহুৰ কতকগুলি সহজাত সংকার নিয়ে. জনায়। তার সব সংস্থারই একই সময়ে প্রকাশের পথ থোঁজে না। শিভ বয়সের কতকগুলি সংস্থার তার কাজের মধ্য দিয়ে চরিতার্থ হতে পারে। শিভ নতুন জিনিস চায়। তার মুখে 'কি'?' 'কেন ?' প্রশ্নে আমরা বিরক্ত হই। ধমকে বলি, "এত খবরে তোমার কি দরকার ?" আমরা শিশুমনের আগ্রহ ভুলে যাই শিশুর কাছে এই জগৎ একটা বিরাট বিস্ময় ৰানাকাজে সাৰ্থকতা (wonder)। নতুন কিছু দেখলে অবাক বিশ্বয়ে সে লাভ করে। ভাবে—এ কি ? সে নতুনকে জানতে চায়, ব্ৰতে চায়। এই যে কৌতৃহল (ouriosity) এব থেকেই তাব মনে জানার আগ্রহ জাগে। শিশুর অনুসন্ধিৎস্থ মন তাকে নান। কাজে প্রেরণা যোগায়। শিশুদের মধ্যে একটা প্রতিযোগিতাব ভাব দেখা যায়। প্রতিযোগিতামূলক কাব্দে তাদের আগ্রহ অভান্ত বেশী। যে কাজে বাধা-প্রতিবন্ধক রয়েছে সে কাজে ছেলেরা উৎসাহ পায়। কি করে কাজের অন্তরায় দূর কর। যায় দেদিকে দে সচেষ্ট হব। সমঙ্গা দেখা দিলে নিজেবাই অনেক সময় সমাধান খুঁজে বের করে। শিক্ষার সাথে সমস্যায়ূলক কাজ জুডে দিলে শিশুর মনে সমস্যা সমাধানের আগ্রহ জনায়। এই যে বাধাকে অতিক্রম করার আগ্রহ, দল বা প্রতিষোগিতামূলক কাজে উৎসাহ, তার পিছনে রয়েছে যুণ্ৎস্থ মনোভাব (Instinct of pugnacity)। দলগত কাজে ছেলেদেব উৎসাহ থুব বেশী। শিক্ষায় এই দলগত মুমোভাব (Herd Instinct) নানাভাবে কাজে লাগান যায়। প্রোজেক্ট মন্তেদরী, কিণ্ডারগাটেন প্রভৃতি শিক্ষা-পদ্ধতির জনপ্রিয়তার কারণ ৰদি আমবা অতুসন্ধান কবি. তাহলে দেখা যাবে ছেলেদেব কাজের প্রতি বে স্বাভাবিক আগ্রহ রয়েছে, দেই আগ্রহকেই নানা ভাবে এসব শিক্ষা-পদ্ধতির মধ্য দিয়ে সার্থকরপ দেবার চেষ্টা হয়েছে।

বে শিশু দেহে ও মনে স্বস্থ, সে কাজ করতে চাইবে । কর্মপ্রবণতা শুনু স্বাভাবিক নয়, একে সহজাত বলা যায় । শিশুকে দিয়ে কাজ করান কোন সমস্তা নয় । সমস্তা হচ্ছে ঠিক কাজে শিশুকে প্রবৃত্ত করান, স্বাভাবিক সহজাত কর্মপ্রবণতা সমর্থ শিশু কাজ কবতে চায় শিক্ষাক্ষত্রে এটাই বড় কথা নয়, কি করে শিক্ষা সহায়ক কাজের পথে ভাকে পবিচালিভ করা যায় শিক্ষাবিদের সেটাই বড় সমস্তা । কর্মকেন্দ্রিক শিক্ষার সাফল্য নির্ভর কবে শিশুকে ঠিক কর্মে কি কবে প্রবৃদ্ধ করান যায় তাব উপর । এজন্ম করেকেন্দ্রীতিকে স্বীকার করে নিয়ে শিশুর কাজের ধারাকে পরিচালিভ করলে শিক্ষা সার্থক হয়ে উঠবে ।

শিশু স্বেচ্ছান্ন বৈ কাঙ্গে প্রবৃত্ত হয়েছে তা শিক্ষকের মনঃপৃত না হলেও, বিশেষভাবে অনভিপ্রেত না হলে তার কাজে বাধা দেওয়া হবে না। প্রতি পদেই শিক্ষার ছকবাঁধা পথে তার কাজকে চালাতে চেষ্টা করলে সব সময় স্ফল পাওয়া যায় না। শুরুতেই বাধা পেলে তার কাজের উৎসাহ থাকবে না, দে কাজ করতে চাইবে না। স্বেচ্ছাপ্রণাদিত কাজের পথে বাধা পেয়ে শিশু যদি কর্মবিম্থ হয় তাহলে নতুন করে তাকে কাজের মধ্যে নিয়ে আসা কইসাধ্য হয়। কাজ করার হ্বযোগ তাকে দিতে হবে, কর্মপ্রবণতার উন্নতিকরণের (Sublimation) মধ্যদিয়ে তার কাজকে শিক্ষার পথে পরিচালিত করতে হবে।

শিশু যখন কোন কাজ করে তথন তার পিছনে একটা উদ্দেশ্য পাকে।
শিশুর কাজকে ঠিক পথে পরিচালিত কবতে হলে জানতে হবে সে যা করছে
তাব পিছনে তার মনোগত ভাবটি কি ? শিশুর কতকগুলি অভাববোধ থাকে,
কাজকে উদ্দেশ্যের
পথে চালনা
প্রয়োজন সিদ্ধ কবার মধ্য দিয়েই তাকে প্রয়োজনীয় বা
ঠিক কাজের পথে চালিত কবা যায়। শিশুরা থেলতে
ভালবাসে। থেলাব প্রতি তাদের যে স্বাভাবিক অত্নবাগ তার মধ্য দিয়েই
শিক্ষার প্রযোজন সিদ্ধ হতে পাবে।

শিক্ষককে শিশুমনের গতিপ্রকৃতি ও তাব চাবিত্র্যিক বৈশিষ্ট্রকে জানতে হবে। শিশুব আগ্রহ ও বিশেষ সামর্গ্য সম্পর্কে সঠিক ধারণা না থাকলে তাকে তার উপযোগী কাঙ্কেব পথে পরিচালনা করা সন্তব হবে না। কেউ ছবি আঁকতে ভালবাসে, কেউ গল্প বলতে ভালবাসে কারও কচি মাতিক কাজ থেলাধূলার প্রতি আগ্রহ। যাব যেরপ কচি, তাকে সেরপ স্থযোগ দিতে হবে। সাধারণ শিশুচবিত্র ও ব্যক্তিগত বৈশিষ্ট্য সম্পর্কে জ্ঞান থাকলেই শিক্ষার্থীকে তাব যোগ্য কাজের মধ্য দিয়ে শিক্ষাব পথে নিযে যা গ্রাণ যাবে।

শিশু ফুন্দর কি অন্তল্প যে ভাবেই একটি কাজ সম্পন্ন করুক ন। কেন, তাকে স্বলা উৎসাহ দিতে হবে। শিক্ষকের কাছ থেকে উৎসাহ পেলে তাব আয়ুবিশ্বাস বাডবে। নিক্ৎসাহিত হলে সে আর সাহস করে কিছু করতে চাইবে না। 'এই বুঝি ভুল হ'ল, এই ভয়ে সে কাজের থেকে সরে দাড়াবে। সহায়ভূতির সাথে তার ভুলক্রটি দেখিয়ে দিলে সে কাজে উৎসাহিত হবে। শিশু তার নজের শক্তি সম্পর্কে সচেতন নয়। শিক্ষক তার অপ্ত সম্ভাবনাকে আবিদ্ধান করবেন, কাজে সাহায্য করে উৎসাহ দিয়ে সেই সম্ভাবনার পরিপূর্ণ বিকাশে সহায়তা করবেন। শিশুর কাজের বিরূপ সমালোচনা, সহাত্ত্বতির অভাব, পদে পদে বাধাদান, বিরক্তিপ্রকাশ প্রভৃতি কারণে কাজের উৎসাহ নিভে গেলে তাকে আর কর্মে প্রবৃত্ত করান যাবে না।

শিশুকে কর্মে প্রবৃদ্ধ করতে হলে, তার কাজকে ঠিক পথে পরিচালিত করতে হলে ঘেমন মনের গতি প্রকৃতিকে জানতে হবে, সেই সাথে, খোঁল করতে হবে তার দৈহিক অবন্ধা, গৃহপরিবেশ কাজের উপঘোগী কি না। স্বস্থ ছেলে কাজ করতে চায় এ আমরা স্বাভাবিক বলেই ধরে নিয়েছি। যদি কোন ছেলে কাজ করতে না চায়, তাহলে ব্যতে হবে সে অস্বস্থ—দেহে বা মনে। প্রায়ই দেখা যায়, এই উৎসাহহীনতার পিছনে রয়েছে দৈহিক অস্বস্থতা। এ ছাড়া অস্বাস্থ্যকর পারিবারিক পরিবেশের প্রতিক্রিয়ায় ছেলেদের মধ্যে মানসিক অবসাদ ও কর্মে অনাসক্তি দেখা যায়। দাবিদ্রতাজনিত অপুষ্টি, বিশ্রামের অভাব, স্থনিদ্রার অভাব, স্ক্লের কাজের চাপে অতিরিক্ত পরিশ্রম প্রভৃতি কারণে ছেলের। ক্লান্থিবোধ কবে, কাজে কোন উৎসাহ্ বা আগ্রহ দেখায় না।

ছেলেদের কাজে যদি বৈচিত্রা না থাকে, একঘেঁয়ে কাজ করতে ছেলের। বেশিদিন উৎসাহ বোধ করবে না। উপযুক্ত পবিবেশে বৈচিত্র্যময় কর্মেন আয়োজন করতে হবে। শেণীকক্ষের বন্ধনের মধ্যে বৈচিত্রাময় কাজ উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা কট্টদাধ্য। প্রয়োজন শ্রেণীকক্ষের বাইরে মুক্ত অঙ্গনে ছেলেদের সিয়ে আসতে হবে। খেলাধুল। নাচগান, অভিনয়, ছবি থাক। প্রভৃতি কাজেব মধ্য দিয়ে ছেলেদের নীরদ পুঁথিগত শিক্ষাকে সবস করে তুলতে হবে। যে সব কাজেব মধা দিয়ে শিক্ষা-পরিকল্পনা কর। হবে তার জন্ম প্রয়োজনীয় সহায়ক উপকবণসমূহ যথাসম্ভব ছেলেরাই তৈরী করবে ব। সংগ্রহ করবে। কাজেল পরি দল্লনা খেকে সমাপি পর্যস্ত যদি ছেলেরা অংশ গ্রহণ করতে পারে, তাহলে কাজেন উৎসাহ অনেক বেডে যায়। প্রোক্তের পদ্ধতিতে ছেলেব। অত্যন্ত উৎসাহের সাথে অংশ গ্রহণ করে। এই পদ্ধতিতে মানসিক ও দৈহিক স্ক্রিয়তা সমান প্রয়োজন। এই পদ্ধতিতে বে প্রোজেক্ট : লি সম্পন্ন করাব জন্ম নেওয়া হয তা উদ্দেশ্যয়লক কাঞ (purposeful activity)। এই কাজের মধ্য দিয়ে ছেলেরা যেমন স্মানন্দ পায় তেমনি শিক্ষালাভের স্বযোগ পায়।

# ॥ আধুনিক শিক্ষা-পজাত ও সক্ৰিয়তাতত্ত্ব ॥ ॥ Principle of Activity and Modern Teaching methods ॥

শিক্ষায় শিশুর আগ্রহ স্বাষ্ট করতে তার স্বাভাবিক সক্রিয়তাকে ভিত্তি করে নানারপ কর্মকোক্রক শিক্ষার আয়োজন করা হয়েছে। শিক্ষাবিদ ও শিশু-মনোবিজ্ঞানীরা শিশু-মনের গতি-প্রকৃতি বিভিন্ন দিক থেকে যাচাই করে ব্রতে পেরেছেন—শিক্ষার আয়োজনকে সাধক করে তুলতে হলে শিক্ষার্থীর

কর্মপ্রবণতাকে কাজে লাগাতে হবে। সক্রিয়তা বা শিশুর স্বাভাবিক কর্ম-প্রবণতা এই তত্ত্বকে আধুনিক শিক্ষাবিদগণ তাদের শিক্ষা-পদ্ধতিতে একটি বিশিষ্ট স্থান দিয়েছেন। ক্লোর পরবর্তীকালে যত শিক্ষা-পদ্ধতি উদ্ভাবিত হয়েছে, তার পিছনে এই সক্রিয়তা মতবাদের প্রভাব দেখা যায়।

বশো তার মানসপুত্র এমিলের জন্ম যে শিক্ষা-পদ্ধতির নির্দেশ দিয়েছেন, সেথানে তিনি বলেছেন—শিশুর শিক্ষা চলবে সম্পূর্ণ সক্রিয়তাব পথে। রুশো কশোও পেন্টালংসী প্রদর্শিত সক্রিয়তাব পথ ধরেই এলেন পেন্টালংসী। স্ট্যাঞ্জে পেস্টালংসী যে শিশু বিচ্চালয় স্থাপন করেন সেথানে লেখাপডাব সাথে হাতের কাজ যুক্ত করেন। তিনি বৃষ্ণতে পেবেছিলেন গতাহুগতিক শিক্ষার সাথে শিশুর মনোমত কাজ জুডে দিলে আবত ভাল ফল পাওয়া যাবে।

## কিণ্ডারগার্টেন পদ্ধতি :-

ফ্রবেলে স্ক্রিয়ত। তত্তকে (Theory of Activity) আরও এক বাপ এগিয়ে নিয়ে গেলেন। ফ্রয়েবেল স্থাপিত প্রথম বিজ্ঞান্য শিশুশিক্ষা পদ্ধতি কিপ্তারগাটেন পদ্ধতি নিয়ে যে পরীক্ষা-নিরীক্ষা শুরু কবেন দেখানে দেখা যায় শিক্ষার্থীবা বাগানের কাজ কবত, নানা বক্ষ জিনিস তৈরী করত, কাজেব মধা দিমেই স্বাধীনভাবে তাদের অন্তর্নিহিত শক্তি বিকাশের পথ খুঁজে পেত। বাস্ব জগতকে চেনাবাব দ্বন্ত, আর দেই সাথে কল্পনাশব্দিকে উদ্দীপ্ত কবার নানা কাছ আব কাহিনীর মবভারণা কবা হ'ত। প্রবর্তীকালে ফ্রয়েবেল সৃষ্টি করলেন কিগুারগার্টেন পদ্ধতি—থেলা, মনের মত কাজ ও গানেব মধ্য দিয়ে এক আনন্দময় পরিবেশেব সৃষ্টি হয় শিশুউভানের শিশুদের জন্ম। শিশুর বিকাশের ফব শ্রন্তসারে বিভিন্ন রকম থেলা আর গানকে ভাগ কবা হয়। ফ্রায়েবেলেব শিক্ষা-পদ্ধতিতে কাদা, বালি, কাঠের ৰুঁডা প্রভৃতি দিয়ে নান। জিনিস তৈরী শেখান হয়, এতে স্ঞ্জনী শক্তির বিকাশ, হস্ত সঞ্চালনের দক্ষতা, আত্মবিশাস প্রভৃতি বেডে যায়। প্রস্টালংসী প্রথম হাতের কাঙ্গের মধ্য দিয়ে শিক্ষার প্রবর্তন করেন। ফ্রয়েবেল তার কি প্রাবগার্টেন পদ্ধতিতে হাতের কাজের দাথে গান, ছড়া, থেলা, ছবি আঁকা প্রভৃতি জ্বডে দেন। থেলা আর গানের আনন্দের মধ্য দিয়ে শিশু ধীরে ধীরে (वर्ड १८र्ड, এव मधा मिराइटे भिन्न कर्र्यत त्थातमा लांख करत ।

# মন্তেদরী পর্কতি:—

ডা: মেরিয়া মন্তেদবী তাঁর শিক্ষা-পদ্ধতি পরিকল্পনায় শিশুর স্বাভাবিক স্ক্রিয়তা মতবাদের ঘার। বিশেষভাবে প্রভাবিত হয়েছেন। শিশুরা স্বাভাবিক ভাবেই কর্মপ্রবৰ, শ্রেণীশিক্ষার বন্ধনে বেঁধে রাখলে তাদের স্বাভাবিক বিকাশেব পথ রুদ্ধ হয়ে যাবে, তাই শ্রেণীশিক্ষাকে তিনি তুলে দিলেন। তার শিক্ষা-পদ্ধতিতে শিশুকে নিজের চেষ্টায় শিথবার মত নানা ভাবে স্থযোগ দেওয়া হয়। শিথবার সাজ্মরঞ্জাম দিলে শিশু নিজেই শিথবার চেষ্টা করবে, এজন্য তিনি কতকগুলি খেলার উদ্ভাবন কবেছেন। খেলার পদ্ধতি এমনভাবে তৈবী করা হয়েছে যে, ধনি শিশু কোন ভুল করে তাহলে নিজেরাই ভুল ৬৭বে নিতে পারবে। মনো বিজ্ঞানসমত শিক্ষায় শিশুর ইন্দ্রিয়গুলি পরিচালনে যথাযথ শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। মস্তেসরী শিক্ষাপদ্ধতিতে ইন্দ্রিয নিচয়ের শিক্ষার জন্ম Sense training-এর ব্যবস্থা আছে। শব'র চর্চার জন্ম বিভিন্ন প্রকার থেলা, গানেব সাথে নাচ প্রভতির ব্যবস্থা করে শিক্ষাকে শিশুব চোথে আনন্দম্য ও প্রাণবাহ করে তলেছেন। শিক্ষানিবাসের সাথে বাগানেব ব্যবস্থা রয়েছে, বাগানের কাজেব সাপে প্রকৃতি পরিচয়েব পাল। দাঙ্গ হয়। পশুপালনের মধ্য দিয়ে প্রাণাজ বন সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান হাত হয়। শিশুলা ছবি মাকতে ভালবাসে। নানা বকম বঙীন পেলিল দিয়ে ভাদের ছাব আঁকতে দেওয়া হয়। মন্তেসবীর নিক্ষাণ্ডাততে কাছের মধ্য দিয়ে ^{নিত্}শাক্ত বিকানের সর্ববিধ স্বাধীনতা দেওয়। হয়েছে।

## সমস্যাসমাধান পদ্ধতি:-

ভিউই তাব শিক্ষাপদ্ধতিতে সক্রিয়ত। তত্ত্বক গ্রেলাবে গ্রহণ করেছেন , ভাব সাথে পূর্বতী শিক্ষাবিদদের সক্রিয়ত। তত্ত্বে মৌলিক পার্থক্য বয়েছে। ডিউইর পূর্বে দালিয়তা সম্পর্কে মনে কবা হ'ত কর্মের মধ্য দিয়ে শিক্ষাব দৈতিক প্রিপুষ্টি সাধিত হয় ও মানসিক সন্থাবনাগুলি বিকাশের সুধোগ পায়। ডিউই কর্মপ্রবণত। বা দক্ষিয়ত। তথকে আরও ব্যাপক অথে ব্যবহার করেছেন। মানুষের সমস্ত মভিজ্ঞত। ও নতুন জান আহরণের পশ্চাতে এই স্ক্রিয়ত। তুত্ই কাজ করে। কোন জান বা অভিজ্ঞতাই বিনা আযাদে, বিনা চেষ্টায় লাভ কবং ষায় না। দৈনান্দন কর্মজাবনে আমবা বহু সমস্তাব সন্মুখীন হই। আমাদেশ স্বাভাবিক কর্মপ্রবণভাবণে কর্মে প্রবৃত্ত হয়ে প্রতিকূল অবস্থাব সন্মুগীন হড়ে হয়। প্রতি⊋ল অবস্থ। থেকে যে সমস্তার উদ্ভব হয় তাদেখে মাতুষ কর্মবিবত হয় না. সে সমস্যা সমাধানে তৎপর হয়ে দঠে। সমাধা সমাধানের পথ খুঁজতে य अतीका निर्देशिका करन रमरे अथ धरारे रम मराजात मद्यान नो करत । व्यर्शर সভাকে লাভ করতে হলে সক্রিয়তাব মধ্য দিয়েই তার সমাধান খুঁছে পাত্যা ধায়। ডিউইর শিক্ষাপদ্ধতি প্রধানতঃ এই দক্রিয়তা তত্ত্বের উপর**ই** প্রতিষ্ঠিত। ডিউইর শিকাপদ্ধতিকে Problem Method বলা ডিউইর শিক্ষায় গতান্থগতিক শ্রেণী শিক্ষার ব্যবস্থা নেই। বাশ্তব পরিবেশে প্রতিকৃল সমস্তার সম্থীন হয়ে পরীক্ষা নিরীক্ষার মধ্য দিয়ে শিক্ষাথী সক্রিয় ভাবে এই পদ্ধতির মধ্য দিয়ে অভিজ্ঞত। সঞ্চয় করে ও নানা বিষয়ে জ্ঞান লাভ করে।

### প্রোজেষ্ট পদ্ধতি:--

লান্তব দৃষ্টিভঙ্গী থেকে ডিউই ভাব শিক্ষাপদ্ধভিকে উপস্থাপন কলেছেন। এই Problem Method থেকেই তাঁর শিক্ষ কিলপ্যাট্রিক Project Method প্রবর্তন করেন। কর্মকেন্দ্রিক শিক্ষার তরকে শিক্ষার ক্ষেত্রে প্রোজেন্ট পদ্ধতির মধ্যেই প্রক্রেপে গ্রহণ কর। হয়েছে। প্রোজেন্ট পদ্ধতির প্রভিটি কাজের (Project) পিছনে থাকবে একটা সমস্থা, এবং সেই সমস্থার পিছনে থাকবে একটা উদ্দেশ্য। সমস্থাটি শিক্ষার্থীর সামনে উপস্থিত কর। হলে তাব। সেই সমস্থার সমাধান করবে ও সেই সমস্থা সমাধানের মধ্য দিয়ে শিক্ষার উদ্দেশ্য সিদ্ধ হবে। সমগ্র কাজটিকে ভাগ কবে নিয়ে এককভাবে বা দলবদ্ধভাবে ছেলের। কাজটি করে। স্বাভাবিক সামাজিক পরিবেশের মধ্যে ছেলেবা কাজটি সম্পন্ন করে। প্রোজেন্ট পদ্ধতিতে কাছের মধ্য দিয়ে শিশুব ব্যাক্তম্ব বিকাশ ও সমাছ চেতনাব বিকাশ লাভ ঘটে। দলবদ্ধ ভাবে কাজ করার ফলে সহযোগিতামূলক মনোভাবের স্বাষ্ট হয়। শিক্ষাকে কাজের মধ্য দিয়ে বাণ্ডব জীবনের সাথে সংযুক্ত করাই এই শিক্ষা-পদ্ধতিব লক্ষ্য।

## বুনিহাদী পৰ্জতি:-

প্রেছের পদ্ধতির দাথে প্রবৃতিত বুনিয়াদী শিক্ষার অনেক দিক থেকে মিল রয়েছে। বুনিয়াদী শিক্ষায় যতট। সম্ভব কাজেব মধ্য দিয়ে অন্তবন্ধ প্রণালীর মধ্যদিয়ে ছেলেদের শিক্ষা দেওয়। হয়। বুনিয়াদী পদ্ধতিতে কয়েকটি শিল্প কর্মকে কেন্দ্র কর্মকে কেন্দ্র কর্মকে কেন্দ্র কর্মকে কেন্দ্র কর্মকে কেন্দ্র কর্মকে কেন্দ্র ক্রমক এমন একটি শিল্পকর্মকে বেছে নেওয়া হয়—যার প্রতি শিশুর স্বাভাবিক আকর্মণ থাকবে। এই পদ্ধতিতে মূল শিল্প থেকে অনুবন্ধ প্রণালীর মধ্য দিয়ে ছেলেবা নানা বিষয় জানবে ও শিখবে। এব মধ্যদিয়ে মানসিক ও দৈহিক উভয় দিকেই শিশুর উন্নতি সাধিত হয়। বুনিয়াদী পদ্ধতিতে শিক্ষার্থীর সক্রিয়তাকে কেন্দ্র করে শিক্ষা দেবার নীতিকে গ্রহণ কবা হয়েছে।

#### ভোলটন প্রস্কৃতি :--

মিস পার্কহান্টের উদ্ভাবিত ভান্টন শিক্ষা-পদ্ধতির মধ্যদিয়ে সক্রিয়ত। তত্তকে অক্সরূপে দেখি। এই পদ্ধতিতে শিক্ষার্থীকে কান্দের পূর্ণ স্বাধীনত। দেওয়া হয়েছে। শিক্ষার্থী তার নিজেব খুশী মত যে-কোন বিষয় নিয়ে কাজ করবে। কাজেব স্বাধীনতাব ফলে শিক্ষা^নর দায়িতবাধ জন্মাবে। এই পদ্ধতিতে এককভাবে বা দলবদ্ধ হয়ে কাজ করাব স্বাধীনতা দেওয়া হয়েছে। শ্রেণীকক্ষেব বাধা-নিষেধেব বাইরে স্বাধীনভাবে কাজ কবাব ফলে শিক্ষাণীর আত্মবিধাদ বেডে যায়, দায়িতবাধ জন্মায়, যা তার ব্যক্তিত্ব বিকাশে ও নিজের বৃদ্ধি ও যুক্তি বলে কাজ করার ও দমশু। সমাধানের পথে সহায়ক হয়। দলবদ্ধ ভাবে কাজ করার ফলে সহযোগিতার মনোভাব বৃদ্ধি পায় ও অপরের মতামতকে মূল্য দিতে ও শ্রদ্ধা কবতে শেপে। কাজেব স্বাধীনতা দেওয়ার ফলে শৃঙ্খলাবোধ জন্মায় ও স্বভাবজাত শৃঙ্খলা দারা তার কাজকে নিয়্মিত করতে শেগে।

# সহপাঠ্যক্রমিক কার্যাবলী ও সক্রিয়তাতত্ত্ব:-

আধুনিক শিক্ষা-পদ্ধতিসমূহ যেমন সক্রিয়তা তত্ত্বকে শিশুশিক্ষার ক্ষেত্রে অপরিহার্য বলে গ্রহণ কবেছে, গতাহগতিক শিক্ষাব্যবস্থাও শিক্ষার্থীর কর্ম-প্রবণতাকে যথাসম্ভব কাজে লাগাবার চেষ্টা হচ্ছে। সহ-পাঠ্যক্রমিক কার্যাবলীকে (co-curricular activities) বর্তমান যুগের সহপাঠ্যক্রমিক শিক্ষাব্যবস্থার অত্যাবশুক অঙ্গরূপে গ্রহণ করা হয়েছে। শিশুকে গ্রন্থকীট কবে তোলা শিক্ষাব উদ্দেশ্য নয়। সহ-পাঠ্যক্রমিক বিভিন্ন কার্যাবলীব মধ্যদিয়ে শিশুর শক্তির অপচয় নিবারিত হয়। তাদের বৌদ্ধিক বিকাশেব সাথে সাথে অক্যান্থ বিভিন্ন শক্তির বিকাশ লাভ ঘটে। লেখাপডা আর খেলাধ্লা পরম্পরবিরোধী নয়, গতাহগতিক শিক্ষায় এই কথা স্বীকার করে নিয়ে সক্রিয়তা তত্ত্বের প্রভাব আছু অনস্বীকার্য।

# যুক্তিদিন্ধ ৪ মনস্তত্ত্বনির্ভর শিক্ষাপন্ধতি (Logical and Psychological Method)

শিক্ষায় আমাদের সামনে থাকে শিক্ষাণী ও বিষয়বস্তু। শিক্ষাণীকে শিক্ষা দিতে হলে জানতে হয় তার স্বক্প—তার মনেব গঠন। কিভাবে কি উপায় অবলম্বন কবলে, কোন রীতিতে বিষয়বস্তুকে উপস্থাপন করলে শিক্ষাণীর মন ভাকে গ্রহণ করবে—এসব জেনে আমাদের শিক্ষা পদ্ধতি নির্ধারণ করতে হয়। আবার উপস্থাপনের ক্ষেত্রে যে বীতি বা পদ্ধতিকে অন্ত্রসরণ করা হবে, যে ভাবে বিষয়বস্তুকে ভাগ করে শিক্ষাণীব সামনে তুলে ধরা হবে তা যুক্তিনির্ভর

কি না তা দেখতে হবে। শিক্ষা-পদ্ধতি নির্ধারণের পিছনে ত্'টি প্রভাব সক্রিয়—
একটি মনস্থের দিক, অপরটি যুক্তির দিক। শিক্ষাদান একটি বৈজ্ঞানিক
প্রক্রিয়া। শিক্ষা দিতে গিয়ে খেয়ালখুনীমত চললে শিক্ষা সার্থক হবার
কোন সম্ভাবনা নেই। আধুনিক বৈজ্ঞানিক শিক্ষাপ্রণালীতে কতকগুলি
শিক্ষাসম্পর্কীয় মূলনীতি (Maxims of Education) মেনে নিয়ে আমাদের
চলতে হয়। এই মূলনীতিগুলি হয় যুক্তিসিদ্ধ (Logical), না হয় মনস্তর্ধ
নির্ভর (Parchological)। শিক্ষাদানে আমর। যে কোন একটি পদ্ধতি
অন্ত্রসরণ করে থাকি।

যুক্তিনিভর শিক্ষাব ক্ষেত্রে অবরোহী পদ্ধতি (Deluctive) আরোহী পদ্ধতি (Inductive), বিশ্লেষণ ও সংশ্লেষণ পদ্ধতি (Analytical and Synthetical Method) প্রভৃতি অভসবণ করা হয়।

তা ব্রেহৌ প্রতিতে শিক্ষার্থীর সাধানণ স্থন্ত বা দত্য উপস্থাপন করে ভারপর উদাহবণ দিয়ে বিশেষ ক্ষেত্রে তার প্রয়োগ করে। হয় (from Gen na: Particular : । মাতৃষ মরণগাল এই সাধারণ সত্য থেকে –রাম, শাম মাতৃষ, ভাই মরণগাল এই বিশেষ সিদ্ধান্তে আসি।

সম ব্রোহ্যী প্রতিতে স্বত্যভাবে কতকগুলি উপাহরণ ব্রার কবে তাব মন্য থেকে সানারণ গুণটি—ধাব মাধ্যমে উদাহবনগুলি একই স্থায় 'মাবর হয় সেই গুণটিকে বছে নিয়ে সানারণ সত্যে এদে (from Partiou'ar to Gueural) পৌহান হয়। বিভিন্ন ক্ষেত্রে মাগুনেব সাথে দৌয়ার মবিক্রেল্ড সম্পর্ক দেখেই সিন্ধান্ত কাব ধৌয়ার মন্তির আগুনেব উপর নির্ভরনীল।

বিক্লোক্সক পদ্ধতিতে একটি বএকে নিয়ে দেই বখাট যে পৰ উপাদানে গঠিত হয়েছে তা ভিন্ন ভিন্ন ভাবে ভাগ করে তাব প্রতিটি দিকেল সাথে প্রিচ্ম ঘটিয়ে দেওয়া হয়। যেমন দেহ-বিজ্ঞান পভতে গিয়ে মানব দেহের বিভিন্ন অস-প্রত্যান্ধের এক একটি দিক নিয়ে আলোচনা করে ব্রিয়ে দেওয়া হয়।

সংক্রোধন পদ্ধতিতে একটি বস্তুর সমগ্র রূপটিকে একসাথে নিয়ে চারপর তার ভিন্ন ভিন্ন দিকগুলি সম্পর্কে ব্যাখ্যা করা হয়। বিশ্লেষণ পদ্ধতিতে অংশ থেকে পূর্ণেবি দিকে (from parts to whole) যাই, মাব সংশ্লেষণ পদ্ধতিতে আমর। পূর্ণ থেকে অংশের (whole to parts) দিকে যাই।

শিক্ষা-ব্যবস্থায় যুক্তিনির্ভর শিক্ষা-পদ্ধতির গুক্তবকে স্বীকার করেও মামাদের মনে রাথা দরকার যুক্তিসিদ্ধ দিদ্ধান্তই যে শিশুশিক্ষার ক্ষেত্রে সর্বদা সহজ্জম পথ—এ ধারণা ঠিক নয়। যুক্তির বিচারে আমরা মনে করি, যে শিক্ষায় আমরা অংশ থেকে দমগ্রের দিকে যাই সেই পদ্ধতিটাই ঠিক। একটু একটু করে বিষয়বন্ধকে শিক্ষার্থীর দামনে তুলে ধরলে তার পক্ষে বুঝবার স্থবিধা হবে। কিন্তু দাহিত্য পাঠে দেখা গিয়েছে দমগ্র বিষয়টি শিক্ষার্থীয় দামনে উপস্থিত করে তারপর তার আলোচনা করলে দে যেভাবে বিষয়বন্ধর রস্প্রহণ করতে পারে, থণ্ড থণ্ড করে বিষয়টি পরিবেশন কবলে সে ভাবে উপভোগ করতে পারে, থণ্ড থণ্ড করে বিষয়টি পরিবেশন কবলে সে ভাবে উপভোগ

মনোবিজ্ঞানস্থাত পদ্ধতি শিশুমনের গঠন, শিশুব গ্রহণের ক্ষমতা, শিশুমনের গতি-প্রকৃতি সর, কছু বিচার কবে নির্ধারিত হয়। মনের স্বাভাবিক গাতওে অন্থসরণ না করে ধদি শুধু মাত্র যুক্তি নির্ভর করে শিক্ষা-পদ্ধতি গংল ভোলা যায়, তাহলে সেই শিক্ষা-পদ্ধতির নার্থিক হবার সপ্রাবনা কম। কারণ দেখা গিয়েছে যুক্তির বিচারে আমাদের কাছে যা সহজ বলে মনে হয়, শিশুর কাছে ত' সহজ নাও হতে পারে। যেমন শিক্ষায় সহজ্ঞ থেকে জটিলেব দিকে গাওয়ার ম্লনীতিকে সামরা মেনে চলি—এটা যুক্তির দিক পেকেও গ্রহণখোগা। কিছু প্রয়োগের ক্ষেত্রে দেখা গিয়েছে ব্যাপারটা ঠিক তত সোদ্ধা নয়। সহজ্ঞ (simple) কথাটা আপোক্ষক (relative), একে শিক্ষাথার মানসিক গঠনের প্রত্থিমকায় দেখতে হবে। যুক্তর বিচারে সম্পূর্ণ বাক্য শেথানোর আগে একটি একটি শন্ধ শেথানো সন্থত। কিছু কার্যতং দেখা গিয়েছে ছোট ছোট বাক্য দিয়ে শুরু করলে ভাষা-শিক্ষা স্বন্ধ ও সহজ্ঞ হয়। সহজ্ঞ বিচারটা সব সময় যুক্তি দিয়ে হবে না, হবে শিশুর গ্রহণ করার ক্ষমতা দিয়ে।

মনোবিজ্ঞানসমত শিক্ষায় শিশুর মনকে ভারাক্রান্ত করে তুলতে পাবে বা তার মধ্যে বিল্লান্তর স্কট্ট করতে পারে বা অপরিণত মস্তিদ্ধ যা গ্রহণ করতে পারবে না এমন কিছু শিক্ষা দেওয়া হয় না। আমরা জানি মূর্ত (concrete) বস্তু শিশুব কাছে যত সহজবোধ্য ও মূর্ত বস্তুর মাধ্যমে শিক্ষা দেওয়া যত সহজ, বিমূর্ত বস্তুর (aletract) মাধ্যমে শিক্ষা দেওয়া তত্টা সহজ্ঞ নম্ব ও মানাসক গঠনের একটা বিশেষ করে না পৌছান পর্যন্ত বিমূত জিনিদকে শিশু তার কল্পনার মধ্যে আনতে পারে না। তাই মনগার্থিক প্রভাততে মূক শেকে বিমূর্তের দিকে যাওয়ার কথা বলা হয়। তেমনি শিশু যথন নতুন জ্ঞান আহ্রন করে তথন তার পুরাতন অভিজ্ঞতার সাথে সাম্থ্যু বিধান করেই শেগে। এ জন্ম মনস্থাত্তিক শিক্ষায় জানা গেকে অজ্ঞানার দিকে যাওয়ার প্রতিকে অনুসরণ করতে বলা হয়েছে।

আধুনিক শিক্ষায় যুক্তিসিদ্ধ ও মনস্তবসমত উভয় পদ্ধতির পিছনে শিক্ষার যে সব ম্লনীতি (Maxms) আছে তার গুরুত্বকে অন্বীকাব করার উপায় নেই। উভয় পদ্ধতিতেই শিশু শিক্ষার উপুযোগী যে রীতি ও প্রণালী রয়েছে স্থান, কাল ও পাত্রকে বিচার করে তার স্বষ্টু প্রয়োগ হয় তা হলে শিকা সার্থক হয়ে উঠবে।

# যুক্তির পথ বনাম মনোবিজ্ঞানের পথ (Logical vs. Psychological):—

আমরা শিক্ষায় যুক্তিনির্ভর সিদ্ধান্ত ও শিক্ষায় শিশু-মনোবিজ্ঞানের বাওব প্রয়োজনের দিক নিয়ে আলোচনা করেছি। বিষয় বস্তুর উপস্থাপনায় আমরা যুক্তিনির্ভর পথ অন্থদরণ করি। নির্দিষ্ট পাঠের পর্ব বিভাগ করে যুক্তিসিদ্ধ পথ ধরে আমরা লক্ষ্যে পৌছাবার চেষ্টা করি। শিশু-মনোবিজ্ঞান বিষয়পাঠে শিশুমনে কি প্রতিক্রিয়া হ'ল ত বিচার করা হয়। যদি প্রয়োজন হয় তাহলে শিশুর মানদিক প্রতিক্রিয়ার কথ। বিচার করে যুক্তিসিদ্ধ পথের সংস্থাব করতে হবে। যথন যুক্তি তর্ক দিয়ে বিচার করে শিন্তশিক্ষার ক্ষেত্র প্রস্তুত কবা হয় তথন দেখানে আমাদের বিচার বৃদ্ধিই প্রাধান্ত লাভ করে। শিশুর মন তাকে কি ভাবে গ্রহণ করবে সেট। হয়ে দাডায় গৌণ। শিক্ষার প্রথম অবস্থায় মনোবিজ্ঞানের পথই প্রশস্ত। সহজ থেকে জটিলের দিকে যাওয়ার নীতি অনুসাবে অঙ্কনের ক্ষেত্রে সবল বেখা প্রভৃতি আঁকিয়ে হাত পাকালে একটি পুরো চিত্র আঁকা দহছ হয়। শিশুর দামনে একটি পশুর চিত্র রেখে ভাকে বিভিন্ন রক্ষের রেখা আঁকতে দিলে দে বিশেষ উৎসাহ বোধ করবে ন। দে প্রথমেই গোটা ছবিটা আকতে চাইবে। শিশুব মনের দিকে চেয়ে শিশুর চাওয়াকেই মেনে নিতে হবে। শিশু কিছুটা অগ্রসর হলে শিশুর চিন্তায শৃত্বলা আদে—তার চিন্তা ধাবা একটা নিদিষ্ট পথ ধরে অগ্রসর হয়। আমাদের মনে রাথতে হবে শিশুমন অপরিণত -এই অপরিণত অবস্থায় সে য। গ্রহণ করতে পাববে, যে পথে অগ্রসব হলে ভাব পক্ষে শেখা সহজ হবে শিশুর শিক্ষায় দেই পথই অন্তদৰণ করতে হবে, যুক্তিব পথ আমাদের নির্দেশ দেয় 'ষা হওয়া উচিত'—কিন্তু শিশুৰ পক্ষে উচিত-অত্নচিত জ্ঞান জ্মাবাৰ জন্ত সময়েৰ প্রয়োজন। যুক্তিসিদ্ধ প্রণালীর অবদান পরিণত বুদ্ধির কাছে। মনো-বিজ্ঞানেব প্রণালীতে শিশুৰ কি হওয়া উচিত ছিল, সেটা বড কথা নয়, শিশু যে অবস্থাৰ আছে দেখান থেকেই তার যাত্র। শুক্ত। শিশু মনেব গতি-প্র⊲ভিকেই মনোবিজ্ঞানী জানতে চাইবে—তার শিক্ষা মনের গতিকেই অহুস[্]ণ কববে। শিক্ষায় আমবা মনোবিজ্ঞানের পথ ধরেই যুক্তিসিদ্ধ পথে পৌছাতে পাবি। যথন শিক্ষায় শিক্ষার্থী অপেক্ষা বিষয়বস্তুর প্রাধান্ত ছিল তথন শিক্ষক শিশুমনের দিকে নজর দেবার বিশেষ প্রয়োজন বোধ করতেন না। বিষয়বস্তুব স্কৃদংবদ্ধ বিক্যাদের উপরই জোর দেওয়া হ'ত। আধুনিক শিশু-মনোবিজ্ঞানীরা পবীক্ষা কবে দেখিয়েছেন স্থশৃন্থলভাবে ধাপে ধাপে

অগ্রসর হবার যুক্তিনির্ভর যে প্রণালী আমরা এতদিন অনুসরণ করেছি শিশুশিক্ষার পক্ষে সে পথই সর্বোত্তম পদ্ধা নয়। সহজ থেকে জটিলের দিকের
নীতি আলোচনা কালে আমরা দেখেছি যুক্তির বিচারে যা সহজ, শিশুর
মন তাকে সব সময় সহজ বলে মেনে নিতে চায় না। তাই আজকের
দিনে ভাষাশিক্ষায় একটি শব্দ শিখিয়ে শুক না করে বাক্য দিয়ে শুক
হয়—শিশু সম্পূর্ণ মনের ভাবকে প্রকাশ করতে স্থযোগ পেলে তার শেখা
সহজ হয়।

শিক্ষার মধ্য দিয়ে শিক্ষাণীব বিচার বিশ্লেষণ ক্ষমতা-বিকাশ লাভ যাতে হয় শিক্ষক সেই চেটাই কববেন —তবে ত। শুক্ হবে শিশু মনোবিজ্ঞানকে অন্ত্যারণ করে। শিক্ষায় যুক্তির পথে আমাদেব আদতে হবেই কিন্তু শিশুব মন ও তাব বিচার বৃদ্ধি পরিণত হবাব পূর্বে তাব উপব কিছু চাপিয়ে দিলে তাব ফল শুভ হয় না, সেইজগু তার মন প্রশ্নত করতে হবে। শিশুব জ্ঞানেব পরিধি ধীবে ধীরে বাডবে। শিশুর শিক্ষা কিছুনুর অগ্রসর হবার পব তার মানসিক গঠন উপযুক্ত হলে যুক্তি শিদ্ধ প্রবালী শিক্ষায় প্রযোগ করতে পাব। যায়।

# যুক্তিসিক ও মনোবিজ্ঞান সমত প্রয়োগ :--

আগুনিক শিশুকেন্দ্রিক শিক্ষার শিশুকে ক্লেনে তাদেব ব্যক্তিগত পার্থক্য স্বীকাব করে নিয়ে শিক্ষাব ব্যবস্থা করা হয়। শিশুকেন্দ্রিক শিক্ষা মনোবিজ্ঞান সমত শিক্ষা। শিশুব শিক্ষায় তাব ক্ষচি, আগ্রহ, ক্ষমতা, সক্রিয়ত। সবকিছ় বিচাব কবে শিক্ষার ব্যবস্থা করা হয়। কিন্তু তাই বলে মনোবিজ্ঞান সম্মত্র শিক্ষাব পিছনে কোন যুক্তি নেই একথা কেউ বলবে না। যুক্তিনিদ্ধ শিক্ষা প্রণালী প্রধানতঃ বিষয়া প্রগ্রাই হওয়াব ফলে একটা নিদিষ্টক্রম বা ধাবাকে অনুসরণ কবতে হয়। তাই শিক্ষার্থীব ইচ্ছা অনিচ্ছা বা আগ্রহের উপব সম্পূর্ণ নির্ভর কব। থানে সহাব নস। ব্রক্তিসিদ্ধ প্রণালী একটা নিয়মের মধ্য দিয়ে চললেও শিক্ষার্থীব বৈচাব বৃদ্ধি ও চিতাশক্তি বিকাশে সাহাগ্যই এব মূল লক্ষ্য। মনে রাখতে হবে শিশু কিছ্টা পরিণত না হলে, শিক্ষণ কিছুটা অগ্রসর না হলে যুক্তিসিদ্ধ রীতি প্রয়োগ সম্ভব না।

শিশু ধীবে ধীরে যুক্তি প্রবণ হয়ে উঠে। বিমৃত বিষয়কে যুক্তিব সাহায্যে বৃরতে পানে। বৃত্তির সাহায্যে তার বক্তব্যকে প্রতিষ্ঠিত করতে পারে। মনোবিজ্ঞান দমত পথই তাকে যুক্তির পথে পবিচালিত করে। আবাব মনোবিজ্ঞান দমত যে প্রণালীই মামরা অনুসবণ করি নাক্রকন তাকে যুক্তিনির্ভর হতে হবে। এদিকে মনোবিজ্ঞানেব পথ ধবেই আমরা যুক্তির পথে পৌচাই তাই যুক্তিসিদ্ধ প্রণালীও মনোবিজ্ঞান নির্ভর হযে উঠে।

আমানেব বিভালয়ে পাঠাক্রম যদি বিচার করি ভাহলে দেপি শিক্ষাদান

কালে আমরা যুক্তিসিদ্ধ মনোবিজ্ঞান সমত হু'টি প্রণালীর প্রয়োগই কবেছি। ইতিহাস জ্ঞানমূলক পাঠ। জ্ঞানমূলক বিষয় পাঠে যুক্তিসিদ্ধ প্রণালীই প্রকৃষ্ট প্রণালী। কিন্তু, কার্যতঃ আমরা দেখি শিশুদেব যথন ই।তহাদ পড়ান শুক ংয তথন মনোবিজ্ঞান সমত প্রণালীই অনুস্ত হয়। ছোটরা গ**য়** ভনতে ভালবাসে। তাই তৃত্যি শ্রেণীতে যথন ইতিহাস পঢ়া শুক হয় তথন অগস্তা, বিশামিত্র, রামায়ণ, মহাভারত প্রভৃতি কাহিনীর মধ্যে শিশুরা ইতিহাদের বদলে গল্পই পডে। তারপর ধীরে ধীবে ধাপে ধাপে অগ্রসর হয়ে প্রবেশ করে ইতিহাসের নিজের ক্ষেত্রে। তথন ইতিহাসের পাঠ্যক্রম তাদের মেনে চলতে হয়। খুশা মত বেছে কোন অংশ প্তলে ইতিহাদকে জান। যায় না। ইতিহাসের ধারাবাহিকতা তাকে মেনে চলতে হবে। সিপাহী বিদ্রোহের ইতিহাস পড়তে বসে ১৮৫৭ থ্রীঃ কি হযেছিল তা পড়লেই হবে না। ইংরেজ অধিকারে ভারতেব দামাজিক, অর্থ নৈতিক, রাজনৈতিক ও ধর্মের ক্ষেত্রে কি পরিবর্তনের স্থচন। হয়েছিল, কেন হয়েছিল, কি করে হয়েছিল, তার প্রতিক্রিয়া দিপাহীদের মধ্যে কি হয়েছিল ভাব পটভূমিকায় দিপাহী বিশ্লোহকে জানতে হবে। তাই দেখা যাক্ষে একদিন শিশুর মনোরগ্ধনের জন্ম গল্পজ্ঞলে যে ইতিহাস পড়া শুণ হয় তা হচ্ছে মনোবিজ্ঞান সম্মত পথ। । শশু যথন বড হ'ল তথন সন তারিং মিলিয়ে ইতিহাস পডছে। একটা জাতিব উত্থান পতনের কাবণ বিল্লেষণ করছে তথন ইতিহাস পড়া হচ্ছে যুক্তিসিদ্ধ প্রণালীতে। প্রাথমিক অবস্থায় শিশু যথন বিমূর্ত বিষয়কে তার ধারণার মধ্যে আনতে পারে না তথন জ্ঞানযুলক বিষয় যুক্তির সাহায্যে বুঝানোর চেটা বাতুলতা। তথন মনো-বিজ্ঞান সমত পথে শিশুর শিক্ষা অগ্রসর হবে। বড হবাব সাথে সাথে ধীরে ধীরে যক্তির সাহায্য নিতে হবে।

মনোবিজ্ঞানসমত পণ্ট শিক্ষাব একমাত্র পণ একণ। মামর। বলতে পারি ন।। শিশুকেন্দ্রিক শিক্ষা মনোবিজ্ঞান নিভ্ন শিক্ষা একণা আগেই বলেছি। এই মনোবিজ্ঞানেব পণ ধ্বেই আমর। যুক্তি নিভ্ন শিক্ষাব পণ্ডে অগ্রসর হই।

# আরোহী ৪ অবরোহী পদ্ধতি (Inductive And Deductive Method):-

যুক্তিদিদ্ধ শিক্ষার পথে আমবা তু'টি পদ্ধতি অনুসরণ করি। একটি মারোহী পদ্ধতি। ৫ শিশু শিক্ষার প্রথম অবস্থায় কতকগুলি উদ'হরণ তার সামনে তুলে ধর। হয় কিথা নিজের অভিজ্ঞতার মধ্যদিয়ে একটা জিনিসের বিশেষ গুণ বা বৈশিষ্ট্যের সাথে পরিচিত হবার পর সে সম্পর্কে একটা সাধারণ ধারণায় উপস্থিত হয়। আগুনে নিজে হাত পুড়িয়ে বা বিভিন্ন জিনিস আগুনে পৃড়তে দেখেই শিশু অগ্নির দাহিকা শক্তি সম্পর্কে ধারণা কবতে শেখে। কাঠ জলে ভাসে—টুকরো টুকরো কাঠ জলে ভাসিয়ে বা ভাসতে দেখেই সে এই সিদ্ধান্তে আসে। মানুষ মরণশ্লি—মানুষ মরছে এই দৃষ্টান্ত দেখিয়েই তাকে একথা বুঝান সম্ভব। দৃষ্টান্ত থেকে সাধারণসত্ত্বে পৌছান শিশুর পক্ষে সহজ্প সাধ্য নয়, তবুও যাতে তারা নিজের। পর্যবেশণ করে, চিন্তা করে, কোন সিদ্ধান্তে আসতে পারে সে চেষ্টা করা দরকাব। জানা থেকে অজানায় যাওয়া (From known to unknown) বিশেষ থেকে সাধাবণ স্তব্ধ্ব গঠন (From particular to general) ইত্যাদি নীতির ক্ষেত্রে এই আরোহী পদ্ধতিকেই সক্রিয় দেখা যায়। মনে রাখতে হবে আমরাই যদি শিশুর হয়ে স্তব্ধে গঠন করি তাহলে আরোহী পদ্ধতি মূল্যহীন হযে পডে। শিশুর চিন্তাশক্তির বিকাশ, যুক্তিপ্রয়োগ করার ক্ষমতা বৃদ্ধির মধ্যেই আরোহী পদ্ধতির সার্থকতা।

কোন হত্ত গঠিত হলে দেই হত্তকে নিদিষ্ট শেত্রে যাচাই করে দেখা দরকার। সাধারণ স্থাকে বিশেষ বিশেষ থেকে প্রয়োগ করাকে বলা হয় অবরোহী পদ্ধতি। এখানে আমরা সাধারণ থেকে বিশেষের দিকে আদি Proceed from general to particular)। মান্ত্রম মরণশাল, রাম একজন মান্ত্র—তাই বাম মবণশাল। এখানে মান্ত্র্য মরণশাল এই সাধারণ হত্ত্বটি রাম নামক বিশোষ মান্ত্র্যটিব ক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে। শিশু বখন কয়েকটি উদাহরণ থেকে সাধারণহত্ত্বে পৌছাল তাবপর নেই সাধারণ হত্ত্বকে আবার বিশেষ ক্ষেত্রে সে প্রয়োগ করতে পারে কি না তাও দেখা দরকার। এতে যেমন সাধারণহত্বে পরীক্ষা হয় তেমনি প্রয়োগের (application) মাধামে শিশুর জ্ঞান বৃদ্ধি পায়। যুক্তিনির্ভর শিক্ষার ক্ষেত্রে আবোহী ও অববোহী গ'টি পদ্ধতির ব্যবহাব করতে পারা যায়। একই পান্টে উভয় পদ্ধতিব প্রযোগ করতে শিক্ষামীৰ যাক্ত প্রযোগেব গাক্ত্ববৃদ্ধি পায়।

#### ডাল্টন-পরিকল্পনা (Dulton Plan):--

গতানুগতিক এেণিশিক্ষাব বন্ধন থেকে শিশুকে মৃক্তি দেবাব যে আধুনিক প্রচেষ্টা শিক্ষার ক্ষেত্রে চলেছে, দেই প্রচেষ্টাব কলম্বনপ ডান্টন-শিক্ষাপদ্ধতি প্রবৃতিত হয়। শ্রেণীশিক্ষায় শ্রেণীর মধ্যে শিক্ষার্থীব বাক্তিসতা লোপ পেথে ধায়। শ্রেণীগত শিক্ষায় শিক্ষার্থীব স্বাধীনতা, স্ব্যংক্তিস্টা, ইচ্ছা-অনিচ্ছা বহু পরিমাণে ব্যাহত হয়। পড়ায় ইচ্ছা না থাকলেও তাকে পডতে হয়, নিশিষ্ট সময়টুকু অভিক্রান্ত হলে পাঠের বিষয় বদলে তাকে অক্স বিষয়ে মন দিতে হয়। ডান্টন শিক্ষাপদ্ধতিতে শ্রেণীশিক্ষার অস্ক বিধা দূর করে শিশুকে শিক্ষার ব্যাপারে প্রাধান্ত দেওয়া হয়েছে। আমেরিকা যুক্তরাষ্ট্রের ম্যাদাচ্দেট প্রদেশের ভান্টন শহরের টাউন হলে মিদ্ হেলেন পার্কহান্ট এই নতুন শিক্ষা-পদ্ধতি নিয়ে প্রথম পরীক্ষা শুরু করেন বলে এই পদ্ধতি ডান্টন পরিকল্পনা নামে খ্যাত। তিনি ১৯১৯ থ্রী: এই শিক্ষাপরিকল্পনা রচনা করেন। একে Laboratory Schoolও বলা হয়ে থাকে। ১৯২২ থ্রী: মিল এভিলিন ডিউই এই পদ্ধতিকে Dalton Laboratory Plan নাম দেন। এই পদ্ধতিকে 'ল্যাবোরেটরী প্র্যান' বলার উদ্দেশ হচ্ছে এই পদ্ধতিতে শ্রেণীকক্ষ-শুলিকে এক-একটি প্রীক্ষাগারে বা কর্মশালায় পবিণত করা হয় ও দেই ভাবেই ব্যবহার করা হয়। পবীক্ষাগারে নিক্ষোর বিভিন্ন উপকরণ—বই, ম্যাপ, চাট প্রভৃতি থাকবে। ছাত্র ছাত্রীর। নিজেরা দেই উপকরণের সাহায্যে নিজেদের পাঠ বা গবেষণা স্বাধীন ভাবে চালিয়ে যাবে।

ডাল্টন-পদ্ধতিতে শিক্ষার্থীর উপব নিজ নিজ পাঠ আয়ত্ত করার দায়িত্ব করা হয়। শ্রেণীশিক্ষার ব্যবস্থা এগানে নেই। শ্রেণীকক্ষের বদলে এগানে বিষেদ্ধ বিভিন্ন বিষয়-কক্ষ। প্রতিটি বিষয়-কক্ষে বিষয় উপযোগী শিক্ষার উপকবণ রয়েছে—শিক্ষার্থী নিজ নিজ পাঠ আয়ত্ত করতে শিক্ষার্থীৰ স্বাধীনতা এব সাহায্য গ্রহণ কবে। শ্রেণী-শিক্ষক এই পদ্ধতিতে নেই, আছে বিষয় শিক্ষক। শ্রেণী-শিক্ষার মত শ্রেণী-শিক্ষক এই পদ্ধতিতে নেই, আছে বিষয় শিক্ষক। শ্রেণী-শিক্ষার মত শ্রেণী-কক্ষে আবদ্ধ শিক্ষাণীদেব সামনে এরা বক্ততা কবেন না—এব। প্রয়োজনমত ছাত্রদের সাহায্য করেন মাত্র। শ্রেণীশক্ষার মত শিক্ষার্থী এথানে নিজ্যে প্রোতা নয় বা এথানে শিক্ষকেব বক্ততা শোনাই তার একমাত্র কাজ নয়। শিক্ষার্থী নিজের ইচ্ছামত উপস্থাপিত সমস্যাগুলি নিয়ে কাজ কববে ও সমাধানেব চেছা কববে। শিক্ষার্থী এথানে স্বাধীন ও সক্রিয়।

ডাল্টন পদ্ধতিতে শ্রেণীশিক্ষা না পাকলেও শিক্ষাখীদের যোগ্যতা অনুসাবে শ্রেণীবিক্তাদ রয়েছে। শিক্ষক কোন বিষয়ের শুকতে একটি নিদিষ্ট পর্যায়ের ছাত্রদের সামনে সে বিষয় কি ভাবে আয়ত্ত করতে হবে সে সম্পর্কে সাধাবণভাবে আলোচন। কবেন। তারপব একটা নিদিষ্ট সময়ের জন্ম কাজ নিদিষ্ট করে দেন। সেই প্র-নির্দিষ্ট সময়ের মধ্যে শিক্ষাণীকে নির্দিষ্ট কাজ শেষ করতে হয়। ডান্টন-পদ্ধতিতে বছরের পাঠ বিভিন্ন বিষয়-শিক্ষক বে:গাত1 কয়েকটি ভাগে ভাগ করে দেন। এক-একটি ভাগ ব। অমুসাবে নিদিই : ময unit নিদিষ্ট সময়ের মধ্যে ( সাধারণতঃ এক্যাস ) শেষ নিৰ্দিষ্ট কাজ • করতে হয়। নির্দিষ্ট কাজকে বলা হয় Assignment. (Assignment) শিক্ষার্থী নিজের ইচ্ছামত সময়-তালিক। তৈরী করে পাঠ প্রস্তুত করে। তবে কান্স (assignment) নেবার সময় তাকে অঙ্গীকার করতে হয়—যে কাজ তাকে দেওয়া হ'ল, সেই কাজ সে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করবে। কাজ নেবার পর সে স্বাধীনভাবে কাছ শুরু করবে। পরীক্ষা না থাকলেও চার সপ্তাহ শেষে তার পাঠ্য সে সম্পূর্ণভাবে আয়ন্ত করতে পেরেছে কি না তা প্রমাণ করার জন্ম তাকে প্রস্তুত থাকতে হবে। শিক্ষার্থী যে কোন বিষয় নিয়ে শুরু করতে পারে ও যতক্ষণ খূশা একটি বিষয় নিয়ে কাজ চালিয়ে যেতে পারে। ইচ্ছা কবলে একাধিক বিষয়ে মন সংখোগ কবতে পাবে বা একটি বিষয়ের উপরই পর পব কয়েকদিন মন নিবদ্ধ রাণতে পাবে। শিক্ষক পভান না কিন্তু নির্দিষ্ট সময় শ্রেণাকক্ষে উপস্থিত থাকেন। যে কোন শিক্ষার্থী সেই নির্দিষ্ট সময়ের মধ্যে তার কাছে গিয়ে তার পরামর্ণ ও সাহায্য গ্রহণ করতে পাবে। এব ফলে শিক্ষার্থীবা নিজেদের প্রবণত। ও খূল্মত কাজ করার স্বযোগ পায়। শিক্ষকের সাহায্য যে কোন সময় গ্রহণ করতে পারে কিন্তু এজন্ম কোন বাধ্য-বাধকত। নেই। শিক্ষকের সাহায্য গ্রহণ সম্পূর্ণ স্বেচ্ছামূলক:

#### শিক্ষকের কাজ:--

বিষয়-কক্ষে শিক্ষক উপস্থিত থেকে নিম্ন কতব্যসমূহ পালন কবেন:

- ১। বিশ্য কক্ষে পাঠেব উপযোগী পরিবেশ বজাব বাগা।
- ২। 'থে নির্দিষ্ট কাজ দেওয়া হ'ল যে সম্পর্কে বিশদভাবে আলোচনা কবা।
- ৩। বিষয় উপযোগী শিক্ষা-উপকরণ ও তাব ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় সংবাদ দেওগ।।
- ৪। বিভিন্ন সমস্তা কিভাবে সমাধান করতে হবে সে সম্পর্কে প্রামর্শ দেওয়া।
- ৫। ধথন সত্যিকার প্রয়োজন উপস্থিত হয় তথন কোন একটি সমস্তাকে পুরোপুরি ব্যাখ্যা করে বৃঝিয়ে দেওয়া।

শিশুকেন্দ্রিক শিক্ষায় শিশুকে তার কাজে স্বাধীনতা দেবার নীতিকে ডান্টন-পরিকল্পনায় সম্পূর্ণভাবে গ্রহণ করা হয়েছে। এ সম্পূর্কে Dalton Association-এব একথানা Leflet-এ যা বলা হয়েছে তা বিশেষভাবে প্রণিধানযোগ্য। স্থোনে আছে "The Dalton Plan is a scheme of educational reorganisation applicable to the school-work of pupils from eight to eighteen years of age. It aims at giving the child freedom, making the school a community where the mutual interaction of groups is possible, and it approaches the whole problem of work from the pupil's point of view, giving him more responsibility for, and interest in, his education."

'The form rooms become subject laboratories, wherein are collected all the books and apparatus relative to the particular subjects."

"The pupils are srill grouped in forms for convenience sake."
(As quoted by Sri John Adams in "Modern Development in Educational Practice)

দেখা যাতে বাধীনতাই হচ্ছে এই পদ্ধতির মূলকথা। মনোবিজ্ঞানসম্মত শিক্ষায় শিক্ষাপাঁর ইন্ডা-অনিচ্ছার উপর বিশেষ গুক্ত আহোপ করা হয়। শিক্ষাপা তার নিজেব ধুনামত যে কোন বিষয়ে নিয়ে কাজ করবে , কোন বিষয়ে দে মনোনিবেশ করলে তার কাজে হহকেপ করা চলবে না, বা বাস্কনীয় নয় তালিকার বিলোপ নয়। সময়-পত্রিকা (Time Table) থাকলে শিক্ষাপাঁও সেম্ছা নিয়্মণ তার ইচ্ডামত সময়ে কোন বিষয়ে নিবদ্ধ থাকতে পারত না। তাই ডাল্টন-পদ্ধতিতে সময়-পত্রিকা বাদ দেওয়া হয়েছে এই পদ্ধতিতে যে স্বাধীনতা দেওয়া হয়েছে সেই স্বাধীনতাই শিক্ষাপাঁকে দায়িতের বন্ধনে বেনে যেলে। বাইরেব জবরদন্তি তার উপরে একট্র নেই, কিন্তু নিজেশ সক্ষয়ে বন্ধার ছন্ত্র আন্ত্রসম্পান রক্ষায় সে নিছেই প্রভাৱ মনোযোগী হয় ! স্বাভাবিক দায়েরবাদ থোলে নিদিহ কাজ সে নিদিই সময়ে শেষ করে দেয় স্বাধীনতার ফলে শিক্ষাপাঁদের স্বেল্ডানিয়ন্ত্রণ বোধ জন্মায় অবাধ স্বাধীনতা উচ্ছুঞ্জিত বি স্থানে অক্টাত পুন্লোব (inner sense of discipline) চেত্রা কৃত্বি করে।

ডান্টান-পদ্ধতিতে থেমন হল্ডামত কাছেব প্রাবধা রয়েছে, তেমান ইচ্ছ।
করলে প্রস্পাবের সহ্যোগিতাম দলবদ্ধ হয়ে কাজ করার স্তথাগত রয়েছে
(Where mutual interaction of groups is possible)। দলবদ্ধ
হয়ে সহযোগিত হয়ে কালে মনোভান বিয়ে কালে করার ফলে
শিক্ষাণীর মধ্যে সামাজিক তেতনা স্কৃতিব দুশারক হয়।
তবে দলবদ্ধ হয়ে কাজ করা সম্পূর্ণ ভাবে শিক্ষাণীর বাধীন ইচ্ছার উপর
নির্ভির করে।

ভালনৈ গছাততে প্রাক্ষার ব্যবস্থা নের্হ কিন্তু শিক্ষাণীর পাঠ কভট, অগ্রান্ধর হয়। শিক্ষাণা কোনা বিষয়ে কভটা আয়ন্ত কবল, ভা জানাব প্যবস্থানা পাকলে পাঠ-প্রগাহ সম্প্রে কেন্দ্র ধারণা কথা নায় না। ভাই শিক্ষক শিক্ষাণীরে বিভিন্ন বিষয়ে অগ্রন্থর বেক্ড রাপেন। চাত্রেরা কোন একটি বিষয় আয়ন্ত করার পর ভাব সাম্মের্ম দেখে অপ্রগাতর লেগমিত (graph) অস্তন কবা হয়। এই লেগচিত্র দেখে শিক্ষক শিক্ষাণী ইন্নতির বেক্ট উত্থাই উন্নিতি সম্প্রেক্ট ধাবণা করতে পারে। শিক্ষাণী ব্যাভে পাবে কোন বিষয়ে সে ক্ষেকটি unit পিছিয়ে আছে। শিক্ষক লেগচিত্র দেখে অগ্রগতি ঠিক ভাবে হচ্চে কি না ব্রাভে পারেন ও দ্বকার হলে পাত্র-প্রিকল্পনার পরিবর্তন কবতে পারেন। চুল্লি অন্ধ্রায়ী একটি কাজ শেষ হলেই ভাকে নতুন কাজ দেওয়া হয়। এ পদ্ধতিতে

একজনের জন্ম আর একজনকে বদে থাকতে হয় না। আপন আপন যোগ্যতঃ অমুসারে বিভার্থীরা এগিয়ে চলে।

ভান্টন-পদ্ধতির প্রধান বৈশিষ্ট্য হচ্ছে শিক্ষার্থীকে কান্ধ করার সম্পূর্ণ স্বাধীনতা দেওয়া হ্যেছে। এর ফলে তার আয়াবধাদ বেডে যায়। স্বাধীনতাবে কান্ধ করায় তার দায়িজবোধ জন্মায়—য়৷ তার ব্যক্তিয় বিকাশেব ও নিজের মৃত্তি ও বৃদ্ধি বলে কান্ধ করার ক্ষমতা ও সমস্তা সমাধানের পক্ষে মহায়ক হয়। দলগত ভাবে কান্ধ করাব ফলে সহযো,গতার মনোভাব বৃদ্ধি পায় ও অপরের মতামতকে মূল্য দিতে ও শদ্ধা করতে শেশে। বৃদ্ধিমান ও মেবাবী ছাত্রকে অনপ্রসর ছাত্রের জন্ম অপেক্ষা করতে হয় না। নির্দিষ্ট কান্ধ শেষ করতে পায়লেই দেন্দ্রন কান্ধ নিষে এগিয়ে যেতে পারে। আবাব অনগ্রনর ছাত্রকে শ্রেণার অন্ধ সরাব সাথে এগিয়ে যাবাব জন্ম গালাতে গিয়ে ব্যতিব্যস্ত হতে হয় না বিষয় অন্ধনরে শ্রেণা কন্ধ পাকার বিভিন্ন বিষয়-কক্ষে সেই বিষয়ের উপথোগ পাঠ পবিবেশ সৃষ্টি হ্রায় শিক্ষার্থীদের পক্ষে সেই আবহাওয়ায় কান্ধ কবার স্ক্রিধা হয়।

#### ক্ষাস্থ্রবিশা :--

ডা-টন-পদ্ধতিব প্রধান অস্থবিধ। হচ্চে মেধাবী ও বুজিমান ছেলেদের পক্ষেত্র প্রবিধাজনক হলেড সাধারণ বৃদ্ধি-—বিশেষ কবে অনগ্রধর ছেলেদেব পক্ষেত্র প্রদাসী নয়। ডোট ছেলেদের ক্ষেত্রেও এ-পদ্ধতির প্রয়োগ খ্ব স্থবিধাজনক নয়। নাই থেণীব অল্পব্যস্ত ছেলেমেয়েদেব পক্ষে শিক্ষকের দাহায্য ছাড। নিজেদের ক্ষমতায় কাজ করা সম্ভব নয়।

ভান্টন পদ্ধতিতে 'শ্রেণী পঠন' একেবাবে নির্বাদিত বরা হয়েছে। কিন্তু দেখা গিয়েছে রসগ্রাহিতামূলক ও প্রেরণা-মূলক পাঠে শ্রেণী-শিক্ষা অধিকতব উপযোগী। এই পদ্ধতিতে শিক্ষককে প্রায় নিক্ষিয় দর্শকের ভূমিক। দেওয় হয়েছে। অথচ তাকে সর্বদাই বিষ্ণু-কক্ষে উপন্থিত থাকতে হচ্ছে। ভিন্ন ভাবে একই সমস্তা নিয়ে ছাঞ্জো মাসছে, কথন কে আসবে তার স্থিরতা নেই, এর ফলে তার উপর চাপ অনেক বেশী হওয়ায় তিনি বিশ্রামের স্ক্রেণাপ পান না।

অগ্রগতির পরিমাপ শুরুমাত্র অধাত বিষয়-বস্তুর সারমর্ম লেখা দেখেই
ঠিকমত বিচাব করা ধায় না। সাধাবণ শিক্ষার মত প্রশোত্তরের মাধ্যমে
শিক্ষার স্থাোগ এ পদ্ধতিতে নেই। শ্রেণী গঠনে প্রশোত্তরের মাধ্যমে বিষয়বস্তু সম্পর্কে সম্যক ধারণ। জ্মাবার ও কোন সমস্য। থাকলে তা স্মাধানের পক্ষে
স্থবিধা হয়।

ডান্টন পদ্ধতির বান্তব ক্ষেত্রে প্রয়োগ করতে হলে প্রচুর বিষয় কক্ষ্,
শিক্ষার্থীদের পর্যাপ্ত আসন সংখ্যা, অভিজ্ঞ বিষয়-শিক্ষক সংগ্রহ, প্রচুর পরিমাণ
শিক্ষার উণকরণ সংগ্রহ করা দরকার। ভারতে অত্যন্ত সীমাবদ্ধ ভাবে এই
পদ্ধতির প্রয়োগের চেটা হয়েছে। ১৯২৪ খ্রীঃ পাঞ্জাব এডুকেশন জার্ণালের
ক্ষেত্রুয়ারী সংখ্যা থেকে জানা যায় যে, একবার Chief's College এ ডান্টন
পদ্ধতি প্রয়োগের চেটা হয়েছিল কিন্তু সে প্রচেটা কার্যকরী না হওয়ায়
পরিত্যক্ত হয়। লাহোর Central Training College এ এই পদ্ধতির
প্রয়োগ প্রচেটা কিছু সার্থক হয়, কিন্তু সেথানে কাদ্ধ বেশীদ্র অগ্রসর হয় নি।
বাংলা দেশে বহরমপুরের কোন একটি হাইস্কুলের প্রধান শিক্ষক উৎসাহী হয়ে
ডান্টন পদ্ধতি তাঁর স্কুলে প্রয়োগ করতে চেটা করেছিলেন। তু'টি শ্রেণীর
জন্ম নির্দিষ্ট কাদ্ধ (assignment) ঠিক করে বিষয় কক্ষ ঠিক করে কাদ্ধে
অগ্রসর হন। তু'মানের মত কাদ্ধ চালিয়ে কতকগুলি অস্ক্রিধার জন্ম
প্রিকল্পনা ত্যাগ করতে বাধ্য হন।

# প্রোজেন্ট পদ্ধতি (Project Method) :—

ডিউই শিকাগো দহরে Laboratory School-এ তার শিকানীতিকে বাস্তব রূপ দেবার জন্ম পরীক্ষা-নিবীক্ষা শুক করেন। তিনি গভারগতিক শিক্ষা-পদ্ধতিকে ত্যাগ করে নানারপ কাজের মধ্য দিয়ে শিক্ষাব ব্যবস্থ। করেন। দৈনন্দিন কর্মজীবনে আমরা বহু সমস্থার সম্মুখীন হই, সমস্থার সম্মুখীন হয়ে সমস্তা এডিয়ে চলবাব চেষ্টা ন। করে সমস্ত্রা চেষ্টা করি। সমস্রা সমাধানে তৎপর হয়ে নানা উপায় উদ্থাবন করি। গঠনমূলক কাজেব মধ্যদিয়ে সমস্তা সমাধানেব প্রচেষ্টায় আমবা বাস্ব জীবনে বহু অভিজ্ঞত। সঞ্চয় করি। সমস্যাসমাধানে কর্ম তৎপব হলে আমবা যে ভাবে শিক্ষালাভ কবি ডিউই তাঁব শিক্ষাপদ্ধতিতে দেই নীতিরই প্রযোগ কবেছেন। এই প্রতিকে বলা হয় Problem Method। ডিউইব শিক্ষাপদ্ধতিতে শিশুকে ্রেণ-কক্ষেব শৃঙ্খলা থেকে মৃত্তি দেওয়া হয়েছে। স্বাভানিক পরিবেশে শিক্ষক-নি বি না হয়ে যতটা সম্ভব শিক্ষার্থীবাই নিজেদেব সম্ভাব সমাধান করবে। এই সমস্তা সমাধানমূলক কাঙ্গেব মধ্য দিয়েই তাদের ব্যক্তিছেব বিকাশ ঘটবে। দে বাসুর জীবনের স্মুগীন হবাব যোগাত! অর্জন কংবে। সহযোগিতামলক কাজের মধ্য দিয়ে সামাজিক জীবনের উপযুক্ত হয়ে উঠবার যোগ্যতা লাভ কববে। ডিউই টের্ঘোছলেন শিক্ষার্থী শিক্ষার মধ্য দিয়ে সার্থক সামাজিক জীবরূপে গড়ে উঠবে। তার Problem Method-এর মধ্য দিয়ে তিনি সেই সার্থকতায় পৌছতে চেয়েছেন।

#### প্রোজেক্ট :--

বিগত প্রথম মহাসমরের পর ডিউইর শিগ্য ডা: কিলপ্যাট্রিক ডিউইর শিক্ষা-পদ্ধতিকে কিছুটা পবিবৃতিত করে বাস্তব সমাজের পরিবেশে বাস্থবজীবনের বিভিন্ন সমস্থা সমাধানের যোগ্যতা অর্জনের ভিত্তিতে প্রোক্তেন্ট পদ্ধতিব পরিকল্পনা কবেন। স্টিভেনসন বলেছেন, প্রোক্তেন্ট হচ্ছে একটি সমস্থাম্লক কাজ যা স্থাভাবিক পরিবেশে অন্তর্গ্তিত হয়েছে—"The Project is a problematic act carried to completion in its natural setting."

এই পদ্ধতিতে যে কাজটি শিক্ষার্থীকে দেওয়া হবে, তা হবে সমস্তামূলক এবং শিক্ষার্থীর। সেই সমস্তাব সমাধান করবে শ্রেণীকক্ষেব বাইরে স্বাভাবিক পরিবেশের মধ্যে। কিলপ্যাট্রিক প্রোক্তের সম্পর্কে বলেছেন, Project is a wholehearted purposeful activity executed in a social environment—প্রোক্তের হচ্ছে একটি উদ্দেশ্যমূলক কাজ যা সামাজিক পরিবেশে স্বাস্তঃকরণে সম্পাদিত হবে।

প্রেছের পদ্ধতিতে প্রতিটি কাজের পিছনে থাকে একটি সমস্থা এবং সেই সমস্থার পিছনে থাকবে একটা উদ্দেশ্য। সমস্থা শিকার্থীর সামনে উপুদ্ধিত কব। হলে তাবা সেই সমস্যাটির সমাধান করবে ও এই সমস্থা সমাধানেই মধ্যী দিয়ে কান্তটির উদ্দেশ্য সিদ্ধ হবে।

সমস্যায়ূলক কাজটি উপস্থাপনা থেকে সার্থক সম্পাদন ও তার বিচার-বিবেচনা পর্যস্ত আমর। চারটি শুব লক্ষ্য করি। সেই শুরগুলি হচ্ছে—

## প্রোক্তেক্টের চারটি স্তর :--

- ১। শিক্ষার্থীর সামনে যথন একটি কাছ বা সমস্যা (Project,) উপভাপন কবা হবে তথন তাবা স্থিব কববে এই কাজটি তাবা কেন করবে। সেই
  বিশেষ সমস্যা সমাধানের মধ্য দিয়ে কি উদ্দেশ্য সিদ্ধ হবে—তাই প্রথম ক্রিক্তা হচ্ছে উদ্দেশ্য স্থির কবা (Purposing)।
- ২। উদ্দেশ্য স্থির করার পর ঠিক করতে হবে কি করে কাজটি কর; যার—অর্থাৎ সমস্তার সমাধান হয়। একে বলা হয় পবিকল্পনাব হব (P.anning)। এই শুরে কাজটি কয়টি ভাগে (unit) ভাগ করা হবে। কে কভটা কাজ করবে, unit-গুলি সম্পাদনের জন্ম কিভাবে দল গঠন করা হবে তা ঠিক করে নে ওয়া হবে।
- ৩। এর পর পরিকল্পনাকে বাস্তবে রূপ দিতে হবে পুর্বনির্ধারিত পরি-কল্পনা অনুসাবে উদ্দেশ্যমূলক কাছটি বাস্তবে রূপ দেবার জন্ম স্বাই কাজ করবে। এই শুরকে বলা যায় কর্মসম্পাদন ন্তর ( exocuting )।
  - s। কাজটি সম্পাদনের পর আসবে বিচারের স্তর (judging)। যে

কান্ধটি বা সমস্তাটি সমাধান করা হ'ল তা কডটা সফল হয়েছে, যে উদ্দেশ্ত নিয়ে কান্ধটি শুরু হয়েছিল তা দিদ্ধ হয়েছে কি না, ক্রটি-বিচ্যুতি কি রইল, কি শিক্ষা হ'ল সে সম্পর্কে সবাই মিলে আলোচনা করবে, বিচার করবে।

#### একটি প্রোক্তেক্টের বাস্তব রূপাহ্রণ:--

বিছালয়ের প্রাথমিক দিক থেকেই শিক্ষার্গীদের বাস্থব অভিজ্ঞতার মধ্য দিয়ে निका (ए॰ आ यात्र। मगत्र (१०८७ (मशान, किंग् निर्वत, श्रूब वाँडीत नका कत्र), স্থলের প্রয়োজনীয় জিনিস তৈবী কর।, বাগান তৈবী বরা, পশু-পক্ষী পালন কব। প্রভৃতি বন্ত জিনিস ভেলেদেব প্রোজেই পদ্ধতিব মধ্য দিয়ে শেখান যায়। প্রোজেই পদ্ধতিব বৈশিষ্ট্য হচ্ছে এখানে অমুবন্ধ প্রণালীব ( Correlation ) মধ্য দিয়ে শিক্ষা দেওয়া হয়। মল বিষয়ের সাথে যুক্ত হযে অন্ত যে সব বিষয় গাসং তার আলোচন। কব। হবে ও শিক্ষাথীতা সেই বিষয় সম্প্রে জ্ঞান এজন কংবে। যেমন—স্থিব কব_্হ'ল ভেলের। সুলের জমিতে একটি বাগান কববে। প্রথ**ে** কাজের উদ্দেশ্য স্থের করে নিতে হবে---কেন বাগান কর। হচ্ছে, এব দার্থকত কি, এর কোন প্রোজন বা উপকাবিত। আছে কি না সে সম্পর্কে সাধারণভাবে আলোচন: হবে। তারপ্র বাগান ই কি করে কর। হবে সে সম্পর্কে স্বাই মিলে পরামর্শ করে একটি পবিকল্পনা বচন। করা হবে। কাজটি কয়েকটি ভাগে ভাগ করে ভিন্ন ভিন্ন ধলের উপব এক একটি অংশ সম্পাদনের দায়িত দেওফ হবে। পরিকলন। হয়ে মাবাব পব বাগানটি তৈবীব কাজ শুক হবে। প্রতিটি দল নিজেদেব অংশের কাজ স্রষ্ঠভাবে সম্পাদন করে কাজটিকে বাপবে সাথক করে তুলবে। এর পব সম্পাদিত কাজটিব বিচাব-বিশ্বেষণ ২নে—ক্রটি-বিচ্যতি কোধার রইল তা যেমন খু জে বের কর। হবে, তেমনি কাঞ্চী কভটা সাথক হ'ল তা ও দেখতে হবে।

#### মূল্যায়ন:—

এখন দেখা যাক এই বাগান তৈবা কাজটিব মধ্য দিয়ে আমবা গগুবন্ধ প্রণালীতে কি কি কাজ শিখতে পাবি এবং কোন কোন বিষয় সম্পূর্কে আমাদের জ্ঞান হয়। বাগান তৈরী কবতে প্রথমেই একটি নক্সা কংতে হবে— স্কুলের কোন্ জায়নায় বাগান হবে—কতটুকু স্থামতে বাগান হবে সব মেপে স্থির কবে নিয়ে নক্সাতে দেখান হবে। তাবপব যে মাটিতে চাষ হবে তার গুণাগুল, কোন মাটিতে কোন ফসল জন্মায়, দে সম্পর্কে আলোচনা হবে। কোন ঋতুতে কোন ফসল ফলবে, কোন ফুল কোন ঋতুতে হয় প্রাদিষক ভাবে উদ্ভিদ্দ বিজ্ঞান সম্পর্কে আলোচনা হবে। জমিতে সার দেওয়। হলে কি সার দেওয় দরকার, বীক্ষ সংগ্রহ কবতে হলে নাশারীতে চিঠি দিয়ে বীক্ষ আনিয়ে নিতে হবে। বাগান তৈরীর একটা খরচ আছে, সেই খরচের হিদাব রাখা। কাছটি শুরু হবার পব ধারাবাহিকভাবে কাজের অগ্রগতির বিবরণ লিখে রাখা হবে। বাগান শেষ হলে কাজেব বিচার করা হবে—আলোচনা সভায় বিশ্লেষণ করা হবে—কাজে কোথায় ত্রুটি রয়েছে, কডটুকু পার্থক্য হয়েছে। তাই দেখা যাছে একটি বাগান করার মধ্য দিয়ে ছেলের। নক্সা তৈরী, উদ্ভিদত্ব, ভূতন্ব, চিঠি-লেখা, হিদাব বাখা, ভাষাশেখা প্রভৃতি সব কিছুই শিখতে পাববে। কাজের মধ্য দিয়ে তাদেব দেহচর্চাও হবে। প্রোজেক সম্পাদনে স্কনীশক্তির বিকাশ, মাত্মশক্তিতে বিশ্বাস, সহযোগিতাব মধ্য দিয়ে পাবস্পবিক প্রীতিব সম্পর্ক পড়ে প্রভৃতিব বহু উদ্দেশ্য দিন্ধ হবে। অম্বন্ধ প্রণালীব একটা বিপদ হচ্ছে মতি উৎসাহীব। মনেক সম্য কষ্ট-কল্পনা ও অপ্রাসন্ধিক বিষয়ের সাথে যোগস্থত্ত হাপন করতে গিয়ে শিক্ষা-বিল্লাটেব স্কৃষ্টি কবেন। এ সম্পর্কে Sir John Adams সতর্ক করে বলেছেন,—but there was a tendency to go to extremes, and sometimes curriculum got into a state of moxtricable confusion. All the subjects got mixed up in a general jumple,

#### প্রোক্তেক্টের গুরুত্ব :--

প্রাজে পদ্ধতি ডিউইব সক্রিয়তা-তত্ত্বে উপব প্রতিষ্ঠিত। শিক্ষাণীবা নিজের। সক্রিয়ভাবে সমস্থা সমাধানের মধ্য দিয়ে শিক্ষা গ্রহণ করবে এবং কাজটি কববে তাবা স্বাভাবিক সামাজিক পবিবেশেব মধ্যে। তাই প্রোজেই পদ্ধতিতে কাজেব মধ্য দিয়ে শিশুর ব্যক্তিত্ব বিকাশ ও সামাজিক চেতনার বিকাশলাভ এই সুই-ই ঘটবে। ডিউই শিক্ষাব ব্যক্তিসত্তা ও সমাজসন্তার মধ্যে কোন বিবোধ খুঁজে পান নি তাই এই ঘুইন্থেব সমন্বয় করতে চেয়েছিলেন। প্রোজেই পদ্ধতিতে ডিউইর সেই শিক্ষাদর্শের রূপই কিলপ্যাট্রিক দিয়েছিলেন।

প্রোদ্দের পদ্ধতি আধুনিক মনোবিজ্ঞানসমত। শিশুর মধ্যে যে স্বাভাবিক স্থানপ্রতিভা ও কর্মপ্রবণতা বয়েছে সে তার বশে কাজ কবতে চায়। যেহেতু শিশু কাজ করতে ভালবাদে, তাই তারা নিজেদের আগ্রহেই কাজ করবে। আগ্রহ ও সমস্যা সমাধানের কোতৃহলেব ছারা অন্প্রাণিত হয়ে সে কাজে স্বাভাবিক অন্ধ্রপ্রবণা লাভ করবে। প্রোজেক্ট পদ্ধতিতে শিশুকে কাজ করার পূর্ণ স্বাধীনতা দেওরা হয়েছে। সমস্রাটি যা শিশুর সামনে উপধাপিত হ'ল তা সে নিজেই সমাধান করবে। কাজের আনন্দের মধ্য দিয়ে সে যে শিক্ষালাভ করবে তার মধ্য দিয়ে সে বাস্তব অভিজ্ঞতা সঞ্চয় করবে। ত

সাধারণ শিক্ষায় একটি কাজ করতে গিয়ে ব। একটি বিষয় শিক্ষার ক্ষেত্রে তার পিছনে কি নীতি (Principles) রয়েছে, সেটাই আগে শেখান হয়।
শিঃ পঃ দ্বিতীয় পর্ব—৫

প্রোজেন্ট পদ্ধতিতে একটি কাজের পিছনে কি নীতি আছে শিক্ষার্থীরা তা নিজেরাই কাজ করতে গিয়ে প্রয়োজনমত জেনে নেবে।

"In the topical organisation the principles are learned first, while in the project the problems are proposed which demand in the solution the development of principles by the learner as needs—(W. W. Charters as quoted by Adams in Modern Development in Educational Practice.)

#### সীমাবত্ততা ঃ--

প্রোজেক্ট পদ্ধতিব অস্থবিধা হচ্চে একটি প্রোজেক্ট শেষ কবে আর একটি প্রোজেক্ট শুক করার মধ্যে যে কাঁক (gap) থেকে যায়, তাব মধ্য দিয়ে শিক্ষার ধারাবাহিকতা রক্ষা কবা সম্ভব নয়। এর ফলে অনেক বিষয়ে জ্ঞান অসম্পূর্ণ থেকে যায়। নিম্ন-শ্রেণীর অল্প বয়স্ক ছাত্রদেব জন্ম উপযোগী হলেও উচ্চশ্রেণীতে ষেখানে জটিল বিষয় বয়েছে সেখানে শিক্ষণীয় বিষয়েব ধারাবাহিকতা রক্ষা না পেলে শিক্ষালাভ সম্ভব নয় সেক্ষেত্রে প্রোজেক্টের কার্যকারিতা সীমাবদ্ধ।

অন্তবন্ধ প্রণালীব মধ্য দিয়ে শিক্ষার একটা সীম। আছে—সীমা ছাডিয়ে একে বিষয়ান্তরে সম্প্রসারিত কবলে কষ্টকল্পনাব আশ্রয় নিতে হয় এবং এমন সব বিষয়েব আমদানি করা হয় যাব সাথে প্রোজ্ঞেক্টের কোন সম্পর্ক নেই। প্রোজ্ফেক্টের মধ্য দিয়ে সব বিষয় শেখানো সম্ভব ও নয়। অনেক সময় কাজের চাপে প্রোজেক্টেব শিক্ষায়লক দিকটা চাপা পড়ে যায়।

অসুবদ্ধ প্রণালীতে শিক্ষা দিতে হলে শিক্ষকের যে পরিমাণ অভিজ্ঞত। থাক। দবকাব ও বহু বিষয়ে ব্যাপক জ্ঞান থাকা প্রয়োজন সেরপ শিক্ষক পাওয়া কমিন।

দলবদ্ধ হযে কাজ কবার দলে সহযোগিতামূলক মনোভাব স্ষ্টি হয়— সামাজিক বোধ জন্মায় আবাব দলের মধ্যে মিশে কাজে ফাঁকি দেবার ইচ্ছা থাকলে তাও খুব কঠিন নয় এবং সবকালে সর্বদেশে ত্'চারটি ফাঁকিবাজ ছেলে থাকবেই, তাবা এ স্থোগ গ্রহণ কববে।

# বুনিহাদী ও প্রোজেক্ট-পদ্ধতির তুলনা :--

প্রোজেন্ট-পদ্ধতির সাথে আমাদের দেশের বৃনিয়াদী শিক্ষা-পদ্ধতির অনেক দিক থেকে মিল রয়েছে। বৃনিয়াদী শিক্ষা, প্রোজেক্টের ন্থায় কর্মকেন্দ্রক ! এখানে একটি শিল্পকর্মকে কেন্দ্র করে শিক্ষা পরিকল্পিত হয়েছে। বৃনিয়াদী শিক্ষায় শিশুর পরিবেশ অঞ্নায়ী কয়েকটি শিল্প থেকে একটি শিল্প বেছে নিতে হবে— যার সম্পর্কে শিশু স্বাভাবিক আগ্রহ বোধ করবে। এই পদ্ধতিতেও মূল শিল্পটি থেকে জামুবদ্ধ প্রণালীতে নানা বিষয়ে জ্ঞানলাভের স্থযোগ আছে। উভয়

পদ্ধতিতেই মানসিক ও দৈহিক উভয় দিকের চর্চা হয়। ত্ইটি পদ্ধতিতেই বাস্তব পবিবেশের মধ্যে কর্মের পরিকল্পনা করা হয়। শিক্ষাকে বাস্তব জীবনের সাথে সংযুক্ত করা তুই শিক্ষা-পদ্ধতিরই বৈশিষ্ট্য।

প্রোজেক্ট পদ্ধতিতে শিক্ষাথীরাই প্রোজেক্ট স্থির করে। বুনিয়াদী পদ্ধতিতে দীমাবদ্ধ কয়েকটি পূর্বনিদিষ্ট প্রোজেক্ট থেকে একটি প্রোজেক্ট বছে নিতে হয়। প্রোজেক্ট পদ্ধতির জ্ঞানলাভের মধ্যে ধারাবাহিকতা রক্ষা করা সন্তব নয়। একটির পর একটি প্রোজেক্ট নিয়ে ছেলেরা কাজ কবে যায়, ফলে তাদের জানার মধ্যে ফাক থেকে যায়। বুনিয়াদী পদ্ধতিতে একটি মূল শিল্পকর্ম নিদিষ্ট থাকে বলে বিভিন্ন বিষয়ের মধ্যে ধারাবাহিকতা বাথা সন্তব হয়।

প্রোজেক্ট পদ্ধতিতে কর্মটি গৌণ, শিক্ষালাভই ম্থা। কিন্তু বৃনিয়াদী শিক্ষা-পদ্ধতিতে বিষয় শিক্ষারু সাথে শিল্পকর্মে দক্ষতালাভ করতে হয়। শিল্পটি এখানে গৌণ নয়। বুনিয়াদী পদ্ধতি কর্মকেন্দ্রিক হলেও মূলতঃ তা শিল্পকেন্দ্রিক। বৃনিয়াদী শিক্ষা সম্পর্কে গান্ধীজি বলেছেন—"···not activity centered, but craft centered". তবে একগা মনে রাখতে হবে গান্ধীজী পরিকল্পিত বৃনিয়াদী শিক্ষায় শিল্পের যে গুক্ত ছিল বর্তমানে তাব কিছুটা পবিবর্তন হয়েছে। ত্ইটি পদ্ধতিতেই শিক্ষার্থীর সক্রিয়তাকে কেন্দ্র করে অন্থবন্ধ প্রণালীতে শিক্ষা দেবার নীতিকে গ্রহণ করায় প্রোজেক্ট ও বৃনিয়াদী শিক্ষা উভয় পদ্ধতিকেই কর্মকেন্দ্রিক শিক্ষার শ্রেণীভূক্ত করা য়ায়।

### বুনিয়াদী শিক্ষা-পদ্ধতি (Basic Education) ঃ

আধুনিক শিক্ষ'-পদ্ধতি সমূহের মধ্যে ভাবতীয় দৃষ্টিতে বুনিগাদী শিক্ষার একটি বিশেষ বৈশিষ্ট্য রয়েছে। জাতীয় শিক্ষা সমস্থাব সমাধানের পদ্বারূপে গান্ধীজী বুনিয়াদী শিক্ষার পরিকল্পনা করেন। বর্তমান ভারতীর সমাধ্যের শিক্ষা-পদ্ধতিসমূহ কোন দিক থেকেই দেশের প্রয়োজন ফোবোগী শিক্ষা মেটাবাব উপযোগী নয়। জাতীয় জীবনধার। থেকে বিচ্চিন্ন কোন শিক্ষা-পদ্ধতি দ্বারা জাতীয় শিক্ষার প্রয়োজন সিদ্ধ করা সম্ভব নয়। ভারতীয় সামাজিক পরিবেশের সাথে সামঞ্জস্থ রক্ষা করে, দেশের অর্থ নৈতিক কথা বিচার করে গান্ধীজী বুনিয়াদী শিক্ষা-পদ্ধতি রচনা করেন। গভাহুগতিক শিক্ষা-পদ্ধতি থেকে শিক্ষাব্যহাকে মৃক্ত করে নতুন করে তিনি শিক্ষা-পদ্ধতি পুনর্গঠন করতে চেয়েছিলেন। গান্ধীজী পরিকল্পিত শিক্ষার বিশিষ্ট্য হচ্ছে—
শিক্ষা হবে শিল্পকেন্দ্রিক, কোন একটি শিল্পকে কেন্দ্র করে অন্থবন্ধ প্রণালীর মধ্য দিয়ে শিশু শিক্ষার ব্যবন্থা করা হবে।

গান্ধীজীর শিক্ষা পরিকল্পনা ভারতেব নিজস্ব বৈশিষ্ট্য ও আধুনিক শিক্ষা-বিজ্ঞানের উপব ভিত্তি করে রচিত। বুনিয়াদী শিক্ষায় শিশুর সক্তিযতা তত্ত্বের প্রভাব বয়েছে। শিশুরা সর্বদাই কর্মচধল, নীরস পুঁথিব মাধ্যমে যে শিক্ষা, তা শিশুমন গ্রহণ কবতে সংকোচিত হয়। ^{দক্রিযতা তবের প্রভাব} পুথিনির্ভর নিস্পাণ শিক্ষাব ২গো শিশু তাব স্বাভাবিক বিকাশেব পথ খুঁজে পায় না। এ শিক্ষা শিশুব স্বাভাবিক কর্মপ্রবণতাকে পঙ্গ কবে দেয়। আনন্দহীন শিক্ষা শিশুর মনে নতুন স্বাষ্টর প্রেবণা যোগাতে পাবে না। শিশুৰ মধ্যে যে কৰ্মপ্ৰৰণত। রয়েছে তাৰ বিকাশেৰ পথ যদি ম্বগম কবতে হয় তাহলে কাদ্দ দিতে হবে। শিশু চায় থেল। আর কাদ্ধ। नानेयांनी निकाय मनज़त्न भिटन कांद्रजन भक्षा नित्य त्य निकात आत्याजन कवा হয়েছে তাতে শিশুৰ ইচ্ছা-মনিছা ও ওৎম্বক্য সম্পর্দে মণেঃ দৃষ্টি রাগা হয়েছে। শিশুকেন্দ্রিক শিকাষ শিক্ষাকর্মেব যে স্বাধীনতা বগেছে তার মধ্য দিযে শিশুৰ ব্যক্তিত্ব বিকাশেৰ এথেষ্ট জযোগ বয়েছে। কাজেৰ মধ্য দিয়ে শিশুৰ স্থ নভাবনাব বিকাশের সাথে ইন্দিয়গুলি স্থানিয়থিত হবে, বুদ্দি মাজিত হবে, দাধীনভাবে কাজ কৰাৰ স্বযোগ পেয়ে শিশু আত্মশত্তিতে আফাৰান ३८व ।

বনিয়াদী শিক্ষায় লেথাপড়া শেহাব সাথে ব্যক্তিগত স্বাস্থ্য ও সামাজিক স্বাস্থ্য এ তুইদিক সম্পদেই শিশু যাতে সচেত্ৰ হয় সে ব্যবস্থা রমেচে। বুনিরাদী শিক্ষায় সাহাই ও স্বাস্থ্যবন্ধ। মল কাজের অক্সতম।

ব্নিয়াদী শিক্ষা-পদ্ধতিতে গতানুগতিক পুথি-কেন্দ্রিক শিক্ষার পথকে ত্যাগ কবে কর্মেব মাধ্যমে শিক্ষার ব্যবস্থাকে গ্রহণ করা হয়েছে। কোন একটি শিল্পকে কেন্দ্র করে শিল্পারিজ বিষয় শিক্ষা দেওয়া হয়। এই একটি বিষয়কে কেন্দ্র করে অনুবন্ধ প্রণালীর মাধ্যমে অন্তান্ত্র পাঠ্য বিষয়সমূহ শিক্ষাদানের ব্যবস্থা প্রোজেই পদ্ধতিতেও শিল্পাক শিক্ষা স্বন্ধক শিক্ষা স্বন্ধক শিক্ষা স্বন্ধক কাবিগব বানানোই বুনিরাদী শিক্ষা-পদ্ধতিব লক্ষ্য নয়। এ শিক্ষা-পদ্ধতিতে শিশু যাহিকভাবে শিল্পটিকে আয়ত্ত কববে না, বৈজ্ঞানিক প্রণালিতে শিক্ষালাভ করে শিশু শিক্ষাকে সম্পর্ণভাবে আয়ত্ত কববে। কোন একটি নির্দিষ্ট বৃত্তির মাধ্যমে শিক্ষায় অন্ত বিষয়গুলি সম্পর্কে জ্ঞান লাভেব সাথে শিক্ষাথী প্রবৃত্তী জীবনেব প্রযাজনীয় ব্যক্তিকেও এখান থেকেই শিথে নিতে পাবে।

অন্নবন্ধ প্রণালীতে শিক্ষা দেবার পথে একটা প্রধান অস্থবিধা হচ্চে বৃত্তিকে কেন্দ্র কবে শিক্ষা দেবাব ফলে পাহিত্য, ইতিহাস, ভূগোল, অংক প্রভৃতি অতি সামান্তই এই পদ্ধতিতে শেথান যায়। এগুলি বৃত্তির প্রয়োজনে অতি সামান্তভাবেই তার সাথে জডিত, ডাই এ সম্পর্কে জান সক্ষার্ণ গণ্ডীব মধ্যে দীমাবদ্ধ হয়ে পড়ে। এই অন্তবিধা সম্পর্কে সচেতন হয়ে বুনিয়াদী শিক্ষায় এসব বিষয়ে ভিন্ন পাঠ্যস্থচী রচিত হয়েছে। অন্তবন্ধ প্রণালীব মধ্য দিয়ে ষেটুর শেপান যায় তার চেয়ে অনেক অমুবন্ধ প্রণালী
বেশা তথ্যরাজি স্বভন্ত পাঠ্যস্থচীতে সনিবেশ কর্। হয়েছে।

আধুনিক মনোবিজ্ঞানসমত শিশুকেন্দ্রিক শিক্ষাব বৈশিট্যসমূহকে স্বীকাব করে নিয়ে শিল্পকেন্দ্রিক বুনিয়াদী শিক্ষার প্রধতন হয়েছে। কাজেব মধ্য দিয়ে শিক্ষার ফলে শিশুশিক্ষাথী একদিকে পাঠের নীর্ম একঘেঁয়েমী থেকে রক্ষ। পেয়েছে, অপবদিকে তাব স্বাভাবিক স্গ্রনীশক্তি বিকাশের পথ খুঁজে পেয়েছে। পুঁথিকেন্দ্রিক পাঠে কায়িক শ্রমবিমুখতা ও ম'নাবিজ্ঞানসম্মত শ্রম সম্প্রকে একটা অশুদ্ধার ভাব স্কৃষ্টি হয়। শিক্ষা শ্রমের মাধ্যমে শিক্ষায় শিক্ষাণীর মনে শ্রমেব মূল্যবোধ শ্রমের মর্যাদ। দিতে শেখে। শিক্ষাব্যবস্থায় শিল্পেব উপস্থিতিতে শিক্ষাথীর। ব্যবহারিক ভাবে শিশালাভ কবে। এতে তাব বুদ্ধি ও কর্মকুশলভায় দেহ ও মনেব সমান বিকাশলাভ ঘটবে। একটি শিল্পে কুণলী হয়ে উঠলে পরবর্তীকালে শিক্ষার্থী সেই শিল্পকেই জীবনের বুতিরূপে গ্রহণ কবতে পাববে। সামাজিক পরিবেশে শিক্ষার ব্যবস্থা হওয়ায় শিক্ষার্থী সমাজসচেতন হয়ে উঠছে। সমগ্র ভারতেব শিক্ষায় গান্ধীজী প্রবর্তিত শিক্ষা-পদ্ধতি এক নতুন যুগের স্থচনা করেছে।

#### 'কোঠারী ক্ষিশ্রের অভিমঞ্জ্-

কোঠারী কমিশন্ তাঁদেব রিপোটে শিক্ষার কোন হবকে বুনিয়াদী শিক্ষানামে বিশেষভাবে চিহ্নিত করেন নি। কিন্তু কমিশন্ মনে করেন বুনিয়াদী শিক্ষাণদ্ধতির মূলনীতিসমূহ একটু পরিবভিত কবে শিক্ষার স্বস্থবেই প্রয়োগ করা চলে। বুনিয়াদী শিক্ষার কর্মকেন্দ্রিকত। ও উৎপাদন, অয়বন্ধ প্রণালীতে শিক্ষা, খানীয় সমাজের সাথে বিভালযেব ঘনিষ্ঠ সম্পর্ক প্রভৃতি কমিশন্ গ্রহণ করেছেন। কাঙ্কের অভিজ্ঞতা (work experience) ও উৎপাদনমূলক কাজ (productive work) যার উপর কমিশন্ বিশেষ গুরুত্ব আবোপ করেছেন তা বুনিয়াদী শিক্ষাণদ্ধতির সাথে ঘনিষ্ঠভাবে জড়িত।

অম্বন্ধ প্রণালী ব্নিয়াদী শিক্ষার একটা বিশেষ বৈশিষ্ট্য। কমিশন যতটা সম্ভব শিক্ষায় এ পদ্ধতিকে কাজে লাগাতে বলেছেন। শিহুদের সামাজিক ও সমাজমুখী করে তুলতে হলে সামাজিক কাজে ও সমাজদেবামূলক কাজে তাদের অংশ গ্রহণ করতে হবে। কোঠারী কমিশনের এই স্পারিশ বুনিয়াদী শিক্ষার অক্সতম মূলনীতি।

[ব্নিয়াদী শিক্ষার ইতিহাস সম্পর্কে বিভৃত আলোচনার জন্ম "শিক্ষাদর্শ পদ্ধতি ও সমস্থার ইতিহাস" দেখুন।]

# উইনেটকা পদ্ধতি (Winnetka Plan):—

চিকাণো শহরেব নিকটে মিচিগান হ্রদের তীরে উইনেটকা নামক স্থানে গুয়াসবার্ণ ( Washburne ) ১৯১৯ গ্রী: একটি নতুন ব্যক্তিকেন্দ্রিক শিক্ষা-পদ্ধতির প্রবর্তন কবেন। উইনেটকার প্রাথমিক ও জুনিয়ার হাইস্কুলে এই পদ্ধতির প্রথম প্রয়োগ করা হয় বলে এই শিক্ষাপ্রণালী 'উইনেটকা পদ্ধতি' নামে খ্যাত।

ব্যক্তিগত শিক্ষাব যে নীতির উপর ডান্টন শিক্ষাপদ্ধতি প্রতিষ্ঠিত, উইনেটকা শিক্ষা পরিকল্পনার ভিত্তিও .সই ব্যক্তিকেন্দ্রিক শিক্ষা। উদ্দেগ্র এক হলেও প্রয়োগেব ক্ষেত্রে হুই পদ্ধতিতে ভিন্ন ভিন্ন প্রণালী অনুস্ত হয়। উইনেটকা পদ্ধতিতে পাঠ্যক্রমকে তু'টি ভাগে ভাগ করা হয়েছে— (ক) সাধাৰণ অত্যাৰ্ণ্যক বিষয় বৃষ্থ (Common essentials) (থ) সামাজিক সজনমূলক দলগত কাজসমূহ (Social and creative group activities)। অত্যাবশুক সাধাবণ বিষয়সমূহ প্রত্যেক তুটি পাঠ্যক্রম শিক্ষার্থীকে বক্তিগত প্রচেষ্টায় আয়ত্ত করতে হয়। ডান্টন পদ্ধতিব মত এথানেও শিক্ষাণীকে কাজ (assignment) দেওয়া বিষয়সমূহ কতকগুলি unit-এ ভাগ কবে শিক্ষার্থী নিজের সাধ্যামুসারে কাজ কবে কাজটি ব। সমস্থাটি সমাধানের চেষ্টা করে। একটি ইউনিটেব কাজ শেষ হলে গ্লিক্ষাণী শিক্ষকের কাছ থেকে ইউনিটের উত্তর সম্বলিত একথানি কাগজ পায়। উত্তবপত্রের সাথে মিলিয়ে যদি দেখে নিজের উত্তব হয় নি, তথন দে আবাব নিজেব ভুল সংশোধন কবতে লেগে যায়। যদি তাব নিজের সমস্ত উত্তব পূর্বপ্রস্তুত উত্তবপত্রেব সাথে মিলিণে দেখা যায় উত্তর নির্ভুল হয়েছে, তাহলে সে শিক্ষককে পরীক্ষা নেবার জন্ম অন্থবোধ করে। প্রতিটি ইউনিট যদি পুবো মার্ক পায় তাহলেই শিক্ষক তাকে পরেব unit-এ নিয়ে এগিয়ে যাবাব অভমতি দেন। পরীক্ষায় পাদ করতে না পারলে আথার তাকে পুবোন unit-এ নিয়ে কাজ কবে কবে পরীক্ষার জন্ম প্রস্তুত হতে হয়।

উইনেটন। শিক্ষা-পদ্ধতি শিক্ষাগাঁদেব মধ্যে ব্যক্তিগত বৈশিষ্ট্য-নীতির (individual difference) স্বীকৃতির উপব প্রতিষ্ঠিত। প্রতিটি শিক্তর পক্ষে অত্যাবগ্রুক বিষয়সমূহেব একই হাবে উন্নতি কবা সম্ভব নয়। শিক্ষার্থীরা নিজ নিজ ক্ষমতা অন্তুসাবে নিজেদেব চেষ্টায় প্রধান বিষয়সমূহ আয়ন্ত করে। গতান্তগতিক শ্রেণিশিক্ষার ব্যবস্থা এই পদ্ধতিতে নেই। কিন্তু উইনেকটা পদ্ধতিতে শ্রেণীশিক্ষাকে সম্পূর্ণভাবে বিলোপ করা হয় নি। ব্যক্তিগত বৈশিষ্ট্যের

অথানে একই সাথে একজন শিক্ষার্থী তিনটি বিভিন্ন প্রকৃতি
শ্রেণীতে পডতে পারে। কোন একটি ছাত্র হয়ত সাহিত্যে বেশ কিছুটা এগিয়ে আছে, বিজ্ঞানে নির্দিষ্ট মান রক্ষা করে চলেছে, অক্ষে পিছিয়ে আছে। শিক্ষার্থী যে বিষয়ে যে কয় মান এগিয়ে বা পিছিয়ে আছে

সেই অমুসারে সে বিভিন্ন শ্রেণীতে গিয়ে শিক্ষাগ্রহণ কবতে পারে। বিভিন্ন বিষয়ের প্রগতি যদি একই হারে না হয় তাহলে বিভিন্ন বিষয়ের Promotionও বিভিন্নভাবে হবে। কোন এক বিষয়ের অগ্রগতি ও প্রমোশন্ অন্ত কোন এক বিষয়ের এগিয়ে যাওয়া কি পিছিয়ে থাকার উপর নির্ভবশীল নয। এই শিক্ষাণ পদ্ধতিতে বাৎসরিক পবীক্ষার ভিত্তিতে প্রমোশনের ব্যবস্থা নেই। শিক্ষাণীরা নিজ নিজ নিদিষ্ট কাজ শেষ করে সোগ্যতার পবিচয় দিতে পারলেই তাদেব পরবর্তী শ্রেণীতে প্রমোশন দেওয়া হয়।

স্ষ্টিধর্মী দলগত সামাজিক কাজগুলিতে স্বাইকে অংশ গ্রহণ কবতে হয। নাচ, গান, অভিনয়, চিত্রাস্কন, বিভিন্ন সঞ্জনগমী কাজে তার। অংশ গ্রহণ কবে। ছাত্রদের জন্ম অত্যাবশ্যক শিক্ষণীয় বিষয়গুলিব গঠনমূলক ও জন্ম যেরূপ পরীক্ষাব ব্যবস্থা আছে— দলগত স্জনমূলক কাজ জন্ম দেরপ কোন পবীক্ষা বা মার্কের ব্যবস্থা নেই---এসব কাব্দে শিক্ষার্থীরা অংশ গ্রহণ করে আনন্দলাভ করে – এটাই তাদের পরম লাভ। ছাত্রদের প্রথম থেকেই গঠনমূলক কাভে শিক্ষা দেওয়া হয়। তারা সমবায় বিপণি পরিচালনা, কল্ ম্যাগাঞ্জিন পরিচালনা, রাব গঠন প্রভৃতি কাজে সক্রিয় অংশ গ্রহণ করে। স্কলের বিভিন্ন কাজ পরিচালনাব জন্ম বিভিন্ন কমিটি আছে, প্রতিটি ছাত্রকেই কোন-না-কোন সমিতির সভা হতে হবে। সাধারণ পাঠ্যক্রম বহিভুতি এসব প্রজনধর্মী গঠনমূলক কাজের মধ্য দিয়ে তাদের স্বাভাবিক শুখলাবোধ জনায়, দলগত কাজেব মধ্য দিয়ে পারস্পরিক সহযোগিতায় সামাজিকবোধ জাগ্রত হয়। পড়ার পরিবেশ নানাবিধ কাজেব মধ্য দিয়ে আনন্দময় হওযায় শিশুর। পড়ায় আগ্রহ বোধ করে। विकालय भर्भाठरन अकजन करव प्रसाविकानी, प्रसारतां विनावह.

চিকিৎদাবিজ্ঞানী ও একজন সর্বন্ধণের জন্ম নিযুক্ত সম্পাদক যুক্ত থাকেন।
বিভিন্ন স্তরেব ছাত্রদের উপযোগী কবে মনোবিজ্ঞানসম্মত
প্রক রচনা কর। হয়। ছাত্রদেব আচবণ সম্পর্কীয় সমস্য।
মনোরোগ-বিশারদ্ সমাধান করেন। চিকিৎদাবিজ্ঞানী
সাধারণ স্বাস্থ্যের দিকে দৃষ্টি রাথেন। বিভিন্ন বিভাগের কাজের মধ্যে সমন্বয়
সাধন করেন সম্পাদক।

ওয়াসবার্ণ পরিকল্পিত এই শিক্ষা-পদ্ধতিতে ডাল্টন শিক্ষা-পদ্ধতির ক্রটি গুলিকে যতদ্র সম্ভব পরিহাব কবাব চেষ্টা করা হয়েছে। ব্যক্তিমুখীন-শিক্ষাপ্রচেষ্টার শ্রেণীশিক্ষার প্রয়োজনীয়তাকে স্বীকার করে নিঘে শিক্ষাপরিকল্পনা করায উভয় পদ্ধতির মধ্যে একটা সমন্বয় সাধিত হয়েছে—সেই সার্থে শ্রেণীশিক্ষাব দোষক্রটি থেকেও শিক্ষাকে মৃক্ত রাথ। সম্ভব হয়েছে। ব্যক্তিমুখীন শিক্ষা-পরিকল্পনাস্হের মধ্যে উইনেটকা শিক্ষা-পদ্ধতির ভবিগ্যৎ খ্বই সম্ভাবনাপূর্ণ।

# ডেক্রলি পদ্ধতি ( Decroly Method ):

ওভাইড ডেক্রলি (Ovide Decroty) ছিলেন বেলজিয়ামের একজন চিকিৎসক। ক্রমেলস শহরের কয়েকটি স্কুল্ তার পরিকল্পিত শিক্ষা-পদ্ধতি অমুসারে পবিচালিত হয়। ডেক্রলি পদ্ধতিতে ব্যক্তিগত ও দলগত উভয় শিক্ষা-পদ্ধতির সময়য় হয়েছে। তার শিক্ষানীতির মূলকথা হচ্ছে জীবনমাপনের মধ্য দিয়ে শিক্ষা গ্রহণ। তিনি বলেন, বিছাল্য এমন প্রাকৃতিক পরিবেশের মধ্যে স্থাপিত হবে—বেহানে শিশুবা বিভিন্ন প্রাকৃতিক ঘটনা পর্যবেক্ষণের মধ্য দিয়ে বাসুব জ্ঞান লাভ করবে। শিক্ষা হবে বাসুবজীবনের অঙ্গ, এবং অভিজ্ঞতার মধ্য দিমেই শিক্ষাগীরা শিক্ষা লাভ করবে। এজন্ম ডেক্রলিস্কুল্ সম্বন্ধে বলা হয়েছে—School for learning through living. বিছালয়ের যোগাযোগ বক্ষা ও স্কুলের নানা কাজে অভিভাবকদের অংশ গ্রহণ করাব কথা তিনি বলেছেন।

ডেজলি-স্থলে শ্রেণীকক্ষণ্ডলি গবেষণাগাবের মত বহু উপক্বণে সাজ্জিত রাখা হয়। এক এক শ্রেণীর শিক্ষাথীদের দশ কি পনেব জনের এক একটি unit-এ ভাগ করা হয়। তারপর তাদেব একটি বিষয় নির্দিষ্ট কবে দেওলা হয় যে সম্পর্কে তাবা পডাশুনা করবে ও কাজ কবেন। দলবদ্ধভাবে তাবা নির্দিষ্ট বিষয়টি নিয়ে কাজ করে। কাজ করাব সম্য বিষয়টিব নানাদিক নিয়ে আলোচনা হয় ও বিষয়টিব সমস্ত দিক নিয়ে ত'ব। পডাশুনা কনে। এইক্ষক্ত প্রাক্ষিক ম্যাপ, চার্ট ও প্রয়োজনীয় বইয়ের ব্যবহাবও উল্লেখ করতে পারে। তারপব তাদের পর্যবেক্ষণ ও অন্তম্মন্ধানে যে ফল লাভ হ'ল সে সম্পর্কে তাদেব রিপোট পড়া হয়। যদি তাদের বিবরণীতে কাজটি সম্পর্কীয় কোন উল্লেখযোগ্য দিক আলোচিত না হয় তাহলে তাদের আবাব ফিরে সেই কাজটি করতে হয়। ছাত্রেবা নিজেদেব কাজেব স্মালোচনা করে এবং প্রত্যেক ছাত্র কাজটি সম্পর্কে তার বক্তব্য বলবাব স্থযোগ পায়। কাজেব জন্ম কোন নম্বর দেওয়া হয় না ও ছাত্রদের কাজেব তুলনামূলক বিচার কবা হয় না।

ডেক্রলি প্রথায় শিক্ষাণীদেব আগ্রহের উপব নির্ভর কবে শিক্ষা দেওয়া হয়। যে বিষয়ে শিক্ষাণীব আগ্রহ আছে, সে বিষয়কে কেন্দ্র কবে অক্সান্ত বিষয় শিক্ষাব ব্যবস্থা করা হয়েছে।

ডেক্রলি প্রথা বেহেতু জীবন-মূলক শিক্ষা, তাই শিক্ষাণীকে সমাজ-জীবনেব উপযুক্ত কবে তোলবার শিক্ষা দেওয়া হয়। শিক্ষার্থীদের ক্ষমতা, কচি ও জাগ্রহের মধ্যে বৈষম্য দেখা যায়। তাই দলবদ্ধভাবে কাজ কবার সাথে স্বাধীনভাবে কাজ করার যথেষ্ট স্ক্রোগ এখানে দেওয়া হয়। শিশু- জীবনকে কয়েকটি ন্তরে ভাগ করা যায়, দেখা গিয়েছে ন্তরাম্বযায়ী শিশুর আগ্রহ বিভিন্নকপ হয়, এবং এই আগ্রহই শিশুর মানসিক গঠনকে নিয়ন্ত্রিত করে। তাই এই পদ্ধতিতে আগ্রহেব কেন্দ্র ক্ষির কবে সে বিষয়ের সাথে জডিত অন্তান্ত বিষয় শিক্ষা দেওয়া হয়। ডেক্রেলি পদ্ধতিতে শিক্ষায় দলবদ্ধভাবে কান্ধ করার প্রেবণা জাগে। শিক্ষাথীদেব মধ্যে দায়িত্ববোধ জ্যায়। নিজেব। নিজেদের কান্ধ পরিচালিত করায় তাদেব মধ্যে বিচারবোধ ও পবিচালনাব ক্ষমতা সৃষ্টি হয়।

# বাটাভিয়া পদ্ধতি (Batavia System) ?

বাটাভিষার (নিউইয়র্ক) স্থূল্মুপারিন্টেনডেট জন্ কেনেডি এই শিক্ষা-পদ্ধতির প্রবর্তক। প্রধানতঃ পিছিয়ে পড়া ছাত্রদের জনাই এই পদ্ধতি প্রবৃতিত হয়। যার। পিছিয়ে আছে এগানে তাদের বাদ দেওয়া হয় না—যাতে তাবা মেধাবী ছাত্রদেব সাথে এগিয়ে যেতে পাবে সে চেট্টাই করা হয়। এই পদ্ধতিতে ব্যক্তিগত শিক্ষা ও শ্রেণিশিক্ষা প্রণালীর যোগ সাধন কবা হয়েছে। এগানে পিছিয়ে পড়া ছাত্রদেব জন্ম অতিবিক্ত শিক্ষক নিযোগ করা হয়। এথানে রোজকার শিক্ষায় ছাত্রদেব ব্যক্তিগত কাজের যথেষ্ট স্বযোগ বয়েছে। ছাত্রদের কাজে উৎসাহ দেবাব জন্ম যে কাজ তাদের কবতে দেওয়া হয়, শিক্ষকও দেই কাজ করেন। বাটাভিয়া পদ্ধতিতে প্রতিটি স্থবে পরীক্ষার ব্যবস্থা আছে। এই পদ্ধতিব সাফল্যের জন্ম প্রযোগ্য শিক্ষকের।

# সঙ্গবদ্ধ পদ্ধতিসমূহ ( Group Method ) ?

গতার্গতিক শিক্ষাব্যবস্থায আমরা যে শিক্ষা-পদ্ধতির সাথে পবিচিত, তা হচ্চে শ্রেণীশিক্ষা পদ্ধতি। শ্রেণীশিক্ষা পদ্ধতিতে শিক্ষক বক্তা, আব শিক্ষাথী নিক্ষিয় শ্রোতা। শ্রেণীশিক্ষায় ধরে নেওয়া হয় একই শ্রেণীর শিক্ষাধীরা প্রায় একই প্রকার যোগ্যতাব অধিকাবী। আধুনিক মনোবিজ্ঞানসমতিশিক্ষা-পদ্ধতির স্বষ্টি হবার পর শ্রেণীশিক্ষা-পদ্ধতিব ক্রটিগুলি সম্পর্কে শিক্ষাবিদদের দৃষ্টি আক্ষিত হয়। শিক্ষাথীদের ব্যক্তিগত সামর্থ্য, গ্রহণ ব্যক্তগত ধ শ্রেণীশিক্ষাব সময়ম তাই শিশুকেন্দ্রিক শিক্ষায় শ্রেণীশিক্ষার প্রেরিক্তে ব্যক্তিগত শিক্ষার প্রের্বাত ব্যক্তিগত শিক্ষার প্রের্বাত ব্যক্তিগত শ্রেণীগতার অভাব দেখা যায়। ব্যক্তিগত ও শ্রেণীগত উভয় শিক্ষা-পদ্ধতির সমন্বয় সাধন কিভাবে করা যায় আজকের শিক্ষায় ত। একটা প্রধান সমস্তা। এই সমস্তা সমাধানের জন্ম যে পরীক্ষা-নিরীক্ষ। চলেছে তার ফলেই উদ্ভাবিত হয়েছে বিভিন্ন প্রকার সঙ্ঘবদ্ধ পদ্ধতি (Group Methods)

যে কোন সজ্যবদ্ধ শিক্ষা-পদ্ধতিতে কোন একটি কান্ধ শিক্ষার্থীরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে সম্পন্ন করে। কোন একটি নিদিষ্ট কাজ শ্রেণার শিক্ষার্থীদের বিভিন্ন দলে ভাগ করে করতে দেওয়া হলে শিক্ষার্থীর। দলবদ্ধভাবে তার বিভিন্ন দিক ও বিভিন্ন সমস্তা নিম্নে আলোচন। করে। ষদি ভ্রমাত্র বৃদ্ধিমূলক সমস্তা হয় তাহলে সমস্তাটির স্বদিক নিয়ে আলোচনা করে সমাধানেব পথ নির্দেশ করে দিতে পারলেই কাজটি শেষ হয়। সমস্তা সমাধানমূলক আলোচনায় স্বাই অংশ গ্রহণ সমস্তার দলগত করে। বিভিন্ন গ্রন্থ, চাট, পরিদংখান প্রভৃতিব দাহায্যে সমাধান সবাই যার যার বক্তব্য উপস্থিত করে। সবাই আলোচনার মাধ্যমে একটি সিদ্ধান্তে আসে। সব দলই তাদের সিদ্ধান্ত লিপিবদ্ধ করে বাথে। স্বশেষে সমস্ত দলগুলি নিয়ে আলোচনাব বাবস্থা হয়, বিষয়টি সম্পর্কে বিভিন্ন দল তাদের অভিমত পেশ কবে। শেখানে আবার সমত সিদ্ধান্ত সম্পর্কে আলোচন। করে একটা সাধারণ শিদ্ধান্ত করা হয়। সজ্গবদ্ধ এই যে কাজ বা সমস্তা সমাধানের পদ্ধতি, একে সমস্যা পদ্ধতি (Problem Method) বলা যায়। বছ শিক্ষা-পদ্ধতিতেই সঙ্ঘবদ্ধভাবে কাজ করার নীতি অমুস্ত হয়, বেমন সেমিনার বা আলোচনা চক্র, প্রোজেক কর্মশালা পদ্ধতি (work shop), দলীয় আলোচন।।

সম্প্রবন্ধ কার্যপদ্ধতিতে অধিবাংশক্ষেত্রেই সমগ্র শ্রেণীকে কয়েকটি দলে বিভক্ত কব। হয়। শিক্ষার্থীবা দলে বিভক্ত হয়ে সম্প্রবদ্ধভাবে ক্সন্থ কাজটি সমাধানের চেষ্টা কবে। সম্প্রবন্ধ কার্যপ্রণালীতে দল পরিচালনাব জক্স একজন দলনেতা নির্বাচিত করা হয়। দলনেতার পরিচালনায় নির্দিষ্ট বিষয়টি বিস্তৃত-ভাবে আলোচনা কবা হয়। দলগঠনের সময় ভালমন্দ সব মিশিযে দল গঠন কবতে হয়। প্রত্যেক দলের যোগ্যতার মান যাতে মোটাম্টি একই বকম হয় দেদিকে নজর রাখতে হয়। যদিও দলনেতার নেতৃত্বে আলোচনা কি কার্য পরিচালিত হয়, তব্ও প্রতি দলেব কার্যপ্রনির্দেশ কার্য পরিচালিত হয়, তব্ও প্রতি দলেব কার্যপ্রবিশ্বনালী ও কাজের অগ্রগতির প্রতি সতর্ক দৃষ্টি রাখবেন। দলের প্রতিটি ছেলে কাজ করছে কি না—আলোচনা ঠিক পথ ধরে অগ্রসর হচ্ছে কি না এসব দিকে তাঁকে নজর রাখতে হবে। প্রয়োজনমত তিনি ঠিক পথের নির্দেশ দেবেন ও দলেব থেকে কাজ আদায় করে নেবেন।

সঙ্ঘবদ্ধ পদ্ধতিতে আলোচনা কি কাজ ভিন্ন ভিন্ন বংশ পরিচালিত হয়।
সেমিনার বা আলোচনাচক্রে কোন একটি বিষয় সাধাবণভাবে আলোচিত হবাব
পর আলোচনাচক্র কয়েকটি দলে বিভক্ত হয়ে মূলমালোচনা-চক্র বিষয়টিব বিভিন্ন দিক নিয়ে ভিন্ন ভাবে আলোচনা
করা হয়। নির্ধারিত সময়ের পব বিভিন্ন দলগুলি একত্রিত হয়—এথানে
বিভিন্ন দলের দলপতি তাদের দলেব সিদ্ধাস্তসম্বলিত পূর্ণ বিবরণা পেশ কবে।
সেই সম্মিলিত আলোচনা থেকে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ কর। হয়।

প্রোজেন্ট পদ্ধতিতে একটি কাজকে বাস্তবেরপ দেবার জন্মে সে বাদ্ধটিকে কতকগুলি unit-এ ভাগ করে এক-একটি দলের উপব সেই unit-গুলি সম্পাদনেব ভাব দেওয়া হয়। সবাই মিলে কাজ কবে প্রোজেন্ট পরিকল্পিত লক্ষ্যে পৌছান হয়। কাজটির শুক্ততে নির্দিষ্ট প্রোজেন্টের উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করে কার্য সম্পাদনের পবিকল্পনা কব। হয়। কাজটি হয়ে যাবার পব আবাব আলোচনাব মাধ্যমে সম্পাদিত কাজেব গুণাগুণ বিচার কবা হয়।

সম্প্রবন্ধ পদ্ধতিব বিভিন্নরূপ দলীয় নেতাব একটি বিশিষ্ট ভূমিক। রয়েছে।
দলনেতাব স্থপরিচালনাব উপর দলের কাজের অগ্রগতি ও সাফল্য নির্ভর করে।
দলনেতাকে গণভান্ত্রিক মনোভাব সম্পন্ন হতে হবে। অনেক সমন্ন দেখা
যাদ দলনেতা স্বেচ্ছাচাবী হয়ে দলের অক্য কোন সভ্যকে মতামত প্রকাশেব
স্থযোগ দেয় না- তার মতামত অক্যের উপর চাপিয়ে
দলনেতার ভূমিকা দেবার চেটা কবে। আবার কোন কোন ক্ষেত্রে দলনেতা
নেতৃত্ব ও ব্যক্তিত্বের অভাবে দলেব মধ্যে বিশৃগুলার স্থিটি হয়। গণভান্ত্রিক
দলনেতা দলেব প্রতিটি সভ্যকে আলোচনাকালে মতামত প্রকাশের সমান
ভযোগ দেবে। দলনেতাকে দেগতে হবে কোন অংশ গ্রহণকারী যেন
আলোচনাকালে চূপ কবে থেকে কাজকে এডিয়ে না যায়। আলোচনায়
বিভিন্ন সংশগ্রহণকারীর বক্তব্যকে সংহত কবে দলকে সিদ্ধান্তে আদতে সাহায্য
করবে। অংশগ্রহণকাবীবা তাদেব উপব ন্যস্ত কাজটি স্থষ্ঠ সমাধানের জন্য
আপ্রাণ চেষ্টা করবে।

# কর্মশালা পদ্ধতি ( Work-shop Method ) :--

আধুনিক শিক্ষা-পদ্ধতিতে দলবদ্ধ হযে কাজ কবাব স্থানিধা-অন্ধবিধা ও ছাত্র-মনে ত'র প্রভাব এবং ছাত্রদের মধ্যে তার জ্বনপ্রিয়তা নিয়ে বেশ কিছুটা পরীক্ষা-নিরীক্ষা চলছে। সজ্মবদ্ধ পদ্ধতি (group method) নিয়ে আলোচনাকালে স্বাই মিলেমিশে কাজ করার যৌক্তিকতার দিকটা ভামরা বুঝতে চেষ্টা কবেছি। একা বে সমস্যা সমাধান করা যায় না, যে কাজ একক প্রচেষ্টায় সম্পন্ন করা সম্ভব নয়, সেই কাজটিকে দশজনের মধ্যে ভাগ কবে নিয়ে ভিন্ন ভিন্ন ভাবে বা সভ্যবদ্ধ হয়ে কাজটি করাব চেষ্টা করলে কাজটি স্থসম্পন্ন সমগ্রাব বৃদ্ধিমূলক হতে পারে। সভ্যবদ্ধ পদ্ধতিব একটি রূপ হচ্ছে কর্মশালা পদ্ধতি (work-shop method)। প্রোজেক পদ্ধতিব মত ওয়ার্কসপ্ পদ্ধতির উদ্ভাবনও আমেরিক। যুক্তরাষ্ট্রে। প্রোজেক পদ্ধতিতে মেমন একটি কাজকে (problem) হাতেকলমে সম্পন্ন কব। হয় এবং নিজ্ম দেওয়া হয়, কর্মশাল। পদ্ধতিতে সমগ্রাটি নিয়ে আলাপ আলোচনা কবে, বিভিন্ন দিক থেকে সমস্যাটিব বিচাব-বিবেচন। করে স্বাই মিলে উপস্থিত সমস্রাব একটা স্বষ্টু সমাধানেব চেষ্টা হয়। এই পদ্ধতিতে সমস্রাব বৃদ্ধিমূলক সমাধান করলেই সদস্যদের কাজ শেষ হয়— এখানেই প্রোজেক পদ্ধতিব সাথে এর পার্যকা।

কর্মশালা ( work-shop ) পদ্ধতির উদ্দেশ্য গতায়গতিক নীরস প্রাণহীন শ্রেণীশিক্ষার বন্ধন থেকে ছেলেদেব মৃক্তি দেওয়া। শ্রেণীকক্ষের বাইবে শিক্ষার্থীদের কাজেব স্থযোগ দেওয়া। কাজেব মধ্য দিয়ে তাব। খাতে তাদেব জীবনেব সাথে জডিত বা দৈনন্দিন জীবনে আসতে পাবে বাস্তবজীবনে অনুভূত এমন সমস্রাব ( felt problem ) সমাধানের স্থযোগেব মধ্য দিয়ে তাদেব জীবনে শিক্ষার বৃনিয়াদ দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়। জীবনেব সাথে সম্পর্কহীন শিক্ষার মাঝে বছ হবার সাথে সাথে কোন সার্থকতা খুজে না পেগে শিক্ষার্থীব মনে প্রশ্ন জাবনের সমস্রাকে শিক্ষাব অন্ধীভূত কবে সেই সমস্রা সমাধানেব দায়িত্ব শিক্ষার্থীর হাতে দিলে তারা সমস্ত শক্তি দিয়ে সেই সমস্রা সমাধানের জনা সচেই হয়। শিক্ষা আর তথন প্রাণহীন বা নীরস থাকে না। জীবন ভিত্তিক শিক্ষাব আকর্ষণ শিক্ষার্থীদের নিকট হয়ে উঠে ঘুনিবার।

কর্মশালা পদ্ধতিতে জীবনের সাথে জডিত একটি সমস্তা সমাধানের দায়িও ছাত্রদেব দেওয়া হয়। যে সব ছাত্রের। সমস্তা সমাধানের দায়িও নেবে তাদেব নিয়েই তৈবী হয় work-shop—এরা সবাই হবে work-shop-এর সদস্তা! সমস্তাটি সদস্তদের সামনে উপস্থাপন কবা হলে সব সদস্তই তা নিয়ে আলোচনাকরে। আলোচনাকালে প্রয়োজনীয বই, চাট, ম্যাপ, গরিসংখ্যান প্রভৃতির সাহায্য নিয়েও সাহায্যকারী বিশেষজ্ঞ ব্যক্তির বিশেষজ্ঞ সাহায্যকারী বিশেষজ্ঞ বিশ্বনির স্থানাকারী বিশেষজ্ঞ হবেন সমস্তার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করবে।

উপদলগুলি ভিন্ন ভিন্ন ভাবে সমস্থার বিভিন্ন দিক থেকে যে সিদ্ধান্তে আদবে ভাই মিলিয়ে মূল সমস্থার সমাধানের চেষ্টা করবে। মূল সমস্থা নিয়ে আলোচনাকালে যদি কোন গৌণ সমস্থা দেখা দেয, তাহলে সেই সম্পর্কেও আলোকপাত্ করা হবে।

কর্মশালায একজন পরিচালক (Director) থাকবেন। পরিচালক কর্মশালার কাজ পরিচালনা করবেন। সমস্যা সমাধানের জন্ম, আলোচনাব জন্ম প্রয়োজনীয় উপকরণ ও তথ্যাদি সংগ্রহ, বিশেষজ্ঞ পরিচালক ব্যক্তির সাহায্য গ্রহণ প্রভৃতি ব্যবস্থা পরিচালক করবৈন।

সভাপতির কাজ পরিচালনাব সাহায্যের জন্ম ও মালোচনাকালে কোন পরামণদাতা জটিল সমস্থা দেখা দিলে বিশেষজ্ঞ ব্যক্তিব সাহায্য-গ্রহণ প্রভৃতির জন্ম একজন পরামর্শদাতা (Consultent) থাকবেন।

কর্মশালাব শিক্ষার্থীদের ছাবা সব সমস্থার সহজ সমাধান সন্থব নয।
সমাধানেব পথে কোন জটিল গ্রন্থি দেখা দিলে সেথানে সহজ পথের দন্ধান
পাওয়া সদস্থদেব দ্বারা সন্তব নয়। নিশেহার। সদস্থদেব
বিশেষজ্ঞেব ভূমিকা পথেব সন্ধান দিয়ে আলোচনাকে সঠিক পথে চালাবাব জন্য
বিশেষজ্ঞ ব্যক্তির (Resource Person) সাহায্যেব প্রযোজন। বিশেষজ্ঞ
ব্যক্তি অভিজ্ঞত্ব। সম্পন্ন ও তথ্যক্ত হবেন। প্রয়োজন হলেই আলোচনাব
জন্য তাকে পাওয়া যাবে। তিনি সব সময় আলোচন! সভায় উপস্থিত নাও
হতে পাবেন। প্রয়োজনীয় ক্ষেত্রে সদস্যরা তাব কাছে গিয়ে উপদেশ গ্রহণ
কববেন।

কর্মশালা পদ্ধতিতে সমস্ত সদস্য মিলেমিশে পারস্পাবিক সহযোগিতায় কোন একটি সমস্থা সমাধানে উত্যোগী হলে তারা যে উৎসাহ নিয়ে আলাপ-আলোচনা চালাবে, তথ্যাদি সংগ্রহে তৎপবতা দেখাবে, সাধাবে শিক্ষাব্যবস্থায় দে উৎসাহ আশা কর। যায় না—আর সেথানে তাদেব কাজ করার স্থযোগ-স্থবিধাও শীমাবদ্ধ।

পুঁথিগত শিক্ষায় শিক্ষাথাঁর কর্মপ্রচেষ্টার কোন স্বযোগ না থাকায় দে নিক্সিয় হযে পডে। কর্মশালা-পদ্ধতিতে বাস্তবভিত্তিক সমস্যা সমাধানের মাধ্যমে শিক্ষাথাঁ যে অভিজ্ঞত। লাভ করে, তা তাব পরবর্তী বাস্তবজীবনের পাথেয় জীবনে পাথেয় রূপে তার জীবনের স্থায়ী সম্পদে পবিণত হয়। কর্মশালা পদ্ধতির বড কথা এখানে শিক্ষাথাই কর্মকাণ্ডের প্রধান অঙ্গ। তারাই একটি সমস্য। বেছে নেয়ু ও তার সমাধানের জন্ম যা কিছু করণীয় শিক্ষার্থীরা মিলেমিশে সে কাজগুলি করে। শিক্ষক বর্মর মত পাশে থেকে সমস্যা সমাধানে সহায়তা করেন। তিনি একজন সহযোগী। এই পদ্ধতিতে ব্যক্তিগত ও সমষ্টিগত শিক্ষার সমন্তয় হয়েছে। ব্যক্তিব সার্থ

আর সমষ্টির স্বার্থ যেমন পরস্পার বিরোধী নয়, এখানে সমষ্টিগত ভাবে কাজ করার ফলে শিক্ষার্থীর ব্যক্তিত্ব বিকাশের সাথে পরস্পার সহযোগিতার মধ্য দিয়ে সামাজিক চেতনাবোধ জাগে। নিজেরা কাজটি করার ফলে সদস্যদের আত্মবিশ্বাদ জন্মায় ও তারা আত্মনির্ভরশীল হতে শেখে।

#### সেমিনার ও সিমপোজিয়ম:-

সভ্যবদ্ধ আলোচনা পদ্ধতিব তুইটি বিশিষ্ট কপ সেমিনাব ও সিমপোজিযাম। সেমিনাব বা আলোচনা-চক্রে ছাত্রেবা দলবদ্ধ ভাবে কোন একটি বিষয় নিষে আলোচনা কবে। নিজেরাই বিভিন্ন তথ্য সংগ্রহ করে আলোচনায় অংশ গ্রহণ কবে আলোচ্য বিষয়টিকে বিভিন্ন দিক থেকে প্রীক্ষা কবে দেখে। আলোচ্য বিষয়টিকে কয়েকটি ইউনিটেব ভাগ কবে নিয়ে ৩।৪ জনেব এক একটি গ্রুপেব উপব সে বিষয় সম্পর্ণে তথ্য সংগ্রহেব দায়িত্ব দেওবা যেতে পাবে। গ্রুপ নিজেদেব মধ্যে আলোচনা করে মূল বক্তবা ধির কবে নিয়ে দলগত আলোচনাগ সেই বক্তব্য উপস্থাপন কবে। সন্মিলিত আলোচনা থেকে মূল বিষয়টি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। নীচেণ্য দিকেব ছেলেদেব পক্ষে এই জাতীয় আলোচনাচক্রে অংশ গ্রহণ করার মত্ত সামর্থ্য থাকে না বলে সেমিনাব উচ্চে শ্রেণীর ছাত্র বা কলেজের ছাত্রদেব মধ্যে সামাবদ্ধ রাখা সঙ্গত। এই জাতীয় আলোচনায় স্বাধীনভাবে কাজ করাব স্তথ্যোগ থাকায় শিক্ষার্থীরা নিজেরাই অনেক কিছু জানতে পাবে ও তাদের স্বাধীন চিস্তার বিকাশ লাভ ঘটে। সবস্থা সমাধান পদ্ধতিকে আলোচন। চক্রের ক্ষেত্রে প্রয়োশ করা যায়।

সিমপৌজিয়ামকেও আমর। আলোচন। চক্র বলতে পারি। এই আলোচনায় কোন একটি নির্দিষ্ট বিষয়ে কেউ তার পূর্ব থেকে তৈরী লেখা:

(paper) পড়েন। একাধিক ব্যক্তি একই বিষয়ে তাদের তৈরী 'লেখা' পড়তে পাবেন। এরপর উপস্থিত ব্যক্তিরা পঠিত বিষয়টির নানাদিক নিয়ে আলোচনা করেন। এই আলোচনা তাঁরা বিষয়টি সম্পর্কে নতুন তথ্য পরিবেশন করতে পারেন। বিষয়টি সম্পর্কে মূল লেখাগুলি আগের থেকে তেবে চিস্তে তৈরী করা হয় বলে এই জাতীয় আলোচনা-চক্রের আলোচনা বিশেষ তথ্যপূর্ণ ও জ্ঞানগর্ভ হয়। আলোচনায় একজন পবিচালক থাকেন তিনি সমগ্র আলোচনার সংক্ষিপ্তসার পরিবেশন কবে আলোচনার সমাপ্রি টানেন।

# ডিউইর সমস্তা সমাধান পদ্ধতি (Problem Method) :-

দৈনন্দিন কর্মজীবনে আমবা বহু সম্বার সন্মুখীন হই। আমাদেব স্বাভাবিক কর্মপ্রবণতাবশে কর্মে প্রবন্ত হয়ে প্রতিকৃল অবস্থার সন্মুখীন হতে হয়। প্রতিকৃল অবস্থা থেকে যে সমস্থাব উদ্ভব হয় তা দেখে মারুষ কর্ম-বিবত হন না। সে সমস্রা সমাধানে তৎপব হয়। নতুন নতুন উপায় উদ্ভাবনে সচেই ও সমস্রা সমাধানেব উপযোগী নানা তথ্যের সন্ধান সে করে। সন্থাব্য সমাধানেব পথ খুঁজে বেব কবতে পবীক্ষা-নিরীক্ষা চালায়, এই পবীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়েই সে সমস্রা সমাধান কবে। মারুষ বাস্থব জীবনে যে সব সমস্রার সন্মুখীন হবে তারি সাথে ম্থোম্থি হতে হলে শিক্ষাব মধ্য দিয়েই চলবে তার প্রস্তুতি পর্ব। এই প্রস্তুতি হুই ভাবে চলতে পাবে, কর্মের মধ্য দিয়ে আব বৌদ্ধিক দিক থেকে চিম্বার ক্ষেত্রে।

বৌদ্ধিক দিক থেকে কোন একট। সমস্থা সহুঘবদ্ধভাবে সমাধান কি করে হতে পাবে তার উপব ভিত্তি করেই problem method-এর উদ্ভব হয়েছে। কোন একটি অকুভূত সমস্থাব (felt difficulty) মান নিক সমাধান খুঁজে বেব কবা পদ্ধতিকেই সমস্থা সমাধান পদ্ধতি বলা হয়। বিষয়টিকে সমস্থাব আকাবে ছাত্রদেব সামনে উপস্থিত করলে তাদেব চিন্তাশক্তি উদ্দীপ্ত হয়। তাদেব মনে সমস্থা সমাধানের আগ্রহ জন্মে। নানাভাবে বিষয়টিকে বিচাব বিবেনো করে কি করে এর সমাধান খুঁজে পাওয়া যায়, কি করে বিষয়টিকে আয়ত্ত করা যায় problem method সেই পথের সন্ধান দেয়।

সমস্তাকে সমাধান করতে হলে একটি নির্দিষ্ট পথ ধরে এগুতে হয়। মাতুষ কর্মপ্রবণ, এই কর্মপ্রবণতা বলেই সে কাজ করে। কর্মে প্রবৃত্ত হয়েই সে প্রতিকৃল অবস্থার সম্মুখীন হয়। তাই আদে সমস্তা (problem)। সমস্তা সমাধান করতে হলে সমস্তাটিকে ভাল করে বুঝতে হবে। শিক্ষাক ক্ষেত্রে একটি সমস্তাকৈ বেছে নিতে হবে। সমস্তাটি এমন হবে যা ছাত্রদের কাছে

উপস্থাপন কবলে ছাত্রেরা নিজেদের চেষ্টায় তার সমাধান করতে পারে ও সমাধানের মধ্য দিয়ে শিক্ষালাভ হবে। সমস্যাটিকে ছেলেরা চিস্তার ক্ষেত্রে সমাধান করতে পারলে তাদের স্বাধীন চিস্তার ক্ষমতা বাডবে। সমস্যাসমাধানের জক্ত তৎপর হয়ে সে সমাধানের উপযোগী বহুবিধ তথ্য সংগ্রহ কববে। সমস্যাসমাধানের উপযোগী সংগৃহীত তথ্য থেকে যে ধারণা হবে তার মধ্য থেকে একটি ধারণাকে সমস্যা সমাধানের সন্তাব্য উপায় মপে গ্রহণ করবে। সমস্যা সমাধানের বিষগটি চিন্তাব জগতে সাধিত হলেও তার যেন একটা বাস্তব মূল্য থাকে। প্রয়োজন হলে বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করে যেন তার উপযোগিতা সম্পর্কে নিশ্চিন্ত হওয়া যায়।

# কিণ্ডারগার্টেন পদ্ধতি ( Kindergarten Method ) :—

থেন। আৰু প্ডা এ ত'টি জিনিসের মানো আমন্ব। মিল খুঁজে পাই না, তাই বলি পেলাব সম্ম পেলা, প্ডাব সম্ম প্ডা। মুশকিল হয়েছে ছোট ছেলের। থেলতেই ভালবানে, প্ডতে বসাতে হলে জোব করতে হয়, ভয় দেখাতে হয়। তা নাবদ লেখা প্ডাম শিশুব মন বদে না। শিশুব এই অনিজ্ঞা এই ভীতি দ্ব কবা যায় যদি গেলার সাথে প্ডাটাকে ছুডে দেওয়। বায় তথন আব প্ডাটা পড়। থাকবে না ভাও হবে এক রক্মের থেলা। তাই নান। রক্মেব থেলা আব মন মাতানে। নাচ, গান দিয়ে শিশু-উল্থানের স্পষ্ট কবেছিলেন জার্মান শিক্ষাবিদ্ ফ্রেরেল্ রচিত শিশু-উল্থানই হচ্ছে কি গুরগার্টেন।

১৮৩৭ খ্রীঃ ঝ্লাকেন বৃর্গ গ্রামে সাত বছরেব ছেলেদেব জন্ম ফ্রামেবল্ একটি শিশু বিভালয় স্থাপন কবেন। এই বিভালয়ের নাম দেন কিগুরাবগার্টেন (শিশু-উভান)। এই সার্থক নামটি বিশ্বে শিশু শিক্ষার ইতিহাসে এক নতুন সুগেব সৃষ্টি করেছে।

বাগানেব ছোট ছোট চাবাগাছগুলি ষেমন মালীর সম্থ পরিচর্ধায় ধীরে নীবে বড় হয়ে একদিন ফ্লে ফলে বিকশিত হয়ে ওঠে তেমনি শিশুবা সম্থ পালিত ও বাদ্ধিত হয়ে ধীরে ধীরে বিকাশ লাভ করতে থাকে। থেলা, মনেব মত কাজ ও গানেব মধ্য দিয়ে এক আনন্দময় পরিবেশ রচিত হয় শিশু-উভ্যানেব শিশুদের জন্ম। গানের তালে আর নাচের ছন্দে শিশুদের জীবন শুধু আননদ্দম্যই হয়ে ওঠে না, তারের পর স্থর অতিক্রম করে পরিপূর্ণতা লাভের পথে এগিযে দিত্ত্রুলাহায্য করে।

ফ্রনেবিশ্ বহুদিনের অভিজ্ঞতায় শিক্ষার্থী জীবনের ক্রমঃবিকাশেব স্তরভেদে আত্মবিকাশেব উপধোগী কতকগুলি থেলাও কাজ আবিষার করেন। এগুলি হচ্ছে শিশুর বিকাশেব স্তব অনুসাবে ছয়টি উপহার (gift) ও অনেক**ঙ**লি হাতেব কাজ (occupation) ফ্রায়বলের শিক্ষাব প্রধান উপকরণই হচ্ছে এই উপহার ও কাজগুলি। উপহারগুলি হচ্ছে নানা রকমের নানা রঙের খেলনা। প্রথম উপহাব হচ্ছে নানা বঙেব তু'টি উলের বল। দ্বিতীয় উপহাব হচ্ছে কাঠের গোলক, ঘনক (cube) ও দিলিতাব। তৃতীয় উপহার হচ্ছে একটি ঘনক আটটি ভাগে ভাগ করা: এ দিয়ে চেয়াব, সিঁড়ি, দবজা প্রভৃতি তৈরী করা যায়। চতুর্থ উপহার আটটি লম্বা প্রিদম (prism)। পঞ্চম উপহার একসাথে ঘনক ও প্রিদম। ষষ্ঠ উপহার এক থেকে পঞ্চম উপহার মিলিয়ে। এসব জিনিস দিয়ে নানাবকম জিনিস তৈরী কবা যায় ও বিভিন্ন সংখ্যা গণনা শেখান হয়। সপ্তম থেকে নবম উপহাব কাঠ, কাঠেব টুকরা, দড়ি ইত্যাদি। এ দিয়ে পরিধি, পরিমাণ ও জাযতন সম্পর্কে ধারণা জন্মায়। প্রতিটি উপহারের পিছনেই ফ্রয়েবল একটি দার্শনিক ব্যাখ্যা জুড়ে দিয়েছেন। তাত্ত্বিক আলোচনার মধ্যে না গিয়েও প্রত্যেকটি উপহারের শিশুশিক্ষার ক্ষেত্রে বাস্তব উপযোগিতাকে কেউ অস্বীকার কবতে পারে না। ফ্রয়েবলের শিক্ষা পদ্ধতিতে কাদা বালি, কাঠের ওঁড়া, কাগজ প্রভৃতি দিযে নানা জিনিদ তৈরী করতে শেখান হয়। এ ছাডা কে. জি.-তে সেলাই, মাহর বোনা প্রভৃতি নানা কাজের ব্যবস্থা আছে। এসব কাজের মধ্য দিয়ে হজনী শক্তির বিকাশ, আত্মবিশ্বাস, হস্ত সঞ্চালনের দক্ষতা রদ্ধি পায়, নানা জিনিস সম্পর্কে ধারণার সৃষ্টি হয়।

কিগুরগার্টেন পদ্ধতির অক্যতম শ্রেষ্ঠ দান হচ্ছে শিশু ভোলান ছড়া ও গান। থেলা আর গানকে তিনি তার শিক্ষায় অতি উঁচু স্থান দিয়েছেন। থেলার আনন্দের মধ্য দিয়ে শিশু ধীরে ধীরে বেড়ে ওঠে, খেলার আনন্দের মধ্য দিয়েই শিশু কর্মেব প্রেরণা পায়।

ছেলেদের গানের মধ্যে ৭টি মায়েব গান ও ৫ • টি থেলার গান। গানগুলির সাথে রয়েছে নানা রঙের ছবি আব নাচ। গানের সাথে নাচের মধ্য দিয়ে শিশুদের অঙ্গ সঞ্চালন হয়। এ ছাডা গানেব সাথে মার্চের শিক্ষা দেওয়া হয়। কাজেব সাথে সাথে গানের ব্যবস্থাও আছে। গান ও থেলাগুলি শিশুর বিকাশের স্তর অনুযায়ী করা হয়েছে।

ক্রয়েবেলের শিক্ষাপদ্ধতিতে গল্পের মধ্য দিয়ে শিক্ষা দেবার ব্যবস্থা আছে।
শিশুবা গল্প শুনতে ভালবাসে তাই গল্পের মধ্য দিয়ে যা শেখান হয় তা তারা
আনন্দের সাথেই শেখে। এতে ভাষা জ্ঞান বৃদ্ধি পায়। শিশুব কল্পনা শক্তিকে
উদ্দীপ্ত করে। দেহের জন্ম যেমন থেলা, মনের থোরাক তেমনি গল্প। একটা
দেহেব অপরটা মনের তৃপ্তি।

[ফ্রায়েবেলের নিক্ষাদর্শ অমার "নিক্ষাদর্শ পদ্ধতি ও সমস্যার হাতিহাদ" বইছে আলোচিত হয়েছে ]

শিক্ষাপদ্ধতি দ্বিতীয় পর্ব—৬

# মন্তেসরী পদ্ধতি ( Montessory Method ):—

শিক্ষার কেন্দ্রবিন্দৃতে শিশুকে স্থাপনের যে চেষ্টা রুশোর সময় শুরু হয়েছিল বিংশ শতাব্দীতে দেই প্রচেষ্টা জয়য়য়্জ হয়। শিশুকেন্দ্রিক শিক্ষায় ডাঃ মেরিয়া মস্তেদরীর দান অপরিসীম। শ্রেণী শিক্ষার বিলোপ সাধন করে তিনি যে শিক্ষাপদ্ধতি প্রবর্তন করেন তা শিক্ষা ক্ষেত্রে এক স্থদ্ব প্রসাধী পরিবর্তনের স্টনা করে। ব্যক্তিগত পার্থক্যের (individual difference) জয় প্রতি শিশুর কতকগুলি নিজস্ব বৈশিষ্ট্য রুয়েছে। শ্রেণী শিক্ষায় সেই বৈশিষ্ট্যের স্বীকৃতি থাকলেও বিকাশের কোন স্থযোগ নেই। শ্রেণী শিক্ষায় শিশুকে আলাদা আলাদা করে দেখা সম্ভব নয়। তাই তিনি শ্রেণী শিক্ষা অবৈজ্ঞানিক বলে তাকে বিদায় দিতে বলেছেন।

মন্তেসরীর শিক্ষাপদ্ধতির প্রথম কথাই হচ্ছে স্থাধীনতা। প্রতিটি শিশু
নিজ নিজ প্রকৃতি অমুযায়ী একক ভাবে শিক্ষা গ্রহণ কববে। পুরস্কারের লোভ
বা তিরস্কারের ভয় দেখিয়ে শিশুকে দিয়ে জোর করে কিছু
শিক্ষাথীব স্থাধীনতা
করান অস্থাভাবিক। শিশুরা স্থাভাবিক ভাবেই সক্রিয়।
শ্রেণীশিক্ষার বন্ধনে বেঁধে রাখলে তাদের স্থাভাবিক বিকাশের পথই কল্প হবে।
স্থাধীনতার অর্থ ছেলেদের উচ্ছুজ্বলভাকে প্রশ্রেষ দেওয়া নয়, ছেলেদেব শৃদ্ধল
মুক্তির কথাই তিনি বলেছেন। স্থাধীনতা নিয়্ত্রিত হবে স্বভঃস্কৃত অস্তর্জাত
শৃদ্ধলার (Free or Internal discipline) মধ্য দিয়ে।

মন্তেসরী শিক্ষার মধ্য দিয়ে সমগ্র সন্তার স্থলামঞ্জন্ত পরিপূর্ণ বিকাশের কথাই ভেবেছেন। তাঁর শিক্ষাপদ্ধতিতে শিশুকে নিজের চেষ্টায় শিক্ষাপাভের সূযোগ দেওয়া হয়। শিক্ষার সাজ সরঞ্জাম তাকে দিলে শিশু শ্বং শিক্ষা(aut-education)

নিজেই শিথবার চেষ্টা করবে। এজন্য তিনি কতকগুলি থেলনার উদ্ভাবন করেন। খেলনাগুলি এমন ভাবে তৈরী বদি শিশু কোন ভুল করে তাহলে নিজেরাই ভুল শুধরে নিতে পারবে। একে বলা হয় স্বয়ং-শিক্ষা (auto-education)। শিশুর কাজে পরিচালিকা হতদ্র সম্ভব কম হস্তক্ষেপ করবেন।

মন্তেদরী শিক্ষা-পদ্ধতিতে শিক্ষিকা নেই, আছে পরিচালিকা (Directress)। তিনি শাসন করেন না, সাহায্য করেন। জননীর স্লেহ নিয়ে পরিচালিকা সর্বদা পাশে থাকেন। শিশুরা নিজেরা পরিচালিকা থেলবে, শিখবে, কাজ করবে। পরিচালিকা তাদের স্বার দিকে লক্ষ্ণে রাখবেন, উৎসাহ দেবেন, প্রয়োজন হলে তাদের সাথে থেলবেন বাকাজের সাথী হবেন। ঘন্টার পর ঘন্টা শিশুরা মগ্ন থাকবে যার স্বার কাজে। এথানে কোন জোর বা জবরদন্তি নেই, চোন নিপীড়ন নেই। ভয় দেখিয়ে বা লোভ দেখিয়ে কাজ করাবার চেষ্টা পরিচালিকা করবেন না। কোন শিশু যদি অপরের স্বাধীনতায় ব্যাঘাত ঘটায় তাহলে পরিচালিকা হস্তক্ষেপ করেন।

মন্তেসরী শিক্ষা-পদ্ধতিতে শিশুর ইন্দ্রিয় নিচরের শিক্ষার জন্ম বিভিন্ন

Dida ctic Apparatus পরিকল্পনা করেছেন। এতে আছে নানা আকারের

নানা মাপের কাঠেব ফলক ও কাঠের লাঠি, কাঠের

শিক্ষা-উপকরণ

সিলিগুরে, রঙীন পুতুল, ধাতুব ঘণ্টা, মঞ্চ, কাঠের
সিঁড়ি বিভিন্ন শব্দ উৎপাদনের জন্ম বন্ধ কাঠের বাল্ল, বড় বড় হরফে লেখা
কাঠের রঙীন বর্ণমালা, কার্ডবোর্ডের বাল্লে কার্ডেব উপর লেখা বিভিন্ন অঙ্ক
ইত্যাদি। এ সব উপকবণ দিয়ে কেলেদের বঙ্ চেনা, স্পর্শ শক্তি ও আরণ
শক্তির বিকাশ বিভিন্ন আক্রতি ও আকার সম্পর্কে ধারণা, অক্ষর সম্পর্কে ধারণা
সংখ্যার প্রতাক দণ্ডের সাহায্যে ১ থেকে ১০ পর্যন্ত গণনা করতে শিক্ষা দেওয়া
হয়।

শিশু বিভালয়ে এলে প্রথমে ভালের পরিষ্কার-পরিক্ষরত। সম্পর্কে শিক্ষা দেওয়া হয়। হাত মুখ ধোয়া, স্লান করা, পোষাক পরিচ্ছল পরা তারপর ধীরে ধীরে ঘর পরিষ্কার, বাসনপত্র পরিষ্কার, খাবারের শিক্ষার নানাদিক টেবিল সাজান সবই যাতে তাবা নিজেরা কবতে পারে সে ভাবে শিক্ষা দেওয়া হয়। শ্বীর চর্চার জন্ম বিভিন্ন প্রকার খেলা গানের সাথে নাচ প্রভৃতি ব্যবস্থা করা হয়।

প্রকৃতি পাঠের মাধ্যমে উদ্ভিদ সম্পর্কে বাস্তব জ্ঞান লাভ কবতে পাবে এম্বস্থ বিভালয়েব সাথে বাগানের ব্যবস্থা থাকে। এ ছাড়া পশুপালনের ব্যবস্থা করে পশুদ্ধীবনের বিষয়ে প্রভাক জ্ঞান লাভেব ব্যবস্থা করা হয়।

শিশুবা ছবি আঁকতে ভালবাসে। তাদের রঙ্গীন পেন্সিলে প্রথমে আঁকতে শেখান হয়, পবে তুলি দিয়ে আঁকতে দেওয়া হয়।

মন্তেদবী পদ্ধতিতে লেখা ও পড়া এক সাথে শেখান হয়। মোটা কাগজেব অক্ষর কেটে শিরিষ কাগজে এঁটে দিয়ে তার উপর আঙ্কুল চালানো শিক্ষা দেওয়া হয়। আঙ্কুল চালানোর সময় শিক্ষকের সাথে শব্দটি বার বার উচ্চাবণ করে অক্ষবটিব সাথে পরিচয় ঘটে। গণনা শিক্ষায় প্রথমে টাকা-আনা-পয়সার সাহায্য গ্রহণ করা হয়। ১ থেকে ইঞ্চিদাগ দেওয়া কাঠির সাহায্যে গণনা শিথতে ও পড়তে শেখান হয়। শিক্ত শিক্ষার ক্ষেত্রে কিপ্তারগার্টেন ও মন্তেদরী পদ্ধতি বিশ্বার ক্ষেত্রে কিপ্তারগার্টেন ও মন্তেদরী পদ্ধতি বিশ্বার ক্ষেত্রে কিপ্তারগার্টের মধ্যে ঐক্য রয়েছে কিস্ত বৈষম্যও ক্ষম নয়।

# মন্তেদরী ও কিণ্ডারগার্টেন পদ্ধতির তুলনা:—

আপাতঃ দৃষ্টিতে হুটি পদ্ধতিব মধ্যে অনেক মিল দেখা যায়। গতাত্মগতিক নীবদ শ্রেণীশিক্ষা থেকে মুক্তি দিয়ে একটা আনন্দময় পবিবেশে খেলার ছলে শিক্ষাব ব্যবস্থাব কথা ছল্লনেই বলেছেন। শ্রেণীশিক্ষাব বিরুদ্ধে ছজনেই সোচ্চাব। ব্যক্তিগত পার্থক্যকে মেনে নিষে কি কবে ছেলেদেব বৈশিষ্ট্য অনুসাবে শিক্ষা দেওয়া যায় ছু'জনে সে চেষ্টাই করেছেন। তব্ পার্থক্য আছে।

মস্তেসবী পদ্ধতিতে শিশুদেব ব্যক্তিগতভাবে থেলা ও কাজেব স্থ্যোগ দেওয়া হয়। কিণ্ডাবগার্টেন ব্যবস্থায় দলগতভাবে কাজ হয়। ফ্রবেল্ শ্রেণীশিক্ষার বাঁধন থেকে শিশুদেব মুক্তি দিতে পাবেন নি। মন্তেসবী শ্রেণীবদ্ধ-ভাবে শিক্ষাদানেব সার্থকতা নেই একথা বললেও আবেগমূলক ও প্রেবণামূলক শিক্ষা ব্যাপাবে, সাহিত্য, সঙ্গীত প্রভৃতি বিষয়ে সমষ্টিগত শিক্ষাব বিশেষ স্থবিধা আছে বলে মনে কবেন।

কিণ্ডারগার্টেন পদ্ধতিতে শিক্ষিক। শিক্ষা পবিচালনা কবেন। মন্তেসবী পদ্ধতিতে পবিচালিক। শিশুর কাজেব দিকে শুধু দৃষ্টি বাথেন। শিশু কোন উপহার Gift) নিয়ে থেলবে K. G.-তে তা শিক্ষিকা ঠিক কবে দেন। খেলাও কাজ নির্দিষ্ট সময় ধবে চলে, মন্তেসরী পদ্ধতিতে শিশু তাব নিজেব ইচ্ছামত খেলনা নিয়ে খেলা কবে। খেলা বা কাজেব কোন নির্দিষ্ট সময় নেই দ্বিশু যতক্ষণ খুশী খেলতে পাবে।

মন্তেসবী শিশুদেব কাছে বেশী গল্প ও রূপকথা বলাব বিবোধী। ফ্রয়েবল্ মনে কবতেন গল্লেব মধ্য দিয়ে শিশুদেব কল্পনাশক্তি বৃদ্ধি পায়।

ফ্রযেবলেব Gift এব পিছনে একটা বিশেষ অর্থ ব্যেছে। প্রতিটি উপহার প্রতীকরূপে নেওয়া হয়েছে। মন্তেদবীর Didactic Apparatus-এর পিছনে কোন চুক্তেয়ি বহস্ত বা গৃঢ় অর্থের কল্পনা কবা হয় নি।

K.G.-তে লেখাপড়া ও বইয়ের ব্যবহারের উপর বিশেষ জ্বোর দেওয়া হয় নি। মন্তেসরী পদ্ধতিতে বহয়ের ব্যবহার ও লেখাপড়া শেখায় যথোচিতে ওক্তর দেওয়া হয়েছে।

মন্তেসবী পদ্ধতিতে স্বতঃফুর্ত অন্তর্জাত শৃদ্ধলাব উপর নির্ভব কবে ছেলেদেব অবাধ স্বাধীনতা দেওয়া হয়। ছেলেরা এর মধ্য দিরেই শৃদ্ধলানোধ সম্পর্কে সচেতন হয়। পরিচালিকা উপস্থিত থাকেন, ছেলেদেব কাজের ক্রিকি দৃষ্টি রাখেন কিন্তু হস্তক্ষেপ বা প্রত্যক্ষভাবে পরিচালনা করেন না। K. G.-তে শৃদ্ধলা রক্ষার দায়িত্ব শিক্ষকের। শিক্ষকের পরিচালনায় ছেলেবা কাজ করে, খেলে। এখানে ছেলেদেব ক্রটন্ মেনে

চলতে হয় এবং শিক্ষক সেটা নিয়ন্ত্রণ করেন। আমাদের দেশে K. G. নামধারী স্থলগুলিতে ফ্রেবলের পদ্ধতি সর্বক্ষেত্রে অনুসত হয় না। সাধারণতঃ মিশ্র পদ্ধতির অনুসবণ কবা হয়। K. G. ও মন্তেসরী উভয় পদ্ধতি থেকেই সুবিধাজনকভাবে প্রয়োগ কবা যেতে পারে এমন বিষযগুলি বৈছে নেওয়া হয়। যত্রতার সাইনবোর্ড টাক্সিয়ে যেসব K. G. স্থল খোলা হচ্ছে তার অধিকাংশ শুধু সাইনবোর্ড। K G শিশু শিক্ষায় এই ত্'টি পদ্ধতির প্রয়োগ কবতে হলে যে প্রস্তুতির প্রয়োজন আমাদের দেশে তা এখনও স্থদ্ব পরাহত।

# হিউরিসটিক পদ্ধতি ( Heuristic Method ) : -

শিশু শিক্ষা প্রণালী নির্ধারণে আমাদেব চেষ্টা হবে শিশু যাতে নিজেই শিখতে পাবে, জানতে পাবে; নিজেব চেষ্টার একটা দিন্ধান্তে অ'দতে পাবে সেভাবে শিক্ষার ব্যবস্থা করা। হিউরিসটিক পদ্ধতির গোড়ার কথাই হচ্ছে শিক্ষার্থীরা নিজেরাই তাদেব শিক্ষাণীয় বিষয়কে জানবে। একদিন মানুষ ব্যক্তিগত বা সমষ্টিগত প্রচেষ্টার অথবা আক্ষাকভাবে যে নতুন তথ্যের সন্ধান পেয়েছিল সেই অভিজ্ঞতা আজ সামাজিক সম্পদে পরিণত হয়েছে। সেইভাবে হিউরিসটিক পদ্ধতিতে শিশুকে এমন প্রণালী অনুসরণ করতে উৎসাহী করা যাতে শিশুবা অগ্রগামী (Pioneer) হয় নতুন জ্ঞানের সন্ধান করতে।

Prof. Armstrong বিজ্ঞান শিক্ষার জন্ম প্রথম এই পদ্ধতির একটা শুসংবদ্ধ রূপ দেন। কিন্তু দেখা গিয়েছে এই পদ্ধতি সমন্ত বিষয় শেখাবাব কাজে লাগান যেতে পাবে। একটা পদ্ধতি যদি বৈজ্ঞানিক প্রণালীকে অনুদবণ কবে ভবে ভাকে শুধুমাত্র বিজ্ঞান শিক্ষাব ক্ষেত্রেই সীমাবদ্ধ না বেখে জ্ঞানমূলক পাঠেব (Knowledge lesson) ক্ষেত্রে স্বত্রই ভার প্রয়োগ নিয়ে প্রাক্ষা-নিবীক্ষা ভানান চলে।

হিউরিসটিক পদ্ধতিতে কোন একটি বিষয়েব কতকগুলি নিয়ম শেখানোর উপর খুব গুরুত্ব আবোপ করা হয় না। কি করে তথ্য সংগ্রহ কবতে হবে, আহরিত তথাগুলিকে প্রণালীবদ্ধ করে কাজে লাগান যাবে, সেই কাজের মধ্য দিয়ে কি করে সাধারণ নিয়মটিকে ছেলেরা নিজেরাই জানতে পারবে সেই শিক্ষাই এই পদ্ধতিতে দেওয়া হয়।

হিউরিসটিক পদ্ধতিতে আরোহী প্রণালী (Inductive Process) অবলম্বন করে শিক্ষা দেওয়া হয়। কতকগুলি জানা তথ্য থেকে শিক্ষার্থীরা জ্ঞজানা জ্ঞানের দন্ধান লাভ করে ( From known to unknown )। ছাত্ররা নিজেদের চেন্টায় বই থেকে, বস্ত্রপাতির সাহায্যে পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে নানা তথ্য সংগ্রহ করে। ব্যক্তিগত প্রচেন্টাকে উৎদাহিত করে শিক্ষার্থীকে জ্ঞানের নতুন ক্ষেত্রে প্রবেশ করতে সাহায্য করা হয়।

শিক্ষার্থীর ব্যক্তিগত অভিজ্ঞতাই প্রকৃত জ্ঞানার্জনের প্রধান ভিস্তি এই মতবাদকে এই পদ্ধতিতে কাজে লাগান হয়। এই পদ্ধতিতে শিক্ষায় শিশুকে মানসিক দিক খেকে সক্রিয় থাকতে হয় বলে তার চিন্তাশিক্তি বিকাশেব সাথে যুক্তি প্রয়োগ করার ক্ষমতা বেড়ে যায়। কোন একটা তথ্যকে গ্রহণ করার আগে তার অমুসন্ধানী মন বিষয়টি বিচাব করে, পক্ষে ও বিপক্ষের যুক্তিগুলি যাচাই করে দেখে, হিউরিসটিক পদ্ধতিতে এমন একটা শিক্ষা-প্রণালী অমুসৃত হয়, যার ফলে শিক্ষার্থী কতকগুলি নিয়ম বা তথ্যই জানে না তার মনটি হয়ে উঠে অমুসন্ধানী।

শিক্ষার্থীর পক্ষে সব সময় তথ্য সংগ্রহ করে নিজে নিজে কোন সিদ্ধান্তে পৌছান সম্ভব না। নিক্ষককে অনেক সময় তথ্য সংগ্রহ বা থবর জোগাতে হয়। তা নাহলে সীমাবদ্ধ সময়ের মধ্যে সব কাজ শেষ করা সন্তব হয় না। তবে থেয়াল রাখতে হবে তথ্য জুগিয়েই যেন নিক্ষক কাজ শেষ না করেন বা স্থলের সময় তথ্যমাত্র তথ্য সংগ্রহে ব্যয় না হয়। তাহলে নিক্ষার্থীরা নিজেরা কাজ করার স্থযোগ পাবে না। ছাত্রেরা যাতে নিক্ষকের দেওয়া থবরের উপর নিজেরা কাজ করতে পারে এবং নতুন কিছু আবিদ্ধার করতে পারে হিউরিসটিক নিক্ষা-পদ্ধতির তাই লক্ষ্য। হিউরিসটিক নিক্ষা-প্রণালীকে কোন একটি পৃথক পদ্ধতি না বলে বলা যায়—"essence of all methods" যে কোন নিক্ষা-প্রণালী যেখানে শিক্ষার্থীকে স্থানীন চিন্তা ও স্বাধীনভাবে নতুন কাজের মাধ্যমে নতুন কিছু আবিদ্ধারের প্রেরণা যোগায় তাকেই হিউরিসটিক পদ্ধতি বলা চলে।

এই পদ্ধতির স্থবিধা এই যে, শিক্ষার্থী এথানে শুধুমাত্র নিজ্ঞিয় শ্রোতা নয়।
সে এথানে চিন্তা কবে, তার মন সক্রিয় ও বিচারশীল। শুধু কথা শুনে বা কাজ্প
দেখে কোন বিষয়ে সমাক জ্ঞান হয় না। এথানে নিজেকে কাজ করতে হয় বলে
বিষয় সম্পর্কে তার জ্ঞান জন্ম।

গতাহগতিক পদ্ধতিতে নিক্ষার্থীর মনে বিষয় সম্পর্কে যে আগ্রহ জন্মে নিজেকে কান্ধ করে জানতে হলে সে বিষয় সম্পর্কে আগ্রহ ও উৎসাহ অনেক বেশী হয়। গতাহগতিক নিক্ষার মত হিউরিসটিক পদ্ধতিতে নিক্ষার বিষয় কখনও নীরস বা বিরক্তিকর বলে মনে হয় না। পরীক্ষা-নিরীক্ষার মধ্যে শেখার সাথে এছই ইছির আনন্দ আছে, যার ফলে বিষয়টি একঘেঁয়ে বা নীরস হয়ে উঠে না।

হিউবিসটিক প্রণাকী অনুসরণ করার কয়েকটি অন্থবিধাও রয়েছে সে বিষয় সতর্ক থাকা প্রয়োজন। এই প্রণালীতে শিক্ষা সময়দাপেক্ষ। একটি বিষয় সম্পর্কেষখন কতকগুলি তথ্য শিক্ষার্থীদের দেওয়া হয় তারা তা নিয়ে কাজ করে যাচাই করে দেখে এতে সময় বেশী লেগে যায়।

ছোট ছেনেরা যে বয়সে যুক্তি দিয়ে স্বকিছু বিঠার করতে পারে না তখন এই প্রণালীর প্রয়োগ সম্ভব নয়।

এই প্রণালীতে শিক্ষকদেবও অনেক সময় অন্থবিধা হয়। শিক্ষক শুধুমাত্র পুঁথিনির্ভর হয়ে এই প্রণালীতে শিক্ষা দিছে পারেন না। বিভিন্ন শ্রেণীর ব্রবার মাত করে তাকে বিভিন্ন উপায় অবন্ধন করতে হয়। সব শিক্ষণ এই শিক্ষাপ্রণালী স্বষ্ঠ প্রয়োগ করতেও পারেন না। যদি কোন শিক্ষক ছাত্রদেব কাছ থেকে অভিরিক্ত কিছু আশা কবেন, এবং ছেলেরাই সব করতে পারবে এই ভেবে হাত গুটিয়ে বদে থাকেন তাহলে এই পদ্ধতিতেকোন সুফল পাওয়া যাবে না। ছেলেরাই করবে, তবে তা শিক্ষকদের সহায় হায়।

# শিক্ষার কয়েকটি মূলনীতি (Some Maxims of Education):—

শিশুপ্রকৃতি জেনে নিয়ে যেসব প্রণানী অন্থারণ করলে শিক্ষা দেওয়া সহজ ও আধুনিক মনোবিজ্ঞানসম্মত হবে সে সম্পর্কে আলোচনার পরও আরও কতকগুলি মূলনীতি সম্পর্কে আমাদেব জানা দরকাব। জটিল শিক্ষা-প্রক্রিয়াকে স্বষ্ট্রভাবে সম্পন্ন করতে হলে এই বহু আলোচিত ও পরীক্ষিত মনোবিজ্ঞানসম্মত নীতিগুলির যথায়থ প্রয়োগ শিক্ষার মত জটিল কাজকে সহজ করে তুলবে। আমাদেব মনে রাখতে হবে আধুনিক বৈজ্ঞানিক প্রণালীতে শিক্ষায় বাজিগত থেয়াল খুলীর কোন স্থান নেই। শিক্ষায় একটা সুসংবদ্ধ প্রণালী ধবে আমাদের অগ্রসর হতে হবে। এই স্থাংবদ্ধ প্রণালী বা রীতিই হচ্ছে কত্রকগুলি শিক্ষানীতিকে (Maxims of Education) মেনে চলা।

১। জানা থেজে অজানায় নিয়ে যাওয়া (Proceed from Known to Unknown ):—

শিশু পূর্বে যা শিখেছে বা যা অভিজ্ঞতা লাভ করেছে তার উপব ভিত্তি করে নতুন জ্ঞান লাভ করবে। শিক্ষায় হার্বার্ট বে apperceptive mass-এর কথা বলেছেন তা শিক্ষায় জানা থেকে অজানার দিকে যাবার তত্ত্বকেই বন্দার করে। শিশুকে যখন শিক্ষা দিতে শুক্ত করা হয় তখন প্রথম নির্ভর করতে হবে শিশু কডটুকু জানে দেই তথ্যের উপর। দেই জানা থেকেই তার কোতৃহল জাগ্রত কবে নতুন নতুন তথ্যের অবভারণা করা হবে। ছেলেরা গান্ধীজীর ছবি দেখেছে, গান্ধীজীর জন্ম দিনে ছুটি পার। অথচ তাঁর জীবনী সম্পর্কে তাদের জ্ঞান স্থাধীনতা যুদ্ধের ইতিহাস ধীরে থেকেই গান্ধীজীর জীবনী ও আমাদের স্থাধীনতা যুদ্ধের ইতিহাস ধীরে ধীরে ছেলেদেব কাছে উপস্থাপন করা সম্ভব। শিক্ষার স্তববিভাগ আলোচনায় আমরা দেখেছি স্তরগুলি এমনভাবে ভাগ করা হয় যায় ফলে একটি নতুন পর্ব বাস্তবে শুরু হলে তথন তাকে নতুন বলে মনে হবে না। পূর্ববর্তী স্তরের স্থাভাবিক পরিণতি রূপে যেন আমরা সেখানে এসে পোঁছেছি এমনিভাবে নতুন পর্বটি উপস্থাপিত হবে। একটি পর্বেব সাথে সাথে অপবটি হয় দৃট সন্নিবদ্ধ। শিক্ষায় পূর্বজ্ঞানকে ভিত্তি কবেই আমাদের নতুনের দিকে যাত্রা কবতে হবে।

২। সহজ থেকে জটিলের দিকে যাওয়া (Proceed from simple to complex):—

শিক্ষক মাত্রেই এই নীতিকে জানেন ও মেনে চলেন, এটা সাধারণ ভাবেই আমরা বুঝতে পাবি যে শিক্ষার এবটা ক্রম রয়েছে। সেথানে সহজ থেকে ধারে ধারে আমাদের কঠিনেব দিকে অগ্রস্ব হতে হবে। সহজ থেকে কঠিন বা হটিলেব দিকে যাওয়া কথাটা যত সহজভাবে বলা হয় প্রয়োগের ক্ষেত্রে কিন্তু ব্যাপাবটা তত শোজা নয়। সহজ (simple) কথাটা অপেক্ষিক (relative)। একে শিক্ষার্থীর বয়স ও মানসিক বিকাশেব পরিপ্রেক্ষিত বিচার বরতে হবে। যুক্তিব দিক থেকে (logically) বিচাব কবে শিশুব কাছে সহজ বলে যা আমাদের মনে হয় মনোবিজ্ঞানের দিক থেকে (Psychologically) বিচার কবে প্রয়োগের ক্ষেত্রে দেখা গিয়েছে তা শিশুব কাছে দব সময় দহজ হয় না। আমতা জানি একটি সম্পূর্ণ বাক্য শেখানোর আগে একটি কবে শব্দ শেখানো যুক্তির দিক থেকে সঙ্গত। কিছু কার্যতঃ দেখা গিয়েছে ছোট ছোট বাকা দিয়ে গুরু করলে ভাষাশিকা স্কুষ্ঠ ও সহজ হয়। তেমনি সরল বেখা বক্রবেখা প্রভৃতি নানাবিধ রেখা আঁকতে পারদর্শী করে চিত্র আঁকতে শেখানোর চেষ্টা য় টা কার্যক্রী হবে তার চেয়ে শিশুব সামনে একটি সহজ চিত্র তুলে ধবে আঁশতে দিলে দে আঁকায় বেশী উৎসাহ বোধ কৰবে। অর্থাৎ যুক্তিনির্ভর হয়ে শিশু মনোবিজ্ঞানেব দিকে চোখ বুজে থাবলে সহজ ভটিল বুঝতে ভুল হবে। সহজ বলতে শিশু যাকে সহজ মনে করবে তুই সহজ—If the teacher applies the maxim literally it might lead him to the mistaken nation analysing the subject matter for the child and then teaching wholes, e.g., alphabetical method of teaching, reading, or an introduction to geometry which being with defination, axioms and postulate (A Short History of Educational Ideas by S. I. Curtis and M. E. A. Boult Wood).

এই নীতিকে যদি অক্ষবিক অর্থ (literal meaning) অনুযায়ী প্রয়োগ কবতে চেষ্টা কবা হয তাহলে ভুল হবে। শুধু এই নীতিটি নয় শিক্ষার প্রতিটি নীতির প্রয়োগের সময তাব তাৎপর্য নির্ণয় করতে হবে শিশু প্রকৃতি ও মন্ব্রে। শিশুব কাছে বিষয়বস্তু কিভাবে উপস্থাপন কবলে শিশুব পক্ষে গ্রহণ কবা সহজ্ঞপাধ্য হবে সেইভাবেই আমাদেব শিক্ষার নীতিসমূহ প্রয়োগ করতে হবে।

৩। মূর্ত থেকে বিমূর্ভ বিষয়ের দিকে যাওয়া (Proceed from concrete to abstract):—

য। ইন্দ্রিয়াহা, চোথে দেখে হাতে ধবে যাকে বুঝা যায় শিশুরা প্রথম তাকেই চিনে নেয়। তাদের চিন্তায় প্রথম আদে মৃত্ জিনিসটি, ধীরে ধীবে তারা বিমৃত্তির ধারণা কবতে পাবে। প্রথমে শিশু একটি পাথী দেখে— একটি ছটি এমনি করে বহু পাথী দেখবার পর পাথী সম্পর্কে তাব সাধারণ ধারণা জন্মায়। ছেনেদেব অঙ্ক শেখানোর সময় দেখা গিয়েছে যোগ-বিয়োগেব সাধারণ নিয়ম প্রথমেই বুঝাবার চেষ্টা না কবে কোন জিনিস (ধেমন মার্বেল) যদি তাদেব হাতে ধবিয়ে শেখাবার চেষ্টা কা যায় তাহলে ভাল ফল পাওয়া যায়। তবে মনে রাখতে হবে সাধারণ নিয়ম শেখানোই আমাদের লক্ষ্য। প্রত্যক্ষোচের ঘব্যটি যত শাভ্র সন্তব্য নিয়ে সাধারণ স্ত্রের দিকে যাওয়া যাবে আমাদেব কাজ তত্তই সার্থক হবে। নীতিটিকে স্মরণ রেথে শিক্ষক তাঁব নব নব উদ্ভাবনী শক্তির সাহায়ে শিক্ষার ব্যাপারে এগিয়ে যাবেন।

৪। বিশেষ থেকে সাধারণের দিকে যাওয়া (Proceed from particular to general):—

নির্দিষ্ট বস্তুর ধারণা থেকে সাধারণ স্ত্রগঠন যুক্তিবিজ্ঞানের আরোহী পদ্ধতি (Inductive Method) অনুসারে করা হয়। প্রথম আমরা উদাহরণ দিয়ে শুরু করি তারপর সাধারণ স্ত্রে পৌছাই। বহুক্ষেত্রে আগুন ও ধেঁায়ার সাথে অঙ্গাঙ্গী সম্পর্ক দেখেই আমরা যেথানে ধেঁায়া সেথানেই আগুন সিদ্ধান্ত করি। এখানে বয়েকটি ঘটনা যা আমরা অবলোকন করেছি ত। হচ্ছে মৃত্জ্ঞান (concrete example) তারপর যে সাধারণ সিদ্ধান্ত করা হ'ল তা হচ্ছে বিমৃত্জ্ঞান (abstract conception)।

# চতুর্থ অধ্যায়

# শিক্ষাদানের নীতি নির্ধারণ ও শিক্ষাপ্রণালী

( Principles of Teaching Method ) শিশুর যুগ:—

প্রাচীনকাল থেকে আধুনিক কাল পর্যন্ত শিক্ষাদর্শ ও শিক্ষাপদ্ধতির ক্রমবিবর্তনের ধারাকে অভুসবণ করে আমরা দেখেছি বিভিন্ন যুগে শিক্ষা-সমস্তাব রূপ ছিল বিভিন্ন। যুগের পবিবর্তনের সাথে শিক্ষাব্যবস্থাকে যুগোপযোগী করে তোলবার প্রয়োজনে শিক্ষার আদর্শ ও পদ্ধতির পবিবর্তন হয়েছে। বিংশ শতাব্দীতে আধুনিক শিক্ষার যে রূপের সাথে আমরা পরিচিত অষ্টাদশ শতাব্দীতে রুশোর বৈপ্লবিক শিক্ষাচিম্ভার মধ্যে আমরা প্রথম তার দক্ষান পাই। তারপর বহু মনীষীর সাধনায় বহু ভাঙ্গাগড়ার মধ্য দিয়ে বহু পরীকা-নিবীকাব স্তর অতিক্রম কবে নতুন অভিজ্ঞতাব আলোকে শতাব্দীতে কয়েকটি অভিনব শিক্ষাপদ্ধতি প্রবর্তিত হয়েছে। শিশুব শিক্ষায় ষেসৰ নীতি অনুসত হচ্ছে তা আমবা আধুনিক নিকাপদ্ধতিগুলিকে বিশ্লেষণ করলেই জানতে পারি। আধুনিক যেশব শিক্ষাপদ্ধতির সাথে আমরা পরিচিত, প্রয়োগের ক্ষেত্রে এদের দৃষ্টিভঙ্গীর অভুত ঐক্য লক্ষ্য কথা যায়— তা হচ্ছে শিশু সম্পর্কে এদেব মনোভাব। সমস্ত আধুনিক শিক্ষাপদ্ধতিতেই দেখা যায় শিক্ষায় শিশুব প্রাধান্ত স্বীকার করে নেওয়া হয়েছে। আধুনিক শিক্ষাকে এইজন্মই বলা হয় শিশুকেন্দ্রিক শিক্ষা (Child Centric education)। শিশুকে জেনে তাব বিভিন্ন বৈশিষ্টোর সাথে পরিচিত হয়ে শিশুকে গড়ে তুলতে হলে শিশুশিকার যে রূপ হওয়া দবকার সেইভাবেই আধুনিক শিক্ষাব-পদ্ধতি নির্ধারিত হয়েছে।

শিক্ষাকার্যের তিন্টি অঙ্গ শিক্ষক, শিক্ষাথী ও বিষয়বস্তা।
এদের প্রাধান্য সব সমযেই একবকম ছিল না। মধ্যমুগীয় শিকাব্যবস্থার
দেখা গিয়েছে শিক্ষার ব্যাপাবে শিকার্থী অপ্রধান অঙ্গ। সে সময় শিক্ষকই
ছিলেন শিক্ষাজগতের মধ্যমণি বা কেন্দ্রবিন্দু। তিনিই মুখ্য, তিনিই স্ক্রিম।
তারপবেই বিষয়। যাব জন্ম শিক্ষাব সমস্ত আয়োজন সেই
মধ্যমুগে শিকার্থী গৌণ বিশ্বক যা শেখাবেন, যেভাবে শেথাবেন,
যতটুকু শেথাকি তাই শিক্ষার্থীকে শিখতে হবে। এই ব্যাপারে ছাত্রের
গ্রহণ করার ক্ষমতা. তার ভাল লাগা, তার ইচ্ছা—এসব বিষয় বিবেচনার

মধ্যেই আনা হ'ত না। যা বিবেচনার মধ্যে আদত তা হচ্ছে শিক্ষকের হাতেব ঘটি। ষ্টির মাধ্যমেই শিক্ষক-শিক্ষার্থীব সম্পর্ক গড়ে উঠত। কারণ সে মুগে বিশ্বাস ছিল ষ্টির ব্যবহার না হলে নাকি শিক্ষার্থীর উচ্চ্নে যাবার পর্থ পরিষ্কার হ'ত। Spare the rod, spoil the child—এই ছিল সে যুগের আপ্ত বাক্য।

ধীরে ধীরে অবস্থাব পবিবর্তন হয়েছে। আধুনিক নিক্ষাব্যবস্থায় যার জন্ত নিক্ষাব আয়োজন সেই নিক্ষার্থী আর গৌণ নয়। নিক্ষক, নিক্ষার্থী ও বিষয়—নিক্ষার তিনটি অঙ্গের মধ্যে কি সম্পর্ক তা প্রথাত নিক্ষাবিদ্দ আর জন্ এডামস অত্যন্ত স্থান্বভাবে একটি বাকোর মধ্য দিয়ে প্রকাশ করেছেন। "নিক্ষক জন্কে প্র্যাটিন নিক্ষা দের।" নিক্ষক, এডামসের ব্যাথা জন্ ও ল্যাটিন—এরা যুক্ত হয়েছে একটি কাজের মধ্য দিয়ে, সেই কাজটি (ক্রিরাপদটি) হচ্ছে 'নিক্ষা দেওরা'। নিক্ষার তিনটি অঙ্গের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। নিক্ষা যথন দেওরা হচ্ছে নিক্ষাণীকে তথন তাকে আর পিছনে ফেলে রাথা যায় না। বিষয় আর নিক্ষক তৃইয়ের প্রয়োজন নিশুর নিক্ষার জন্ত ; তাই আজকের নিক্ষায় নিশুই প্রধান—বিংশ শতাব্দীর নিক্ষা নিশুকেন্দ্রিক শিক্ষা। এই প্রদক্ষে একটু দীর্ঘ হলেও আর্ জন্ এডামসের কথা ওলে দেওয়া হ'ল।

"Verbs of teaching govern two accusatives, one of the person, another of the thing: as Majister Latinam Johannem Docuit—The Master taught John Latin The essential difference between the old and the new teaching lies in the incidence of effort on these two accusatives. The old teachers laid most of the stress on Latin, the new lay it on John. In both cases it is probable that the teacher still drives his team tandem, though of old Latin came first, while John was kept in the backward region where, incidentally, he was more accessible to the whip. In these days John is brought into the position of prominence, and certainly gets his full share of the teacher's attention." (Modern Developments in Educational Practice.)

শিক্ষাব আয়োজন শিশুকে নিযে—শিশুর শিক্ষাকে সার্থক করে তুলতে হলে শিশুর মধ্যে যে শক্তি বা সম্ভাবনা আছে তার পরিস্থাবিকাশ করতে হলে আমাদের কয়েকটি বিষয়কে বিশেষভাবে জানতে হবে। সাধারণভাবে

শিশুমন, ও যে শিশুকে শিক্ষা দিচ্ছি বিশেষভাবে তার বাক্তিগত বৈশিষ্ট্যসমূহ জানা অত্যন্ত প্রয়োজন। শিশুব প্রকৃতিকে যদি জেনে নিতে পাবি তাইলে শিক্ষার কাজও অনেক সহজ হয়ে যাবে। তাব প্রকৃতি শিশুকে ক্লেনে অমুযায়ী শিক্ষার ব্যবস্থা করা সম্ভব হবে। শিশুদের মধ্যে শিশুৰ শিক্ষা কতকগুলি সাধারণ বৈশিষ্ট্য সর্বক্ষেত্রেই দেখা যায়। তবু আমাদের মনে রাখতে হবে প্রতিটি শিশুব কতকগুলি নিজম্ব বৈশিষ্ট্য বরেছে যা অক্সের মধ্যে পাওরা যাবে না। এ পার্থকা শুধু দেহগত নয়, মনোগত পার্থক্যও রয়েছে। শিশুদের মান্দিক গঠন একরক্ম তারপর বৌদ্ধিক দিক থেকেও দেখা যায় এক একটি শিশুর বুদ্ধিবৃত্তির বিকাশ ভিন্ন ভিন্ন রূপ। আবার সাধাবণভাবে যেসব শশুব বৃদ্ধিবৃত্তিব বিকাশ প্রায় একই রকম তাদেব মধ্যেও দেখা যাবে এক-একটি শিশু এক-এক বিষয়ে বিশেষ দক্ষতা অর্জন করছে। শিশুদেব আবেগও সর্বক্ষেত্রে সমান নয়। সব দিক থেকে বিচার করে দেখলে দেখা যায় শিশুর সাধারণ বৈশিষ্ট্যকে বাদ দিয়ে প্রতিটি শিশুকে স্বতম্বভাবে পর্যবেক্ষণ করলে আমরা দেখন এক-একটি শিশুর মধ্যে লুকানো বয়েছে অনন্ত রহস্ত। শিশুব শিক্ষায় তাই বিশেষ প্রায়োজন হচ্ছে শিশুপ্রকৃতিকে জানা। আগে

শিশুকে জানব তাবপর স্থিব কবব শিশুর শিক্ষায় কোন্ নীতিকে আশ্রয় করা হবে। শিশুব প্রকৃতি কি, তার বৈশিষ্টা কি—এ প্রশ্নটা শিশুব শিক্ষানীতি নির্ধাবণে সব সময় সামনে রাখতে হবে। শিশুকে যেখানে বাজিগতভাবে
তার শক্তি অমুসারে শিক্ষা দতে হবে (individualised instruction)
সেখানে তার বৈশিষ্টাগুলিকে জানার বিশেষ প্রয়োজন রয়েছে। আধুনিক
শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থায় এজন্মই শিশুপর্যবেক্ষণেব উপর বিশেষ গুরুত্ব

আবোপ করা হয়েছে।
শিশুশিক্ষার একটি প্রধান কথা হচ্ছে শিশু যাতে নিজেই শিখতে পারে,
জানতে পারে, নিজেই নিজেব কাজ করতে পারে সেভাবে ভাকে সাহায্য
করতে হবে। শিশুব ব্যক্তিত্বের বিকাশ শিশুর উপরই নির্ভরশীল। শিক্ষক
কি অভিভাবক অনেক সময় ইচ্ছামত শিশুর ভবিষ্যৎ জীবন সম্পর্কে পরিকল্পনা
করেন ও শিশুর জীবনকে নিজেদের পরিকল্পনা অনুসারে নিয়ন্ত্রিত করতে
চান। এ ক্রিশি নয়। "The growth of the self depends
ultimately, however, on the child himself and the ideals that

govern his life. Some teachers and parents have mistakenly tried to plan their children's lives for them and to mould them to their will. This is not right, the ঝাজিতের সামঞ্জস্তপূর্ণ child must work out his own ideal and teachers বিকাশে সহায়তা should help—not parents (Instruction in Indian Secondary Schools Ed. E. A. Macnee p. 13), विষয়ের সাথে শিশুর যোগাঘোগ স্থাপনে শিক্ষক হবে উপলক্ষ্য (instrumental) মাত্র। শিশু তার পরিবেশের সাথে নিজেকে মানিয়ে নিতে পাবে পরোক্ষভাবে তাকে দেই দাহায্য করতে হবে। পরিবেশের সাথে সামঞ্জন্ত বিধান করে চলার সাথেই তার দৈহিক ও মানাসক विकास निर्द्धनील। आभारतत এकि लका शक्त मिल्रा मार्किक करत তোলা। সামাজিক জীবন ও পরিবেশের দাথে সামঞ্জস্ত বিধান করে চলার শিক্ষাও শিশুকে দিতে হবে। দে শুধু সমাজের যোগ্য সন্তানই হবে না, তার প্রভাবও সমাজ্জীবনে প্রতিফলিত হবে। শিশুব বাজিত্বের সামশ্বস্যুপ্র বিবাশের সহায় গাই হচ্ছে শিক্ষার কাজ। ব্যক্তিত্বের স্থল্গ বিকাশ বেমন শিশুব নিজের জন্ম প্রায়ের, তেমনি প্রয়োজন সমাজের জন্ম। সমাজ ও ব্যক্তি—এর মধ্যে কোন বিরোধ নেই। এই ছইয়ের মধ্যে সাম্প্রস্য বিধানের দিকে দৃষ্টি রেখেই "শিশুশিক্ষা-নীতি" স্থিব করা হবে। সমাজবোধ জাগ্রত করা শিক্ষাব একটা প্রধান অঙ্গ। বিভালয়ে শিক্ষার মধ্য দিয়ে শিকার্নীর জীবনে যে সমাজবোধ জাগ্রত হয় তা উপদেশ শুনে নয় বিভালয়-সমাজের (School Society) রীতিনীতিগুলি পালনের মধ্য দিয়েই সে সামাজিক হথে ৬ঠে। শুধু সমাজবোধ নয় জাতীয়তাবোধও বিদ্যালয়ের মধ্য দিয়ে গড়ে উঠবে।

শিশু-প্রকৃতি ও শিক্ষা প্রণালী (Child-nature and Teaching Process):—
সক্রিয়ভা ও স্কৃতি প্রবণতা:—

শিক্ষার রূপ কি হবে সে সম্পর্কে আমাদের স্থান স্পষ্ট হলে আমর। "শিশু প্রকৃতি" অনুসারী শিক্ষার পরের ধাপের জন্ম প্রস্তুত হতে পারি। শিশুব ব্যক্তিত্বে স্থামঞ্জ প্র বিকাশ ও তাকে ভবিয়তের

জন্ত গড়ে তোলার কাজ শুরু হবে তার শিক্ষারন্তের সাথে সাথে।
শিশুচরিত্রের কতকগুলি অন্তর্নিহিত বৈশিষ্ট্য আছে। চরিত্রের সেই
বৈশিষ্ট্যগুলিই হচ্ছে শিশু-প্রাকৃতির নিয়ামক। শিশুপ্রকৃতি সম্পর্কে আমাদের যে
জ্ঞান, শিক্ষায় তাকে কাজে লাগাতে হবে। শিশুপ্রকৃতির একটি লক্ষাণীয়
বৈশিষ্ট্য হচ্ছে শিশু কাজ করতে ভালবাদে। আমরা বলি শিশু সদা চঞ্চল।
সব সময়েই সে একটা না একটা কিছু করছে। হয় ভাঙ্গছে, না হয় গড়ছে।
তাকে থেলা দিয়ে চুপ কবিয়ে রাখা যায়। শিশু ইট দিয়ে ঘর বানাচ্ছে—এটা
ভার কাছে থেলা আর কাজ হই ই। থেলার মধ্য দিয়েই তার কর্মপ্রবণতা
চরিতার্থ হয়। থেলাই হচ্ছে শিশুব কাছে একটা কাজ। চুপ কবে বসে থাকা
ভাব স্বাভাবিক ধর্ম নয়। একটি স্থন্থ শিশুব পক্ষে দৈহিক ও মানসিক কাজ
নিয়ে ব্যন্ত থাকাই স্বাভাবিক। শিশুর কর্মপ্রবণতা তার দৈহিক ও মানসিক
উভয় দিকেই উন্নতিব জন্মই প্রয়োজন। কাজের মধ্য দিয়ে তাব অঙ্গপ্রত্যেক্তিলি সঞ্চালিত হয়, শিশুব দৈহিক পৃষ্টির জন্ম তাব কাজের দরকার
অত্যন্ত বেনী। শিশুকে কাজ করতে না দিলে তার মধ্যে যে শক্তি রয়েছে
ভার অপচয় হয়, তাব স্বাভাবিক পৃষ্টি বাাহত হয়।

শিশুর মধ্যে যে স্বাভাবিক সৃজনী শক্তি রয়েছে কাজের মধ্য দিয়েই তার বিকাশ ঘটে। কাজ কবতে গিয়ে দে ভাঙ্গবে আব গড়বে। এই ভাঙ্গাগড়ার মধ্য দিয়েই তার আত্মপ্রত্যে বেড়ে যাবে, সে অভিজ্ঞতা সঞ্চয় করবে। কাজের মধ্য দিয়ে যে শিক্ষা লাভ করবে, সেই হবে তাব প্রকৃত শিক্ষা। শিশুর উপর বইয়েব বোঝা চাপানোব আগে তার যে স্বাভাবিক কর্মপ্রবণতা আছে তাকে শিক্ষার কাজে লাগাতে হবে। আধুনিক বিভিন্ন শিক্ষাপদ্ধতির সাফল্যের পশ্চাতে রয়েছে শিশুর কর্মপ্রবণতার সদ্বাবহার। ডান্টন প্ল্যান, প্রোজেন্ট মেথড, হিউবিন্টিক পদ্ধতি, Play-way প্রভৃতি পদ্ধতিতে থেলা ও কাজ করার প্রতি শিশুর যে স্বাভাবিক আগ্রহ রয়েছে তাকে কাজে লাগানো হয়েছে। মাহ্যুর সামাজিক জীব—'যুখবদ্ধ প্রবৃত্তি' বশে সমাজে আমরা সভ্যবদ্ধ হয়ে বাস করি। এই যে মিলে মিশে বাস করা, এটা দশজনে মিশে কাজ করার মধ্য দিয়ে শেখান হয়।

# অভিজ্ঞতা 🚐

অনেকে বলেন শিক্ষা অভিজ্ঞতার সমষ্টি। অতীতের অভিজ্ঞতার ভিত্তিতেই আমরা নতুন জ্ঞান আহরণ করি। শিশু মুলে আসার বছ পূর্ব -বেকেই অভিন্তা সঞ্চয় করতে শুরু করে, মৃত্যুর দিন পর্যন্ত চলে এই অভিজ্ঞতা সঞ্চয়। যতদিন বাঁচি, ততদিন শিখি—এই যে শেখা। তা তথু এই পড়ে শেখা নয়। নতুন নতুন অভিজ্ঞতার মধ্য দিয়ে শেখা। অভিজ্ঞতা অর্জনের সাথে শিশুর কাজের একটা নিকট সম্পর্ক রয়েছে। একটার পর একটা কাজ যথন শিশু করে, তখন তার নিত্য নতুন অভিজ্ঞতা লাভ হয়। নতুন কাজের মধ্য দিয়ে যে তথ্য দে সংগ্রহ করে তার মধ্য দিয়েই তার জ্ঞানের দীমা প্রদারিত হতে থাকে। নতুন কিছু নিথতে হলে যতটুকু শিখেছি আমরা সেখান থেকেই শুরু কবি। অর্থাৎ পুরাতনের জের টেনে নতুন অভিজ্ঞতা লাভ করি। অভিজ্ঞতার মধ্য দিয়ে নিক্ষায় বাস্তবের দাথে একটা নিবিড় যোগস্ত্ত আছে। শিশু তার বাস্তব পরিবেশে ইন্দ্রিয়ের সাহায়ে প্রতাক্ষভাবে যে শিক্ষা লাভ করেঁ তা তাব মনে গভীর রেথাপাত করে। বান্তব জ্ঞান অর্জন করতে হলে তা কাজের মধ্য দিয়েই সম্ভব। অবশ্য সব সমযেই আমরা যা শেখাতে চাই তাব সাথে বাস্তবের যোগস্ত স্থাপন সম্ভব ন্য। বাস্তব অভিজ্ঞতাব মধ্য দিয়ে জ্ঞান অর্জনেব সুযোগ কোন কোন ক্ষেত্রে সীমাবদ্ধ। সমুদ্র সম্পর্কে কিছু পড়াতে গিয়ে ছেলেদের সমুদ্রেব পাড়ে নিয়ে ষাওয়া সম্ভব নয়, বা বাঘ সম্পর্কে পড়াতে বলে চিড়িয়াখানায় গিয়ে বাঘ দেখিয়ে আনা সম্ভব নাও হতে পারে—এগব ক্ষেত্রে তার বিকল্প ব্যবস্থা করা সম্ভব কি না দেখতে হবে।

#### আগ্ৰহ:-

কাজ করা বা অভিজ্ঞতা অর্জন ঘুইয়ের জন্ম প্রয়োজন আগ্রহের।
শিশু স্বাভাবিক প্রবৃত্তি প্রেরণায় (Instinctive Tendency) নানা
কাজে লিপ্ত হয়। প্রবৃত্তিমূলক সব কাজই যে শিক্ষার পরিপোষক, তা
নয়। প্রবৃত্তর আদিম রূপ ও তার নগ্ন প্রকাশ সমাজসম্মত নয়। শিক্ষা
আমাদের প্রবৃত্তিকে পরিমার্জিত কবে। প্রবৃত্তিমূলক প্রেরণায় শিশু যে কাজ
করে মুপরিক্জিত উদ্দেশ্য নিয়ে যদি তা পরিচালিত করা যায় তাহলে সে কাজ
শিশু আনন্দের সাথে করবে। কৌতৃহল শিশুর একটি সহজাত প্রবৃত্তি। শিশু
নতুনকে জানতে চায়। এই কৌতৃহল প্রবৃত্তিকে শিক্ষায় প্রশ্ন করার কাজে
লাগান যায়। শিশু যদি নতুন নতুন বিষয় জানবার জন্ম কৌতৃহল হয়ে প্রশ্ন
করতে থাকে, সে নতুন জ্ঞান সম্পর্কে উৎসাহী হয়, তাহলে তার শেথার
কাজ্যি ক্রত এগিয়ে চলে। যে কাজ শিক্ষাসহায়ক নয় সে কাজ থেকে তার
কর্মপ্রবৃত্তাকে অন্তুদ্ধিক পরিচালিত করতে হলে শিক্ষাসহায়ক
কর্মপ্রবৃত্তাকে অন্তুদ্ধিক পরিচালিত করতে হলে শিক্ষাসহায়ক
হিন্তু কাজ, সে
দিকে তার আগ্রহ সৃষ্টি করতে হবে। অর্থাৎ যে কাজে শিশুর উদ্দেশ্য সিজ
হবে, শিশুকে সেই সম্পর্কেই উৎসাহী করে তুলতে হবে। শিক্ষায় 'আগ্রহ'

একটি বিশিষ্ট স্থান অধিকার করে আছে। যে বিষয়ে শিশুর আগ্রহ নেই, তাব মনে আগ্রহ স্ষ্টি করা সম্ভব হয় নি, সে বিষয় যত প্রয়োজনীয়ই হোক না কেন তা শিশু সহজ মনে গ্রহণ কববে না। সমস্ত শিক্ষাপদ্ধতিতেই যে বিষয় শিক্ষা দেওয়া হবে দে সম্পর্কে আগ্রহ সৃষ্টির উপর বিশেষ জ্যোর দেওয়া হয়েছে। অনিচ্ছুক শ্রোতাকে কিছু শোনাতে চেষ্টা করলে তা কানে যাবে বটে কিছু তা শমরমে পশিবে না।" শিক্ষার পরিবেশকে আনন্দময় করে তুলে শিক্ষার বিষয়কে সবস কবে তোলবার সব রকম চেষ্টার পবও একখা অস্বীকার করার উপায় নেই যে শিক্ষা ব্যাপারটা সর্বক্ষেত্রেই মধুর নয়। পথ ষত্রই মসূল কবা হোক না কেন—চড়াই উৎরাই কিছু থাকবেই। কঠিন নীরস বিষয় আয়ত্ত করতেও শিক্ষার্থী নিক্ষৎসাহ হবে না যদি বিষয় সম্পর্কে শিশুর মনে উৎসাহ সৃষ্টি করা যায়। উৎসাহ বা উৎস্কা বোধ কবলেই শিক্ষায় শিশুর আগ্রহ জন্মাবে।

#### পাঠের লক্ষ্য:--

শিশুদের যথন কোন বিষয় শিক্ষা দেওয়া হবে তখন সেই নির্দিষ্ট বিষয়টি শেথাবাব উদ্দেশ্য কি, সেই বিষয়টিব মধ্য দিয়ে আমরা কোন লক্ষ্যে পৌছাব সে সম্বন্ধ শিক্ষাথীর মনে একটা স্থাপষ্ট ধারণা জন্মান দরকার। কোন একটি, বিষয় নির্বাচন করে তা শিক্ষা দেবার সময় সেই বিশেষ পাঠের লক্ষ্য স্থির করে যদি অগ্রসর হওয়া যায় তাহলে পাঠ (Lesson) স্থাভাল ভাবে সম্পন্ধ হয়। শিক্ষাথীর দৃষ্টি একটি নির্দিষ্ট লক্ষ্যে নিবদ্ধ থাকে। সেই নির্দিষ্ট পাঠ আয়েত্ত্বের সহায়ক যে সব তথ্য উপস্থাপন করা হয় সে সব তথ্যের উপযোগিতা কি তা তারা ব্রুতে পারে। বিক্ষিপ্ত তথ্যরাজি একটি স্থাব্দর রূপ নেবার ফলে পাঠ সার্থক হয়। স্থানিদিষ্ট উদ্দেশ্য না নিয়ে কোন পাঠ শুক্ত হলে শিক্ষার্থীরা ব্রুতে পারে না ভাদের সামনে প্রতিপাত বিষয় কি ? কি করতে চাই দেটা ঠিক কবে নিলে কাজের অনেক সুবিধা। কাজ কবতে গিয়ে দে বিচার করে দেখতে পারে যা করতে চাইছে তা হচ্ছে কি না। পাঠের ক্ষেত্রেও তাই শিক্ষার্থী জানতে চায় তার নির্দিষ্ট পাঠ তাকে লক্ষ্যে নিয়ে যাছেছ কি না?

#### তথ্য ও উপকরণ:--

পাঠের লক্ষ্য যদি ঠিক থাকে তাহলে লক্ষ্যের উপযোগী তথ্য নির্বাচনে বেগ পেতে হয় না। কোন একটি বিষয় যথন শিক্ষক শিক্ষা দেন তথন সে বিষয়টি বুঝাতে যে সকল তথ্যের প্রয়োজন তা শিক্ষককে সংগ্রহ কক্ষ্ম বে। একট বিষয় শিক্ষার্থীদের বয়স ও গ্রহণের ক্ষমতা অনুসাবে বিভিন্ন তথ্যের সাহায়ে বুঝান যেতে পারে। একট ইতিহাস বিভিন্ন শ্রেণীতে পড়ান হয়। একেত্রে কোন শ্রেণীর শিক্ষার্থীকে শিক্ষক কি বুঝাতে চান তা যদি স্থির থাকে তাহলে উদ্দেশ্য দিদ্ধির জন্ম বা লক্ষ্যে পৌছবার জন্ম যা দরকার শিক্ষক তত্তুকু তথ্যই উপস্থাপন কববেন। লক্ষ্য অসুসারে তথ্য নির্বাচনের উপর শিক্ষাব সাফল্য অনেকথানি নিভর্মনীল। শিক্ষায় উপকরণের সাহায্য নেবার সময় খেয়াল রাথতে হবে উপকরণ যেন বিষয়কে ছাড়িয়ে না যায়। বিষয়কে সহজ্বোধ্য ও হৃদয়গ্রাহী করে তুলতে যত্তুকু প্রয়োজন, উপকরণের সাহায্যে তত্তুকুই নেওয়া হবে। উপকরণ শিক্ষাসহায়ক কিন্তু তার আধিক্য যেন না হয় দেদিকে খেয়াল বাধতে হবে।

#### উপস্থাপন :—

নতুন একটি বিষয় যথন শিক্ষার্থীকে শিক্ষা দেওয়া হয় তখন কি ভাবে বিষয়টি শিক্ষক তাদের নিকট উপস্থিত করবেন তার উপব বুয়া না বুঝা অনেকথানি নিভ'র কবে। উপস্থাপন করার পূর্বে বিষ্ণটিকে কয়েকটি পর্বে ভাগ কবে নেওয়া দবকাব। স্তব পরম্পরা বিষয়টিকে ছাত্রদের দামনে তুলে ধরতে হবে। প্রতিটি স্তরের মধ্য দিয়ে দেদিনকার পাঠের যা উদ্দেশ্য তাকে পরিক্ষৃট করে তুলতে পারলেই পাঠ সার্থক হবে। পাঠ व्यावाव खन्न शासनीय मकन विषय वना र'न किन्दु कान निर्मिष्ट जन्म অনুসর্ণ করা হ'ল না তা হলে দেখা যাবে শিক্ষণীয় শিক্ষার্থীদের বোধগম্য इयु नि । विक्थि ७ (थात्र मात्य जानन विषय वस्त्रि वादिष्य यात्व। शार्ठिक গ্রহণযোগ্য করতে হলে শিক্ষণীয় বিষয় সম্পর্কে আগ্রহশীল করে তুলতে হলে স্থনির্বাচিত তথারাজিই যথেষ্ট নয়, শিক্ষকেব উপস্থাপনার গুণে অনেক জটিল বিষয়ও শিক্ষার্থীবা গ্রহণ করতে পারে। তার বিভাগের সময় ছাত্রদের সামর্থ্যের কথা ভুললে চলবে না। একটি পর্ব শেষ হলে ছাত্রদের মনে যেন স্বাভাবিক ভাবেই পবের পর্ব দম্পর্কে কৌতৃহল জাগে। তারা যেন মনে না করে একটি সম্পূর্ণ নতুন বিষয় তাদের সামনে উপস্থাপন করা হয়েছে, পূর্ব পাঠের সাথে তাব কোন সম্পর্কই নেই। নতুনের স্ত্রপাত পুরাতনের মধ্যেই হবে। একটি জিনিস জেনে পবেব জিনিস্টি বুঝবার জন্ম যে আগ্রহ, জানা থেকে অজ্ঞানাব দিকে নিয়ে যাওয়ার প্রচেষ্টা শিক্ষকেব উপস্থাপনার গুণেই সার্থক হতে পাবে।

"Thus, by carefully articulating the syllabus and bringing out the connection as vividly as possible, the material can be made into a medium for continuous exploration, and each topic becomes an introduction for the next. By emphasizing the fact of connection the abler pupils can be encouraged to adopt the attitude of expecting connections and devel pment, and of actively searching for these.

When dealing with a syllabus which allows of this

continuous development, it is advantageous to divide the material into topics and sub-topics, each of which is a comprehensible unity, at the end of which reference may be made to the next following topic, giving rise to anticipatory curiosity. The teachers can often take a leaf out of the book of the publishers of serial stories and makers of screen serials and close each episode at an intriguing and exciting juncture, whetting the appetite of the pupils for the next topic (M. A. Pinsent, The Principles of Teaching Method.)

কোন একটি নির্দিষ্ট বিষয়কে সহজ বোধগম্য করে ভোলবার জন্য যদি প্রয়োজন হয় তাহলে অন্য অন্য বিষয়ের অবতাবণাও করা যেতে পারে। পাঠে বৈচিত্র্য স্প্রতি জন্য ও সবল করে ভোলবার জন্য প্রাসঙ্গক অন্য বিষয় মূল বিষয়টির সাথে উপস্থাপন করা দরণার হয়। অহ্বন্ধ প্রণালীতে একটি বিষয়ের মাধ্যমে বিভিন্ন বিষয় শিক্ষা দেওয়া হয়। ইতিহাসের সাথে ভূগোলের ইতিহাসের সাথে সাহিত্যের যোগসূত্র স্থাপন করা খুবই সহজ—কোন কোন ক্ষেত্রে অপরিহার্য। বুনিয়াদি শিক্ষায় কেন্দ্রীয় বিষয়ের সঙ্গে অহ্বন্ধ প্রণালীতে অপর সকল বিষয় শেখান হয়। প্রোজেক পদ্ধতিতে একটি প্রোজেক স্থির করে সেই প্রোজেক কার্যে পরিণত করতে অহ্বন্ধ প্রণালীতে অনেক বিষয় শিক্ষা দেওয়া হয়। (প্রোজেক ও বুনিয়াদি শিক্ষা দ্বন্তব্য)।

#### অভ্যাস:-

একটি নতুন বিষয় শিক্ষার্থীদের শেখাবার সময় তার পুনরাহতির প্রেরাজন আছে। বিশেষ করে বিষয়টি যদি দক্ষতামূলক-পাঠ (skilled lesson) হয় তাহলে বার বার অভ্যাস না করলে তাকে আয়ন্ত করা যায় না। যে কোন নতুন পাঠই যদি শ্বতিতে ধরে রাখতে হয় তা হলে পুনরাবৃত্তি বা অভ্যাসের ব্যবস্থা করতে হবে। এজন্ত শিক্ষক যখন পাঠ দেবেন তথন প্রতি স্তর বা পর্বের পর আলোচ্য বিষয়টিব পুনরাবৃত্তির প্রয়োজন। পাঠ বুঝা আর আয়ন্ত করা ঠিক এক নয়। কবিতা রসাম্ভূতিমূলক পাঠ (appreciation lesson), বুঝিয়ে দিলে কবিতার রসগ্রহণে ও অর্থবোধে শিক্ষার্থীর কোন অস্থবিধা হয় না, কিন্তু শিক্ষার্থী যদি বার বার অভ্যাস না করে তাহলে কবিতাটি তার আয়ন্ত হয় না। জ্ঞানমূলক-পাঠ (Knowledge lesson) যেখানে মুখত্বের প্রয়োজন নেই সেখানে বৃখ্বয়ে দিলেই শিক্ষকের কাজ শেষ ক্রিনি, অধীত বিষয়কে সম্পূর্ণভাবে আয়ন্ত করতে হলে পুনরার্ত্তির প্রয়োজন আছে। অভ্যাস না করলে শেখা বিষয়টির একটা বড় অংশই বিশ্বতির অতলে তলিয়ে যাবে।

#### প্রশাবলী

#### [ প্রথম, বিতীর, তৃতীর ও চতুর্থ অধ্যার ]

- 1. Trace the evolution of teaching methods and show through the contribution of great educators their characters have gradually changed from empirical scientific.
- 2. What do you understand by logical and psychological approaches in teaching? Discuss by selecting a suitable topic from any subject of the secondary school syllabus.
- Estimate relative value of logical and psychological methods of teaching.
- 4. Consider the importance of methodology as against knowledge of subject matter in a teaching learning situation. Discuss in this connection if methodology interferes with thorough learning of a subject
- 5. Distinguish between logical and psychological methods of teaching.

  Estimate their relative importance in teaching of school children.
- 6. Activity is the essence of modern teaching method. Critically discuss how far the progressive teaching practices of to-day have been influenced by the new activity pedagogy.
- 7. What are progressive methods of teaching? Why are they so called?
  What are their merits and limitations? Illustrate your points taking any two of the methods.
- 8. What do you unders and by "project Method? Pescribe a school project in some detail indicating (a) the class for which it is meant (b) the school subject involved, and (c) the educational objectives that are sought to be realised.
- 9. Write notes on (a) Work-shop Method.
  - (b) Activity-Method.
  - (c) Critically examine 'Dalton plan'.
  - (d) Heuristic method.
  - (c) Educational workshop.
  - (f) Particulars to general—as maxim of method.
- Discuss the advantages and the limitations of the project method, taking a concrete example.
- 11. Explain the psychological and pedagogical significance of the project method. Describe any school project, indicating (a) the class for which it is meant, (b) the school subjects acd significance activity involved in it, and (c) the educational objective to be realised through it.
- 12. What is Dalton plan? Discuss its advantages and limitations and illustrate your answer with suitable example.
- 13. Give some examples of progressive methods of education, bringing out their progressive features. Examine in detail any one of such methods.

- 14. What do you understand by an "activity lesson'? Describe some of the inportant types of activity lessons and point out their educational implications.
- 15. Outline a plan of the workshop method of study, with suitable example. Compare the workshop method with our conventional methods and show how far it is applicable in our schools?
- 16. What are the criteria of a good method? Why should a teacher be familiar with satisfactory methods of teaching besides mastering the knowledge of the content of a subject?
- 17. What are the progressive methods of teaching? Why are they called so? How far it is possible to use such methods in our educational practices? Discuss.
- 18. What are activity methods and why are they considered important in modern education? How do they compare with traditional methods?
- 19. Discuss any one of the progressive methods of teaching and point out its characteristics.

#### পঞ্চম অখ্যায়

# শ্রেণী শিক্ষা ও শিক্ষার পদ্ধতি [CLASS TEACHING AND TEACHING METHOD]

# ।। ব্যক্তিগত শিক্ষা ॥ 🗸

#### 11 Individual Teaching 11

শিশুর প্রকৃতিকে জেনে মনোবিজ্ঞানের সহায়তায় যুক্তি-সিদ্ধ পথে ব্যক্তিগত শিক্ষার শ্রেষ্ঠছ আধুনিক বহু শিক্ষাব্যস্থায় স্বীকৃত হয়েছে। আপাতঃ-দৃষ্টিতে দেখা যাবে থে, সব ছেলেমেয়ে প্রায়ই একই রকমের। তবুও তাদের মধ্যে প্রকৃতিগত পার্থক্য রয়েছে। একটি শিশু আর একটি থেকে ভিন্ন; আবার একই শিশু বিভিন্ন সময়ে ভিন্নরূপ আচরণ করে। ছেলেমেয়েদের প্রকৃতিতে এই ব্যক্তিগত বৈষম্য (Individual differences) স্বাভাবিক এই বৈষম্যকে মেনেনিয়েই মস্কেদরী পদ্ধতি, মিসেন্ পার্ক হাস্টের ভাল্টন পদ্ধতি, উইনেটকা পদ্ধতি প্রভৃতি বিভিন্ন শিক্ষাপদ্ধতির স্থিট হয়েছে। ব্যক্তিগত শিক্ষাব্যবস্থায় শিশুরা তাদের শক্তি-সামর্থ্য অনুসারে শিক্ষা করে। শিক্ষক বা পরিচালিকা

শ্রেণীশিক্ষার ব্যক্তিগভ বৈষম্যের দিকটি রক্ষিত হয় না তাদের কাজ দেখাশুনা করেন ও প্রয়োজনীয় ক্ষেত্রে সাহায্য কবেন। মানদিক ও বৌদ্ধিক বিকাশের ক্ষেত্রে যে ব্যক্তিগত বৈধম্য তাকে মেনে নিয়ে ব্যক্তিমুখীন্ শিক্ষা-

ব্যবস্থা করায় বিশেষ হৃষ্ণল পাওয়া গিয়েছে। শ্রেণীশিক্ষায়
ব্যক্তিগত দোব ক্রটিগুলি সংশোধনের হ্বযোগ অত্যন্ত সীমাবদ্ধ। শ্রেণীশিক্ষায়
শিক্ষকই সমন্ত ব্যাপার নিয়ন্ত্রণ করেন। শিশুর স্বাধীনতা এখানে সীমিত—
শিশু নিজ বৈশিষ্ট্যের প্রকাশ বা বিকাশের কোন হ্বযোগ শ্রেণীগত শিক্ষায় পায়
না। মেধাবী ছাত্র ও পশ্চাদপদ ছাত্র স্বার ক্লেত্রেই এই শিক্ষার কতকগুলি
অহ্বিধা রয়েছে। শ্রেণীগত শিক্ষার বহু ক্রটি-বিচ্যুতি দ্র করার উদ্দেশ্যেই
শ্রিভিন্ন ব্যক্তিগত শিক্ষাপদ্ধ তি প্রবৃতিত হয়েছে।

# ।। শ্রেণী শিক্ষা ।। 🗸

#### II Class Teaching II

শিশুকেন্দ্রিক আধুনিক শিক্ষা ব্যবস্থায় শ্রেণী শিক্ষা প্রাক্ষ ব্যোপ পেরে বাছে Sir John Adams শ্রেণী শিক্ষা সম্বন্ধে বলেছেন। The knell of class teaching was rung by Montesori-ভব্ত যেথানে ব্যাপকভাবে কক কক শিক্ষার্থীর শিক্ষার ব্যবস্থা করতে হবে সেথানে শ্রেণী শিক্ষার

প্রযোজনীয়তা অনস্বীকার। প্রতিটি শিশুর বৈশিষ্ট্য অহ্বায়ী তার উপবোগী করে ব্যক্তিগত শিক্ষাব্যবস্থায় যে ভাবে শিক্ষা দেওয়া হয় শ্রেণী শিক্ষায় তা সম্ভব নয়। তবুও বখন শিক্ষা-পদ্ধতি নিধারণের প্রশ্নটি আমরা বিচার করব, তখন বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে তা করা দরকার। আমাদের শেশীর শিক্ষার প্রয়োজন দেশের শিক্ষাব্যবস্থায় শ্রেণী শিক্ষারই প্রাধায়। আমরা একই শ্রেণীতে ৩০।৪০টি ছাত্রকে নিয়ে একসাথে শিক্ষাদেই আমাদের শিক্ষাপদ্ধতি শ্রেণী শিক্ষাকে ভিত্তি করে গড়ে উঠেছে। বাস্তব অবস্থাকে স্বীকার করে নিয়ে শ্রেণী-শিক্ষার স্থবিধা-অস্থবিধা আলোচনা করে কিভাবে শ্রেণী শিক্ষার ক্রটিকে ব্যাসস্তব দূর কবে একটি আদর্শ শিক্ষা-পদ্ধতি গড়ে তোলা যায় সেই কথাই আমাদের চিস্তা করতে হবে।

# ॥ শ্ৰেণী শিক্ষা কি ?॥ 🗸

II What is Class Teaching II

শ্রেণী শিক্ষা বলতে আমর। বুঝি যে,—একই বয়সের (Chronological age) কয়েকজন শিক্ষার্থীকে বাদের মানসিক শক্তি ও মেধা (Mental age)
প্রায় একই রকমভাবে বিকাশলাভ করছে বলে আমাদের
একই মানসিক বরসকৃত্ কিছু ছেনেখেরেকে
একসক্ষে শিক্ষা দেওরাই ১ বছর) একটি পূর্বনিধারিত পাঠ্যক্রমকে একই সাথে
হ'ল শ্রেণী শিক্ষা শিক্ষা দেওরা হয়। এই পাঠ্যক্রম ধাপে ধাপে শিক্ষার্থীর
বয়স বৃদ্ধির সাথে সাথে সহজ থেকে জটিলতর বিষয়ের দিকে নিয়ে যায়।

# ॥ শ্রেণী শিক্ষার সুবিধা॥ 🗸

11 Advantages of Class Teaching 11

শ্রেণী শিক্ষার সাধারণভাবে দেখা যায় যে, একই শ্রেণীর অনেক ছাত্র প্রায়
একই রকম অসুবিধার সন্মুখীন হয়। ব্যক্তিগত শিক্ষার প্রতিটি ছাত্রকে ভিন্ন
শিক্ষকের সমর বাঁচে ও ভিন্ন করে একই জিনিস বুঝাবার ব্যবস্থা করতে হয়।
কম শিক্ষক কম শক্তি ও শ্রেণী-শিক্ষার এক সাথে ৪০।৪৫টি ছাত্রের ব্যবস্থা করাক্ষম আর্থ দিবে অনেক
হাত্রকে শিক্ষা দেওয়া
হয়। ব্যক্তিমুখীন শিক্ষার যে পরিমাণ শিক্ষকের
যার
প্রয়োজন শ্রেণী-শিক্ষার তার চেয়ে অনেক কম শিক্ষক দিয়ে
সে কাঁড় পাওয়া যায়। এর ফলে অল্প লোক দিয়ে, অনেক কম সময়ে কম শক্তি
ও অর্থ ব্যয়ুক্তে মধিকত্র লোকের শিক্ষার ব্যবস্থা করা স্করে।

ব্যক্তিমুখীন পাঠের ক্ষেত্রে উপকরণ ও নানারূপ সাজ-উপকরণ কম লাগে সরঞ্জাম যত বেশী প্রয়োজন হয় শ্রেণী-শিক্ষায় পাঠের সাজ সরঞ্জাম ও বছ প্রকার উপকরণও অনেক কম প্রয়োজন। শ্রেণী শিক্ষার সহযোগিতার মনোভাব বৃদ্ধি পায়। শ্রেণী শিক্ষার ছাত্রেরা দলগত সংস্কার হারা পরিচালিত হয়ে কাজ করে। শ্রেণীতে হথন কোন একটি বিষয়েব পাঠ চলে তথন যোগ্য শিক্ষক হিদ দবার মধ্যে আগ্রহ স্পষ্টি করতে পারেন তাহলে সবাই সমানভাবে পাঠে অংশ গ্রহণ করে সুন্দর-ভাবে পাঠিটি শেষ করতে পারে। একই সাথে কাজ করা ও শেখা এর মধ্য দিয়ে যে সহযোগিতার মনোভাব গড়ে ওঠে তাই হচ্ছে শ্রেণী শিক্ষার বিশেষ বৈশিষ্ট্য। শ্রেণী শিক্ষার পরস্পর সহযোগিতা ও সাহায্যের স্থ্যোগ রুয়েছে। কোন বিষয়ে যদি একটি ছেলে দক্ষতা অর্জন করে তবে সে সেই

শ্রো শিক্ষার সহ-যোগিভার মনোভাব বৃদ্ধি পার বিষায় তাব সহপাঠীকে সাহায্য কবতে পাবে। আবার সে যদি কোন বিষয়ে পিছিয়ে থাকে তাহলে তাকে শ্রেণীর অপর ছাত্র সাঁহায় করতে পারে। একপ পারস্পরিক সাহায্য শিক্ষার্থীদের উৎসাহ দিলে শ্রেণীর স্বাই উপকৃত

This attitude, that some are good at one thing some another, and those who are good must really help those who are not, seems epitomize the right tone the class room" (N. Cathy A first Book on Teaching).

শেলী শিক্ষায় শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ ও আগ্রহের-ক্ষিটি করা সহজ। দেখা গিরেছে শ্রেণী শিক্ষায় উৎসাহবোধটা অনেকট সংক্রামক।
ব্যক্তিগত শিক্ষার ছাত্রেরা ভিন্ন ভিন্ন ভাবে কান্ত করে।
শেখা উৎসাহ স্কটি হর
মনোভাব (উৎসাহ কি আগ্রহ) আর একজনের মধ্যে
সংক্রামিত হবার স্থ্যোগ পায় না। শ্রেণী শিক্ষায় শিক্ষক সমগ্র শ্রেণীর মধ্যে
একটা উদ্দীপনার স্কটি কবে কাজটি স্কুট্ভাবে শেষ করতে পারেন।

ব্রেণীনিক্ষার একজন অপর জনকে অনুপ্রাণিত করতে পারে।
একটি ছাত্র যথন এগিয়ে চলে তখন অপর ছাত্রদের মধ্যেও সেভাবে এগিয়ে
শিক্ষাবাদের মধ্যে চলার প্রেবণা আসতে পারে। শিক্ষার কিছুটা প্রতিপ্রতিযোগিতা যোগিতা থাকা ভাল; শ্রেণী শিক্ষার সে স্থবিধা রয়েছে।
তবে যেন অস্বাস্থাকর প্রতিযোগিতা না হয় তা দেখতে হবে।

রসামুভূতিমূগক পাঠে (Appreciation lesson) শ্রেণী শিক্ষার শ্রেণীশিক্ষাও উপযোগিতা এত বেশী যে তার ফলে যেখানে রসামূভ্ডিমূলক পাঠ শিক্ষাপদ্ধতি ব্যক্তিম্থাল্ সেখানেও রসামুভূতি-মূলক পাঠ শ্রেণীগভভাবে দেওয়ার ব্যবস্থা আছে।

শ্রেণী শিক্ষার অক্তাশ্য কতকগুলি স্থবিধা আছে। শ্রেণী শিক্ষায় শিক্ষার্থাদের মধ্যে প্রীতি, বন্ধুত্ব ইত্যাদি গড়ে উঠে। শিক্ষার্থীদের মধ্যে সহযোগিতা, সহাত্ত্তি,

খৌথ মনোভাব, সমবায়মূলক মনোভাব ইত্যাদি গড়ে উঠে, ফলে তাদের মধ্যে সামাজিক বৃত্তিগুলি ধীরে ধীরে গড়ে উঠে। শ্রেণী নিক্ষায় হবিধা দলগত চেতনা, গোগ্রী চেতনা, গোগ্রীজীবন্যাপন কৌনল পর্মতসহিষ্ণুতা প্রভৃতি নিক্ষা হয়। নিক্ষাথীদেব মধ্যে এই সব গুণাবলীর বিকাশ সাধনের জন্ম শ্রেণীশিক্ষার প্রয়োজনীয়তা আছে।

## ॥ শ্রেণীশিক্ষার অসুবিধা।

11 Disadvantages of Class Teaching 11

শ্রেণী শিক্ষা ব্যবস্থার একটি পূর্ব সিদ্ধান্ত হচ্ছে, একই শ্রেণীতে যাদের শিক্ষা দেওয়া হচ্ছে তাদের পাঠ গ্রহণ ক্ষমতা ও ধাবণশক্তি একই রকম। এবং তাদের

একই শ্রেণীর সমস্ত ছাত্রদের মানসিক মান সমান নয় মানদিক গঠনও অনেকখানি একই রকম। কিন্তু বাস্তব-ক্ষেত্রে দেখা যায় একটি শ্রেণীতে প্রতিটি ছাত্র একে অপর থেকে ব্যক্তিগত বৈশিষ্টেব দিক থেকে বিভিন্ন। একই শ্রেণীতে একই মানেব শিক্ষার্থী সমাবেশে যত চেষ্টাই করা

হোক না কেন শ্রেণীর সা চেয়ে ভাল ছাত্রটির সাথে সবশেষের ছাত্রটির মধ্যে একটা ব্যবধান থেকে যাবেই! মানসিক গঠন বৌদ্ধিক বিকাশ কোনদিক থেকেই একই রকম ছাত্র পাওয়া যায় না। তাই শিক্ষক যখন একটি শ্রেণীতে শিক্ষা দেন তিনি দেখতে পান তার সামনে যাবা রয়েছে যাদের তিনি শিক্ষা দিচ্ছেন তাদের মানসিক গঠন, বৃদ্ধির বিকাশ, গ্রহণের ক্ষমতা, জ্ঞানের পরিধি প্রভৃতি সর্বক্ষেত্রেই একটা বৈষ্ম্য রয়ে গিয়েছে। অর্থচ তাঁকে একই সাথে এই বিভিন্নমুখী শিক্ষার্থীদের শিক্ষা দিতে হবে।

## ॥ শিক্ষকের অসুবিধা॥

" Teachers' Difficulties "

শ্রেণী শিক্ষাব সবচেয়ে বড অসুবিধা, শিক্ষক কোন ছাত্রের দিকে দৃষ্টি রেথে পাঠপদ্ধতি স্থির করবেন। যে দৃষ্টিভঙ্গি থেকেই শ্রেণীব ম'ন নির্ণয করুন না কেন

শিক্ষক একটি standard ধরে গড়ানোর ফলে অস্তু[†]স্ত চাতদের অসুবিধা সবার সমান উপকার শ্রেণী-শিক্ষায় সম্ভব নয়। ভালর দিকে চাইলে মন্দরা কিছু বুঝবে না। শুধু মন্দ ছাত্রদের কথা মনে কবে তাদের দিকে চেযে পাঠ পরিচালনা করলে ভালদেরও টেনে পিছনে নিয়ে আসতে হবে। এক্ষেত্রে শিক্ষাব একমাত্র উপায় হচ্ছে যারা মাঝামাঝি তাদের দিকে

চেয়ে পাঠ পরিচালনা করা। অবশ্য এতেও যে অসুবিধা নেই তা নয়—ভাল মনদ ত্'দিক দেকেই আপত্তি আদতে পারে। এক্ষেত্রে মেধাবী ছাত্রদের পাঠের অগ্রগতি ব্যাহত হয়, আবার পশ্চাদ্পদ্ ছাত্রদের দিকে বিশেষ মনোযোগ দেওয়া সম্ভব হয় না। কিন্তু কয়েকটি মাত্র ভাল ও কয়েকটি মাত্র মন্দ ছাত্রদের জন্ম অধিকাংশ ছাত্রদের পাঠের ক্ষতি সম্ভব নয়। কারণ দেখা গিছেছে একটি শ্রেণীতে মাঝামাঝি রকমের ছাত্র সংখ্যাই বেশী। কঠোর-ভাবে ক্লাস প্রমোশন নিয়ন্ত্রণ করলে হয়ত এই ক্রটি কিছুটা দূর করা যায়। কিছু শিক্ষক মাত্রেই জানেন আমাদের শিক্ষাব্যবস্থায় ক্লাস প্রমোশনে কঠোরতা অবলম্বন করার পথে কতকগুলি বাস্তব অন্থবিধা র্যেছে ভাই এই পন্থা কার্যকরী কবা সম্ভব নয়। শ্রেণী শিক্ষায় সাধারণতঃ মাঝারী মানেব শিক্ষার্থীদেব উপকার হয় বেশী। শিক্ষক ছাত্রদের একটি average standard ধবে নিয়ে শিক্ষাদেন। ভাতে ভাল ও থাবাপ ছাত্র—ছ'ষেরই ক্ষতি হয়। বিশেষ করে ভাল ছাত্রেরা শ্রেণী শিক্ষায় থবই ক্ষতি গ্রস্ত হয়।

## ॥ শ্রেণী শিক্ষার অসূবিধা দূরীকরণের উপায়।

#### ॥ ১॥ শিক্ষকের দায়িত্ব ( Teachers Responsibility) :--

শ্রেণী শিক্ষার অম্ববিধা রয়েছে অথচ এদেশেব শিক্ষা থে:ক শ্রেণী শিক্ষা ব্যবস্থা লোপ হবার কোন শস্তাবনা অদুর ভবিষ্যতেও আছে বলে মনে হয় না। তাই বান্তৰ অবস্থাকে মেনে নিয়ে প্রচলিত শ্রেণী শিক্ষাকে য্তটা সম্ভব দোষ মুক্ত করার চেষ্টা আমাদের কবতে হবে। শিক্ষক হিসেবে বিভিন্ন শিক্ষাপদ্ধতিকে আমবা ব্যক্তিগত শিক্ষাণদ্ধতির গুণাগুণ বিচাব করে তার শ্ৰেণী শিক্ষাব উপধ্যেগী মধ্যে ষতটা সম্ভব শ্রেণী শিক্ষার ক্ষেত্রে প্রয়োগ কবতে করতে হবে পারলে আমাদেব কাজ সার্থক হয়েছে বলে মনে করতে হবে। কোন উল্লোগী শিক্ষক যদি কোন পদ্ধতি অমুসরণ করে স্থফল পান তিনি তা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা কবতে পাবেন। এই সমস্তাটিকে আমাদের শিক্ষকের বাস্তব দৃষ্টিভন্নী থেকে বিচার করে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে হবে। শিক্ষকদের দৈনন্দিন জীবানর অভিজ্ঞতা সর্বক্ষেত্রে বাঁধাধরা নিয়মের পথ অমুশুরণ করে চলে না। তাই বাস্তব অভিজ্ঞতা আমাদেব ক্ষেত্রবিশেষে কাজে লাগাতে হবে। শ্রেণী শিক্ষার অহুবিধাকে মেনে নিয়ে যথাসম্ভব এই ব্যবস্থাব দোষ ত্রুটিগুলি দূব করা দর্কার।

#### ॥२॥ শ্রেণীগঠন ও শ্রেণীবিভাগ (Section ) সমস্তা:-

শ্রেণী শিক্ষার প্রধান সমস্যা হ'ল শ্রেণীগঠন কি রীতিতে হওয়া উচিত তা স্থির করা। বহু অভিজ্ঞ শিক্ষবের অভিমত হচ্ছে, একই রকমেব ছেলেমেয়েদেব নিয়ে সমজাতীয় দল বা শ্রেণী গঠন করতে হবে। এই একই বৃদ্ধ্যাম্ম্ক ছেলেমেয়েদের নিয়ে শ্রেণীগঠন
ব্যাংশ্রেণ বিভিন্ন ভাবে গঠন করা যেতে পারে। ব্যমন—একই ব্কমের ছেলেমেয়েদের নিয়ে দল, যে সব ছেলেমেয়ে পড়ায় একই রকম দক্ষতা দেখিয়েছে তাদের

নিয়ে দল, একই বুদ্ধাক (I. Q) সম্পন্ন ছেলেমেছেরে নিয়ে দল; প্রভৃতি

বিভিন্ন রকমের দল গঠন করার কথা আমরা জানি। দল গঠনের এসব অভিমত্ত নিয়ে আলোচনা করলে কতকগুলি অস্ববিধা স্বাভাবিক ভাবেই দেখা দেবে। একটু তলিয়ে দেখলেই দেখা যাবে একই বয়দের ছেলেমেয়েদের নিয়ে যে দল গঠন করা হ'ল, কিছুদিন বাদেই তাদের ব্যক্তিগত বৈশিষ্ট্যগুলি পরিস্ফৃট হফে উঠেছে।

#### ॥৩॥ বিভাগ গঠন (Section):—

সমবয়সী ছেলেমেয়ে নিয়ে যে শ্রেণী বা দল গঠন করা হয তার
মধ্যে বিশেষ বুদ্ধিমান, সাধারণ বুদ্ধিমান, নির্বোধ বা পশ্চাদ্পদ্ অর্থাৎ যাদের
আমরা বলে থাকি ভাল-মাঝারি-মন্দ,—এই তিনটি ভাগ স্থাভাবিক ভাবেই এসে
যাবে। কেহ কেই একই শ্রেণীর ভাল-মন্দ-মাঝারি এদের

ম-section-এর প্রতি
সকলেব বোঁক

এতে অস্কবিধা কৃষ্টি -ইয় অভিভাবকদেব পক্ষ থেকে।
ব্যক্তিগত অভিজ্ঞতায় দেখেছি অভিভাবকেরা প্রায়ই অন্তরোধ করেন তাঁর
ছেলেটি যেন 'A' section-এ দেওয়া হয়। তাঁরা ধরে নেন যে,—যত ভালা
ছেলেকে বুঝি 'A' section-এ দেওয়া হয় ও সেথানে পড়া ভাল হয় তাই
সেখানে দিলে তাঁর ছেলের পড়া ভাল হবে।

বদি একই শ্রেণীর ভাস-মন্দ-মাঝারি ছেলেমেয়েদের নিযে A-BC এই তিনটি বিভাগ ফটি করা হয় তাহলে C অর্থাৎ 'মন্দ' এই ভাগের ছেলেদের মধ্যে একটা হীনমণাতা বোধের ফটি হবে ও 'A' এই বিভাগের মধ্যে নিজেদের সম্বন্ধে উচ্চ ধারণাব ফটি হয়ে তাদের মনের ভাবসামা নট হবে। অর্থাৎ চু'দিক থেকেই মানসিক বিপর্যয় সৃষ্টি হ'বার সম্ভাবনা রয়েছে। বিভাগ গঠনেব অস্থবিধা তাবপর তিনটি বিভাগ কবার মত পর্যাপ্ত ছাত্র নাও থাকতে পারে। হ'চারটি ছেলে নিয়ে বিভাগ ফটি করার আ্থিক সঙ্গতি ছুলেব থাকে না। পাঠ আয়ত্ব করার ক্ষমতা অনুধায়ী দল গঠন করাও সহজ নয়। একই ছাত্র একটি বিষয় আয়ত্ব করতে যে দক্ষতা দেখাবে অপর একটি বিষয় আয়ত্ব করতে এইরপ দক্ষতা তার নাও থাকতে পারে।

অনেকে multilateral class এর কথা বলেন। যারা ভাল তাবা যাতে
এগিয়ে যেতে পারে সে ভাবে section করা হবে। এমনকি
বিভিন্ন বিষয়ে ভাল সে বিষয়ে তাকে এগিয়ে দেবার
ছাত্রদের জন্ম বিভিন্ন
ব্যবস্থা

েল্লেমেয়েদের জন্ম এই সুযোগ থাকার কথা বলেছেন।
বর্তমান কাঠামোতে এ ব্যবস্থা সম্ভব নয়।

সমজাতীয় ছেলেমেয়েদের নিয়ে শ্রেণী বা দল গঠন করা হলে কার্যক্ষেত্রে

দেখা গিয়েছে যে,— একমাত্র বয়সের ক্ষেত্র ছাড়া সমজাতীয় দলের সমস্থ আরু
কোথাও খুঁজে পাওরা যায় না। ক্ষমতায়, আগ্রাহে, ঔংস্কো, দক্ষতায়
বিভিন্ন দিক থেকে সমন্ধাতীয় দলে বৈষ্ম্য দেখা দেবেই।
সমন্ধাতীয় শিক্ষাৰ্থীর
মধ্যে সমন্ধ থাকে না
প্রারণ (average standard) বলতে আমরা যা বৃঝি
প্রকৃত পক্ষে সেটাও ঠিক সিদ্ধান্ত নয়;—কারণ ব্যক্তিগত
পার্থক্য (individual difference) থেকে যাবেই।

#### মিশ্র শ্রেণীবিভাগ:

ভাল-মন্দ-মাঝারী অর্থাৎ সব রকম ছেলেমেয়েদেব নিয়ে শ্রেণীবিভাগই হচ্ছে
আমাদের সবচেষে পরিচিত পদ্ধতি। এখানে লক্ষ্য বাথতে
সবরকম ছাত্রছাত্রীদেব
হবে ভাল ও মন্দের পার্থক্য (gap) যেন অত্যন্ত বেশী না
হয়। কিছুটা অন্থবিধা থাকবে,—তাকে মেনে নিয়েই
বিভাগ (section) করতে হবে।

#### ॥ ८॥ (ध्वेगी निम्नुखन ७ (ध्वेगीन मरनार्यात्रः --

এরপর স্বাভাবিক ভাবেই প্রশ্ন হবে তাহলে ব্যক্তিগত শিক্ষাব্যবস্থা ছাড়া অহা কোন পথ কি আর নেই। কিন্তু শিক্ষার প্রদার যে ভাবে হচ্ছে তাতে এই গরীব দেশের পক্ষে ব্যক্তিগত শিক্ষাব্যবস্থার সম্ভাবনা হদুর-পরাহত। তাই

' শ্রেণী-নিষ্দ্রণ ও দব ছাত্রদের মনোযোগ স্ষ্টিভেই শিক্ষকের সার্থকতা শেশীশিক্ষায় বর্তমান কাঠামোর মধ্যেই স্বষ্ঠু পঠন-পাঠন ও শিক্ষার্থীর ব্যক্তিত বিকাশের চেটা করতে হবে। শ্রেণী-শিক্ষায় শিক্ষক সতর্ক না হলে প্রায়ই ছাত্ররা নিজ্জিয় ভূমিকা গ্রহণ করে। ছাত্রেরা শিক্ষকের কথা শোনা ছাড়া তাদের পাঠের আর কোন অংশ গ্রহণ করার আছে বঙ্গে

মনে করে না। জনেকে মন দিয়ে পাঠ শোনেও না। একজন শিক্ষকের পক্ষে পড়াবার সময় সব করেকটি ছাত্র নন দিয়ে পড়া শুনছে কি না সেদিকে লক্ষ্য রাথা কষ্টসাধ্য। কিন্তু সার্থক শিক্ষকের বিচারেব কষ্টিপাথরই হচ্ছে ক্লাস নিয়ন্ত্রণ ও ক্লাসের সব কয়টি ছাত্রকে পাঠে মনোযোগী রাখা।

#### ॥ ৫॥ সভ্যবদ্ধ শিক্ষা ও ব্যক্তিগত বিচার:--

শ্রেণী শিক্ষার শিক্ষক স্বাইকে পড়ান। স্বাই স্মবেত ভাবে একটি সমস্থার স্মাধান করে। এই স্বাই মিলে কাজ কবতে পারাটাকে প্রায়ই ব্যক্তিবিশেষের পারা বলে ভুল কর। হয়। অর্থাৎ একটি সমস্থামূলক প্রতিটি ছাত্র ব্যক্তিগত-ভাবে পাঠ স্মবেতভাবে স্মাধান কবার পর জিজ্ঞেদ করলে ভাবে করছে কি নাতা স্বাই বলবে বুঝেছি। কিন্তু ভিন্ন ভাবে জিল্পেস করলে দেখতে হবে দেখা যাবে অনেকেই উত্তর দিতে পারছে না। স্মবেত প্রচেষ্টায় একটা সমস্থার সহজ্ঞ স্মাধান হতে পারে কিন্তু তাকে আয়ত্ত করতে হবে ব্যক্তিগত ভাবে। শিক্ষার্থারা 'বুঝেছি' বললেই শিক্ষক যদি মনে করেন

তাঁর কর্তন্য শেষ হয়েছে তাংলে ভুল করা হবে। ভিন্ন ভিন্ন ভাবে স্বাইকে জিজেন করে জেনে নিতে হবে তারা বিষয়টি ব্যক্তিগতভাবে আরছ করতে পেরেছে কি না। প্রশ্ন কবলে বহুক্ষেত্রেই দেখা যায় ছাত্রেরা উত্তর্বদিতে পারছে না। সমবেত সঙ্গীতে যে ছাত্র আংশ গ্রহণ করল তাকে একা গাইতে দেওয়া হলে সে তা পেরে উঠবে না। শ্রেণী শিক্ষা যেন সমবেত সঙ্গীতেব মত না হয় তা দেখতে হবে। একটি আছ বোর্ডে করে দেওয়াব সময় ছাত্রেরা মাথা নাড়লেই তুই হলে চলবে না। ভিন্ন ভিন্ন ভাবে আছটি কষতে পারল কি না তাও জেনে নিতে হবে। সমষ্টিগত ভাবে শিখে ব্যক্তিগতভাবে তাকে প্রয়োগ করতে পারলেই তার শিক্ষা সম্পূর্ণ হবে।

## ॥৬॥ শিক্ষার্থীর সক্রিয়তা (Student's Active participation):--

আমরা দেখেছি যে, ব্যক্তিগত শিক্ষায় শিক্ষার্থীর স্থপ্ত সম্ভাবনাকে যেভাবে বিকাশের সহায়তা করা যায় শ্রেণীশিক্ষায় প্রতিটি ছাত্রকে সেভাবে সহায়তা করার ক্ষেত্রে অত্যস্ত সীমাবদ্ধ। শ্রেণীশিক্ষায় গোষ্ঠীবোধ যেভাবে জাগ্রত হয়

শ্রেণীকক্ষে প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের সক্রিয় করতে হবে ব্যক্তিত্ব বিকাশেব পক্ষে তা ততটা সহায়ক নয়।) একই সাথে শিক্ষা দেবার কালে ব্যক্তিগত বৈশিষ্ট্য বিকাশের স্থযোগ না,পেয়ে অনেকটা ছাঁচে ঢালা জিনিসের মত গড়ে

ওঠে। এক্ষেত্রে নানারপ প্রশ্ন কবে শিক্ষায় যাতে
শিক্ষাথীরা সক্রিয় অংশ গ্রহণ করতে পারে সেই স্থযোগ স্পষ্টি কবে শ্রেণী পাঠেব
ক্রেটি দূর করতে হবে। শ্রেণীব সব ছাত্রের মধ্যেই একই সাথে আগ্রহ ও উৎসাহ
স্পষ্টি করে তাদের পাঠ গ্রহণে সক্রিয় করে তুলবাব দায়িত্ব শিক্ষকেব। অভিজ্ঞ শিক্ষক যদি এই দায়িত্ব পালনে সক্ষম হন তাহলে শ্রেণীশিক্ষার ক্রটি দূর করা
অনেকটা সম্ভব।

#### ॥ ৭॥ সহ-পাঠ্যক্রমিক কার্যাবলীর শুরুত্ব (Importance of Cocurricular activities):

ব্যক্তিগত শিক্ষায় ব্যক্তিত্ব বিকাশের যে স্থযোগ রয়েছে শ্রেণীশিক্ষায় তা নেই। এই অন্তরায় দূব করতে হলে শিক্ষার্থীদের জন্ম সহ-পাঠ্যক্রমিক কার্যা-বলীর (Co-curricular activities) ব্যবস্থা কবতে হবে ও শিক্ষার্থীরা যাতে তাতে অংশ গ্রহণ করে সেদিকে দৃষ্টি রাখতে হবে। সহ পাঠ্যক্রমিক কার্যাবলী শ্রেণী শিক্ষাব বিভালয়ের নানাক্য সহ-পাঠ্যক্রমিক কাজে ছাত্রেরা যদি পরিপ্রক অংশ গ্রহণ করে তাহলে শ্রেণীকক্ষেদলবদ্ধ পাঠে নিজেকে প্রতিষ্ঠা করার যে অস্থবিধা আছে শ্রেণীকক্ষের বাইরে সে অন্তরায় আর থাকে না। পাঠ্যবহিন্তৃতি বিভিন্ন কাজে অংশ গ্রহণ করে সে ব্যক্তিগত শিক্ষার শ্রেষ্ঠত্ব স্বীকার করেও একথা বলা যায় যে,—যদি শ্রেণীশিক্ষায় শিক্ষার্থীকে সঞ্জিয় অংশ গ্রহণ করার স্থান্য করে তার ব্যক্তিত্ব
বিকাশের সহায়তা করা যায় তাহলে শ্রেণী শিক্ষার ক্রটি বহল
পরিমাণে দ্র হতে পাবে। আমাদের শিক্ষাব্যবস্থায় যথন
শ্রেণীশিক্ষা অপরিহার্য তথন সেই ব্যবস্থাকে যতটা সম্ভব
ক্রটি মৃক্ত করে গ্রহণ করা যায় সে চেষ্টা করতে হবে। শ্রেণী শিক্ষা সম্পর্কে
আমাদের কোনরূপ বিরূপ মনোভাব থাকা উচিত নয়। কারণ ভারতের
বর্তমান শিক্ষাপরিস্থিতিতে শ্রেণীশিক্ষাকে স্বীকার করে নেওয়া চাডা শিক্ষা-

## ॥ শ্রেণী নিক্ষার সার্থক রূপায়ণের কয়েকটি মূলনীতি॥

|| Some Maxims of Class Teaching ||

শ্রেণী শিক্ষাব সীমাবদ্ধক্ষেত্রে কি করে শিক্ষাকে সার্থক কবে তোলা যায় সে সম্পর্কে Miss Cathy তাঁব A first Book on Teaching গ্রন্থে মৃন্যবান কয়েকটি নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন—

- 1. Know exactly what you are going to teach.
- 2. Organise thoroughly.

প্রসারের আর পথ নেই।

- 3. Make the best of all apparatus that can be obtained.
- 4. Teach the whole class.
  - 5. Try to be calm and natural.

শ্রেণীশিক্ষাকে সফল করার পদ্ধতি

- 6. Remember the test of good class teaching is class working.
- 7. Make full use of the children's knowledge.

এর সাথে থোগ করা যেতে পাবে,—

- 8. Make an ally of routine in matters where routine helps.
- 9. Observe and have observed by the pupils the common courtesies.
- 10. Enlist the Co-operation of the class discipline.
- ॥ এক ॥ **শিক্ষাকের প্রস্তৃতি ও পাঠ সংগঠন** (Teacher's preparation and lessons organisation):

Miss Cathy প্রথমেই বলেছেন যা শেথাতে যাচ্ছি তা ঠিকভাবে জ্বেনে নিয়ে যেতে হবে। বিষয়বস্তুকে দঠিকভাবে আয়ত্ত্ব না করে ক্লাসে ছাত্রদের পড়াতে যাওয়া একটা অপরাধ। যা পড়ানো হবে সে সম্পর্কে যদি শিক্ষকের: স্থারণা না থাকে তাহলে তিনি কি শেথাবেন ? ক্লাসের পাঠ্য বইতে যভটুকু তথ্য আছে তভটুকু তথ্যের উপর নির্ভর করে ক্লাসে যাওয়া উচিত নর।

শিক্ষককে বিষয়টি ভাল করে জানতে হবে আলোচনাই আছে। শিক্ষক যদি মনে করেন যে,—

আমার এইটুকু জানাই ষথেপ্ট, তাহলে তিনি ছাত্রদের কৌতৃহল বা নতুন জানার আকাজ্ঞাকে তৃপ্ত করতে পারবেন না। এব ফলে ছাত্রদের সেই বিষয় সম্পর্কে আগ্রহ বা উৎসাহ স্তিমিত হয়ে যাবে। শুধু তাই নয়, শ্রেণীর শৃদ্ধলা রক্ষাও কঠিন হয়ে উঠবে। যে পাঠ সম্পর্কে উৎসাহ নইট হয়ে যায় দেখানে ছাত্রদের কোনো মনোযোগ থাকে না;—এরকম পরিস্থিতিতে পডান অসম্ভব। শিক্ষকদের পাঠপ্রস্তুতি শিক্ষার সাফল্যেব পক্ষে সর্বাধিক প্রয়োজন। দিনের নির্দিষ্ট পাঠ ও প্রাসঙ্গিক জ্ঞাতব্য বিষয় সম্পর্কে সম্পূর্ণরূপে অবহিত হয়েই শিক্ষক ক্লামে যাবেন। দ্বিতীয় স্বত্রে বলা হয়েছে যে,—পাঠকে সম্পূর্ণভাবে সংগঠন করতে হবে। এটিকে প্রথম স্বত্রে বলা হয় স্বত্রের পরিপূবক। অসংবদ্ধ জ্ঞান শিক্ষার কোন কাজে আসে না। উপস্থাপন কবার সময় বিষয়টিকে কি ভাবে উপস্থিত করা হবে তা এই পাঠসংগঠনের উপর নির্ভর্মীল। পাঠ সম্পূর্ণভাবে আয়ত্ব হলেই শিক্ষক বুঝতে পারবেন যে,—কি কি তার প্রয়োজন। সেইভাবে তিনি পাঠসংগঠন করে ক্লামে যাবেন।

## ॥ হই ॥ উপকরণের ব্যবহার (Use of Teaching Aids):—

পাঠ সহজবোধ্য ও হাদয়গ্রাহী করে তুলতে হলে বিভিন্ন শিক্ষা-সহায়ক উপকরণ দরকার। কিন্তু কানে শুনে ও চোথে দেখে যে শিক্ষা, তা ছাত্রদের কাছে যতটা গ্রহণযোগ্য হয় শুধু ক্লাদে শিক্ষকের বক্তৃতা শুনে তা হয় না। কিন্তু শুধু শিক্ষা সহায়ক উপকরণ থাকলেই যথেষ্ট নয়। তার স্বষ্ঠু ও সময়োপ-

বোগী ব্যবহারও জানা চাই। অনেক সময় দেখা যার যে,
শিক্ষাসহায়ক উপকরণশুলির বংগরণ ব্যবহার

তথন শ্রেণীশিক্ষক মানচিত্র নিবের লাকে বান নি, পড়াতে
পড়াতে বথন থেয়াল হ'ল যে, একথানা মানচিত্র দরকার
তথন শ্রেণীশিক্ষক মানচিত্র নেবার জন্ম লোক পাঠান। প্রতি শ্রেণীকক্ষে
একথানা বোর্ড থাকে। কিন্তু অঙ্কের শিক্ষক ছাড়া অন্ম কোন শিক্ষকের বোর্ডের
দরকার হয় বলে মনে হয় না। পাঠকে সরস করে ভুলতে হলে গতামুগতিক
শিক্ষা উপকরণ ছাড়াও প্রয়োজন হলে শিক্ষক নিত্য নতুন উপকরণ উদ্ভাবন বা
সংগ্রহ করনেন। উপকরণ খুবই প্রয়োজন, বিশেষ করে নিম্প্রেণীতে। বেখানে
শিক্ষার্থীদের বিমূর্ত বিষয় সম্পর্কে ধারণা স্ক্রেম্ট হয় নি সেথানে উপকরণের গুরুত্ব
অপরিসীম। কিন্তু মনে রাখতে হবে যে,—এর আধিক্য আবার ভাল নয়।
উপকরণের বাহুল্য যেন বিষয়বস্তকে ছাড়িয়ে না যায়। বিষয় বস্তকে পরিফুট
করে তুলতে ষতটুকু প্রয়োজন তার বেশী উপকরণ পরিহার কবে চলতে হবে।

॥ তিন ॥ সমতা প্রেণীকে পড়ানো (To teach the whole class):
শেণী শিক্ষার ক্রটি সম্পর্কে আলোচনাকালে আমরা দেখেছি যে, শিক্ষকের
সামনে সবচেরে বড় সমস্তা হচ্ছে, পড়াবো কাকে ? প্রায়ই দেখা যায় শিক্ষক
বিশেষ বৃদ্ধিমান গুটি-কয়েক ছাত্রদের দিকেই আরুট্ট হয়ে পড়েছেন। এটা
খ্বই আভাবিক। যাদের কাছ থেকে 'চটপট' সঠিক মনের মত উত্তরটি পাওয়া
যায় প্রশ্নগুলি তাদের কাছেই করতে ইচ্ছা হবে। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায়
যে,—ক্লাসের সামনে একটি প্রশ্ন রাথবার সাথে সাথে ত্'চারটি ছেলে 'আমি
বলি', 'আমি বলি', বলে লাফিয়ে ওঠে। কোন কোন ক্ষেত্রে জিজ্ঞেস করার
আগেই জবাব দিয়ে দেয়। শিক্ষককে শিক্ষার্থীদের এই অভ্যাসটি বন্ধ করে দিতে
হবে। তা না হলে অধিকাংশ ছাত্রই অবহেলিত হবে। তাই শিক্ষক যখন
পড়াবেন তাঁরি সামনে থাকবে সমস্ত ক্লাস। প্রশ্ন ক্লাসের

পড়াবেন তার সামনে থাকবে সমস্ত ক্লাস। প্রশ্ন ক্লাসের শ্রেণীশিকা থেকে সব ছাত্রই বে উপকৃত হর যেন সমানভাবে পাঠে অংশ গ্রহণ করতে পারে সেদিকে

সজাগ দৃষ্টি রাখতে হবে। কাজ হিসেবে যে এটা অত্যন্ত কঠিন, তাতে সন্দেহ নেই। ৩০।৪০টি ছাত্র, যারা স্বভাবত:ই চঞ্চল,—তাদের মনোযোগ কোন একটা নির্দিষ্ট সময়ের জন্ম একই বিষয়ে নিবদ্ধ রাথা খুব সহজসাধ্য নয়। সবাইকে সমান ভাবে ব্ঝিয়ে দিতে হবে, ভুল সংশোধন করতে হবে,—তারপর পড়া আদায় কবে নিতে হবে। শ্রেণীতে শিক্ষক এমনভাবে দাঁড়াবেন যাতে সব ক্লাসটি তিনি দেখতে পান। প্রায়ই দেখা যায় যে, শিক্ষক মহাশয় চেয়ার ছেড়ে উঠতে চান না। তাঁকে উঠে তো দাঁড়াতেই হবে,—প্রয়োজন হলে ক্লাসের বিভিন্ন স্থানে তাঁকে ঘুরতে হবে। শিক্ষক যা বলবেন সবাই যেন ভনতে পায়, খুব আন্তে বলা বা অম্বথা চিৎকার করা কোনটাই ভাল নয়।

# ॥ চার॥ শিক্ষকের মানসিক হৈছব (Mental stability of the teacher):—

পড়াতে গিয়ে যতটা সম্ভব স্বাভাবিক ও শাস্ত থাকতে হবে। শিক্ষকজীবনের শুরুতে গ্রাই একটু ভর ও উদ্বেগ নিয়ে শুরু করেন। নিজেকে ধীরে
ধীরে অভ্যস্ত করিয়ে নিতে হবে, স্বাভাবিক হয়ে ওঠবার
সঙ্গে সঙ্গে শিক্ষকের
চেষ্টা করতে হবে। নিজের মনে ভয় কি সংশয় থাকলে
ভয় সংশয় কমে বায়
কোন শিক্ষকের পক্ষে শ্রেণীশৃদ্ধলা বজায় রাখা সম্ভব নয়।
সাধারণতঃ নির্দিষ্ট পাঠ সম্পর্কে শিক্ষকের প্রস্তুতির অভাব বা আত্মবিশ্বাসের
অভাব থাকলে একটা আড়ন্ততার সৃষ্টি হয়। এক্ষেত্রে শিক্ষকের ব্যর্থতার ফলে
ছাত্রেরা অমনোধোগী হয়ে ওঠে,—গগুণোল করে, পড়ায় আগ্রহুত থাকে না।
এই অবস্থায় আর বাই হোক পড়া হয় না। ছাত্রদের মনে ভীতি সৃষ্টির জন্ত
একটা কৃত্রিম গান্ধীর্ধের মুথোন পরে, ক্লাস করতে যাওয়া ঠিক নয়, এথানেও
স্বাভাবিক সহক্ষ ভারটি নই হয়ে একটা আড়ন্টতার সৃষ্টি হয়। বাদের পড়াবো

তাদের যদি জানা থাকে তথন এই উপসর্গ আর থাকে না। ধীরে ধীরে অভিজ্ঞতা সঞ্চয় হবাব সাথে শিক্ষক স্বাভাবিক হয়ে ওঠেন। শিক্ষক সব ভূলে যদি পাঠে তন্ময় হয়ে যেতে পাবেন তথন শিক্ষার্থী আর বিষয় এই তৃই'ই তাঁর সামনে থাকবে, ভয়, উদ্বেগ আর সংশয় কিছুই থাকবে না।

॥ পাঁচ ॥ সমগ্র শ্রেণীকে কাজে ব্যস্ত রাখা (To engage the whole class):—

শ্রেণীশিক্ষায় শিক্ষককে যেমন মনে রাখতে হবে যে, তিনি সবাইকে পড়াচ্ছেন, তেমনি তাঁকে সজাগ থাকতে হবে, দেখতে হবে সবাই কাজে ব্যস্ত আছে কি না ? সবাই ঘদি পাঠে অংশ গ্রহণ না করে সক্রিয় না থাকে, তাহলে শ্রেণীশৃত্বলা রক্ষা করা সন্তব হবে না। অনেক সময় শিক্ষকগণ লক্ষ্য ককে পাৰবেন শ্রেণীতে একটি কাজ দেওয়া হয়েছে— হ'চার জন শ্ৰেণীকক্ষে শিক্ষার্থী অতি অল্পসময়েই কাজটি শেষ করে ফেলল। সে ক্ষেত্রে অকেছো থাকৰে না যদি ভাদের নতুন কাজ না দিয়ে অক্ত সবার কাজ শেষ না হওয়া পর্যন্ত তাদের বসিয়ে রাখার চেষ্টা করা হয় তাহলে তারা চপ করে শাস্ত হয়ে বদে থাকবে না—গল্প করবে, গণ্ডগোল কববে, না হয় পাদেব সহপাঠীকে সাহায্য কৰবে। তাদের শান্ত বাখবার একমাত্র উপায় তাদের নতুন কাজ দেওয়া, তারা তা আনন্দের সাথে বিশেষ তৎপব হয়েই করবে। এ সম্পর্কে Ryburn state-"Nothing will kill the interest of good pupils more quickly than to hold them back and make them sit, mentally inactive. This must always be avoided." 阿季季 মাত্রেই এই কথাটি মনে রাথবেন।

॥ ছয়॥ **যাল্লিকভাপরিহার** (Avoiding the mechanical procedures):—

শিক্ষাকৈ বলা হয় 'Bipolar process' বা দ্বিমুখী প্রক্রিয়া। শিক্ষক ও শিক্ষার্থী হ'জনেই এতে সমভাবে অংশ গ্রহণ করবে। শিক্ষকদের মধ্যে অনেক সময় দেখেছি তিনি শুধু বলেই যাচ্ছেন। বক্তৃতাধর্মী, কুরিষতা পরিহার করে পাঠে শিক্ষক জানবার চেন্টা করেন না—ছাত্রেরা কন্টা, শিক্ষাকে বাভাবিক ব্রুতে পেরেছে—তাদের নিজেদের কিছু বক্তব্য আছে কি না ? আমাদের মনে রাখতে হবে—"The main object of Education is not to teach but to develop" (Pestalozzi) আর একজন শিক্ষাবিদ সোন্দা কথায় তার শিক্ষক-ছাত্রদের বলতেন, 'not putting in but leading out." বিভালয়ে শিক্ষার বক্তৃতাকে ষ্টা সম্ভব পরিহার করে চলতে হবে (অবস্থা রসধর্মী পাঠে তা সম্ভব নয়)। শিক্ষার্থী বাতে পাঠে অংশ গ্রহণ করতে পারে সেইভাবে পাঠ দিতে হবে। পাঠ প্রস্তুতির

ক্ষেত্র ছাত্রদের পূর্ব-জ্ঞান পরীক্ষা করার একটা রীভি আছে। এই রীভিকে যদি শুধু নিয়মরকার জন্মই ব্যবহার করা হয়, ভাহলে তা হয়ে ওঠে বান্ত্রিক (Mechanical)।

#### ॥ সাত ॥ শিক্ষায় শিক্ষাথী র তংশ (Student's part in teaching)

পূর্ব জ্ঞান পরীক্ষা কবলেই কাজ শেষ হ'ল না—শিক্ষার্থীব পূর্বার্জিত জ্ঞানকে কাজে লাগাতে হবে, ন হুন জ্ঞান আহবণের জন্ম। ছাত্রেবা যদি পাঠে অংশ গ্রংশ কবাব স্থযোগ পায়, নতুন কিছু তাদেব মুথ দিয়ে বলান যায়, জাহলে তাদের আগ্রহ বাডবে, তাদেব আত্মহযোগিতা বিশ্বাস জন্মাবে।, পডাবার সময় ছাত্রদের সহযোগিতা
শিক্ষকেব কাম্য হও্যা উচিত। সেথানে শিক্ষক শুধু পডিয়ে যান, সেথানে class progress' বজায় থাকবে, কিন্তু সত্যিকাবেব শিক্ষার Progress কতটা হবে বলা শভ্য।

#### ॥ আট ॥ পাঠ পরিকল্পনার উপর অতিরিক্ত নির্ভরশীলতা পরিহার:

একটি আপত্তি আদতে পাবে যে, পাঠে ছাত্রদের অংশ গ্রহণেব ফলে শিক্ষক পূর্ব প্রস্তুতি মত পাঠ পবিকল্পনাকে (Lesson plan) অমুদরণ করতে পারবেন না। নির্দিষ্ট পাঠ যদি নিক্ষকেব সম্পূর্ণ আয়তাধীন থাকে তাহলে ছাত্রদের সহযোগিতায় আলোচনার প্রাদক্ষিক যে বিষণই আসুক না পাঠ পরিচালনার কেন, তাব সাথে পাঠপরিকল্পনাব সামঞ্জ বিধান খুব শিক্ষকের সতর্কতা কঠিন নয়। শিক্ষকের প্রস্তুতির জন্ত পাঠ পরিবল্পন। খুবই প্রয়োজনীয়; কিন্তু ভার উপব আমরা যেন অতি মাত্রায় নির্ভবশীল হয়ে না পডি। একথা মনে বাখা দরকার শিক্ষক একজন শিল্পী,—যদি তিনি পাঠদান কালে নতুন নতুন বিষয়ের অবভাবণা কবতে না পারেন, ভাহলে তাঁব নিজের কাজটা, তাঁর কাছে অত্যন্ত একঘেঁয়ে ও নীরস মনে হবে। শিক্ষাদানে তিনি আব কোন আনন্দই পাবেন না। পূর্ব পরিকল্পনা কখনও শিক্ষকেব নতুন স্ষ্টির পথকে রুদ্ধ করতে পাবে না। একটি কথা মনে বাখতে হবে যে, তিনি যেন প্রদক্ষ ছেড়ে অপ্রাণ্ডিক বিষয়ের মধ্যে গিয়ে জড়িয়ে না পড়েন। ছাত্রেবা অনেক সময় গল্পপ্রিয় শিক্ষকদেব সেদিকে নিয়ে যেতে চেষ্টা করে এবং বছক্ষেত্রে সফলও ছয়। যথন শিক্ষকের থেয়াল হয় তিনি প্রদক্ষান্তরে চলে গিয়েছেন তখন 🗪 ত ঘণ্ট। বেজে গিয়েছে। শিক্ষকের পাঠ পরিচালনায় সত্র্ব থাকতে হবে-গল্পের ফাঁদে ভিনি যেন না পডেন।

শিক্ষা-পদ্ধতি--দ্বিতীয় পর্ব-৮

## ॥ শ্ৰেণী শৃশ্বলা ও সৌজন্যবোধ॥

|| Class Discipline & Common Court | sy ||

#### ॥ ১॥ শিক্ষকের দায়িছ ( Teachers' Responsibility):

পড়বার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হলে সবচেয়ে বেশী প্রয়োজন শ্রেণী শৃদ্ধলার। শিক্ষকের যে সব গুণ থাকা দরকার তাব মধ্যে বিশেষ উল্লেখ-যোগ্য হচ্ছে তাঁর ব্যক্তিত্ব ও শৃঙ্খকা রক্ষার ক্ষমতা। শিক্ষক ও ছাত্রের মধ্যে একটা প্রীতির সম্পর্ক গড়ে না উঠলে শ্রেণী শৃদ্ধলা রক্ষা করা কঠিন হয়ে ওঠে। শৃঙ্খলা রক্ষা নতুন-পুবাতন সব শিক্ষকের কাছেই একটা সমস্তা। এজক্স কতকগুলি দাধারণ নিয়ম আমবা মেনে চলি; কিন্তু স্বচেয়ে বড কথা হচ্ছে শিক্ষকের নিজের যোগ্যতা। কতকগুলি সাধারণ নিয়ম সম্পর্কে ছাত্রেরা যাতে অভ্যন্ত হয় শিক্ষক প্রথমেই সেদিকে দৃষ্টি দেবেন। ক্লাসে কোন প্রশ্ন জিজাসা করা হলে সবাই যাতে একসাথে চেঁচিয়ে না ওঠে, একজন শিক্ষক শ্ৰেণীৰক্ষে উত্তর দেবাব সময় আর একজন বলে না দেয়, বা হয় নি' শৃঙালা রক্ষা করবেন বলে বাধার স্ষ্টিনা করে। যাকে প্রশ্ন জিজেন করা হ'ল শিক্ষককে চেষ্টা করতে হবে যাতে তার কাছ থেকেই উত্তরটি আদায় করা যায়। মাঝপথে বাধার সৃষ্টি হলে জানা থাকলেও সে বলতে পারবে না। পডাবার সময় বা প্রশ্ন করাব সময় ছাত্রেরা যেন নিজেদের মধ্যে গল্প না করে। অনেক সময় দেখা গিয়েছে যে, শিক্ষক পড়াচ্ছেন, পিছনের বেঞ্চে তথন একটি ছাত্র আরু একজনের থাতা থেকে অঙ্ক টুকছে। এই ত্রুটিগুলি থেকে যাতে ছাত্রদের মুক্ত রাখ। যায় শিক্ষক মহাশয় সেদিকে যথাসম্ভব সতর্ক থাকবেন। ক্লাসে শিক্ষক যদি শুধু চেয়ারে আশ্রয় না নিয়ে একটু নড়াচড়া করেন, তাহলে সেদিকে তাঁর সতর্ক দৃষ্টি রাখা সম্ভব।

#### ॥ ২॥ ছাত্রদের সহযোগিতা (Students' Participation):

শৃত্বলা রক্ষার ও সৌজন্ম বোধ স্থির ব্যাপারে ছাত্রদের সাহায্য ও সহসোগিতা বহুক্ষেত্রে বিশেষ কার্যকরী হয়। শ্রেণীশৃত্বলা রক্ষার দায়িত্ব ছাত্রদের উপর ক্মন্ত করা হলে তাদের দায়িত্ববোধ বাড়ে ও অন্তর্জাত শৃত্বলা তাদের মাধ্যে নেতৃত্বের সৃষ্টি হয়। স্কুল-স্বায়ত্বশাসন ব্যবস্থায় ছাত্রদের উপর কাজের ভার দিয়ে বহুক্ষেত্রেই স্ফল পাওয়া গিয়েছে। অন্তর্জাত শৃত্বলা শ্রেণী বা বিভালয়ের শৃত্বলা রক্ষায় ও ছাত্রদের মধ্যে শৃত্বশাবোধ জন্মাবার জন্ম অধিকতর উপযোগী।

শিক্ষক বদি স্নেহ ও ভালবাসা দিয়ে ছাত্রদের বিশ্বাস উৎপাদন করতে ছাত্রদের শ্রদ্ধা ও পারেন তাহলে তাদের কাছ থেকে স্বতঃ-উৎসারিত শ্রদ্ধা ভালবাসা ও প্রীতি তিনি অর্জন করতে পারবেন। তথন শ্রেণী শৃষ্কা বৃক্ষা করা সহজ্ঞসাধ্য হবে।

## ॥ ৩॥ শিকাধীর বৈশিষ্ট্যকে জানা ও কাজে সাগানো:--

পূর্বালোচনার আমরা দেখেছি যে, শিশুর শিক্ষা-পদ্ধতি নির্ধারণে শিশু-প্রকৃতিকে জানা বিশেষ দরকার। শিক্ষার একটা লক্ষ্য আছে—এর পেছনে একটা উদ্দেশ্য রয়েছে। এই উদ্দেশ্যকে সফল করতে হলে শিশুর বৈশিষ্ট্য, অন্তর্নিহিত শক্তি ও প্রবণতাকে জেনে সার্থক শিক্ষা-পদ্ধতি রচনা করতে হবে। শিশুর একটা বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে তার কর্মপ্রবণতানে শিশু কর্মচঞ্চল। আমাদের দেখতে হবে শিক্ষায় কি কবে এই কর্মপ্রবণতাকে কাজে লাগান ঝায়। সমস্ত স্বাভাবিক স্বাস্থাবান শিশুই কাদ্ধ কবতে চায়। বার মধ্যে কর্মবিমুখতা রয়েছে একটু খোঁজ কবলে দেখা ঘাবে, সে শিশুর কর্মচঞ্চলতা দেহে কি মনে অস্থন্থ। ঠিকপথে কর্মপ্রবণতাকে পরিচালিত কবে একে শিক্ষার সহায়ক কবে, তোলা এক সমস্থা। কারণ ছাত্রেরা যে কাজ করতে চাইবে বা যে কাজ করে থ:কে তা প্রায় ক্ষেত্রেই শিক্ষার অনুকূল নয় বা বিত্যালয়ে শিশুর কর্ম শক্তিকে যে ভাবে কাজে লাগাবার চেন্টা করা হয়, অধিকাংশ শিশুই সে ভাবে কাজে করতে চাইবে না। শিশুর কর্মপ্রবণতাকে কাজে লাগাতে হলে আমাদের কয়েকটি নীতিকে মনে রাখতে হবে।

শিশুব কর্মপ্রবণতাকে কাজে লাগাতে হলে শিশুকে জানতে হবে। শিশুর আগ্রেছ ও ক্ষমতা দুইই শিক্ষকেব জানা দরকার। সাধাবণভাবে শিশুপ্রকৃতি ও তার বিকাশের ধারাকে জানতে হবে। দেই সাথে প্রতিটি ছেলের নিজর বৈশিষ্ট্রের সন্ধান রাথতে হবে। যে ছেলের বিশেষ প্রবণতা যেদিকে, শিক্ষার র্মেত্রে তাকে সেই দিকে পরিচালিত করতে পারলেই বাজিত ফল লাভ হবে। কাজ বলতে আমরা সর্বদা যেন মনে রাথি যে দৈহিক কাজই কাজের পরিধিকে কাজ নয়—এর সাথে মানসিক কাজও আছে। দেহের পৃষ্টির জন্ত দৈহিক কাজের প্রয়োজন অবশ্রুই আছে, বৌদ্ধিক বিকাশের জন্ত, মানসিক বৃত্তিসমূহের পরিপৃষ্টির জন্ত মানসিক কাজও প্রয়োজন। নৈতিক উন্নতির কথাও চিন্ধা করে কাজের পরিবেশকে সেভাবে নিমন্ত্রিত করতে হবে—অর্থাৎ ব্যক্তিযের স্বষ্ঠু বিকাশের জন্ত কাজের পরিধিকে সর্বত্র বিন্তৃত করতে হবে।

## ॥ ৪॥ আছাৰিক প্ৰবৃত্তির সামাজিক রূপ (Socialisation of the Natural Instincts):

প্রথমেই দেখতে হবে যে, কান্ধ করার যে স্বাভাবিক ইচ্ছা শিশুর মনে রয়েছে, তাকে যেন অযথা রুদ্ধ করা না হয়। সাধারণ কর্মপ্রবণতাকে রুদ্ধ করে ঈলিত ফল পাওরা যায় না। যদি দেখা যায় যে, শিশু বান্ধিত পথ ধরে অগ্রসর হচ্ছে না তথন তাকে পরোক্ষভাবে নিয়ন্ত্রিত করে ঠিক পথে পরিচালিত করতে হবে। শিশু যথন কাজের মধ্য দিয়ে নিজেকে প্রকাশ করতে চায় তখন ভার প্রকাশের পথকে রুদ্ধ করলে তার প্রতিক্রিয়া কথনও শুভ হয় না। শিশুর সামনে কতকণ্ডলি কাজের সুযোগ রাখতে হবে। এদব কাজের মধ্য দিয়ে তার স্বাভাবিক প্রবৃত্তি প্রকাশের পথ খুঁজে পাবে। কাজগুলি এমন ভাবে নিয়ন্ত্রিত করতে হবে যার ফলে প্রবৃত্তিব সমাজসমত রূপই (Sublimated form) ফুটে

শিক্ষার্থীদের প্রবৃদ্ধি-গুলিকে যথাযথভাবে শিক্ষা গ্রহণের কাজে লাগাতে হবে উঠবে। যুযুৎসা (Pugnacity) একটা স্বাভাবিক প্রমৃতি, তাকে প্রতিযোগিতার কাজে লাগানো যেতে পারে। সঞ্চয় মনোরুন্তি (Acquisition) নানা জিনিদ সংগ্রহের কাজে লাগানো যেতে পাবে। নির্মাণের ইচ্ছাকে (construction) নতুন নতুন জিনিস গড়ে ভোলার কাজে লাগানো

যায়। কৌতুহল প্রবৃত্তিকে (curiosity) জ্ঞান আহবণের কাজে লাগানো যায়। যদি এসব প্রবৃত্তি বিপথে চালিত হয় তাহলে শিশুব জীবনে বিপর্যয় দেখা দিবে।

# াও। শিক্ষাথীকৈ উৎসাহিত করা (To encourage the Students):

শিক্ষক সর্বদা ছাত্রদের কাজে উৎসাহ দেবেন। অতি সাধাবণভাবে যে কাজটি সম্পন্ন হযেছে সেখানেও তাকে উৎসাহ দিতে হবে যাতে দে আরও সুনিপুণভাবে কাজটি সম্পন্ন করতে পারে। যদি সহাত্মভূতির সাথে কাজটির ভূল দেখিয়ে দেওযা হয় চোহলে তার উৎসাহ বেডেই যায়। শিক্ষক যদি ধৈর্য হারিয়ে ফেলেন, বিবজ্ঞি প্রকাশ করেন বা অথথা তিরস্কার করেন তাহলে ছাত্রদের কাছ থেকে কাজ আদায় করা অস্তম্ভ কট্টনাধ্য হয়ে সহাত্মভূতি ও সন্ধারতা দাঁড়ায়। নিজেদের শক্তি সম্পর্কে তারা নিজেরাই সচেতন নম্ন,—তাদেব মধ্যে আছে একটা ঘিধা, একটা সংশ্রম। এই ঘিধা ও সংশন্ম কাটিয়ে উঠতে দবকাব শিক্ষকের সাহায্য। সহাত্মভূতি ও উৎসাহ লাভ করলে কইসাধ্য কাজও শিশু সম্পন্ন করতে পারে। ছাত্রেবা যদি মনে কবে তার কাজটিব মূল্য আছে, তাহলে তাব নিজের সম্পর্কে আত্মবিশ্বাস জন্মায়,—তার মধ্যে যে সূজনী প্রতিভা রয়েছে আত্মবিশ্বাস জন্মালে তা প্রকাশের স্বাভাবিক পথ খুঁজে বেড়ায়।

#### ॥৬॥ শিক্ষায় বৈচিত্ত্য সৃষ্টি:-

কাজে বা নিক্ষায় যদি নতুনত্বের অভাব দেখা যায় তাহলে নিক্ষার্থীর উৎসাহ ন্তিমিত হয়ে আসে। গতামুগতিক নিক্ষাবাবস্থায় বৈচিত্রা স্ষ্টিব প্রয়াস খুবই কম। শ্রেণী শিক্ষায় বৈচিত্রা স্ষ্টির যে সামান্ত একই একন বিষয় পর স্থাগে আসে, তাকে কাজে লাগাতে হবে। সময়-তালিকা স্ষ্টির সময় দৃষ্টি রাখতে হবে যাতে একই রকমের বিষয় পর পর পড়ান নি হয়। বাংলা ব্যাকরম্ব, ইংরেজী ব্যাকরণ, সংস্কৃত ব্যাকরণ যদি পর পর ছাত্রদের পড়ান হয় সেদিন তাদের পড়ায় উৎসাহ থাকবে না। এতে মান্সিক ক্লান্তি এনে তার বোধশজিকে আচ্ছার কবে দেবে। কাজের ক্লেত্রে যদি

বৈচিত্রা সৃষ্টি করতে না পারা যায় তাহলে ছাত্রদের উৎসাহ ধীরে ধীরে কমে আসবে। পড়ার সাথে থেলাকে যুক্ত কবে শিক্ষাপরিবেশকে আনন্দময় করে তুলতে হবে। সহপাঠ্যক্রমিক কার্যক্রমকে শিক্ষার সাথে যুক্ত করে শ্রেণীশিক্ষার ক্রটি থেকে শিক্ষাকে মুক্ত করতে হবে।

# ॥ १॥ ভবিশ্বৎ জীবনের প্রস্তুতি (Preparation for the future life):

মানুষের জাবন কর্ময়। শিক্ষাব প্রাঞ্চন পার হয়ে গিয়েই শিক্ষার্থীকে বিখের বিশাল কর্মশালায় প্রবেশ করতে হবে। কর্মের দীক্ষা তাকে বিদ্যালয়ের শিক্ষার মধ্য দিমেই গ্রহণ করতে হবে। সুপরিকল্পিত কাজের মধ্য দিয়ে তার দেহ, মন ও চারিত্র গঠন করতে হবে। কাজেব মধ্য দিয়ে বিজালয় ভবিয়াং-তার যে সন্তাবনা আছে, যে শক্তি আছে তা প্রকাশ জীবনের প্রস্তুতিক্ষেত্র পাবে। কাজেব মধ্য দিয়েই তাব ব্যক্তিত গঠিত হবে। যদি শিশুকে সমাজের উপযুক্ত নাগরিক রূপে গড়ে তুলতে হয় তাহলে জীবনযুদ্ধে সমুখীন হবার মত শিক্ষা তাকে দিতে হবে। বিদালয় হচ্ছে ভবিশ্বৎ জীবনের শিক্ষা হচ্ছে তার ভবিষ্যং জীবনের প্রস্তুতি। আমাদেব প্রস্তুতিক্ষেত্র। শিক্ষাপদ্ধতি এমনভাবে নিধাবিত করতে হবে যাতে দেই শিক্ষালাভ করে বিখের কর্মযক্তে দেও অংশ গ্রহণ করতে পারে। আমাদের শিক্ষাপ্রণালী নিধারণে আমাদের লক্ষ্য থাকবে কি করে আজকেব শিশু গণতান্ত্রিক সমাজের স্কনাগবিক হয়ে উঠতে পারে।

## ॥ ব্যক্তিকেন্দ্ৰিক শিক্ষা॥ 🗸

#### Individualised Instruction II

প্রাচীন শিক্ষা-পদ্ধতিব অনেক দোষ ক্রাট ছিল। সে শিক্ষা ছিল পুস্তক-কেন্দ্রক, শিক্ষকসর্বস্ব, মুখন্থনিভ র ও পরাক্ষাশাদিত। সম্পূর্ণ ক্রত্রিম ও যান্ত্রিক এই শিক্ষা ব্যবস্থায় শিশু ছিল অবহেনিত। শিশুর ক্রচি, সামর্থ্য ও চাহিদার কোন মূল্য ছিল না, এই শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে পরবর্তী-কালে বহু বিরুদ্ধে কণ্ঠ সোচচার হয়ে উঠে। বিভিন্ন ক্রটি নতুন শিক্ষা-বাবস্থার জন্ম শিক্ষাবিদ্-এর বিরুদ্ধে বিষোদ্যার শুরু করেন। ফলে জন্ম নেয় নতুন নতুন শিক্ষাদান পদ্ধতি, ফলে শিক্ষার ক্ষেত্রে শিশুই প্রাধান্ত প্রায়, শিক্ষার্থীর ক্ষটি, সামর্থ্য ও চাহিদা শিক্ষাক্ষেত্রে স্প্রতিষ্ঠিত হয়। শিশুকেন্দ্রিক (Child-centric) শিক্ষাব্যবস্থার প্রচলন হয়। শ্রেণী-শিক্ষা (class teaching) ও গোষ্টি-শিক্ষা (group teaching)-র বিভিন্ন ক্রটি-বিচ্যুতি প্রদেথে ব্যক্তিকেন্দ্রিক শিক্ষা

(Individualised Instruction) প্রচলিত হয়। শিক্ষা ক্ষেত্রে আদে ব্যক্তি-স্বাধীনতার নতুন জোয়ার।

শ্রেণী শিক্ষণের ত্রুটি লক্ষ্য করে আধুনিক শিক্ষাতত্ত্ব ব্যক্তিকেন্দ্রিক শিক্ষাকে স্বীকার করেছেন। এই শিক্ষা ব্যবস্থায় প্রতিটি শিক্ষার্থীর স্বতন্ত্র ব্যক্তিত্ব, চাহিদা ও মর্যাদা স্বীকৃত হয়েছে। শিক্ষাব ক্ষেত্রে কোন ব্যক্তিকেন্দ্রিক ব্যক্তিই অবহেলিত নয়। শ্রেণী শিক্ষায় ব্যক্তিদ্বার স্বাভাবিক ও সম্পূর্ণ বিকাশ সম্ভব নয়। শিক্ষা-মনোবিজ্ঞান এ কথা স্বীকার করে যে, শিক্ষাকে যথার্থ করতে হলে শিক্ষাক্ষেত্রে প্রতিটি শিক্ষার্থীর কৌতৃহল, আগ্রহ, প্রবণতা, রুচি, সামর্থ, ও মর্যাদাকে রক্ষা করতে হবে। বিদ্যালয়ে এমন ব্যক্তিকেন্দ্রিক তত্ত্ব ও মনস্তত্ত্ব নির্ভবর্গ শিক্ষাব্যবস্থার প্রবর্তন করতে হবে যাতে শিক্ষার্থীর। প্রত্যেকেই তাদের অন্তর্নিহিত সন্থার পরিপূর্ণ বিকাশ করতে পারে সম্পূর্ণ স্বাধীন ও স্বাভাবিক পথে। এই জাতীয় পদ্ধতিই ব্যক্তিকেন্দ্রিক শিক্ষা বলে পরিচিত।

ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার কতকগুলি স্থবিধা ও উপযোগিতা রয়েছে। ব্যক্তি-কেন্দ্রিক শিক্ষা আধুনিক বৈজ্ঞানিক শিক্ষাতত্ত্বের অনুসারী ও মনগুছের অনুসামী। এই শিক্ষাব্যবস্থায় প্রতিটি শিক্ষার্থীর মধ্যে ব্যক্তিকেন্দ্রিক শিক্ষাব্যবস্থায় প্রতিটি শিক্ষার্থীর মধ্যে ব্যক্তির শিক্ষাব্যবস্থার প্রতিটি শিক্ষার্থীর মধ্যে ব্যক্তির শিক্ষাব্যবস্থার প্রতিত পুরাতন পদ্ধতির শিক্ষক-কেন্দ্রিকতা, পুস্তকসর্বস্থতা, মুখ্ছ নিভ'রতা যান্ত্রিকতা ও ক্লন্তিমতা পরিহার করে শিক্ষার্থীন শিক্ষা স্বীকৃত হয়েছে। ফলে শিক্ষার্থীরা নিজের অভিজ্ঞতার মাধ্যুমে নিজস্ব পথেই শিক্ষা গ্রহণ করবে। শিক্ষার্থীরা আত্মনিভ'রতা, আত্ম-প্রত্যায়, আত্মপ্রতিটা, দায়িস্বজ্ঞান ও কর্তব্য নিষ্ঠা প্রভৃতি গুণ অর্জন করবে, ব্যক্তিকেন্দ্রিক শিক্ষাব্যবস্থায় প্রত্যেক শিক্ষাব্যবস্থায় ভাল, মাঝাবি ও মন্দ ছাত্র সকলেই সমান উপকৃত হয়। আধুনিক এই বৈজ্ঞানিক শিক্ষাব্যবস্থা তাই বিভিন্ন দেশে জনপ্রিপ্রতা অর্জন করেছে।

এই শিক্ষাব্যবস্থা একেবাবে ক্রটি মুক্ত নয়। শ্রেণীশিক্ষায় যেগুলি ছিল স্থিবিধা, ব্যক্তিকেন্দ্রিক শিক্ষায় দেগুলিই অসুবিধায় পরিণত হয়। ব্যক্তিকেন্দ্রিক শিক্ষায় অধিক শ্রম, অধিক সময় ও অধিক শিক্ষক ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার প্রয়োজন হয়। ব্যক্তিকেন্দ্রিক শিক্ষা শিশুকে শুতিমাত্রায় অস্থবিধা

ব্যক্তিকেন্দ্রিক করে তুলে, ফলে তার সামাজিকগুণাবলীর বৈশুর, স্বার্থত্যাগ, পরমতসহিষ্কৃতা গোষ্ঠীচেতনা, বা সংঘবদ্ধতা ইত্যাদি) যথাযথ বিকাশ হয় না। স্বচেয়ের বড় কথা হ'ল এই য়ে, আমাদের শিক্ষাব্যবস্থা শ্রেণীশিক্ষারই উপ্রোগী, ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার পক্ষে নয়।

শ্রেণী শিক্ষার স্থবিধা অস্থবিধা, ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার সুবিধা-অস্থবিধা ও আধুনিক শিক্ষাব্যবস্থার কথা শ্বরণ রেখে শিক্ষাক্ষেত্রে শ্রেণী শিক্ষা ও ব্যক্তি-কেন্দ্রিক শিক্ষার মধ্যে একটা দামঞ্জ বিধান করা বেতে পারে। শিক্ষা-

শ্রেণীশিক্ষা ও ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার মধ্যে সমন্বৰ

ব্যবস্থাকে এমন করতে হবে যাতে শ্রেণী শিক্ষার স্থবিধাগুলি গ্রহণ করা যায়, অসুবিধা দূর করা যায়; আবার ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার স্বিধাগুলি গ্রহণ করা যায়, এবং অসুবিধা দূব করা যায়। ফলে আধুনিক শিক্ষাব্যবস্থাকেও

পরিপূর্ণভাব ঢেলে সাজাতে হবে না, Supervised Study (তত্তাবধায়ক পাঠচর্চা,) Socialised Recitation (সমাজীকত পাঠচর্চা) প্রভৃতি পদ্ধতি-গুলির ধরন শ্রেণী শিক্ষার; কিন্তু এদেব মধ্যে ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার ধাঁচ আনা যায়। অর্থাৎ এমন অবস্থাব সৃষ্টি করা যায় যাতে প্রত্যেক শিক্ষার্থীর স্থাধীন শিক্ষা ধথাযথ হয় এবং তাদের ব্যক্তিসভা পরিপূর্ণভাবে বিকশিত হয়। আবাব প্রকল্প পদ্ধতি (Project Method), সমস্তা সমাধান পদ্ধতি (Problem Method), ওয়ার্কসপ পদ্ধতি (Workshop Method) প্রভৃতি আধুনিক ব্যক্তিকেন্দ্রিক শিক্ষাদান পদ্ধতিগুলিকে ক্রিক শিক্ষাদান পদ্ধতিগুলিকে বিভিন্ন দল বা উপদল গঠন করে, তার মধ্য দিয়ে এই পদ্ধতিগুলি ব্যবহার করে শ্রেণী শিক্ষাব ধাঁচে আনা যেতে পারে। ফলে শিক্ষার্থীরা শ্রেণী শিক্ষার স্ববিধাগুলির সঙ্গে ব্যক্তিকেন্দ্রিক শিক্ষার স্বরিধাও পাবে। এবং এব জন্ত আধুনিক শিক্ষা ব্যবস্থাব সম্পূর্ণ পরিবর্তনও করতে হবে না।

#### প্রশাবলী

- 1. On what basis are pupils classified? Are you in favour of such classification? Why?
- 2. What is individualised instruction? How can it be best imported under the existing system of collective teaching?
- 3. Take one example of a nethod of individualised instruction and one of group instruction, and compare their relative educational advantages. Are the method: entirely individual on group oriented as their names indicate?
- Prepare a paper of instructions for a young teacher towards effective class-room teachin; with special reference ro individualised instruction.
- 5. Draft a set of instructions for a young, inexperienced teacher for his guidance in effective class-room organisation and management bearing on the following:
  - (a) Nature of management the changed outlook.
  - (b) Techniques of good management.
  - (c) Behaviour problems.

- 6. What are the advantages of individualised instructions as distinguished from the class teaching?
- 7. Discuss the psychological significance of the methods of individualised instruction. How can they be integrated with the methods of collective teaching?
- 8. Indicate some techniques of efficient teaching and management in the c'assroom and say have you would use them successfully.
- 9. Discuss the merits and limitations of ordinary class teaching. How should it be supplemented by individualised instruction?

#### वर्छ अशाश

## শিক্ষাদানের কৌশল (TECHNIQUE OF TEACHING)

শিক্ষা দেবার নীতি নির্ধারণের পথে আমাদের সামনে আদে শিশুকে শিক্ষা দেবার প্রশ্ন। শিক্ষা দিতে কি বীতি অবলম্বন করবেন, শিক্ষাদিতে তাঁকে কোন পন্থাঅমুস্বণ করতে হবে শিক্ষককে তা জানতে ভূমিকা হবে। শিক্ষার পক্ষে প্রয়োজনীয় ও অপরিহার্য বীতি, পদ্ধতি ও কৌশল না ভেনে শিক্ষকতা শুরু কবলে পদে পদে বাধাব সম্মুখীন হতে হবে—কাজটিও সুষ্ঠু ভাবে সমাধীন হবে না।

## ॥ শিক্ষক ও শিক্ষার্থী র ভূমিকা॥

|| Role of the Teachers and the Students ||

শিক্ষানে বাদ্ধ শিক্ষা দেওয়া। এই শিক্ষা দেওয়।' কথাটা পূর্বে যে অর্থে ব্যবহৃত হ'ত বর্তমানে ঠিক সেই অর্থে ব্যবহার করা হয় না। সে সময় ছিল শিক্ষাণী ও শিক্ষকের মধ্যে দাতা-গ্রহীভার সম্পর্ক। একটি পূর্ণ পাত্র থেকে শৃত্যু পাত্রে জল ঢেলে দিয়ে ভব্তি করার রীতি অমুসরণ করে শিক্ষক শিক্ষার্থীকে শিক্ষা দিতেন। সে ছিল শুধুদেবারই সম্পর্ক। সেখানে বর্তমান শিক্ষা পদ্ধতিতে শিশুর একমাত্র ভূমিকা ছিল নিজ্জিয় গ্রহীতার ভূমিকা। শিক্ষার্থীর সম্পর্কেরও পরিবর্তন হয়েছে। শিক্ষাকে এখন বলা হয় Bipolar Process; শিক্ষা দেওয়ার অর্থ, শিক্ষক শুধু দিয়েই যাবেন তাই নয়। শিক্ষক-শিক্ষার্থীর পারম্পবিক প্রতিষ্ঠায় শিশুর জানাব ক্ষেত্র বিস্তৃত হবে। বর্তমান শিক্ষার শিক্ষার্থীও সমভাবে সক্রিয়। শিক্ষক কি ভাবে শিশুকে নতুন জ্ঞান অর্জনে সহায়তা করবেন, কি রীতি বা পদ্ধতি অবলম্বন করবেন তাকেই আমরা শিক্ষা দেবার কৌশল বলেছি। সার্থকি শিক্ষক হতে হলে শিক্ষা দেবার মূল কতকণ্ড লি রীতি-পদ্ধতি ভাঁকে আয়ত্ব করতে হবেই।

## ॥ সাধ'ক শিক্ষকের করণীয় কত'ব্য ॥

Duties of an Ideal Teacher

শিক্ষা দেওয়া কান্ধটি অত্যন্ত জটিল। সাধারণ শিক্ষায় উচ্চ ডিগ্রী থাকলেই সার্থক শিক্ষক হওয়া যায় না। অন্তান্ত দশটি বৃত্তির মত শিক্ষকতাও শিক্ষা সাপেক্ষ। তাঁহার জানা বিষয়টি কি করে একটি ওক্ষণ শিক্ষার্থীকে ভার-পক্ষে বোধগম্য ভাষার ও সহজবোধ্য পদ্মায় শেখানো যায় শিক্ষককে তা জানতে হবে। শিক্ষাতত্ব, শিক্ষা-মনোবিজ্ঞান প্রভৃতি জানার সাথে সাথে বাস্তব প্রয়োগেক

শিক্ষককে শিক্ষাদানের শন্ধতিগুলিকে জানতে হবে। ক্ষেত্রে শিক্ষাদান কৌশল বা পদ্ধতি জ্ঞানা না থাকলে শিক্ষক হিসেবে সাফলা লাভ করা সম্ভব নয়। যাদের শিক্ষকতার জ্নাগত প্রবণতা রয়েছে তাঁদেরও আধুনিক শিক্ষার রীতি পদ্ধতি সব জ্ঞানা দরকার। ক্লাদে পড়া দেওয়া, পরের

দিন পড়া জিজ্ঞেদ করা ও নতুন কবে বাড়ীব জক্ত পড়া দিয়ে দেওয়া—সাধারণ ভাবে মনে করা হয় এই হচ্ছে শিক্ষকের কাজ। কিন্তু সার্থক শিক্ষকের বিচার হবে শিক্ষণীয় বিষয় সম্পর্কে ও শিক্ষাব প্রয়োজনীয়তা সম্পর্কে শিক্ষার্থীকে কন্টো সচেতন করতে পেবেছেন ভার উপব। সার্থক শিক্ষা সম্পর্কে বলা হয়েছে—

"The fundamental distinction between a successful teaching and unsuccessful teaching lies in the amount and value of learning that is stimulated in the pupils .... Teaching does not mean, performing the operations which সাৰ্থক শিকা ও teachers perform. It means getting pupils to বাৰ্থ শিক্ষা learn and nothing else. The successful teacher Studies his problems, formulates his aims, select his procedures, combines them, and carries them out primarily in terms of observed effect upon the pupils taught. Theunsuccessful teacher usually takes these effects for granted. Herein lies the distinction. (Instruction in India Secondary School. Ed. E. A. Macnes)

#### । উপস্থাপনের গুরুত্ব।

#### I Importance or Presentation II

আমরা পূর্ব অধ্যায়ে আলোচনা করেছি শিক্ষকের উপস্থাপনার গুণেট শিক্ষার্থী পাঠ সম্পর্কে কোতৃহলী হয়। শিক্ষক যদি শিক্ষার্থীর মনে আগ্রহ সৃষ্টি করতে না পারেন তাহলে তিনি যাই বলুন না কেন শিক্ষার্থীর মনে তা বেথাপাত করবে না। উপস্থাপনের সময় অভিজ্ঞ শিক্ষক ছাত্রদের মন পাঠ্যাভিছুথি করার জন্ম সচেষ্ট হন। শিক্ষা-কৌশল অবলহন করে থাকি তা হচ্ছে—হর্ণনা, ব্যাখ্যা, বিশ্লেমণ, প্রশ্নোত্তর, দৃষ্টান্ত, পাঠটীকার ব্যবহার, বিভিন্ন শিক্ষা উপকরণের ও সাজ্জ-সর্ক্লামের সাহায্য গ্রহণ ইত্যাদি। আমরা একটি একটি করে এদের প্রয়োজনীয়তা ও ব্যবহার রীতি সম্পর্কে আলোচনা করব।

#### । বর্ণনা ।

#### || Narration ||

শিক্ষায়, বিশেষ কবে শ্রেণী শিক্ষায় বর্ণনার একটি বিশিষ্ট স্থান রয়েছে। শ্রেণী শিক্ষায় বক্তৃতাধর্মী পাঠে ছাত্রেবা অংশ গ্রহণ করাব কোন হ্যোগ পায় না। তব্ শ্রেণী শিক্ষায় বিশেষ করে রদাহত্তি-মূলক পাঠে বর্ণনাকে দম্পূর্ণ ভাবে বর্জন করা সম্ভব নয়। শিক্ষক যা পড়াবেন, অর্থাৎ তাঁর নির্দিষ্ট পাঠ-উপস্থাপনায় প্রথম তাঁকে বর্ণনাব আশ্রয় নিতে হয়। কোন একটি বিষয়-বস্তুকে হ্রদয়গ্রাহী কবে ছাত্রদের সামনে তুলে ধরতে হলে বর্ণনার প্রয়োজনীয়তা শিক্ষককে গল্প করার কৌশল আছত্ম করতে হয়। বর্ণনা যদি আকর্ষনীয় না হয় তাহলে ছাত্রদের মধ্যে নতুন বিষয় সম্পর্কে আগ্রহেব সৃষ্টি হবে না। বর্ণনাব সাহায্যে শিক্ষক বিষয়টিকে প্রাণবস্ত কবে তুলবেন। তিনি হবেন দক্ষ কথা শিল্পী, তার বর্ণনাব গুণে বিষয়-বস্তব একটি জীবস্ত চিত্র ছাত্রদের চোখের সামনে ফুটে উঠবে। ছাত্রেরা স্থভাবতঃই গল্প শুনতে ভালবাদে, শিক্ষার্থীদেব দেই গল্প শোনাব প্রবণতাকে কাজে লাগিয়ে তাদের মনে নির্দিষ্ট পাঠ সম্পর্কে আগ্রহ সৃষ্টি করতে হবে।

## । আগ্রহ সৃষ্টি।

#### - Creating Interest !

নতুন পাঠে কোন কিছু বর্ণনাব সময় শিক্ষক ছাত্রদের পূর্ব জ্ঞানের বর্ণনা শিক্ষার্থীদের মধ্যে পটভূমিকায় বিষয়টি স্থাপন কববেন। পূর্ব-জ্ঞানেব সাথে আগ্রহ সৃষ্টি করে নতুন বিষয়টি যুক্ত হলে ছাত্রদের মনে আগ্রহ সৃষ্টি হবে, বিষয়টিকে জানবার জন্ম তাবা মনোধোগী হবে।

#### ॥ বর্ণনার ভাষা ॥

#### || Language of Narration ||

বর্ণনাকালে শিক্ষকের ভাষা সহজ ও সরল, বিশেষভাবে লক্ষ্য রাগতে হবে
যে, যে শ্রেণীতে শিক্ষা দিবেন ভাষা যেন সেই শ্রেণীব শিক্ষার্থীদেব উপযুক্ত হয়।
শিক্ষকের বলায় যেন কোন জড় ভা বা অম্পষ্টভা না
বর্ণনাব ভাষ ই তাকে
থাকে। উচ্চারণ-শুদ্ধিব উপর বিশেষ দৃষ্টি রাখতে হবে।
ঘার্থক কবে
ছাত্রেরা শিক্ষকের উচ্চারণ অম্পন্তন কবে। তাই শিক্ষকের
এ বিষয়ে সভর্ক থাকা প্রয়োজন। উচ্চারণ যেন আঞ্চলিক বৈশিষ্ট্য থেকে
দোষ-মৃক্ত থাকে। ছাত্রজীবনে অতি উচ্চ-শিক্ষিত একজন বাংলা শিক্ষকের
চরম ব্যর্থতার কথা মনে আছে; তাঁর প্রধান দোষ ছিল ভিনি বাংলা পড়াতে
পিয়ে তাঁর নিজন্ব জেলার উচ্চারণ ভক্ষী ছাড়তে পারেন নি। বর্ণনার মধ্যে

বেন একটা আন্তরিক সুব ফুটে ওঠে। রসামূভূতি মূলক পাঠের সময় বর্ণনা ষদি আবেগপূর্ণ না ২য় তাহলে তা হৃদঃগ্রাহী হবে না। বর্ণনাকালে অযথা চীৎকার বা অত্যন্ত নিয়-মরে বলা কোনটাই সঠিক নয়। বর্ণনার গুণে ঘটনা ছেলেদের মানস-চোধে ভেদে উঠবে,—তাহলেই বর্ণনা সার্থক হবে।

## ॥ বর্ণনায় বিষয় কেন্দ্রিকতা ॥

#### || Centralisation of Narration ||

বর্ণনাব সময় যেন লক্ষ্য স্থির থাকে। বর্ণনার মধ্য দিয়ে লক্ষ্যে পৌছানই হবে পাঠের উদ্দেশ্য। পাঠের যদি কোন স্থির লক্ষ্য না থাকে তাহলে ছাত্রেরা বুঝতে পারবে না বিষয়টি কেন পড়ানো হচ্ছে। বর্ণনাকালে লক্ষ্যে পৌছাইবার জন্ম প্রয়োজনীয় প্রাসন্ধিক বিষয়ে অবতারণা করা হবে। প্রয়োজনীয় অবাস্তর বিষয় আলোচনা হলে শিক্ষার্থীরা লক্ষ্য থেকে দ্বে সরে আসবে। অপ্রয়োজনীয় অংশ বাদ দিয়ে পড়াবার সময় বিশেষ প্রয়োজনীয় অংশেব উপর জোব দিয়ে পড়াতে হবে; এবং সেদিকে তাদের মনোযোগ আকর্ষণ করতে হবে। বর্ণনা বিষয় বস্তুর বাইরে অবাস্তর আলোচনায় যাবে না।

### বর্ণনায় বৈচিত্র্য

বর্ণনাকে মনেকটা গল্পের মত করতে হবে,—যাতে বর্ণনা সরল ও সহজবোধ্য হয়। বর্ণনা ধেন একটোঁর না হয়। দীর্ঘ সময় ধরে একটানা বর্ণনা বিবক্তির উৎপাদন করতে পারে। বর্ণনার মধ্যে বৈচিত্রোর স্থাষ্ট করতে না পাবলে ছাত্রবা ক্লান্তি বোধ করবে— তাদের আর উৎসাহ থাকবে বর্ণনা আকর্ষণীয় হবে
না। এজ্ঞ বিভিন্ন পাঠ্য-উপকবণেব সাহায্য নেওয়া ঘেতে পারে। বর্ণনাব মধ্যে নাটকীয়তা স্থাষ্ট করতে হবে। বর্ণনার মধ্যে ব্যঙ্গ ইত্যাদির মধ্যদিয়ে বৈচিত্র স্থাটি করতে হবে। গলাব স্বরেব ও উচ্চারণের বৈচিত্র্য এনেও বর্ণনাবে সবল করতে হবে। তথন শিক্ষার্থীরা পাঠের প্রতি আরুষ্ট হবে। বর্ণনাব সময় বিভিন্ন শিক্ষাসহায়ক উপকরণ ব্যবহাবও পাঠদানকে সরস করে।

#### ॥ গল্প বলা ॥

#### || Story Telling ||

'ঠাকুরমা গল্প বলো' নিত্যকালের শিশুর এই আবদার 'ঠাকুবমা গল্প বলো।' সন্ধ্যা না হতেই নাতি-নাতনীর দল ঘিরে বসে ঠাকুমার কোল ঘেঁসে। তাদের আবদারে ঠাকুরমা তার গল্পের ঝাঁপি খুলে বসেন। গল্পের রাজপুত্রের সাথে থোকা উড়ে চলে পক্ষীরাজ ঘোড়ায় চড়ে তেপাস্তরের মাঠ পার হয়ে কোন সুদ্র কললোকে। গল্পের যাহকাঠির পরশে ভোলে নি এমন মাত্র্য কোথায়। ঠাকুরমা, পিদীমার মুথে গল্প শুনতে শুনতে দে একদিন হয়ে ওঠে দাহিত্য রস-পিপাস্থ। গল্পের প্রতি মাত্র্যেব এই আকর্ষণ চিরস্তন। ছেলে-বুড়ো সবাই গল্প শুনতে ভালবাসে। বয়স ভেদে রুচি ভেদে রূপ কথা থেকে অতি বাস্তব নানা বিষয় মানুষকে আকর্ষণ করে। এর পিছনে রয়েছে গল্পের আবর্ষণ চিরস্তন প্রতি মানুষের চিরস্তন আসক্তি। ছেলেমেয়েদের গল্পের প্রতি এই আসন্তিকে শিক্ষাদানের অতি প্রয়োজনীয় কোশল রূপে ব্যবহাব কবা যায়। অতি নীরস বিষয়কে অতি সরস করে ভোলা যায় শিক্ষক যদি সুন্দর একটি গল্পের মাধ্যমে জিনিসটি ছাত্রদের সামনে ভূলে ধরেন।

মৌথিক শিক্ষারী িতে সব শিক্ষককেই কম বেশী গল্প বলাব পদ্ধতির আশ্রেষ্ণ প্রতাহণ করতে হয়। বিভিন্ন ক্ষেত্রে বর্ণনা যদি গ'ল্পর মত করে বলা যায় তা হলে অনেক বেশী কার্যকরী হয়। সবাই খুব সুন্দর কবে গল্প বলতে পারেন না। গল্প বলা একটা আর্ট, গল্প বলার স্বাভাবিক শক্তি সল্প বলার কৌশল সবার সমান না থাকলেও একটু চেন্টা করলে, একটু যত্ন নিলে সব শিক্ষকই সহজ্ঞ ভাষায় বিষয় বস্তুটিকে সহজ্ঞ ও সরল করে ছেলে-মেয়েদের কাছে বলতে পারেন। গল্প বলাব মধ্যে একটা আন্তরিকতার স্বর্থ থাকবে একটু দবদ মিশিয়ে বলতে পারেলেই তা গ্রদ্য-গ্রাহী হবে।

নিয়ম শিথিয়ে একজন উচুদরের কথক সৃষ্টি করা যায় না। কিন্তু কয়েকটি
নিয়ম মেনে চললে গল্প বলার রীতিকে উন্নত করা যায়।
গল্প বলার নিয়ম
শিক্ষক যথন শিক্ষা বিষয়ে গল্প বলার পদ্ধতিকে তাঁর কাজে
লাগাবেন তথন কয়েকটি নিয়ম মেনে চললে গল্পকে উন্নত ধরনের করে তুলতে
পাববেন।

প্রথমেই মনে রাখতে হবে গল্প বলা, —পড়া নয়। পড়ে শোনাতে শুরু
করলেই সেটা আর গল্প বলা হ'ল না। গল্প বললে ছাত্রেরা
ন্থেই গল্প বলতে হয়
যে আগ্রহ নিয়ে শুনবে সেই গল্পটিই পড়ে শোনালে সে
আগ্রহ আর তাব থাকবে না। ছাত্রেরা মুখে শুনভেই ভালবাদে। গল্প শোনার
মধ্যেই তারা বেশী আনন্দ পায়।

শিক্ষক গল্প বলাব আগে ভাল করে তৈরী হয়েই গ্লটি মুথে বলে
শোনাবেন। গল্প শুরু করে মাঝ পথে যদি বই খুলতে হয় তাহলে গল্পের
রসভঙ্গ হবে। শিক্ষক গল্পটি মুথস্থ করবেন না, কিন্তু গল্পের
গল্পে ভাষা ও
ধারা-বাহিকতা বজায় রেখে যাতে বলতে পারেন সে ভাবে
তাকে তৈরী হতে হবে। শিক্ষক গল্পটি যখানশুব নিজের
ভাষায় বলবেন। শিক্ষক যদ্ মনে কবেন গল্পের কোন কোন অংশ বিশেষভাবে জানা দরকার তা হলে সে ক্ষেত্রে তিনি বইষের ভাষা ব্যবহার করবেন।

শিক্ষক তাঁর বলার মধ্য দিয়ে গল্পটির একটি জীবন্ত চিত্র ছেলেদের চোথের
সামনে তুলে ধরবেন। গল্পের ভাষা হবে সহজ, 'উচ্চারণ
গল্পের জীগন্ত চিত্র
হবে শুইট। গল্পের বিষয়-বস্তু ভেদে শ্বরগ্রাম উঁচু-নীচু
হবে। স্বাভাবিক সাবলীল ভাবে তিনি বলে যাবেন, যাতে বলার মধ্য দিয়ে
ছাত্রেরা বিষয়ের সাথে একাত্ম হয়ে যাবে।

শিক্ষকের গল্প বলার মধ্য দিয়ে বিষয় বস্তু সম্পর্কে আন্তরিকভার স্থর যেন প্রকাশ পায়। প্রয়োজনবোধে বিষয়কে প্রানবস্ত করে গল্পের আন্তরিকভার স্থর তুলতে কিছুটা অভিনয়ের সাহায় নেওয়া যেতে পারে। ভবে তা যেন মাত্রাভিরিক্ত না হয়ে যায়, সে বিষয়ে শিক্ষক লক্ষ্য বাখবেন।

শিক্ষক গল্প নির্বাচন করাব সময় যাদের নিকট গল্প বলবেন তাদের বয়স,
মান্দিক গঠন প্রভৃতি বিচার করে গল্প নির্বাচন করবেন।
গল্প নির্বাচন
১০ বছরের ছাত্রদের উপযোগী গল্প ৫ বছবের ছাত্রদের
তা কোন কাজে আসবে না। বলার রীতি, পদ্ধতি ও শ্রোভাদের বয়স ও গঠন
অমুষায়ী হবে।

#### গল্পের লক্ষ্য ( Aims of Story telling ) ঃ

গল্প বলার সময় শিক্ষকের সামনে যেন একটা উদ্দেশ্য থাকে। গল্প শুধু মাত্র আনন্দের জন্ম হতে পারে। আবার এর একটা শিক্ষার দিকও রয়েছে।
গল্পের মধ্য দিয়ে ছেলেদেব কল্পনা শক্তির বিকাশ হয়;
গল্প শিক্ষামূলক হবে
সাহিত্যেব প্রতি মন আকৃষ্ট হয়। গল্প একটা যুক্তিপূর্ণ ধারাবাহিকতার মধ্য দিয়ে পরিণতির দিকে অগ্রসর হয়। গল্প শোনায় ছাত্রদের চিন্তার শৃত্থালা স্ষ্টি হয়। শিক্ষক যদি তাঁর লক্ষ্য সম্পর্কে সজাগ থাকেন তাহলে উপস্থাপনের কৌশলে আনন্দরস পরিবেশনের সাথে গল্প বলাকে শিক্ষাদানের একটি কার্যকরী কৌশলে পরিণত করতে পারেন।

#### ব্যাখ্যা ও বিশ্লেষণ ( Explanation and Analysis ):

বর্ণনাকালে আলোচ্য বিষয়টি বর্ণনার মাধামে যথাসম্ভব সহজ ও প্রাঞ্জল করে তোলার চেফা করতে হবে। তবুও প্রতি বিষয়ের মধ্যে ত্'একটি অংশ্ থাকে যা বেশ কঠিন,—সাধারণ বর্ণনার মধ্য দিয়ে তা ব্যাখ্যা ও বিষেষণের বাঝান সম্ভব নয়। কঠিন হ্ব-রকম হতে পারে, ভাষার মধ্যমে অনেক বিষয় দিক থেকে কঠিন আর ভাবের দিক থেকে কঠিন। বর্ণনার মধ্য দিয়ে যে অংশ ছাত্রেরা বুঝতে পারে নি সে অংশ ব্যাখ্যা করে বিষয়কে ভাল করে বিষয়েবে ভাল করে বিশ্লেষণ করে বুঝিঙ্কে দিতে হবে।

কঠিন ভাষায় যে অংশ রয়েছে সহজ ভাষায় তাকে প্রকাশ করনেই অনেক সময় ছাত্রেরা বুঝতে পারে। কিন্তু ভাব যেখানে কঠিক সেখানে সহজ ভাষায় প্রকাশ করলেই হবে না; ব্যাখ্যা করে বিষয় বস্তুকে শিক্ষার্থীদের বোঝবার সীমার মধ্যে এনে দিতে হবে।

বিষয়বস্তুর মধ্যে অনেক সময় এমন কিছু অংশ থাকে বা ষ্ণাষ্থ ব্যাখ্যা ও বিশ্লেষণের প্রহোজন। বিষয়বস্তুর আস্তর্নিহিত ব্যক্তনাকে ব্যাখ্যা করতে হবে। তবে অনাবশ্যক দীর্ঘ ব্যাখ্যা ও অতি-বিশ্লেষণ পাঠকে ভারাক্রাস্ত করে, ব্যাখ্যার সময় Black board ও Teaching aids-এর ব্যবহার করা যেতে পারে। ব্যাখ্যা ও বিশ্লেষণ যে সমস্ত ছাত্রের উপযোগী হয়, Hughes and Hughes ব্যাখ্যা প্রসঙ্গে বলেছেন,—"The surest form of explanation is one that presents and arranges the necessary facts in such a way that pupils draw their own conclusion they themselves complete the explaining process", ব্যাখ্যা ও বিশ্লেষণ সংক্রান্ত প্রশ্ন প্রচলিত পরীক্রার অন্তর্ভূত।

#### || 公計 ||

#### || Questions ||

শিক্ষা দেখার জন্ত যে সব পদ্ধতি অনুসরণ করা হয় তার মধ্যে প্রশ্ন হচ্ছে বিশেষ কার্যকরী পন্থা। শিক্ষায় ছাত্রদের সহযোগিতা লাভের উপায়ই হচ্ছে প্রশ্ন। বর্ণনার মধ্য দিয়ে পাঠ যেভাবে অগ্রসর হয় সেথানে ছাত্রদেব শোনা ছাড়া আর বিতীয় কোন কাক্ষ থাকে না। তাই প্রশ্ন করা হয় কেন! শিক্ষার্থীকে পাঠের সক্রিয় অংশীদার করতে হলে 'প্রশ্নোত্তর' মাধ্যমের অংশ গ্রহণ করতে হবে। পাঠকালে প্রশ্নের মধ্য দিয়ে শিক্ষার্থীর অগ্রহ ও কৌতৃহল স্প্তি করতে পারা যায়। যা পড়ান হচ্ছে তা শুনেছে কি না জানা যায়, পড়া বুরতে পেরেছে কি না বা প্রয়োগ করার যোগ্যতা অর্জন করেছে কি না শিক্ষক ভাও জানতে পারবেন।

#### # ১ ॥ একট প্রাচীন শিকা রীতি ( An old Technique ) :

প্রশ্নোত্রের মাধ্যমে শিক্ষাদানের রীতি অতি প্রাচীন। প্রাচীন ভারতের শিক্ষাব্যবস্থায় 'বিভাবিচার, নামক প্রথা ছল সেথানে প্রশ্ন উত্তবের মধ্য দিয়েই শিক্ষার্থীর জ্ঞান পরীক্ষা হ'ত। প্রশ্নিন, অভিপ্রশ্নিন প্রভৃতি শব্দে বুঝা যার যে, শিক্ষার প্রশ্নের ব্যবহার অতিগুরুত্বপূর্ণ স্থান দখল করেছিল। গীতার শিক্ষাভের উপায় সম্পর্কে বলা হয়েছে, 'প্রণীপাতেন, প্রশ্নাভর উপায় সম্পর্কে বলা হয়েছে, 'প্রণীপাতেন, পরিপ্রশ্নেন সেবয়া'। প্রশ্ন শুরুত্বরুই কর্তেন না, শিক্ষাবাও প্রশ্ন করত। "বিভাবিচার" বিভর্কে প্রশ্নোভরের মধ্য দিয়েই বছ কৃট প্রশ্নের মীমাংসা হ'ত। সক্রেটীসের শিক্ষা-পদ্ধতিতে প্রশ্নের পর প্রশ্ন করে তিনি শিক্ষার্থীর মুথ দিয়ে অভিপ্রেত উত্তর বের করে নিত্নে। এই পদ্ধতিকে প্রক্রেটীস পদ্ধন্তি বলা হয়। মধ্যযুগে ইউরোপের "disputa-

tion" বলে যে রীতি প্রচলিত ছিল তাও ছিল প্রশ্নেত্তরের মধ্যেই জ্ঞান পবীক্ষা প্রশ্নেত্রে অতি প্রাচীন ও বহুল প্রচলিত সর্বজনগ্রাহ্ শিক্ষাদানের কোঁশল।

#### ॥२॥ শিক্ষকের দায়িত্ব ( Teachers Responsibility ):

শিক্ষাদানের কৌশল বলে অধ্যয়ন শুক হলেও আমাদের মনে রাখতে হবে বে, জ্ঞান-বিজ্ঞানেব ওত্ত্বথা শিক্ষার্থীব মনে প্রবেশ করিয়ে দেওয়া আমাদেব কাজ নয়। শিক্ষার্থীর সামনে যে সমস্যাগুলি রয়েছে সে নিজেই তা পর্যবেকণ

করবে। তারপব বিচার বিশ্লেষণ কবে তা সমাধান করবে ব্যাব্য প্রশাব্য প্রশাব্য প্রশাব্য প্র করে আনে ও একটা দিদ্ধান্তে আদবে। শিক্ষত্তের কাজ হবে ভারে বের করে আনে ভারেবাচিত প্রক্রের মাধ্যমে শিক্ষার্থার যুক্তি ও চিন্তাকে ঠিক পথে পরিচাণিত করে ঠিক সমাধানটি বের বরে নেওয়া। ('Teaching means skilful questions to force the mind to see, to arrange etc.')।

Provoking) প্রশ্নের মধ্য দিন্দেই তা সম্ভব হতে পারে। মামুলী গভারগতিক প্রশ্নে শিক্ষার্থীর মনে ঔৎস্ক্য জাগিয়ে তুলে, শিক্ষার্থীর মধ্যে নতুন জিনিসকে জানবার আগ্রহ সৃষ্টি করা সম্ভব।

# ॥ ৩॥ উদ্দেশ্য ভেদে প্রশ্নের শ্রেণী বিভাগ (Classification of questions according to their objectives):

সাধারণ দৈনন্দিন জীবনে দেখা যায়, যে জিনিসটি আমবা জানি না সে সম্পর্কে প্রশ্ন করে আমবা সে বিষ্ণটি সম্পূর্ন জেনে নিতে চাই। নতুন জিনিস জানা, নতুন তথ্যের সন্ধানই আমাদের প্রশ্নের উদ্দেশ্য। কিন্তু স্কুলে পড়বার সময় শিক্ষক যে প্রশ্ন করেন তার উদ্দেশ্য সম্পূর্ণ অক্ত প্রশাবিভাগ

অর্জন কবতে চান না। তাহলে তিনি কেন প্রশ্ন করেন ? এখানে প্রশ্নেব লক্ষ্য বা উদ্দেশ্য হচ্ছে শিক্ষক জানতে চান প্রশ্নের সঠিক উত্তর জানে কি না। শিক্ষকের জানা নয়, শিক্ষাথীর জ্ঞান-পরীক্ষাই প্রশ্নেব প্রথম উদ্দেশ্য। জ্বান পরীক্ষার সাথেই জ্ঞানাজনে সহাযতা কবা প্রশ্নেব দ্বিতীয় লক্ষ্য। প্রশ্ন নানারকম হতে পাবে, পরীক্ষামূলক প্রশ্ন (Testing question) ক্ষমুস্কানী প্রশ্ন (Searching question), শিক্ষামূলক প্রশ্ন (Train-

ing or Developing question), শাসনমূলক প্ৰশ্ন (Disciplinary question) ইত্যাদি।

॥ ৪।। পরীকা-মূল ক প্রশ্ন ( Testing questions ) ঃ

পরীক্ষামূলক প্রশ্নের প্রথম উদ্দেশ্য হচ্ছে অধীত বিষয় শিক্ষার্থী কতটা আয়ত্ব করতে পেরেছে, কতটা মনে রাথতে পেবেছে তা জেনে নেওয়। পূর্বজ্ঞান পরীক্ষাব জন্ম যে প্রশ্ন করা হয় তা পরীক্ষামূলক প্রশ্ন। প্রতিকরণ প্রশ্ন এই জাতীয় প্রশ্নের উদ্দেশ্য হচ্ছে পূর্বপাঠেব সাথে নত্ন পাঠকে যুক্ত করা। পাঠের শুরুতেই পূর্বজ্ঞান স্মৃতিতে আনবার জন্ম শিক্ষক করেকটি স্থ নির্বাচিত প্রশ্ন করে শিক্ষার্থির মনকে প্রশ্নত করবেন ও পাঠ্য বিষয় সম্পর্কে তার মনে আগ্রহ স্পৃত্তি করবেন। পরীক্ষামূলক প্রব্নের মধ্যে এই জাতীয় প্রশ্নকে প্রশ্নতিকরণ প্রশ্ন (Preparatory question) বলা যায়। যেমন স্বাধীনতা দিবস বা নেতাজী দিবসকে উপলক্ষ্য করে আমবা স্বাধীনতা আন্দোলনের ইতিহাস সম্পর্কে আলোচনার স্ত্রপাত কবতে পারি।

পাঠ চলা কালে নির্দিষ্ট পাঠকে কয়েকটি পাঠে ভাগে করে প্রত্যেকটি পাঠের বিষয়বস্তু বর্ণনা ও ব্যাখ্যাব সাহায্যে শিক্ষক ব্রিয়ে দেন। পাঠ চলাকালীন শিক্ষক প্রশ্ন করে জেবে নেবেন যে, ছাত্ররা শুনছে কি না বা ঠিক ব্যুতে পেরেছে কি না। এতে ছাত্রের সাথে শিক্ষকের পরীক্ষাও হবে। পাঠ চলাকালীন এই জাতীয় পরীক্ষামূলক প্রশ্নেব উত্তর অধিকাংশ ছাত্রই যদি পাঠ চলাকালীন প্রশ্ন দিতে না পারে তাহলে ব্যুতে হবে শিক্ষক যা পড়াচ্ছেন বা যেতাবে পড়াচ্ছেন ছাত্রেরা তা ব্যুতে পারে নি। এক্ষেত্রে শিক্ষক তাঁর ক্রটি সংশোধনের জন্ম দচেইট হবেন। পাঠ চলাকালীন ছাত্রেরা যাতে অমনোযোগা না হয় সে জন্ম প্রশ্নের মধ্য দিযে শিক্ষা নীর মনকে পাঠে নিবদ্ধ রাখতে হয, তাই এই জাতীয় প্রশ্ন অভি দরকারী।

একটি পর্ব শেষ হয়ে যাবার পর নতুন পাঠ শুরু করার পূর্বে আলোচিত বিষয়, শিক্ষার্থীরা কতকটা আয়ত্ব করতে পেরেছে তা জানার জন্ম পুনরালোচনার জন্ম শিক্ষক প্রেশ্ন করবেন। একে পুনরাবৃত্তিমূলক প্রশ্ন (Recapitulatory question) প্রারৃত্তিমূলক প্রশ্ন বলা যায়। কোন একটা জিনিসকে জানার পর সম্পূর্ণভাবে আয়ত্ব করতে হলে বার বার অভ্যাস করতে হয়। প্রয়োগের ভারেও (application stage) নানারপ প্রশ্ন কবে আলোচিত বিষয়টিব বিভিন্ন দিক সম্পর্কে শিক্ষার্থীর জ্ঞানের ভিত্তিকে দৃঢ় করতে হবে।

ছাত্তের। অনেক সময় বহু বিষয় মুখস্থ করে। স্থৃতি শক্তির উপর অত্যধিক নির্ভরশীপতার ফলে তারা নিজেদের বিচার বুদ্ধির প্রযোগ করতে সমর্থ হয় না। প্রয়োগের শুরে এই ক্টিশুলি দ্র করার জন্ম এশ করতে হবে। নতুন পরিস্থিতিতে তাদের অধীত বিচ্চাকে যাতে প্রয়োগ করতে পারে সে ভাবে প্রশ্ন না হলে শিক্ষা নির্থক হয়ে দাঁড়ায়। প্রশ্ন করার একটি বিশেষ উদ্দেশ্য হচ্ছে

এশ্ব করে শিক্ষক শিক্ষার্থীদেব দোষক্রটি ধরতে পাবেন ছাত্রেরা যাতে আত্মবঞ্চনার স্থােগ না পায় তা দেখা।
তারা অনেক সময় ক্লাসে যা পড়ানাে হ'ল তা না ব্বেই
মাথা নেড়ে সায় দিয়ে যায়। সত্য সত্যই তারা মনে
করে বিষয়টি তারা বুঝতে পেরেছে,—প্রশ্নকরলেই তাদের

এই ভুলটি ভেঙ্গে যায়। কাবণ না বুৰে ভো উত্তর করা চলে না। স্বাই লক্ষ্য কবেছেন ক্লাসে যথন শিক্ষক একটি Phrase এর অর্থ বলেন ছাতেরা বলবে, 'বুঝতে পেরেছি'। কিন্তু শিক্ষক যেন এথানেই খেমে না থাকেন। Phrase বা Idiom দিয়ে বাব্য রচনা করতে নাইপারলে তা শেথার কোন সার্থকতা নেই। প্রশ্ন করে দেখে নিতে হবে সেই Phrase বা Idiom-টি সার্থক প্রয়োগ করতে ছাত্রেরা পেবেছে কি না ?

#### ॥ ৫।। অনুসন্ধানী প্রশ্ন (Searching questions) :

চিন্তা উদ্দীপ্ত করার শ্রেষ্ঠ উপায় হচ্ছে প্রশ্ন করা। এজন্য চিম্তাউদ্দীপ্তকারী অনুসন্ধান প্রশ্নের (thought provoking searching ques-

প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে আগ্রহ ও উৎসাহ স্থান্ত করা বায় tión) সাহায্য নেওয়া যায়। অহুসন্ধানী প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীর মনে নতুনকে জানার জন্ম উৎসাহ ও আগ্রহের স্টিহয়। চিন্তা উদ্রেককারী অনুসন্ধানী প্রশ্নগুলি 'কেন' 'কি করে' দিয়ে শুক্ত হয়। একটুনা ভেবে শুধু মুখস্থ

বিভার উপর নিভ'র করে এই জাতীয় প্রশ্নেব উত্তর দেওয়া সম্ভব নয়। আমবা চাই ছাত্রেরা নিজেরাই একটু চিন্তা করুক। মুখস্থ যা করা হয়েছে তা প্রয়োগ করতে পারে কি না তা জানা যেমন দরকার স্বাধীন চিন্তা-দক্তির বিকাশন্ত তেমনি প্রয়োজন। প্রশ্নের মধ্যে 'কেন'র ব্যবহারে আমাদের

এই উদ্দেশ্য সিদ্ধি হয়!

#### ॥ ৬॥ শিক্ষামূলক প্ৰশ্ন (Training or Developing questions):

শিক্ষামূলক প্রশ্নের (Training or Developing) উদ্দেশ্য হচ্ছে যে,
শিক্ষার্থীবা নিজেরাই উদ্ভবের মধ্য দিয়ে এগিয়ে গিয়ে নতুন জ্ঞান আহরণ
করবে। শিক্ষকের প্রশ্নের ধারাকে অফুসরণ করে
বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তারা স্বাধীনভাবে চিন্তা করে উত্তর দেয় ও শিক্ষকের
গাঠের অপ্রগতি
স্পরিচালনার তারা নতুন তথ্যকে আবিষ্কার করে। শিক্ষক
সাধারণত: পরিচিত বিষয় নিয়ে শুক করবেন। তারপর উন্তরের সূত্র ধরে
এক্টির পর একটি প্রশ্ন করে তার লক্ষ্যের দিকে অগ্রসর হবেন। শিক্ষার্থীরা
মন্তটা সম্ভব নিজেরাই উত্তর খুঁজে বের করবে। যেথানে তারা জানে না

সেখানে শিক্ষক অবশ্য ভাদের সাহায্য করবেন। এই পদ্ধতি শিক্ষার্থীদের পরিচিত বিষয় নিমে আনোচনার ক্ষেত্রেই বিশেষ কার্যকরী হয়। অমূবদ্ধ প্রণালীতে (correlation) যেখানে শিক্ষা দেওয়া হয় সেখানে Developing প্রশ্নের মাধ্যমে নতুন ব্যবস্থা করতে হয়।

#### ॥ १। শাসনমূলক প্রমু (Disciplinary question) %

শিক্ষার্থী কতটা শিখেছে, মনোযোগ দিয়ে পাঠ শুনছে কি না, শ্রেণীব পাঠ ব্রুতে পেরেছে কি না প্রভৃতি নানা উদ্দেশ্য ছাডাও প্রশ্ন করার আর একটি উদ্দেশ্য আছে। তা হছে শ্রেণীশৃদ্ধলা রক্ষা করা ও পবোক্ষভাবে ছাত্রদের শাসন করা। অনেক সময় ছাত্রেরা পাঠে অমনোযোগী হয়ে ক্লাসে গণ্ডগোল সৃষ্টি করে। তথন যা পড়ান হছে সে বিষয় সম্পর্কে ই-একটি কঠিন প্রশ্ন ছেলেদের সামনে রাথতে হয়। অমনোযোগী শিক্ষার্থীদেব পক্ষে তাব উত্তর দেওয়া সম্ভব নয়; তার ফলে তারা লচ্ছিত হয়। অনেক সময় ভাল ভাত্রেবা পাঠকে অবহেলা করে। তারা মনে কবে তাদেব সব জানা হয়ে গিয়েছে,—পাঠ্যবিষয় থেকে কঠিন প্রশ্ন করে তাদেবও শাসন করা যায়।

## ॥ প্রশ্ন কখন করা হবে॥

|| When to put questions ||

## া ১। পাঠ প্রস্তুতি পর্বে পূর্বজ্ঞান পরীক্ষার জন্ম প্রশ্ন:—

দিনের নির্দিষ্ট পাঠ শুরু হবার পুর্বেই প্রথম প্রশ্ন করে পাঠের উপযোগী পরিবেশ সৃষ্টি করতে হবে। পাঠ প্রস্তুতিপূর্বে প্রশ্ন করার উদ্দেশ্য হচ্ছে শিক্ষক যা শিক্ষা দিতে চান দেদিকে ছাত্রদের দৃষ্টি বা মনোযোগ আকর্ষণ করা। শিক্ষক

পাঠের প্রতি আকর্ষণ স্থাইতে প্রশ্নের উপযোগিতা প্রথমেই জানতে চেষ্টা করবেন য। তিনি পড়াতে যাচছেন সে সম্পর্কে ছাত্রদের কোন ধারণা আছে কি না? একে বলা হয় পূর্বজ্ঞান পরীক্ষা। অমুসন্ধানী প্রশ্নের মধ্য দিয়ে এই স্তরে পাঠ শুরু হবে। পূর্বজ্ঞান পরীক্ষার মধ্য দিয়ে

সেদিনের পাঠ সম্পর্কে তাদের মনে আগ্রহ সৃষ্টি করে পূর্বজ্ঞানের সাথে তিনি যে নতুন বিষয় শিক্ষা দিতে যাচ্ছেন তাকে সম্বন্ধযুক্ত করবেন।

#### । ২॥ পাঠ উপস্থাপন-কালীন প্রশ্ন:-

এর পর উপস্থাপনপাঠ। পাঠ চলাকালীন প্রশ্ন করে জেনে নিতে হবে বা পড়ান হচ্ছে ছেলেরা তা ব্যুতে পারছে কিনা। খুব বিচার বিবেচনা করে শিক্ষককে প্রশ্ন করতে হবে। শিক্ষক ষা বর্ণনা করছেন তার একটি পর্ব শেষ করে প্রশ্ন করবেন। রসামুভূতিমূলক পাঠে একটি গল্প বা কবিতা পড়া হতে খাকলে সেই গল্পটি শেষ না করে পাঠ একটু এগিয়ে যাবার পরই প্রশ্ন ভব্ন করলে পাঠে রসভন্ধ করা হবে। শুধু রসাহ্ভৃতিমূলক পাঠ নয়, জ্ঞানমূলক পাঠ যেমন ইতিহাস, বিজ্ঞান প্রভৃতি ক্ষেত্রেও একথা প্রযোজ্য। প্রথমে একটি পর্ব বৃঝিয়ে আবার সেই পর্বটি সম্পর্কে আলোচনা কালে শিক্ষক প্রশ্ন গাঁচদানের উপস্থাপন করবেন। প্রশ্নগুলির মধ্যে একটা শৃদ্ধালা থাকবে, প্রশ্নগুলি হবে প্রগতিমূলক (Developing)। একটি প্রশ্নের উত্তরের মধ্য থেকে স্বাভাবিকভাবেই আর একটি প্রশ্ন এমে যাবে। এমনিভাবে চিস্তাধারার বিকাশ লাভ ঘটবে। শিক্ষার্থীর অন্তর্দৃষ্টি, অন্নমান শক্তি, চিস্তা, বৃদ্ধি, বিচার শক্তির বিকাশ প্রভৃতির উদ্দেশ্য সাধনে ভাদের কাছে প্রশ্ন করতে হবে।

#### ॥৩॥ অভিযোজন কালীন প্রশ্ন:-

পাঠ অভ্যাদ করতে হলে পুনব।বৃত্তিব প্রয়োজন আছে। যা পড়ান হয়েছে
শিক্ষক যদি আবাব তাই বলে যান তা খুব কার্বকরী হয়
পাঠদানের অভিষোচন
তবে প্রম

সক্রিয় সহযোগিতায় পঠিত অংশের আলোচনা হলে পাঠ
আয়ত্ব করা চাত্রদেব পক্ষে সহজ হয়।

## ॥ প্রশ্ন করার রীতি ॥

#### || Technique of quetioning ||

শিক্ষায় প্রশ্নের কার্যকারিতা অত্যন্ত বেশী। কিন্তু এই কার্যকরী শক্তিকে শিক্ষায় দার্থক করে তুলতে হলে শিক্ষককে জানতে হবে কি করে প্রশ্নেব প্রয়োগ করা হয়। শিক্ষককে শ্রেণীশিক্ষায় প্রশ্ন কবার সময় একটা নির্দিষ্ট নিয়ম মেনে জ্ঞাসর হতে হবে।

শিক্ষকগণ ক্লাসে যথন প্রশ্ন করেন – তখন দেখা যায় একটি ছাত্রের দিকে আক্লুল নির্দেশ করে বা নাম ধরে ডেকে বলেন, "তুমি বলতো.. ?" এতে ক্লাদের অনু স্বাই ভাবে প্রশ্ন যথন আখায় করা হয় নি—তথন এর উত্তর কি হবে সে সম্পর্কে আমার চিম্ভার কিছু নেই। আগে নাম ধবে ডাকা সগন্ত শ্ৰেণীকে উদ্দেশ্য ও তারপর তাকে প্রশ্ন করা ঠিক নয়। শিক্ষক প্রশ্ন করে এশ সমস্ত ক্লাসকে উদ্দেশ্য করে করবেন (To put the questions before the class) ৷ তারপব একটু ভাবতে সময় দেবেন, কেউ খেন বুঝতে ন। পারে তিনি কার নাম ধরে উত্তর দিতে আহ্বান করবেন। ফলে সবাই সম্ভাব্য উত্তর সম্পর্কে চিম্ভা করবে। কোন নির্দিষ্ট ছাত্রকে উদ্দেশ্য করে প্রশ্ন না করে সমস্ত শ্রেণীর সামনে প্রশ্নটি রাখলে— প্রশ্নের উত্তরদানে শ্রেণীর সব ছাত্রেরাই পাঠে মনোযোগী থাকবে। প্রতি শিকাৰীদের শৃত'লা শ্রেণীতে দেখা যায় হু' চারটি ছেলে থাকে যারা প্রশ্ন করার দাথে দাথেই চিৎকার করে উঠে—'আমি বলি', অনেক সময় জিজেন করার পূর্বেই জবাব দিয়ে দেয়। শিক্ষককে এক্ষেত্রে সাবধান থাকতে হবে।

একসাথে একজনের বেশী যেন উত্তর না দেয়। এ অভ্যাস ভ্যাগ করাতে হলে ত্ব' একদিন একটু কঠোর মনোভাব দেখাতে হবে তাহলে সব ঠিক হয়ে যাবে।

প্রশ্ন যতটা সন্তব ছড়িয়ে করতে হবে। শুনুমাত্র ভাল ছেলেদেরই যেন প্রশ্ন করা না হয়। পিছনের বেঞ্চে বসলে প্রশ্নের হাত থেকে রেহাই পাওরা যাবে শিক্ষক এ মনোভাব স্ঠের স্থযোগ কথনও দেবেন না। প্রশ্ন যেন সারিবদ্ধভাবে পর পর করা না হয়। সারিবদ্ধভাবে প্রশ্ন করতে ছাত্রেবা তাব স্থযোগ নেবে। প্রশ্ন যুরিযে করতে হবে,—শেষের দিকে প্রশ্ন উত্তরদানের জন্ম বিভিন্ন করে,—মাঝের দিকে কি সামনের দিকে চলে আসলে ছাত্রন্সের নির্বাচিত ছাত্রেবা সব সময় তৈরী থাকবে। প্রতি ছেলেই যেন ভাবে এখনি স্থামাকে প্রশ্ন কবা হবে। তাহলেই তারা প্রতিটি প্রশ্নের উত্তব দেবার জন্ম সচেই খাকবে। যারা হাত তুলছে শুধু তাদের জিজ্জেস করা হবে না। হাত তুলেই যদি রেহাই পাওয়া যায় তাহলে কেউ পড়া তৈবী করে আসবে না।

একই প্রশ্ন বার বার বলা ছবে না। একই প্রশ্ন এ চাধিকবার বলা হলে ছাত্রেবা প্রথম যখন প্রশ্ন করা হবে তথন প্রশ্নে প্রবার্ত্তিও ভাষার পরিবর্তন হবে না। তবে শিক্ষক যদি মনে করেন প্রশ্নটি ভাবার বলা যেতে পারে। প্রয়োজন হলে প্রশ্নের ভাষার পরিবর্তন করতে পারেন।

একঙ্গনকে উত্তর দিতে আহ্বান করেই খেন তার কাছ থেকে সাথে সাথে উত্তর আশা করা না হয়। তাকে ভাবতে প্রশ্নের উত্তবদ:নের জন্ম সময় দিতে হবে। সময় কত্টুকু দেওয়া হবে তা নির্ভর করবে সময় দিতে হবে প্রশ্নের ধরনের উপর। প্রশ্ন কঠিন হলে উত্তব দিতে একটু বেশী সময় লাগবে। তাবপব সব ছাত্রই ভাল নয়, শিক্ষক জ্বানেন কোন ছাত্রটি কি বকম বৃদ্ধি ও মেধা সম্পন্ন। অল মেধার ছাত্রকে একটু বেশী সময় দিতে হবে। কোন শিক্ষার্থী ভূল উত্তর দিলে তা নিয়ে যেন হাস্ত-পরিহাদ না করা হয়। এতে সে লজ্জিত ও সঙ্কৃচিত হযে পড়বে এবং অন্ত সময় প্রশ্নেব উত্তব জানা থাকলেও বলতে সাহসী হবে না। শিক্ষকের সহাতুত্তপূর্ণ সদয় ব্যবহার নিভূল উত্তর আকায়ের পক্ষে বিশেষ অনুকূল। যাকে প্রশ্ন জিজ্জেদ কবা হবে তাকে এমনভাব দেখান হবে যেন শ্বন ক্ষাসংকাশণ ও শিক্ষকের সহাত্তুতিপূর্ণ সে ইচ্ছা করলে উত্তর দিতে পাবে। আংশিকভাবে শুদ্ধ উত্তর দিলে তাকে সময় দিয়ে চেষ্টা করতে হবে মাতে সে ব্যবহার ভেবে চিম্নে ঠিক উত্তর দিতে পারে। কিন্তু যেথানে প্রশ্নের উত্তর শ্বতির উপর নির্ভরশীৰ অর্থাৎ মুখন্থ না থাকলে উত্তর দেওয়া সম্ভব নয় সে ক্ষেত্রে যে জানে না তার কাছ থেকে উত্তর আলায়ের চেটা করার অর্থ হচ্ছে অষণা সময় নষ্ট করা। এসব ক্ষেত্তে যে শিক্ষার্থী নিত্র্পুল উত্তর দিতে পারে তার কাছ থেকে উত্তর নিয়ে যারা জানে না তাদের নিথে নিতে হবে।

কোন ছেলে যদি দেখা যায় অমনোযোগী হয়েছে ভাহলে তাকে প্রশ্ন করা হবে। একটি প্রশ্নের উত্তর শুদ্ধ হলেও বিভিন্ন প্রশ্ন করা হবে। একটি প্রশ্নের উত্তর শুদ্ধ হলেও বিচিত্র্যের সৃষ্টি এতে বাদের মনে সংশয় আছে তারা পিছিয়ে বাবে—এও এক ধরনের পরীক্ষা, শিক্ষকের প্রশ্ন যেন একই রকম না হয়। তিনি বিভিন্ন প্রশ্ন করে বৈচিত্র্যের সৃষ্টি করবেন।

### ॥ আদর্শ প্রয়ের লক্ষণ॥

|| Qualities of good Questions ||

পড়াতে গিঘে প্রশ্ন আমবা সবাই করি, কিন্তু সব প্রশ্নই পাঠ-প্রগতির সহায়ক নয়। আমাদের যেমন প্রশ্ন করার রীতি জানতে হবে, তেমনি জানতে হবে প্রশ্ন কিরূপ হবে। আদর্শ প্রশ্নের লক্ষণ হতেছ

শ্রন্ন করার সঙ্গে সঙ্গে শিক্ষার্থীদের মানবিক সক্রিয়তা বাডবে প্রধ্যের সাথে সাথে শিক্ষাথার মন সক্রিয় হয়ে উঠবে—দে চিন্তা করবে আর স্মৃতি চারণা করবে, দেই সাথে তার পর্যবেক্ষণ শক্তিকে

কাজে লাগাবার 'চেষ্টা কববে (···· it should incite the pupil to genuine activity of mind; it should cause him to observe, remember and think" T. Raymont)।

প্রশ্ন করার সময় প্রথমেই প্রশ্নের ভাষা সম্পর্কে সতর্ক হতে হবে। একটি
নির্দিষ্ট উদ্দেশ্য নিয়ে প্রশ্ন করতে হবে। সহজ সরল ভাষার
প্রশ্নের ভাষ
প্রশ্ন কবা হবে যাতে ছাত্রেরা বুঝতে পারে শিক্ষক তার
কর্মান্ত কাছে কি জানতে চাইছেন। প্রশ্নের ভাষা সহজ্যাধ্য না

হলে জানা উত্তরও ছাত্রেরা বলতে পারবে না।

প্রশ্নতি বেন জোণীর উপযোগী হয়। পঞ্চম শ্রেণীর ছাত্রদের কাছে
যদি জানতে চাই স্থাগ্রহণ কি করে হয়—তাহলে, তারা
প্রশন্তি শ্রেণীর
উত্তর দিতে পারবে না। যে শ্রেণীর ছাত্রেরা যে প্রশ্নের
উপযোগী তাদের সেরুপ প্রশ্ন করতে হবে। প্রশ্ন খুব সোজা
বা খুব কঠিন হবে না। যে প্রশ্নের উত্তর হ'একটি ভাগ ছাত্র ছাড়া দিতে
পারে নি ব্রতে হবে দে প্রশ্ন দে শ্রেণীর উপযোগী হয় নি।
একটি প্রশ্নের ছটি
ভার হবে না
এমন ভাবে রচিত হবে যার একটি মাত্র উত্তরই সন্তব।
বি প্রশ্নের একাধিক উত্তর হতে পারে দে প্রশ্ন ভাল প্রশ্ন নয়। ধে প্রশ্নের
উত্তর বর্ণনাজ্মক সে প্রশ্ন পরিহার করা উচিত। সাধারণতঃ যে

প্রায়ের উত্তর সংক্ষিপ্ত হয় সেইরূপ প্রশ্ন করতে হবে। বে প্রায়ের উ**ত্তর** শুধুমাত্র 'হাঁ' বা 'না' বলে সারা ধায় সে প্রশ্ন করা উচিত নয়। এতে চিস্তা ভাবনার বিশেষ প্রয়োজন হয় না—আন্দাঞ 'হাা'-'না' উন্তরের এর অনুমান করেই উত্তর দেবার চেষ্টা করে। আকবর কি ফুলাসক ছিলেন? এই জাতীয় প্রশ্ন চিন্তাশক্তি উদ্দাপ্ত করে না। অনুমান নির্ভর উত্তর ষেথানে সম্ভব সেই প্রশ্ন এড়িয়ে চলতে হবে। সম্পূর্ণরূপে স্মৃতি শক্তির উপব নির্ভর করে যে প্রশ্নেব উত্তর দেওয়া চলে শ্বতিণক্তির উপর দে সব এই আদর্শ প্রয়ের মধ্যে পড়ে না। তবে শ্বতি নির্ভবদী ৰ এশ শক্তি নির্ত্তব প্রশ্নকৈ সম্পূর্ণক্রপে বাদ দেওয়া সম্ভব নয়। যে প্রশ্নের উত্তর প্রশ্নের মধ্যেই রয়েছে তা করা ঠিক নয়। বিষধর সাপ কামড়ালে কি মাতুষ মবে? এর উত্তর প্রশ্নের মধ্যেই রয়েছে — अनुभान करत्र आन्मार्क हैं। वा ना वरन मिरने ठरन, প্রশ্নের মধ্যেই উওব উত্তরের জন্ম চিম্ভা করতে হয় না। এ প্রশ্নও কর আছে এমন গুল ঠিক নয়। প্রশ্ন নানা রকমের হবে—এবং বই য়ের। ভাষায় হবে না। শিক্ষক নিজের ভাষায় প্রশ্ন করবেন।

প্রশ্ন করার রীতি পদ্ধতি ও আদর্শ প্রশ্নের লক্ষণ নিয়ে আলোচনার পরও আমাদের একটি কথা মনে রাখতে হবে; সুযোগ্য শিক্ষক তাঁর নিজয় পদ্ধতি অনুসবণ করে যদি ছাত্রদেব শিক্ষা দিত্তে সমর্থ হন তাহলে তিনি নিজয় স্ট রীতি পদ্ধতিই অনুসরণ করবেন। তাঁকে শুধু মনে রাখতে হবে যে,—বে প্রশ্ন শিক্ষার্থীর চিম্কার্শাক্তকে উদ্দাপ্ত করে ও পর্যবেক্ষণের প্রেরণা যোগায় সেইরপ আদর্শ প্রশ্ন —One golden rule of questioning is make your pupils observe and think"—T. Raymont. কোন বাঁধাধরা নিয়ম মেনে সব সময় প্রশ্ন করা চলে না। শিক্ষক সাধাবণ নিয়মগুলি জানবেন এই জন্ম যে, ক্রুটিগুলি তিনি জেনে তবে নিজ অভজ্ঞতা, বিচার, বৃদ্ধি প্রযোগ করে প্রশ্ন করবেন। নিয়মগুল করেও যদি তিনি শিক্ষার্থীর পাঠে আগ্রহ সৃষ্টি করতে পারেন, বিচারবৃদ্ধি ও চিন্তাৰক্তি বিকাশে সহায়তা করতে পারেন তাহলেই কাজ সার্থক হবে।

#### । প্রশ্নের উত্তর ও সংশোধন ॥

আমবা যথনই শ্রেণীব দামনে একটি প্রশ্ন কবি তথন আমাদের উদ্দেশ্য থাকে সার্থক উত্তর আদায় করা। দঠিক উত্তরের মধ্যে প্রশ্নের সার্থকতা। যতক্ষণ না সঠিক ও নিভূলি উত্তর আদায় করতে পাবা যাবে ততক্ষণ শিক্ষকের কাজ অসম্পূর্ণ থেকে যাবে। সর্বক্ষেত্রেই যে শিক্ষার্থীর কাছ থেকে আদর্শ উত্তর মিলবে তা আশা করা উচিত নয়। চেষ্টা করতে হবে যতটুকু সে জানে তত্টুকু যাতে দে পরিকার কবে বলতে পারে। তার উত্তর ভুল হতে পারে, নিভূল হতে পারে, ত্রের মাঝামাঝি হতে পারে। সে যাই বল্ক না কেন তাকে প্রের লক্ষ্য সঠিক বলতে দিতে হবে। শিক্ষক তা আগ্রহেব সাথে শুনবেন। উত্তর ভুল হলেও তাকে নিক্রৎসাহ কবা বা তিরস্কার করা ঠিক নয়। বরং তাকে উৎসাহিত করতে হবে যাতে সে ঠিক উত্তর দিতে পারে। শিক্ষকের সদয় ব্যবহার ও অন্যপ্রেরণায় অনেক কাজ হয়। এক। প্রশাস্তর উত্তর হবে সহজ্ঞ ভাষায় ও সংক্ষিপ্ত ভাবে।

প্রশ্নের উত্তর ছাত্রেবা বই মুখস্থ করে বইয়ের ভাষায় না দিয়ে নিজের ভাষায় যতটা দে বুঝতে পেরেছে তাই গুছিয়ে বলাব চেন্টা করবে। তোতাপাথীর মত মুখস্থ করা উত্তরকে বাদ দেবাব চেষ্টা করবে। এতে ছাত্রদের চিস্তাশক্তির বিকাশ

উত্তর সংক্ষিপ্ত ও যথাযথ হবে হয় না। উত্তবেব ভাষা হবে সহজ এবং উত্তরটি হবে সংক্ষিপ্ত। যা তাব কাছ থেকে জানতে চাওয়া হযেছে ঠিক তাব উত্তরই যেন হয়। উত্তর যেন আংশিক না হয়। উত্তবটি যথাসম্ভব

একটি সম্পূর্ণ বাক্যে প্রকাশ করতে হবে। ছাত্রেবা অনেক সময যা বলা উচিত তার চেয়ে বেশী বলে—সেখানে ছাত্রকে সংযত কবতে হবে। পরীক্ষার প্রশ্নপত্রেই দেওয়া থাকে যে,—answer must be brief and to the point.

প্রশের উত্তর এমনভাবে বলতে হবে যাতে শ্রেণীব সব ছাত্রই উত্তরটি শুনতে পায়।

#### ॥ ছই॥ **শ্রেণীর ছাত্রদের কাছ খেকেই** উত্তর আদায় করার চেষ্টা করতে হবে।

প্রথম উত্তরটি যদি সঠিক নোও হয় তাহলেও চেটা করতে হবে থাকে জিজ্ঞেস করা হয়েছে তার কাছ থেকে বা সমস্ত ক্লাদেব কাছ থেকে নিভূ^ৰল উত্তর

একই ছাত্র ভাল উত্তর দিতে না পাঃলে অক্সান্ত ছাত্রদেব প্রশ্ন করা যেতে গাবে।

আদায় করা যায়। উত্তরটি মনোমত না হলে বলতে পারা যায়, হযেছে; কিন্তু আরও তাল কবে কে বলতে পারে? কেন ওব ভূল হ'ল, কোথায় ভূল তা ভাল করে বুঝিয়ে দিতে হবে। শিক্ষক যদি হয় নি বলে কর্তব্য শেষ করেন, তাহলে ছাত্রদের ভুল কোনদিনই সংশোধিত হবে না'।

শিক্ষক সব সময় কোথায় ভ্বল ও কেন ভ্বল হ'ল এটা পরিস্কার করে ব্ঝিয়ে দেবেন। তবে শিক্ষক উত্তর বলে না দিয়ে যদি ক্লাসেব ছাত্রদের কাছ থেকে উত্তর্টি বেব কনে নিতে পারেন। তাহলেই ভাল হয়।

প্রশ্ন জিজ্জেস করার সাথে সাথে সমস্বরে সবাই যেন চিৎকার করে না ওঠে।

তাহলে শ্রেণীব শৃদ্ধলা রক্ষা করা সম্ভব হবে না, এবং কে

তাহলে শ্রেণীব শৃদ্ধলা

কতটা জানে তাও সঠিকভাবে বুঝা যাবে না। শিক্ষক এ
সম্পর্কে শ্বব সতর্ক থাকবেন, দরকার হলে কঠোর মণোভাব অবলম্বন করবেন।

#### । তিন। হাতদের প্রশ্ন।

শ্রেণী শিক্ষার ক্রটি-বিচ্যুতি নিয়ে আলোচনাকালে আমরা দেখেছি শ্রেণী শিক্ষায় শিক্ষকই একমাত্র বন্ধা। তিনিই সক্রিয়, আর সব নির্বাক শ্রোতা। শ্রেণী শিক্ষার এই ক্রটি দূর করতে হলে ছাত্রেরা যাতে যথাসম্ভব পাঠে অংশ গ্রহণ করতে পারে আমাদের সেই চেষ্টা করা উচিত। ছাত্রদের সাথে আলোচনা ও

প্রশোন্তরের মাধ্যমে পাঠ পরিচালনাই সর্বক্ষেত্রে বাঞ্নীয়।
পড়াবার সময় যদি ছাত্রেবা উৎসাহী হয়ে প্রশ্ন করে — কিছু
ভানতে চায় তাহলে মনে করতে হবে ছাত্রেরা পড়ায়
মনোযোগী ও আগ্রহশীল। অনেক সময় ছাত্রেরা ক্লাসে প্রশ্ন করলে তাদের
থামিয়ে দেওয়া হয়। ছাত্রদের প্রশ্ন সম্পর্কে এই মনোভাব থুবই নিন্দনীয়।
শিক্ষক ছাত্রদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। তবে মনে রাখতে হবে
শিক্ষার্থীর বাজিগত কোতৃহল শ্রেণীতে বসে মেটান সম্ভব নয়। কোন বিষয়
আলোচনা কালে প্রাসঙ্গিক ভাবে যে সব প্রশ্ন উথাপিত হবে শিক্ষক সেই সব

ি শিক্ষক প্রথমে চেষ্টা করবেন ছাত্রদের প্রশ্নের উদ্ভর তাদের কাছ থেকে পাওয়া যাম কি না জানতে। প্রশ্নটি সামনে রাগলে ব্যক্তিগত প্রচেষ্টায় বা সমবেত প্রচেষ্টায় ছাত্রেরা যদি উত্তর দিতে পারে তাহলে তাদের আত্মপ্রতায় বাড়বে। প্রয়োজন হলে শিক্ষক প্রশ্নের উত্তর বিশ্বদভাবে বুঝিয়ে দেবেন।

গণ্ডগোলেব সৃষ্টি না করে সে সম্পর্কে সচেতন থাকতে হবে। কারণ এটা শ্রেণী

শৃঙ্খলা রক্ষার সহায়ক বা সুশিক্ষার পরিচায়ক নয়।

শিক্ষক যদি কোন প্রশ্নের উত্তর সঠিক না জানেন তাহলে তা শ্বীকাব করতে লজ্জা পাওয়া উচিত নয়। তিনি বলবেন—আমি এখন সঠিক বলতে পাবছি না, পরে তোমাদের ভাল করে বৃঝিয়ে দেব। এতে কোন প্রশ্নের উত্তর দোষের কিছু নেই, কারণ শিক্ষক সবজ্জান্তা নন। কিন্তু শীকার করবেন তিনি যদি ভূল উত্তব দিয়ে আদেন তবে সেটা দোষের হবে। ছাত্রেরা যখন সঠিক উত্তর জানতে পারবে তথন তিনি তাদের চোখে ছোট হয়ে যাবেন। শুধু তাই নয়,—ভূল বলে এসে ডাকে সমর্থন করার চেষ্টা করতেও দেখেছি, এটা সবচেয়ে মারাত্মক।

কোন কোন সমগ্ন ছুট্ট ছাত্রেরা শিক্ষক মহাশয়কে আলেবাদে প্রমাএলে জব্দ করার জন্ম বা পরীক্ষা কবার জন্ম নানারূপ উদ্ভট কঠোর মনোভাব প্রমা করে। এক্ষেত্রে শিক্ষক দৃঢ় হবেন ও শিক্ষার্থীকৈ প্রশ্নায় দেবেন না।

## ॥ শিকায় প্রশ্নের গুরুত্ব॥

শিক্ষাক্ষেত্রে 'প্রশ্নের' অপরিসীম গুরুত্ব সম্পর্কে অবহিত হয়েই শিক্ষককে শিক্ষাদানের কৌশলটি অব্যুত্ত করতে হবে। প্রশ্নোন্তরের মধ্য দিয়ে শুধু শিক্ষাধীর অজিত জ্ঞানের পরীক্ষা হয় না। দৈনন্দিন শ্রেণীতে যে পাঠ দেওয়া হচ্ছে, বর্ণনা ও প্রশ্নের মাধ্যমে অগ্রসর হলে পাঠ আয়ত্ব করা সহজ্ঞ হয়। প্রশ্ন শুধু শিক্ষার্থীর পরীক্ষাই নয়—শিক্ষকেরও পরীক্ষা। শিক্ষক কি ভাবে গ্রহণ করেন ও ভূল

শ্রন্থগুলিব মাধামে শিক্ষকের সাফল্যের পরিমাপ সংশোধন করেন তার মধ্য দিয়ে শিক্ষকের যোগ্যতার পরিমাপ করা চলে। এ সম্পর্কে G. S. Krishnayya যা বলেন তা প্রণিধান যোগ্য। By a conscious process of

good questioning, an intelligent teacher lead his educational traveller through unfamiliar regions to a desired destination. The right question is the psychological basis of all learning. It is certainly the best means of stimulating thought. A teachers skill can be measured by the way he handles the most important pedagogical instrument. (Instruction in Indian Secondary Schools. Ed. E. A. Macnee.)

#### ART OF QUESTIONING :--

ভাল প্রশ্ন করা এক ধবনে শিল্প। ভাল প্রশ্ন করার কৌশল সব শিক্ষকেরই জানা উচিত। তবে সব শিক্ষকেব ক্ষমতা সমান নয়, তাহলেও প্রশ্নের গুরুত্ব
উপলব্ধি করে সকলেবই এ ব্যাপারে সতর্ক থাকা উচিত।

প্রশ্ন তৈরী করা, জিজ্ঞাদা করা ও উত্তর গ্রহণ উপলব্ধি করে সকলেবই এ ব্যাপারে সতর্ক থাকা উচিত। শ্রেণী কক্ষে পাঠের অগ্রগতিতে, পাঠের উপলব্ধিতে প্রশ্নের গুরুত্ব অসীম। প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ উদ্দীপনা, পাঠে আগ্রহ ইত্যাদি সৃষ্টি করা, প্রশ্ন করার

মূল কৌশল তিনটি—

- (क) প্রশ্ন তৈরী করা।
- (খ) প্রাপ্ত জিড্ডাসা করা।
- (গ) প্রশ্নের উত্তর গ্রহণ।

প্রশ্ন করার বিভিন্ন রীতি ও পদ্ধতিকে যথাষ্য ভাবে উল্লিখিত তিনটি ক্ষেত্রে প্রয়োগ করতে হবে, ফলে প্রশ্নগুলি বৈজ্ঞানিক ও আধুনিক নিক্ষা-পদ্ধতি অমুধায়ী হবে, নিক্ষাও সফল হবে। Art of questioning সমস্ত শিক্ষককেই জানতে হবে।

#### প্রশাবদী

- What are the marks of good questions? Illu trate your answer with suitable examples.
- 2. Illustrate wi h examples the use of question in giving a lesson.
- 3. Indicate the various purpose and of questions in class-100m teaching and some characteristics of good questions: Prepare a

- series of six consecutive questions, with their answers, on any topic of your choice. (Kalyani University B. T. 1967)
- 4. What are the different ways in which the art of questions can be employed? How do they correspond to successive stages in the process of a lesson?
- 5. Write notes on -
  - (a) The art of questioning.
  - (b) What purposes are served by questioning in developing a lesson?
  - (c) Mention in this connection three characteristics of a 'good' question'.
  - (d) Give three examples of 'bad' questions and give their corrected forms,
  - (e) In developing a lesson on social studies mention the stages when—(i) the teacher should ask questions; (ii) the teacher should give information to the pupils; and (iii) the students should be given opportunities to ask questions.

#### সপ্তম অধ্যায়

# শিক্ষা-সহায়ক উপ্করণ (TEACHING AIDS)

শ্রেণী শিক্ষায় শিক্ষক বজা, শিক্ষার্থী শ্রোতা। শিক্ষক যদি ভাল বজা হন, তাহলে যে বিষয় পড়াচ্ছেন বর্ণনার মাধ্যমে তাব নিখুঁত চিত্র ছাত্রদের সামনে ভূলে ধরতে পারবেন। ছাত্রেবা বর্ণনাব গুণে মনে করবে ঘটনাটি যেন তাদের সামনে বান্তব হয়ে ফুটে উঠেছে। কিন্তু তিনি যদি পড়াবার সময় বিষয় সম্পর্কীয় একটি চিত্র ছাত্রদের দেখাতে পারেন তাহলে দেই দৃষ্টান্তের সাহাব্যে বিষয়টি আরও প্রাণবন্ত হয়ে উঠবে;—ছাত্রদেরও বুঝতে স্থবিধা হবে।
শিক্ষকমাত্রই জানেন অনেক কথা বলৈ যা বোঝান যায় না

শিক্ষাদানে দৃষ্টান্তের উপযোগিতা —একটি ছোট দৃষ্টাস্ত দিয়ে তা সহজেই বোঝান যায়।
'Example is better than precept' এই প্রবাদ

বাক্যের মূলে গভীর সতা রয়েছে। দৃষ্টান্ত সহযোগে পাঠ সর্বক্ষেত্রে কার্যকরী বিশেষ কবে নিয়ন্ত্রণীব ছাত্রদের শিক্ষায় শোনাবাব চেয়ে দেখাবাব উপযোগিতা অনেক বেশী। কারণ বড়বা মূথে শুনে কোন একটা বিষয় সম্পর্কে ধারণা করতে পারবে। কিন্তু শিশুদের ধারণা শক্তি কম। তাই শুধু মূখে শুনে কোন জিনিদ সম্পর্কে তত্তী সম্পষ্ট ধারণা করা তাদের পক্ষে সম্ভব নয়।

বর্তমান শিক্ষা ব্যবস্থায় সকলেই শিক্ষা-সহায়ক উপক্ষণগুলি ব্যবহারের কথা বলেছেন। বিভিন্ন শিক্ষাতত্ত্ববিদ এই উপকরণগুলির শিক্ষাতত্ত্বও গুরুত্ব স্বীকার করেছেন। আধুনিক শিক্ষাতত্ত্ব, শিক্ষা গুরুত্ব পদ্ধতি ও মনস্তত্ত্ব— সব কিছুর বিচাবেই শিক্ষা-সহায়ক উপক্বণগুলির ব্যবহার শুরুত্ব অনুস্বীকার্য। বর্তমানে

তাই উপকর্ণগুলি ব্যবহারের সংখ্যা ক্রমশ: বাড়ছে।

# । শিক্ষা-সহায়ক উপকরণের প্রয়োজনীয়তা।।

### II Utility of Teaching Aids II

আমরা সাধাবণভাবে বলি,—চোথে দেখে কানে শুনলেই বিশ্বাদ হবে। শিক্ষায় আমরা কানে শোনা (audio) আব চোখে দেখা (visual) এই তুইয়ের সাহায্যই লই। শিক্ষকের কাছ থেকে যা শুনলাম তা আমরা ভূলি না, যা দেখি তা আমাদের মনে থাকে। যদি শোনার সাথে সাথে দেখি তাহলে সেটা নিশ্চয়ই আমাদের মনে আরও দীর্ঘন্তায়ী হয়। তাই শিক্ষায় আমরা বছ কথা বলে ব্যাখ্যা করে বুঝাবার চেয়ে এই চোথে দেখে কানে শুনে (audio-visual aids) শেথাবার পথটি বেছে নিয়েছি। তাই আধুনিক শিক্ষাব্যবস্থার বর্ণনা-বহুল পাঠে ছাত্রদের মনকে আকর্ষণ করার জন্ম বহু শিক্ষা-সহায়ক উপকরণ

চোথ-কানের মাধ্যমে শিক্ষা ছাত্রদেব মনে দীর্ঘপ্রায়ী হয় ব্যবহার করা হয়। চোথে দেখে শেখার উপযোগিতাকে মেনে নিলেও সব সময় বাস্তব জিনিসটি ছাত্রদের সামনে হাজির করা সম্ভব নয়। এই অবস্থায় আমরা বিকল্প জিনিদেব সাহায্য গ্রহণ করি। পশুরাজ সিংহের বিবরণ

শুনিয়ে বাশ্তব জ্ঞানের জন্ম ছাত্রদের সব সময় সিংহ দেখতে চিড়িয়াখানায় নিয়ে যাওয়। সম্ভব নয়। এক্ষেত্রে সিংহের ছবির সহায়তায় শিশুর জ্ঞানকে অনেকটা বাশুবধর্মী করে ভোলা যায়। ভূগোল পড়াবাব সময় পাহাড়-পর্বত নদী সব কিছু চোথে দেখিয়ে শেখান যায় না—এক্ষেত্রেও ছবি দেখিয়ে মানচিত্রের সাহায়ে ভূগোলের অনেক তথা ছাত্রদের স্থল্বভাবে শেখান যায়।

যে সব বস্তু ব্যবহার করলে ছেলেন্টেয়দের কল্পনাশক্তিকে উদ্দীপ্ত করে ভোলা সম্ভব হয় ও তাদের শিক্ষণীয় বিষয়কে স্পষ্ট ও প্রাপ্তাল করে তোলা যায় তাকেই শিক্ষা-সহায়ক উপকরণ বলা চলে। শিক্ষা-সহায়ক বহু প্রকার উপকরণ শিক্ষাকার্যে ব্যবহার করা হয়। কতকণ্ডলি উপকরণ দ্বামূলক। যেমন উদ্ভিদবিতা শেখাবার জন্ম লতা-পাতা

শিক্ষার্থীদের মধ্যে
ব জনাশক্তি, পর্যবেক্ষণ
ক্ষমতা বিশ্লেষণী ও
সংলেষণী মনোভাব
বৃদ্ধি হয়

ফুল-ফল নানা গাছ-গাছড়া ইত্যাদি। প্রকৃত বস্তুটির ব্যবহার যেথানে হয় সেখানে শিক্ষার্থীকে কল্পনা করে আর কিছু বুঝতে হয় না। বাস্তব বস্তুটির দাথে পবিচয় হবার পর সে সম্পর্কে আর কল্পনার কোন অবকাশ থাকে না। কোন জিনিদের আদর্শ (model), ছবি, ম্যাপ, চার্ট, নক্সা প্রভৃতি বিকল্প বস্তু। বাস্তবেব অভাব পুরণেব জন্ম এদব

ব্যবহাব করা হয়। যেথানে এই উপকরণের সাহায্য গ্রহণ করা হয় সেক্ষেত্রে শিক্ষার্থীকে কিছুটা বল্পনার আশ্রয় নিতে হয়। প্রাকৃতিবিজ্ঞান শিক্ষায় শিশু শিক্ষার্থীর ব্যবার স্থবিধার জন্ম যতটা সম্ভব অক্যত্রিম বস্তুর সাহায্য নেওয়া দরকার। একটু বয়স্ক শিক্ষার্থীর জন্ম চার্ট, ম্যাপ প্রভৃতির সাহায্য নেওয়া যেতে পারে। একটু বড় হলেই শিক্ষার্থীর পকে বিমূর্ত বস্তুর ধারণা করা সম্ভব। শিক্ষাসহায়ক উপকরণগুলি শিক্ষার্থীদের বল্পনাশক্তি (Imagination) বৃদ্ধির, পর্যবেক্ষণের (Supervision) শক্তিকে দৃঢ় করে, বিশ্লেষণী (Analysis) ও সংস্কোবণী (Synthesis) মনোভাবকে বাড়িয়ে দেয়। ফলে শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণ সম্পূর্ণ ও যথার্থ হয়।

উপক্রণের শিক্ষায় প্রাণ সঞ্চারে সহায়তা করে। শিক্ষা তথন জীবস্ত হয়: আনন্দময় শিক্ষায় শিক্ষার্থীদের মনোযোগ আফুট হয়। আধুনিক শিক্ষাব্যবস্থায় শিক্ষা-উপকরণের বহুল ব্যবহার শিশু-শিক্ষার ক্ষেত্রে বিশেষ ফলপ্রাদ হয়েছে। শিক্ষা-সহায়ক উপকরণের ব্যবহারের ফলে যে সব জিনিস সম্পর্কে শিক্ষার্থীদের বাস্তব অভিজ্ঞতা অর্জনের পথে অনেক বাধা ছিল ছবি দেখে বা মডেল দেখে ভারা দে সম্পর্কে সহজেই একটা ধারণা করতে পারে।

শিক্ষাসহায়ক উপকরণ ব্যবহারে পাঠদান জীবস্ত হয়

শ্রেণীকক্ষে বিভিন্ন প্রকার শিক্ষাসহায়ক উপকরণের সমাবেশে একটা বাস্তব পরিবেশের সৃষ্টি হয়। একটানা নীরস বর্ণনার-মাঝে বৈচিত্র্য সম্পাদনে শিক্ষাসরশ্বাম বিশেষ কার্যকরী। শিক্ষা উপকরণের সাহায্যে দেওয়া হলে বিষয়টি

শিক্ষার্থীর মনে গাঁথা হবে যায় । প্রায়ই দেখা যায় ছোট ছেলেমেয়েদের বিজ্ঞান বইরে জ্বাফুল কি ঐ জাতীয় কোন ফুলের বিবরণ রয়েছে। শিক্ষক যদি পড়াবার সময় হ'একটি ফুল এনে দেখিয়ে ছেলেমেয়েদের সামনে ফুলের ও তার বিভিন্ন অংশের সাথে ছেলেমেয়েদের পরিচয় করিয়ে দিতে পাবেন তাহলে ছাত্রবা শুধু সহজে ব্রবে না মনেও রাখবে। একটি জিনিস সামনে রেখে শিক্ষা দিলে ছাত্রেরা নানাভাবে জিনিসটি দেখবে এতে তাদের পর্যবেক্ষণ শক্তিও বাড়বে এবং বৈজ্ঞানিক পর্যবেক্ষণক্রিয়া কি ভাবে করতে হবে সে সম্পর্কে প্রাথমিক জ্ঞান লাভ হবে।

নিক্ষাসহায়ক উপকরণগুলির দাহায়ে পাঠ দান নিক্ষার্থীদের মধ্যে প্রত্যক্ষ আবেদনের স্পষ্ট করে। ফলে ধারণা পূর্ণ হয় এবং জ্ঞান গভীর হয়। সম্পূর্ণ ধারণা শক্তি (clear conception) জ্ঞানের স্থায়িত্ব এনে ধারণা দম্পূর্ণ হয় দেয়। শ্রেণীতে যারা poor reader ও slow listeners তারাও উপকরণগুলির সাহায়ে স্বচ্ছ ধারণা করতে পারে। কারণ উপকরণ-শুলি নিক্ষার্থীদের চিস্তাশক্তিকে জাগ্রত করে ও মনকে যুক্তিনির্ভর করে। নিক্ষার পুঁথিগত বিছা ও পরীক্ষা সর্বস্থতার অবসান হয়। শিক্ষককেন্দ্রিক নিক্ষা ব্যবস্থায় মুখস্থ বিদ্যার ত্রন্তপনা থেকে নিক্ষৃতি পেয়ে শিশুমন স্থাধীন শিক্ষার পথে অগ্রসর হয়।

উপকরণগুলির ব্যবহার পাঠদানের উৎকর্ষ সাধন করে। কারণ এর মাধ্যমে পুরনো বান্ত্রিক শিক্ষাব্যবস্থার অবসান হয়ে শিক্ষাভত্ত্ব ও মনস্তত্ত্ব শিক্ষাক্ষেত্রে প্রধান্ত বিস্তার করে। শিক্ষা জীবনের সঙ্গে যুক্ত হয়। শিক্ষা শিক্ষা জীবনের সঙ্গে গ্রহণে শিক্ষার্থীদের আগ্রহ ও কোতৃহল বেড়ে যায়। উপ-করণগুলির মাধ্যমে শিক্ষার্থীরা বাস্তব জীবনের অভিজ্ঞতার্ সঙ্গেও সংশ্লিষ্ট হয়। তথন জীবনের সঙ্গে শিক্ষার যোগসেতৃ স্থাপিত হয়।

প্রাক্ প্রাথমিক কি প্রাথমিক স্তরে খুব কম জিনিদ্যআছে যা উপকরণ ব্যতীত ঠিক ভাবে শেখানো যায়। শিক্ষাসরঞ্জাম সমূহ সহজ সরল হলে শিশুন শিক্ষার্থীর পক্ষে বুঝবার স্থবিধা হয়। প্রাথিমিক স্তরের নীচু শ্রেণীগুলিতে শিক্ষায় অল্প আয়াসে ও অল্প থরচেই বস্তু উপকরণ সংগ্রহ কিলা সহান্ত্রক ওপন বন্ধ যায়। উচ্চজ্রেণীর বিজ্ঞান বিষয়ক সাজ-সরঞ্জাম সংগ্রহ করা বেশ কিছু ব্যয়সাধ্য। কিছু বৈজ্ঞানিক প্রক্রিয়াগুলি

পরীকা করে না দেখলে শুধু বই পড়ে বা মুখে শুনে শিকার্থীদের পঞ্চে বিষয়ট।

আায়ত্ব করা কট্টদাধ্য। তাই বিজ্ঞান শিক্ষার উপকরণ সমূহ ছাত্রদের সামনে যতটা সম্ভব উপস্থিত করার ব্যবস্থা করতে হবে।

# ॥ শিক্ষার উপযোগী কয়েকটি সরঞ্জাম॥

# 1 Some Useful Teaching Aids 1

বিভিন্ন বিষয় শিক্ষাব উপযোগী কতকগুলি সাজ্বন্ধ্রাম অতি সহজেই যোগাড় করা যেতে পারে। যেমন উদ্ভিদ বিদ্যা শেথাবার নানাবকম লভা-পাঠা, ফুলফল ইত্যাদি। জীববিছার জন্ম হাঁদ, ব্যান্ড, খরগোস, ক্ষেকপ্রকার পাথী। ভূতত্ত্বের ভন্ম পাথর, চক্, বালি নানারকম মাটি। রসায়ণের জন্ম ক্ষেকপ্রকার অধ্যার এসিড ধাতু। ইতিহাস ও ভূগোল শিক্ষার জন্ম মানিট্রে, গ্লোব, চাট, ঐতিহাসিক মানচিত্র, প্রাচীন ছবি ইত্যাদি। এছাডা শিক্ষক ব্ল্যাকবোর্ডে বহু ছবি, নক্সা, চার্ট এঁকে দিতে পারেন। শিক্ষাউপকরণের মধ্যে ব্ল্যাকবোর্ডের একটি বিশেষ বিশিষ্ট স্থান আছে। এছাড়া ম্যাজ্ঞিক-লগুনের সাহায্যে কোন বিষয়ের ধারাবাহিক ছবি দেখিয়ে স্থল্পর ভাবে বিষয়টি শেথান যায়। সিনেমাকে যদি শিক্ষামূলক কাজে লাগান হয় তাহলে সিনেমা একটি শক্তিশালী শিক্ষাব মাধ্যম হতে পারে।

চোখে দেখে ছাড়াও কানে শুনে অনেক কিছু শেখা যেতে পারে। প্রামোকোন, রেডিও, বিতর্ক-সভা, টেপ রেকর্ডার, কোন বিষয়ে বক্তৃতা ইত্যাদি। এ
ছাড়া ছাত্রদের এদিক-ওদিক বেড়াতে নিয়ে গেলে নতুন নতুন বছ জিনিস দেখেও
সে সম্পর্কে শুনে তারা বহু কিছু শিখতে পারে। প্রামের ছাত্রদের যদি শহরে
নিয়ে যাওয়া যায় তাহলে তারা অনেক নতুন অভিজ্ঞতা লাভ করতে পারে।
কলকাতার নিকটবর্তী পল্লীঅঞ্চলেব ছাত্রদের জন্ম ছাটর
শিকামুলক ভ্রমণ ও

শিকামূলক ভ্রমণ ও দিনে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা থেতে পারে—শুধু অঞ্চল পরিক্রমা কলকাতা থেকেই তারা অনেক কিছু শিখতে পারে।
শহরের ছাত্রেদের গ্রামে যাওয়া বিশেষ দরকাব, দেশের সাথে পরিচর না হলে
শিক্ষা সম্পূর্ণ হয় না । বিভিন্ন শিল্পনগরী, বছমুখী নদী পরিকল্পনার বাঁধ বইয়ের মাধ্যমে চেনবার সাথে যদি সেখানে ঘুরিয়ে আনার ব্যবস্থা করা হয় তাহলে ভারা বছ অভিক্রতা লাভ করতে পারে। শিক্ষার উপকরণ সমূহ দক্ষ শিক্ষক

তারা বহু অভিজ্ঞতা লাভ করতে পারে। শিক্ষার উপকরণ মুগ্ দক্ষ শিক্ষক যদি নিপুণভাবে ব্যবহার করতে পারেন তাহলে হাত্রেবা এতে অত্যন্ত আননদ পাবে ও উৎসাহের সাথে বহু প্রয়োজনীয় বিষয় সম্পর্কে অভিজ্ঞতা অর্জন-করবে।

্রাইপকরণ ব্যবহারের রীতি ও কৌশল।

Methods and Techniques of using Teaching Aids

শিক্ষাসহায়ক উপকরণ ব্যবহারের প্রয়োজনীয়তা যেমন রয়েছে এই উপ-করণগুলি ব্যবহার সম্পর্কে কিছুটা সত্কভার প্রয়োজনও রয়েছে। শিক্ষকগণ অনেক সময় অতি উৎদাহের বশে উপকরণের আধিক্য সৃষ্টি কবেন। নিক্ষক-শিক্ষণ বিভালয়েব কোন কোন শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে অভাধিক উপকরণ ব্যবহারের প্রবণতা দেখা যায়। আমাদের মনে রাখতে হবে উপকরণের বাছল্যে আসল বিষয়বস্তুটি যেল চাপা পড়ে না যায়।

Like most other things, illustration may be overdone. There has been a tendency, especially in our training colleges for teachers to exalt what is essentially a means to the position of an end, a tendency doubtless encouraged by the mode of examination in practical teaching that has উপকরণ বাহল্যে পাঠ্যprevailed. Though the ability in illustrate বস্তু চাপা পড়ে বার appositely and readily is one of the marks of good teacher, yet it can not be too strongly emphasised that a highly finished and elaborated diagram, picture or model is quite insufficient in itself to make a lesson a good one. Speaking generally the utmost simplicity should be aimed at, and those illustrations which are so simple that they can be made or worked out in the presence of the class are best of all"-T. Rayamont.

উপকরণের প্রয়োজন বিষয়বস্তকে বুঝাবার জন্স, তাই ছবি
কি নক্সা যেন জনকালো না হয়। উপকরণ যদি অত্যন্ত চাকচিক্যপূর্ণ
হয় তাহলে ছোট ছোট ছেলেমেয়েদেব দৃষ্টি ছবিতেই আটকে
পাঠা বিষয় মুগা,
উপকরণ গৌণ
হয় বিষয়টিকে সহজবোধ্য করে তোলার জন্ম। উপকরণ
যেন মূল বিষয়ের স্থান অধিকার করে না বসে। মনে রাংতে হবে পাঠ্য বিষয়টি
মুখ্য, উপকরণ গৌণ। শিক্ষার্থীব মন যেন পাঠ থেকে সরে উপকবণের মধ্যে
নিবদ্ধ না হয়।

বে ক্রেণিতে পড়ান হবে সরস্তামগুলি বেন সেই ক্রেণির ছাত্রদের উপযোগী হয়। নীচের শ্রেণীর ছাত্রদের সামনে জটিল কোন উপকরণ উপস্থিত করলে তাদের বোধগম্য হবে না। উপকরণ গুলি বিভিন্ন উপকবণগুলি স্থনির্বাচিত হবে। উপকবণগুলির মধ্যে শ্রেণীর উপযোগী হবে। উপকবণগুলির মধ্যে এমন সব লোভনীয় গুণ থাক্বে যা শিশুচিগুকে সহজেই আকর্ষণ কর্বে। উপকরণগুলি শিক্ষার্থীদের বৃদ্ধি, বয়স ও মানসিক্তার উপযোগী হবে।

সরঞ্জাম বেন বিষয়ের উপযোগী ও প্রাসন্ধিক হয়। উপকরণটি দেখলেই যেন শিক্ষার্থীরা যা পড়ান হবে সে সম্পর্কে ধারণা করতে পারে।

থেয়াল রাথতে হবে শিক্ষক যে সব উপকরণ নিয়ে ক্লাদে যাবেন তার পিরিয়ভের নির্দিষ্ট সময়ের মধ্যে ভিনি যেন তার ব্যবহার করতে পারেন; তা না হলে কতকগুলি উপকরণ বয়ে নিয়ে যাবার অর্থ হয় না। निर्मिष्टे मभरबंद मरधा বহু সময় দেখা গিয়েছে প্রয়োজনীয় উপকরণ নিয়ে যাওয়া উপকরণগুলিকে ব্যবহার र्याष, रांट नमम त्राहर, हाज्यात मामा ग्राहर করতে হবে আগ্রহের সৃষ্টি হয়েছে কিন্তু শিক্ষকের দক্ষতার অভাবে

উপকরণ সমূহের সুষ্ঠ ব্যবহার সম্ভব হ'ল না।

শিক্ষক মনে রাথবেন ক্লাসে গিয়েই উপকরণগুলি ছাত্রদের সামনে খুলে রাথা ঠিক নয়। তাহলে তারা উপকরণ সম্পর্কে কৌতৃহলী হবে। শিক্ষক কি বলেন তা শুনতে চাইবে না। শিক্ষক নির্দিষ্ট পাঠ নিয়ে আলোচনাকালে যথন উপকরণটি উপস্থাপনের সময় আদবে তখনই ভাব ব্যবহার উপকরণগুলিকে করবেন। তাহলেই ছাত্রেরা জিনিসটির প্রয়োজনীয়ত। না টকীয়ভাবে ভপস্থাপিত করতে হবে এবং বৈশিষ্ট্য বুঝতে পারবে ও উপকরণের সভ্যিকারের প্রয়োজন সিদ্ধ হবে। উপকরণগুলিকে তাই নাটকীয় ভাবে উপস্থাপিত করতে হবে। আগে থেকে উপকরণগুলি দেখানো ঠিক নয়। স্থপ্রয়ক্ত না হলে উপকরণগুলি উদ্দেশ্যহীন হয়ে পড়ে। আগে থেকে পরিকল্পনা করে উপকরণগুলি পাঠদানের সময় ব্যবহার করতে হবে।

# বিভিন্ন শিক্ষাদহায়ক উপকরণ (Different Teaching Aids)

শিক্ষাগ্রহণের ক্ষেত্রে মাত্মধের পঞ্চেন্দ্রিয়ের মধ্যে চোথ ও কান-এই হু'টি ইন্দ্রিয় সব থেকে বেশী ব্যবহৃত হয়। চোখ দিয়ে দেখে আমরা শিক্ষাগ্রহণ করি, কান দিয়ে ভান শিক্ষা গ্রহণ করি। শিক্ষা-সহায়ক উপকরণগুলিকে এরই ভিত্তিতে তিনটি শ্রেণীতে বিভক্ত করা যায়:-

# ॥ (ক) দৃষ্টি নির্ভর উপকরণ॥

### II Visual Aids II

চক্ষ-এই ইন্দ্রিয়ের পথে শিক্ষাসহায়ক উপকরণগুলি শিক্ষাগ্রহণে সাহায্য করে। এই জাতীয় উপকরণগুলির আবেদন শিকার্থীদের চোথের কাছে। দৃষ্টিনির্ভর উপকরণ মনেকগুলি আছে ভার মধ্যে প্রধান হ'ল,

- (১) পাঠা পুস্তক (Text Book)
- (২) ব্ল্যাক বোর্ড (Black-Board)
- (৩) মানচিত্র ও মোব (Maps and Globe)
- (৪) ছবি (Pictures)

শি: পঃ দ্বিতীয় পর্ব--১০

- (৫) নমুনা (Specimen)
- (৬) গ্রাফ (Graph)
- (৭) নকা ও চার্ট (Diagram and chart)
- (৮) মডেল (Model)
- (৯) ম্যাজিক লগ্ন (Magic Laptern)
- (১০) এপিডায়াস্কোপ (Epidiascope)
- (১১) সংবাদপত্ৰ ও সাময়িক পত্ৰ (Newsper and Periodicals)

# ॥ (খ) এফতিনিভ'র উপকরণ॥

#### Audio Aids

- (১) রেডিও (Radio)
- (২) টেপ রেকর্ডার (Tape Recorder)
- (৩) গ্রামোফোন (Gramophone)

# ॥ (গ) দৃষ্টি-শ্রুতি নিভ'র উপকরণ ॥

#### Audio-Visual Aids

এই জাতীয় উপকরণগুলি শিক্ষার্থীদের চোথ ও কান—এই ত্রের কাছেই আবেদন স্ষ্টি করে। এই জাতীয় উপকরণ হ'ল,—

- (১) চলচ্চিত্ৰ (Motion pictures)
- (২) টেলিভিশন (Television)
- —উল্লিখিত উপকরণগুলি সম্বন্ধে একে আলোচনা করা যেতে পারে।

# । (ক) দৃষ্টি-নির্ভর উপকরণ।

|| Visual Aids || :-

## ॥ ১॥ পাঠ্য পুস্তক (Text Book) :—

শিক্ষার সাজসরঞ্জাম ও উপকরণের প্রয়োজনীয়ত। সম্পর্কে আলোচনা কালে আমরা বহু প্রকার শিক্ষা উপকরণের নাম উল্লেখ করেছি। উপকরণ বলতে সাধারণভাবে আমরা বৃঝি যে বস্তু পাঠকালে ব্যবহার করলে শিক্ষার্থীর ইন্দ্রিয় ও কল্পনাকে উদ্দীপ্ত করে, বর্ণনামূলক বা যুক্তিমূলক বিষয়কে সহজ্ব ও প্রাঞ্জল করে ভূলতে পারা যায় তাই হচ্ছে শিক্ষা উপকরণ। এই অর্থে পাঠ্য-পৃস্তককে শিক্ষাউপকরণের মধ্যে উল্লেখ করা হয় নি। কিন্তু শিক্ষাণানে পাঠ্য-

পৃস্তকের প্রয়োজনীয়তা ও গুরুত্ব অনস্বীকার্য। শিক্ষা– পৃত্তকের শুরুত্ব পৃত্তকের শুরুত্ব ক্ষেত্রে পাঠ্যপুত্তক বাদ দিয়ে পড়ান সম্ভব নর। পাঠ্যপুত্তক

যে শিক্ষা সহায়ক এবিষয়ে ছিমতের অবকাশ নেই। যে যুগে শিক্ষার ব্যবহার বিভিন্ন উপকরণের উপযোগিতা স্বীকৃতি ছিল না বা বাবহার ছিল না তথন পাঠাপুস্তক ছিল শিক্ষাদানের প্রধান উপকরণ। আন্ধকাল শিক্ষক শ্রেণীতে পাঠ মুখে বলেন—শ্রেণীতে পড়াবার সময় বইয়ের সাহায় গ্রহণ করেন না। এজন্ত অনেকে ঠাট্ট। করে বঙ্গেন আগের দিনে ছাত্তের। পড়া শিথে এসে শিক্ষকের কাছে বলত আর আজকাল শিক্ষক পড়া শিখে এসে ছাত্রদের কাছে বলেন। পাঠ্যপুস্তক ব্যবহারে অত্যধিক অবহেলা সম্পর্কে এটা একটি সতর্কবাণী। অতিরিক্ত পুঁথিনির্ভরত। যেমন ঠিক নয়, তেমনি বই একেবারে ৰাদ দেওয়ার চেষ্টাও শুভ নয়। বিষয়বস্তু ভেদে, ছাত্রদের বয়স ও বোধশস্কির পার্থক্যের অনুসারে পাঠ্যপুস্তক এর ব্যবহার করা উচিত। ছাত্রেরা যতদিন ভাল করে পডতে না পারে ততদিন পাঠ্য বইয়ের ব্যবহার খুব কম হবে। বভটুকু হবে তার মধ্যে পড়ার সাথে দেখার বস্তুর সমাবেশ করতে হবে। প্রাথমিক বিদ্যালয়ের নীচের শ্রেণীতে পাঠ হবে প্রধানত: মৌথিক। একট্ট উঁচু শ্রেণীতে উঠ**লে শিক্ষকের প**ড়ার সাথে শিক্ষার্থীরা বইয়ের ব্যবহার কিছুট। শিখবে। কিন্তু মাধ্যমিক ন্তব পর্যন্ত শিক্ষকের দেওয়া পাঠই হবে মুখ্য—বই হবে তাব পবিপূবক। কিন্তু শিক্ষককে পাঠ্যপুস্তকের উপর নির্ভরশীল হতে হবে। শুধু মাত্র শ্রেণীর জন্ম নির্দিষ্ট একখানি বই নয়—নির্দিষ্ট পাঠ সম্পর্কে পূর্ণ জ্ঞান অর্জনের জন্ম প্রাদঙ্গিক আবও অনেক বইয়েব সাহায্য শিক্ষক গ্রহণ করবেন। পাঠ্য বিষয় সম্পর্কে সম্পূর্ণ অবহিত না হয়ে ক্লাসে যাওয়া শিক্ষকের পক্ষে একটা অপরাধ। পাঠ্য বই শিক্ষক ও ছাত্র উভয়ের নিকটই শিক্ষাসহায়ক মূল্যবান অত্যাবশ্যক উপকর্ণ।

শিক্ষাক্ষেত্রে সহায়ক পুস্তকগুলির (Reference books) মৃন্যও কম নয়।
শিক্ষক ও শিক্ষার্থী সকলের পক্ষেই এই সব প্রাসঙ্গিক বই মৃন্যবান্, কিন্তু এগুলি
ঠিক শিক্ষা সহায়ক উপকরণের মধ্যে পড়ে না, কারণ এই
সহায়ক পুত্তক জাতীয় বইগুলি নিয়ে শ্রেণী কক্ষে যাওয়া যায় না। তবুও
এই সহায়ক প্রাসঙ্গিক বইগুলি খুবই মৃন্যবান্, শিক্ষাদানকালে শিক্ষক এগুলির
উল্লেখ করবেন।

#### ॥ ३॥ ब्राक्टबार्ड (Black-Board) :-

শিক্ষাসহায়ক উপকরণের তালিকায় ব্ল্যাকবোর্ডের স্থান সর্বাক্ষে। যে স্থলের কোন উপকরণ নেই সেথানেও একথানা ব্ল্যাকবোর্ড আছে। ব্ল্যাক বোর্ড বাদ দিয়ে স্থলের কথা কল্পনা করা যায় না। বোর্ড সর্বজ্পন পরিচিত্ত একটি অত্যাবশ্যক অপরিহার্থ উপকরণ। এরচেয়ে স্থলত ও স্থলে সবচেয়ে বেশী ব্যবহৃত উপকরণ বোধ হয় ছটি নেই। সব শ্রেণীতেই ব্ল্যাকবোর্ডের প্রয়োজন রয়েছে। ভবে নীচের দিকে মুথেব কথার সাথে যদি ব্লীকবোর্ডে নানা রেখা চিত্র অন্ধন করা যায় তাহলে বিষয়টি তাদের কাছে মূর্ত হয়ে ওঠে। প্রাথমিক পাঠে বাজারে কেনা সাক্ষমরঞ্জাম ব্যবহার অপেক্ষা

শিক্ষক যদি তাদের সামনে পড়াবার সাথে সাথে নানারকম নক্সা, চিত্র ইত্যাদি ব্ল্যাকবোর্ডে এঁকে দেন বা কিছু লিথে দেন তাহলে তিনি শিক্ষার্থীদের মনোযোগ বেশী আকর্ষণ করতে পারবেন। "The man that

বোর্ডের ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ grows before the children's eyes as the lesson proceeds; and the sand or clay model that is moulded in the presence of the class, as the

feature after feature of the object is disclosed, are far more effective than the most ornate production presented at the outset in its complete form." T. Raymont. চোথে দেখে আর শিক্ষকের মুখে শুনে অর্থাৎ শ্রুবণেন্দ্রিয় ও দর্শনেন্দ্রিয়ের যুগপৎ ব্যবহারে বিষয়বস্থ ছাত্রদের মনে গাঁথা হয়ে যায়। অনেক সময় শিক্ষকেরা ব্ল্যাকবোর্ড ব্যবহারের প্রয়োজনীয়তা বোঝেন না, বা জেনেও যতটা ব্ল্যাকবোর্ড ব্যবহার করা দরকার ততটা কাঙ্গে লাগান না। শিক্ষকতা করতে লক্ষ্য করেছি অঙ্কের শিক্ষক ছাড়া ব্লাজবির্ডের কাছে কেউ যান না। এমনকি সাধারণ বিজ্ঞানের শিক্ষক পর্যন্ত বাজাবে কেনা ডায়গ্রাম ছাড়া বোর্ডে কিছু এঁকে ব্রিয়ে দেওয়া প্রয়োজন বোধ্বকরেন না। ইতিহাস শিক্ষকের যে বোর্ড ব্যবহারের প্রয়োজন আছে একথা ব্যাতে বেগ পেতে হয়েছে। আমাদের শিক্ষকদের মনে রাথা দরকার সাধারণ স্থলে শিক্ষার সহায়ক উপকবণ মাত্র একটি তা হচ্ছে ব্ল্যাকবেণ্ড। ক্লাসের শোভাবর্ধনের জন্তু যেন ব্ল্যাকবোর্ড রাথা হয় না—আমরা ব্ল্যাকবোর্ড ব্যবহার করব তবেই ব্রুবো তার সার্থকতা।

পড়াবার সময় নতুন কি কঠিন গুরুত্বপূর্ণ অংশ, তুলনামূলক বিষয় ইতিহাসের সন-তারিথ, কোন যুগেব প্রধান ঘটনা, সময়-রেথা প্রভৃতি বোর্চে লিথে দেওয়া দরকার। তাহলে ছাত্রেরা সহজে বিষয়টি মনে রাখতে পারবে। পড়া শেষ হলে সারাংশ বোর্চে লিথে দেওয়া উচিত। সারাংশ লিথবার সময় শিক্ষক ছাত্রদের সাহায্য গ্রহণ করবেন। বোর্ডের

শ্রেণীকক্ষে বোর্ডের ব্যবহার

সাহায্য বিনে অঙ্ক শেখান যায় না। কিন্তু বোর্ডে শুধু শিক্ষকই অঙ্ক করে দেবেন না ছাত্রেরাও অঙ্ক করবে।

বোর্ডের কাজে তাদেব পরীক্ষা হবে, আত্মপ্রত্যয়ও জন্মাবে।

ক্লাসের ব্ল্যাকবোর্ড যেন সব সময় পরিষ্কার থাকে। বোর্ড পরিষ্কার রাথবার দায়িত্ব মনিটারের উপর থাকা উচিত। বোর্ডের লেথা পরিষ্কার ও স্থাপ্ত হবে।
বোর্ডের লেথায় অসাবধানতাঞ্জনিত ভুল যেন কথনও

শ্রেণীকদে বার্ড না হয়। বিস্তৃত বিবরণ বোর্ডে লেখা সম্ভব নয়, বোর্ডের ব্যবহারের নে)শল লেখা হবে সংক্ষিপ্ত। চিত্র, নক্সা প্রভৃতি আঁকা হলে অক্স বিষয় শুরু করার পূর্বে বোর্ডের চিত্র মুছে দিতে হলে ছাত্রদের মন বিষয়ান্তরে আনা ধাবে না। শিক্ষক বোর্ডে যা লিখবেন ছাত্ররা তা খাতাক্স লিখে নেবে। লিথবার সময় তিনি বোর্ডে আড়াল করে দাঁড়াবেন না। পিছন ফিরে লিথলে ক্লাসে বিশৃত্বলার স্বষ্ট হতে পারে। বোর্ডের পাশে দাঁড়িয়ে লেথাই সঙ্গত, তাহলে ক্লাসের উপর নজর রাধা সম্ভব।

### ॥ ৩॥ মানচিত্ৰ ও গ্লোব (Maps and Globe) ঃ—

বহুল প্রচলিত শিক্ষাসহায়ক উপক্বণ সমূহের মধ্যে মানচিত্র ও প্লোব অন্ততম। ভূগোল, ইতিহাস, সমাজ্বিদা প্রভৃতি বিষয় পাঠে মান-চিত্তের

কতকগুলি বিষয় শিক্ষাদানেব জন্ম মানচিত্র অপরিহার্য ব্যবহাব অপরিহার্য। ভূগোলের প্রাথমিক পাঠে পৃথিবী গোলাকার এ সম্পর্কে মুখে অনেক কথা বলে ছাত্রদের যতটুকু বুঝান যাবে একটি গ্লোব সামনে রেখে জিনিদ বুঝিয়ে দিলে অল্পকথায় ছাত্রবা বুঝবে। পৃথিবীর

একদিকে যথন দিন আর একদিকে তখন রাত, একথা মুখে গুনে মনে রাথবে, প্রোবটি সামনে বাথলে চোখে দেখে কানে গুনে মনে গাঁথা হযে থাকবে। উচু ক্লাসে আন্তর্জাতিক সীমা রেখা পার হলে জাহাজে একটি দিন কেন এগিয়ে কি পিছিয়ে দেওয়া হয়,—মুখে বলে একথা যেমন বুঝান যায়, তার চেয়ে আনেক স্থলর করে বুঝান চলে একটি শ্লোব বা পৃথিবীর মানচিত্র সামনে বাথলে। জাহিমারেখা, অক্ষাংশ প্রভৃতির বাবহার, জাঘিমাব পার্থক্যের জন্তর সময়ের পার্থক্য, জাঘিমা ও অক্ষাংশেব সাহায্যে কোন 'কটি স্থানেব অবস্থান নির্দিয় এসব বিষয় প্রোব বা মানচিত্রের সাহায্যে লেখান হলে ছাত্রেরা সহজ্বেই বুঝতে পাবে।

মানচিত্ত্রের সাহায্য ব্যতিরেকে ভূগোল পড়ালে সে পড়া ক্রটিপূর্ণ হতে বাধ্য। সাধাবণ ভাবে প্রাকৃতিক ও রাজনৈতিক মানচিত্র আমবা ব্যবহার

মানচিত্ৰ দেখে বা এঁকে অনেক কিছু জানা যায় করি। দেশের সীমারেখা, বিভিন্ন রাষ্ট্রেব অবস্থান, মানচিত্রের সাহায্য ছাডা ঠিক্মত বুঝান যায় না। যে কোন স্থানের অবস্থান জানতে আমরা প্রথমেই মানচিত্রের সাহায্য গ্রহণ করি। প্রাকৃতিক মানচিত্র

থেকে ছাত্রদের নদী, পাহাড়, খনিজ সম্পদ, ক্ষত্তির সম্পদ কোথায় কিরপ তা ব্যাতে পারি। মানচিত্রে বিভিন্ন বং ও সঙ্কেতের সাহায্যে বিভিন্ন জিনিসের উৎপাদন ও অথসান বুঝান হয়, এর ফলে কোন দেনের কোথায় কি পাওয়া যায় তা বুঝতে ছাত্রদের কট হয় না। বিভালয়ে শুধু মানচিত্র দেখিয়ে শেথানই হবে না, মানচিত্রের সাহায়ে তাদেব অধীত জ্ঞানের পরীক্ষা নেওয়া হবে। শিক্ষক ছাত্রদের ম্যাপে বিভিন্নস্থান, নদ-নদী, পর্বত, থনিজ, ক্ষমি ও শিল্পসমূদ্ধ স্থান সমূহের নির্দেশ কবতে বলবেন। বাড়ী থেকে ছাত্রদের মানচিত্র ওঁকে আনতে বলবেন—ছাত্রেরা উৎসাহের সাথে তা করে আনবে—স্ক্রনাত্মক কান্ধের মধ্য দিয়ে তারা নতুন জিনিদ শিথতে পাত্রবে।

ইতিহাস পাঠেও মানচিত্রের সাহায্য অপরিহার্য। ভারতের ইতিহাসে
প্রকৃতির প্রভাব পড়াতে গিয়ে যদি ছাত্রদের ভারতের ভৌগোলিক অবস্থান
ও তার তাৎপর্য মানচিত্রের সাহায্যে বুঝান না হয় তাহলে তাবা ঠিক ভাবে
পাঠ আয়ত্ব করতে পারবে না। ভারতের প্রাচীন মুগের
কাহিনীতে অঙ্গ, বঙ্গা, কলিঙ্গ, বিদেহ, কোশল, মগধ প্রভৃতি
বহু রাজ্যের নাম রয়েছে, ঐতিহাসিক মানচিত্রের সাহায্যে
স্থানগুলির অবস্থান নির্দেশ না করে দিলে ছাত্রেরা বুঝতে পারবে না তাদের
কোন দেশের ইতিহাস পড়ান হচ্ছে। ইউরোপের নবজ্ঞাগরণেব ইতিহাস
পড়াতে গ্রীস, ইতালী, ইস্তাম্প প্রভৃতি দেশের সাথে যদি ছাত্রদের মানচিত্রের
মধ্যদিয়ে পরিচয় করিয়ে না দেওয়া যায় তাহলে তাদের জ্ঞানের ভিত্তি দৃঢ়
হয় না। তাই শুধু ভৃগোল পাঠে নয় ইতিহাস পাঠেও মানচিত্রেব উপযোগিতা
একটুও কম নয়।

### ॥ 8 ॥ **इ**वि (Picture) :--

শিক্ষাক্ষেত্রে ছবির ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। ছবি মনেও তীব্র অনুভূতির সৃষ্টি করে। তার মাধ্যমে শিক্ষাগ্রহণ সম্পূর্ণ হয়। শিক্ষাক্ষেত্রে উপকরণ হিসেবে ছবির ব্যবহাব তাই সন্দেহাতীতভাবে প্রতিষ্ঠিত। ৰিভিন্ন ধরনের ছবি নানাবিধ চবি শিক্ষাক্ষেত্রে ব্যবহাব করা হয়। বিভিন্ন উপকরণ হিসেবে শ্রেণীতে বিভিন্ন বিষয় পড়ানোব সময় বিভিন্ন রকম ছবি ব্যবহৃত হয ব্যবহার করা হয়। নীচু শ্রেণীগুলিতে নানা রঙের ছবি বিশেষ প্রয়োজন। শিক্ষক যদি নিজে এঁকে ছবি দেখাতে পারেন তাহলে তাঁর আবেদন সব থেকে বেশি হয়। শিক্ষক বোর্ডেও ছবি এঁকে দিতে পারেন। অন্ত কাউকে দিয়ে চবি আঁকিয়ে তা-ও'শ্রেণীকক্ষে উপকরণ হিদেবে ব্যবহার করা চলে। বাজার থেকে কিনে বা সংগ্রহ কবেও ছবি সংগ্রহ করে শ্রেণীকক্ষে তা উপকরণ হিসেবে ব্যবহার করা যেতে পারে। বিভিন্ন পত্র-পত্তিকা থেকেও ছবি সংগ্রহ কবা যেতে পাবে। শিক্ষার্থীরাও ছবি আঁকতে ও চবি সংগ্রহ করতে পারে। তার মধ্য দিয়েই তারা শিক্ষাগ্রহণ করবে।

#### ॥ या विष्या (Specimen):-

অনেকণ্ডলি নমুনা শিক্ষাসহায়ক উপকরণ হিসেবে ব্যবস্থৃত হয়। পুরাতন
মুদ্রা (coins) ও জীবজন্তুর Specimen শিক্ষাসহায়ক
মুদ্রা ও জীবজন্তুর নমুনা
উপকরণের ব্যবহার আছে। এই জাতীয় উপকরণের
অনেকণ্ডলি original, আর অনেকণ্ডলি অনকৃতি।

### ॥ ७॥ । वांक (Graph) :-

অর্থনীতি, পরিসংখ্যান, গণিতশাস্ত্র, পদার্থবিদ্যা, ভূগোল, ভূসনামূলক তথ্য আফ হিসেবেও
 প্রভৃত্তির জন্ম graph ব্যবহার করা যায়। কতকগুলির তুলনার জন্ম ক্ষেত্রে graph অপবিহার্য। বিভালয়ে graph board-এর ব্যবহার আছে। graph চার প্রকাবের—

- (ক) চিত্ৰমূলক গ্ৰাফ ( Pictorial Graph )
- (খ) স্তম্ভ গ্রাফ ( Bar Graph )
- (গ) বেখা গ্রাফ ( Line Graph )
- (খ) ু বুন্ত গ্রাফ ( Circle Graph )

গ্রাফ হিসেবেও তৃলনামূলক বিচারের ক্ষেত্রে ব্যবহাত হয়। এর সঙ্গে গণিতশান্তের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। তাই কেবলমাত্র উচু শ্রেণীগুলিতেই গ্রাফের ব্যবহার করা হয়।

# ॥ ৭॥ নকা ও চার্ট (Diagram and Chart) :--

বহু বিষয় আছে যা মুথে বোঝাবার দাথে চার্ট বা নক্সা থাকলে বুঝতে স্থবিধা হয়। দেশেব অর্থনৈতিক উন্নতির ইতিহাদ পড়াতে যদি চার্টের দাহায়ে বিভিন্ন বছরের ক্রমোন্নতির স্তরগুলি বুঝিয়ে দেওয়া হয় তাহলে বছরে, কি হাবে উন্নতি হয়েছে দে সম্পর্কে একটা পরিষ্কার ধারণা নক্ষাও চার্টের ব্যবহার হয়। শুধু মুথে শোনা পরিসংখ্যানের মধ্য দিয়ে যা বুঝান যায় সেই দাথে তুলনামূলক চিত্রেব সাহায়ে অল্প কথায় বিষয়বস্তকে আরও স্বন্দবভাবে পরিক্ষুট কবে তোলা যায়। বাজ্ঞাবের কেনা নক্সা ও চার্টি ছাড়াও পড়াবার সময় শিক্ষক বোর্ডে চার্ট বা নক্সা তৈরী কবে নেবেন। ইতিহাদ পাঠে বংশ তালিকা, সময়রেখা (time chart), শাসনভন্ত্র পড়াবার সময় ক্ষমতাব উৎদ থেকে ক্ষমতার বিকেন্দ্রীকবণেব রূপ, জ্যামিতি পাঠে বিভিন্ন রূপ জ্যামিতিক চিত্র শিক্ষক বোর্ডে আঁকবেন এতে পাঠ বুঝতে ছেলেমেয়েদের স্থবিধা হবে।

### ॥৮॥ মডেব্ (Model) :-

শিক্ষায় চার্ট ও ছবি ব্যবহাবের সাথে মডেলের ব্যবহার কবা থেতে পারে।
মডেল হচ্ছে একটি জিনিসেব যথাসন্তব সঠিক অনুকৃতি। ছবি দেখে কোন
একটি জিনিস সম্পর্কে যে ধারণা হয়, মডেল দেখলে সে

মডেনের শিক্ষাগত ম্গ্য জিনিস সম্পর্কে ধারণা আরও বাস্তব হয়। নীঙ্কের শ্রেণীতে
ছোট ছোট ছেলেমেরেদের কাছে শিক্ষা-উপকরণ রূপে মডেলের উপযোগিতা
ধূবই বেশী। কৃষ্ণনগরের মুৎশিল্পীরা যে সব স্থন্দর মূর্ণ্ডি তৈবী করেন
তা দেখে ছেলেমেরেবা আনন্দ পায়, অনেক কিছু শিথতে পারে। মূর্তি গড়তে

ছেলেমেয়েরা ভালবাদে। তাদের তৈরী মূতি দিয়ে যদি ছুলে শিক্ষামূলক কোন প্রদর্শনীর ব্যবস্থা করা যায় তাহলে তারা উৎসাহের সাথে সে কাজে অংশগ্রহণ করবে।

## । ১॥ ম্যাজিক লগুন (Magic Lantern) :--

কিছু বলার সাথে সাথে বিষয়াত্বাগ চিত্রের সাহায্যে বিষয়টিকে আরও সুন্দর করে শ্রোতার কাছে পরিক্ষুট করে তোলার জন্ত ম্যাজিক লগুনের ব্যবহার হয়। প্রচারকার্মের জন্ম ম্যাজিক লঠনের প্রচলন শিক্ষাসহায়ক উপকৰণ রযেছে। শিক্ষা সহায়ক উপকরণ রূপেও ম্যাজিক লঠনের হিসেবে ম্যাঞ্জিক লঠনকে ব্যবহার ব্যবহার সম্ভব। বিভিন্ন বিষয় সম্পর্কে ধারাবাহিক স্নাইড করতে হবে (slide) তৈরী করে নিয়ে যদি একটির পব একটি ছবি ছেলেমেরেদের সামনে তুলে ধরা যায়, তাহলে ছাত্রেবা আনন্দ পাए; তেমনি তারা নতুন বিষয় শিখতেও পারে। এজন্য একটি নির্দিষ্ট কক্ষ থাকতে পাবে, যেমন রুটিন মত বিভিন্ন শ্রেণীব ছাত্রদের ম্যাজিক লণ্ঠনেব সাহায্যে কোন নির্দিষ্ট বিষয় পড়ান হবে। ভিন্ন ভিন্ন শ্রেণীর কক্ষেও ঘর অন্ধকাব করে মসূণ দেওয়ালের উপর ছবি ফেলে পড়ান যেতে পারে। আমাদের দেশেব স্কুলে এব ব্যবহার নেই কিন্তু দৃষ্ঠেব সহযোগে পড়াবাব প্রযোজনীয় পদ্ধতিটিকে আমাদেব গ্রহণ কবা উচিত।

### ॥১০॥ এপিডায়াক্ষোপ (Epidiascope) %—

এই উপকরণটি ম্যাজিকলর্গনের পরিবর্তিত সংস্করণ। এর জন্ম কোন স্লাইডের দরকার হয় না। বইয়ের যে কোন ছবিকে কাগঙ্গে এঁকে অন্য কোন ছবিকে বড় করে দেখান যায়। শিক্ষক প্ডাবাব সময় কোন ছবি বা ডায়াগ্রামকে এপিডায়াস্কোপের সাহায্যে বড় করে দেখিয়ে ছেলেমেয়েদের পড়াতে পারেন।

# ॥ ১১॥ সংবাদপত্ত ও সাময়িক পত্ত (Newspaper and Periodicals) ঃ—

সংবাদপত্র ও সাম্যিকপত্র ঠিক শিক্ষাসহায়ক উপকবণের মধ্যে পড়ে না।
কিন্তু এগুলি শ্রেণীশিক্ষার পরিপূবক। সংবাদপত্র ও সাম্য়িকপত্রেব মধ্যে এমন
কতকগুলি বিষয় ও আলোচনা থাকে যা শিক্ষার্থীদের পক্ষে বিশেষ প্রয়োজনীয়।
সাম্প্রতিক ঘটনাবলী ও পরিবর্তিত বিশ্বপরিস্থিতি সম্বন্ধে জানতে হলে সংবাদপত্র
ও সাম্য়িক পত্রের আবশুক। বিদ্যালয়ের পাঠাগাবে বিভিন্ন সংবাদপত্র ও
সাম্য়িকপত্র থাকবে। এই সব পত্র-পত্রিকার বিভিন্ন reference শিক্ষক
শ্রেণীকক্ষেও নিয়ে যেতে পারেন।

### (খ) । **শ্রুতি-নির্ভ**র উপকরণ।

#### || Audio Aids ||

কতকগুলি উপকরণ আছে যেগুলির আবেদন কেবলমাত্র কানের থাকে। শ্রুবনেন্দ্রিয়ের উপর নির্ভর করে এই উপকরণগুলি শিক্ষাকার্য করে। এই জাতীয় উপকবণগুলি হ'ল:—

### ॥ ১ ॥ বেডিও (Radio) :--

শিক্ষা-সহায়ক উপকরণ সমূহের মধ্যে আধুনিক কালে রেডিও একটি বিশিষ্ট স্থান অবিবাব করেছে। রেডিও-র মাধ্যমে শিক্ষামূলক আলোচনাসমূহ ছেলেমেফ্রেদেব শোনাবার ব্যবস্থা করা যেতে পারে। রেডিওর-শিক্ষাগত স্বকার থেকে বহু স্থলে রেডিও দেওয়া হয়েছে। অল্ ইণ্ডিয়া বেডিওর কলকাতা থেকে ছপুরে বিভার্থী মণ্ডলের আদবে ছেলেমেয়েদের উপযোগী নানা বিষয় আলোচনা হয়ে থাকে। দেশেব যে সব পণ্ডিও ব্যক্তিদের জ্ঞানগর্ভ আলোচনা প্রত্যক্ষভাবে শোনবার কোন স্থযোগই দ্বের ছেলেমেয়েদের হয় না রেডিয়েবার আলোচনার মাধ্যমে ছেলেমেয়েদের পক্ষে তা শোনবার স্থযোগ হয়েছে। বেতার কর্তৃপক্ষ ছেলেমেয়েদের উগযোগী যে সব আলোচনাব আয়োজন করেন আমাদের উচিত তাব স্থযোগ গ্রহণ কবা। যদি বেতাব কর্তৃপক্ষ ও শিক্ষা বিভাগেব সংযোগিতায় প্রোগ্রাম করা হয় তাহলে আলোচনার নির্দিষ্ট সম্বের সাথে স্থল ক্রটনের দামঞ্জ্য বিধান করা যেতে পারে যার ফলে ছেলেমেয়েরা আলোচনা শুনবার স্থযোগ পাবে।

### ॥ २॥ টেপ-রেকড'ার (l'ape recorder) :--

এই ব্যয়-বহুল শিক্ষা উপকরণটির প্রচলন আমাদের দেশে হয় নি । কিন্তু শিক্ষাক্ষেত্রে এ একটি সন্তাবনাপূর্ণ উপকরণ। কোন বিষয় সম্পর্কে বিশেষজ্ঞ ব্যক্তির বক্তব্য টেপ রেকড করে এনে ছেলেমেয়েদের শোনান যায়। শিক্ষাবিষয়ক কোন গুরুত্বপূর্ণ আলোচনা রেকড করে রেথে পরে তার ব্যবহার কর। চলে। ছেলেমেয়েদের পড়া বেকড করে তাদের ভুল দেখিয়ে দেওয়া, উচ্চারণ তদ্ধি, গান শেখান প্রভৃতি কাজে টেপ-রেকডের ব্যবহার চলতে পারে। আমাদের দেশেও এই উপকরণটির ব্যবহার স্ব-ভাবে কামা।

#### ॥२॥ প্রামেবিকাল (Gramophone):

একটি প্রামোফোন ও কিছু প্রয়োজনীয় রেকড' শিক্ষাস্থায়ক উপকরণ ছিসেবে খুবই কার্যকরী। তবে প্রামোফোনের ব্যবহার পুরোধ্বরি শিক্ষাসূলক হবে; রেকড'গুলি শিক্ষণীয় বিষয়ের উপর হবে। আমাদের দেশে শিক্ষা-সহায়ক উপকরণ হিসেবে প্রামোফোনের ব্যবহার কম; প্রয়োজনীয় শিক্ষাসূলক রেকড'ও নেই।

# ॥ (গ) দৃষ্টি-শ্রুতিনির্ভর উপকরণ॥

#### Audio-Visual Aids II

থমন কতকগুলি শিক্ষাসহায়ক উপকরণ যেগুলির আবেদন একই সঙ্গে চোথ ও কানের থাকে। শিক্ষার্থীর যুগপত দৃষ্টি ও শুতির মাধ্যমে এই উপকরণ-গুলি শিক্ষাকার্যে ব্যবহৃত হয়। এই জাতীয়-উপকরণগুলি হ'ল—

### ॥ ১॥ हनहिन्द्र (Motion Picture) :--

চলচ্চিত্রের সচল ও সবাক্চিত্র শিক্ষার্থীদেব কাছে প্রত্যক্ষ আবেদনের স্ষ্টি করে। তার শিক্ষাগত মূল্য অনেক বেশী। বিদ্যালয়ের পক্ষে Film Projecting Machine ক্রয় করা সহজ নয়। শিক্ষা বিভাগ যদি শিক্ষামূলক তথাচিত্র তুলে বিভিন্ন বিদ্যালয়ে দেখাবার ব্যবস্থা করে তাহলে শিক্ষার্থীরা আনন্দ উপভোগের সঙ্গে সঙ্গে শিক্ষাগ্রহণ করতে পাববে। শিক্ষামূলক চিত্র দেখাবাব পূর্বে শিক্ষক সে সম্বন্ধে ছাত্রদের সঙ্গে আলোচনা করবেন। সিনেমা ব্যবসায়ীরা যদি লাভজনক প্রমোদচিত্র তুলে ছু'একথানি শিক্ষামূলক চিত্র তুলে দেশের শিক্ষা বিস্তাবে সচেষ্ট হন তার জন্য তাঁদের দায়িত্বশীল হতে হবে।

### ॥২॥ টেলিভিশন (Television):—

আমাদের দেশে টেলিভিগনের প্রচলন নেই তাই বর্তমানে শিক্ষা-উপকরণ রূপে এদেশে এর ব্যবহাবের প্রশ্ন উঠে না। কিন্তু পাশ্চাতা দেশসমূহে এর ব্যাপক ব্যবহারে স্কুল্ল পাওয়া গিয়েছে। রেডিওতে শুধু কানে শোনার মাধ্যমে আমরা শিক্ষালাভ করতে পারি, টেলিভিশনে কানে শুনে চোথে দেখে শেখার ব্যবস্থা হলে তার চেয়ে অনেক বেশী উপকার হবে সে বিষয়ে সন্দেহ নেই।

উল্লিখিত শিক্ষাসহায়ক উপকরণগুলি ছাড়া আরও কিছু বিষয় আছে যেগুলি নিঃসন্দেহে শিক্ষার পক্ষে সহায়ক। কিন্তু তবুও সেগুলিকে শিক্ষাসহায়ক উপকরণের মধ্যে কেলা যায় না। সেগুলি হ'ল—

# ॥ দেওয়াল-পত্রিকা ও নিউজ্ বুলেটিন॥

## || Wall Magazine and News Bulletin ||

খুব অল্প খবচে ছেলেমেরেদের সহযোগিতায় দেওয়াল-পত্রিকা ও নিউজ বুলেটিনের ব্যবস্থা স্থলে করা যেতে পারে। নিউজ-বুলেটিনে দৈনিক সংবাদ-পত্র থেকে প্রয়োজনীয় সংবাদ সংগ্রহ করে সংক্ষিপ্তভাবে লিখে ছেলেমেয়েদের জানান যেতে পারে, বা কাগজ থেকে প্রধান খবরগুলি কেটে নিউজ-

বুলেটিন তেরী করা যেতে পারে, 'দৈনিক-সংবাদ' বা 'দাপ্তাছিক-সংবাদ' পরিক্রমা এই পর্যায়ে দেশীয় ও আন্তর্জাতিক সংবাদসমীক্রার মধ্য দিয়ে ছাত্রেরা অনেক তথ্য জানতে পারবে।

দেওয়াল-পত্তিকার ছোট ছোট রেখা আর ছবি থাকবে। যদি প্রতি শ্রেণীর পক্ষ থেকে সম্ভব না হয় স্কুল্ থেকে মাদে একথানা দেওয়াল-পত্তিকাবের করা যেতে পারে। এতে ছেলেমেয়েদের মধ্যে একটা লিখবার আগ্রহ সৃষ্টি হয়। যারা আঁকতে পারে তাবা সুযোগ পেয়ে উৎসাহিত হবে। নিউজ-বুলেটিন্ ও দেওয়াল-পত্তিকা পরিচালনার দায়িত্ব ছেলেমেয়েদের উপর দেওয়াদরকার। একজন শিক্ষক পরামর্শদাতার্রপে থাকবেন। এই ত্য়ের মধ্য দিয়ে শিক্ষার্থীবা পবিবর্তনশীল ছ্নিয়াব সঙ্গে পবিচিত হতে পারবে, সাম্প্রতিক ঘটনাবলী সম্বন্ধে অবহিত হতে পারবে।

# ।। শিক্ষামূলক ভ্রমণ ।।

#### 11 Educational Excursions 11

বিভালয়ে যে শিক্ষা ছাত্রদের দেশ্যা হয় তা পুঁথিগত। পুঁথিনির্ভর বিভাগ সংকীর্ণ; কারণ এর দাথে বাস্তব জগতের সম্পর্ক থাকে না। এখানে শিক্ষার সাথে জীবনের সম্পর্ক না থাকায় সে শিক্ষা কার্যকরী বা প্রভাক জান অর্জনের কল্প শিক্ষায়লক অরণ পড়েছে, সে সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা সঞ্চয় করতে পারে। পুঁথিগত বিদ্যা হচ্ছে পরোক্ষ জান। এই জ্ঞানকে কার্যকরী কবে তুলতে হলে দেশভ্রমণকৈ শিক্ষার অঞ্চ করে তুলতে হবে। দেশভ্রমণই শিক্ষাকে পবিপ্রভাদান করে (Travelling makes education perfect)

বর্তমানে শিক্ষাব্যবস্থায় দেশভ্রমণ শিক্ষার এক অপবিহার্য অন্ধ বলে স্বীকৃতি লাভ কবেছে। বইষেব মধ্যে আবদ্ধ থেকে আমরা জগতকে পাই না। প্রাচীন যুগে শিক্ষার্থীবা শিক্ষাব উদ্দেশ্যে বহুদ্ব দেশে যেত, দেশভ্রমণ শিক্ষার অত তাদের বহু-বিচিত্র অভিজ্ঞতা সঞ্চয় হ'ত। বিভিন্ন সমাজের বীতি-নীতি, আচার ব্যবহার, বিভিন্ন দেশের প্রাকৃতিক সৌন্দর্য, রাজনৈতিক অবস্থা, অর্থনৈতিক অবস্থা সবকিছু সম্পর্কে বাস্তবজ্ঞানেব জন্ম দেশ ভ্রমণেব উপযোগিতা রয়েছে। দেশ-ভ্রমণে আমরা সক্ল ইন্দ্রিয়েব সাহায়ে জ্ঞান আহরণ করি। বিভালযেব গণ্ডির বাইরে পাঠ্য পুস্তকের সীমা ছাড়িয়ে বিশাল বিশ্ব রয়েছে, তাব সাথে পরিচয় হন্ত দেশভ্রমণের মধ্য দিয়ে। এতে মনের সংকীর্ণ তা দূর হয়ে জীবন ও জগৎ সম্পর্কে দৃষ্টিভঙ্গির প্রসার হন্ত, মান্থবে মাহ্যুয়ে যে কৃত্তিম ব্যবধানের প্রাচীর তা দূর হয়ে বৃহত্তর মানব সমাজের সাথে আত্মীয়তা বাড়ে।

দেশভ্রমণের মত একই সাথে শিক্ষাও আনন্দলাভের উপায় খুব কমই আছে। ইভিহাস-প্রশিদ্ধ স্থানগুলি দেখলে ইভিহাসের পাতার যা পডেছে তার পরিবেশের মধ্যে প্রাচীনযুগের একটি চিত্র চোথের যুগণং শিক্ষাও সামনে ভেসে উঠবে। নালন্দার ভগ্নস্থপের উপর দাঁড়ালে ইভিহাসের ছাত্র ভাবতের অতীত গৌরবের একটি উজ্জ্বল চিত্র দেখতে পায়। আবার আধুনিক যুগের শিত্র উন্নয়ন পরিকল্পনায় দেশ কি ভাবে এগিয়ে চলেছেন তার সাথে বাস্তব পরিচয়েয় জন্ম বিভিন্ন নদী পরিকল্পনা ও শিল্প-শহরগুলিতে যে সব কাবখানা গড়ে উঠেছে তা দেখিয়ে আনা দরকার। পাশ্চাত্য দেশ সমূহে শিক্ষার অঙ্গ হিসেবে শিক্ষামূলক পবিভ্রমণ যেভাবে গ্রহণ করা হয়েছে আমাদের দেশে শিক্ষার্থীদের জন্ম সেভাবে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা এখনও হয় নি।

আমাদের দেশের বিভালয়গুলির আথিক সদ্বত্ অত্যন্ত সীমাবদ্ধ। ছাওদেব পক্ষেত্র যত প্রয়োজনীয়ই হোক না কেন ভ্রমণের জন্ম বিশেষ কিছু খরচ করা সবসময় সম্ভব হয়ে ওঠে না। এই জন্ম আমাদের সীমানদ্ধ আর্থিক অহবিধা ক্ষমতার মধ্যে যেভাবে সম্ভব সেইভাবে দেশ ভ্রমণের পরিক্রিনা করা উচিত। শিক্ষামূল ক ভ্রমণ পবিক্রিনায় অভিভাবকদের সাহায্য ও সহ্যোগিতা যাতে পাওয়া যায় সেই চেষ্টা করতে হবে। দ্রেব পথে যেতে হলে যাবা যাবে জাদের অভিভাবকদের অন্সমতি নিতে হবে। বিশেষ সন্ধৃতি সম্পন্ন অভিভাবকদের কাছ থেকে যাতে আর্থিক সাহায্য পাওয়া যায় সে চেষ্টা করা দবকার। তাহলে সবাব চেষ্টা ও সহযোগিতায় স্কুলের পক্ষে ভ্রমণ ব্যবস্থা করা সম্ভব হবে।

শিক্ষামূলক পরিভ্রমণের পিছনে এটো নির্দিষ্ট লক্ষ্য থাকবে। এজন্ত পরিকল্পনা অনুসারে সব ব্যবস্থা করতে হবে। দেশভ্রমণ পবিধল্পনায় আমাদের থেয়াল রাখতে হবে সব শ্রেণীর নিক্ষার্থীব জন্ত একই রকম দেশভ্রমণের শিক্ষাগত ব্যবস্থা হবে না। নিম্নশ্রেণীর ছেলেমেয়েদের জন্ত প্রথম প্রয়োজন পরিবেশ পবিচিতিব। এইন্ত ভাদের নিজেদের

গ্রামের মধ্যে বা নিকটস্থ কোন জারগায় দর্শনীয় কিছু থাকলে তাদের দেখানে নিয়ে ধাওয়া হবে। নতুন জিনিস সম্পর্কে কৌতৃহল ষাতে তারা নিজেরাই মেটাতে পারে দেজতা তাদের ধীরে ধীরে স্থযোগ দিতে হবে। একটু বড় হলে ছেলেমেয়েদের কাছের শহর বা কোন কলকারথানা দেখবার সুযোগ থাকলে সেই ব্যবস্থা করতে হবে। বই পড়ে তারা যা নিখেছে এসব দেশে তারা সে দম্পর্কে বাত্তব অভিজ্ঞতা অঙ্কন করবে। শহরেব ছেলেমেয়েদেব গ্রাম ও গ্রামের লোকেবা জীবন্যাত্রা দম্পর্কে বিশেষ অজ্ঞতা থাকে; তা দ্ব করতে হলে শহরের ছেলেমেয়েদের গ্রামে বেড়াতে নিয়ে যাওয়া দরকার। গ্রামের ও শহরের ইন্ধুলের মধ্যে পারস্পরিক সহ্যোগিতা ও বিনিময়মূলক ব্যবস্থায় একজাতীয় অমণের আয়োজন স্পৃতাবে করা যায়।

বড় ছেলেনেয়েদের জক্ত ঐতিহাসিক স্থান বা বড় শিল্পনগরীতে নিক্ষে যাওয়ার ব্যবস্থা করা যেতে পারে। স্থান নির্বাচনে সে স্থানের গুরুত্ব তার

বৃহত্তর মানৰ সমাজের সাথে পরিচিতি ইতিহাস প্রভৃতি ছেলেমেয়েদের ভাল করে ব্ঝিতে দিতে হবে। দেশ দেখতে যাবার যাবতীয় ব্যবস্থা ও পরিকল্পনা ভাত্রেরা করলে ভাল হয়। এই জাতীয় প্রোজেক্টের মাধ্যমে

অম্বন্ধ প্রণালীতে শিক্ষা দেওয়া যায়। প্রতিটি ভ্রমণ-পরিকল্পনা শিক্ষামূলক ও অগনলমূলক হবে। ভ্রমণের মধ্যে ছাত্রেরা শ্রেণীকক্ষেব বাইবে বৃহত্তম মানব সমাজের সাথে পরিচিত হবার হ্যোগ পায়। দেহে স্বাস্থ্যের জন্ত, মানসিক উন্নতির জন্ত, জীবন ও দৃষ্টির প্রসারতার জন্ত শিক্ষামূলক দেশভ্রমণের ব্যবস্থা কবা হলে ছাত্রদের অশেষ কল্যাণ সাধিত হবে।

# ॥ শিক্ষামূলক প্রদর্শনী ॥

### || Educational Exhibitions ||

বিভালেরে শিক্ষামূলক প্রদর্শনীর ব্যবস্থা করলেও তার মাধ্যমে শিক্ষার্থীবা কিছু শিখতে পাবে, এই জাতীয় প্রদর্শনীতে শিক্ষার্থীরা সক্রিয়তাবে অংশ গ্রহণ করবে

# । বিভালয়ের সংগ্রহশালা ॥

#### || School Museum ||

বিভালতে যে সংগ্রহশালা থাকবে সেথান থেকেও শিক্ষার্থীরা জ্ঞানার্জন কবতে পারবে, এই জ্ঞাতীয় সংগ্রহশালাতেও শিক্ষার্থীদের সংগৃহীত উপাদান ও উপকরণগুলি স্থান পাবে।

# ॥ উপকরণগুলি পাব কোথায়॥

### || How to get these aids ? ||

উপকরণগুলির প্রয়োজনীয়তা অস্বীকার করাব উপায় নেই। কিন্তু এর পব প্রশ্ন আদে, উপকরণগুলি পাব কোথায় ? তিনটি বিভিন্ন ক্ষেত্রে উপকরণগুলি পাওয়া যায়ঃ—

(১) উপকরণগুলি প্রাপ্ত করা যেতে পারে। প্রয়োজনীয়তার দৃষ্টিকোণ থেকে বিচার করতে গেলে দেখা যায় যে, প্রস্তুত উপকরণগুলির ব্যবহারিক যোগ্যতা সর্বাধিক। শিক্ষক মহাশয় নিজে যেদব উপকরণ শিক্ষক ও শিক্ষার্থী সকলেই উপকরণ তৈরী করবেন বিচার করেই করেন। কাজ্জেই দেগুলির ব্যবহারিক সাক্ষ্যা অনিবার্ধ। অনেক সময় আবার ছাত্রদের দিয়েও অনেক উপকরণ তৈরী করিয়ে নেওয়া হয়। শিক্ষক মহাশয় সেখানে পরামর্শ ও তত্বাবধায়ক। তাঁরই নির্দেশে ও উপদেশে শিক্ষার্থীরঃ নিজেরাই এগুলি প্রস্তুত করে। এই ধরনের পদ্ধতি অন্যাদিক থেকেও লাভজনক। শিক্ষার্থীরা এইসব উপকরণ তৈরী কবার মধ্যেও অনেক কিছু শিক্ষালাভ করে। কোন কোন Map, Graph, Chart, Picture ইত্যাদি প্রস্তুত করার সময় শিক্ষার্থীরা অনেক তথ্য সংগ্রহ করে যা তাদের পক্ষে একান্ত প্রয়েজনীয়। প্রত্যেক ব্যক্তির মধ্যে স্প্রেশীল মন থাকে যার বহিঃপ্রকাশ হয় স্প্রনশীলতার মাধ্যমে। এই উপকরণগুলি প্রস্তুতের সময় শিক্ষার্থীদের শিল্পী-মন প্রকাশের স্থাোগ পায়। উপকরণগুলি প্রস্তুত করার মাধ্যমে শিল্পচর্চা ও শিল্পদাধনা সম্ভব হয়।

- (২) অনেক উপকরণ সংগ্রান্থ করা যেতে পারে। সমাজেব মধ্যে

  শিক্ষাদানের অনেক উপকরণ ছড়িয়ে আছে। কাজেই বিভিন্ন উপকরণ

  নানাদিক থেকে সংগ্রাহ করা যেতে পারে। বিভিন্ন ছবি,
  সমাজে বিভিন্ন জারণা
  থেকে উপকরণগুলি
  সংগ্রাহ করা যেতে পারে
  থেকে সংগ্রাহ করে শিক্ষাদানের সময় ব্যবহার করা যেতে
  পারে। অনেক সময় বিভিন্ন Text Book থেকে অনেক

  চিত্র diagram প্রভৃতি বড় করে একে তাকে শিক্ষাদানের সহায়ক হিসেবে
  ব্যবহার করা যেতে পারে। ধার করে বা ভাড়া করেও অনেক উপাদান

  শিক্ষাদানের সময় প্রয়োগ করা যায়।
- (৩) বাজ্ঞার থেকে ক্রেয় করে নানাবিধ উপকরণ পাওয়া যেতে পারে।
  কিন্তু আমাদের দেশের বাজারে শিক্ষা সহায়ক উপকরণের যোগান (supply)
  থ্ব কম। এ ব্যাপারে বৈপ্লবিক পরিবর্তন আনতে হবে।
  বাজারে উপকরণগুলির সরকারকেও এ বিষয়ে অগ্রনী হতে হবে। সরকার যোগান প্র অল্প
  বিশেষজ্ঞদের পরামর্শ অফ্লযায়ী বিভিন্ন উপকরণ প্রস্তুত
  করে বাজ্ঞারে অল্পদামে সরবরাহ করতে পারেন। বিভালয়ে আর্থিক অফ্লান
  বাড়িয়ে বিভালয়গুলির ক্রয়ক্ষমতা এনে দিতে হবে সরকারকেই। বিভিন্ন
  ব্যবসায় প্রতিষ্ঠান (পুত্তক ব্যবসায়ী ইত্যাদি) এ বিষয়ে অগ্রণী হতে পারে।
  তবে তাদের আর্থিকক্ষতির দায়িজ্ব দিতে হবে। বাজারে উপকরণগুলির
  চাহিদা (Demand) বেডে গেলে যোগানও বাড়বে। তথন উপকরণগুলি
  সহজেই পাওয়া যাবে।

### ॥ বাস্তব অবস্থা ॥

#### || Practical Situation ||

দর্বত্রই দেখা গেছে যে, পদ্ধতির সঙ্গে প্রয়োগের কোন সামঞ্জয় নেই। পদ্ধতির কথা বলতে গিয়ে আমরা অনেক বড় বড় আদর্শকে টেনে নিয়ে আসি। কিন্তু বাস্তব বড় দৃঢ়। তাই প্রতি ক্ষেত্রেই দেখা যায় যে, সাধ থাকলেও সাধ্যে কুলোচ্ছে না। শিক্ষা সহায়ক উপকরণগুলির কথা বলতে গিয়ে আমরা বড় বড় কথা বলেছি। বান্তব অবস্থা সম্পূর্ণ ভিন্নব্ধণ। তাই শিক্ষাদানের সময় এই অতি প্রয়োজনীয় উপকরণগুলি ব্যবহার করা সম্ভব নয়। অফ্বিধা তিনদিক থেকে আসে—

- (১) অর্থের (Money):—আজ জাতির অর্থনৈতিক কাঠামো ভেকে পড়বার উপক্রম হয়েছে। সর্বত্রই 'নাই-নাই' রব। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানও আর্থিক অভাবের এই মারাত্মক সংক্রমণের মড়ক থেকে অব্যাহতি পায় নি।
  প্রায় প্রতি বিত্যালয়েই আর্থিক সংকট দেখা যায়। নানা
  টাকা দিয়ে উপকরণ
  কেনাব মত অবহা
  বিত্যালয়গুলির নেই
  শিক্ষা সহায়ক উপকরণগুলি ক্রয় করতে, ভাডা করতে
  ও সংগ্রহ করতে বিপুল অর্থের প্রয়োজন। যে সব বিত্যালয়
  শিক্ষকদের নিয়মিত বেতন দিক্তেপারে না, শ্রেণী পাঠনের জন্ম ন্যানতম কক্ষ
  যোগান দিতে পাবে না,—ভারা এই সব শিক্ষাসহায়ক উপকরণ সংগ্রহ করবে
  কী ভাবে? অনেক উপকরণ সংগ্রহ কবা তো রীতিমত ব্যাবহুল ব্যাপার।
  উপকরণ ক্রয়ের যেটুকু সামর্থ্য থাকে ভাও আবার আ্বশ্রিক বিষয়গুলিব উপকরণ
  ক্রয় করতে থবচ করা হয়।
- (২) উপকরণের (Aids):—অনেক সময় টাকা দিয়েও প্রয়োজনীয় উপকরণ পাওয়া যায় না। সত্যি কথা বলতে কি শিক্ষাসহায়ক উপকরণ প্রস্তুতের দিক থেকে আমরা পিছিয়ে আছি। শিক্ষা-উপকরণের অভাবও উপকরণের বাজার থ্ব কুদ্র,—যোগানও অল। কাজেই আছে

  এ ক্ষেত্রে ইচ্ছা থাকলেও উপায় থাকে না।
- (৩) সময়ের (Time):— বিদ্যালয়ের সময় তালিকা বিভিন্ন বিষয়
  শিক্ষাদানের জন্ম যথেষ্ট ক্ষোগ রাখে নি! সেখানে আবিষ্যিক বিষয়গুলির
  প্রচণ্ড ভীড় অতিক্রম করে পাঠদান অগ্রসর হবাব পথ পায়
  উপকরণগুলি বথাবধ
  ব্যবহারের মত সময়
  তা শিক্ষায় নেই
  নিক্ষা সহায়ক উপকরণগুলি ব্যবহার করে পড়ালে অধিক
  সময় লাগে। কাজেই তা সম্ভব নয়,—শিক্ষামূলক ভ্রমণ

ইত্যাদি তো বীতিমত সময়-সাপেক ব্যাপার !

কাজেই দেখা যায় যে, বিভালয়ে শিক্ষা সহায়ক উপক্বণগুলি ব্যবহার করে পাঠদান করা অসম্ভব ব্যাপার। সরকার যদি এদিকে দৃষ্টি দিতেন তো এ সমস্থা অনেক সহজ্ব হয়ে যেত। আর্থিক অস্ববিধা সরকার দ্ব করতে পারেন। সরকার নিজেই বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে কিছু কিছু শিক্ষাসহায়ক উপকরণ প্রস্তুত করতে পারেন। প্রাথমিক ভাবে এ হু'টো বিষ্টুর (আর্থিক অস্থান ও উপকরণ প্রস্তুত) সরকার এগিয়ে এলে পাঠদানের ক্ষেত্রে শিক্ষাসহায়ক উপকরণগুলির ব্যবহার বেড়ে যাবে। ফলে এইসব, উপকরণের

চাহিদাও বেড়ে খাবে। তথন বাঙ্গারেও এইদব উপকরণ কিনতে পাওয়া যাবে: কারণ চাহিদা যোগানকে ডেকে আনে।

আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করা গেছে যে, যে ক্ষেত্রে বিভিন্ন Note-book,
Suggestion, Sure Success. Made Easy,
উপসংহার
Question-answers, Helps to the study of 'প্রভৃতি বই এর সংখ্যা অনেক, দেখানে শিক্ষা সহায়ক উপকরণের একান্ত
অভাব, ব্যাপারটি ব্যথার বিষয়। শিক্ষা আছি কোন পথে?

#### প্রশাবলী

- Discuss the importance of audio-visual aids in education. Describe
  the audio-visual aids that can be commonly used in schools and
  indicate how some of these prepared by the teachers with the
  help of pupils.
- 2. Point out the advantages and limitations of audiovisual communication as supplement to class-room teaching, with special reference to the radio and film. Describe a teaching aid that you have prepared and used successfully in the class room.
- Describe the special value of the radio and the film as aids to classroom instruction, and out line plans for their effective use in our schools.
- 4. What are the different types of audio-visual aids used in education and their utility? Give a detailed example of the eye of one such aid.
- Describe briefly two visual aids that you may have used in teaching and one oral aid which may be used effectively in teaching.
- Describe the place of audio-visual aids in modern teaching. Discuss
  with illustrations the psychological effects of such aids on the
  formative minds of the children.
- 7. Write notes on:
  - 'a) Psychological effect of the auido-visual aids in teaching.
- (b) Traching aids and appliances.
- (c) Educational Film and the radio as aids to class-room instruc-

### অপ্তম অধ্যায়

# পাঠ-পরিকল্পনা

### (LESSON PLAN)

আমরা যথন কোন একটি কাজে আত্মনিয়োগ করি তথন সে কাজটি সম্পর্কে আমাদের জানতে হয় কাজটি কি—কি করে সম্পন্ন করা সম্ভব, কাজটি স্বষ্ঠভাবে সম্পন্ন করতে হলে আমাদের কিভাবে প্রস্তুত হতে হবে ইত্যাদি। কাঞে লাগিয়ে দেওয়া হ'ল আর যে করে হোক কাজটি শেষ করে দিয়ে এলাম তা কখনও ক্রটি শুক্তভাবে অসম্পন্ন হয় না। প্রস্তুতি নেই, পরিকল্পনা নেই— এভাবে কোন কাজ হতে দেওয়া আর উদ্দেশ্যহীন নৌকা চালানো একই কথা। [শিক্ষকের উপর একটি গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব রয়েচে তা পঠি-পরিকল্পনা কি হচ্ছে শ্রেণী-পাঠনা (Class Teaching)। চিরাচ্রিত শিক্ষা-ব্যবস্থায় শ্রিক্ষক সামনে বই রেখে উপস্থিত মত কিছু বলে আসেন, ছাত্র নিচ্ছিয় শ্রোতার মত মুগ বুজে বসে থাকে—কভটুকু শোনে বলা কঠিন। এই ব্যবস্থার মধ্যে অনেক ত্রুটি আছে, কারণ এতে শিক্ষার্থীদের পাঠগ্রহণ সম্পূর্ণ হয় না। তাই খেণা পাঠনার দায়িত্ব যথায়থরপে পালন করতে হলে শিক্ষকের একটি পরিকল্পনার প্রয়োজন। একবছরে তিনি যতটা পড়াবেন সেই সমগ্র বিষয়টি বিভিন্ন ইউনিটে (Unit) ভাগ করে নিয়ে তিনি দিনে কতটা পড়াবেন এ সম্পর্কে তিনি একটি ছক তৈরী করে নেখেন। **তাঁকে স্থির করতে হবে**, ভিনি কি পড়াবেন, কি ভাবে পড়াবেন, পড়াবার সময় কোন পদ্ধতি অবলম্বন করলে শিক্ষণীয় বিষয়টি শিক্ষার্থী বুৰতে পারবে ও ভিনি যা বোঝাবেন ভা হৃদয়গ্রাহী হবে। শিক্ষকের এই প্রস্তুতির মধ্যে থাকবে একটা ধারাবাহিকতা। সারা বছরের কাজ ছোট ছোট অংশে (unit) ভাগ কবে তিনি রোজকার পাঠ পারতালনা चुर्छ कर्प रेमनियन (धारीनिका भित्रामनात व्यम এই ষে প্রস্তুতি বা পরিকল্পনা এরই লিখিত রূপকে বলা হয় পাঠটীকা ৰা পাঠ-পরিকল্পনা।

# । পাঠ-পরিকল্পনার প্রয়োজনীয়তা।

### Utility of Planning Lessons II

শিক্ষকের জন্ম একটি বিষয় শিকা দেবার নির্দিষ্ট সময় (period) নির্ধারিত রয়েছে। সেই পূর্বনিদিষ্ট সময়ের মধ্যে তিনি যথন কোন একটি বিষয় শিকা দেবেন তথন তাঁকে এমন ভাবে পাঠ-পত্রিকল্পনা করতে হবে যাতে শি: পঃ বিতীয় পর্ব—৬১

ভিনি নির্নিষ্ট সময়ের মধ্যে সে দিনের পাঠ শেষ করতে পারেন। পাঠ পরিকল্পনা কালে তিনি মনে রাখবেন যাদের তিনি শিক্ষা দিচ্ছেন সেই শিকার্থীদের মনে আগ্রহ স্বষ্টি করে পাঠ সম্পর্কে ভাদের উৎসাহী করে তুলতে হবে; তা না'হলে দেদিনের পড়া তাদের পাঠে শিকার্থীর সক্রিয় মনে কোন বেগাপাত করবে না। আজকের দিনে শিক্ষার ভূমিকার জন্ত পাঠ-অৰ্থ এই নয় যে শিক্ষক বলবে, শিক্ষাৰ্থী শুনে যাবে। শিক্ষা টীকার প্রয়োজন একটি দ্বিমুখী প্রাক্তিয়। (bipolar process)। শিক্ষক শিক্ষার্থীদের মনে আগ্রহ স্বষ্টি করে এমন ভাবে পাঠ পারিচালনা করবেন যাতে ভারাও সমভাবে পাঠে অংশ গ্রহণ করতে পারে। পাঠে শিক্ষক সাহায্য কারীর ভূমিকা গ্রহণ করবেন কারণ শিক্ষা-রঙ্গমঞ্চের নায় হ শিল্প। তাদের মনে আগ্রহ স্ষ্টি করার কৌশল জান। না থাকলে তাদের পাঠে উৎসাহী করা সম্ভব হবে না। শিক্ষণীয় বিষয় যদি নারদ হয় তবু তাকে যথানুভব আননদমধুর করে তোলবার চেষ্টা পাঠ পরিকল্পনার মধ্য দিয়ে করতে হবে। পাঠ-পরিচালনার সম্য ছাত্রেরা শুরু কান দিয়ে শুনবে কিন্তু সেই সাথে চোধ দিয়ে দেখে বিষয়টি যাতে আরও ভাল ভাবে বুঝতে পারে, দরকার হলে দেই ব্যবস্থা করতে হবে। পাঠ পরিকল্পনার সাথে আমাদের ভাবতে হবে বিমূর্ভ বিষয়কে মূর্ড করে তুলতে বর্ণনার সাথে কি কি শিক্ষা সহায়ক উপকরণের সাহায্য গ্রহণ করা যায়।' পড়াবার সময় শিক্ষার্থীর একধিক ইন্দ্রিয় যাতে সক্রিয় হয় সেই বাবস্থা করতে হবে।

পাঠ-পরিকল্পনাকালে আমাদের সতর্ক থাকতে হবে তার মধ্যে যেন অথথা পাণ্ডিত্যের প্রকাশ না পায়। যে শ্রেণীর পাঠটীকা রচনা করা হবে সেই শ্রেণীর শিক্ষার্থীদের বয়স, বৃদ্ধি, পূর্বজ্ঞান পাঠ-পরিকলনা শ্রেণির অনুযায়ী করতে হবে, শিক্ষকের বচনা করবেন। একদিনের প্রচেষ্টায় কতটুকু তাদের পাণ্ডিত্য প্রকাশের শেখান যেতে পারে বা কতটুকু তারা বৃথতে পারে সেক্ষ নর শেপকে পূর্বধারণা না থাকলে অম্ববিধার স্কষ্টি হয়়। পূর্ব-পরিকল্পনা ও প্রস্তুতি থাকলে এমন কোন বিষয় শিক্ষক অবতারণা করবেন না যা ছেলেমেরেদের কাছে কঠিন বলে মনে হতে পারে।

শিক্ষক যদি পাঠটীকা রচনা না করে শ্রেণীতে যান তাহলে ভার সামনে পাঠের কোন স্থির লক্ষ্য থাকবে না। তিনি কোন্ দিকে নিয়ে যাবেন, তার বক্তব্যের লক্ষ্য কি এ সম্পর্কে ধারণা করতে না পারলে পাঠটাকা না থাকলে শিক্ষার্থীরা শ্রেণীপাঠ অন্ত্সরন করতে পারবে না। পূর্ব-পাঠদান লক্ষ্যভষ্ট হবে। পরিকল্পনার অভাবে পাঠে লক্ষ্যচ্যুত হয়ে সম্পূর্ধ ব্যর্থভায় পর্যবৃদ্ধিত হবে। শ্রেণীকক্ষে পাঠদানের অনেক ক্রাট বিচ্যুতি থাকে সেই সব ক্রাট বিচ্যুতি দূর
করার জন্য পাঠপরিকল্পনার প্রয়োজন। কোন বিষয়
ক্ষেক্ত করতে পাঠটাকার
কি ভাবে শিক্ষা দেওয়া হবে তা পূর্ব-পরিকল্পনার মাধ্যমে
প্রয়োজন শিক্ষা দেওয়া হয়। ফলে শ্রেণী-শিক্ষার অনেক ক্রাট
অপসারণ করা যায়।

পঠিটক। শিক্ষককে শ্রেণী পরিচালনা ও শিক্ষাদান কার্য সমাধা করছে অনেক সাহায্য করে। শিক্ষক তাঁর সময় স্ফী অনুষায়ী কাজ করতে পারেন। তাঁব কাজকর্মকে একটি স্থনিদিষ্ট রূপের মাধ্যমে নির্ধারিত করতে পারেন। তাতে তাঁর শিক্ষাদান কার্য স্থানপার করার অনেক স্থবিধা হয়। পূর্ব থেকে পাঠ পরিকল্পনা থাকার ফলে পাঠদানে শিক্ষকের আত্মপ্রত্যয়ও বাডে।

পাঠ সম্পর্কে একটা নিদিষ্ট ধারণা নিয়ে শিক্ষক যথন একটি পাঠটীকা রচনা করেন তথন তিনি পূর্বেই দ্বির করতে পারেন পাঠকে আকর্ষণীয় করে তুলতে হলে কি কি শিক্ষা উপকরণ প্রয়োজন, কোন্ কোন্ বিষয় উপস্থাপন সম্ভব, অগুবন্ধ প্রণালীর সাহায্য গ্রহণ সম্ভব কি না শিক্ষকের প্রম্ভতির জন্ম ইত্যাদি। শিক্ষার মত একটি জটিল কাজকে স্বসম্পন্ন গাঠটীকা প্রযোজন করতে হলে শিক্ষককে অবশ্রুই পেক্সত হয়ে শ্রেণীতে যেতে হবে। শিক্ষকের প্রস্তুতির বান্তব রূপায়ণ হয় পাঠটীকার মাধ্যমে। বিষয়বন্ধ শিক্ষকের সম্পূর্ণ আয়ুত্বাধীনে থাককেই সর্বদা সার্থক পাঠটীকা রচনা করা সম্ভব নয়। কিভাবে আধুনিক শিক্ষামনোবিজ্ঞান দমত পাঠটীকা রচনা করা যায় এ বিষয়ে আমাদের হার্বার্ত পথ দেখিয়েছেন।

### ্ব বিভিন্ন ধরনের পাই।

### Il Types of Lessons II

মানুষের মনের বিভিন্ন ক্রিয়া-প্রক্রিয়া অহুযায়ী পাঠকে তিনটি ভাগে ভাগ কর। হয়। **এই ভিন ধরনের পাঠের মধ্যে অন্তরন্দ সম্পর্ক বিভ্নমান**।

### (১) জ্ঞানমূলক পাঠ (Knowledge Lessons):

বিতালয়ের পাঠ্যক্রমের অধিকাংশই জ্ঞানমূলক পাঠের অন্তর্ভ । যে পাঠ জ্ঞান ও তথ্য নির্ভর, তাকে জ্ঞানমূলক পাঠ বলে। ইতিহাস, ভূগোল, পদার্থবিত্যা, রসায়ণবিত্যা, জীববিত্যা, গণিতশাত্ত্বের বিভিন্ন তত্ত্বগত অংশ জ্ঞানমূলক পাঠের অন্তর্গত।

# (২) রসামুভূতিমূলক পাঠ (Appreciation Lessons):

কবিতা, গান্ধ, শংক্তিত, নৃত্য, চিত্র প্রভৃত্তি বিষয়গুলি শিক্ষার্থীর অন্তভৃতি প্রবৰ অনে আবেদন স্বষ্টি করে শেগুলিকে রদামুভৃতিমূলক পাঠ বলে। মানুধের মনের স্ক্মার বৃত্তিশুলিকে (Fine Sentiments) বিকশিত করতে ও প্রকোভ্সনিজ ভৃপ্তি (Emotional Satisfaction) দাখনে রদাগুভৃতিমূলক পাঠেও জ্ঞানের বিষয়- থাকতে পারে।

### (৩) দক্ষভামূলক পাঠ (Skill Lessons):

শিক্ষাণীদের কতকগুলি বিষয়ে দক্ষ করে তোলা হ'ল দক্ষতামূলক পাঠের' উদ্দেশ্য। লেখা, পড়া, আঁকা, গাঁণত, বিজ্ঞান, ভূগোলের ব্যবহারিক অংশগুলি (Practical works) ইত্যাদি দক্ষতামূলক পাঠের অস্তর্ভূতি। এই ধরনের পাঠে শিক্ষার্থীদের নৈপুত্ত ও দক্ষতা বাড়ে। ফলে পাঠে শিক্ষার্থীদের মক্রিয়তা বাড়ে। শিক্ষায় শিক্ষার্থীদের অভিজ্ঞতা কার্যকরী ভূমিক। গ্রহণ করে।

#### । হার্বার্তের পঞ্চ সোপান।

### # Herbart's Five Steps #

হার্বার্ড বলেন, জন্মের সময় শিশুর মন থাকে শৃক্ত। প্রকৃতি ও সমাজের সংস্পাশে শিশু যে অভিজ্ঞতা অর্জন করে দেই অভিজ্ঞতার মধ্য দিয়েই শিশুর মানসিক বিকাশ ঘটে। মনের ছটি ক্ষমতা থাকে,—একটি হার্বার্ডের শিক্ষাদর্শন হচ্ছে,পরিবেশের সাথে সম্বন্ধ স্থাপন করে উপস্থাপিত উপকরণগুলিকে ইন্দ্রিয় দ্বাবা উপলব্ধি করার ক্ষমনা (Perception)। আর একটি ুচ্ছে উপ্লান্ধগুলিকে আয়ত্ব কবে নিজের মধ্যে গ্রহণ করাব ক্ষমতা, ( \ssimilation)। পুরতিন পূর্বসঞ্চিত ধারণা ও চিন্তার প্রযোগ করে সামাজিক ও প্রাকৃতিত পরিবেশ থেকে নিত্য-নতুন ধারণা মনের আয়ত্ব হয়। আয়ত্বকরণকে বলা হয় সমবেক্ষণ (Apperception)। এই পুরাভন ধারণার সাহায্যে নতুন ধারণার আয়ত্মীকরণ অর্থাৎ সমবেক্ষণবাদের উপরেই হার্বার্তের শিক্ষানীতি প্রতিষ্ঠিত। পূবদঞ্চিত জ্ঞানের সম্প্রদারণ ঘারাই নতুন জ্ঞান লাভ ১য়। হার্বাডের মতে াশশুকে যে নতুন জ্ঞানের সাথে পরিচয় করান হবে দেই জ্ঞানকে তার পূর্বদঞ্চিত জ্ঞানের সাথে সংযুক্ত কবে দেওয়া চাই। নতুন বিষয় আয়ত্ব করার উপযুক্ত পূর্বদঞ্চিত জ্ঞানরাশি (apperceptivemass) শিশুর আছে কি না। শিশুর জানা বিষয়ের সাথে সম্বন্ধিত করে নতুন বিষয়ের উল্লেখ করলেই নতুন বিষয় সম্পর্কে শিশুর মনে আগ্রহ বা ওৎস্থক্যের স্ষষ্টি হবে। ভাই নতুন পাঠ শুরু করার পূবে শিক্ষ 4 কে সেই নতুন পাঠের দঙ্গে স্থকৌশলে ছাত্রের আয়ত্বীকৃত পুরাতন জ্ঞানের শ যোগ ঘটয়ে দিতে হবে। তাহলে নতুন জ্ঞান আয়ত্ত করা শিশুর পক্ষে সহজ হবে।

ু হার্বাভ বলেন, আমাদের মনে কোন ধারণা গঠিত হতে হলে ছটি ব্যাপার ঘটে। প্রথমে কোন বস্তুর মৃতি মনের সামনে আসে, মন তথন তাতে নির্দিষ্ট শ্বয়। একে বলা হয় মনোনিবেশ (concentration)। তারপথ নতুন বস্থাটির সক্ষে পূর্বপঞ্জিত আয়তীরুত ধারণার সংযোগ হয়ে মনে নতুন অভিজ্ঞতার সঞ্জ্য হয়। কোন বস্তব প্রতি মন নিবিষ্ট হলে বস্তুটি মনের সামনে ধারের হারতি তার ধারের ধারে স্থাতি মনের সামনে হারতির চারটি তার ধারে ধারে স্থাতি হয়ে উঠতে থাকে। বস্তুটি যতই মনে স্থাতি হতে থাকে তার সংযোগ ঘটতে থাকে এবং ব্যক্তির চিস্তাধারার সাথে মিশে যেছে থাকে। চিস্তাবৃত্তে (circle of thought) পড়লেই মনে নতুন পারণাকে সাজিয়ে

সংক্ষণ তার সংযোগ ঘটতে থাকে এবং ব্যক্তির চিস্তাধারার সাথে মিলে থেছে থাকে। চিস্তাবৃত্তে (circle of thought) পড়লেই মনে নতুন পারণাকে সাজিয়ে গছিয়ে মনের পূর্বস্থিত একই পারণাঞ্জির মঙ্গে এক শ্রেণীর করে বাথে। ভারপর প্রয়োজন মত বিশেষ শ্রেণীভুক্ত সেই ধারণা বা অভিজ্ঞতাকে স্থানিয়ন্তিত পছছির মধ্য দিয়ে বাল্ডবে প্রশোগ করা হয়। তাই দেখা যাচ্ছে হাবার্তের মন্তান্থিক বিশ্লেষণ অনুসারে শিক্ষা প্রক্রিয়ার শ্বর হচ্ছে:—

- (১) স্থৃস্পষ্টতা (Clearness)
- (২) সংযোগ (Association)
- (৩) শ্রেণীভূক্তকরণ (Classification or Systematisation)
- (৪) প্রয়োগ-শৃদ্ধতি (Method)

হার্বাধ্বের এই শিক্ষাভন্তের চারটি ন্তর্বকে তার অন্ত্রগামীরা কি হুট। পরিবতিত করে পাঁচটি দ্যোপানে দাঁ দ বরান। স্ত্রুক্সস্থার্তরা (clearness) স্তর্রটি হার্বার্তের শিক্ষাভন্তের অন্তর্যন্ত গুরুত্বপূর্ণ। এই স্তর্রটিকে ভেলে ভিগর ছিলে করে তার জিলার (Zeiller), আয়োজন (Preparation) ও অপথামান। পাঁণটি উপস্থাপন (Presentation) এই তু'টি অংশে ভাগ পরেন কথা বলেন করেন। হার্বাহের শিক্ষাভন্তকে অন্ত্রসর্থণ করে তার অন্ত্রগামীরা যে পঞ্চ সোপান শিক্ষাপদ্ধভির (Five formal steps of Instruction) পৃত্তি করেন দেই পাঁচটি সোপান হচ্ছে:—

- (১) প্রস্তুতি বা আয়োজন (Preparation)
- (২) উপস্থাপন (Presentation)
- (৩) তুল্না (Comparison)
- (৪) সূত্ৰ গঠন (Generalisation)
- (৫) প্রয়োগ ও অভিযোজন (Application)

( বিশুবিত আলোচনার জন্ম তৃতীয় অধ্যায় দেখন )

হাবার্ত নির্দেশিত আদর্শকে গ্রহণ করে বর্তমানে পাঁচটি সোপানকে সংক্ষিপ্ত
সংগ্রিক আকাবে করে তিনটি সোপানে পরিবর্তিত করে বর্তমানে পাঠটীকা
বর্তমানে তিনটি ওরকে রচিত হয়। এই তিনটি সোপান হচ্ছে (১) আমোজন
বীকার করা চরেছে (Preparation), (২) উপস্থাপন (Presentation),
(৩) অভিযোজন (Application)। হাবার্তের পঞ্চ সোপানের তুলনা ও
প্রেগঠন এই হ'টি সোপান উপস্থাপনের মধ্যে নিব্রে মেওয়া হয়েছে।

শিক্ষাকে সার্থক করে ভোলার জন্ম হার্বার্ড নির্দেশিত পঞ্চ সোপান পছতি নীতিগতভাবে গ্রহণ করে পাঠটীকা রচনার প্রণানী বর্তমানে ব্যাপকভাবে প্রচলিত হলেও এই পছতির কয়েকটি ত্রুটি সম্পর্কে সচেতন থাকা দরকার।

#### । অসুবিপ্রা।

#### 11 Defects 11

আধুনিক শিশুকেন্দ্রিক শিক্ষা ব্যক্তিমুখীন্। ব্যক্তিগত পার্থক্যকে স্থীকার করে শিক্ষার প্রতিটি শিশুর শক্তি, কচি, আগ্রহ, প্রবণতা প্রভৃতি বিচার করে শিক্ষার পাঠটাকার মাধ্যমে ব্যবস্থা করাকেই শিশুকেন্দ্রিক শিক্ষা বলা হয়। পূর্বকল্পিড বিষয়কে পাঠটাকায় শিক্ষক শিক্ষার্থীদের সম্পর্কে পূর্বধারণাকে কাজে করা বায় না। লাগান। শিক্ষক শ্রেণীগত ভাবে পাঠটাকা রচনা করেন। ব্যক্তিমুখীন্ শিক্ষায় যে ভাবে প্রতিটি চাত্রের ব্যক্তিগত উৎক্ষসাংনের চেন্না করা হয়, এখানে তা সম্ভব নয়। পঞ্চ-সোপান শিক্ষা-পদ্ধতির মূলভিত্তি হাবান্তের শিক্ষাদর্শন। বর্তমান মনোবিজ্ঞানীগণ মনের গঠন ও গারণা করাব শক্তি সম্পর্কে হার্বার্থির মতবাদকে অভ্যন্ত বলে মনে কয়েন না।

পাঠটীকা-নির্ভর পাঠে শিক্ষক প্রধান ভূমিকা গ্রহণ পাঠটীকায় শিক্ষকের করেন। শিক্ষার্থীর। শিক্ষকের উপর নির্ভবশীল হওয়ায় তারা ভূমিকাই এগান স্ক্রিয়া অংশ গ্রহণ করাব স্থযোগ পায় না।

এ পদ্ধতিতে যে ভাবে পাঁচটি সোণানের মধ্যে বিষয়কে সীমাবক করে শিক্ষা দেওয়ার কথা বলা হয়েছে, ভার ফলে শিক্ষার মন্ত একটি স্বাভাবিক স্বতঃক্ত্ প্রক্রিয়া কৃত্রিম উচিচে ঢালা ও যান্ত্রিক (Mechanical) হয়ে পাঠটাকার শিক্ষালান কৃত্রিম ও যান্ত্রিক ভব শিক্ষালান-পদ্ধতি শিক্ষকের স্বাধীনতা হরণ করে নেয়। এই পদ্ধতিকে নিহার সাথে জ্বাসন্ত্র হলেপ্রাস্থ্রন মত পরিবর্তন ও পরিবর্ধন করা সম্ভব হয়ে ওঠে না। এছাভা বান্তব দিক থেকে বিচার করলে দেখা যায় স্কুলের নিদি? সময়ের মধ্যে পাঁচটি সোপানকে যথায়থ স্ক্রসরণ করে পভান সম্ভব নয়।

#### । শিক্ষকের কর্তব্য।

#### 11 Duties of the teacher 11

শ্রেণী শিক্ষার বছ দোষ ক্রটি জেনেও আমাদের শিক্ষাব্যবস্থায় শ্রেণী শিক্ষাব্যবস্থা মেনে নেওয়া হয়েছে। শ্রেণী শিক্ষাকে যত্টা সম্ভব দোষমুক্ত করার শিক্ষক পাঠটকার জন্ম হার্বাহের শিক্ষাপদ্ধতির প্রয়োগ করা যায়। পাঠটীকা দোষ ক্রটিগুলিকে রোধ রচনায় ও পাঠ পরিচালনায় শিক্ষক যত্টা সম্ভব ছেলেক্ষার চেষ্টা করবেল মেয়েদের সহযোগিতায় তাদেব প্রকাশের পথ উন্মৃক্ত করে দেবেন। পঞ্চসোপান শিক্ষা-পদ্ধতি শিক্ষকের স্বাধীনতা ধর্ব করেছে একথা বলা

ঠিক নয়। পশ্লেশানান পদ্ধতিতে শিক্ষাদানের কাঠামোটিই দ্বির করে দেওয়া হরেছে। যোগ্য অভিজ্ঞ শিক্ষক শিক্ষাদানকালে তাঁর প্রয়োজনমত পাঠটীকারণ পরিবর্তন সাধন করতে পারেন। কৌতৃহলী শিক্ষার্থীদের সব প্রশ্নই পাঠটীকার পরিকল্পিত পথ ধরে যাবে না। সে ক্ষেত্রে শিক্ষার্থীদের সবপ্রশ্নর সাথে সামঞ্জ্য বিধানের স্বাধীনত। আছে। পাঁচটি দোপান অমুসরণ সম্ভব নয় বা সর্বক্ষেত্রে প্রয়োজন নেই বলেই বর্তমানে তিনটি দোপানের স্বাধী হয়েছে। সাধারণ দোষ ক্রটি সম্বেও শ্রেণীশিক্ষা-ব্যবস্থায় হার্বান্তের শিক্ষাপদ্ধতির উপযোগিতাকে কোন ক্রমেই অস্বীকার করা যায় না।

### । পাইটীকা প্রস্তুত প্রণালী।

|| Planning a lesson Plan ||

# পাঠটীকা হবে শ্রেণীর উপযুক্ত-

কোন একটি বিষয়ের পাঠটাক। রচনার সময় শিক্ষককে কয়েকটি বিষয় মনে রাখতে হবে। প্রথমেই তাঁকে ধেয়াল রাখতে হবে কোন প্রেণীর জক্স পাঠটীকা রচিত হচ্ছে। প্রেণীভেদে ছাত্রদের বয়স ভেদ হয়, গ্রহণের শক্তির তারতম্য হয়। অনেক সময় একই কবিতা বা গাঠটীকা রচিত হবে গাডাংশ উচু ও নীচু প্রেণীতে পড়ান হয়—পাঠটীকা বচনায় শ্রেণীর কথা বিশেচনা করতে হবে। তারপর সময়—শামাদের অনেক কিছু বলার থাকতে পারে কিছু সময় মাত্র ৪০ মিনিট। তাই এমনভাবে পাঠটীকা রচনা করতে হবে যাতে সেই নির্দিষ্ট সময়ের মধ্যে যেন নির্দিষ্ট পাঠ শেষ করা যায়। কোন ঋতুতে পাঠদান হচ্ছে তা থেয়াল রাখতে হবে, কারণ ঋতু অন্থ্যায়ী পাঠদান ভিন্ন রকম হবে।

পাঠটীকা প্রস্তুতের সময় অনেকগুলি বিষয়ের উপর নজর রাণতে হবে।
কথন কথন কোন কোন শিক্ষা-সহায়ক উপকরণ ব্যবহার করা হবে তার উল্লেখ
পাঠটীকার রাখতে হবে। কথন কোন্ প্রশ্ন করা হবে
তার পরিকল্পনাও পাঠটীকায় থাকবে। কোণায় কোণায়
বোর্ডের ব্যবহার করা হবে, কোথায় কোণায় ব্যাখ্যা ও বর্ণনা করা হবে,
কোথায় কি কি পদ্ধতি অবলম্বন করা হবে তা পাঠটীকায় উল্লেখ করা থাকবে।
শিক্ষাকে বাস্তব্ ও জাবনের সঙ্গে সম্পূর্কযুক্ত করার চেটা পাঠটীকায় থাকবে।
পাঠটীকায় শিক্ষার্থীকে স্ক্রিয় করার ও তাদের অভিক্রতাকে কাজে লাগানোর
প্রচেটা থাকবে।

#### **遠(W型 (Aim)**―

ছেলেমেয়েদের কি বিষয়ে পাঠ দেওয়া হবে তা জাগে থেকেই ছির করে
নিতে হবে। তথু বিষয় ছির করলেই চলবে না, কোন বিষয়ের কডটুকু পাঠ

দেওয়া হবে, দেদিনকার বিশেষ পাঠ কি দে সম্পর্কে ছাত্রদের শানিয়ে দিভে ্চবে। পাঠের উদ্দেশ্য কি তা দ্বির করে পাঠপরিচালনা করতে হবে। শিক্ষার্থীরা যেন বুঝতে পারে নিদিষ্ট যে পাঠ ভারা গ্রহণ করছে পাঠপবিকল্পৰা তার লক্ষ্য কি ৷ স্থনিদিষ্ট উদ্দেশ্য দামনে না রেখে কোন উদ্দেশ্বহীন হবে না বিষয়ের পাঠ ভক হলে শিক্ষার্থীরা ব্রতে পারবে না ভাদের সামনে প্রতিপান্ত বিষয় কি ? পাঠটীকা লক্ষ্যে পৌছাবার দিকে দৃষ্টি রেথেই রচিত হবে। পাঠের লক্ষ্য বা উদ্দেশ্য ভেদে পাঠপরিকল্পনা ও পাঠ-পরিচালনার রূপ ভিন্ন হবে। জ্ঞানমূলক পাঠ (knowledge lesson) এবং রুদামুভতিমূলক পাঠের (appreciation lesson) উদ্দেশ একরকম হতে পারে না। উদ্দেশ্যের দিকে দৃষ্টি রেগেই পাঠ পরিচালিত হবে এবং দেই ভাবেই পাঠটীকা রচিত হবে। পাঠেব প্রত্যক্ষ ও পরোক্ষ উদ্দেশ্য থাকতে পারে, পাঠনিকায় তার উল্লেখ থাকবে। কোন পরিকল্পনা উদ্দেশ্যবিহীন হতে পারে না, পাঠদানও উদ্দেশবিহীন নয়, পাঠপবিকল্লনাও উদ্দেশবিহীন নয়। পাঠ-পরিকল্পনার উদ্দেশ্য হ'রকমের হয়,--মুখ্য ও গৌণ। পাঠদানের মাধ্যমে আভ যে ফল লাভ করা নায় তাকে মুখ্য উদ্দেশ বলে, আর গোণ উদ্দেশ হ'ল ঋপুর প্রদাবী । গৌণ উদ্দেশগুলির চরিতের গুণ হিসেবে ধীরে দীরে বিকশিত হয়।

#### উপকরণ (Aids)— '

ভধুমাত্র শিক্ষকেব মুগে গুনে চেলেনেফেদের তৃপ্তি হয় না। তাই পাঠকে দব
দিক থেকে আকর্ষণীয় করে তোলার জন্ত কানে শোনার সাগে চোথে দেখার
কি কি সরঞ্জাম ব্যবহার করা যেতে পারে তাও পূর্বে ছিব
পাঠদানে শিক্ষা সহায়ক
উপকরণগুলি প্রয়োজনীয
ব্যবহৃত হবে পাঠটা হায় তার উল্লেখ থাকবে। এই দব শিক্ষা
সহায়ক উপকরণগুলি (Teaching Aids) তু' রক্মের—সাধারণ ও বিশেষ।
চক্, ডাস্টার প্রভ্ ত উপকরণগুলি প্রতি বিষয়ের জন্ত প্রতি শোলতেই লাগে।
আর মানচিক্, চবি, মডেল, গ্রাফ ইত্যাদি বিভিন্ন উপকরণ বিভিন্ন শ্রেণীতে
বিভিন্ন বিষয় শিক্ষাদানের জন্ত বিশেষ পরিকল্পনা অনুযায়ী সংগ্রহ করতে হয়।

#### প্রস্তুতি (Preparation) —

পাঠদানকালে শিক্ষার্থীর মনকে প্রস্তুত করা এক কঠিন কাজ। আয়োজন বা প্রস্তুত্ব উপর পাঠ পরিচালনার সাফল্য অনেকথানি নির্ভরশীল। ছেলে-প্রজ্ঞান পরীক্ষাও নেয়েদের মধ্যে যদি আগ্রহ হৃষ্টি না হয়, তারা যদি নতুন আগ্রহ হৃষ্টি পাঠ। বিষয় সম্পর্কে কোতৃহলী না হয় ভাহলে ভাদের পড়াবার প্রস্তুত্ব অঙ্গ চেন্তা পগুপ্রয়ে পর্যবৃদ্ধিত হবে। নির্দিষ্ট পাঠ সম্পর্কে আগ্রহ হৃষ্টি করার জন্ম ও যে বিষয়ে পাঠ দেওয়া হচ্ছে সে সম্পর্কে শিক্ষার্থীর প্রজ্ঞান কতটা আছে শিক্ষক প্রাদিক প্রশ্ন করে তা জেনে নেবেন। প্রজ্ঞান

শরীক্ষার মধ্য দিয়েই প্রশ্ন করে দেদিনকার নতুন পাঠের সাথে পুরাতন অভিজ্ঞতার সংযোগ সাধন করে দেবেন। যদি বিষয়টি নতুন হন্ন তাহলে বিষয়াহগ প্রশ্ন করে আগ্রহ উদ্দীপ্ত করে শিক্ষার্থীর মনকে পাঠ গ্রহণের জক্ত প্রস্তুত করবেন। আমাদের মনে রাখতে হবে একই শ্রেণীর সমস্ত ছাত্রের পূর্বজ্ঞান ঠিক একই রকম নাও হতে পারে। ভাই প্রস্তুত্তি পরে আমাদের প্রধান কর্তব্য হচ্ছে আগ্রহ স্পষ্ট করে পাঠের উপযোগী পরিবেশ স্পষ্ট করা। আগ্রহ সঞ্চার কবতে শিক্ষক কি পদ্বা অবলম্বন কর্বেন সে সম্পর্কে শিক্ষক তাঁর স্বাধীন বিচারবৃদ্ধি ও অভিজ্ঞতার সাহায্য নেবেন।

# পাঠ খোষণা (Announcement of day's lesson) —

পাঠের উপযুক্ত পরিবেশে শিক্ষার্থীর মনকে নির্দিষ্ট পাঠ গ্রহণে প্রস্থাত করে—
গাঠটীকা ও পাঠঘোষণা

এর পূর্ব পর্যস্থা শিক্ষার্থীদের ঠিক জানা চিল না কি নিয়ে
আলোচনা হবে, পাঠঘোষণার পর পাঠ একটি স্থানিষ্ট পথ ধরে অগ্রসর হবে।

### ু উপস্থাপন (Presentation)—

পাঠ শুরু হলে শিক্ষক ধীরে ধীরে বিষয়বন্ধব ১ব্যে প্রবেশ করবেন। পাঠের স্থবিধার জন্ম নির্দিষ্ট পাঠকে ক্যেকটি পর্বে (unit) ভাগ বরা যেতে পারে। শিক্ষক ধারাবাহিক ভাবে একটির পর উপস্থাপন নাঠটাঝাব পর্ব বা অংশ শিক্ষার্থীদের সামনে উপস্থিত করবেন। বিষয় শুক্তপূর্ণ পর্যায় বস্ত্র ভেনে (জ্ঞানমূলক, রসাপ্তভৃতিমূলক, দক্ষতা পাঠ উপস্থাপনের রীতি-পদ্ধতি ভিন্নরূপ হবে। উপস্থাপনের ক্ষেত্রে, প্রশ্নোন্তর ও আলোচনা জ্ঞানমূলক পাঠে যে ভাবে করা হবে রদার্ভূতিমূলক পাঠে সে ভাবে করা হবে না। উপস্থাপন পর্যায়ে বিভিন্ন শিক্ষা সহায়ক উপকরণগুলি ব্যবহার করা হবে। এই ক্ষেত্রে বিভিন্ন শিক্ষাদান পদ্ধতি বিষয়বস্তুর স্বরূপ ও প্রকৃতি অনুষায়ী ব্যবহৃত হবে। উপস্থাপনই হচ্ছে পাঠটাকার দর্বশ্রেষ্ঠ প্র্যায়। ঠে প্রায়ে ব্যাথ্যা, বিশ্লেষণ, বক্ততা, আলোচনা ও প্রশ্নেত্রের মাধ্যমে শিক্ষাদান করা হবে। পাঠদানে শিক্ষার্থাদের দক্রিয়তা ও অভিজ্ঞতাকে কাজে লাগাতে হবে। শিক্ষ মহাত্ত্ভতির সক্ষে উপস্থাপন পর্বায়ে পাঠদান করবেন। এই পর্যায়ে শিক্ষকের পাঠদান ও বিষয়বস্তুর পরিবেশন নৈপুণার উপর পাঠদানের -সামগ্রিক সাক্ষ্যা নির্ভর করছে।

### অভিবোজন (Application)—

নির্দিষ্ট পাঠ আলোচনার পর শিক্ষার্থীরা কতট্কু বুঝতে পেরেছে এবং আভিবোজনে হাত্রদের যত্ট্কু বুঝতে পেরেছে তা প্রয়োগ করতে পারে কি না ন্রবলম্ব জান পরীক্ষা জানবার জন্ম আলোচ্য বিষয় থেকে শিক্ষক কতকঞ্চলি করা হয় প্রাপ্ত করবেন। শিক্ষার্থীরা যদি তাদের অ্বধীত বিভাকে সার্থক ভাবে প্রয়োগ করতে পারে তাহলে বুঝতে হবে ছেলেমেয়েদের পাঠ

আরম্ভ হয়েছে। এই প্ররোগের মধ্য দিয়ে ছেলেমেয়েদের অধীত জ্ঞানের ভিত্তিও দুঢ় হয়।

### বোর্ডের কাজ (Board Work)—

শ্রেণীতে যে পাঠ আলোচনা হ'ল তার কঠিন অংশ বা আলোচনার সারাংশ বোর্ডেব কাজে শিক্ষার্থীদের সহযোগিতায় বোর্ডে লিখে দেবেন! ছাত্রদের সহযোগিতা বোর্ডে লিখিত অংশ শিক্ষার্থীর। লিখে নেবে।

### বাড়ীর কাজ (Home Task) ~

পাঠ শেষ হলে বাডীর জন্ম শিক্ষার্থীদের কাব্র দেওয়া হবে। বাড়ীর কাব্র কাব্র দেওয়া হবে। বাড়ীর কাব্র ক

পাঠটীকা প্রান্থত প্রণালীর আলোচনা থেকে আমরা নিম্মরূপ একটি পাঠটীকার কাঠামো ভৈরী করতে পারি।

### পাঠ পরিলেখ

তারিথ—
বিজ্ঞানরের নাম—
শ্রেণী—
ছাত্র সংখ্যা—
গড বয়স—
সময় –
শিক্ষক—
উদ্দেশ্য—
প্রত্যকঃ

বিষয়:—

পাঠ্যক্রম:-

বিশেষপাঠ:--

আছকের পাঠ :--

পরোক্ষ: উপকরণ— প্রস্তুত্তি— পাঠ ঘোষণা— উপস্থাপন্— বোর্ডের কাজ— অভিযোজন—

বাডীর কাঞ্জ---

### পাই-পরিলেখ গ

रिशामय-- दाधकश्मीन भिन्न भारेगाना বিষয়-বাংলা ভাষা ও সাহিত্য

শ্ৰেণী-সপ্তম 'খ' বিশেষ—জভ্পাঠ

ছাত্রীসংখ্যা—৪০ জন माधादन भारे-(वहना'

গড় বয়স—১১ বছর+ পাঠ্যক্রম- * বেছলা কর্ত্তক লখিন্দরের

সময়---৪০ মি: . জীবন আনয়ন এবং মর্ভে

তারিথ--৮.১.৬৮ মনসাদেবীর পূজা প্রচার * অন্তকার পাঠ-এ

শিক্ষিকা-সন্ধ্যা মজুমদার এম-এ, বি.টি.

उत्सन्ध ।

মুখ্য :-- বেছলা গল্পের বিষয়বস্তু যণায়ণ অন্তথাবনে এবং ফ্রন্ড পঠনে ছাত্রীদের সহায়তা করা।

গৌণ:-- গল্প পাঠে এবং সাহিত্যে ছাত্রীদের আগ্রহ সৃষ্টি

প্রস্তৃতি : ছাত্রীদের পূর্বজ্ঞান পরীক্ষার্থে এবং অভ্যকার পাঠে তাদের মনকে আগ্রহশীল করে তোলবাব জন্ম শিক্ষিকা নিম্নলিগিড প্রশ্নগুলি জিজ্ঞাসা করবেন ;---

- (১) লখিন্দরের বিবাহ-বাসর বেন লোহার তৈরী কর' হয়েছিল গ
- (২) মনসা লখিন্দরকে দর্পদংশন করালেন কেন?
- (৩) মৃত স্বামীকে বাদর ঘরে দেখে বেচলা কি করলেন ?

পাঠসংজ্ঞাপন ঃ আজ আমরা স্বামীর জীবন আনয়নেব জন্য বেহুলার স্বর্গলোকে যাত্রা এবং মনসার মর্তে পূজা প্রচার সম্বন্ধে পড়ব।

শিক্ষিকা অন্তকার পাঠাংশটুকু শ্রেণীর স্কল ছাত্রীদের উপস্থাপন : জ্ঞত পাঠ করতে বলবেন। পাঠেব সময় খাতে ছাতীরা বিষয়বস্তুর ধারাবাহিকভাকে অচুদরণ করতে পারে দেজ্য শিক্ষিকা নিম্নলিখিত প্রশাবলী বোর্ডে লিখে দেবেন। চার্ত্রীরা বোর্ডের প্রশ্নের ভিত্তিতে অন্তকার পাঠ্যাংশটুকু नीत्रत्य छन्छ भार्र कत्रत्य। छांबीत्रा यथन नीत्रत्य भार्र कत्रत्व, তথন শিক্ষিকা সমগ্র শ্রেণীতে ঘুরে ঘুরে ছাত্রীদের নিভূলি

> (১) বেছলা স্বামীকে নিয়ে কোথায় যাবার প্রতিজ্ঞা করলেন ?

পঠনে এবং কঠিন শব্দের অর্থগ্রহণে দহায়ত। করবেন।

(२) (वल्ला लिबन्सराव प्रकार काम भाषा । किरम करव নিয়ে যাতা করলেন ?

- (৩) গাঙ্গুরের জলে ভাদতে ভাদতে বেছলা কি ঘটনা দেখে আদ্র্রে হয়েছিলেন? বেছলার আদ্র্রে হওয়ার কারণ কি?
- (৭) নেতা ধোপানীকে বেছলা কিদের জন্ম **অমুরোধ** করলেন ?
- (৫) বেহুলা স্বর্গে গিয়ে কি করলেন ?
- (৬) বেহুলার নৃত্যে দল্পই হয়ে মনসা কি করলেন ?
- (1) স্বামীর প্রাণ, স্বপ্তরের চৌদ্দ ডিস্থা ফিরে পেয়ে বেছলঃ কাকে দিয়ে মন্দার পূজা করাবেন বললেন ?

'**অভিযোজন :** ছাত্রীদের নবলক জ্ঞান পরীক্ষার্থে শিক্ষিকা নিম্নলিখিত প্রশ্নগুলি করবেন ,—

- (১) বেছলা মৃত স্বামীকে নিয়ে কি কবে স্বর্গে পৌছালেন ?
- (

  ) তিনি কিভাবে মন্সাকে সম্ভুট করে মৃত স্বামীর প্রাণ
  ফিরিয়ে আনলেন 

  ›
- (৩) টাদসদাগর মনসার পূজো শেষ পর্যস্ত কবলেন কেন ?

বাড়ীর কাজ: বাড়ী থেকে মত্যকার পাঠের সংক্ষিপ্তদার ছাত্রীদের লি**থে** আনতে বলা হবে।

### 'পাই-পরিলেখ

তারিথ —৮.৮.৬৮ বিত্যালয—ক্যালকাটা গার্গদ একাডেমি শ্রেণী—স**প্ত**ম বিষয়—বাংলা কবিতা

পাঠ্যপবিচয়—'জন্মভ্নির প্রতি'

চাত্রী সংখ্যা—৫ •

মাইকেল মধুস্থদন দন্ত। পাঠ্যক্রম * (১) থেপো মা দালেরে এনে…

গভ বয়স—১১+বংদব

জীবন নদে।

সময়—. ৫ মি:

उत्स्थाः

(२) 'কিন্তু যদি রাথ মনে'…হইতে শেষ। নির্দিষ্ট পাঠ—তারকা চিহ্নিত অংশ।

শিক্ষিকা—জ্যোৎসা দাস এম.এ.বি.টি.

মুখ্য :—রসদঞ্চারী গাঠের মাধ্যমে ।চন্তা, কল্পনা ও ভাববৃত্তির বিকাশ সাধন করে অন্তকার পাঠ ও বিষয়ের সারমর্ম গ্রহণ ও কবিভার রদাস্থাদনে চাত্তীদের সাহায্য করা।

গোণঃ—ভাষাজ্ঞান, শক্ষাণ্ডার বৃদ্ধি ও কবিতা পাঠে ছাত্রীদের মনে আগ্রহ স্বষ্টি কবা।

**উপকরণ:** ুকবিতার লেগক মাইকেল মধুস্থদন দত্তের একখানি ছবি।

শারোজন: যথামথ পরিবেশ স্পৃষ্টি করে ছাত্রীদের মনকে পাঠ্যাভিম্থী করার জন্ম এবং কবি ও কবিতা সম্পর্কে তাদের মনে অফুরাগ স্ফারের জন্ম নিয়রপ প্রশ্ন করা হবে:—

- (>) "নম: নম: ক্ষরী মম
  জননী বৃদ্ভূমি"—এই লাইনটি কাকে উদ্দেশ কক্ষে
  লেখা হয়েছে ?
- (২) বঙ্গভূমিকে জননী বলা হয়েছে কেন ?
- (৩) এই কবিতাটি কোন কবির লেখা?
- (৪) রবীক্রনাথের পূর্বে আধুনিক বাংলার শ্রেষ্ঠ কবির নামা বলতে পার ?
- (৫) মাইকেল মৰুস্থদন দত্তের ছই একথান। কাব্যপ্রাহের নাম বলভ ধ
- পাঠিযোৰণা : আজ আমরা কবি মধুস্থান দত্তের বিদেশ যাতার প্রাকালে জননী বঙ্গভূমিকে উদ্দেশ্য করে লেখা "জন্মভূমির প্রতি" কবিতাটি পডে রসাঝাদন করব।
- উপছাপনা: (ক) এবার আবেগায়ভৃতির সাথে চন্দ, যতি ও ছেদের প্রতি লক্ষ্য রেখে সমগ্র কাবভাটির একটি বসমধুর পাঠ দেওয়া হবে। এই পাঠ ছাত্রীদের মনে কভটা রেখাপাত করেছে জানবার জন্ত নিমন্ধপ কয়েকটি প্রশ্নের অবভারণা করা হবে:—
  - ' (১) ''রেখো মা দাদেরে মনে''— দাদ বলতে কবি কাকেবুঝিয়েছেন ?
    - (২) মনে রাথবার কথা কবি কেন বলেছেন ?
    - (৩) 'মা' বলে কবি কাকে সংখাধন করেছেন ?
    - (খ) এবার চাত্রীদের ব্বাবার স্থবিদার জন্ম কবিতাটির প্রথম অংশ পাঠ করে শোনান হবে। কঠিন শব্দের অর্থ ও কঠিন অংশের ব্যাখ্যা করে ব্বিয়ে দেওয়া হবে। চাত্রীদের সহযোগিতায় আলোচনা কালে নিমন্ত্রপ প্রশ্নগুলি করে চাত্রীদেব মন পাঠে নিবদ্ধ রাখা হবে ,—

প্রথম অংশ--"বেখো মা দাদেরে মনে · · · জীবন নদে"

- (:) "সাধিতে মনের সাধ ঘটে যদি পরমাদ —"
- (ক) কবির মনের কি কি সাধ ছিল ?
- (খ) পরমাদ বলতে কবি কি বোঝাতে চেয়েছেন?
- (২) "মন কোকনদে"—কথাটির অর্থ কি ?
- (১) কাহার মনকে কোকনদ বলা হয়েছে?
- (৪) 'মধুহীন করোনা'—কি অর্থে ব্যবহার করা হয়েছে ? এবার ছাত্রীদের কয়েকজনকে কবিভাটি পড়ড়ে বলা হবে ও প্রয়োজন হলে পাঠ সংশোধন কুরে দেওয়া হবে।

ন্বৈতির কাজ : চাত্রীদের সহযোগিতায় কঠিন কঠিন শব্দের অর্থ ও প্রয়োজনীয়

অংশের ব্যাধ্যা বোর্ডে লিখে দে হয়া হবে ও তাদের নিজেদের থাতায়

লিখে নিতে বলা হবে।

শ্বে ভিবেশজন ঃ নবলদ্ধ জ্ঞানের ভিত্তিকে দৃঢ় করার জন্ম ও পঠিত কাব্যাংশটি ছাত্রীরা হৃদয়ক্ষম করতে পেরেছে কি না জানবার জন্ম নিয়ন্ত্রপ কয়েকটি প্রশ্ন তাদের কাতে উপস্থাপন করা হবে :—

- (১) কবি জীবনকে নদীর সাথে তুলনা করেছেন কেন ?
- (২) "জীবন প্রবাহ বহি কাল সিন্ধু পানে ধায়"
- (ক) এই লাইনটিতে কি বোঝান হয়েছে ?
- (থ) কেন কবি এই লাইনটি রচনা করেছেন ?
- (৩) 'অমর কে কোথা কবে ?'
- (ক) পৃথিবীতে অমরতা লাভের কি উপায় ?

্বাড়ীর কাজ: আবৃত্তির প্রতি অহ্রাগ স্প্রির জন্ম ছাত্রীদের বাড়ী থেকে পঠিত অংশ মুথস্থ করে আনতে বলা হবে।

#### পାঠ-পরিলেখ

বিত্যালয়—লেক বালিকা বিত্যালয়
শ্রেণী—সপ্তম 'খ'
ছাত্রী সংগ্যা—৪৫
গড বয়স—১১ + বংসর
সময়—৪০ মিনিট
তারিখ—৮।১০।৬৮
শিক্ষিকা—বিভা চৌৰ্রী, এম এ বি টি.

বিষয়—ভ্গোল
বিশেষ বিষয়—আগ্নেমগিরি
পাঠ্যক্রম—(:) * আগ্নেমগিরির গঠন
(:) * অগ্নাংপাডের কারণ
(:) অগ্নাংপাডের ফলাফল
অন্তকার পাঠ—তারকা

চিহ্নিত অংশ

উদ্দেশ্য: প্রত্যক্ষ উদ্দেশ্য:—আগ্নেয়নিরির গঠন ও অগ্নুয়ৎপাতের কারণ সম্বন্ধে জ্ঞানলাভ করা।

> পরোক্ষ উদ্দেশ্য:— ছাত্রীদের চিন্তা ও করনাশক্তির বিকাশে সহায়তা করা ও ভূগোল পাঠে আগ্রহের সৃষ্টি করা।

উপকরণ ঃ আগ্নেরগিরির বিভিন্ন অংশ সম্বন্ধে অন্ধিত চিত্র।
আাম্যোজন ঃ ছাত্রীদের মন পাঠ্যাভিম্থী করার জন্ম শিক্ষক নিম্নরূপ প্রশ্ন করবেন।
প্রয়োজন বোধে পূর্বজ্ঞানের সহায়তা গ্রহণ করা হবে।

- (১) পৃথিবীর অভ্যম্ভর ভাগ কিরূপ পদার্থ দারা গঠিত ?
- (২) পুণিবীর অভাস্তরস্থ পদার্থ উত্তপ্ত কেন ?
- (৩) ভূ-অভ্যম্ভরম্ব উত্তপ্ত পদার্থ কোন কোন উপায়ে ভূ-জকের উপরিভাগে আদে ?

- (৪) মাঝে মাঝে পৃথিবীর উপরিভাগ কেন কাঁণে ?
- (e) ভূ-কম্পনের ফলে পৃথিবীর উপরিভাগে কি কি পরিবর্তন ঘটে?

পাঠ খোৰণাঃ আজ আমরা 'আগ্রেযগিরি ও অগ্যুৎপাতের কারণ' সম্বন্ধ আলোচনা করব।

#### উপস্থাপন

বিষয় "১"—পৃথিবী এককালে জ্বনন্ত অগ্নিপিণ্ডের মত ছিল। ভূ-অকের উপরিভাগ কঠিন ও শীতল হলেও উংগর অভ্যন্তরভাগ অত্যন্ত উত্তপ্ত। উপরের প্রস্তর, মাটি ইত্যাদির চাপে ভিতরের প্রব্য তরল অবস্থায় পরিণত হতে পারে না। যদি কোন কারণে উভয়ের চাপে হ্রাস পায় তাংলে উহা গলে যায় এবং ভিতর হতে গলিত পদার্থ জলীয় বাষ্প (উহাকে ম্যাগমা বলা হয়) ভূ-ত্বক ফাটিয়ে উপরে ওঠে এবং স্তরে ক্রমে পর্বতের আকার ধারণ করে। সেই পর্বতকে আগ্রেয়গিরি বলে।

পদ্ধতি "১"— আলোচনার স্থবিধার্থে সমগ্র পাঠটি চারটি অংশে বিভক্ত করা হবে। শিক্ষিকা প্রয়োজনমত ওঁকে দেখাবেন।

- (১) পৃথিবী সৃষ্টির প্রথম অবস্থায় কিরূপ ছিল ?
- (২) পৃথিবীর উপরিভাগ ও অভ্যম্ভর ভাগ কিরূপ গ
- ভূ-অভ্যস্তরের প্রস্তর মাটি ইত্যাদি কেন গলিত হতে পারে ন। ?
- (৪) ভূ-অভ্যন্তরস্থ গলিভ পদার্থ কি করে ভূত্তকের উপরে আদে ?
- (৫) 'ম্যাগমা' কাকে বলে ?
- (৬) আগ্নেয়গিরি কিরপে স্ষ্টি হয় ?

বিষয় "২"—ভূগর্ভের উত্তপ্ত পদার্থ যথন উপরে মাদে তাকে লাভা বলে।
ভূ-পৃষ্ঠের এক গোলাকার ছিত্র দিয়ে এই লাভা বাহির হয়। একে আগ্রেমগিরিমধ্যম্থ নালী বলা হয়। নলের নীচে একটি প্রকাণ্ড গহররে গলিত পদার্থসমূহ
দক্ষিত থাকে তাকে ম্যাগমা চেম্বার বলে। আগ্রেমগিরির শিধরে বাটির আকারে
এক গহরর থাকে। তাকে জালামুখ বা Crater বলে। অনেক সময় মূল নল
দিয়ে লাভা না বাহির হয়ে অক্স পথে পর্বত গাতের এক ভিন্ন স্থান দিয়ে উপরে উঠে
এবং তলায় জ্ঞালামুখ সৃষ্টি করে, এইভাবে একাধিক জ্ঞালামুখ সৃষ্টি হয়।

পদ্ধতি "২" (১) 'লাভা' কাকে বলে ?

- (২) আগ্নেয়গিরি নালী কাকে বলা হয় ?
- (১) ম্যাগমা চেমার আথেয়গিরির কোন অংশে থাকে ?
- (৪) ম্যাগমা চেম্বারে কোন কোন জি.নিস সঞ্ছিত হয় ?

- (4) आराम्मनितित 'जानाम्थ' कारक रात ?
- (১) একটি আগ্নেয়গিরিতে একাধিক জালামুখ কিভাবে সৃষ্টি হয় ?

বিষয় "৩" কোন কোন স্থানে অগ্যুৎপাতের পূর্বে ভূ-পৃষ্ঠ ঘন ঘন আন্দোলিভ হয়। একে ভূমিকম্প বলে। ভূমিকম্পের ঠিক পূর্বে মাটির নীচে গুড় ভূড় শব্দও শোনা যায়। হঠাৎ একস্থান থেকে গলিত লাভা ও ছাই ইত্যাদি আকাশের বছদ্র বিস্তৃত হয়। পরে অরে অরে স্থিত হয়ে মোচাক্লতি এক প্রতির স্পষ্ট করে।

# পদ্ধতি "৩" (১) অগ্বাৎপাতের পূর্বে ভূ-পৃষ্ঠের অবস্থা কিরুপ হয় ?

- (২) অগ্ন্যুৎপাতের পূর্বের আন্দোলনকে কি বলে?
- (৩) আগ্নেয়গিরির পার্ষে মোচাক্বতি পর্বত কিভাবে স্বষ্ট হয় ?

বিষয় "8" যে আগ্নেয়নিরি হতে অবিরক্ত বা মাঝে মাঝে অগ্নু হপাত ঘটেতাকে জীবস্ত (active) আগ্নেয়নিরি বলে। যে আগ্নেয়নিরি হতে বছদিন অগ্নু হপাত হয় না কিন্তু যে কোন শময় হতে পারে তাকে হপ্ত (dormant) আগ্নেয়নিবি এবং যে আগ্নেয়নিরি হতে অগ্নু হপাতের কোন সন্থাবনা নেই তাকে মৃত্ত আগ্নেয়নিরি বলে। পৃথিবীতে এক হাজারের মত আগ্নেয়নিরি আচে, তার, মধ্যে ৪০০ জীবস্ত আগ্নেয়নিরি।

# পদ্ধতি "১" (:) কোন ঝাগ্নোগিরিকে 'জীবস্ত' বলে ?

- (>) স্থপ্ত আগ্নেয়গিরি কাকে বলে ?
- (৩) মুত আগ্নেয়গিরি কাকে বলে ?
- (৪) পৃথিবীতে মোট কভটি আগ্নেয়গিরি আছে ?
- (e) মোট কতটি জীবস্ত আগ্রেম্নিরি আছে?

বোর্ডের কাজ ঃ—শিক্ষিকা ছাত্রীদের সহায়তায় আলোচনার সারাংশ বোর্ডে লিগে দেবেন।

#### **আয়োজনঃ** নবলব্ধ জ্ঞান পর্বাক্ষার্থে শিক্ষিকা নিম্নরূপ প্রশ্ন করবেন।

- (.) পৃথিবী সৃষ্টির প্রথম অবস্থায় কিরূপ ছিল ?
- ভ্-মভান্তরস্থ গলিত উত্তপ্ত পদার্থ কিরপে ভৃপ্ঠের উপরিভাগে আদে?
- (৩) 'ম্যাগমা চেম্বার' কাকে বলে? কোন স্থানে এর অবস্থিতি?
- (s) অগ্ন্যংপাতের পূর্বে ভূ-পৃষ্ঠের অবস্থা কিরূপ হয় ?
- (e) আগ্নেরগিরিতে একাধিক জালামুধ বিভাবে স্কাষ্ট হয় ?

বা**ড়ীর কাজ :** একটি আয়েয়গিরির চিত্র এঁকে বিভিন্ন অংশ দেখতে বলা হবে।

#### পার-পরিলেখ

ভারিথ--:৮. ৮. ৬৮

বিস্থালয়—ক্যালকাটা গাৰ্লস একাডেমি

শ্ৰেণী—অষ্টম 'ক' শাখা

-চাত্রী সংখ্যা--২৮

গড বয়স---১৩+বংসর

সময়—৪৫ মি:

বিষয়—ই তিহাস

পাঠ পরিচয়---নবজাগরণ

পাঠ্যক্রম:—(ক) নবজাগরণ ও

তাহাঁব প্রস্তুভি

(খ) স্থাপত্য, ভাস্কা্য ও চিত্রশিল্পে

নবজাগরণের প্রভাব

শিক্ষিকা—ভ্যোৎস্থা দাস এম. এ. বি. টি

* (গ) ধর্মদ স্থার— মার্টিন লুধার অন্তকার পাঠ—তারকা চিহ্নিত অংশ ৷

উদ্দেশ্যঃ মুখ্যঃ— নবজাগরণের যুগে মার্টিন লুণার এটিধর্মে যে বির।ট পরিবর্তনের স্থচনা করেন সেই সম্পর্কে জ্ঞানলাভ করতে

ছাত্রীদের সাহায্য করা।

গৌণ :—নবজাগরণের যুগের ধর্মসংস্কার সম্পর্কে আলোচনা করে ছাত্রীদের ইতিহাস পাঠে আগ্রহ ও স্বাধীন বিচারশক্তি

, বিকাশের সহায়তা করা।

**উপকরণঃ** মার্টিন লুথারের একখানি চিত্র ও ইউরোপের একটি মানচিত্র।

আমোজন ঃ ঐতিহাসিক পরিবেশ সৃষ্টি করতে চাত্রীদের পূর্বজ্ঞানের উপর নির্ভর করে নিয়ক্প কয়েকটি প্রশ্ন করা হবে :—

- (১) ইউবোপের নবজাগরণ কোথায় শুরু হয় ?
- (২) নবজাগরণের উপর কোন্ দেশের প্রভাব কার্যকরী হয়েছে ?
- (৩) এই যুগে খ্রীষ্টানদের ধর্মগুরুকে কি বলা হ'ত ?
- (৪) এই পোপ কোথায় বাদ করেন ?

পাঠ ছোষণা । নবজাগরণের যুগে জীবনের স্বক্ষেত্রে যে পরিবর্তনের স্ক্রনা হয়েছিল, ধর্মক্ষেত্রেও তার কোন ব্যতিক্রম হয় নি। এই যুগের স্বশ্রেষ্ঠ ধর্মসংস্কারক মার্টিন লুথারের জীবনী আজ আমরা আলোচনা করব।

উপস্থাপন: ছাত্রীদের বোঝাবার স্থবিধার জন্ম অন্থকার পাঠ নিম্নরণে ভাগ করে বর্ণনা ও প্রশ্নের মাধ্যমে উপস্থাপন করা হবে। আলোচনা-কালে প্রয়োজনীয় উপকরণের সাহায্য গ্রহণ করা হকে।

বিষয় (ক) মধ্যুগে এটান পুরোহিতেরা এক নীতিভ্রষ্ট অনাচারীর জীবন বাপন করত। ফলে ধর্মক্ষেত্রে নানা অনাচার প্রবেশ করেছিল। নবজাগরণের মুগে বাইবেলের জ্ঞাবাদের ফ্রে সাধারণ মান্ত্র বাইবেলের যথার্থ শিক্ষা পঃ দিন্তীয় পর্ব—>২ রূপের দক্ষে পরিচিত হয়, এবং হুনীভির বিরুদ্ধে তারা প্রতিবাদ চুক্ত করে।
স্থায় পোপও ধর্ম অপেক্ষা অর্থকেই শ্রেম মনে করতেন এবং তিনি অর্থ সংগ্রহের
অন্ত মৃক্তিপত্র বিক্রমের ব্যবস্থা করেন। যে কোন লোক মৃক্তি ক্রম করে পাপ
থেকে মৃক্তি লাভ করতে পারতো। জন্ ক্যাসভিন, ইরাদমাক্ প্রভৃতি নেতৃবৃক্ষ
এই ব্যবস্থার তীত্র প্রতিবাদ করেন।

প্রতি (ক) ১। মধ্যযুগের মাজ্য পুরোহিতদের উপর কেন বীতশ্রক হয়েছিল?

- २। वाहरतन अञ्चलादि कन कि हाराहिन ?
- ৩। মৃক্তিপত্র কাকে বলে ?
- ৪। পোপ কিকপ জীবন যাপন করতেন।
- বিষয় (খ) যাজক সম্প্রদায়ের অনাচারের বিরুদ্ধে জার্মানীতে মার্টিন
  ল্থারের নেড়ত্বে এক আন্দোলন দেখা দেয়। এই তরুণ
  সন্ত্যাদী জার্মানীর উন্টেবার্ক বিশ্ববিভালয়ের অধ্যাপক
  ভিলেন, তিনি মানবভাবাদ ও বাইবেলের সরল আদেশে
  অহুপ্রাণিত হয়েছিলেন। পোপ দেণ্টিপিটার গির্জা নির্মাণের
  বায় নিবাধের জন্ত মৃত্তপত্ত বিক্রয়ের কথা ঘোষণা করলে
  ভিনি তার তার প্রতিবাদ করেন।
- পদ্ধতি (ব) ১। পূর্বোহিতদের বিককে আন্দোলন কোথায় তীত্র আকার ধারণ করে ?
  - ২। এই আন্দোলনেঃ নেতা কে ছিলেন ?
  - ৩। তিনি কি কারণে পোপের বিরোধিতা করেন?
  - ৪। পোপ মৃক্তিপত্র বিক্রয়ের কথা কেন ঘোষণা করলেন ?
- বিষয় (গ) লৃথারের আন্দোলনের ফলে চার্চের আনাচারের বিরুদ্ধে প্রথল জনমতের স্পষ্ট হ'ল। লৃথার বললেন, অস্কুভাপই পাপ মোচনের একমাত্র উপায়। বাইবেল পডলেই ধর্মের মূল কথা জানা যায়, সেজন্ত পোপের অধীনতা স্বীকারের প্রয়োজন নেই। পোপ-দশম লিও ও পঞ্চম চার্লদ অনেক চেষ্টা করেও জনমতকে দমন করতে পারলেন না। লৃথারের পক্ষে প্রবল জনমত স্পষ্ট হ'ল। জার্মানী ছটি দলে বিভক্ত হয়ে গেল। প্রাচীন পদ্ধীরা রোমান ক্যাথলিক ও লৃথারের অস্পামীরা প্রোটেক্ট্যান্ট বলে পরিচিত হ'ল।
- প্রমৃতি (গ) >। মার্টিন ল্থার পাপ মৃক্তির উপায় সম্পর্কে কি বলেছিলেন।
  - ২। মার্টিন ল্থারকে কে কে বাধা দিয়েছিলেন?
  - ৩। এই সময়কার পোপ কে ছিলেন ?
  - 8। মার্টিন লুথারের অনুগামীদের কি বলা হ'ত ?

- ব্**বার্ডের কাজ:** আলোচনা শেষে ছাত্রীদের স্থবিধার জন্ম পাঠের সারাংশ ছাত্রীদের সহযোগিতার বোর্ডে লিখে দে ভরা হবে ও তাদের থাতার লিখে নিতে বলা হবে।
- **অভিযোজন ঃ** নির্দিষ্ট পাঠ ছাত্রীরা আয়ত্ব করতে পেরেছে কি না জানবার জন্ম সমগ্র আলোচ্য অংশটির উপর কয়েকটি প্রশ্ন করা হবে।
  - ১। মার্টিন লুথারের পূর্বে ধর্মদংস্বারের জন্ম আর কে কে আন্দোলন করেছিল ?
  - ২। মুক্তিপত্র বিক্রয়ের কি উদ্দেশ্য ছিল ?
  - ৩। লুথাবের অন্তর্গামীদের প্রোটেস্ট্যাণ্ট কেন বলা হ'ত ?
- বাড়ীর কাজঃ চাত্রীদের বাড়ী থেকে নবজাগরণের একটি 'সময় রেপা এঁকে আনতে বলা হবে।

#### প্রশাবলী

- 1, In what form do you prefer to cast your notes of lessons and why?
- 2. What are the criteria of an effective lesson? How should you plan and give a lesson that it may be effective?
- 3. Write notes on :
  - (a) Formal steps of Herbart
  - (b) Main types of lessons
  - (c) Planning a lesson
- 4. What are the essertial elements in preparation of lesson plan? Elucidate their implications.

#### নবম অধ্যায়

# অনুবন্ধ প্রণাদী

# (CORRELATION OF STUDIES)

। হার্নাহর্ভের ভক্ত্ত্ব। ।। Herbart's Theory।।

শিক্ষায় একটি পাঠ্যক্রম অহুস্ত হয়। এই পাঠ্যক্রমে বহু বিষয়ের সমাবেশ করা হয়। পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত বিষয়গুলির প্রত্যেকটিকে একক ও অন্ত-নিরপেক ধরে নিয়ে দেই ভাবে সময় তালিকা রচনা করে একটি বিষয় আর একটি শ্রেণীতে শিক্ষার ব্যবস্থা করা হয়। অর্থাৎ জানার বিষয়-বিষয় থেকে বিচিছ্ন নয় গুলিকে ভিন্ন ভিন্ন করে খণ্ড খণ্ড ভাবে িক্ষার্থীদের শিক্ষা দেওয়া হয়। কিন্তু একটু তলিয়ে দেখলে দেখা যায় আমরা যে সব বিষয়কে অন্তনিরপেক্ষ বা স্বতম্ভ মনে করি দে সব বিষয় সব সময় স্বতম্ভ নয়। তাদের মধ্যে একটা ঘনিষ্ট যোগতত রয়েছে। পাঠাক্রমের বিভিন্ন আমরা ' 'রুদ্ধকক' (Closed compartment),—একটির বিষয়গুলকে সাথে আর একটির কোন সম্পর্ক নেই একথা যেন মনে না করি। **আমাদের** বিষয়গুলি একটির সাথে অপরটি নিঃসম্পর্কীয় नम्र। नाना অভিজ্ঞভার মধ্য দিয়ে যে জ্ঞান আমাদের মধ্যে সঞ্চিত হয় সেই জানরাশি পরস্পার সম্পর্কযুক্ত হয়ে শুবালাবত্ত ও স্থুসজ্জিত হয়। হার্বার্ড বলেন পুরাতন জ্ঞানের সাহায্যেই আমরা নতুন জ্ঞান আহরণ করি। জীবনের যাত্তাপথে প্রতি-নিয়ত আমরা নতুন অবস্থার সমুখীন হচ্ছি,—নতুন অভিজ্ঞতা লাভ করছি। এই নতুন অভিজ্ঞতাকে পুরাতন অভিজ্ঞতার আলোকে বিচার করে ভার সাথে সম্পর্কযুক্ত করে নেওয়া হচ্চে। এমনি করে পূর্বসঞ্চিত জ্ঞানরাশির সাহায্যে আমাদের জ্ঞানের পরিসর রন্ধি পাচেছ। ফ্রশুখন ফুক্তিনঙ্গত ঐক্যবদ্ধ চিম্ভাগারাই আমাদের চরিত্র গঠন করে। হার্বার্ড বলেন আমাদের চরিত্র নির্ভন্ন করে আমাদের ইচ্ছাশক্তির উপর, ইচ্ছাশক্তি আকাজ্ঞার উপর, আকাজ্ঞা আগ্রহের উপর ও আগ্রহ চিন্তার্ভের উপর। এই চিন্তাধারার মধ্যেই আমাদের অম্বর্নিহিত যত কর্মপ্রেরণা, এখানেই শিক্ষার প্রধান উদ্দেশ্ত নিহিত। চিন্তা-ধারার ব্যাপক ও স্থপামঞ্জভাপন ব্যবহারের মধ্য দিয়েই চরিত স্থপঠিত হতে পারে -('Since character depends upon will, will upon desire, desireupon interest and interest upon 'circle of thought,' in which the whole inner activity has its abode, it follows that the main business of education lies here, for a strong character can be formed only by cultivating an extensive and coherent circle of thought'.) হার্বাত্রের মতে অপৃথাল ও সভবেদ্ধ চিস্তাপারা স্থান্ট করাই শিক্ষার আসঃ উদ্দেশ্ত (immediate aim), ভিনি বলেন শিক্ষার পূর্বশক্তির ব্যবহার তাঁরাই করেন গারা জানেন কি করে শিশুর ভরুণ মন জ্বড়ে দৃঢ় স্থান্থন বিস্তৃত চিস্তাপ্তরের স্থান্ট করেনে হয়—''Those only wield the full power of education who know how to cultivate in the youthful soul a large circle of thought closely connected in all its parts''

#### । त्थिनी शालेन ।

#### || Class Teaching ||

বর্তমান শিক্ষা ব্যবস্থা শ্রেণী পাঠনকে স্বীকার করে নিয়েছে। বিভালয়ের বিভিন্ন চাত্র তাদের শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী কয়েকটি শ্রেণীতে বিভক্ত। এই সব শ্রেণীর সঞ্চে মিলিত হয়ে শিক্ষক শিক্ষাদান করেন। শ্ৰেণী পাঠন ও বিষয়-এই পাঠদান গোষ্ঠা পাঠদানের (Group teaching) :বিভাজন নীতি পর্যায়ে পড়ে। একজন শিক্ষক একদঙ্গে অনেকগুলি শিক্ষার্থীকে পাঠদান করেন। বিভিন্ন শ্রেণার পাঠাক্রম আধার কতকগুলি বিষয়ে (Subjects) বিভক্ত প্রতিটি বিষয় শিক্ষা দেওয়ার জন্ম বিষয়-(Subject-teacher) থাকেন। এই পদ্ধতি শিক্ষাত্ত বিরুদ্ধ: কারণ হার্বার্তের মতে জ্ঞান এক, অথও ও অবিভাল্য। প্রখ্যাত শিক্ষাবিদ পেন্তালংদী (Pestalozzi) ও গুনু ডিউই (John Dewey) মেনে নিয়েছেন। শ্রেণী পাঠন ও বিষয় বিভাজন নীতি তাই শিক্ষা দর্শনের পরিপন্থী। তাচাডা মান্তবের ব্যক্তিত্ব, চরিত্র ও বোধশক্তির রূপও সামগ্রিক। কোন ব্যক্তির ব্যক্তিত্ব (Personality) বা চরিত্র (Character) সামগ্রিক ভাবেই বিকশিত হয়। এ প্রস্থান্ত K. Nesiah ব্লেছেন,—"A person does not truly function by fractions, nor is he educated by fractions. You educate a person, not a part of a person; and you educate, ultimately to integrate personality. Besides knowledge is a unity, not only as it appears and appeals to the child, but in its ultimate end purpose. Learning is better done by wholes than by parts; a study unit is best dealt with as a whole, subjects are best studied in relation to each other and to life ....." (Social Studies in Schools). শিক্ষাদানের সময় তাই বিভিন্ন বিষয়কে সম্পর্কযুক্ত করার প্রশ্ন আদে। হার্বার্ডের শিক্ষাতত্ত্বর উপর ভিত্তি করে তারই অন্ধ্রণামী জিলার (Ziller) অন্থবন্ধ প্রণালীর ম্পষ্ট ব্যাখ্যা দেন। সেই পদ্ধতিকেই পরবর্তীকালে নানাভাকে ব্যাখ্যা ও প্রয়োগের প্রচেষ্টা হয়েছে।

# । বিষয় সমূহ অন্য-হিরপেক্ষ নয়।

|| Subjects are not Independent ||

হার্বার্ডের শিক্ষাভত্ত্বের পূর্বসঞ্চিত ধারণার সাথে অুসংবদ্ধ ও সম্পর্কযুক্ত হয়ে নতুন ধারণা গড়ে উঠে ও চিন্তাধারার ঐক্য সাধিত হয়। এই মতবাদকে আশ্রয় করেই তাঁর জ্ঞান অপণ্ড এবং প্রত্যেক বিষয়ের জান অসুগামীরা "বিভিন্ন বিষয় একটি আর একটির সাথে সম্পর্কযুক্ত" এই মতবাদের অর্থাৎ অমুবদ্ধ পরস্পর সম্পর্কয়ক্ত প্রণালীর স্ষষ্টি করেন। এই ভত্ত অমুসরণ করে বলা যায় জ্ঞান অখণ্ড এবং প্রভ্যেক বিষয়ের জ্ঞান পরস্পর সম্পর্কযুক্ত। পাঠ্যক্রমের অস্বভূতি বিষয়গুলিকে পরম্পর সম্পর্কহীন স্ব স্ব প্রধান মনে করলে ভুল করা হবে। অনেক সময় আমর। অত্যন্ত নিকট সম্পর্ক-যক্ত বিষয়গুলিকেও আলাদা করে দেখি। লেখা-পড়া হুটো বিষয় অঙ্গাঞ্চিভাবে ক্ষডিত। এদেরও ভিন্ন ভিন্ন করে শিক্ষা দেওয়া হয়। ইতিহাস-ভূগোল, অম্ব-বীজগণিত এদের মধ্যে যে এক্যম্বত রয়েচে সেকথা আমরা ভূলেই যাই। এই বিষয়গুলির একটি পড়াতে প্রাদাধক ভাবেই আর একটি এনে যায়। পাঠ্য প্রতিটি বিষয়কে চাত্রদের পথক পুথক ভাবে না পাড়য়ে একই শ্রেণীভুক্ত বিষয়দমূহের মধ্যে যোগস্ত স্থাপন করে যাদ দে বিষয়গুলি একদাথে পড়ান ষায় তাহলে চেলেমেয়েদের পক্ষে বঝতে স্থাবধা হয়।

# ॥ অন্তুৰহ্ম প্ৰণালী কি ?॥

|| What is Correlation ||

সমজাতীয় বিষয়-সমূহের মধ্যে যোগসূত্র স্থাপন করে পড়াবার:
প্রাণালীকেই অন্মুবন্ধ প্রণালী বলা হয়। অন্নবন্ধ প্রণালীর শিক্ষাকে
প্রসালালণ নিক্ষাও বলা হয়ে থাকে। এক বিষয় আলোচনাকালে আলোচনার
ক্তর ধরে প্রাণালিক অন্ন বিষয় অবভারণা কর। ও বিভিন্ন
বিষয়ের মধ্যে যথাসন্তব বিভেদ ঘূচিয়ে একসাথে পড়ানই
সংজ্ঞা

ভ'ল অন্নবন্ধ প্রণালীর গোড়ার কথা। প্রসাল্পক্রমে এমন
সব শিক্ষণ সন্তাবনাপূর্ণ বিষয় উপন্থিত করতে হবে যে বন্ধনিপ্ত পড়বার স্থবিধা উপলব্ধি
করে বর্তমানে শিক্ষাবিদ্যাণের মধ্যে শিক্ষায় বিশেষ করে শিক্তশিক্ষায় অন্নবন্ধ

প্রণালীকে অনুসরণ করার একটা প্রবেণ্ডা দেখা গিয়েছে। শিক্ষার্থীর পাঠ্য বিষয়ের সঙ্গে যখন সম্পর্কিত কোন বিষয় যা অন্ত কোন বিষয় বা ক্ষেত্র থেকে সংগৃহীত হয়েছে ভার সামজ্ঞ বিধান করা হয় ভাকে অন্তবন্ধ বলে,— "Correlation means the secking and utilising of points of contact and relationship among subject in order to bring about association in the general field of knowledge and, to some degree, among the various farts of the curriculum." কোন বিষয় পাঠদানের সময় আমরা অন্ত বিষয়েত্র কোন অংশের বিশেষ সম্পর্ক লক্ষ্য করি। পাঠদানের সময় ঐ সম্পর্কিত বিষয়গুলি আলোচনা করতে হয়। অথও জ্ঞানের রাজ্জে বিভিন্ন বিষয়ের মধ্যে সম্পর্ক স্থাপন হ'ল অন্তবন্ধ প্রণালী। D. H. Bining ও A C. Bining-এর মতে, "Correlation is nothing more than the attempt to the up the knowledge that the pupil is studying with the knowledge in a related field." (Teaching the Social Studies in Secondary Schools).

#### ॥ অনুৰক্ষ প্ৰণালীর সুবিধা।

#### || Advantages of Correlations ||

অন্ত্ৰদ্ধ প্ৰণালীর প্ৰথম স্থবিধা এতে বিষয়-ব|ত্ল্য কমান সম্ভব। আমাদের শিক্ষা ব্যবস্থার এবটা ত্রুটি সম্পর্কে শিক্ষকগণ বলেন, শিক্ষার্থীদের মাথায় বিষয় ও দেই সাথে বইয়ের বোঝা এত বিরাট যে তা বইবার এই পদ্ধতিতে বিষয়-ক্ষমতা শিক্ষার্থীদের আচে কি মা আমরা সে মম্পর্কে খোঁজ ৰাহল্য ক্ষানো যায় বোধ করি না। নেবার প্রয়োজন নিক ট-সম্পর্ক-যক্ত বিষয়গুলিকে এক করে বিষয়-বাহুল্য কমানো যায় কি না দে কথা চিম্বা করা দরকার। এক বাংলা ভাষার মধ্যেই গল, ংল, ব্যাকরণ, রচনা, ভাবসম্প্রমারণ ইত্যাদি বহু ভাগ করা হয়েছে, এজন্ত সময় তালিকায় ভিন্ন ভিন্ন সময় নির্দেশ করে দেওয়া হয়। এই বিভাগের স্বার্থে ভিন্ন ভিন্ন বই পাঠ্য করা হয়। জাতীয় বিষয়-বিভাগ স্বাভাবিক নয়। কৃত্রিম বিষয়-বিভাগ শিক্ষার্থীর ভীতির স্ষ্টি করে। একই মূল বিষয়কে খণ্ড খণ্ড করে পড়াবার ফলে বিষয়টির সামগ্রিক রূপ সম্পর্কে ধারণা করাতে বেগ পেতে হয়। একটু চেষ্টা করলেই বিষয় ভাগ না করে গত পড়াবার সময় ব্যাকরণ ও সেই সাধে রচনা শেখানো যায়।

বিশেষজ্ঞ শিক্ষকগণ নিজেদের বিষয়গুলিকে স্বয়ংসম্পূর্ণরূপে দেখেন। তাঁর বিষয়ের সাথে যে অন্ত বিষয়ের যোগ হতে পারে একথা অনেক সময় অনুবদ্ধ প্রণালী কুত্রিম চিস্তা করেন না। অন্তন শিক্ষক ছাত্রদ্ভার অন্তনের বিষয়-বিভাগ দূর করে রীতি-পদ্ধতি শেখাবার সাথে যদি ভূগোলের নানারূপ চিত্র, ইভিহাসের কোন চিত্র, উত্তিদ্বিভা ও রসায়ণের প্রয়োজনীয় জিনিস-গুলি আঁকতে শেখান, ভাহলে বিশেষজ্ঞ-শিক্ষুক হয়েও ভিনি পাঁচটা বিষয়

শেখাতে সাহায্য করতে পারেন। বিষয়দমূহের মধ্যে চুলচেরা ভাগের ফলে পভবার অস্থবিধা শিক্ষক মাত্রেই উপলব্ধি করেন। বিভিন্ন বিষয়ের 'মধ্যে বে একটা স্বাভাবিক যোগস্ত্র রয়েছে এ সম্পর্কে সচেতন না হবার ফলেই পাঠ্যক্রমে বছ বিষয়ের সমাবেশ করে অস্থবিধার স্বষ্টি করা হয়েছে। এক বিষয় বে অক্তবিষয় শিখতে সাহায্য করতে পারে, তার উপর নতুন আলোক সম্পাত করতে পারে সেদিকে চোথ বুজে থাকার ফলেই কুত্রিম বিষয় বিভাগের স্বষ্টি হয়। এব ফলে জ্ঞান যে অথও ও অবিভাজ্য সে কথা ভূলে শিক্ষার্থীরা মনে করতে শেষে জ্ঞান হচ্ছে কতকগুলি ভিন্ন ভিন্ন বিষয় সমষ্টি। এজন্তে শিক্ষার লক্ষ্য সম্পর্কে ভাস্ত ধারণার স্বষ্টি হতে পারে—

'Total neglect of natural affinities of the subjects of instruction undoubtedly increased the embrrassments caused by crowded

অমুবন্ধ প্রণালী শিক্ষার লক্ষা সম্বন্ধে প্রচলিত ভ্রান্ত ধারণা দূব করে। curricula, it shuts out the light which one study often sheeds upon another, it leads to artificiality of treatment and loss of interest, it deliberately trains the pupil to take a false view of knowledge as mere agglomeration of independent parts,

an 1 to drown all it leaves room for diversities of aim when the aim is essentially the one" T. Raymont.

ইতিহাদের সাথে ভূগোলের সম্পর্ক অতাস্ত ঘনিষ্ঠ। ইতিহাদ পাঠকে সার্থক করতে হলে আমাদের মানচিত্রের সাহায্য নিতে হয়। কোন একটি জাতির চারিত্রিকে বৈশিষ্ট্য, তার জাতীয় ইতিহাদের পটভূমিকা বিভিন্ন বিবরেব মথো রচনায় প্রকৃতির প্রভাব জানতে ভূগোলের সাহায্য দরকার। অফুবন্ধ ইতিহাদের সাথে সাহিত্যের সংযোগ সাধন করাও সম্ভব। পলানীর যুক্তর ইতিহাদ পভাতে গিয়ে 'পলানীর যুক্ত কাব্য থেকে অংশবিশেষ পাঠ করে শোনান যায়। চন্দ্রগুপ্তের ইতিহাদ আলোচনাকালে 'চন্দ্রগুপ্ত নাটক' চাত্রদের সামনে অংলোচনা করলে পাঠ-সহায়ক হয়, চাত্রেরাও আনন পায়।

# । অন্তবন্ধ প্রণালীর প্রবন্ধাপ।

| Method of following the Principles of Correlation |

অম্বদ্ধ প্রণানীতে পড়াবার স্বান্তাবিক স্থবিধাগুলি মনে রেথে আমাদের
স্তর্কভাবে এই প্রণানীকে প্রয়োগ করতে হবে। বিভিন্ন বিষয়ের সংযোগ
সান্তর্বভাবে অম্বদ্ধ
প্রণানীর প্রয়োগ
সংযোগ স্থাপনের চেষ্টা করলে অম্বদ্ধ প্রণানীর উদ্দেশ্যই
ব্যর্থ হবে। অম্বদ্ধ প্রণানীতে পড়াবার সময় কিভাবে বিষয়
সংযোগ করা যার তা ব্যথে নিয়ে আমরা করেকটি নিয়ম অম্পরণ করতে পারি।

পড়াবার সময় একই বিষয়ের মধ্যে অন্তবন্ধ প্রণালীর সাহায্যে সেই বিষয়ের বিভিন্ন দিক শেখাতে পারি। বাংলাকে—গভ, পভ, ব্যাকরণ, রচনা প্রভৃতি বছ থণ্ডে ভাগ না করে বাংলা পছা বা গছা প্ডাবার সময় ব্যাকরণ উলম্ব অমুবন্ধ বা একই (Textual grammar) পড়ান সভব। বিষয়ের বিভিন্ন অংশের ভাবসম্প্রদারণ, দারসংক্ষেপ প্রভৃতি একই দাথে শেখান যেতে মধ্যে সামগ্রস্তস্তাপন পারে। এইজন্ম সময় ভালিকার (Time table) পিরিয়ড নির্দিষ্ট ন। করে বাংলা শিক্ষকের উপর দায়িত্ব দেওয়া হবে। তিনি তাঁর স্থবিধামত বিষয়দমূহ অমুবন্ধ প্রণালীতে শিক্ষা দিবেন, এছাডা ইভিচাদ কি গণিত প্রস্তৃতি বিষয়ের মধ্যে ও একটা নিজস্ব ধারাবাহিকতা রয়েছে। ইতিহাসে এক যুগকে বাদ দিয়ে তার পরবর্তী যুগের বৈশিষ্ট্যসমূহ আয়ত্ত করা যায় না। অঙ্কের শিক্ষক পানেন পূর্বদঞ্চিত জ্ঞানের দাহায়্য না নিয়ে নতুন কোন পদ্ধতি শেখান যায় না। একই বিষয়ের মধ্যে বিভিন্ন অংশের সংযোগদাধন ও দামঞ্জভাবিধান অপরিচার্য। পডাতে গিয়ে বা আলোচনা কালে স্বাভাবিক ভাবেই একটি বোঝাতে আর একটি অ্ধ্যায়েব সাহায্য নিতে হয়। এই জাতীয় অমুবন্ধ বিষয়গত, একে **উল্ছ** 

অহ্বৰ প্ৰণালীর আর একটি ৰূপ হচ্ছে এক বিষয় পড়াতে গিয়ে স্বস্তু বিষয় প্ৰশক্তমে উপস্থাপন করা। ইতিহাস পড়াতে ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান পড়াতে

অনুভূমিক অনুৰন্ধ বা বিভিন্ন বিষয়েব মধ্যে সম্পৰ্ক স্থাপন

অসুবন্ধ (Vertical Correlation) বলে ৷

ইতিহাস অপরিহার্ধরপেই এনে পড়ে। কোন দেশের ইতিহাস পড়াতে শুক্ততেই সেই দেশের ইতিহাসের উপর প্রকৃতির প্রভাব বলে যে অধ্যায়টির আলোচনা করি তা সেই দেশের ভৌগোলিক অবস্থান ও বৈশিষ্টাকে জেনেই আলোচনা করি।

ইভিহাস পড়াতে সাহিত্যের অবতারণা করা বহু ক্ষেত্রেই হয়। ঐতিহাসিক চিত্রাদির সাহায্যে পাঠকে সবল করে তোলা যায়। সাহিত্যের রাসাস্থাদনের সাথেও ভূগোলের যোগদাধন করা যায়। দিজেক্সলালের "দেদিন স্থনাল জলবি হইডে" কবিতাটি পড়াবার সময় ভাওতের মানচিত্রের সাহায্য গ্রহণ খুবই স্বাভাবিক ও সঙ্গত। এমনি করে বিভিন্ন বিষয় পড়াতে আমবা অন্তবন্ধ প্রণালীর সাহায্য নিতে পারি। শিক্ষাদানের সময় বিভিন্ন বিষয়কে সম্পর্কযুক্ত করা হয়। এই জাতীয় অন্তবন্ধও বিষয়গত, একে অনুভূমিক অনুবন্ধ (Horizontal Correlation) বলে।

অম্বন্ধ প্রণালীর প্রয়োগের রূপ ও রীতি কি হ ওয়। উচিত দে সম্পর্কে সাধারণ একটা নিয়ম থাকলেও একটি বিষয় পডাবার সময় কি ভাবে অন্ত একটি বিষয়ের অম্বন্ধ প্রণালীর সাহায্য নেওয়া হবে বা একটি বিষয়কে কেন্দ্র, করে তু'তিনটি প্রযোগে শিক্ষকের বিষয় অম্বন্ধ প্রণালীর মাধ্যমে শিক্ষা দেওয়া হবে তা শেকশিল শিক্ষকের ব্যক্তিগত প্রয়োগ কৌশলের উপুর নির্ভন্ন করে। শিক্ষকের জ্ঞান যদি সীমাবন্ধ হয় বা বিশেষুক্ত শিক্ষক যদি নিজের বিষয়ের গাও

ছাড়িয়ে অন্ত বিষয়ের দীনায় প্রবেশ করতে প্রস্তুত না থাকেন তাহলে তাঁদের পক্ষে যথেষ্ট স্থযোগ থাকা সত্ত্বেও অন্তবন্ধ প্রণালী প্রয়োগ করা বা তার দাহযিয় প্রহণ করা দস্তব নহে।

অহবদ্ধ প্রণালীর প্রয়োগ হ'ভাবে হতে পারে,—পূর্ব পরিকল্পিড (Preplanned) ও আকস্মিক (Sudden)।

পূবপরিকল্পিত পদভিতে পাঠ-পরিকল্পনা কালে স্থির করে নিতে হবে এক ক্রুন্দাথে একাধিক উপস্থাপন করে কিন্তাবে মূল বক্তব্যটি পরিস্ফুট করা হবে ও সেই পূর্ব পরিকল্পিত অমুবন্ধ সাথে আঙ্গাঙ্গিক বিষয় সম্পর্কেও জ্ঞানার্জনে সহায়তা কর। হবে। সেই কয়টি বিষয়ের মধ্যে সামঞ্জস্ত বজায় রেথে পাঠ-পরিকল্পনা করে নিলে শিক্ষকের পক্ষে পাঠ পরিচালনা সহজ্জত্ব হয়। এই জাতীয় অমুবন্ধে শিক্ষকের পূর্বপারকল্পনা থাকবে।

পাঠ-পরিকল্পনা করে পড়াতে গিয়েও আমরা ক্ষ্ম করেছি আলোচনা কালে নতুন বিষয় উপস্থিত হয়। পাঠকে সহজবোধ্য করে তুলতে যদি প্রাসঙ্গিক ভাবে কোন কথা এসে যায়—ছাত্রেরা যদি কোন প্রদন্ধ উত্থাপন আকস্মিক অসুবন্ধ করে তবে তাকে এডিয়ে না গিয়ে তার সাহায্যে ছেলেমেয়েদের বোঝাবার চেটা করাই সঙ্গত। বাংলা শিক্ষক 'আত্মবিলোপ' কবিতা পডাবার সময় মধুকুদনের ছাবনকাচিনা আলোচনা কালে যাদ ববালনোগের "বরেও নহে পরেও নধে যে জন আছে মাঝখানে—স্ঞাবেলায় কে ভেকে নেয় ভাবে" লাইন্ ত্'টি আবৃত্তি করে মধুস্দনের জ'বনের সাথে তুলনা করেন তাহলে অপ্রাস্থিক হবে না। পলাশীর মুধ্বের কাহিনী পড়াতে পড়াতে "ব্লিকের মাণদুও দেখাদিল… পোহালে শবরী, রাজদণ্ড রূপে" লাইনটি আরুভি করে শোনাতে প্রায়ই দেখা ষায়—এটা সবসময় পূর্বপরিকল্পনা জাত নয়। রাষ্ট্রিবজ্ঞান পড়াতে গিয়ে ইতিহাসের নন্ধীর তুলে ধরা বা ইতিহাদ পড়াতে ভূগোনের দাহায্য নে এয়া স্বাভাবিক ভাবেই এসে যায়। অভিজ্ঞ শিক্ষক মাত্রেই জানেন কি করে কথন অমুবন্ধ প্রণালীর সাহায্য গ্রহণ করলে পাঠ পার্থক হবে। শ্রেণীকক্ষে শিক্ষাদান কালে শিক্ষক আকন্মিক ভাবে ও প্রদঙ্গক্রমে বিভিন্ন বিষয়ের প্রদঙ্গ অবতাবণ। করে অন্তবন্ধ করতে পারেন।

#### । প্রয়োগকালীন সভর্কভা।

#### || Protection during application ||

অনুবন্ধ প্রাণালীর প্রয়োগকালে সতর্ক থাকতে হবে। সংযোগ সাধনে আমরঃ
বেন কটকপ্রনার আশ্রেয় না নেই ও সংযোগ যেন ক্রত্রিম না হয়। যথন একটি বিষয়পড়াতে গিয়ে আর একটি বিষয়ের সাহায্য গ্রহণ করব তথনা
অনুবন্ধ কটনাগ্য বা
ক্রত্রিম হবে না
ভার চেয়ে বেশী স্থান জুড়ে না বসে। মূল বিষয়ের সাথেবাভাবিক সম্পর্কযুক্ত স্বভঃজুভ্ভাবে যে সব বিষয় আনা সম্ভব সেই বিষয়গুলিরঃ

ৰোগদাধন করতে হবে। মূল বিষয়টি বুঝতে অস্থবিধা হতে পারে বা ছেলেমেয়েদের মন মূল বিষয় বিক্ষিপ্ত হতে পারে এমন কোন বিষয় উল্লেখ করা হবে না। গোণ বিষয় যাহাই অবভারণা করা হোক না কেন ভার লক্ষ্য হবে মূল বিষয়টিকে বুঝতে সাহায্য করা। পাঠের অচ্ছন্দ দাবলীল গভিকে ব্যবহৃত করতে পারে এমন কোন বিষয় অবভারণা করলে অম্বন্ধ প্রণালীর কোন স্বার্থকভা করেবে না।

#### । অসুবন্ধ প্রণাদীর কেন্দ্রীকরণ।

#### || Concentration of Correlation ||

অন্তবন্ধ প্রণালী দম্পর্কে থারা চবমণন্থা এই প্রণালীকে বেন্দ্রীকরণের তাঁরা পক্ষপাতী। তাঁরা মনে করেন নিভিন্ন বিষয়কে ঐক্যস্তব্লে বাঁধতে হলে কোন একটি

রবিনসন কুণোটক কেন্দ্রীয় বিষয় করে শিক্ষাদান বিষয়কে কেন্দ্র করে অন্থ বিষয়সমূহ শিক্ষা দিতে হবে। কেন্দ্রীভৃত অন্থবদ্ধ প্রণালীতে কোন বিষয়কে কেন্দ্রীয় বিষয়ক্রপে গ্রহণ করা হবে এ সম্পর্কে মতভেদ আছে। রেমণ্ট মনে করেন সাত আট বছরের ছেলেয়েয়েদের রবিন্সন

কুশোর কাহিনীকে কেন্দ্রীয় বিষয়কপে গ্রহণ করে নানা-বিধ বিষয় শেখানো যায়। রবিন্দন কুশোর গল্পে জাহাজ, দাগর দ্বীপ, ভেলা ইত্যাদি নিয়ে আলোচনা-কালে প্রদক্ষকমে এদব বিষয় দম্পর্কীয় বছ তথ্য ছেলেমেমেদের শেখান যায়। গল্পি পড়ে,—লেখা পড়া তুইই হয়। এ বিষয়ে ছবি আঁকা, মডেলিং, দহজ অহ প্রভৃতি শেখান যায়। দেই দাথে "I am monarch of all I survey" কবিতাটি শেখান যেতে পারে।

ইতিহাসকে কেন্দ্রীয় বিষয়রূপে গ্রহণ করে একটু বড্দের শিক্ষাব্যবস্থা করার অভিমত কেহ কেহ প্রকাশ করেছেন। যেমন ইতিহাসকে কেন্দ্র করে শিক্ষাদান ইতিহাস, সাহিত্য, রচনা, ভূগোল, সেই যুগের যুদ্ধপ্রণালী, মানচিত্র অঙ্কন প্রভৃতি শেখান যেতে পারে। এচাডা গণিতও জুড়ে দেওয়া যায়।

বৃনিয়াদী শিক্ষার কোন একটি শিল্পকে কেন্দ্র করে (craft centred) বছ বিষয় শেবার ব্যবস্থা আছে। বৃনিয়াদী শিক্ষায় অন্তবন্ধ প্রণালীকে যে ভাবে প্রহণ করা হয় তাকে concentration method বলা যেতে বৃনিয়াদী শিক্ষায় বেরা চেনার ভাবে। তবে আদর্শগত পার্থক্য আছে। বৃনিয়াদী শিক্ষায় বেরা চেনার ভাবে। তবে আদর্শগত পার্থক্য আছে। বৃনিয়াদী শিক্ষায় বিষয়মন্থলিত জ্ঞান পরিবেশন কয়াটাই বড় ত্বথা নয়,—ভার অন্তর্নিহিত উদ্দেশ্য জীবন ছনিই ও ব্যাপক। তাই এমন

ক্ষেকটি কাজকে বেছে নিয়ে কেব্ৰুবন্ধ প্ৰণালীতে শিক্ষা দেবার ব্যবস্থা করা হয়েছে যে কাজ উদ্দেশ্যমূলক ও বহু সম্ভাবনাপূৰ্ব।

বর্তমানে কেন্দ্রবন্ধ প্রণালীতে প্রকৃতি-বিজ্ঞানকে কেন্দ্রীয় বিষয়ক্ষণে প্রছণ করে শিক্ষা দেবার প্রচেষ্টা চলেছে—আমেরিকার কর্ণেল পার্কার এই ইতের প্রধান প্রবক্তা।

কেন্দ্ৰবন্ধ প্ৰণালী সম্পাকে একজন চিম্বাশীল লেখক বলেছেন:—"True concentration is not the strained and mechanical bringing together of diverse subject matter into the senter and the Arnold Tompkinsএম অভিমত recitation, but fixing the attention on all the relations of the given subjects matter and thus drawing into the movement the other subject required for the mastery of one under consideration...if the thing be taught in the only way it can truely be taught, whatever subjects are needed will inevitably be drawn into the process."—Arnold Tompkins.

# । কেন্দ্রীকরণের ক্রফল।

#### # Defects of Concentration #

কেন্দ্রবন্ধ প্রণালীর ব্যবহারিক প্রয়োগের ক্ষেত্রে দেখা গিয়েছে কট-কল্পনা বা যান্ত্রিক সংযোগ-সাধনের ফলে, এই প্রণালীর কার্যকারিতা নট হয়ে যাবার উপক্রম হয়েছে। বিশেষজ্ঞ শিক্ষকের (special teacher) দৃষ্টি একটি মাত্র বিষয়ের উপর নিবদ্ধ থাকার ফলে বিষয় সংকীর্ণ ক্ষেত্রে আবদ্ধ হয়ে সংকীর্ণ মনোভাবের স্পষ্ট করে। কেন্দ্রীয় অমুবদ্ধ প্রণালী (concentrated scheme) এই ক্রটিকে দূর করার জন্ত প্রয়োগ করা যেতে পাবে। কিন্তু গোঁডা কেন্দ্রবন্ধ প্রণালীর অমুসারী শিক্ষক যদি মাত্রা না রেখে এই প্রণালীর প্রয়োগের চেটা করেন ভাবলে বছ অম্বিধা দেখা দিতে পারে। উদ্দেশ্ত সিদ্ধির সংগায়ক বিষয় না হয়ে অন্ত কোন

কেন্দ্ৰবন্ধ অসুবন্ধ অতাধিক যান্ত্ৰিক হযে পড়ে বিষয় আনতে গেলেই কষ্টকল্পনার আশ্রয় নিতে হয়। পলাশীর যুদ্ধের ইতিহাস বুঝাতে মানচিত্রের প্রয়োজন হয়, সাহিত্য ও চিত্রাঙ্কনের সাহায্য নেওয়া যায় কিন্তু যদি এর সাথে আঙ্কের সংযোগসাধন করতে হয় তাহলেই তাকে কষ্টকল্পনা বা

অবান্তর সংযোগসাধন বলতে হবে। তাছাড়া মূল বিষয় যেথানে ইতিহাস পাঠ, সেগানে অন্ধ টেনে আনলে ইতিহাস ব্যাবার পক্ষে সহায়ক বা ইতিহাসের নিদিপ্ত বিষয়ের উপর কোন আলোক সম্পাত্ করতে পারে না। অকের মধ্যে একটা ধারাবাহিকতা আছে তাও রক্ষিত হয় না। যে বিষয় টেনে আনলে প্রয়োজন দির ছবে না সে বিষয় আনবার কোন যোজিকতা নেই। সে বিষয় সময়ে পরিহার করে চলতে হবে। অহবন্ধ বা কেন্দ্রবন্ধ প্রণালীতে পড়াবার সময় আমাদের ধেয়াল রাখতে হবে যাদের পড়ান হচ্ছে তাদের গ্রহণ করার বা

বুঝবার ক্ষমতা কডটুকু। ছাত্রদের মানসিক বিকাশের শুর অফুযায়ী অফুবন্ধ-প্রশালীর প্রয়োগ পদ্ধতি নির্ধারণ করতে হবে।

অমুবন্ধ প্রণালীর ব্যবহারিক দিক ঠিক কিরূপ হবে তা নির্ভর করে শিক্ষকের যোগ্যভার উপর। পূর্ব পরিকল্পিড বিষয়ের প্রয়োগ ছাড়াও শিক্ষক তাঁর নব নব উদ্ভাবনী শক্তির প্রয়োগ করে অমুবন্ধ প্রণালীর ধরনের সম্ভাব্য বিষয়ের সাহায্য গ্রহণ করতে পারেন। সফিলী শিক্ষকের শিক্ষকের শিক্ষাদান কৌশল শিক্ষাপদ্ধতিকে সার্থক করে ৰাৰচাৱিক যোগাভাৱ উপর নির্ভর করে जुनवात त्करत नवीधिक मृनावान। नमछ विश्व नक्टर्ल त्य শিক্ষকের সমাক ধারণা জন্মেছে তিনি অতি সহজেই পাঠকালে প্রসঙ্গাহগ বিষয়ের সাহায্য গ্রহণ করে ভার স্থিরকৃত লক্ষ্যে পৌছাতে পারেন,—"All successful grouping of instruction depends on the teacher himself and on the which of his culture. If he has a well stored mind, he can not fail to see how a lesson on geography suggests relation to history and economics and nature knowledge-relations which should be elicited from his class, so far as relevant to the lesson of the day." Dr. S. S. Laurie.

# ॥ সম্বন্ধিত-শিক্ষা প্রণালী॥

#### || Integrated Teaching ||

কেন্দ্রবন্ধ প্রণালীতে কথনও কেন্দ্রীয় বিষয়টিকে শ্বন্তন্ত্র বিষয়রূপে পড়ান হয় এবং কেন্দ্রীয় বিষয়টি পড়াবার সাথে অক্সান্ত প্রাসন্থিক বিষয় শেখান হয়।
কান কোন কারগায় কেন্দ্রীয় বিষয়টিকে শুভন্নভাবে না
শিখিয়ে অক্সন্সব বিষয়ের সাথে একসাথে পড়ান যেতে
পারে। এথানে কেন্দ্রীয় বিষয়টিকে আর শুভন্ন বিষয়রূপে দেখা হয় না। এই
পাঠপদ্ধতিতে কেন্দ্রীয় বিষয় শুধু মাত্র অক্স বিষয়সমূহের সাথে সংযোগসাধনে
সহায়তা করে। একে সম্বন্ধিত শিক্ষা প্রণালী (Integrated Teaching)
বলা হয়।

ख्यान এक, অश्र्ष्ण ও অবিভাজ্য। किन्ত পাঠদানের স্থবিধার জন্ম আমরাজ্যানকে কতকগুলি বিষয়ে বিভক্ত করি। কিন্ত তাই বলে বিভিন্ন বিষয়ের মধ্যে যে কোন সামঞ্জয় থাকবে না তা নয়। প্রত্যেকটি বিষয়ের নিজন্ম একটি গণ্ডী আছে। দেই সীমাবদ্ধ গণ্ডীর মধ্যে বিষয়টি যেন আবদ্ধ। কিন্তু দে গণ্ডী অভিক্রম করা যায়। "There are no pass-port or visas required at the boundaries of subjects. Students may cross and recross at will. Subjects are classifications and not restraing walls."

विভिন্ন বিষয় হ'ল সম্পূৰ্ণ জ্ঞানের এক একটি ধারা। এই বিভিন্ন ও বিচ্ছিন্ন
ধারাগুলিকে শিক্ষার্থীর মনের মধ্যে একীভূত করতে হবে। শিক্ষার্থীর মন হবে
বিভিন্ন জ্ঞানধারার ত্রিবেণী সঙ্গম। জ্ঞানকে খণ্ডিত করে
What is
Integration?
প্রান্ত পেওড়েও অবিভক্ত জ্ঞানকে শিক্ষার্থীর মন পর্যন্ত
পৌছে দেওয়াই হ'ল সমন্ধিত শিক্ষা নীভিন্ন মূল উদ্দেশ্য।
ভার ফলে শিক্ষার্থীর ধারণা সম্পূর্ণ ম্পেষ্ট হয়। "Integration means সমিল
creation of understanding that consists in integrated materials of
instruction from several fields, in order to present a whole
picture of a phase of knowledge rather than a part."

সম্বন্ধিত শিক্ষায় শিক্ষণীয় বিষয়গুলিকে সম্পর্কহীন বা বিচ্ছিন্ন রূপে উপস্থাপন করা হয় না। বিচ্ছিল ও মমূর্ত বিষয়ের মাধ্যমে শিক্ষায় ছাত্রদের শিক্ষণীয় বিষয় সম্পর্কে ধারণা স্বম্পষ্ট হয় না। বিষয়সমূহ শিক্ষার্থীদের মনে গভীর রেখাপাত করতে সমর্থ হয় না, –বিষযগুল সম্পর্কে তাদের ভাষা-ভাষা জ্ঞান জন্ম। সম্বাদ্ধিত শিক্ষায় ত্রুটি দূর করার জন্ম বাস্তব ঘটনার সাথে শিক্ষণীয় বিষয়টিকে যুক্ত করে দন্ধীব মূর্তরূপে বিষয়গুলি উপস্থাপন করে শিক্ষাকে দার্থক করে তুলবার চেষ্টা করা হয়। বাশুব জীবনের কোন প্রত্যক্ষ ঘটনাকে কেন্দ্র করে যদি শিক্ষা দেওয়া হয় তাহলে নানাৰূপ আচার আচরণ ও কর্মের মধ্য দিয়ে শিক্ষাকে জীবনের অঙ্গীভূত করে তোলা সম্ভব। ছোট শিশুদের ঘববাডী তৈরী, পুতুল খেলা, পুতুলের বিয়ে খেলাগুলি খুবই আনন্দদায়ক—এই খেলাগুলির মধ্য দিয়ে তাদের কল্পনাশক্তি ও সজ্জনীশক্তি ছইই বিকাশ লাভ করে। শিক্ষা এখানে স্বাভাবিক ও জীবনের অঙ্গীভূত করে তোলায় ভবিষ্যং ৰান্তৰ জীবনের সাথে সম্ভাবনাপূর্ণ। একটু বড ছাত্রদের ধীরে ধীরে জটিল বাস্তব সম্পর্ক স্থাপন বিষয়ের সাথে পরিচয় ঘটিয়ে শিক্ষার ব্যবস্থা করা যেতে পারে। কোন জাতীয় উৎদব বা কোন জাতীয় নেতার উৎদব পালন. দেশ ভ্ৰমণ, কোন সামাজিক অনুষ্ঠান প্ৰভৃতির মধ্য দিয়ে সম্বন্ধিত শিক্ষার স্বষ্ঠু আয়োজন সম্বন্ধিত শিক্ষায় শিক্ষার্থীর ব্যক্তি জীবন ও সামাজিক জীবনে শিক্ষামূলক অবলম্বন করে দেই বিষয়দমূহ উপস্থাপন করে জীবন ও শিক্ষাকে সম্বন্ধিত করে তোলা যায়। সম্বন্ধিত শিক্ষায় জীবন ও শিক্ষার মধ্যেই শুধুমাত্র যোগ সাধিত হয় না, শিক্ষণীয় বিষয়গুলির মধ্যেও একটা সহজ এক্য সাধন সম্ভব হয়। বান্তৰ জীবনের সাথে সম্পর্ক বিরহিত শিক্ষায় যে শক্তির বিরাট অপচয় হচ্ছে সম্বন্ধিত শিক্ষায় দে অপচয় দূব করে জীবন ও শিক্ষার মধ্যে একটি সঙ্গতি সাধন সম্ভব।

# া বৰ্তমান শিক্ষা ব্যবস্থা ও অনুবন্ধ প্ৰণালী।

# Present Educational system and the Principles of Correlation #

বর্তমান শিক্ষা ব্যবস্থা অত্যধিক পরিমাণে বিষয়কেন্দ্রিক। বর্তমান যুগই হ'ল Specialist-এর যগ। সকলেই এক একটি বিষয়ে বিশেষক্ষ হতে চায় :-- সমাজের প্রয়োজনও তাই। কিন্তু একটি বিষয়ের বিশেষজ্ঞ ব্যক্তি অন্যান্ত বিষয়গুলিকে অবহেলা কবে। ফলে সামাজিক দায়িত্বোধ ক্লপ্ত হয়। অত্যন্ধ প্রণালীর তাই শিক্ষাদান কালে বিভিন্ন বিষয়ের মধ্যে অন্তবন্ধ প্রণালীর মাধামে বিভিন্ন বিষয়েব মাধ্যমে সম্পর্ক স্থাপন করতে হবে। বিভিন্ন বিষয়ের মধ্যে মধ্যে সম্পর্ক স্থাপন : শিক্ষার সঙ্গে বাস্তব সম্পর্ক স্থাপন করতে পারলে তাতে শিক্ষার্থীদের ধারণা স্পষ্ট জীবনের হোগ হয়। শিক্ষাকে বান্তব জীবনের সঙ্গে সম্পর্কযক্ত করার প্রয়োজনও আছে। বর্তমান শিক্ষা ব্যবস্থা জীবনবিমুগ হয়ে পড়েছে। পুস্তক-নির্ভর এই শিক্ষা-ব্যবস্থা জীবন থেকে বিচ্ছিন। তাই অন্তবন্ধ প্রণালীর মাধ্যমে শিক্ষাকে বান্তব ও জীবনের সঙ্গে সম্পর্কয়ক্ত করতে হবে। শিক্ষার্থীরা স্বায় জীবনের অভিজ্ঞতার মাধামে শিক্ষাগ্রহণ করে। শিক্ষা তথন হবে সার্থক।

#### প্রথাবলী

- What is meant by correlation and integration of studies? Explain their advantages with examples, indicating when the desired rasults may not be forth coming.
- 2. "Facts and ideas have a real and useful influence over the mind only when the mind systematises and co-ordinates them with other facts and ideas as they are produced."—Discuss the statement with special reference to the doctrine of 'the correlation of studies."
- 3. Write notes on :-
  - (a) Correlation of studies
  - (b) Different types of correlation and their advantages

# मन्य व्यथान

# পরীকা ও মূল্যায়ন

# (EXAMINATION AND EVALUATION)

বিভালয়ে ছেলেমেয়েরা শিক্ষার জন্ম আদে। শিক্ষক যথাসভব যতু নিয়ে তাদের শিক্ষা দেন। শিক্ষার ফলে তারা নতুন অভিজ্ঞতা সঞ্চয় করে, দক্ষতা লাভ করে, তারা নতুন জ্ঞান অর্জন করে। শিক্ষার ফলে তাদের মধ্যে একটা পদ্বিবিটন আনে, তারা দক্ষতা ও কৃতিত অর্জন করে জীবনে উন্নতির পথে এগিয়ে যায়। শিক্ষা হারা শিক্ষার্থী যে অভিজ্ঞতা, দক্ষতা বা জ্ঞান অর্জন করল তার ফলে তার কভটা উন্নতি হ'ল তার পরিমাপ কি করে করা হবে। পৃথিবীর যাবতীয় বস্তুনিচয়ের নির্যুতভাবে পরিমাপ করা যায়। কিন্তু পরিমাণগত বস্তুর ভূষিকা পরিমাপ যত সহজ, মানুষের গুণুগত পরিমাপ তত সহজ নয়। মিটারের বা কিলোর মাপে মাছুখের যোগ্যভার পরিমাপ সম্ভব নয়। তবুও মাতৃষের বৃদ্ধিমূলক বা জ্ঞানমূলক অগ্রগতি, যার পিছনে রয়েছে মাতৃষের সজ্ঞান প্রচেষ্টা, তার নিথুঁত পরিমাপ কট্টদাধ্য হলেও আমরা পরীক্ষার মাধ্যমে তার পরিমাপ করি। পরীক্ষার মাধ্যমে পরীক্ষার্থীর অজিত জ্ঞানের, ভার উন্নতির মুল্যায়ন করা হয়। পরীক্ষা ও মূল্যায়ন হ'টি কথাকে আমরা ভিন্ন ভিন্ন ভাবে ব্যবহার করলেও ছ'টি রুণার মধ্য দিয়ে আমরা যা বুঝাতে চাই ভা হচ্ছে শিক্ষার্থীর শিক্ষাগত ও মানসিক পরিমাপ।

#### । পরীক্ষা ও মুল্যায়ন।

#### # Examination and Evaluation #

পরীক্ষা ও মূল্যায়ন ত্'টি কথা আমরা প্রায় একই অর্থে ব্যবহার করি। কিন্তু পরীক্ষা ও মূল্যায়ন সমর্থক নয়। ছাত্রদের উন্নতি ও কৃতিন্দের পরিমাপ আমরা করতে চাই। জানতে চাই একটা নির্দিষ্ট স্তরে শিক্ষার্থীরা শিক্ষার্থীর শিক্ষাগত কভটা আয়ত্ম করল। কি পরিমাণ বিদ্যা অর্জন করল। যোগ্যতার পরিমাপ আমাদের পরীক্ষাসমূহের উদ্দেশ্য হচ্ছে শিক্ষাগত কৃতিত্ব অর্জনের মান নির্ধারণ। পরীক্ষার মধ্য দিয়ে শিক্ষার্থীর অগ্রগতির অক্ত আর কোন দিকের প্রত্যক্ষ পরিমাপ সম্ভব নয়।

শিক্ষার উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীর ব্যক্তিজে সামগ্রিক উন্নয়ন (all round development of the personality)। বিংশ শতাব্দীতে শিক্ষার উদ্দেশ্য ও পরীক্ষার শিক্ষার্থীর ক্ষেত্র অতি ব্যাপক ও বিস্তীর্গ হয়ে উঠেছে। বিভাগরশুলিতে সর্বাদ্ধীণ উন্নতির ভূম্মাত্র শিক্ষার্থীর বৌদ্ধিক উন্নতি কভটা হ'ল তার পরীক্ষা পরিমাপ সম্ভব নয় হয়। কিন্তু শিক্ষার্থীর আবেগ অহভৃতি ভার সামাজিক চেতনা, তার মানসিক ও দৈহিক বিকাশ, কোন পথ ধরে অগ্রসর হচ্ছে, কভটা হক্তে এই পরীক্ষার মধ্যে দিয়ে তা জানা সম্ভব নয়।

পরীকা ব্যবস্থাকে যদি সভিকোরের কার্যবরী ও সভিকোরের প্রয়োজনীয় (effective & useful) করে তুলতে হয় ভাহলে শিক্ষার্থীর সামগ্রিক উপযুক্ত মুল্যায়ন নির্ভরযোগ্য পরিমাপের ব্যবস্থা করতে হবে। শিক্ষার্থীর ব্যক্তিবের সামগ্রিক বিকাশের পরিমাপ করার ব্যবস্থাই হচ্ছে মূল্যায়ন (Evaluation)। প্রচলিত পরীক্ষা (ভার দোষ ক্রটি স্বীকার করে নিত্মই বলছি) মূল্যায়নের বা সামগ্রিক বিচারের একটি পর্বতি মাতা। যার মাধ্যমে শিক্ষার্থীব বিকাশের আংশিক জানতে পারি মাতা।

ম্ল্যায়ন সম্পর্কে কোঠারী কমিশন্ বলেছেন,—একথা আজ স্বীকৃত যে
ম্ল্যায়ন সমগ্র শিক্ষা ব্যবস্থার সংথে জড়িত একটি নিরবচ্ছিন্ন প্রক্রিয়া
(continuous process)। শিক্ষার উদ্দেশ্যের সাথে এ ব্যবস্থা ঘনিষ্ট ভাবে
মূল্যায়ণ সম্পর্কে জড়িত। শ্র্লায়নের মধ্যে দিয়েই আমরা ব্বাতে পারি
কোঠারী কমিশনের শিক্ষাবীর উন্নতি বাহ্নিত পণ ধরে অগ্রসর হচ্ছে কি না।
মান্তম্ভ
মূল্যায়নের গুরুত্ব শিক্ষা ব্যবস্থায় অভ্যন্ত বেশী ভাই মূল্যায়ন
হবে নিভূলি, নির্ভর্শীল, বস্তুনিষ্ঠ ও বাত্তব (valid, reliable, objective and practical).

্ষুলগুলিতে পরীক্ষার মাধ্যমে আংশিক মূল্যায়ন হয়। বর্তমান পরীক্ষা পরীক্ষার মাধ্যমে ব্যবস্থাব ক্রটি দূর করে একে অধিকতর নির্ভরশীল করে আংশিক মূল্যায়ন তুলতে পারলেও সর্বাত্মক পরিচয় পত্রের সাহায্যে শিক্ষার্থীর সম্ভব হয় বিকাশের ও ক্রতিত্বের পরিমাপ করতে পারলে দেই হবে মূল্যায়ন। [মূল্যায়ন সম্পর্কে বিস্তৃত আলোচনা অধ্যায় শেষে করা হ'ল]

## । পরীক্ষার ইতিহাস।

|| History of Examination ||

পরীক্ষার ইতিহাস অতি প্রাচীন। যতটা জানা যায় চীন দেশেই প্রথম লিখিত পরীক্ষার প্রবর্তন হয়েছিল। ঝী: পৃ: ছ' হাজার পরীক্ষার ইতিহাস বছর পূর্বে চীনদেশে যোগ্যভার বিচারের জন্ম রাজ-প্রাচীন
কর্মচারীদের পরীক্ষা নেওয়া হ'ত।

প্রাচীন ভারতের শিক্ষায় পরীক্ষার ব্যবস্থা ছিল না—কিন্তু বিভা বিবাদ, বাকো-বাক্যম প্রভৃতি থেকে বুঝা যায় শিক্ষাকৈন্দ্রে, যজ্ঞ স্থলে রাজসভায় তর্কযুদ্ধ বা বিচারের আয়োজন হ'ত। তর্কযুদ্ধ বা বিচারের ব্যবস্থা ছিল কি না করা হ'ত। তক্ষশীলায় পরীক্ষার ব্যবস্থা ছিল কি না জ্ঞানা যায় না। কিন্তু বৌদ্ধযুগে নালন্দায় ও বিক্রমশীলায় ছারপণ্ডিতের কাছে পরীক্ষা না দিয়ে কেন্তু প্রবেশাধিকার পেত না। একে বর্তনান যুগের admission test-এর শাথে তুলনা করা ত্রেতে পারে। মধ্যযুগে মৌধিক শিক্ষা পঃ ছিতীয় পর্ব—১০

পরীক্ষার ব্যবস্থা হয়। মিথিলায় ও নববীপে উপাধি পেতে হলে কঠিন পরীক্ষায় উত্তীর্গ হতে হ'ত।

মধ্যযুগের ইউরোপে তর্কযুদ্ধ বা Disputation-এর ব্যবস্থা ছিল। এই ব্যবস্থা থেকেই পরবর্তীকান্ধিন পরীক্ষা প্রথার উদ্ভব হয়। Cambridge বিশ্ববিদ্যালয়ে ১৮২৭ খ্রী: প্রথম মৌখিক পরীক্ষার পরিবর্তে লিখিত প্রীক্ষার ব্যবস্থা হয়। উনবিংশ শতকের ষষ্ঠ দশকে ইংলণ্ডে Public পরীক্ষার ব্যবস্থা হয়। উনবিংশ শতকের ষষ্ঠ দশকে ইংলণ্ডে Public Examination প্রথা ব্যাপকভাবে দেখা দেয়। New Castle Commission স্বপ্রথম পরীক্ষার ফলের উপর সরকারী সাহায্যের প্রথা প্রবর্তন করেন। চাকুরীতে নিয়োগের ক্ষেত্রেও প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রবর্তন হয়। ভারতবর্ষে ইংলণ্ডের অন্তবরণে বর্তমান পরীক্ষা ব্যবস্থার প্রবর্তন হয়।

#### ্ পরীক্ষার উদ্দেশ্য।

|| Purposes of Examination ||

#### ॥ ১॥ দক্ষতা, যোগ্যতা ও জ্ঞানের পরিমাপ:-

শিক্ষক শিক্ষাদান করেই তৃপ্ত হন না। তিনি জানতে চান শিক্ষার ফলে শিক্ষার্থীর কতট। অগ্রগতি হ'ল বা জ্ঞান অর্জন করল। শিক্ষার্থীও জানতে চায তার কতটা উরতি হ'ল, অভিভাবকও জানতে চান শিক্ষার অগ্রগতি কতটা হচ্ছে। পরীক্ষার মধ্য দিয়েই আমরা জানতে পারি। শিক্ষার্থীকে যা শেখান হয়েছে দলগতভাবে বা ব্যক্তিগতভাবে পরীক্ষার মধ্য দিয়েই তার পরীক্ষা হয়ে থাকে। শিক্ষার্থীর যোগ্যতা, দক্ষতা ও জ্ঞান পরিমাপই পরীক্ষার প্রাথমিক উদ্দেশ্য।

#### ॥२॥ अकात कि निर्धात्र :-

পরীক্ষার শুধুমাত্র ক্লভিজের পরিমাপই হয় না, দোষক্রটি ও পরীক্ষাব মাধ্যমে ধরা যায়। শিক্ষার্থী ও শিক্ষক উভয়েই ব্যুতে পারে শিক্ষার্থীর ক্রটি কোথায়, তার ব্যর্থভার কারণ কি? তা বুঝে নিয়ে দোষ-ক্রটিগুলি দূর করার জন্ম শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই সচেষ্ট হতে পারেন।

#### ॥ ৩॥ শিক্ষকের যোগ্যভার পরিমাপ:-

পরীক্ষা শুপুনাত্র শিক্ষার্থী কতটা যোগ্যতা অর্জন করল তার পরিমাপ নয়,
শিক্ষকের শিক্ষা-পদ্ধতি কতটা সাফল্য লাভ করল পরীক্ষার মধ্য দিয়ে তারও
বিচার হয়। শিক্ষকের শিক্ষায় যদি ক্রটি থাকে, তিনি যদি দক্ষতার সাথে
তার কাজ করে না থাকেন, পরীক্ষায় প্রতিফলিত হতে বাধ্য। শিক্ষকের
শিক্ষাদানের যোগ্যতার উপর শিক্ষার্থীর ভবিশ্বৎ অনেকধানি নির্ভর্মীক।
এইজ্পুই ইংলণ্ডে ও ভারতে সরকারী সাহায্যের ক্ষেত্রে Payment by
results প্রথার উদ্ভব হয়েছিল। বর্তমানেও বাংলাদেশে এই প্রথাকে পরোক্ষভাবে বাঁচিয়ে রাধা হয়েছে।

#### এ ৪॥ পরিচালনার স্থবিধা:-

পরীক্ষার মধ্য দিয়ে শিক্ষার্থীর ভবিদ্যুং শিক্ষা কোন্ পথে পরিচালিত হবে তা নির্ধারিত করা যায়। বিজ্ঞান শিক্ষার্থীর পক্ষে আছে বিশেষ দক্ষতার প্রয়োজন। আছে একটি নির্দিষ্ট নম্বর না পেলে কোন শিক্ষার্থীকে বিজ্ঞান নিয়ে পড়তে দৈওয়া হয় না। পরীক্ষার মধ্য দিয়েই স্থির করা সম্ভব হয় শিক্ষার্থীর কোন একটি নির্দিষ্ট বিষয় পড়বার নিয়তম যোগ্যতা আছে কি না। কারিগরী বা বিভিন্ন বৃদ্ধি শিক্ষার admission test করার উদ্দেশ্যই হচ্ছে প্রার্থীর সেই বিশেষ বিষয়ে শিক্ষালাভের যোগ্যতা আছে কি না তার বিচার করা। পরীক্ষার মধ্য দিয়েই শিক্ষাব কোন বিভাগে শিক্ষার্থীর যোগ্যতা স্বাধিক দার্থকতা লাভ করবে তা স্বির করা হয়।

#### ॥ ৫॥ উদ্দীপনার সহায়ক:-

শরীক্ষা পরোক্ষভাবে শিক্ষার্থীর জাবনে উদ্দীপকের কাজ করে। থেহেতু একটি নিদিষ্ট পাঠ্যক্রম শেষ না হলে এবং তাতে যোগ্যতার নিম্নতম মান অর্জন করতে না পারলে পরবর্তী উচ্চতর পাঠ্যক্রম অন্ত্সারে স্থযোগ পাবে না—তাই শিক্ষার্থীদের মুধ্যে নির্দিষ্ট পাঠ্যক্রম শেষ করার আগ্রহ সৃষ্টি হয়। তাই পরীক্ষা গ্রহণের ফলে শিক্ষার্থীবা পড়াব প্রেরণা লাভ করে। এরপ অস্বাভাবিক ভাবে আগ্রহ সৃষ্টি করা ভাল কি মন্দ তা নিচাব সাপেক্ষ কিন্তু পরীক্ষার ফলে যে একটা ক্রত্রিম আগ্রহের সৃষ্টি হয় তা অস্বাকার করার উপায় নেই।

#### I & I Class Promotion :-

পরীক্ষা class promotion-এ সাহায্য করে। পর্র কায় সফল হলে শিক্ষার্থীদের পরবর্তী উচ্চ শ্রেণীতে উন্নীত করা হয়। এইভাবে শিক্ষার্থীর শিক্ষাগত অগ্রগতি সাধিত হয় ও বিভালয়ে শ্রেণী-বিভাজন নীতি অব্যাগত থাকে। পরীক্ষা হ'ল বিভালয়ের একটি নির্দিষ্ট শিক্ষাবর্ধের (Session) সমাপ্তি ও শিক্ষার্থীদের পরবর্তী উচ্চ শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার স্থাগে।

# ॥ ৭॥ শিকার্থীদের শ্রেণীবিশাস ও পরীক্ষার নির্দিষ্ট মান রক্ষা :--

আমাদের দেশে বিভালয়ের সংখ্যা অনেক, শিক্ষার্থীর সংখ্যাও অনেক। এই সব শিক্ষার্থীদের মধ্যে ব্যক্তিগত বৈষমা আছে। শিক্ষাগত অপ্রগতি ও যোগ্যতার উপর পরীক্ষা করেই শিক্ষার্থীর শ্রেণীবিফাদ ও শিক্ষাকৈ একটি নির্দিষ্ট মানে ছির রাখা দম্ভব হয়। পরীক্ষার মাধ্যমেই প্রণম, হিতীয়, তৃতীয়, চতুর্ব, পঞ্চম ইত্যাদি শ্রেণী-বিফাদ সম্ভব হয়। পরীক্ষার ভিত্তিতেই আবার এক একটি শ্রেণীকে, A, B, C, D, প্রভৃতি Section-এ ভাগ করা যায়। এবং তা যদি করা যায় হো বিভিন্ন কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষাগত যোগাতাব

একটি মান বজায় রাখা সম্ভব। ফলে সকলের জন্ম পাঠ্যক্রম রচনা. শিক্ষাদান্য পদ্ধতি নিরূপণ ইত্যাদি সহজ হয়।

#### া৮। শিক্ষার্থীর গুণাবলী ও ব্যক্তিত্বের পরিমাপ:-

পরীকায় শিক্ষার্থীর অজিত গুণাবলীর পরিমাপই মাত্র হয় না, পরীকারু মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন গুণাবলী ও ব্যক্তিছের পরিমাপ সম্ভবি হয়। পরীক্ষায় কুতকার্য হতে হলে শিক্ষাখীর গৈগ, অধ্যবসায়, মনোযোগ, একাগ্রতা, নিয়নালবভিতা ইত্যাদি গুণের প্রয়োজন হয়। আধুনিক বিজ্ঞান-ভিত্তিক-পরীক্ষায় শিক্ষাধীৰ বুদ্ধি, ব্যাক্তত্ব, আগ্রহ, প্রবণভা, প্রেষণা প্রভৃতির পৃথক পুথক পরীক্ষা গ্রহণ ও পরিমাপের ব্যবস্থা হয়েছে।

## । ১। যোগ্যভম প্রার্থী নির্বাচন :---

পরীক্ষার মধা দিয়ে যোগাতম প্রার্থী নিবটিন করা যায়। চাকুরীর ক্ষেত্রে বা কোন পুরস্থার, বা Scholarship দেবার ক্ষেত্রে যেগানে পাদ ফেলের প্রশ্ন নেই, কয়েকজন মাত্র নিবাচিত প্রাথীদের মধ্যে স্থবিধা বন্টন করা হবে দেখানে শত শত প্রাণীর মধ্য থেকে যোগা প্রাণীদের পবীক্ষার মধ্য দিয়ে বাচাই করা সম্ভব।

#### ॥ ১০॥ শিক্ষার্থীর'ভবিয়াৎ নির্ণয় :--

পরীক্ষার মাধ্যমেই শিক্ষার্থীর ভবিষ্যৎ নির্ণয় করা যায়। পরীক্ষার ফলাফল দেখে বিভিন্ন শিক্ষাৰ্থীকে বিভিন্ন Course-এ ভতি করা হয়। এবং তারু মাধ্যমে তার ভবিষ্ঠং জীবন প্রভাবান্বিত হয।

# । সাথক অভিক্ষার বৈশিষ্টা ।

|| Criteria of a Good Test ||

# সার্থক অভীক্ষার বৈশিষ্ট্যগুলি হ'ল :— নির্ভন্নযোগ্যভা ( Reliability ) :—

পরীক্ষা হবে ব্যক্তি নিরপেক্ষ সঠিক পরিমাপক যন্ত্র। পরীক্ষার উত্তর পত্তের মান বা নম্বর বিভিন্ন পরীক্ষকের কাছে বিভিন্ন হলে চলবে না। পরিমাপক ষন্ত্রটি দাভিপালার মত এমন নিথুঁত হবে যে কোন এব্যের ওজন যদি এক মন হয় ভবে, সর্বত্রই তার ওজন এক মন হবে তা যে কেউ পরিমাপ করুক না কেন। নির্ভরযোগ্যতা তাই পরীক্ষার বিশেষ একটি গুণ।

#### । ২ । নৈৰ্ব্যক্তিকভা ( Objectivity ) :--

পরীকা একটি পরিমাপক যন্ত্র। তাই পরিমাপের সময় কারও ইচ্ছা-অনিচ্ছা ও পছ भ- অপছনের কথা থাকলে চলবে না। পরীক্ষক যেন সম্পূর্ণ নিরপেকভাবে পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর শিক্ষাগত যোগ্যতার পরিমাপ করতে পারেন।

#### া ৩ ৷ যথাৰ্থতা (Validity) :--

ষণার্থতা হ'ল পরীক্ষার অন্ততম বৈশিষ্ট্য। শিক্ষার্থীর যে বিষয় বা ষোগ্যতা পরিমাপের জন্ম পরীক্ষা গ্রহণ করা হচ্ছে, কেবলমাত্র তারই যথার্থতা বজায় রাথা হ'ল পরীক্ষার বৈশিষ্ট্য। সাহিত্যের পরীক্ষার বানান ও ভাষা-প্রয়োগের পরীক্ষা হবে। ইতিহাস পরীক্ষার সময় বা অঙ্কেব পরীক্ষার সময় বানান ভুল ও ভাষা প্রয়োগকে বড করে দেখলে চলরে না।

#### ॥ ৪ ॥ মিভব্যয়িভা (Economy) :-

পরীক্ষায় সময় ও অর্থের মিতবায়িতা রক্ষা করতে হবে। পরীক্ষা গ্রহণ করতে অতিরিক্ত অর্থ ও সময় ব্যয় করা চলবে না। প্রশ্নপত্র এমনভাবে রচনা করতে হবে, যাতে অধিক অর্থ ব্যয় না হয়, সময়ও বেশী না লাগে; এমনকি উত্তরপত্র পরীক্ষার জন্ম অধিক সমর্য লাগবে না।

# া ে ৷ প্রয়োগধর্মীভা (Administrability) :--

পুরীক্ষা এমন হবে যা প্রয়োগ করা ও পরিচালনা করা সহজ হয়। প্রশ্নের ভাষা স্কম্পট্ট হবে। প্রশ্নে কি জানতে চা ওয়া হয়েছে তা দ্বার্থহীন হবে। উত্তর-পত্রে ও সঠিকভাবে নম্বর দেওয়ার স্বযোগ থাকবে। তবেই প্রীক্ষাব সহজ প্রিকল্পনা সম্ভব।

#### াঙ ৷ স্তর-বিজ্ঞাস (Gradation): —

ন শিক্ষাথীদের বয়স অন্নথারী ভাদের সামর্থ্যের ভারতম্য হয়, যোগ্যভারও পাথক্য হয়। একই বরসের শিক্ষাথীর মধ্যে আবাব ব্যক্তিগত বৈষম্য আছে। শিক্ষাথীদের মধ্যেকার এই সমস্ত বৈষ্যোর কথা মনে বেথে তথ অন্নথায়ী প্রান্ধপতা রচিত হবে।

#### া ৭ ৷ বাস্তব-ধর্মীডা (Practicability) :—

শিক্ষা ব্যবস্থাকে যেমন বাশ্তবমূথী করতে হবে, প্রীক্ষাকেও তেননি বাশ্তবমূথী করতে হবে। প্রীক্ষা শিক্ষার্থীব জীবনের সঙ্গে সন্ধৃতি রেপেই হবে।

#### ন ৮॥ ভুলনীয়ভা (Comparability ):-

পরীক্ষা বিভিন্ন শিক্ষার্থীদের মধ্যে যোগ্যতার তুলনামূলক বিচারের স্থযোগ থাকবে। প্রত্যেক শিক্ষার্থীর ব্যক্তিগত শিক্ষাগত যোগ্যত। যদি ষ্থামথভাবে পরিমাপ করা থার, তবে বিভিন্ন শিক্ষার্থীর মধ্যে শিক্ষাগত যোগ্যতার তুলনামূলক বিচার করা সম্ভব হবে।

পরীক্ষার মধ্য দিয়ে করেকটি বিষয়ের জানের পরিষ্ণাপই হয় না—পরীক্ষার পাস করতে হলে শিক্ষার্থীর পরিপ্রাম, অধ্যবসায়, নিয়মানুবর্তিতা, ধৈর্য প্রাক্তির প্রয়োজন। তাই বিষয়গত জানের পরীক্ষার সাথে অত্তবিধ প্রয়োজনীয় জণের পরীক্ষাণ্ড হয়।

#### । বিভিন্ন পরীক্ষা।

# || Different Types of Examination ||

শিক্ষার্থীর বিষয়গত যোগ্যতা ও ব্যক্তিগত নানাবিধ গুণের মৃল্যায়নের জন্ত বিভিন্নরূপ পরীক্ষার ব্যবস্থা আছে। প্রথমেই পরীক্ষাকে হ'টি ভাগে ভাগ করা চলে, (১) মৌখিক (২) লিখিত।

#### ॥ ১॥ মৌখিক পরীক্ষা (Oral Test):

মৌথিক পরীক্ষা অতি প্রাচীনকাল থেকে প্রচলিত আছে। এটি হচ্ছে। পরীক্ষার আদিম রূপ। মৌথিক পরীক্ষায় একজন করে পরাক্ষার্থী পরীক্ষকের সামনে উপস্থিত হয়ে মৌথিকভাবে প্রশ্নের জবাব দেয়। মেথিক পরীকাব পরীক্ষার্থীর সংখ্যা বেশী হলে একাধিক পরীক্ষায় এইরূপ স্থবিধা-অস্থবিধা প্রশ্নের দ্বারা পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করেন। আবার একাধিক পরীক্ষকের সামনেও পরীক্ষাধীৰ পরীক্ষা হয়। বর্তমান পরীক্ষা বাবস্থায় মৌখিক পরীক্ষা গোণ স্থান অধিকার করে আছে। মৌখিক পরীক্ষা থেকেই লিখিত পরীক্ষার সৃষ্টি হয়েছে। বর্তমানে ছোট ছেলেমেয়েদের মৌথিক পরীক্ষার ব্যবস্থা আছে। ব্যক্তিত্ব ও উপস্থিত-বুদ্দির পরিমাপ মৌথিক পরীক্ষার মধোই হয়ে থাকে। লিখিত পরীক্ষার সাথে কোন কোন দেশে (ফ্রান্স, জার্মানী, ইতালী) মেশিক পরীক্ষার ব্যবস্থা আছে। যেথানে পরীক্ষার্থীর সংখ্যা হাজাব হাজার দেখানে মৌথিক পরীক্ষা গ্রহণ অত্যন্ত সময় সাপেক। বহি:পরীক্ষায়-উচ্চতম পরীক্ষার ক্ষেত্রে যেথানে পরীক্ষার্থীরা বিভিন্ন স্থানে বিক্লিপ্র দেকেত্রে পবীক্ষাৰ পক্ষে বিভিন্ন জায়গা জুডে পরীক্ষা গ্রহণ সম্ভব নয় :

## ॥ ২॥ বিখিত পরীক্ষা (Written Test) :

লিখিত পরীক্ষায় পরীক্ষার্থীকে লিখিত ভাবে কতকগুলি প্রশ্নের জবাব দিতে হয়। **লিখিত পরীক্ষার তু'টি রূপ**—(ক) **রচনাত্মক পরীক্ষা (Essay** type) (ধ) **নতুন ধরনের পরীক্ষা (New Type Test) বা বিষয়াত্মক** পরীক্ষা (Objective Test)

#### ॥ ক ॥ বচনাত্মক পরীক্ষা (Essay type Examination) :

নিখিত পরীক্ষার প্রাচীনতম রূপ হচ্চে রচনাত্মক পরীক্ষা। এই পরীক্ষায়া নির্দিষ্ট পাঠ্যক্রম থেকে কয়েকটি প্রশ্ন কর। হয়, পরীক্ষার্থীর। দেই প্রশ্নপত্র থেকে কয়েকটি প্রশ্ন বেছে নাতিদীর্ঘ রচনার মাধ্যমে নিজ নিজ যোগ্যভার। পরিচয় দেয়।

#### ॥ খ ॥ বিষয়াত্মক পরীকা (Objective Test):

আতি আধুনিক কালের সৃষ্টি। রচনামূলক পরীক্ষায় পরিমাপ ষেরপ ব্যক্তিমুখীন (subjective), নতুন ধরনের পরীক্ষায় নৈর্ব্যক্তিক পদ্ধতি অবলম্বন্য করা হয়। নতুন ধরনের পরীক্ষায় বহু প্রশ্নের সংক্ষিপ্ত সঠিক উত্তরের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হয়।

# । গ । বৃহি:পরীকা (External Examination):

পরীক্ষা গ্রহণের অধিকারী ভেদে পরীক্ষাকে আভ্যন্তরীণ ও বহিংপরীক্ষা এই তুই ভাগে ভাগ করা হয়ে থাকে। প্রচলিভ বহিংপুরীক্ষা (External or Public Examination) সরকারী শিক্ষা বিভাগ, বিশ্ববিভালয় বা আইন অন্ত্রমারে গঠিত কোন বোর্ড বারা পরিচালিত হয়। এইকপ সংস্থা বা প্রতিষ্ঠান পরীক্ষার দিন ধার্য করা, পরীক্ষা গ্রহণ, প্রশ্নপত্র রচনা, উত্তর পত্রের পরীক্ষার ব্যবস্থা করান। কোন একটি শিক্ষান্তবের শেষে বহিংপরীক্ষা গ্রহণের ব্যবস্থা হয়। এছাড়া বহিংপরীক্ষার মাধ্যমে রাষ্ট্রের ও সমাজের স্বীকৃতিমূলক উপাশি (Degree) বা অভিজ্ঞান-পত্র (Certificate) প্রভৃতি দেওয়া হয়।

#### । ঘ । আভ্যন্তরীণ পরীকা (Internal Examination):

বিতালয়ের শিক্ষায় শিক্ষার্থী যে যোগ্যতা অর্জন করেছে তার পরিমাপ করা হয়, স্কুলের সাপ্তাহিক, মালিক, তৈমালিক, বান্মাসিক, বাধিক, প্রভৃতি আভ্যন্তরীণ পরীক্ষায়। স্কুলের পক্ষ থেকে এই পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা হয়। তাভ্যন্তরীণ একটি বা কয়েকটি পরীক্ষার ফলাফলের ডপর নির্ভর করে ঘোষণা করা হয় পরীক্ষার্থী পরবর্তী শ্রেণীর জন্ম যোগ্য (উত্তীন) বা অযোগ্য (অমৃত্তীন)।

# ॥ রচনাধর্মী পরীক্ষা॥ 🗸

# Il Essay Type Examination II

প্রচলিত পরীক্ষা বা চিরাচরিত পরীক্ষা বলতে আমরা রচনাত্মক (Essay type) পরীক্ষাকেই বুঝি। রচনাত্মক পরীক্ষার কোন বিষয়ের নিদিপ্ত পাঠ্যক্রম থেকে কয়েকটি গুল্ল করা হয়। প্রশ্নপত্তে বিকল্প গুল্ল থাকে ও পরীক্ষার্থীদের সেই প্রশ্নের মধ্য থেকে বেছে কয়েকটি প্রশ্নের উত্তর দেবার নির্দেশ দেওয়া হয়। পরীক্ষার্থীরা প্রশ্নের উত্তর নিজের ভাষায় নিজ নিজ জ্ঞান ও বৃদ্ধিমত লিথে দেয়। উত্তরগুলি অধিকাংশ ক্ষেত্রেই ছোট ছোট রচনার আকারে প্রকাশ পায়। পরীক্ষক উত্তরপত্তিল পডে শিক্ষার্থী অধিত বিষয় কতটা আয়ত্ম করতে পেরেছে বিচার করে সংখ্যা হারা চিচ্ছিত করে (Scoring) কৃতিত্বের পরিমাপ করেন।

রচনাধরী পুরীকার অক্স একটা অবস্থা হ'ল সংক্ষিপ্ত উত্তর দানের প্রশ্নাবলী (Short Answer type Cuestions)। ছোট ছোট গ্রন্থ করে তার নাতিদীর্ঘ উত্তর দেওয়া হয়। এতে অনেকগুলি প্রশ্নের উত্তর চাওয়া সংক্ষিপ্ত উত্তর দানের হয়। ফলে পাঠ্যক্রমের অনেকটা cover করা সম্ভব। প্রমাণ short note তাতে শিক্ষার্থীরা সমস্ত বিষয়টি পড়েছে কি না তার পরীক্ষানে ওয়া যায়। এই জাতীয় প্রশ্ন হ'ল:— .

- (ক) অকাংশ কি?
- (খ) আবুল ফজল সম্বন্ধে কি জান ?
- (গ) গণতন্ত্ৰ কাকে বলে ?
- (ঘ) রাষ্ট্রপতির জরুরী ক্ষমতার সংক্ষিপ্ত বিবরণ দাও।

কোন কোন ক্ষেত্রে বিভিন্ন topic-এর উপর Short note লিখতে দেওয়া হয়। রচনাধর্মী পরীক্ষায় সাধারণতঃ একটি short note-এর প্রশ্ন থাকে। ৪।৫টি short note মিলে একটি বড় প্রশ্ন হয়। ফলে পাঠ্যক্রমের অনেকটা cover করা সন্তব হয়। এই ধরনের প্রশ্ন রচনাধর্মী পরীক্ষারই অন্তর্গত :

#### ॥ রচনাধর্মী পরীক্ষার সুবিধা।

(Advantages of Essay type Examination)

প্রচলিত রচনাত্মক পরীক্ষায় পরীক্ষার্থীদের উত্তরপত্তে স্বাধীন মতামত প্রকাশের স্বাধীনতা রয়েছে। উত্তরপত্তে প্রতিপাত্ম বিষয় যুক্তি ও বিচারসহ উপস্থিত করার স্থবোগ থাকায় শিক্ষার্থীর স্বাধীন চিন্তাধারা গড়ে ওঠবার স্থবিধা হয়। একই প্রশ্নে একটি মাত্র উত্তর নাও হতে পারে। ছেলেমেয়েরা তাদের জ্ঞানবৃদ্ধিমত প্রশ্নের বিভিন্ন দিক বিচার করে যুক্তি দিয়ে তাদের বক্তব্য উপস্থিত করতে পারে। পরীক্ষার্থীদের স্বাধীন মত প্রকাশের স্থযোগ থাকায় চিন্তাধারা গড়ে ওঠে। নিজের উপস্থাপিত বিষয়টিকে যুক্তিপূর্ণ করার প্রযোজন গড়েও ওঠে। নিজের উপস্থাপিত বিষয়টিকে যুক্তিপূর্ণ করার প্রযোজনে শিক্ষার্থীরা শ্রেণীতে নির্দিষ্ট পাঠ ছাড়াও বাইরের নাইয়ের সাহায্য গ্রহণ করে। বিষয় উপযোগী বছ প্রয়োজনীয় বই প্রভার প্রবাণ তারা লাভ করে।

রচনামূলক পরীক্ষায় নিজের বক্তব্যকে স্থশৃদ্ধলভাবে উপস্থিত করতে হয়।
এর ফলে চিন্তাধারা ও সমস্তার যুক্তি গ্রাহ্ম বিচার বিশ্লেষণ ক্ষমতা বিকাশ লাভ

একাশ ক্ষমতাং বিচার
ও রচনায় শিক্ষার্থীর দক্ষভার পরিচয় প্রচিলিভ
পরীক্ষায় বেভাবে পাওয়া যায় অত্য কোন পরীক্ষায়ীর বিষয়গভ
বোগ্যভাই নম্ম ভার প্রকাশ ক্ষমতার বিচারও হয়।

বচনাত্মক পরীক্ষার প্রান্ধান্ত রচনা ও পরীক্ষা গ্রহণ করা সহজ।
পাঠ্যক্রম নির্ধানিত সমস্ত বিষয়ের পরীক্ষাই এই পদ্ধতিতে গ্রহণ করা সম্ভব।
বাদাকৃষ্ণণ কমিশনের রিপোর্টে এই পরীক্ষা সম্ভবিক বলা
ভয়েছে "…that essay type tests are easy to prepare
and administer, that it is possible to use them for all subjects of
curriculum and that they have values not possessed by the
objective test in as much as they call for comparison, for interpretation of facts for criticism and fire there forms of higher
mental activity"

। রচনাথমী পরীক্ষার ত্রুটি।

|| Defects of Essay type Examination ||

#### ॥ এক ॥ নৈর্ব্যক্তিকভার অভাব (Want of Objectivity) :

পরীক্ষার মাধ্যমে যে মূল্যায়ন হয় তা নির্ভোর্যোগ্য হবে এই আমরা আশা করি। কিন্তু বৈর্তমান প্রচলিত রচনামূলক পবীক্ষার বিরুদ্ধে স্বচেয়ে বড অভিযোগ এই পরীক্ষা ব্যক্তিমূখীন (subjective) হ ওয়ায এর নির্ভর যোগ্যতার একাস্ত অভাব। পরীক্ষার খাহার নম্বর (marks) দেওয়া অনেকখানি 'পরীক্ষকের' সময়-মাফিক মেজাজ বা খেয়াল খুলীর (Pers nal equation) উপর নির্ভরশীল।) যদি পরীক্ষকের মেজাজ ভাল থাকে তাহলে তথন খাতা দেখে যতবেশী নম্বর দেবেন মেজাজ কোন কারণে বিগড়ে গেল তিনি সেরকম নম্বর দেবেন না। অর্গাং বেশী নম্বর কি কম নম্বর পাওয়া শুর্যাত উত্তরপত্রের গুণাগুণের উপর নির্ভর করে না, এটা মনেকটা পরীক্ষকের খেয়াল খুশীর উপর নির্ভরশীল। (Prof. Sandiford কিছুটা ঠাট্টা করে বলেছেন—"It (Pass wirk) alters from hour to hour, and does no mean the something before lunch and after lunch.")

## ॥ জই ॥ নির্ভরযোগ্যভার অভাব (Want of Reliability):

বিভিন্ন পরীক্ষকের বিচারের মান আলাদা — তাই রচনামূলক পরীক্ষায় উত্তরপত্র বিচারে কোন একটা নির্দিষ্ট মান রক্ষিত হয় না , ভিন্ন ভিন্ন বিচারক নিজ্ঞ দৃষ্টিভঙ্গী থেকে উত্তরপত্রের বিচার করে নম্বর দেন। তার ফলে একই উত্তরপত্র বিভিন্ন পরীক্ষা করান হলে তাদের দেওয়া নম্বরে বিরাট পার্থক্য লক্ষিত হবে। এমন কি একই পরীক্ষক এক খাতা ত'বার দেখলে ত্'রকম নম্বর দেবেন।) গুটি ছাত্রের গুণাগুল বিচারে যদি দেখা যায় একজন ৪৫ নম্বর পেয়েছে আর একজন ৪৭ নম্বর পেয়েছে তা দিয়ে এদের মধ্যে কোন পার্থক্য নির্ণয় করা যায় না। কায়ণ আর একজন পরীক্ষকের বিচারে হয়ত বিপরীত ফলই হতে পারে। এ সম্পর্কে বহু পরীক্ষা নির্বীক্ষা হয়েছে, কয়েকটি পরীক্ষার কথা এগানে উল্লেখ করা হ'ল তা দিয়েই আমরা বিচারের অনিক্ষতা সম্পর্কে ধারণা করছে পারবো।

একবার Dr. Ballard কয়েকজন প্রীক্ষ দিয়ে কডকগুলি উত্তরপত্তের

পরীক্ষা করালেন। দেখা গেল পরীক্ষকদের দেওয়া নম্বরের মধ্যে পার্থক্য ভোগরেছে কিছু পার্থক্য এত বেলী যে বিখাদ করা যায় না। কোন কোন কোন কোত্র একজন পরীক্ষক যে খাতায় ২৫ নম্বর দিয়েছেন আর একজনকে দেই খাতায় ৭৫ একই উত্তর পত্রে নম্বর দিয়েছেন। প্রত্যেকটি উত্তরপত্র বাছাই করা অভিছ্ঞান্দরের বিভিন্নতা পরীক্ষক দিয়ে পরীক্ষা করান হয়েছিল। এর পর যা ঘটল তা আর ও আশ্চর্যজনক। তিনি কয়েক বছর বাদে দেই প্রোন উত্তরগুলই আবার দেই পরীক্ষকদের দিয়ে পরীক্ষা করালেন, এবার দেখা গেল পূর্বেশ্যনি যে খাতায় ৭৫ নম্বর দিয়েছিলেন তিনিই দেই খাতায় ২৫ নম্বর দিয়েছেন।

Prof. Sandiford বলেছেন একটি প্রবন্ধ একবছর লিখে একজন ৮০ নম্বর পেয়েছিল। ঠিক দেই প্রবন্ধটিই আর এক বছর লিখে একজন ৩৯ নম্বর পেয়েছিলেন। School Certificate পরীক্ষায় কয়েকটি উত্তরপত্র একই Prof. রকম বিবেচিত হওয়ায় দেই উত্তরপত্রগুলি একই রকম Sandiford এব নম্বর পাবার য়োগ্য বলে ধরে নেওয়া হয়। তারপর দেই বজব্য উত্তরপত্রগুলিকে অভিজ্ঞ পরীক্ষকদের কাছে পাঠান হয়। দেখা গেল বিচারে নম্বরের পার্থক্য হয়েছে ২১-৭০ পর্যস্ত। বুদ্ধি দিয়ে কি এয় কোন ব্যাধ্যা চলে।

ব্যক্তিগত অভিজ্ঞতার কথা উল্লেখ করলে খুব অপ্রাদান্ধিক হবে না। তথন
নবম শ্রেণীর চাত্র, তৈমানিক পরীক্ষার পূবে একটি ব্যাখ্যা প্রাইভেট টেউটারকে
দিয়ে নিথিয়ে মুখন্থ করেছিলাম। আর একটি ছেলেও সেটি
লেখকের ব্যক্তিগত
অভিজ্ঞতা
এসেছিল। হ'জনেই নিভূলভাবে লিখেছিলাম। আমি
পেলাম তিন, আর সে ছেলেটি পাঁচ। মান্তার মশায়কে বলতে তাড়া খেয়ে পালিয়ে
এসেছিলাম সে কথা আজও মনে আছে। সেদিন আমার শিক্ষক যা কবেছিলেন
আজ আমরা খাতা দেখতে গিয়ে ঠিক তাই করি, একথা স্বীকার করতেই হবে।
॥৩॥ ক্রেটিপূর্ব মুল্যায়নঃ—

জৈতি আধুনিক কালে আমাদের দেশে পরীক্ষা বিষয়ক অনুসন্ধানের ফলে যে তথ্য উদ্ঘাটিত হয়েছে তা বিশায়কর। বিগত ২এ। জানুয়ারী (১৯৬৫ খ্রীঃ)। অমৃত বাজাব পত্রিকায় University Grants Commi-University Grants

ssion ) পরীক্ষা সম্বন্ধে বিভিন্ন সময়ে যে অনুসন্ধান চালিয়েছেন তার ফলাফল কিছুটা প্রকাশিত হয়েছে।
কমিশন্ বিভিন্ন (বিশ্ববিদ্যালয়ের উত্তরপত্র বিশ্লেষণ করে দেখেছেন যারা পরীক্ষায় ফেল করে তাদের শতকর। ৬০ ভাগ পরীক্ষাপদ্ধতির ক্রটির জন্ম ফেল করে।
পরীক্ষকের ভূলে প্রতি পত্রে ৭ নম্বর কম পার (Examiner's errors are not less than 7 marks per script)। )

অকট্ট মানের খাতা বেছে নিয়ে দেখা গিয়েছে যেখানে একজন পরীক্ষক

শতকরা ৬০ জন পাস করিয়েছেন সেখানে অন্ত একজন পরীক্ষক পাস। করিয়েছেন মাত্র শতকরা ১১ জন।

ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের খ্যান্তনামা অধ্যক্ষ Dr. West অন্থসন্ধান করে একই রকম তথ্যের সন্ধান পেয়েছিলেন। তাই ভিনি হংখ করে বলেছিলেন "Examinations are the webs of penelope. What the teachers do the examiners undo."

#### ॥ চারু॥ বথার্থ্যের অভাব (Lack of Validity) :

বিচনামূলক পরীক্ষায় যে নির্দিষ্ট বিষয়ের পরীক্ষা নেওয়া হয় মূল্যায়নের সময় বিষয়বস্ত ছাডা আরও কয়েকটি উপাদান পরীক্ষকের দিদ্ধান্তকে প্রভাবিত করে । শিক্ষক মাত্রেই ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানেন ইভিহাস কি ভূগোলের পরীক্ষায় পরীক্ষক বিষয়-জ্ঞানের পরিমাণের সাথে উত্তরদাভার রচনা শক্তি, বানানের নির্ভূলতা, ক্ষর হাত্রের লেখা, পরিষ্কার-পরিচ্ছনতা প্রভূতিকে উপেক্ষা করতে পারেন না। ছ'টি ছাত্রের ইতিহাসের উত্তর তথ্যগত দিক থেকে একই রকম হলেও যার খাতায় এই ক্রটিগুলি থাকবে সে কম নম্বর পাবে। ইতিহাসের পরীক্ষা রচনাশক্তি কি বানানের নির্ভূলত। দ্বারা প্রভাবিত হওয়া কতটা সঙ্গত ভা বিচার সাপেক্ষ কিন্তু বাস্তবে যা ঘটেছে তাকে অস্বীকার কবা যায় না।

#### ॥ পাচ ॥ অনুযান নির্ভর পরীকা:

বিচনামূলক পরীক্ষায় সমস্ত পাঠ্যক্রমের উপর স্থবিচার করা সন্তব হয় না।
ভিনশত পাতার একখানা বই থেকে ১০ কি ১২টি প্রশ্ন করা হবে, ছেলেমেয়েদের
ভার মধ্য থেকে এডিট প্রশ্নের উত্তর লিখতে বলা হবে, সমস্ত বই থেকে প্রশ্ন
করা সন্তব নয়। (তার ফলে ছেলেমেয়েরা বাছাই করে প্রশ্ন
পান করাব প্রবাতা
নিবাচিত করে মুখস্থ করে। Note, Digest, Sure
Success প্রভৃতির সাহায্যে 'যেন তেন' প্রকারে পরীক্ষা
পাসের ফিকির খোজে। সারা বছর বই পডে একটি ভাল ছাত্র হয়ত কম
নম্ব পেল, আর একটি স্থযোগ সন্ধানী ছাত্র কয়েকটি মাত্র প্রশ্ন বেছে নিয়ে
'বরাত জোবে' বেশী নম্বর পেল, এর ফলে ছেলেমেযেরা cramming বা rate
learning-এর দিকে ঝুঁকে পড়ে। সমস্ত বিষয়টিকে না জেনেও পরীক্ষায়
পাস করতে বেগ পেতে হয় না। )

#### ॥ ছয়॥ অনিশ্চিতঃ

বিচনামূলক শরীক্ষায় প্রশ্নকর্তা ছাত্রদের কাছ থেকে কডটুকু জানতে চান তা দব দময়ে বুঝা যায় না। তাই দেখা যায় উত্তর জানা থাকলেও ছাত্রেরা প্রশ্নের সঠিক উত্তর লিখতে পারে না। এ ছাডা প্রশ্নপত্র জনেক দময় দীর্ঘ হয়, ছেলের। জনেক দময় নিদিষ্ট দময়ের মধ্যে উত্তর দিতে পারে না। ফলে শিক্ষার্থীর সঠিক ম্ল্যায়ন হয় না। যোগ্য শিক্ষার্থীও এই জনিশ্চয়তার জন্ম উপযুক্ত মর্যাদা পায় না।

# া বস্তুনিট ও রচনাত্মক পরীক্ষার মিশ্রণ।

এই পরীক্ষায় সঠিক মূল্যায়নের পথে অনেক বাধা আছে বলে রাধাক্তঞ্ কমিশন বলেছেন। বস্তুনিষ্ট পরীক্ষার সাথে বচনাত্মক পরীক্ষার ক্ষেত্রে প্রয়োগ করে এই জাতীয় পরীক্ষায় স্থফদ পাওয়া যেতে পারে। নতুন ধরনের পরীক্ষার ব্যাপক প্রয়োগ যতদিন সম্ভব না হচ্ছে ততদিন এই পরীক্ষা ব্যবস্থার কি করে উন্নতির সাধন করা যায় আমাদের সে চেষ্টা কুরতে হবে। এইজক্ত প্রশ্ন নির্বাচন ও নম্বর দেওয়া পদ্ধতির পরিবর্তন প্রয়োজন। পরীক্ষার উদ্দেশ কি. এ সম্পর্কে পরীক্ষক ও পরীক্ষার্থীর ধারণা থাকবে। এই জাতীয় পরীক্ষার বিষয়বস্কর সাথে চিম্ভা, যুক্তি, বিচারপূর্বক উপস্থাপন, ক্ষন্তন ধর্মী ভাষ্য, প্রভৃত্তির উপব জোর দিতে হবে। কমিশন বলেচেন,—"By itself this type of examination may not be expected to fulfil the basic conditions of a good test, but in emjunction with more objective techniques it may be utilised to great advantage. Moreover, until such time as objective examinations at all educational levels are evolved, this type will hold the field. It should, therefore be the concern of all educational organisations improve this type also. This improvement can be brought about in the selection of test content, in the framing of questions, and in the scoring of results. The exact purpose of the eximination must be understood by both the examiner and the students The emphasis in this type of examination should be expressly on thought, acute reasoning, critical expositio -, creative i terpretation and other types of mental activity in relation to the materials of the course. Its main concern should be with topics involving relations and problems."

। বস্তুনিষ্ট উদ্দেশ্যমূলক নৈৰ্ব্যক্তিক প্ৰশ্ন ॥

#### || Objective Tests ||

প্রচলিত রচনামূলক পরীক্ষার দোষক্রট নিয়ে বছদিন থেকে আলোচনার, হচ্ছে। এর দোষক্রট কি করে দ্র করা যায় তা নিয়ে আলোচনার দাথে প্রচলিত পরীক্ষার
ইউরোপ ও আমেরিকার সঠিক ম্ল্যায়নের নতুন কোন ক্রটভাল দ্ব করার পরতি অবলম্বন করা যায় কি না তাই নিয়ে পরীক্ষাজ্ঞাই বস্তুনিই পরীক্ষার নিরীক্ষা চলছিল। আমরা দেখেছি রচনামূলক পরীক্ষার উত্তব ত্'টি প্রধান ক্রটি:—একটি ব্যক্তিমুখীনতা (Subjective) অপরটি নম্মর দেওয়ার অনিশ্চয়তা (inaccuracy in marking)। প্রচলিত পরীক্ষা ব্যবস্থার ব্যক্তিমুখীনতা দ্র করে কৃতিছের মূল্যায়ন যতটা সম্ভব নির্ভুল ও নির্ভরযোগ্য করে তুলবার উদ্দেশ্যে নতুন বস্তুনিষ্ঠ

(objective) পরীক্ষা পদ্ধতির উদ্ভব হয়েছে। পরীক্ষা গ্রহণের বিবর্তনের ইতিহাসে নতুন বলে এই পরীক্ষা পদ্ধতিকে New Type Test বলা হয়। আজকাল এ ধবনের অভীক্ষার ব্যাপক প্রচলন দেখা যায়। বিশেষ উদ্দেশ্য নিয়ে এই সকল প্রশ্ন কর। হয় বলে এই ধরনের অভীক্ষার মূল্যায়ন যথায়থ হয়।

্বিষয়ের উপর বিভিন্ন ধরনের ছোট ছোট প্রশ্ন. করা হয়, বলে নতুন বন্ধনিষ্ঠ পরীক্ষা নানারকম হতে পারে। যেমন,—সভ্য মিথ্যা নির্ধারণ (True-False

Type), সম্পূর্ণকরণ বা শুগুন্থান পূরণ (Completion বস্তুনিষ্ঠ পরীক্ষার

বিভিন্ন ধরন

সামঞ্জন্ত সন্ধান (Matching Test), স্মৃত্তি মন্থন (Recall Type), সংজ্ঞা
জ্ঞাপক (Definition Type), সম্পর্ক জ্ঞাপন (Relation Type),
পার্থক্য নির্দেশক (Distinction Type), ক্রোণী বিদ্যাস (Classification Type), সাদৃশ্য অমুধায়ী সাজনো (Arrangement Type),
উপমান অভাক্ষা (Analogy Type Tests)। একে এক এগুলির বিহুত আলোচনা করা থেতে পারে;—

#### ॥ এক ॥ সভ্য মিথ্যা বিচার (Tru-False Type) :

এই জাতিয় প্রশ্নে একই সাথে কতকগুলি শুদ্ধ, কতকগুলি অশুদ্ধ উত্তর দেওয়া।
থাকে। চেলেমেশেদের বলা হয় যেগুলি শুদ্ধ সেগুলির পাশে ✔ চিহ্ন ও যেগুলি
অশুদ্ধ সেগুলির পাশে পাশে × চিহ্ন দিয়ে দেখিয়ে দাও। যেমন,—

- ১। হর্ষবর্ধন বিভিন্ন দেশে ধর্ম মহাপাত্র প্রেরণ করেন।
- ২। ফা-হিয়ান নালন্দায় অধ্যয়ন করেছিলেন।
- ৩। আকবর দীন ইলাহি ধর্মের প্রবর্তন করেন।

# ॥ গৃই ॥ সম্পূর্ণ করণ (Completion Type) :

এই জাতীয় প্রশ্নে একটি বাক্যে একটি কি হ'টি শব্দ উহু থাকে। ছেলেমেয়েদের বলা হয় উপযুক্ত শব্দ বিদয়ে বাক্যটি পূর্ব করতে। সম্পূর্ণকরণ তথ্যগত হতে পারে, আবার রচনামূলক ও হতে পারে। যেমন,—

- ১। বন্দেমাতরম সঙ্গীত—রচনা কবেছিলেন।
- ২। বশ্রেরা বনে স্থন্দর, শিশুরা—
- ৩। জনিলে-হবে অমর কে কোথা কবে।

# । তিন্। শুদ্ধ উত্তর নির্বাচন (Multiple choice Type)

প্রশ্নের নীচে সভা মিথ্যা অনেক উত্তর দেওয়া হয়ে থাকে ভার মধ্যে থেকে শুদ্ধ উত্তরটি খুঁজে বের করে নিভে হবে। যেমন,—

ভাক্তমহল নিৰ্মাণ করেন—আলাউদ্দীন খ্লিলজী, মহম্মদ তুগলক, শাহজাহান, বাহাতর শা। নৰ্মদা—একটি পাহাড়ের নাম, একটি দ্বীপের নাম, একটি নদীর নাম, একটি শহরের নাম।

#### ॥ চার ॥ সংক্রিপ্ত উত্তরের প্রায় (Short answer Test) :

এই জাতীয় প্রশ্ন শ্বতিনির্ভর হতে পারে। ইচ্ছা করলে এই প্রশ্নকে এমনভাবে তৈরী করা যেতে পারে যার ফলে শিক্ষার্থীকে একটু ভাবতে ও গুকথা লিখতে হয়।

#### । পাঁচ। সামঞ্জু সন্ধান (Matching Test) :

কতকগুলি প্রশ্নের উত্তর এলোমেলো ভাবে দেওয়া থাকে দেগুলিকে ঠিক মত সাজিয়ে দিতে হয়। যেমন,—

১৭ ঃ ৭ খ্রীঃ প্রথম পানিপথের যুদ্ধ

১৮৫৮ খ্রী: পলাশীর যুদ্ধ।

১৫२७ औ: मिशारी युक्त।

#### । চয়। স্মৃতি মন্থনমূলক (Recall Type) :

সম্পূর্ণ শ্বতির উপর নির্ভর করে এই জাতীয় প্রশ্নের উত্তর দিতে হয়। যেমন,—

ষ্টীম ইঞ্জিন আবিষ্কার,করেন কে : পৃথিবীর দীর্ঘতম নদীর নাম কি ? ভারতে জাতীয় কংগ্রেদ কবে প্রতিষ্ঠিত হয় ?

#### া সাত। সংজ্ঞা জ্ঞাপক অভীকা (Definition Type Test) :

এই শ্রেণীর প্রশ্নে কতকগুলি প্রচলিত Term-এর সংজ্ঞা নির্দেশ করতে বলা হয়। যেমন—

সার্বভৌমত্ব, গণতন্ত্র, দ্রব্য, অর্থ ইত্যাদি।

#### ॥ আট । সম্পূর্ক বিষয়ক অভীকা (Relation Type Test) :

এই জাতীয় অভীক্ষায় হ'প্রকার বিষয়ের সম্পর্ক জানতে চাওয়া হয়। যেমন—

লোকবদতির দক্ষে জলবায়্র দম্পর্ক বিচার কর।

অর্থনীতির সঙ্গে পৌরনীতির সম্পর্ক কি ?

অশোক ও আকবরের ধর্মতের তুলনা কর।

#### ॥ নয় ॥ পার্থক্য নির্দেশক অভীকা (Distinction Type Test) :

হুই জাতীয় বিষয়ের মধ্যে পার্থক্য নিধারণ করতে বলা হয় এ জাতীয় অভীকায়, যেমন—

গণতন্ত্র ও সমাজতন্ত্র।

আকবর ও ঔরংজেবের ধর্মমত।

শেরণাহ ও আকবরের শাসনসংস্থার।

# ॥ দশ ॥ শ্রেণীবিক্তাস (Classification Type) :

একই জাতীয় বস্তু, বিষয় বা ব্যক্তিকে শ্রেণীবদ্ধভাবে সজ্জিত করতে বলা হয়। যেমন—

- (ক) পশ্চিম বাংলার প্রধান কৃষিজ্ঞাত দ্রব্য—রবার, চা, কফি, পাট, ধান, গম, কার্পাস, যব, কোকো।
  - (খ) ভারতের দ্রষ্টব্য বস্তু ও স্থান---

তাজমহল, হোয়াইট হাউদ, অজস্তা, পিরামিড, কুতুবমিনার, কোনারকের মন্দির, কন্তাকুমারিকা, দিমলা, পেট্রোগ্রাড, স্ট্যাচু অব লিবার্টি, অমুত্রর।

#### ॥ এগার ॥ সাদৃশ্য অনুষায়ী সাজানো (Arrangement Test) :

এক্ষেত্রে কতকগুলি ঘটনাকে কালাফুক্রমিক সাজাতে বলা হয়। যেমন,— অশোক, বাবর, রিজিয়া, ভিলক, হুদেনশাহ, টিপুস্থলতান।

•অনেক সময় আবার কতকগুলি বস্তুকে প্রয়োজনের গুক্ত অফুসারে সাজাতে বলা হয়। বেমন—

বি্লাদের ত্রব্য, পানীয় ত্রব্য, খাগুত্রব্য, পোষাক, পুন্তক।

# ॥ বার ॥ **উপমান অভীকা (Analogy Type Test)** :

এই জাতীয় অভীক্ষায় ত্'টি বস্তুর মধ্যে বিশেষ সম্পর্কের কথা দেওয়া থাকে, ভারপর শিক্ষার্থীদের কাছে তৃতীয় বস্তুটির সম্পর্কে ঠিক সেরূপ আর একটি বস্তু সম্পর্কে জানতে চাওয়া হয়। যেমন—

দিন : রাত্রি :: আলো:—

গোক: বাছর:: ব্যাঙ:--

ক্ধা : খাত :: তৃষ্ণা:-

# নৈৰ্ব্যক্তিক অভীক্ষার স্থবিধা (Advantages of objective Tests):

বন্ধনিষ্ঠ পরীক্ষার সর্বপ্রধান স্থবিধা হচ্ছে এ পরীক্ষার নির্ভরযোগ্যভা। এই পরীক্ষা নৈর্ব্যক্তিক হওয়ার জন্ম উত্তর পত্রের মৃল্যায়নে পরীক্ষকের ব্যক্তিগত থেয়াল-খুশী, ভাল-লাগা, মন্দলাগা, সময় মাফিক মেজাজ প্রভৃতির কোন স্থান নেই।

এই পরীক্ষার একটি প্রাক্ষার একটি নিস্কুল উত্তর হডে বাধ্য; তাই উত্তরপত্র বিচারের মানের তারতম্য হবার কোন সম্ভাবনা নেই। শুদ্ধ উত্তর নিথলে সমস্ত পরীক্ষকই সমান নম্বর দিতে বাধ্য। পরীক্ষকের মনোমত উত্তর হয় নি, তাই তিনি কম নম্বর দিয়েছেন; একথা বলার স্বযোগ এখানে নেই। পরীক্ষক পক্ষপাতিত্ব করেছেন এই অভিযোগ কেউ করবে না।

রচনামূলক পরীক্ষায় বিষয়-জ্ঞানের সাথে ভাষা-জ্ঞান, রচনার অন্তাষ্ঠ দোষ শুণ্ ঘারা পরীক্ষক প্রভাবিত হন। এছাড়া পরীক্ষক একই সময় সবদিকে সমান মনোযোগ দিতে পারে না। বস্তুনিষ্ঠ পরীক্ষায় শুধু মাত্র একটি নির্দিষ্ট উত্তর ছাড়া বিভীয় উত্তর হবার অবকাশ নেই, ভাই মান নির্ণয় সহজ ও নির্ভুল হয়।

এই জাতীর অভীক্ষায় ব্যক্তিকেন্দ্রিকতা (Subjectivity) থেকে মুক্ত, বস্তুনিষ্ঠ (Objective)। তাই পরীক্ষকের পক্ষে পক্ষপাতিত্ব করে যা তা নম্বর দেওরা সম্ভব নয়। এই জাতীয় অভীক্ষায় যথার্য্য (validity) বস্তুনিষ্ঠ অভীক্ষায় আচে। বিভিন্ন শিক্ষার্থীর মধ্যে তুলনা করে যথাযথ পার্থক্য প্রেরাগ যোগাত।

(Comparability) বিশুমান। এই জাতীয় বস্তুনিষ্ঠ অভীক্ষাব প্রস্থানার (মাগ্যভাও (Administrability) অধীকার করা যায় না। কাবণ উত্তরপত্র সঠিব ভাবে পরীক্ষা করা ও নম্বর দেওয়া এই ডাতীয় অভীক্ষায় কঠিন ও জটিল নয়।

এই পরীক্ষায় প্রান্ধের সংখ্যা বছ হওয়ায় সমগ্র পাঠ্যক্রেমের উপর প্রশ্ন করা চলে। বেছে বেছে দামান্ত কয়েকটি প্রশ্ন মৃথস্থ করে ভাল নম্বর পাওয়ার স্থাগ এখানে নেই। পবীক্ষায় বেশী নম্বর পেতে হলে, সমগ্র পাঠ্যক্রমের তিপর প্রশ্ন করা বায় করতে হবে। বিষয়টি না জেনে যা ইচ্ছা খুনী লিখলে এখানে নম্বব পাওয়া যায় না। রচনামূলক পরীক্ষায় উত্তর না জেনেও বৃদ্দিমান ছেলেমেয়ের। মূল প্রশ্নটিকে এডিয়ে এমন ভাবে লিখতে পারে যাতে অনেক সময় পরীক্ষক ফাঁকি ধরতে পারেন না। কিছু নম্বর দিয়ে বসেন। এই পরীক্ষায় পাস কাটিয়ে জবাব দেবার অবকাশ নেই।

এই ধরনের অভীক্ষা পুস্তক নির্ভরতা ও মুধস্থ বিভার হাত থেকে শিক্ষাকে পুস্তক নির্ভরতা ও মুক্ত করে। Note books, Suggestions ইত্যাদির। মুধ্য বিভার অবসান দোরাত্ম্য বিনষ্ট হয়, শিক্ষা প্রচলিত গতাহুগ তকতা ও ক্রতিমতা থেকে মুক্তি পার।

প্রক্রিকার সময় ও পরিশ্রেম কম লাগে। ছোট ছোট প্রশ্নের জবাব লিখতে কম দময় দরকার হয় তাই ছেলেমেরের। পরীক্ষা এহণের দময় চিস্তার দময় পায়। উত্তরপত্র পরীক্ষা করতে তেমন খুব বেশী দময় প্রয়োজন হয় না। খাতা দেখতে খুব অভিজ্ঞতার প্রোজন হয় না। উত্তরগুলি নির্দিষ্ট থাকার জন্ম পরীক্ষকের গুরুত্ব কমে। গিয়েছে।

নৈৰ্ব্যক্তিক অভীক্ষার অস্থবিধা (Disadvantages of Objective Tests):

নতুন পরীক্ষায় প্রচলিত পরীক্ষায় দোষ ক্রটি অনেকটা দ্ব করা সম্ভব হলেও এই পদ্ধতিরও কতকগুলি ক্রটি রয়েছে। এই পদ্ধতির প্রধান এই অভীকার নিক্ষার্থার ক্রটি হ'ল শিক্ষার্থার স্থাইজল চিন্ধা-শক্তি প্রকাশের ক্র্যুখন ছিলাছিও স্থাবোগ এই ধ্রনের পরীক্ষায় নেই। বিভিন্ন বিষয় ভাষাক্রান প্রকাশ আলোচনা করে যুক্তির দ্বারা কোন বিষয় প্রতিপাদন ক্রোগ খাকেন। বা উপস্থাপন করার কোন স্থাগেও স্থাধীনতা এখানে নেই। ঘটনামূলক জ্ঞান, বিশেষ করে স্থাতি নির্ভর জ্ঞানের পরীক্ষানিত্রণভাবে এই পদ্ধতিতে হয়। কিন্তু রচনাশক্তি বিকাশের উপর কোন জ্যার এই ব্যবস্থায় দেওয়া হয় না। কোন মৌলক রচনা যুক্তমূলক লেখার মাধ্যমে প্রকাশ করার বা স্বকীয় চিন্থাগাবা গড়ে তুলবার স্থযোগ এই পরীক্ষাপদ্ধতিতে নেই।

প্রশ্নপত্র রচনা পরিশ্রেম সাধ্য, এই জাতীয় প্রশ্নপত্র ছাপাডে ব্যুম্বও অধিক হয়। মুদ্রন খরচ বিভালয়ের পক্ষে বছন করা কট সাধ্য। এই অভীক্ষার প্রশ্নপত্র বচনা পবিশ্রমদাধ্য,' অভিজ্ঞতাহীন শিক্ষককে বস্তুনিট পরীক্ষার প্রশ্নপত্র রচনা হাপানে। ব্যুম্বাধ্য করতে দিলে মামূলি ধরনের প্রশ্নপত্র রচিত হবে।

বন্ধনিষ্ঠ অভীক্ষায় যতগুলি সঠিক উত্তর হয় তত নম্বর পাওয়া যায়, উত্তর ও
খৃব সংক্ষিপ্ত। তাই পরীক্ষার হলে অপরের দেখে উত্তর
অসহপায় অবলম্বনের
ব্রেবণতা
অসহপায় অবলম্বনের প্রেবণতা দেখা দেয়।

বস্তুনিষ্ঠ অভীকা মনস্তম্ব ও শিক্ষাংবের বিচারে অবৈজ্ঞানিক। এতে শিক্ষার্থীদের চিস্তাশান্তি বাড়ে না, ভাষাজ্ঞান হয় না, বিচার বিশ্লেষণী মনোভাব হস্তুনিষ্ঠ অভীকা গড়ে উঠে না, কল্পনাশান্তি বিকশিত হয় না, মননের অমনতাবিক তীব্রতা আসে না। বার বার স্তি্যা-মিথ্যা, ভুল উত্তর অবৈজ্ঞানিক ইত্যাদির সঙ্গে পরিচিত হয়ে শিক্ষার্থীর তাদের বিশ্লেষণী শক্তি হারিয়ে ফেলে। এই অভীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর ব্যথতার কারণগুলি অমুসন্ধান করা যায় না। ফলে তা দ্ব করে ভার ব্যক্তিত্বের উল্লয়নের পথ দেখান যায় না। এই জাভীয় অভীক্ষায় শিক্ষার্থীর ভবিষ্যং সন্তাবনা সম্বন্ধে কিছু বলাও খুব মুশ্কিল। অনেকে তাই এই জাভীয় বস্তুনিষ্ঠ নৈব্যক্তিক অন্ত্রীক্ষাকে অমনস্তাত্থিক ও অবৈজ্ঞানিক বলে থাকেন।

এই জাতীয় পরীকার প্রশ্নের **উত্তর অনেক সময় কিছুটা আন্দান্ত বা** জানুমান করে দেওয়া সম্ভব। একটি দাগ বা বাঁকটি ক্রশ চিক্ত অথবা হাঁ। কি

#### ॥ ভুলনাগুলক বিচার॥

# || Comparative Judgement ||

নতুন পরীক্ষায়ও দেখা যাচেছ এই ব্যবস্থা ক্রটশূল নয়। বলেছেন, পরাক্ষার মধ্য দেয়ে ত'টি উদ্দেশ্ত দার্থক করতে হবে। একটি শিক্ষার্থীর জ্ঞানের নিভুল পরিমাপ, দ্বিতীর হচ্চে উন্নত ধরনের পাঠ-বস্ত্রমিষ্ঠ অগ্রীকার শিক্ষাগীৰ জ্ঞানের প্রেরণা যোগান। বস্তুনিষ্ঠ পরীকার মৃন্যায়ন যাতে নিভূল পরিবিকে বিক্তর হয় দে দিকে বিশেষ জোৱ দে ওয়া হয়েছে। কিন্তু শিক্ষার্থীর ৰুৱার সুযোগ নেই জ্ঞানের পরিধিকে বাডাতে যে পরিমাণ পডাগুনা করা দ্রকার দে দিক থেকে কোন প্রেবণা যোগায় না। রচনামূলক পরীক্ষায় একটি প্রশ্নের ভাল উত্তর লিখতে গুরুমাত্র শ্রেণীপাঠ্য বইই যথেষ্ট নয়, আরও वर्ष्ट शास्त्र माराया र्थायाक्त। किस्न वस्तिष्ठं भदीकाम निरक्त भागाक्तरात्र ৰাইরে থেকে কিতু প্রকাশের স্বয়োগ নেই। তবুও দোষ জ্রাটকে থেনে নিয়ে বলা যায় নতুন পরীক্ষা কতকগুলি ক্ষেত্রে বিশেষ কার্যকরী। রাধাকুঞ্ন ক্মিশন নতুন পরীক্ষা-প্রতিকে কাজে লাগাবার কথা বলেচেন। কমিশন বলেচেন-----"That a battery of psychological and achievement tests be developed for use with Higher Secondary School students for the final test at the end of tieve years of schooling"

রচনামূলক পরীকায় একটি ছোট পত্রে অল্প ব্যয়ে ও অল্প পরিশ্রমে প্রশ্ন ছাপিয়ে শিক্ষার্থীদের অনেক বড় উত্তর দিতে বলা হয়। পরীকার হলৈ গিয়ে রচনাত্মক পরীকাও বিজের তৈরী প্রশ্নগুলিকে প্রশ্নপত্রে পাওয়া ভাগ্যের বছনিও অভীকার বাপার। বস্তুনিপ্ত অভীকায় অনেক পরিশ্রমে ও অর্থব্যয়ে তুলনামূলক বিচার অনেক বড় প্রশ্নপত্র রচনা করা হয়। শিক্ষার্থীদের ছোট ভেরে দিতে হয়। অনেক সময় আবার দাগ মেরে

দিলেও চলে। বস্তুনিষ্ঠ অভীকায় সমত্ত পাঠ্যক্রমের উপর অনেকণ্ডলি প্রশ্ন থাকে;—তাই এগানে ভাগোর প্রশ্নই আগে না। রচনামূলক পরীকায় উত্তর পত্র পরীকা ও নহর দেওয়া কটকর। কিন্তু বস্তুনিষ্ঠ অভীকায় এ কাক অনেক সহক। ভাল পরীকার লক্ষ্যগুলি রচনাত্মক পরীকা। অপেক্ষা বস্তুনিষ্ঠ অভীকায় বেশী আছে। রচনাত্মক পরীকায় মুগস্থের স্থোগ থাকে, বস্তুনিষ্ঠ অভীকায় তার

স্থবোগ নেই। রচনাত্মক পরীকা ব্যক্তিভিত্তিক, বস্তনিষ্ঠ অভীকা বস্তনিষ্ঠ্ঞ তু'টি অভীকারই দোব-ফুটি আছে।

রাধাক্ত্তণ কমিশনের স্থপারিশ সত্ত্বও আমরা রচনামূলক শরীক্ষার প্রয়োজনীয়তাকে অস্বীকার করতে পারি না। কারণ সাহিত্য বিষয়ে ষেখানে রচনাশক্তির ও কল্পনাশক্তির পরীক্ষার প্রয়োজন দেখানে -রচনামূলকু পরীকাকেও वस्तिष्ठं भन्नीका थव डेभरगंभी नम् । Prof. Sandiford একেবারে পরিত্যাপ বলেছেন, দোষক্রটি থাকা সম্বেও এই নতুন পদ্ধতি অভাস্থ করা যায় না কার্যকরী এবং প্রয়োজনাত্রকণ পুরাতন পদ্ধতির সংশিশ্রণে নতুন পদ্ধতিকে জ্ঞটিমুক্ত করা যেতে পারে। অর্থাৎ প্রচলিত পরীক্ষাপদ্ধতির লাথে নতুন পদ্ধতির সামঞ্জন্ম বিধান করে পুরাতন পদ্ধতিকে যথাদন্তব দোষ মুক্ত করার চেষ্টা করলে একে অধিকতর নির্ভরশীল করে তোলা যায়। পরীক্ষা-পদ্ধতিকে ক্রটি মৃক্ত করতে হলে, নৈর্ব্যক্তিক করতে হবে; তাহলে পরিমাপ নিভূল হবে। অক্যাক্ত কুশলতা, রচনাশক্তি, বিচার ও যুঁক্ত প্রয়োগের ক্ষমতা এবং কল্পনা শক্তি পরিমাপের জন্ম মিশ্র পদ্ধতির প্রয়োগ রচনামূলক পরীক্ষার সাহায্য নিতে হবে। ছ'টি ব্যবস্থার দংমিশ্রণে অম্ববিগার স্টে হতে পারে। কি করে এই অম্ববিগা দূর করা যায় তা নিয়ে অহুদ্রধান করতে হবে। পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে আমাদের স্থির করতে হবে বে,—মিশ্রণদ্ধতিকে আমাদের পরীক্ষায় প্রয়োগ করার উপযোগী করে তোলা যায় কি না।

পশ্চিমবঙ্গে প্রধান শিক্ষক সমিতির "Education & Research উপসমিতির থানভ তারিথে একটি সভায় রচনামূলক ও বস্তুনিষ্ঠ পরীক্ষা পদ্ধতির সংমিশ্রণে বর্তমান পরীক্ষার সংস্কার করা যায় কি না সে সম্পর্কে আলোচনা করে প্রাথমিক পর্যায়ে কয়েকটি নিদিষ্ট স্কুলে আদর্শ মিশ্র প্রশ্লের সাহায্যে পরীক্ষা গ্রহণের দিয়াস্ত কয়েছেন। কিছুদিন পূর্বে বিভানগরে বিদ্ধার বিবেচনার জন্ত এক আলোচনা চক্রে সমবেত হয়েছিলেন। সেই আলোচনায় সকলেই রচনামূলক পরীক্ষার ক্রটি সম্পর্কে আলোচনা কয়লেও তাকে বাদ দেবার কথা বলতে পারেন নি। বস্তুনিষ্ঠ পরীক্ষার সাথে যুক্তকরে প্রচলিত রচনামূলক পরীক্ষাকে কি করে দোবমুক্ত করা যায় ভাঁরা সে চেষ্টা কয়ারই পক্ষপাতী।

## ব্যবহারিক পরীক্ষ। ( PRACTICAL EXAMINATION )

এই পরিচয়পত্তে সাধারণ লেখাপড়ায় শিক্ষার্থী কিরপ যোগ্যতার পরিচয় দিল, শুধু তাই থাকবে না; তাতে শিক্ষার্থীর জীবনের বিভিন্ন দিকের সামগ্রীক পরিচয় লিপিবদ্ধ থাকবে। বহুমূঝী শিক্ষাব্যবস্থা পর্বান্তক পরিচয় পরিক্র থাকবে। বহুমূঝী শিক্ষাব্যবস্থা পরিভাগীর সামগ্রিক পরিচর পরে শিক্ষার্থীকে সামগ্রিক ভাবে জানা পরিচর থাকবে প্রান্তক বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে। কোন শিক্ষার্থী কি জাজীয় শিক্ষার বা বৃত্তির উপযোগী ভা

নির্দেশ কবতে হলে ছেলেমেয়েদের ক্ষমতা আগে জানতে হবে। শিক্ষার্থীর আগ্রহ, প্রবণতা, দক্ষতা, প্রভৃতি বিষয় থাকার ফলে সে কোন শিক্ষা নিলে জীবনে সাফল্য ও প্রডিষ্ঠা লাভ করতে পারবে সে সম্পর্কে পথ নির্দেশ করা সম্ভব হবে।

শিক্ষার্থীর সাধারণ পাঠে অবনতি ঘটলে তার কারণ অমুসদ্ধান করে, তা
দূর করা সহজ হবে। যদি দেখা যায় যে,—দে ক্লাসের
সর্বান্ধক পরিচর পত্ত প্রথম বাচ্ছে; তথন দেখতে হবে অন্তানিকে সেবিকাশীদের সম্বন্ধে
ব্যবহা নেওরা বেতে
পত্ত পর্যালোচনা করে দেখা যায় অন্তা সব দিক থেকেই
পারে
তার দক্ষভার পরিচয় পাওয়া যাচ্ছে তাহলে ব্রতে হবে
বোগ্যতা থাকলেও সে তা পড়ার দিকে কাভে লাগাচ্ছে

ना । जेक्न शास्त्र तम अज़ाय मत्नारवाणी रय तमितक मत्त्रहे रस्क रति ।

ছেলেমেট্রের স্বাস্থ্য সম্পর্কীয় থবর এতে লিপিবদ্ধ থাকার কোন ছাত্রদের বিদ্বিধার বিদ্বিদ্ধ থাকার করে তার তি দেখা না যায় না অবন্ধিত পরিলক্ষিত হয় তাহলে স্থলের পক্ষ থেকে যা করণীয় সেই ব্যবস্থা অবলম্বন করা হবে বা অভিজ্ঞাবককে জানান হবে যাতে

তিনি ষথোচিত ব্যবস্থা অবসমন করতে পারেন।

সর্বাত্মক পরিচয়-পত্রকে যেন উন্নত ধরনের প্রগতি পত্র বলে মনে না করা হয়। ছেলেমেয়ের পড়ান্ডনার উন্নতি অবনতির থবর শিতামাতাকে জানান, বা তাদের পড়ায় উংসাহিত করা, বা শিক্ষার্থীদের উপর শিক্ষার্থীর সর্বান্ধীন বিভালয়ের নিয়ন্ত্রণ কঠোরতব করা, —এর কোনটাই করাই সর্বান্ধক পরিচয় পরিচয়-পত্রের উদ্দেশ্ত নয়। শিক্ষক যে ছাত্রটিকে পত্রের উদ্দেশ্ত নানাভাবে, নানাদিক থেকে দেখার হ্রযোগ পেয়েছেন তাকে জীবনের চলার পথে যাতে সাহায্য কর্তে পারেন, সঠিক পথ বেছে নেবার নির্দেশ দিতে পারেন সেইজন্মই ছাত্রের সর্বান্ধীন পরিচয্জ্ঞাপক এই লিপিব প্রযোজন।

ক্রমবিকাশশীল শিশুজীবনের সাথে পরিচয় রাখতে
শিশুদের বিকাশের
শুরঞ্জিল সর্বান্ধক
পরিচর পত্রে লিশিবদ্ধ লিপিবদ্ধ থাকায় শিশুর মধ্যে কোন অস্বাভাবিক লক্ষণ
থাকে
দেখা দিলে তার সম্পর্কে কি কর। উচিত সে কর্তব্য
নির্ধারণেও এই মস্তব্য-লিপি থেকে সাহায্য পাওয়া যায়।

বিল্যালয়ে একশ্রেণী থেকে উপর্বিতম শ্রেণীতে উত্তীর্ণ হবাব পর নতুন শ্রেণী-কোন ব্যক্তিকে জানার শিক্ষক এই পরিচয়-লিপি থেকে তাকে চিনে নিয়ে তার জন্ম সর্বাত্মক পরিচয় কাজ শুরু করতে পারেন। চাকুরীতে নিয়োগের ক্ষেত্রেও পত্র প্রাঞ্জন পরিচয় লিপিকে গুরুত্ব দেওয়া যেতে পারে।

## ॥ সর্বাত্মক পরিচয় পত্রের বিষয়বস্তু॥

## | Subject-matter of the C. R. C. |

সর্বাত্মক পরিচয়-পত্তে শুধুমাত্র কয়েকটি পরীক্ষার ফলাফল লিপিবদ্ধ খাক্বে না। ছেলেমেয়েদের সর্ববিধ পরিচয় যাতে জানা যাবে সেইভাবে এই পরিচয়-পত্র রাগা হবে।

ব্যক্তিগত বৈষম্যকে (Individual Difference) স্বীকার করে নিমে যদি শিক্ষার ব্যবস্থা করতে হয় তাহলে এই পত্রে ব্যক্তির সামগ্রিক পরিচয় লিপিবদ্ধ করে রাথভেন্থবে।

#### সাধারণ তথ্য (General Information)

প্রথমেই ছাত্রের নাম, বন্দ, জন্ম ভারিক, বিভালয়ের ভর্তি হ'বার ভারিখ,
্থেশী ইত্যাদি থাকবে। এবপর পারিবারিক পরিচয় দিপিবদ্ধ করা হবে।

অভিভাবকের প্রীচয়—তাঁর আর্থিক অবস্থা, শিকা, সামাজিক প্রতিষ্ঠা, পারি-বারিক ও সামাজিক প্রবিবেশ ইত্যাদি বিশদভাবে লেখা থাকবিঁ

ভাত্যের পরিচর (Health Record)-

উচ্চডা, শরীরের ও বান অন্তথে ভূগছে কি না, দেহগত কোন কাটি আছে কি না, বছরের প্রার বছব এগুলি লিশিবদ্ধ করে দৈহিক বিকাশ ও সাধারণ স্বাস্থ্যের থবর রাখা হবে।

বৃদ্ধির পরিচয় (fitelligence Record)—

বুদ্ধির্ত্তিব বিকাশ কতিটা হয়েছে, আদশীকৃত পরিমাপের(Standardised Test) সাহায্যে তার পরিমাপ করতে হবে ও বৃদ্ধান্ধ (I.Q.) দ্বির করতে হবে। স্থভাব, উপস্থিত, দায়িশ্ববোৰ প্রভৃতি সম্পর্কে সংবাদ লিপিবদ্ধ করে রাখতে হবে।

পাঠোমভির বিবরণ (Educational Attainment)-

বিভিন্ন পৰীক্ষায় শিক্ষাৰ্থী কি নম্বৰ পেয়েছে এই অংশে তা লিপিবদ্ধ থাকবে, প্ৰচলিত প্ৰগতি-পত্তে যে সব বিষয় লিপিবদ্ধ থাকে এই অংশে তার উল্লেখ থাকবে।

পঠিবহিভুতি কার্যক্রম (Performance on co-curricular Activities)—

শিক্ষার্থী সাধারণ পাঠ্য বিষয়ের বাইবে বিভিন্ন কাথে কিরুপ যোগাভার পরিচয় দিল তা থেকে তার যে সব কাথক্ষমতা, কচি, প্রবণভার পরিমাপ কবার জন্ম নানারপ তথ্য সংগ্রহ করে বাগতে হবে।

অভিনয়, সঙ্গীত (Dramatic and Musical Performances)—

চিত্রকলা, চারুশিল্প প্রভৃতি বিষয়ে আগ্রহ, হাতে কলমে কাজ কবায় দক্ষতা কতটা অর্জন কবেছে দে সব লিপিবন্ধ থাকবে।

সামাজিক ক্রিয়াকর্মে অংশ গ্রহণ কবে কি না, খেলাধ্লায় ও স্কুলেব বিভিন্ন অফ্রান সম্পর্কে উৎসাহ ও কর্মকমতার পরিচয়, নেতৃত্ব, আত্মবিশ্বাস, সংগঠন ক্ষমতা প্রভৃতি জানতে হবে।

শ্রেণী-শিক্ষক অন্যান্ত শিক্ষক কাজ থেকে থোঁজ নিয়ে ও আলোচনা করে বিভিন্ন সম্পর্কে মন্তব্য লিপিবছ করবেন।

বিভিন্ন বিষধের উন্নতি-অবনতির পরিমাপ গণিতের সংখ্যা দিয়ে ছির না করে Five Point Scale দিয়ে ঠিক করা অধিকতর নির্ভর্যাগ্য বলে মনে হয়। A, B, C, D, E এই পাঁচটি প্রতীকের সাহায্যে Five Point Boale গুণাগুণ বিচার ও একটি ছাত্রের থেকে অপর ছাত্রের মানের পার্থক্য ব্যান যেতে পারে। A—খুব ভাল, B—ভাল, C—সাধারণ, D—খারাণ, E—খুব খারাণ এইভাবে ছাত্রদের মান নির্ণয় করা হয়।

প্রচলিত ক্রটিপূর্ণ পরীকাব্যবস্থাকে দোষমূক্ত করতে হলে মুর্যাত্বক পরিচর পত্তের ব্যাপক প্রচলন প্রয়োজন। এই পরিচয় পত্তের গুরুত্ব সম্পর্কে সচেতন হয়ে বিভিন্ন আইতব্য বিষয় সম্পর্কে তথ্য সংগ্রহ করলেই এর মূল্য স্থীকত হবে। বাষিক পরীক্ষা শেষে দায়সারা ভাবে average-কে, যে রকম টিকু মারা হচ্ছে তাই যদি চলতে থাকে তাহলে সর্বাত্মক পরিচয় পত্র রাখার উদ্দেশ্য সম্পূর্ণভাবে বার্থ হবে। এই সম্ভাবনাপূর্ণ পরিচয় পত্রিকার সঠিক ব্যবহারে শিক্ষকদের উপর অভিভাবকদের নির্ভরতা বৃদ্ধি পাবে। তারা তাদের সর্বাত্মক পরিচয় ছেলেমেয়েদের সম্পর্কে কর্তব্য নির্ধারণে শিক্ষকদের লিপির প্ররোজনীরতা সহযোগিতা ও পরামর্শ গ্রহণ করবেন। ছাত্রদের সম্পর্কে প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করার প্রযোজনীয়তায শিক্ষক-অভিভাবকদের মধ্যে সহযোগিতামূলক মনোভাবের সৃষ্টি হবে। শিক্ষা যদি হয় শিক্ষার্থীর সর্বাদ্ধীণ উন্নতি, তাহলে তাব মৃল্যায়ন সাধাবণ প্রচলিত প্রীক্ষার মাধ্যমে সম্ভব নয়। শিক্ষাণী সামগ্রিক ভাবে ধীরে ধীবে কিভাবে উন্নতির পথে এগিয়ে যাচ্ছে তার পরিমাপ সর্বান্মক পরিচয়-পত্তের মাধ্যমেই রাখা সম্ভব।

একটি দ্র্যাত্মক পরিচ্য পত্তের নমুনা পরের পাতায় দেওয়া হ'ল:

<গোপনীয় ভারিখ · · · প্রবর্তনের
<শোণী

নিয় বিভালয় উচ্চ

--- II

## সর্বাত্মক বিবরণ পত্ত (Cumulative Record Card) সাধারণ বিবরণ (General Information)

ভাতের নাম ( আ	रित्र भनवी	)	ছাত্ৰ/চা	ত্রী •			••••
জন্ম তারিখ		•					
পিতা/অভিভাবকে	ৰ নাম-			•			
-ঠিকানা ····			· • ·		••••		
[*] বিভালয়ের নাম ও							
				••••		•••••	••••
ভতি বহির নম্বর	• • • • •		তারিগ ··		• • • • •	· · · · · · · · ·	
বিভালয় পরিবর্তন	••						
	•	•••••		•		•••	••••
ভর্তি বহির নম্বরল			তারিগ			••••	

◆প্রত্যেক ক্ষেত্রেই বংসবের শেষে একবার মাত্র বিবরণের উল্লেখ করিতে হইবে,

## ১। चार्चात्र विवत्र (Health Record)

বংসর	সাধ	ারণ স্বাচ্ছ্যের ফ	गन	ণারীরিক বঙ্গতি	(a) (b)	F 19
4773	ভাল	সাধারণ	খারাপ	শাৰীরি বিক্ততি	धक्र के त	विट्यंब मञ्जूब
٠٠ ٩٩٥						
>>1						
>>9						•

## ২। দায়িখনীল পদ ও অর্জিত পুরস্কার প্রস্কৃতি (Position of responsibility held in school and awards etc. obtained)

294··		•				
; an.				•	,	
5 <b>29</b> ···					-	

৩। আগ্রহ (Interest)

		129			১৯৭			<b>)</b> 29		
বিভিন্ন শ্ৰেণী	<b>टेटब</b> थरयांग्र	স্ধারণ	मञ्	<b>स्ट</b> टन्नश्याशा	माधादन	عاملا	<b>डेट</b> नशरयां श्र	मोधांद्र	गुक्	
ক) ভাষাগত										
খ) বিজ্ঞান সম্পকিত										
গ) ষান্ত্ৰিক										
ঘ) শিল্পকলা সম্পর্কিত									•	
ঙ) <b>সঙ্গীত সম্বন্ধী</b> য়										
চ) কৃষি <b>সম্বন্ধী</b> য়										
ছ) বাণিজ্যিক				i	- [					
<ul><li>সৃহকার্য এবং ব্যবস্থাপনা</li></ul>				ì						

# ৪ ৷ বিভালয়ের কৃতিছ (School Achievement)

		329	259	· • • « c
বৈভাগ .	বিষয় সমূহ	দাপ্তিক ও বাহিক পথীকাশ প্ৰাপ্ত নম্ভ তেব শ্তকরা গড় স্থান	ন প্রতিন ও বাধিক প্রীক্ষার প্রাপ্ত নম্ব রেষ গড় হিমাব স্থান	ন,প্রাতিক ও নাসিক প্রীক্ষান প্রাপ্ত নন্ধ- রেক শতকবং গভ সান
ভাষা	,			
সাহিত্য অঙ্ক	1			
শ্ব সমাজ	į			
বিভা				
বিজ্ঞান				
কল				
কাকশিল্প				
সঞ্চিত	1	1		1
শ্রীর	!		d light	
বিভা				1 1
<u>কাৰ্যকরী</u>	1			
অন্য <b>†গ্য</b> বিষয়	1			

## ৫। সহ কার্যণূচীর কর্মান্ত (Co-Curricular Activities)

	>:	۵۹	١ ه د		3	29
বিভাগ	সাধারণের উপবে	माधाबर नाथाबर भेटि	স্থির্বার্থ জ্ব	माधादर <b>ा</b> द	मावाद्यः हिभग्व	भाषात्रन माथात्रत्व नीत्र
(ক) ধেলাধ্লা (ক) বৃদ্ধিত ও সাহিত্য সম্পন্তি (গ) প্রথোদজনক (ঘ) সথাজ সেবা (উ) অক্যান্ত (এন. সি দি সাইট ইত্যাদি						

## ৬। ব্যক্তিই (Personality)

		۰۰۰ څړ			>> 4	•		۰۰۰ ه	
বৃত্তি	গড়েব	भागः	গ্ডে-	<b>গ</b> ে৬ব	<u> শাবা</u>	গডের	গ্ন ডব	माश्चा-	গ:ডর
	উ:ধ্ৰ	রুণ	নীচে	উপেৰ	রণ	ন'চে	উ র্ধ	রণ	নীচে
(ক) উ:ছাগ							1	1	
(%) শ্রম-									
শীলভা								!	
(গ) দায়িত্ব									
(ঘ) সহ-								1	
যোগিত।									,
(ঙ) আবেগ-							}	i	
গত শাম্য								]	
(চ) আগ্ম-								Ì	
বিশাস	ĸ								
(ছ) কাজে								İ	
শ্বভাগ							- 1		
		1	,	1	i	,	- 1	•	

#### ৭। অস্থান্ত বিবরণ (Other Informations)

(5>9)		
(>>9···)		
২। যদি ছাতের উ নধককনঃ	লেথযোগ্য কোনও ক্ষ <b>ম</b> ভা	শ অক্ষমতা থাকে তাং
বংসর	দক্ত।	অক্ষমতা
>*>		
729		
৩। ছাত্রের কোন্	বিভাগে স্থপারিশ করেন:	<b>শাণাব/বৈজ্ঞানিক/</b> ঘারি
<ul> <li>। আপনার মনোন</li> </ul>	য়নের কারণ নির্দেশ ককন 	•••
<b>৫। কোন্ ধরনের</b> র ^র 	ত্ত ছাত্তের পক্ষে উপযোগী ব	नेषा विद्यहमा क <b>दद्रम</b> 
~। সংক্ষেপে এই ম 	নানয়নের কারণ নির্দেশ করু 	न··· ·
৭। ছাত্রের প্রতি নি	ৰেণ দানের জন্ম যে তথ্য প্রয়ে	
	•	৭০০১৯৭০০ কক বা শিক্ষয়িতীর স্বাহ

প্রচলিত পরীকা ব্যবস্থার ত্রুটি লক্ষ্য কবে আছকে সকলেই সর্গাত্মক পরিচয় পত্রের গুরুত্ব স্থাকার করেছেন। সর্গাত্মক পরিচয় পত্রে শিক্ষার্থীর শিক্ষাগত বিকাশই কেবলমাত্র থাকে না, ব্যক্তির শারীরিক, মানসিক প্রভৃতির সামগ্রিক বিকাশের কথা লিপিবদ্ধ থাকে। ফলে ভার মাধামে কোন শিক্ষার্থী সম্বন্ধে যথাযথ ম্লাায়ন করা সম্ভব হয়। সর্গাত্মক পরিচয় পত্রের একটা বৈজ্ঞানিক ভিত্তি ও বিশ্লেষণ আছে। এই পত্রকে কাঙ্গে লাগিয়ে class promotion দেওয়া যেতে পারে, শিক্ষক ভার শিক্ষাদান পদ্ধতি নিশ্ধণ করতে পারেন, বিহালয় পরিচয় স্ব্যব্স্থা করা থেতে

পারে: এই পরিচয় পত্রের ভিজিতে বিচ্চালয়ের সমস্ত চাত্রচাত্রীকৈ তাদের অন্ধনিহিত স্থার পরিপূর্ণ বিকাশের ক্ষেত্রে নিয়ে যাওয়া যেতে পারে। সবাত্মক পরিচয় পত্রের এত গুরুত্ব থাকা সত্থেও বর্তমান শিক্ষাব্যবস্থায় আমাদের দেশের বিদ্যালয়গুলিতে এর প্রচলন নেই। আবলম্বে আমাদের দেশের বিদ্যালয়গুলিতে এর প্রচলন কবতে হবে। এমন কি চাকুশীতে নিয়োগের সময় ও স্বাত্মক পরিচয় পত্রকে যথেষ্ট গুরুত্ব দিতে হবে।

# ভূতীয় পৰ

ৰাশ্য-শিক্ষা (HEALTH-EDUCATION)

Health education—Cardinal Principles as community Hygiene School health Service, Medical Inspection and treatment, follow-up service, School meal, School Sanitation.

"পনীর মাতাং থলু ধর্ম সাধনম্" এ কথা বলেছেন আমাদেরদেশের প্রাচীন জ্ঞানীরা। প্রাস দেশের প্রাচীন শিক্ষা-ব্যবস্থার দৈহিক শিক্ষাকে মোটেই অবহেলা করা হর নি। হারবার্ট স্পেলার বলেছেন, জীবনে সাফল্যের জন্ম হতে হকে "good anim l", আর জাতির ঐক্চর্যের জন প্রথম প্রয়োজন হচ্ছে, to be a nation of good animal"। ভবিশ্বৎ জীবনের সর্বাঙ্গান প্রস্তুতি বে শিক্ষা সেধানে মনের সাথে দেহের কথাও ভাবতে হবে।

তাই আজকের শিক্ষায—"ৰাস্থ্য শিক্ষা"
একটি বিশেষ গুক্তপূর্ণ স্থান দথল করে আছে।
বাস্থা-বিজ্ঞানের বিশাল পবিধিকে সীমিত করে
আমাদের শিক্ষাক্রম তৈরী হয়েছে। স্বাস্থ্য-শিক্ষা
কি, ব্যক্তি স্বাস্থ্য ও জন স্বাস্থ্যের মূল নীতি
(Cardinal Principles of personal
hygiene and community hygiene) কি
করে ছাত্রদের এ বিধরে সচেতন করে তোলা
যার সে সম্পর্কে আমাদের আরহিত হতে
হবে।

বিজ্ঞানয়ে স্বাস্থ্য কর্মস্টী (School Health service) প্রনয়ণ ও রূপারণ, বিজ্ঞানরে স্বাস্থ্য সম্মত পরিবেশ স্কৃষ্টি ও বিজ্ঞানরকে পরিকার-পরিক্ছর (School Sanitation) রাখতে হলে কি করতে হবে ভাও আমাদের জানতে হবে।

পৃষ্টির জন্ম প্রবোজন হবম থান্তের। স্কুলে School meal ব্যবস্থা কি করে চীলু করা যার সে সম্পর্কেও আমাদের আলোচনা করা হরেছে। এই দেহকে কি করে নীরোগ রাখা যায়, সংক্রামক ব্যাধিকে প্রতিরোধ ও আরোগ্যে ব্যবস্থার (Preventive and curative) কথা ও সবল দেহের জন্ম ব্যায়ামের (Physical education) কথাও আমরা আলোচনা করেছি।

# স্বাস্থ্য-শিক্ষা

প্রাচীন ভারতীয় শিক্ষাব্যবস্থায় কচ্ছদাধনই সবচেয়ে বড় কথা ছিল।
প্রাচীন ভারতীয় শিক্ষাব্যবস্থায় ধখন ত্যাগ, তিতীক্ষা, বৈরাগ্য ও শারীরিক
কচ্ছদাধনকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে, তথন পাশ্চাত্য
দেশে ও পাশ্চাতা
দেশে শিক্ষাব্যবস্থার মূল মন্ত্র ছিল, শক্ত শরীর গড়ার।
দেশের প্রশাস প্রাচীন গ্রীস দেশেব শিক্ষাব্যবস্থায় Sound body-র কথা
চিস্তাধারা
বলা হয়েছে। প্রাচীন মূগে এদেশের শিক্ষাব্যবস্থায় ও
পাশ্চাত্য দেশের শিক্ষাব্যবস্থায় স্বাস্থ্যশিক্ষা ও শরীর চর্চা সম্বন্ধে সম্পূর্ণ
বিপরীত ত্'টি চিস্তাধারা ছিল। এই পরস্পর বিপরীত চিস্তাধারার মধ্যে কোন
পথটি সঠিক ছিল তা বলা খুবই কঠিন। তবে পাশ্চাত্য দেশের জ্ঞানবিজ্ঞান, শিক্ষা-দীক্ষার এত অগ্রগতি প্রমাণ করে যে তাদের চিন্তাধারাই সঠিক
ছিল।

তারপর ধীরে ধীরে স্বাস্থ্য শিক্ষা সংক্রান্ত ধারণার পরিবর্তন হয়েছে। শিক্ষাবিজ্ঞানের মধ্যে স্বাস্থ্য হয় সান পেয়েছে। স্বাস্থ্য-শিক্ষা ছাড়া শিক্ষা সম্পূর্ণ হয়
না বলে সকলেই বলেছেন। শরীর ভাল না থাকলে মন
শরীর ও মন ভাল না ভাল থাকে না। আর মন ভাল না থাকলে শিক্ষা গ্রহণ
বাকলে শিক্ষা বিস্তার
সম্ভব নর।
যাক্তিগত ও সমষ্টিগত স্বাস্থ্য কিভাবে রক্ষা করতে হয় তার
মৌলিক নীতিগুলি সকলেরই জ্ঞানা প্রয়োজন। স্বাস্থ্য সংক্রান্ত সাধারণ ধারণা
না থাকলে শিক্ষা সম্পূর্ণ হয় না।

মাকুষের জীবনের পথে বহু বাধা বিপত্তি আগে। মাকুষের জীবনে চলে সেই সব প্রতিকৃলতা ও বিরুদ্ধশক্তির সঙ্গে অবিশ্রাম সংগ্রাম। সভ্যতার উবালগ্র সেই থেকেই মাকুষ প্রকৃতি ও বিরুদ্ধশক্তির সঙ্গে লড়াই ছিহাস বিরুদ্ধ করছে। লড়াইয়ের মধা দিয়ে একদিনের অসভ্য-বর্বর মাকুষ শক্তির সঙ্গে সংগ্রামের আজ নভোচারী সভ্য মাকুষরপে স্বীকৃতি ও প্রতিষ্ঠাইতিহাস প্রেছে। প্রকৃতির এই প্রতিকৃলতার সঙ্গে সংগ্রাম করতে মাকুষের বাহুবলের প্রয়োজন ছিল, এখনও আছে। শিক্ষার ক্ষেত্রে বাস্থ্যতত্ত্ব

# া স্বাস্থ্য কি ?॥

### || What is Health ? ||

আমরা ছেলেবেলা থেকেই শিক্ষা পেয়েছি স্বাস্থাই সম্মাদ। কথাটা আমরা মৃৎস্থ করি কিন্তু যথোচিত গুরুত্ব সহকারে এই সম্পদ রক্ষা করার চেষ্টা আমাদের মধ্যে দেখা বায় না। স্বাস্থ্য বলতে কি বোঝায় দে সম্পর্কেও শরীর ও মন ভাল আমাদের কোন স্বস্পষ্ট ধারণা নেই। কোন একটি লোক থাকলেই স্বাস্থ্যও ভাল থাকে নীবোগ অবস্থায় থাকলেই তাকে স্বাস্থাবান বলা যায় না। ৰাস্থ্য হচ্ছে আমাদের দেহ ও মনের এক অমূল্য স্থায়ী সম্পদ। চেষ্টা ও নিয়মিত অভ্যাস করে এই সম্পদ্ লাভ করতে হয়। কোন লোককে স্বাস্থ্যবান বলতে হলে আমাদের দেখতে হবে যে সে সম্পদ তার আছে কি না। স্বাস্থ্যের বিচারে প্রথমেই দেখতে হবে যে, যে প্রকৃত স্বাস্থ্যান তার দেহ ও মন সম্পূর্ণ স্থান্ত নিরোগ কি না। দেহকে স্থান্ত রাখলেই চলবে না, মন অস্থ থাকলে কথনও সুস্বাস্থ্যেব আধকারী হওয়া যায় না। স্বাস্থ্যবান ব্যক্তিদের দেহ হবে সবল, সক্ষম ও কট্টসভিষ্ণ। দেহে বোগ প্রতিরোধের একটা স্থাভাবিক ক্ষমতা পাকবে। সহজেই সে রোগাক্রাস্ত হবে না। কিছুটা অনিয়ম সহ্ করবার মত শক্তি তার থাকবে। একরাত জাগলে, একটু জলে ভিজ্ঞলে, একটু বেশী খেলে যে অস্তুত্ব হয়ে পাড় তাকে স্বাস্থ্যবান্ বলা যায় স্বাস্থ্যের ১ংজ্ঞা না। তাব জীবনে স্বদিক থেকেই একটা আনন্দ বোধ থাকবে। দেহে, মনে ফুল্ব হলে সে স্বাভাবিক ভাবেই দীর্ঘ জীবন লাভ করবে। যার মধ্যে এসব লক্ষণ রয়েছে আমরা তাকেই স্বাস্থ্যবান বলতে পারি। স্বাস্থ্যের কোন সংজ্ঞা নির্দেশ করা যায় না। মানুষের দেহেব কতকগুলি লক্ষণ বিচার করে আমরা হস্তান্থ্যের অধিকাবী নির্দেশ কবতে পারি। দেহে ও মনে স্তস্থ. সবল, নীরোগ, বর্মক্ষম থেকে দীর্ঘ জীবন লাভ কবাকেই আমবা স্তস্থাস্থ্যের বলে গ্রহণ করতে পারি। Encyclopaedia of Education "Health"-এর সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন—"Health is that state in which the individual is able to mobilize all his resourcesintellectual, emotional and physical for optimum daily living." W. H. O. (World Health Organization.) সংজ্ঞা দিতে গিছে বলেছেন যে, স্থান্তঃ হ'ল "A State of complete physical, mental and Social well-being, not merely the absence of disease or infirmsty."

#### । স্বাস্থাতত্ব ।।

#### H Hygiene II

প্রীস দেশের স্বাস্থ্যের অধিষ্ঠাত্ত্রী দেবী ছিলেন "Hygeia", দেই থেকে প্রীক শব্দ 'Hygienas' শব্দটির স্ষ্টি। সেখান থেকেই ইংরেজী শাস্থাতত্ত্ব একটি বয়ং সম্পূর্ণ বিজ্ঞান
"Hygiene' শব্দটির স্ষ্টি_ হয়েছে। Hygiene হ'ল স্বাস্থ্য বিজ্ঞান, যে বিজ্ঞানচর্চা কবলে শরীরকে রোগমূক্ত রাখা যায় তাকেই স্বাস্থ্য-বিজ্ঞান বলে। স্বাস্থ্যতত্ত্ব একটি স্বয়ংসম্পূর্ণ বিজ্ঞান।

নিজেকে ও সমাজেব অপর সকলকে স্বস্থ ও রোগমুক্ত রাখার উপায় সমূহ নিয়ে যে বিজ্ঞান আমবা অধায়ন করি তাকেই স্বাস্থাতত্ত্ব বলে থাকি। স্বস্থ, সবল নীরোপ দেহ কি কবে লাভ করা যায়, কি করে শাস্থাতত্ত্ব একটি কর্মক্ষম দীর্ঘজীবন লাভ করা যায়, কি করে প্রত্যেক মানুষ ব্যবহারিক বিজ্ঞান

বাবহারক বিজ্ঞান সমাজের সম্পদ্হয়ে উঠতে পাবে স্বাস্থ্যতত্ত্বে আমহা সেই
শিক্ষালাভ কবি। স্বাস্থ্যতত্ত্ব একটি ব্যবহারিক বিজ্ঞান। অন্ত সব বিষয়ের মত
শুধু জানাব মধ্যেই এর কোন সার্থকতা নেই। বাস্তব ভীবনে কাজে লাগাবার
জন্ম এই বিভা শেখার প্রয়োজন।

একটি হস্থ স্বল প্রাণ প্রাচুর্যে ভরপুব জাতি গড়ে তুলতে হলে জাতীয় স্থাস্থ্যের উন্নতি সম্পর্কে সমাজ ও রাষ্ট্রকে সচেতন হতে হবে। স্থাস্থ্যের আহিত্বও সমাজবাহা অধিকারী না হলে অকালমৃত্যু, মহামারী, সংক্রামক ব্যাধির প্রাহ্ভাব সমাজে দেখা দিবে। জাতীয় সন্ধট বৃদ্ধ বিগ্রহের নাঝে হস্থ ও সবল মানুষ দেশকে শক্রর আক্রমণ থেকে রক্ষা কবতে পাবে।

বাকি বহু ও সবল মানুষ দেশকে শক্তর আক্রমণ থেকে রুমা কবতে সাবে ব্যক্তি-স্বাস্থ্য রক্ষায় ও জনস্বাস্থ্য রক্ষায় রাষ্ট্রের ও ব্যক্তির একটা নৈতিক দায়িত্ব আছে। এই দায়িত্ববাধ থেকেই নিজেকে সৃষ্ট্ রাথা ও নীরোগ রাথার চেষ্টা কবা উচিত। ব্যক্তিস্বাস্থ্য সম্পর্কে মনোযোগী হওয়ার সাথে সাথে আমাদের দেখতে হবে আমাদের চাব পাশের পরিবেশ, যে সমাজে আমরা বাস করি সেথানেও স্বাস্থ্যকর আবহাওয়া সৃষ্টি হয়েছে। Hygiene এর সংজ্ঞা প্রসঙ্গে তাই বলা হয়েছে যে, "Hygiene is the science of preserving and promoting health)"

# ॥ স্বাস্থ্যবিক্ষার গুরুত।

### || Importance of Health Education ||

স্বাস্থাশিক্ষার গুরুত্ব আলোচনার পূর্বে 'স্বাস্থাশিক্ষা কি ?'. (What is Health Education ?) সে সম্বন্ধে আলোচনা করার প্রয়োজন আছে। যে

^{1.} School Health and Health Education Tu ner. Sellery, Smith.

প্ৰকৃতিতে স্বাস্থ্য তত্ত্বলৈ শিকাপিনি নিকা দেওয়া যায় তাকে স্বাস্থ্য শিকা বঁলা হয়। grant স্বাস্থ্য শিকার সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন,—The translation of what is known about health into desirable individual and community behaviour patterns by means of educational process." Turner-sellery-Smith তাদের 'School Health and Health Education" গ্রাম্থ বলেছেন,—"Health education is the sum of experiences which favourably influence habits, attitudes, and knowledge relating to individual, community, and racial health."

স্বাস্থ্যতম্ব (Hygiene) ও স্বাস্থ্যনিক্ষা (Health education) এই term হটি সমার্থক হিসেবে প্রচলিত হলেও এদেব অর্থ আলাদা ও বাপক বিস্তৃত।
স্বাস্থ্যকলাব বিধিগুলি স্বাস্থ্যতত্বেব মধ্যে আছে। স্বাস্থ্যতম্ব
বাহাতম্ব ও স্বাস্থানিকা
হ'ল এমন একটি বিজ্ঞান যার মধ্যে স্বাস্থ্য-সংক্রোম্ভ বিভিন্ন
বিধি, নিয়ম ইত্যাদি লিপিবদ্ধ আছে। আর স্বাস্থ্যতত্বের বিভিন্ন দিক 'মে
পন্ধতির মাধ্যমে শিক্ষা দেওয়া হয় তা 'স্থাস্থ্য নিক্ষা' বলে বিখ্যাত। স্বাস্থ্যশিক্ষার মাধ্যমে স্বাস্থ্যব্রক্ষার কলা কৌশলগুলি শিক্ষা দেওয়া হয়।

আমরা বলে থাকি সুস্থ দেহেই সুস্থ মনের আধার। এই কথাব মাধ্যমেই স্থা দেহের প্রয়োজনীয়তা ও দেহকে স্থা বাধার জন্ম স্বাস্থ্য বিষয়ক শিক্ষার গুরুজ নিহিত আছে। দেহ যদি স্বাস্থ্যবান্ হয় তা'হলে স্থা দেহই সন্থান্য মনও হ'বে সভেজ ও সবল। শিক্ষাক্ষেত্রে এর বিশেষ গুরুজ আধার আছে—অস্থা মন নিয়ে শিক্ষালাভ হয় না। আর স্থা সবল দেহ না হলে স্থা মনের অধিকারী হওয়া যায় না। হারবার্ত ক্ষেত্রকার ভাই বলেছেন—"To be good animal is the first requisite to success in life, and to be a nation of good animals is the first condition of national prosperity."

পশুর একমাত্ত সম্বল তার শক্তি। মামুষ আর পশুতে পার্থক্য হচ্ছে—
মামুষ বৃদ্ধি ও বিচাব শক্তিব অধিকারী। বিচারশীলতা
বাক্তিজীবন ও সমাজ
নার্যালকা প্রয়োজন শক্ত পেহের। সমাজজীবন ও ব্যক্তিজীবনে
সাফল্যের জন্ম প্রয়োজন ক্ষান্তোর জন্ম প্রয়োজন ক্ষান্তোর
অধিকারী হ'বাব জন্ম জীবনকে সার্থক করে তোলার জন্মই স্বাস্থানীতি শিকার
প্রয়োজন।

মুদালিয়র কমিশন্ স্বাস্থ্য-শিক্ষার গুরুত্ব সম্পর্কে স্পষ্টভাবে বলেছেন—এটা আমাদের পরিষ্কার ভাবে বুরতে হবে যদি দৈহিক শিক্ষাকে সাধারণ শিক্ষার অবিচ্ছেম্ব অংশরূপে গ্রহণ করা না হয় এবং বিদ্যালয়ের কর্তৃপক্ষ যদি এর প্রয়োজনীয়তা ব্রুতে না পারেন তাহলে আমাদের দেশের যুবশক্তি—যা দেশের মুদানিরর ক্ষিশনের অতি মূল্যবান সম্পদ্—তারা জাতীয় কল্যাণে সর্বশক্তি বক্তবা নিয়োগ করতে পারবে না। এতদিন কেতাবী নিক্ষার দিকেই শুরুত্ব আরোপ করা হয়েছে, ছাত্রদের দেহ গঠন ও স্বাস্থ্যবুক্ষা সম্পর্কেকোন চিস্তাই করা হয় নি।

["It must be clear that unless physical education is accepted as an integral part of education and the educational authorities recognise its need in all schools, the youth of the country, which form its most valuable asset, will never be able to pull their full weight in national welfare. The emphasis so far has been move on the academic type of education without proper consideration being given to physical welfare and maintenance of proper standard of health of the pupils."]

কমিশন আরও বলেছেন—দৈহিক-শিক্ষা ও স্বাস্থ্যশিক্ষা সম্পর্কে শ্বরচ বাঁচানোর চেষ্টা স্বস্থ অর্থনীতি জ্ঞানের পরিচায়ক নয়। দৈহিক-শিক্ষা ও স্বাস্থ্য-শিক্ষার জন্ম কোন স্থপরিকল্পিত নীতি গ্রহণ না করার ফলে রাষ্ট্রকে চিকিৎসা বিজাগের জন্ম অনেক বেশী অর্থ ব্যয় করতে হয়।

সাব। বিশ্বের প্রগতিনীল দেশ সমূহে আজ স্বাস্থ্য শিক্ষার (Health-educaবিশ্বের প্রতিটি দেশই tion) গুরুত্ব স্বীকৃত। বিভিন্ন দেশের স্বাস্থ্য শিক্ষার লক্ষ্য
বাস্থ্য-শিক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচন। করলে দেখা যায় বিভালয়ে স্বাস্থ্য শিক্ষার
স্বীকার বরেছেন লক্ষ্য নিমুরুপ বলে প্রায় সব দেশেই স্থির করেছে।

- ॥ ১॥ ছাত্তদের মানসিক ও দৈছিক বিকাশের জন্ম সাম্প্রকার নিয়মসমূহ শিক্ষা দেওয়া।
- ॥২॥ ছাত্রদের বিভিন্ন রেশগ ও দৈহিক অত্বছতার কারণসমূহ ও তার প্রতিকারের উপায় সম্পর্কে শিক্ষা দেওয়া।
- ॥ ৩॥ ছাত্রদের স্বাস্থ্যের নিয়মসমূহ শিক্ষা দেওয়া ও তা প্রতি-পাননে উৎসাহিত করা।
- ॥ ৪॥ স্থাস্থাশিকা বিষয়ে সমাজ ও পরিবারের সহযোগিতা প্রার্থনা করা।

স্বাস্থ্য শিক্ষা পরিবন্ধনা ও কার্যসূচী ব্যাপক ও বিস্কৃত হবে। এই ব্যাপক কার্বসূচী গ্রহণের ফলে ভবিস্তৃৎ বংশধরণণ স্বস্থা ও সবল দেহের অধিকারী হবে।

## ॥ ব্যক্তিস্বাস্থ্য॥

#### || Personal-Health ||

প্রত্যেকটি লোক যাতে নিজ নিজ দেহ সম্পর্কে যত্ত্বান্ হয় ও আপন চেষ্টায স্বাস্থ্য সম্পদ্ অর্জন ও রক্ষা করতে পারে তাকেই বলা যায় ব্যক্তিস্থাস্থা। প্রতিটি

প্রতিটি ব্যক্তিকে স্বাস্থ্য-রক্ষার নিরমগুলি মেনে চলভে ভবে লোক একটা নির্দিষ্ট নিয়ম ধরে জীবনকে পরিচালিন্ত করবে। ব্যক্তি স্বাস্থ্যরক্ষার গোড়ার কথাই হচ্ছে নিরম মেনে চলা। নির্দিত পবিশ্রম, বিশ্রাম ও পুষ্টিকর খাত পেতে হবে। খাওয়ার একটা নির্দ্ধিষ্ট সময় খাকবে। মুম সম্পর্কেও একটা

নিয়ম মেনে চলতে হবে। খাওয়া ও ঘুমানো সম্পর্কে অনিয়ম স্বাস্থ্যের পক্ষে অত্যন্ত ক্ষতিকর হবে। ব্যক্তিস্থায়্য রক্ষা করতে হলে কতকগুলি সাধারণ নিয়ম আমাদের মেনে চলতে হবে। রোজ ঘুম থেকে উঠে পাযথানা যাওয়া, দাঁত মাজা, মুখ ধোয়া প্রভৃতি অভ্যাস করতে হবে। গরমেব দেলে নিত্য স্থান কবা অবশু কর্তব্য। চুল কাটা, চুল পরিষ্কার বাধা, নথ কাটা, নথ পরিষ্কার রাখা, চামড়ার যত্ন করা, কাপড-চোপড পরিষ্কার করা, এসব সম্পর্কে সচেতন থাকতে হবে। নিয়মিত ব্যায়াম অভ্যাস করলে দেহ স্বস্থ ও সবল থাকে। পরিশ্রম ও বিশ্রাম উভংই দেহেব জন্ম সমান প্রয়োজনীয়। সব সময় ঘবেব মধ্যে বসে না থেকে কিছুক্ষণের জন্ম বাইরের মুক্ত বাতাস গ্রহণ ববা উচিত। স্বাস্থ্য সম্পর্কে এই সাধারণ নিয়মগুলি মেনে চললে স্বস্থ লবীরের অধিকারী হওয়া সম্বর্ধ।

#### ॥ ছনস্বাস্থ্য ॥

## 11 Community-Hygiene 11

জনসাধারণকে সমষ্টিগত অস্থ্রতার হাত থেকে মুক্ত রাখা, রোগের আক্রমণ থেকে রক্ষা করা জনস্বাস্থ্যের অন্তর্গত। ব্যক্তিগত ভাবে ছাড়াও সমবেত ভাবে সমাজের সবাই যাতে স্থ্যু থাকে জনস্বাস্থ্যেব ভাই আলোচ্য পরস্পর নির্ভরশীল। ব্যক্তিস্বাস্থ্য ভাল হলেই সমষ্টিগত স্বাস্থ্য ভাল হবে। একটি দেশের জনস্বাস্থ্য বিরূপ ভার বিচার হবে সেথানের ব্যক্তিস্বাস্থ্য বিরূপ তা বিচার করে। ব্যক্তিস্বাস্থ্য থারাপ হলে জনস্বাস্থ্য থারাপ হতে বাধ্য।

জনস্বাস্থা রক্ষার জন্ম ও ব্যক্তিস্বাস্থ্যের স্বার্থে স্বাস্থ্যকর পারিবারিক ও সামাজিক পরিবেশ সৃষ্টি করতে হবে। বজীর দৃষিত পরিবেশে চেটা করেও স্বাস্থ্যকর পরিবেশ ব্যক্তিস্বাস্থ্য বক্ষা করা সম্ভব নয়। ব্যক্তির স্বাস্থ্যকে রক্ষা গড়ে ভুলতে হবে করতে হলে কেবল নিজের দেহকে পরিষ্কার পরিচ্ছের ব্যাথানেই চলবে না, তার পারিপার্শিক অবস্থার উন্নতির কথাও ভাবতে হবে।

স্বাস্থ্যকর পরিবেশ রচনার জন্ম আলো-বাভাস মুক্ত বাসগৃহ নির্মাণ করতে নির্দোষ, ভেজালহীন নিরাপদ খাত ও পানীয়ের ব্যবস্থা করতে হবে। মলমূত্রাদি ও আবর্জনা পবিষ্কারের ব্যবস্থা থাকবে। জনপাস্থ্য রক্ষা করার সংক্রোমক বোগ প্রতিরোধ ও প্রতিকারের ব্যবস্থা থাকবে। উপায় ব্যক্তিস্বাস্থ্য রক্ষাব জন্য পরিচছন্ন পবিবেশ রচনা করতে হবে। সমাজের প্রতিটি লোক যদি পারিবারিক জীবনে স্বাস্থ্যের নিয়মগুলি মেনে চলার সাথে অপরের স্থবিধা-অস্তবিধার দিকে দৃষ্টি রাথে তাহলেই গণস্বাস্থ্যেব উন্নতি হবে। আমাদের মনে রাখতে হবে গণস্বাস্থ্যের দাফল্য ব্যক্তির নিজ নিজ স্বাস্থ্য-রক্ষার চেষ্টার উপব নির্ভরণীল। পারিপার্শ্বিক অবস্থাব উন্নতি ও জনসাধানে স্বার পক্ষে গ্রহণযোগ্য কোন ব্যবস্থা অবলম্বন কবা ব্যক্তিবিশেষের পক্ষে সম্ভব নয়। জনস্বাস্থা রক্ষার দায়িত্ব বাষ্ট্রের। প্রত্যেক রাষ্ট্রে সরকারের জনস্বাস্থ্যবিভাগ থেকে সর্বসাধারণের স্বাস্থ্যক্ষার জন্ম নানারপ ব্যবস্থা গ্রহণ কবা হয়। বড়বড়শহরে কর্পোবেশনেব ও ছোট শহরে মিউনিসিপ্যালিটির স্বাস্থ্য বিভাগ পৌর-স্বাস্থ্য বক্ষাব জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করে। রাস্তাঘাট, ভ্রেন পবিস্থাব বাথা ও সংস্থার করা, মলমুত্রাদি ও আবর্জনা অপসারণের ব্যবস্থা করা, বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা, ভেজালহীন তাজা থাতা বিক্রম হচ্ছে কি না দেখা, রোগ প্রতিবোধের জন্ম টীকা ও ইন্জেকসনের ব্যবস্থা করা, চিকিৎদাব জন্ম হাদপাতালের ব্যবস্থা করা, বস্তি অঞ্চলে স্থসাস্থের পরিবেশ ষাতে স্টি হয় সে জন্ম প্রয়োজনীয় ব্যাস্থা গ্রহণ করা সরকারের জনস্বাস্থা-বিভাগ ও পৌরকর্তৃপক্ষের অবশ্য পালনীয় কর্তব্য।

জনস্বাস্থ্যবিভাগের আর একটি কাজ হচ্ছে জনসাধারণকে স্বাস্থ্যরক্ষার নিয়ম সম্পর্কে শিক্ষাদান ও প্রচাব। জনস্বাস্থ্য রক্ষায় জনসাধারণের স্বেচ্ছামূলক সহযোগিতা অপবিহার্য, শুধুমাত্র আইন করে জনস্বাস্থ্য রক্ষা করা সম্ভব নয়। সংক্রামক রোগ প্রতিরোধের জক্স টীকা ও ইন্জেক্সনের ব্যবস্থা আছে; তবু সাধারণ লোক অনেক সময় টীকা নেয় না। মহামারী দেখা দিলে আইন্ করে টীকা নিতে বাধ্য করা হয়; তবু লোক এড়িয়ে চলে। প্রচার করে যদি এর প্রয়োজনীয়ভা সম্পর্কে শিক্ষা দেওয়া যায় তাহলে আর আইনের দরকার হয় না। আমাদের দেশের অধিকাংশ লোক অশিক্ষিত। আধুনিক বিজ্ঞান অপেক্ষা চিরাচরিত সংস্কারের প্রতি তাদের আস্থা অনেক বেশী। গ্রামে গ্রামে স্বাহ্য বিভাগ থেকে যদি লোকদের আধুনিক বাস্থাবিজ্ঞানের নিয়ম পালন সম্পর্কে রোগ প্রতিরোধের ব্যবস্থা অবলম্বনের শিক্ষা দেওয়া যায় তাহলে সরকারের পক্ষে জনস্বাস্থ্য রক্ষার দায়িত্ব পালন করা সহজ্ঞ হবে।

# ॥ বিত্যালয়ে স্বাস্থ্য-শিক্ষার প্রয়োজনীয়তা॥

## || Need for Health Education in Schools ||

সমাজের স্বাস্থ্যরক্ষার ব্যবস্থা রাষ্ট্রের একটা বিরাট দায়িত্ব। বিস্থালয় সমাজের একটা অংশ। এথানে যারা শিক্ষালাভ করছে তারাই দেশের ভবিষ্কৎ নাগরিক।

তারাই জাতির মেরুদণ্ড। পাশ্চাত্য দেশসমূহ • বুঝতে ব্যক্তির হস্বাস্থ্যের রাষ্ট্রীয় মূল্য ও মনের স্বাস্থ্যের উন্নতির প্রয়োজন সর্বাধিক। শিশুর দেহ

ব্যক্তিতে পবিণত হবে। ছোটবেলার স্বাস্থ্যচর্চ। পরবর্তী কালে ব্যক্তিকে স্বস্থাস্থ্যের অধিকারী করে তুলবে। ব্যক্তির স্বাস্থ্য জাতীয় উৎপাদনে (National Production) জাতীয় সপাদ (National wealth) সৃষ্টি করবে। শিন্ত ও ব্যক্তিব স্বার্থ তাই রাষ্ট্রেব পক্ষে কার্যকর। তাই স্থলের ছাত্রছাত্রীদের স্বাস্থ্যের উন্নতিব প্রয়োজন সর্বাধিক। এজন্ম স্কুলের ছাত্রছাত্রীদের স্বাস্থ্যের উন্নতির জন্ম ভারা নানাভাবে চেষ্ট। করছে। বয়ন্ত ব্যক্তির স্বাস্থ্যকে নতুন করে গড়ে ভোলা বার না, বিস্কু চেফা করলে শিশুব স্বাস্থ্যের উন্নতি হতে পারে। স্কুল থেকেই ষদি ছাত্রদের স্বাস্থ্যের নিয়ম পালন অভ্যাদ করবাব শিক্ষা দেওয়া হয়, তাহলে পরবর্তী জীবনে স্বাস্থ্যরক্ষা করা তার পকে কোন সমস্থার কারণ হয়ে উঠবে না। ক্লবে শিক্ষায় ছাত্রদের স্বাস্থা সম্পর্কীয় সাধারণ নিয়মগুলি পালন করতে শেখানো হবে। কি কি কারণে দৈহিক ক্রটি সৃষ্টি হতে পারে সে সম্পর্কে সতর্ক করে দিতে হবে। রোগ হলে তার প্রতিকারের ব্যবস্থা কি করে সম্ভব সে विष्टा निका मिट इटन। - (इटन्टिनाय माधात्राः अञ्चय-विश्वय थाकटवरे अ ধারণা থেকে অনেক অভিভাবক ছেলেমেয়েদের স্বাস্থ্য সম্পর্কে শিতামাতার কি কর্তব্য দে সম্পর্কে তাদের সচেতন করে তোলাও স্থানের স্বাস্থ্য-শিক্ষা পরিকল্পনার মধ্যে থাকবে।

ব্যক্তিজীবনে স্বাস্থ্য শিক্ষার প্রয়োজনীয়তা আছে। মানুষকে প্রতিনিয়ত নানাবিধ বোগ-জীবাণুর সঙ্গে যুদ্ধ করতে হয়। তবে মানুষেব মধ্যে এইসব রোগ-জীবাণুর প্রতিরোধের ক্ষমতা থাকে। স্বাস্থ্য বাজির দিক থেকে শিক্ষার মধ্যেয়ে এই প্রতিরোধ ক্ষমতা বাড়াতে হবে। শিক্ষার প্রয়োগিকার প্রয়োগিকার প্রস্থা করতে পারে প্রায়ানীয়তা অনুথ করলে তার প্রাথমিক অবস্থা শিক্ষার্থীরা ধরতে পারে না। বিভালয়ে স্বাস্থ্য-শিক্ষার ফলে তার এই রোগের

শা। বিভাগরে বাহ্য-শিক্ষার কলে তার এই ব্যোল্যর আক্রমণ ধরা পড়বে। তথন তাব চিকিংসার ব্যবহা করা হবে। শারীরিক স্বাস্থ্য মানসিক্ষোস্থাকে প্রভাবান্থিত করে। শারীর ভাল থাকলে মনও ভাল থাকে। কাজেই ব্যক্তির শারীর ও মনের জক্ত স্বাস্থ্যচর্চা প্রয়োজন। শারীর ও মন ভাল ন থাকলে ব্যক্তির পক্ষে শিক্ষা গ্রহণ সম্ভব নয়। কাজেই বিভাগরে

শিক্ষাকার্যকে সার্থক করতে হলে এবং শিক্ষার্থীকে যথায়থ শিক্ষা দিতে হলে সাস্থ্যশিক্ষা দেওয়ার প্রয়োজনীয়তা আছে। স্বাস্থ্যশিক্ষা শিক্ষার্থীর মানসিক স্বাস্থ্যকলা করতেও সাহায্য করে। শিক্ষার্থীর তাদের অবসর সমর বাতে সাস্থ্যকর কোন অভ্যাদের মধ্যে বা শরীর চর্চার মধ্যে কাটায় তার জন্মও স্বাস্থ্যশিক্ষার প্রয়োজনীয়তা আছে। শিক্ষার্থীরা যে ব্রুসে বিক্তানরে শিক্ষার্থাহণ করে তা হ'ল শারীরিক ও মানসিক বিকাশের সময়। এই বরুসে শরীর গড়ে উঠে, স্বাস্থ্য গড়ে উঠে। কাজেই এই সময়ে তাদের স্বাস্থ্যশিক্ষা দেওয়ার প্রয়োজনীয়তা আছে। বিভালয়ে শিক্ষার্থীর শিক্ষাজীবন ও তার মানসিক বিকাশের কাল। এই সময় তার বৃদ্ধিবৃত্তি বিকশিত হয়, চবিত্র গঠিত হয়, ব্যক্তিসম্বাস্থাতিত হয়। এ সময়ই তাব বয়:সন্ধিকাল ও প্রবৃত্তি প্রক্ষোভের সমস্থার সময়। কাজেই এ সময় শিক্ষার্থীকে ভাল করে স্বাস্থ্য শিক্ষা দিতে হবে। তা না হলে তাব শবীর ও মনেব স্বাস্থ্য রক্ষা কবা সম্ভব হবে না। ফলে সমস্ভব শিক্ষা বার্থ হয়ে যাওয়াব সম্ভাবনা আছে। স্বাস্থ্যশিক্ষার প্রয়োজনীয়তা তাই সাধারীবভাবে দেখলে চলবে না; একে যথেই গুরুত্ব দিতে হবে।

ছাত্রদের স্বাস্থাশিক্ষায আমাদেব মনে রাথতে হবে ছেলেদের স্বাস্থ্যশিক্ষার লক্ষ্য হচ্ছে তারা এ শিক্ষালাভ করে দৈছিল স্বাস্থ্যের উন্নতিব বিধান ও স্বাস্থ্য করণ করতে পারবে। স্কুলের শিক্ষার মধ্য দিরে তারা প্রণতী নালে একটি এমন কডকগুলি নিয়ম অভ্যাস করবে যা তাদের পরবর্তী জীবনেব প্রচুর শক্তি ও সামর্থা বোগাবে। ছাত্রদের স্বাস্থ্য রক্ষা ও স্বাস্থাকব অভ্যাস শেখাবার বিভিন্ন কার্যক্রমের মধ্য দিয়ে অভিভাবকদের মনে স্বাস্থ্য কক্ষার গুরুত্ব সম্পর্কে প্রভাব বিস্তাই কবতে হবে। ব্যক্তিন্যান্ত ও জনস্বাস্থ্যের ভবিষ্যুৎ উন্নতির পথ প্রাস্থ্য হবে। স্কুলে যারা শিক্ষা পাবে ভারাই পরবর্তীকালে একটা সৃস্থসবল শক্তিমান জাতি গঠনে সহাব্যা করবে।

সমাজেব দিক থেকে বিচার কবলেও স্বাস্থানিক্ষার প্রয়োজনীয় গ্রাহীকার করতে হয়। সমাজের স্বাস্থা রক্ষিত হয় তথনই যথন ব্যক্তি তার স্বাস্থা ভাল রাথে,—সকলেই স্বাস্থা রক্ষার নীতি ও বীতিগুলি যথামধ সমাজের দিক থেকে তাবে পালন কবে তার জন্ম স্বাস্থা-শিক্ষার প্রয়োজন। সমাজকে রোগ মৃক্ত করতে, সংক্রোমক রোগ ও মহামারীর হাত থেকে বাঁচাতে, রোগ প্রতিরোধ করতে, রোগ হলে তার যথামথ চিকিৎসা করতে স্বাস্থানিক্ষার প্রয়োজন। সামাজের স্বাস্থাকর পরিবেশ রক্ষা করতেও স্বাস্থানিক্ষার প্রয়োজন। পরিস্কার-পরিস্ক্রিতা

পরিবেশ রকা করতেও স্বাস্থ্যনিকার প্রয়োজন। পরিছার-পরিচ্ছরতা সমাজের স্বাস্থ্য রকার জন্ম প্রয়োজন এবং তার জন্ম প্রয়োজন স্বাস্থ্যনিকার। সমাজের প্রতিটি মানুষকে স্বাস্থ্য-সংক্রোম্ভ অভ্যাসগুলি ও নিয়মগুলি ব্যাষ্থ ভাবে পালন করতে হবে, তার জন্মও স্বাস্থ্যনিকার প্রয়োজন। বিভিন্ন দিক্ থেকে বিচার বিশ্লেষণ করলে দেখা যায় যে সমাজের দিক থেকেও স্বাস্থ্য শিক্ষার প্রয়োজন আছে। আমাদের দেশ গরীব ও অনিক্ষিতের দেশ। এখানের অধিকাংশ মাতৃষ্ট স্বাস্থ্য-রক্ষার বিষয় জানে না। অথচ স্বাস্থ্য শিক্ষা তাদের কাছ পর্যস্ত পৌছে দিতে না পারলে সমাজে স্বাস্থ্য-রক্ষা করা মুশকিল, তাই বিভালয়গুলিতেও অস্ততঃ স্বাস্থ্য শিক্ষার যথায়থ ব্যবস্থা করতে হবে।

আমাদেব দেশে ধর্মসাধনা উপরে স্বাস্থ্য সাধনার স্থান দেওয়া হয়েছে।

যার স্বাস্থ্য নেই ভার জীবনে কোন সাধনাই নেই। দেহ ও মনে যে স্ক্রন্থ নার

ভাব জীবন বিষাদ্ময় । স্বাস্থ্যহীন ব্যক্তির জীবন তাব

আমাদের দেশে বাস্থাকাছে ও সম'জেব কাছে একটা বোঝার মত। দেহ সৃষ্ট

না থাকলে মানসিক শান্তিও থাকে না, স্ক্রন্থ দেহ সৃষ্ট মনের

আধার। যে স্বাস্থ্যহীন, চিরক্র্য় তার মনে শান্তি

কোথায় ? সবল-ক্র্যু যাব দেহ প্রাণের প্রাচুর্যে সে সদা প্রফুল্ল। তার
জীবনে নিবানন্দের স্থান নেই। স্বাস্থ্যের দিক থেকে দেহ ও মন পরস্পব

নির্তরশীল। ছাত্রদেব স্বাস্থ্যের শিক্ষায় শুধু স্কন্থ-সবল দেহের কথা ভাবলেই

চলবে না। স্বাস্থ্যতত্ত্বের আলোচনায় মানসিক স্বাস্থ্যের কথাও আমাদের
বিবেচনা ক্বতে হবে।

# ॥ মানসিক স্বাস্থ্য॥

### 11 Mental Hygiene 11

স্বাস্থ্য বলতে সাধারণভাবে আমরা দৈহিক স্বাস্থ্যের কথাই ব্ঝি। শিক্ষা প্রচেষ্টা হচ্ছে বৌদ্ধিক, দৈহিক, ও মানসিক উৎকর্ষ সাধনের প্রয়াদ। তাই স্বাস্থ্যতত্ত্ব জানতে হলে মনের কথা বাদ দিয়ে শুধু দেতের মানসিক হাছাত্ত্ব জানতে হলে মানসিক হাছাত্ত্ব জানতে হলে দিয়ে থাকলে দে জানা হবে আমাদের পূর্ণকে বাদ দিয়ে থগুকে জানা। দেহের স্বাস্থ্য-রক্ষা করতে হলে মানসিক-স্বাস্থ্য-বক্ষার ব্যবস্থাও করতে হবে। মানসিক দিক থেকে স্কৃত্ব না হলে শিশুর জীবনে বহু বিপর্যর দেখা দিতে পারে। তাই মানসিক স্বাস্থ্য সম্পর্কেও শিক্ষাবিজ্ঞানের ছাত্রদের জানতে হবে। দেহের ব্যাধি দেহকে কিছুক্ষণের জন্ম অসুস্থ করে ভোলে। কিন্তু মানসিক অস্ত্র্যুত্র ফল জীবনে ফ্রন্থ প্রদারী। মানসিক স্বাস্থ্যতত্ত্ব (Mental Hygiene) শিক্ষক-শিক্ষণের একটি স্বতন্ত্ব পত্র। তাই এথানে আমরা তৃ'চারটি কথায় দৈহিক স্বাস্থ্য রক্ষার মানসিক স্বাস্থ্যের প্রভাব সম্পর্কে আলোচনা করব।

আমরা জানি হস্ত দেহই হচ্ছে হস্ত মনের আধার। আবার মন থারাপ হলে তার প্রতিক্রিয়ায় দেহও অহস্ত হয়ে পড়ে। মনে যদি হঃভিস্তা থাকে, কোন কারণে আসের সৃষ্টি হয় তাহলে কুধা নিজা দব কিছু লোপ পেয়ে যায়।
খুব কুধার মুখে ষদি কোন হঃসংবাদ আদে তাহলে মুহুর্ত মধ্যে কুধা লোপ পেরে।
যায়। পরীক্ষার সময় দেখা যায় পরীক্ষার্থীদের আহারে রুচি থাকে না এটা

দেহ ও মনের সংহতা পরশার নির্ভঃশীল হঠাৎ ভয় পেলে মাথুষ হার্টফেল পর্যন্ত করতে পারে। তাই দেহ ও মনের অতি নিকট সম্পর্ক রয়েছে। দেহকে সুস্থ রাথতে হলে মানসিক হৈর্ব বজায় রাথতে হবে। জীবনে সুখী হতে হলে

বেমন স্বস্থাস্থ্যের অধিকারী হতে হবে, তেমনি জীবন যাতে বিভয়নাপূর্ণ না হয়ে ওঠে সেজন্ত স্বস্থ ও সবল মনের অধিকারী হতে হবে।

শিশুর মানসিক বিকাশের পথে যদি কোন বাধার স্ঠি হয় তাহলে তার মানসিক শক্তিগুলির বিকাশ স্থাভঃবিক পথ না ধরে অবদমিত হয়ে বিক্লুত

শিক্ষা শিক্ষার্থীর স্বাভা-বিক বিকাশের পথ ক্ষম করবেলা।
ভাবে প্রকাশ পায়। ছাত্রদের বন্নস বৃদ্ধির সাথে সাথে তাদের আবেগ ও প্রক্ষোভ সমূহ যাতে ঠিক পথে প্রকাশিত হয়ে জীবনের ধারাকে সৃদ্ধ পথে পরিচালিত করে সেদিকে

লক্ষ্য রাথতে হবে। যদি কোন কারণে তার মনের ভারসাম্য নষ্ট হয়ে যায় তাহলে সে মানসিক দিক্ থেকে অহস্থ হয়ে পড়বে। শিক্ষা
আজ শিশু মনোবিজ্ঞানের উপর প্রতিষ্ঠিত। যাকে শিক্ষা দেওয়া হবে স্বচেয়ে
আগে তাকে জানতে হবে, তার মনের গতি প্রকৃতিকে সঠিকভাবে জেনে
নিলেই তার জন্ত স্কু শিক্ষাব ব্যবস্থা করা সম্ভব। শিশুর মনের থোঁজে করতে
হলে তার মন স্কু কি অস্থ তুই জানা দরকার। শিশুর বহু অসামাজিক
আচরণেব পিছনে রয়েছে তার অসুধ্ব মনের প্রতিক্রিয়া। শিশুকাল থেকেই
পিতামাতার উচিত ছেলেমেয়েব মানসিক স্থতার দিকে লক্ষ্য রাখা। শিশুর
যাভাবিক বিকাশ রুদ্ধ হতে পারে এমন কিছু কখনও করা হবে না। শিশুকে
থেলতে না দিয়ে ঘরকুনো করে রাখা, সব বিষয়ে ভয় দেখান বা সাবধান করা
শিশুর চরিত্র গঠনে ও মানসিক স্থাস্থের দিক থেকে ক্ষতিকর।

শিশুকে কখনও অতিরিক্ত আদর দেওয়া হবে না বা অতিরিক্ত শাসন করাও উচিত নয়। ছেলেমেয়েরা পিতামাতার কাছ থেকে অনেক কছু শেথে,

শিক্ষাথী-দর সামনে বৈষমাযুকক আচরণ করা ঠিক নয় বাপ মায়ের আচরণ ছেলের মনে গভীব রেণাপাত্ করে।
তাই ছেলেমেয়েদের সামনে মিথাাকথা বলা, ঝগড়া করা,
ভীক্তা প্রকাশ করা, ভাই বোনের মধ্যে হিংসার ভাব
ভাগাতে পারে এমন কথা বলা বা কাজ করা উচিত নয়।

পারিবারিক ও সামাজিক জীবনে সামগুল্য-বিধানের শিক্ষা তাকে দিতে হবে। যদি সে সামগুল্য-বিধানে ব্যর্থ হয়, তাহলে মানসিক ভারসামা নীষ্ট হয়ে তার জীবনে প্রভিষ্ঠিত হবার সমস্ত সন্তাবনা লোপ পেয়ে হাবে। বাল্যে যেমন পারিবারিক জীবনে পিতামাতার প্রভাব বেশী তেমনি শিক্ষা-কালে শিক্ষকের প্রভাবে শিশুর জীবন নিয়ন্তিত হয়। স্থুলে গিয়েই ছেলে-মেয়েরা পাঁচজ্ঞনের সাথে মিশে এবং এর মধ্য দিরেই শিক্ষাবাঁর ভীবন শিক্ষকের প্রভাব
সামাজিক জীবরূপে গড়ে ওঠবার সুযোগ পায়। পাঁচ জনের সাথে মিলে-মিশে যে শিক্ষা মানসিক সুস্থভার সৃষ্টি করে সেই হচ্ছে প্রথম শিক্ষা।

ছেলেদের শিক্ষা দেবার সময় মনে রাথতে হবে ছেলেদের কতকগুলি নিজস্ব বৈশিষ্ট্য রয়েছে। শিশুব আশা-আকাজ্জা, ইচ্ছা-অনিচ্ছা, ক্ষচি-প্রবণতা সব কিছু জানা শিক্ষকের দিক থেকে প্রয়োজনীয়। ব্যক্তিত্বের পরিবেশের সঙ্গে মানসিক বিকাশের সঙ্গে জড়িত। মানসিক স্বস্থতা ব্যক্তিত বিকাশের জন্ম সর্বাধিক প্রয়োজনীয়। ছাত্রদেব স্বাস্থ্য-রক্ষা বলতে দেহের স্বাস্থ্যের সংথে মনের স্বাস্থ্য বক্ষার প্রয়োজনীয়তার কথা শিক্ষকের মনে রাথতে হবে। জীবনে সাফল্য লাভ করতে হলে ব্যক্তির নিজের ব্যক্তিগত বৈশিষ্ট্য অনুসারে পারিপার্শ্বিকের সাথে সামঞ্জ্য-বিধান করে চলতে হবে। পরিবেশের সাথে মানসিক সামঞ্জ্য বিধান কিছুটা চেষ্ট্রা ও অভ্যাসের উপর নির্ভরশীল। জীবনের প্রয়োজনের তাগিদে শিশুকাল থেকেই কতকগুলি প্রবণ্তা শিশুর মধ্যে আত্মপ্রকাশ করতে থাকে— যেমন স্বীকৃতি লাভের চেষ্ট্রা (desire for recognition), পরিবারের ছোট সীমার মধ্যে নিজেকে জাহির

করতে চায়। পবিবারের সীমাবদ্ধ গণ্ডি পার হয়ে যথন সে স্কুলে আসে তথন সেপ্রথম সংঘাতের সমুখীন হয়। নিজেকে প্রতিষ্ঠার চেষ্টার সাথে সামাদ্রিক

বোধের সামঞ্জ্যবিধান করতে না পারলেই এর প্রতিক্রিয়ায় অপরাধ প্রবণতার সক্টি সে হতাল হয়ে পডবে। নিজেকে প্রতিষ্ঠার ব্যর্থ প্রয়াদে আশাভঙ্গজনিত ক্ষোভ তার মনকে পীড়িত করে তুলবে। কথন কথন এই ব্যর্থতার ফলে ছেলেদের মধ্যে অপরাধ প্রবণতা দেখা দের। আইন্-শৃত্মলা ভঙ্গের মধ্য দিয়ে তার অবচেতন মনের ক্ষোভ প্রকাশ করে। কথনও ছাত্রেরা অতিমাত্রায় আত্মকেন্দ্রীক হয়ে ওঠে। ছই ক্ষেত্রেই তার স্বাভাবিক বিকাশ বাধা পাওয়ায় তার মধ্যে সমান্দ্র বিরোধী কাজের আগ্রহ দেখা দেয়। ছেলেদের মধ্যে দেখা যায় কোন ছেলে অতি বিমর্থ কারও সাথে মিশতে চায় না। কারও স্বধ্যে ভাঙ্গাচুরার অভ্যাস দেখা যায়, কোন ছেলের মধ্যে চুরি করার প্রবণতা দেখা যায়, কেউ অপ্রয়োজনেও মিধ্যা বলে, কোন কোন ছেলে সমস্ত অন্তার কাজের পিছনে একটা যুক্তি স্প্রে করে অন্তায়ের সমর্থনের চেষ্টা করে। নিক্ষার অন্তত্ব উদ্দেশ্য যদি হয় চরিত্র গঠন তাহলে যে কোন রকম মান্সিক অস্থস্থতার প্রতিকারের ব্যবস্থা করতে হবে। দেছের অস্থস্থতা অল্প চেষ্টার সারিয়ে ভোলা যায় কিন্তু মনের অন্তথ্বের সব সময় সহজ্যে প্রতিকার করা সম্ভব নর। এ জন্ম

প্রয়েজন হলে মনোবোগ বিশেষজ্ঞের সাহায্য গ্রহণ করতে হবে। মনের কোণে যদি একটি ব্যাধি বাদা বাঁধতে থাকে তাহলে তার বিষময় ফল সমস্ত জীবনকে ছবিসহ করে তুনতে পারে। আমাদের স্বাস্থ্য সম্পর্কে শিক্ষা শুধুমাত্ত দৈহিক স্বাস্থ্যের মধ্যেই সীমাবদ্ধ রাখলে চলবে না সে যাতে স্কৃত্ব স্থলর মনের অধিকারী হতে পারে আমাদের বিশ্বালয়সমূহে সেদিকেও সতর্ক দৃষ্টি রাখতে হবে।

## ॥ স্বাস্থ্য শিক্ষাণানের মৌলিক নীতি॥

### II Cardinal Principles for Health Education II

বিল্যালয়ে স্বাস্থ্য শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সকলেই স্থাকার করেছেন।
আমাদেব দেশের বিত্যালয়গুলিতেও স্বাস্থাশিক্ষা দেওয়ার প্রয়োজনীয়তা আছে।
সেই প্রদক্ষে বিত্যালয়ে স্বাস্থ্য শিক্ষাধ্বানেব মৌলিক নীতিগুলির সম্বন্ধে জ্বানা
প্রয়োজন। সেগুলি হ'ল—

- ॥ ১॥ স্বাস্থ্যরক্ষার বিভিন্ন স্ব-অভ্যাসগুলিকে সকলের সঙ্গে একত্ত করে দিতে হবে। এগুলি যেন পরবর্তীকালে সকলেব স্বভাবে গিয়ে দাড়ায়।
- ॥ ২॥ স্বাস্থাবক্ষায় ধারাবাহিকতা প্রয়োজন। স্বাস্থ্য চর্চা, থাছাগ্রহণ, বিশ্রাম, পরিশ্রম, চিকিৎসা, অভ্যাস সবই ধারাবাহিক হবে।
- ॥ ৩॥ শরীরের স্বাস্থ্যরক্ষার সঙ্গে সঙ্গে মানসিত্ স্বাস্থ্যরক্ষার কথা ভাবতে হবে।
- ॥ ৪॥ স্বাস্থানিক্ষা দেওয়ার সময় শিক্ষার্থীদের কাছে স্বাস্থ্যইনতার কুফলগুলি বেশী ব্যাখ্যা না করে স্বস্থাস্থ্যের উপযোগিতার উপর বেশী জোর দিতে হবে। ভাতে স্বাস্থ্যরক্ষায় শিক্ষার্থীবা আগ্রহী ও উৎদাহী হয়।
- ॥ ৫॥ সমাজের দকলকেই পরিষ্কার পরিচ্ছন্ন তা ও রাস্থ্য-দম্মত অভ্যাদগুলির চর্চা সম্বন্ধে দব দময় পূর্ণ সচেত্রন থাকতে হবে। একেত্রে বৈষমামূলক কোন ব্যাপার থাকা উচিত নয়। যে কক্ষে পরিষ্কার পরিচ্ছন্নতার শিক্ষা দেওয়া হবে তা অপরিষ্কার থাকবে;—দে পথ ঠিক নয়। দকলকেই দব দময় পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে হবে। ফলে স্বাভাবিকভাবে পরিষ্কার পরিচ্ছন্নতার ধারা শিক্ষার্থীদের মধ্যে সংক্রামিত হবে।
- ॥ ৬॥ স্বাস্থানিকার কেত্রে প্রত্যক নিকার চেয়ে পরোক নিকার উপর বেনী জার দিতে হবে। তাতে নিকার্থীর মনে দাগ কাটে বেনী। স্বাস্থানিকা দেওয়ার সময় সব সময় এটা কর, ওটা কর,—এটা কর না, ওটা কব না;— এই তথাগত নির্দেশ নিকার্থীর মনে বির্দ্ধির সৃষ্টি করে। কিন্তু পরোক্ষভাবে যদি এমন অবস্থা সৃষ্টি করা যায় যাতে নিকার্থীর স্বাস্থাবকার বিধিগুলি আপনিই নিকালাভ করে তবে তা খুবই কার্যকরী হয়। তাই বিভালয়গৃহ ও পরিবেশ, নিকাকদের জামা-কাপড়-নথ-চুল ইত্যাদি এমনই পরিছার পরিছেল

রাথতে হবে যা শিক্ষার্থীদের কাছে দৃষ্টাস্ত স্বরূপ হয়ে থাকে। স্বাস্থ্য শিক্ষাদানের এই পরোক্ষ পথ থুবই কার্যকরী।

- ॥ ৭ । স্বাস্থ্য শিক্ষাকে বিভালয়ের পাঠ্যক্রম ও সহপাঠ্যক্রমের অন্তর্ভুত করতে হবে।
  - ॥ ৮ ॥ স্বাস্থানিকাকে সম্পূর্ণ আধুনিক ও বিজ্ঞানসমত করতে হবে।
- ॥ ৯॥ স্বাস্থ্য শিক্ষার্থীদের জীবনের বিভিন্ন স্তব স্থক্তে স্চেতন থাকতে হবে।

আমাদের দেশে বাস্থানিকা এখনও যথাযথভাবে প্রচলিত হর নাই।
নিকাকেত্রে বাস্থানিকার গুরুত্বকে কিন্তু সকলেই স্বীকার করেছেন। তাই
আমাদের দেশেও তার প্রচলন করতে হবে। স্বাস্থানিকা স্বাস্থ্য চর্চা সম্বন্ধ নিকাশীদের মধ্যে উৎসাহ ও আগ্রহ স্মষ্ট করতে হবে। এবং এ ব্যাপারে ছাত্র,
নিক্কক, অভিভাবক, বিভালয় কর্তৃপক্ষ ও সরকারকে ্যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা
নিতে হবে।

# ॥ স্বাস্থ্য-শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য।।

|| Aims and Objectives of Health Educations ||

বিভালয়ে স্বাস্থ্যশিক্ষাৰ গুরুত্ব ও প্রয়োজনীয়তা সকলেই স্বীকাব করেছেন। এখন এর লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করা যেতে পারে।

National Education Society of America স্বাস্থ্য নিকার তিনটি লক্ষ্য ও উদ্দেশ্য নিরূপিত করেছেন, পেগুলি হ'ল—

- । ১॥ শিক্ষার্থীদেব এমন শিক্ষা দিতে হবে যাতে তাবা তাদের স্বাস্থ্য রক্ষা। করতে পারে।
- ॥ ২॥ বিতালয়ের স্বাস্থ্য শিক্ষা কর্মস্কীতে অভিভাবক ও সমাজ যাতে অংশগ্রহণ কবে তাব জন্ম তাঁদেব উৎসাহিত করতে হবে।
- । ৩॥ স্লাস্থ্যকর জীবন যাপন করবার মত স্থন্দব অভ্যাসগুলি যাতে শিক্ষার্থীরা রক্ষা কবতে পাবে তার জন্ম সচেষ্ট হওয়া।

আধ্যাপক Reader স্বাস্থ্য শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য নিরূপণ করতে গিয়ে বলেছেন যে, স্বাস্থ্য শিক্ষার লক্ষ্য হ'ল ;—

- ॥ ১॥ স্বাস্থ্যবক্ষা করা ও তার উন্নতি করা।
- ॥২॥ মানদিক স্বাস্থ্য বৃক্ষা ও তার উন্নতি করা।
- । ৩॥ শিক্ষাথীদের প্রক্ষোভন্ধনিত সমস্তার সমাধান করা এবং প্রবৃত্তিও প্রক্ষোভত্তিলি যাতে শিক্ষার্থীদের মান্সিক উন্নতিতে সাহায্য করে তার জন্তা চেষ্টা করা।

বিভিন্ন শিক্ষাবিদ্, পণ্ডিত ও শিক্ষক স্বাস্থ্যশিক্ষা সম্বন্ধে যে সব কথা বলেছেন, তার ভিত্তিতে বিজ্ঞানু নিয়ে স্বাস্থ্যশিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যগুলি নিরূপণ করা যেতে পারে। দেগুলি হ'ল :—

- ॥ ১ । শিক্ষার্থীদের স্বাস্থ্য তত্ত্ব ও তার নিয়মগুলি শিক্ষা দেওয়া ও শিক্ষার্থীরা যাতে দেগুলিকে জীবনে অফুসরণ করে তার জন্ম উৎসাহিত কবা।
- ॥ ২ ॥ বিভিন্ন রোগের কারণ ও চিকিৎসা বিষয়ে শিক্ষার্থীদের অবহিত্ত করা।
- ॥ ৩ ॥ শিক্ষার্থীদেব শারীবিক, মানদিক ও প্রবৃত্তি-প্রক্ষোভন্তনিত স্থাস্থ্য রক্ষা কবা ও উন্নতি করার বিভিন্ন বিধি নিয়ম শিক্ষা দেওয়া।
- ॥ ৪॥ শিক্ষাখীদের মধ্যে স্বাস্থ্যবক্ষাব ভাল অভ্যাসগুলি আযত্ত করবার শিক্ষা দেওয়া যাতে তাবা সুন্দব জীবন যাপন করতে পারে।
- ॥ ৫ ॥ বিছালয়েব স্বাস্থ্য শিক্ষা কর্মস্থীতে অভিভাবক ও স্মাজের অস্থান্ত ব্যক্তিদেব সাহায্য ও অংশ গ্রহণে উৎসাহিত কবা।
- ॥,৬॥ স্বাস্থ্য শিক্ষা কর্মসূচী ব্যাপক ও বিস্তৃত হবে। এই কর্মসূচীব মধ্য দিয়ে ভবিষ্যতেব প্রস্বাস্থ্যের অধিকারী বংশধারা গঠিত হবে।
  - ॥ १॥ । শিক্ষাথীদের স্বাস্থ্য সম্পর্কে সচে এন কবা।
- ॥ ৮ ॥ প্রিক্ষার প্রবিচ্চন থাক্রবার ও পরিষ্কার পরিচ্ছন রাথ্যার মত মনোভার ও দৃষ্টিভঙ্গী শিক্ষার্থীদের মধ্যে গতে তোলা।
- ॥ ৯॥ স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে শিকার্থীদেব সামাজিক দায়িত্ব বোধ সৃষ্টি করা।

এই স্ব লক্ষ্য ও উদ্দেশ্যের উপর ভিত্তি কবে বিভালয়ে স্বাস্থ্যশিক্ষার ব্যবস্থা কবতে হবে।

### ॥ ব্যক্তি-স্বাস্থ্য ॥

### || Personal Hygiene ||

এক একটি ব্যক্তিকে নিয়ে গড়ে উঠে সমাজ। ব্যক্তিজীবন সমাজদীবনকে
সৃষ্টি কবে। কাজেই স্বাস্থ্য-শিক্ষার ক্ষেত্রে ব্যক্তি সাস্থাকে সর্বাগ্রে গুরুত্ব দিতে
হবে। বিভালয়ে যদিও শ্রেণী শিক্ষা (class teaching)
ভূমিকা ও গোন্তি শিক্ষা (group teachings) ব্যবস্থা প্রচলিস্ত আছে। তবুও শিক্ষাক্ষেত্রে ব্যক্তি স্বতেন্ত্র্যবাদ প্রতিষ্ঠালাভ করবার সঙ্গে সঙ্গে ব্যক্তি শিক্ষাক্ষেত্রে প্রভিষ্ঠিত হয়েছে। শিক্ষাব ক্ষেত্রে ব্যক্তিগত বৈষম্যকে
স্থাকার করা হয়েছে। আর যথায়বভাবে শিক্ষা দিতে হলে প্রভিটি শিক্ষার্থীকে ভাল করে জানা প্রযোজন। কিন্তু শিক্ষার্থীর দেহ যদি ভাল না থাকে, তবে তার মনও ভাল থাকে না। তাই স্বাস্থ্য ভাল না হলে যথায়থ শিক্ষাদান সম্ভব শি. প. ভৃতিয় পর্ব—২ লয়। বিভালয়ে তাই স্বাস্থ্য শিক্ষার ব্যবস্থা করতে হবে, এবং সেই স্বাস্থ্য শিক্ষা মাতে প্রতিটি শিক্ষার্থী ব্যক্তিগত স্বাস্থাকে উন্নত করে তার চেষ্টা করতে হবে।

বিতালয়ে আমরা নানা বিষয়ে শিক্ষা দিই, কিন্তু সাধারণ বিষয়সমূহ শেথবার সাথে সাথে সাথে সাথা সধন্ধীয় শিক্ষার একটা পার্থক্য আছে। স্বাস্থ্য শিক্ষায় শুধু শিক্ষার একটা পার্থক্য আছে। স্বাস্থ্য শিক্ষার শুধু শিক্ষা দিলেই চলবে না, শিক্ষার্থীরা যাতে সে শিক্ষা তাদের আহাতত্ব একটি জীবনে কার্যে রূপ দের তা দেখতে হবে। স্বাস্থ্য শিক্ষা ব্যবহারিক বিজ্ঞান কতকগুলি নিয়ম মুখস্থ কবার মধ্যে সীমাবদ্ধ নয়। তাই বিত্যালয়ে স্বাস্থ্যের মূল নীতিগুলি শেখান হবে সাথে সাথে ব্যবহারিক জীবনে ছাত্রেবা সে নীতি যাতে মেনে চলে দে ব্যবস্থাও কবতে হবে।

# ॥ ব্যক্তিগত স্বাস্থ্যের সাধারণ বৈশিষ্ট্য ॥

Il Common Elements of Personal Hygiene II

ব্যক্তিগত স্বাস্থ্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি হ'ল,—

- ॥ ১॥ ভাল ও স্বাষ্ট্যকর অভ্যাস: —ব্যক্তি যাতে হাস্থ্য রক্ষার অভ্যাসগুলি নিজ জীবনে অনুসরণ করে স্বাস্থ্য-শিক্ষা দে বিষয়ে গুরুত্ব দেবে। জীবনেব অভ্যাদের গুরুত্ব এনেক। কথার বলে 'Habit is called the second nature of man.' স্বাস্থ্য রক্ষার অভ্যাসগুলি পরে মানুষের স্বভাবে পরিণত হয়। ফলে ব্যক্তিজীবন প্রভাবাহিত হয়। স্বাস্থ্যকর অভ্যাসগুলি অনুশীলন করতে হবে, এবং থারাপ অভ্যাসগুলি দূব করতে হবে এ ব্যাপারে শিক্ষকের দায়িত্ব অগাধ। তিনি নিজেও স্বাস্থ্য বক্ষার অভ্যাসগুলো আয়ত্ব করবেন ও সেই অনুযায়ী আচরণ করবেন। শিক্ষাথীরা তাঁর কাছ থেকেই শিক্ষা গ্রহণ করবে। শিক্ষাথীদের শিক্ষাদানের সময় সহামভূতি দিয়ে বিচার করতে হবে। শিক্ষার্থীদের থারাপ অভ্যাসগুলি দূর করবার সময় মনস্তাত্ত্বিক উপায়ে সংশোধন করতে হবে। অভ্যাসগুলি ছোট বেলা থেকে গড়ে উঠে। কাজেই সে সময় থেকেই এ ব্যাপারে যত্ম নিতে হবে। যেথানে সেথানে থুথু ফেলা, দাঁতে নথ কাটা, যথন তথন ঘুমানো, পার্থানার অনিয়মভা, দেরী করে ঘুম থেকে ওঠা ইত্যাদি স্বাস্থ্যের পক্ষে হানিকর অভ্যাসগুলি দূর করতে হবে।
- ॥ ২ ॥ ত্বেকর যত্ন: ত্বক হ'লে দেহের বাইরের আবরণ। এই আবরণ রোগের সংশ্রেশ আসে। কারণ রোগ জীবাণ্গুলি আলো বাতাদে ঘুরে বেড়ায়। তাই ত্বকের যত্ন নিতে হবে। ত্রভাবে ত্বকের যত্ন নিতে হবে।
- (ক) ধোওয়া ও স্পান:—ঠাণ্ডা জল ও গরম জলে প্রয়োজনমত স্নান করতে হবেঁ। সাবান দিয়ে ময়লা পরিষ্কার করতে হবে। ত্বকের উপর নিয়মিত সৌন্দর্য চর্চা করতে হবে। ত্বকের যত্ব নেওয়াকে প্রতিদিনের অভ্যোসে পরিণত

করতে হবে। থেলাধ্না, কাজকর্ম ইত্যাদি করার পর খাওয়ার আগে স্থান করতে হবে।

- (খ) সূর্য স্কান—বিশেষ করে শীতপ্রধান দেশে সূর্যের আলোকে অধিককণ থাকা ত্বকের পক্ষে উপযোগী। আমাদের দেশে শীতকালে সূর্যালোকে স্থান ত্বকের পক্ষে ভাল । সূর্যালোকে ভিটামিন D ও K আছে তা শ্রীরের পক্ষে উপকারী।
- (৩) **চুল চোধ-কান-দাঁত-নাক-নথ-আঙ্গুল-গলার যত্ন:** শরীরের এই অঙ্গ প্রত্যঙ্গলি খুবই গুরুত্বপূর্ণ। এগুলি শিক্ষাব পক্ষে খুবই উপধোগী অঙ্গ প্রত্যঙ্গ। এই অঙ্গ প্রত্যঙ্গগুলির সাহাধ্যেই ব্যক্তি শিক্ষা গ্রহণ করে। এগুলির যত্ন নিয়লিথিতভাবে নেওয়া যেতে পারে—

চুল-নিয়মিত চুল কাটতে ধবে, চুল পরিষ্কার রাথতে ধবে, তাধলে চুলে কখনই খুস্কি পড়বে না।

Gচাথ— শিক্ষা গ্রহণের ক্ষেত্রে চোথের গুরুত্ব অপবিদীম। ওই অঙ্গকে তাই যথাব্যভাবে বক্ষা করতে হবে। নিয়মিত চোথ ধুতে হবে। চোথ থারাপ হলে ভাক্তার দেখাতে হবে। ত্থ-মাখন-শাকসঞ্জী ( যাতে ভিটামিন A, C থাকে ) খেতে হবে।

কান—কানও শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অঙ্গ। তাই যথেষ্ট গুরুত্ব সহকারে কানের যত্ন নিতে হংব। কানে ধূলো-ময়লা যাতে না পড়ে তার ব্যবস্থা করতে হবে। কানে পুঁজ পড়লে ডাক্ডার দেখাতে হবে।

দীভে—অনেকের দাঁত হুর্গন্ধ হয়, রক্ত পড়ে, দাঁতেব জন্ম হজমের গগুগোল হয়। দাঁতের যতু নিতে হবে। রাতে খাওয়াব পর দাঁত মাজতে হবে। অনেকে দাঁতের জন্ম বাশ ও Tooth paste ব্যবহার করেন।

নাক—নাকও শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। বিশেষ করে উচ্চারণের ক্ষেত্রে নাকের একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। নাকে সর্দি জমলে তার অস্কবিধা হয়। এ ব্যাপারে অবিলম্বে ডাক্তার দেখানো প্রয়োজন।

নখ-নথে ময়লা জমে। তাই নিয়মিত নথ কাটা প্রয়োজন।

আকুল-সাবান দিয়ে হাত ও আকুল পরিষ্কার রাখা প্রয়োজন।

গ্রা—উচ্চারণের জন্ম গলার প্রয়োজন। গলায় কাশি ও ব্যথা ইত্যাদি অস্ক্রিধা হলে ডাক্তার দেখানো প্রয়োজন।

(৪) পোষাক-পরিচ্ছদ ও জুভো—ব্যক্তিকে সব সময় পরিষ্ণার পোষাক পরতে হবে। পোষাক মানুষকে সৌন্দর্যনালী করে। ভেতরের জামাও পরিছার রাখতে হবে। বিভিন্ন ঋতুতে বিভিন্ন পোষাক পরলে ভাল হয়। পোষাক খুব tight হবে না। পোষাক নিগুরা নিজেরাই পরিষ্কার রাখবে। ভূতো মাটির ধ্লোবালি থেকে শরীরকে রক্ষা করে। ভূতো পায়ের ঠিক্মত মাপের হবে। পোষাক ও জুতো বাজিকে smart করবে। বিভালয়ের স্বাস্থ্য-শিক্ষা দেবার সাথে শিক্ষার্থীকে স্বাস্থ্য শিক্ষার মূল্য বেশ্ব সম্পর্কে সচেতন বরে তুলতে হবে। স্বাস্থ্য বিষয়ক শিক্ষায় ছাত্রদের কার্যকরী সহযোগিতার প্রয়োজন। ছাত্রেরা বিভালয় পরবর্তী জীবনে শিক্ষার্থীকে স্বাস্থ্যশিক্ষার মূল্য স্থাক্ষ সচেতন করা শিক্ষা দেওয়া ও স্বাস্থ্যনীতি পালনে অভ্যন্থ করা প্রয়োজন। ছাত্রেরা যদি স্লেছায় স্বাস্থ্যনীতি বিষয়ক নিয়মকাত্বন মেনে না চলে ও দেহ চর্চায় অংশ গ্রহণ না করে তাহলে স্বাস্থ্য শিক্ষার সমস্ত আয়োজন বার্থ হতে বাধা।

পাঠ্যক্রম নির্ধারিত বিষয়-সমূহের মধ্যে স্বাস্থ্য-নিক্ষা দেওয়া সহজ। কাবেশ স্বাস্থ্যতে স্থার নিক্ষার নাতি সমূহ নিক্ষারীর হাজিগত অভিজ্ঞতার পরিধির মধ্যে এনে তাকে বুঝতে পারে। বিভালযের নিক্ষার মধ্য দিয়ে পাঠ্যত্রমের মধ্যে খাস্থা ছাত্রদের মধ্যে স্বাস্থ্য রক্ষার প্রযোজনীয়তা বোধ ভন্মালেই শিক্ষাকে অস্তত্ত্বিক করা হার সমাজের একজন সভারপে সমাজস্বাস্থ্য রক্ষার একটা নৈতিক দায়িত্ব তার বয়েছে। জনস্বাস্থ্যের প্রযোজনে, তার পারিধারিক কল্যাণে তাকে স্বাস্থ্যেব নিয়মগুলি মেনে চলতে হবে এ বোধ তার মনে বন্ধমূল করে দিতে হবে।

বিদালয়ে স্বাস্থ্য শিক্ষার মধ্য দিয়ে ছাত্ররা কতবগুলি অভ্য'স আছে করবে , স্বাস্থ্য ক্ষাব নিয়ম সম্পর্কে যে বথাগুলি ক্লাসে বলা হ'ল শিক্ষাথীরা আপন আপন ব্যক্তিগত জীবনে তাকে কাজে পরিণত বাস্থা ক্ষাব অভ্যাস করলেই স্বাস্থ্য শিক্ষাব উদ্দেশ্য সার্থক হবে। পরিষ্কার গুলি আহত্ব করা পরিচছরটা সম্পর্কে আমরা শিক্ষা দিই। দেখতে হবে ছাত্ররা অপরিষ্কার হয়ে স্থান না করে স্কুলে আসছে কি না। ছোট থাকতেই ছাত্রদের নানারকম অভ্যাস গঠন করান সহজ। বাপ-মা, শিক্ষবদের বর্তব্য ছেলেবেলায় কতবগুলি প্রয়োজনীয় অভ্যাস আহত্ব বরতে ছাত্রদের উৎসাহ দেওয়া ও কু-

নিদিষ্ট সময়ে ঘুম থেকে উঠে পায়খানায় যাওয়া, বোজ দাত, মুখ পরিষ্কার করা, স্থান করা, চুল পরিষ্কার রাখা, নথ কাটা ও পরিষ্কার রাখা, নির্দিষ্ট সময়ে খাওয়া, জামা কাপত পরিষ্কার-পরিষ্কের রাখা ইত্যাদি সাধারণ খায়াকের বিভিন্ন থ- অভ্যাসগুল হয়তো একদিনে আহত্ত্ব করতে চাইবে না। কিন্তু ধীবে ধীবে তাদের এই অভ্যাসগুলি আয়ত্ত্ব করিয়ে নিতে হবে। মুক্ত বাযুও আলোর উপকাবিতা সম্পর্কেও দেহের পক্ষে কাজ ও প্রেটার্নাথে সম্পর্কে তাদের বুঝিয়ে বলতে হবে। ছাত্র-ছাত্রীদের রোজ ব্যায়ামের অভ্যাস করান দরকার। ডিল করা তাদের একটা ভাল ব্যায়াম। এছাড়া নানারকম থেলায় তাদের উৎসাহ দিতে হবে। দেহের অক্স সমূহ

নিয়মিত চালনার সাথে থেলাধূলা ও জিলের মধ্য দিয়ে চবিত্র গঠনেব উপযোগী
শিক্ষা দেওয়া যায়। ছেলেরা স্কুলে কিভাবে বদবে, কিভাবে নিথনে, ক্লাদের
পরিষ্কার-পবিচ্ছন্নতার রক্ষার প্রয়োজনীয়তা ও তাদেব কর্তব্য সম্পর্কে শিক্ষা
দিবে। বিদ্যালয়ের শিক্ষার মধ্য দিয়ে প্রাভাহিক জীবনের যে অভ্যাদগুলি
ভাবা আংজু কব্বে কতক্টা অভ্যাদেব বশে কিছুটা প্রয়োজন বোধে দেই
অভ্যাদগুলি প্রবৃতী জীবনেও তারা ভ্যাগ কর্বেন।

বিভাল্যে স্বাস্থ্য শিক্ষায় ছাত্রদের নিজেদের দেহেব যত্ন নেবার অভ্যাস আয়ত্ব করবার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করে তোলার সাথে বোগের আক্রমণ থেকে বক্ষা পাবার উপায়, কি করে বোগ হয় রোগ প্রতিবোধ ইত্যাদি সম্পর্কেও শিক্ষা দিতে হবে। একজন থেকে কি করে আর একজনের মধ্যে বোগ সংক্রীমিত হয় এবং সংক্রামিত রোগ প্রতিরোধ ব্যবস্থা ছাত্রদের জানা দরকার। প্রত্যেক বোগের কারণ বিভিন্ন জীবাণু, তাদের বোগ সঞ্চার প্রণালী বিভিন্ন। কি ভাবে চললে কলেবা, বসন্ত, হাম প্রভৃতি রোগের আক্রমণ থেকে রক্ষা পেতে পাবে ও সংক্রামক রোগ দেখা দিলে কি বিষয়ে সাবধানতা অবলম্বন করা উচিত এগুলি প্রত্যেক ছাত্রের জানা দরকার।

ব্যক্তি-স্বাস্থ্য শিক্ষা দেওয়ার **তিনটি** Stage আহে। দেগুলি হ'ল,—

- ॥ > ॥ Drill Stage: খুব ছোট ব্যসে ছেলেমেয়েবা অনুকরণ করে। একে Drill Stage বলে। এই সময় স্বান্থ্যরক্ষার ভাল অভ্যাসগুলি আগ্নত্ব করতে শেখাতে হবে .
- ॥ २ ॥ The Stage of Social Development: ভাল পোষাক পরলে মন ভাল থাকে, ভাল পোষাক অক্সাক্ত ব্যক্তিব সপ্রশংস দৃষ্টিকে আকর্ষণ করে;—এই বোধ ছেলেমেযেদের মধ্যে দেখা দেয়। তথন সে স্বাস্থ্য চর্চা সৃষ্থকে নিজেই সচেতন হয়ে ওঠে।
- ॥ ৩ ॥ The Stage of self respect: ক্রমণ: শিক্ষার্থীরা নিজেরাই স্থাস্থ্যকলার ভাল অভ্যাসগুলিব সঙ্গে রপ্ত হয়ে যায়। তথন সেটা তার স্বভাবে পরিণত হয়। সে সময় সে সামাজিক মর্যাদা পায়। তথন স্থাস্থারক্ষার নিয়মগুলি পালন না করলে তার নিজেরই ভাল লাগে না। এ সম্বন্ধে সে তখন নিজেই পূর্ণ সচেতন।

ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যবিজ্ঞান শিক্ষা দেওয়ার আসল উদ্দেশ্য হ'ল যাতে তারা তাদের জীবনও পারিপার্শ্বিক আবেষ্টনীতে স্বাস্থ্যসম্মততাবে গড়ে তুগতে পারে। ছাত্রদের স্বাস্থ্য-বিজ্ঞান পড়াবার সময় শুধু কত গুগুলি নিয়ম স্বাস্থ্য-তত্ত্ব শিক্ষাদান মুখস্থ না করিয়ে প্রত্যেকটি স্বাস্থ্যের নিয়ম মানার প্রয়োজনীয়তা উদাহরণ দিয়ে দেখাতে হবে। কি ভাবে চললে ভাল ফ্র পাওয়া ষায় হাতে কলমে তা দেখাতে হবে। ছায়াচিত্র ও Magic lantern এর সাহায়ে চিন্তাকর্ষকভাবে ছাত্রদের স্বাস্থ্য-বিজ্ঞান শিক্ষা দেওয়া ষেতে পারে। দৃষ্টাস্তের মধ্য দিয়ে বিষয়টিকে মনোজ্ঞ করে তুলতে পারলে বিষয় সমৃহ ছাত্রদের একটা আগ্রহের সৃষ্টি হবে ও ব্যবহারিক জীবনে স্বাস্থ্যের নিয়ম সমৃহ মেনে চলার উৎসাহ দেখা দেবে।

ব্যক্তি স্বাস্থ্যের সঙ্গে পরিশ্রম, খালগ্রহণ ও বিশ্রাম অক্সাক্ষীভাবে, জড়িত।
ক্ষাস্থ্যরক্ষার জ্বলে নিয়মিত পরিশ্রম করতে হবে। সেই পরিশ্রমের ফলে শরীরে
ব্যক্ষর হবে তার জন্ম যথাযথভাবে থালগ্রহণ করতে হবে।
পরিশ্রম, খালগ্রহণ ও
বিশ্রমিত বিশ্রমিও শরীবের পক্ষে একান্ত প্রয়োজন।
পরিশ্রম, খালগ্রহণ ও বিশ্রাম-এই ত্রিবিধের সংমিশ্রমে
ক্ষেপ্ত স্বল শরীর গড়ে উঠে। কর্মে যদি তৃপ্তি Satisfaction) থাকে তবে
পরিশ্রম কম অনুভূত হয়, মনও সভেজ হয়। ব্যক্তিক্ষাস্থ্য শিক্ষাদানের সময়
তাই পরিশ্রম, খালগ্রহণ ও বিশ্রামের উপর জোর দিতে হবে।

স্বাস্থ্য শিক্ষা যদি যথায়থভাবে ব্যক্তিস্বাস্থ্য রক্ষা করতে পারে ভবে"তার ফলে বিত্যালয়ে শিক্ষাদান যথায়থ হয়, হ্যক্তি স্বাস্থ্যেব সঙ্গে স্থানস্বাস্থ্যও রক্ষিত হয়।

# জন-স্বাস্থ্য [ COMMUNITY HYGIENE ]

জুমিকা (Introduction): প্রাচীনকালে জনসংখ্যার এত প্রাবল্য ছিল না। নগর সভ্যতার তথনও পত্তন হয় নি। মানুষ তথন প্রকৃতির মৃক্তঅঙ্গনে বসবাস কংতা। খোলা বাতাস, পৃষ্টিকর খাত, নির্মিত বাহ্যঃকার প্রাচীনকাল পরিশ্রম ও শ্রিমা ইত্যাদির কোন অস্ক্রবিধা ছিল না। কিন্তু নগর সভ্যতার আগমনের সঙ্গে সঙ্গে এ সমস্তা জটিল আকার ধারণ করেছে। শংরের পরিবেশে মৃক্ত বাতাস ও আলো পাওরার নানাবিধ অস্ক্রবিধা দেখা যায়। পৃষ্টিকর খাত্তও পাওরা যায় না। খাত্ত সমস্তা ভ্যাবহু খাকার ধারণ করেছে। ফলে ভাল খাত্ত, পৃষ্টিকর খাত্ত যথেষ্ট পরিমাণে পাওয়া যায় না। খাত্তে ভেজাল এখন আরও একটি সমস্তা যা স্বাস্থ্যরক্ষার প্রচণ্ড বাধা হিসেবে দেখা দিরেছে। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে মানুবের বাসন্থান নির্মাণের স্বাচ্ছন্দ্য দুরে চলে গেছে। একটি জনবছল শহরে স্বাস্থ্যরক্ষা করা একটি বিরাট সমস্তা। প্রামের পরিবেশ ও বণত্তি ক্রমণঃ থন হছেছ।

তাই চিকিংসা বিজ্ঞান অনেক উন্নত হওয়া সত্ত্বেও আধুনিককালে সমাজে স্বাস্থ্য রক্ষা করা একটি বিরাট সমস্যা।

কি? (What is Community Hygiene): জনস্বাস্থ্য কি? জনস্বাস্থ্য হ'ল পরিকল্পনামাফিক এমন এক স্পৃত্যক অবস্থা যেথানে সমাজের মধ্যে সংক্রামক ব্যাধি দূর করা যায়, বিভিন্ন রোগ জনস্বাস্থা কাকে বলে? প্রতিবোধ করা যায়, স্বাস্থ্য রক্ষার অভ্যাসগুলি যথাযথভাবে পালন করা যায়, জীবনেব আয়ু ও শ্বীরেব ক্ষমতা বেড়ে যায়। জনস্বাস্থ্যের সংজ্ঞা দিতে গিয়ে W. H. O (World Hea'th Organisation) বলেছেন, "Public Health is the science and the art of preventing disease, prolonging life, and improving health and efficiency, through organized effort." যে শান্তে সমাজ সমন্ত ব্যক্তির স্বাস্থ্য বক্ষায় এইসব উপায় শিক্ষা দেয় তাই হ'ল Community Hygiene.

# ॥ জ্বন-সাস্থ্য ও ব্যক্তিসাস্থ্য ॥

### || Community Hygiene and Personal Hygiene ||

জন-স্বাস্থ্যেব সঙ্গে ব্যক্তিশ্বাস্থ্যের একটি বিবাট সম্পর্ক আছে। এক একটি ব্যক্তি নিয়েই সমাজ। ব্যক্তিকে বাদ দিরে সমাজ হয় না। কাজেই ব্যক্তিশ্বাস্থ্য বিদি ভাল বাখা যায় তবে সমাজের শ্বাস্থ্যও ভাল থাকতে লম্পার্থ পরিপূর্ক বিধি ও উপায়গুলি যদি মেনে চলা যায় তাতে সমাজের সকলের স্বাস্থ্য ভাল থাকবে, অর্থাৎ ব্যক্তিশ্বাস্থ্য ভাল থাকবে। সমাজের সকলের স্বাস্থ্য ভাল থাকবে, অর্থাৎ ব্যক্তিশ্বাস্থ্য ভাল থাকবে। সমাজে যদি শ্বাস্থ্যকর অবস্থা সৃষ্টি কবা না যায় তবে ব্যক্তিশ্বাস্থ্য বন্ধা করা মুশকিল। আবার ব্যক্তি যদি শ্বাস্থ্য রক্ষার আচরণগুলি মেনে না চলে তবে জনস্বাস্থ্য রক্ষা কবা অসম্ভব। জনস্বাস্থ্য ও ব্যক্তিশ্বান্থ্য তাই প্রস্পরের প্রিপূর্ক।

## ॥ জন-স্বাস্থ্যের পরিধি॥

#### || Scope of Community Hygiene ||

জন-স্বাস্থ্যের পরিধি বিশাল। বস্তু বিষয় জন-স্বাস্থ্য রক্ষায় প্রয়োজনীয়। সেই বিষয়গুলি নিয়ে আলোচনা করা যেতে পারে। জন-স্বাস্থ্য রক্ষা করা হলে পানীয় জলের স্বন্দোবস্ত কবতে হবে, এবং পানীয় জল সরবরাহের জনস্বাস্থোব পরিধি বিশাল নাধ্যমে রোগ বিস্তার লাভ করে। মলমূত্র ও আবর্জনা সমাজ্যে আবহাওয়াকে অস্বাস্থ্যকর করে। এর মাধ্যমে রোগ বিস্তারও হয়। কাজেই মলমূত্র ও আবর্জনা পরিষ্ণার জন-স্বাস্থ্যের জন্য প্রয়োজনীর। যথেষ্ট খান্ত, পৃষ্টিকর থান্ত, ভেজালহীন থান্ত, জন-স্বাস্থ্যের জন্য বিশেষ প্রয়োজন। সংক্রোমক ব্যাধি প্রতিরোধ (টীকা) ও নিরাময় (চিকিংসা) জন-স্বাস্থ্যের অন্তর্ভূতি বিষয়। জন-স্বাস্থ্য রক্ষার জন্য আধুনিক স্বাস্থ্য কেন্দ্র (Health centre) ও হাসপাতাল (Hospital) খ্বই প্রয়োজন। মাতৃমঙ্গল কেন্দ্র ও শিশুমঙ্গল কেন্দ্রও জন-স্বাস্থ্যের জন্য প্রয়োজন। বাসগৃহ ও বাসগৃহ সংক্রান্ত থাবস্থা জন-স্বাস্থ্যের অন্তর্গান্ত। জন-স্বাস্থ্য রক্ষার পরিসংখ্যান জন-স্বাস্থ্য বক্ষায় বিশেষভাবে সাহায্য কবে। জন-স্বাস্থ্য রক্ষার সবচেয়ে বড় দিক্ হ'ল,—জন-স্বাস্থ্য বিষয়ক বা নিক্ষার প্রদার কবা। কাজেই দেখা যায় যে, জন-স্বাস্থ্যের পরিধি বিশাল। জন-স্বাস্থ্য যথাবথভাবে রক্ষা করতে হলে ওই বিশাল ক্ষেত্র জুড়ে কাক্ত করতে হবে।

#### ।। জন-স্বাস্থ্য সংরক্ষণ।।

- 11 Preservation of Community Hygiene 11
- জন-স্বাস্থ্য রক্ষা করতে হলে নিম্ন'লিখিত বিষয়গুলিব উপর গুরুত্ব দিতে হবে :—
- (১) জনগণের মধ্যে স্বাস্থ্য সম্বন্ধে সচেতনতা সৃষ্টি করতে হবে। স্বাস্থ্য রক্ষার গুরুত্ব সকলেই যেন উপলব্ধি কবতে পারে।
- (২) ব্যক্তিগত স্বাস্থ্য চর্চান উপর গুরুত্ব দিতে ২বে। কারণ ব্যক্তিকে নিয়েই সমাজ। ব্যক্তি যদি স্বাস্থ্য রক্ষা করে, সকলে যদি স্বাস্থ্য রক্ষার বিধিগুলি মেনে চলে তবে গণস্বাস্থ্য রক্ষা করা শক্ত হয় না।
- (৩) ব্যাধিকালীন সাবধানতা অবলম্বন করতে হবে। রোগ প্রতিরোধ ও রোগীর চিবিৎসাব জন্ম যথাযোগ্য আযোজন করতে হবে। জনস্বায় রক্ষায় সংক্রোমক ব্যাধির জন্ম পৃথক ব্যাবস্থা অবলম্বন করতে হবে। ভিত্তিবিভিন্ন বিষয় চিকিৎসার স্বযোগ সুবিধা সমাজেব সর্বস্তারের মান্ত্রেষ কাছে সমানভাবে পৌছে দিতে হবে।
- (৪) সর্বসাধারণের মধ্যে যাতে পরিস্কার পরিচ্ছন্নতার অভ্যাস গঠিত হয় তার জন্ম সচেষ্ট হতে হবে। কারণ পরিষ্কার-পরিচ্ছন্নতা অনেক রোগের আক্রমণ থেকে বক্ষা করে। সকলে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকলে সমাজ এক ভিন্নরূপ ধারণ করে।
- (৫) জনস্বাস্থ্য রক্ষা করতে হলে সমাজে স্বাস্থ্যসামত পরিবেশ স্বাষ্টি করতে হবে। পরিষ্কার-পরিচ্ছনতা রক্ষা, পানীর জল সরবরাহ, আবর্জনা অপসারণ, মলমুত্রের স্বাস্থ্যসামত ব্যবস্থা, চিকিৎসার ব্যবস্থা, থাত্যের উপস্কৃত্ত সরবরাহ, শ্রম ও বিশ্রামের ব্যবস্থা, বাদস্থান ও বাসগৃহের ব্যবস্থা ইত্যাদির উপর যথেই গুরুত্ব দিতে হবে।

# । রাষ্ট্রের দ্বায়িত্ব

#### 11 State's Responsibility 11

জন-স্বাস্থ্য রক্ষায় রাষ্ট্রের দায়িত্ব অদীম। রাষ্ট্রকেট জন-স্বাস্থ্য বক্ষাব **দর্বাধিক** দায়িত্ব বহন কবতে হবে। জনস্বাস্থ্য বক্ষায বাষ্ট্র নিয়লিখিত দায়িত্ব **ওলি** পালন ক্রবে;—

- (১) স্বাস্থ্যকর থাত্যের আঘোজন,
- (২) বিশুদ্ধ পানীয় জলেব ব্যবস্থা,
- (৩) স্বাস্থা-সন্মত বাদগৃহ নির্বাচন,
- (৪) আবর্জনা দ্বীকরণ,
- (e) শেচাগাব ইত্যাদির বাবমা,
- (৬) জনগণকে স্বাস্থ্য দম্বন্ধে সচেতন কবা,
- (৭) স্বাস্থ্য ব্রহ্মার জন্ম বিভিন্ন আইন প্রণয়ন কবা,
- (৮) সংক্রামক বোগ প্রতিরোধ,
  - (৯) স্থাস্থ্যের পরিসংখ্যান রক্ষা,
- (১০) স্বাস্থ্যশিক্ষাব ব্যবস্থা কবা, ইত্যাদি।

কার্চেই দেখা যাচ্চে থে, জনস্বাস্থা রক্ষায় বাষ্ট্রেব দায়িত্ব অনেক, রাষ্ট্র তাই এজন্য Public Health Department গঠন কবেন। তাই সবকাবী এই বিভাগ জন-স্বাস্থা রক্ষার এই সব বাবস্থা গ্রহণ করেন।

## ॥ জনদাধারণের কর্তব্য ॥

#### 11 Duties of the People 11

জন-স্বাস্থ্য রক্ষায় জনগণ ও তাঁদেব ব্যক্তিগত ও সমষ্টিগত দ্বায়িত্ব অস্থীকাব করতে পাবেন না। এ ব্যাপাবে সকলেরই দায়িত্ব আছে। ব্যক্তিস্থাস্থ্য যথাযথ-ভাবে বক্ষা করতে হবে। সকলেরই ভালভাবে পরিছার-শারস্পরিক নির্ভরশীলতা পরিছের থাকতে হবে। স্বাস্থ্যরক্ষার অভ্যাসগুলির সকলকেই অনুসরণ কবতে হবে। পানীয় জল, আবর্জনা, মলমূত্র পরিহার সংক্রান্ত বিষয়-গুলিকে প্রতিকারের জন্ম সকলকেই এগিয়ে আদতে হবে। রোগ প্রভিরোধ ও নিরাময়ের ব্যাপারে সকলেরই সহযোগিতা সমানভাবে প্রয়োজন। স্বাস্থ্য সম্বন্ধে সকলকেই সচেভন থাকতে হবে। নিজের কোন রোগ হলে তার জন্ম যাতে অন্মের স্বাস্থ্যের ক্ষতি না হয় তার জন্ম সদাসতর্ক থাকতে হুবে। সমাজে স্বাস্থ্যসম্বত পরিবেশ রক্ষার দায়িত্ব সকলেরই, সকলকেই এ ব্যাপারে সহযোগিতা করতে হবে।

# । বিশ্ব স্বাস্থ্য সংস্থা ।

# 11 World Health Organisation (W. H. O.) 11

জন-স্বাস্থ্য রক্ষার জন্য সন্মিলিত জাতিপুঞ্জের (U. N.O.) কর্ত্তাধীনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা গঠিত হয়েছে। তার তিনটি শাথা তিনভাবে কাজ করে;— কাজের পরিধি বিশ্বজ্ঞোড়া।

- (১) Central Technical Service—বিভিন্ন বোগ প্রতিরোধ, নিরাময় চিকিৎসা ও ঔষধ ইত্যাদি সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ এই সংস্থাব কাজ।
- (২) Direct Service—এই সংস্থা রাষ্ট্রপুঞ্জের সভ্য বাষ্ট্রগুলিকে স্বাস্থ্য সংক্রোন্ত পরামর্শ দান করে। বিভিন্ন সময়ে বিভিন্ন বাষ্ট্রে বিশেষ্ড্র (Expert) পাঠিয়ে সে দেশের জনস্বাস্থ্য বন্ধায় সাহায্য করা এই সংস্থার কাজ।
- (৩) Education and Information Service—বিশ্ব স্বাস্থ্য সংস্থার এই শাখা বিভিন্ন দেশে স্বাস্থ্য সংক্রান্ত জনশিক্ষাব ব্যবস্থা করেন। বিভিন্ন দেশ থেকে স্বাস্থ্য সংক্রোন্ত তথ্য ও পবিসংখ্যান সংগ্রহ করা এই বিভাগের কাজ।

# ।। জন-স্বাস্থ্য ও স্বাস্থ্য শিকা।।।

#### 11 Community Hygiene and Health Education 11-

জন-স্বাস্থ্য রক্ষার ব্যাপারে রাষ্ট্র ও জনসাধারণ দকলেবই দায়িত্ব আছে। এ-ব্যাপারে দকলেব দায়িত্বের সমন্ব্য কবতে হবে। বাষ্ট্র আইন কবে স্বাস্থ্য-রক্ষার কতকগুলি বিধি প্রচলিত করতে পারে। কিন্তু জন-স্বাস্থ্য রক্ষার ব্যাপারে জনশিক্ষার প্রসারই দ্বচেয়ে বড় প্রতিষেধক। স্বাস্থ্যসংক্রাস্থ জনশিক্ষার প্রসার করতে হবে। স্থশিক্ষা স্বাস্থ্য বক্ষায় সাহায্য কবে। নিম্নলিখিত উপায়ে স্বাস্থ্যসংক্রাস্থ বিষয়ে জনশিক্ষার ব্যবস্থা কবা যেতে পারে।

- (১) প্রদর্শনী: স্বাস্থা সংক্রাস্ত বিভিন্ন শিক্ষামূলক প্রদর্শনীর ব্যবস্থা করা ষেত্রে পারে।
- (২) **রেডি: য়া**—রেডিয়োর মাধ্যমে স্বাস্থ্য-ক্ষার বিধিসমূহ জনসাধারণের সাধ্যমে প্রচার কবা যেতে পারে।
- (৩) চল চিচ এ—বিভিন্ন তথ্য চিত্তের মাধ্যমে জনদাধারণের মধ্যে স্বাস্থ্য রক্ষার বিভিন্ন পদ্ধতি প্রচার করা যেতে পাবে।
- (৪) সংবাদপত্র বিভিন্ন সংবাদপত্তের বিভিন্ন সময় স্বাস্থ্যসংক্রাস্ক বিভিন্ন বিষয় প্রকাশ করে জনশিকার প্রচার করা যেতে পাবে।
- (৫) বিভিন্ন Club—বিভিন্ন Club জনস্বাস্থ্য সম্বন্ধে শিক্ষাপ্রচারে অগ্রন্থী ভূমিকা নিত্তে পারে।

- (৬) স্বাস্থ্য সপ্তাহ—বছরের যে কোন একটি দপ্তাহকে স্বাস্থ্য সপ্তাই হিদেবে সরকারী ঘোষণা করে এ বিষয়ে জন শিক্ষার প্রদার করা থেতে পারে।
- (৭) প্রিচ্ছন্ন ভা অভিযান বিভিন্ন সময়ে বিভিন্ন উৎসব অনুষ্ঠানকে কেন্দ্র করে নানা জারগায় পরিচ্ছন্ন হা অভিযান চালিয়ে স্বাস্থ্য বিষয়ে জনশিক্ষার প্রসার করা ধেতে পারে।
- (৮). বয়স্ক শিক্ষা—বয়স্ক শিক্ষাব ব্যবস্থা করতে হবে, এবং তার মধ্যে স্বাস্থ্য শিক্ষা অন্তর্ভুত করতে হবে।
- (৯) Sex-Education যৌন-সমস্তা অনেক সময় জন-স্বাস্থ্যকৈ ক্ষতিগ্ৰন্থ করে। তাই যথায়খভাবে Sex education এব ব্যবস্থা কবতে হবে।

# ॥ জন-স্বাস্থ্য রক্ষায় বিত্তালয়ের ভূমিকা॥

|| Community Hygiene and role of school ||

ক্রনস্বাস্থ্য রক্ষাব দা বুঁছ প্রধানত: রাষ্ট্রেব, সরকার জন-স্বাস্থ্য রক্ষা বিভাগের মাধ্যমে এই দায়িত্ব পালন কবেন। সরকাবেব নিয়মমাফিক কাজ জনসাধারণের সক্রিয় সহযোগিত। ভিন্ন সক্রন্থ হতে পারে না। সমাজের স্বার্থে জনসাধারণকে এগিয়ে আসতে হবে জনস্বাস্থ্য (Community Health) রক্ষার দায়িত্ব গ্রহণে। জনসাধারণের মধ্যে এই সমাজ-বিজাশ্রেই গাড়ে ওঠে
তিতনাবোধ এবং সমাজ ও জাতির প্রতি তাদের নৈতিক কর্তব্য ও দায়িত্বোধ গড়ে তুলতে বিজ্ঞালয়েব একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজকের শিক্ষার্থী ভবিষ্যতের নাগরিক সেই তরুণ শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্য-সচেত্তন ও জনস্বাস্থ্য-রক্ষার দায়িত্বোধ বিজ্ঞালয়ের শিক্ষার মধ্য দিয়েই গড়ে তুলতে হবে।

বিভালয় সম।জ-জীবনের একটি অঙ্গ। বিভালয়েক বলা হয় সমাজেরই একটি
কুদ্রসংস্কবণ বা প্রতিরূপ। এই বিভালয় সমাজের যারা সভা সেই ছাত্রদের
ব্যক্তিস্বাস্থ্য ও জন স্বাস্থ্যসম্পর্কে শিক্ষা, সামাজিক কর্ত্বট বাজিপত স্বাস্থা শিক্ষাত্র সম্বন্ধে শিক্ষা ও সমাজ ও জাতির প্রতি তাদের
মধ্য দিরে জনবাস্থা
কাবনে আবস্ত হয়। ব্যক্তিগত অভ্যান গঠনের মধ্য দিয়েই
সমষ্টিগত অভ্যান গড়ে ওঠে। বিভালয়ে শিক্ষার্থীদের জন্ম ব্যক্তিগত স্বাস্থা
চর্চার বাবস্থা থাকবে তার মধ্য দিয়েই জনস্বাস্থ্য শিক্ষার প্রসার লাভ ঘটবে।
ব্যক্তিগত স্বাস্থারক্ষার প্রয়োজনে যে স্থ-অভ্যানগুলি ছাত্ররা বিভালৢয়ের শিক্ষার
মধ্য দিয়ে লাভ করবে পরবর্তীকালে এই অভ্যানগুলিই জনস্বাস্থ্য রক্ষার
সহায়ক হবে। বিভালয়ের ছাত্রেরা বছ জনহিতকর দেবাসূলক কাচ্ছে অংশ প্রহণ কবতে পারে। আমাদের দেশে পল্লীতে পল্লীতে প্রতি বছবট সংক্রামক ব্যাধির প্রকোশ দেখা যায়। জল দৃষিত হয়ে গ্রামে বছরকম বোগের প্রাত্নভাব হয়। এসব ক্ষেত্রে বিভালয় থেকে ছাত্রদেব সংগঠিত কবে জন স্বাস্থ্য রক্ষায় সহায়তা করতে পারে। মহামাবীর সময় পানীয়ঙ্গল সংরক্ষণ, সংক্রামক ব্যাধি প্রতিবোধ, রোগীর সেবা ইত্যাদি কাজে ছাত্ররা অংশ গ্রহণ করতে পারে। আমাদের দেশের

বিত্যালহের মাধামে জনদেবার শিক্ষা অধিকাংশ লোকই অশিক্ষিত। স্বাস্থ্যবন্ধার নিয়ম সম্পর্কে তারা অজ্ঞ, জন-স্বাস্থ্য সম্পর্কে তারা উদাদীন। বহুক্ষেত্রে তাদের অজ্ঞতা বিপদ ডেকে আনে। বিভালয়ের পরি-

চালনায ছাত্রেবা প্রচাবের মাধ্যমে জনসাধারণকে স্বাস্থ্যবক্ষার নিয়ম সম্পর্কে শিক্ষিত কবে তুলতে পারে, প্রায়ে ঘবে ঘবে গিয়ে বসন্তের টিকা, কলেরার ইন্জেক্সন, পানীয় জনের বিভদ্ধতা রক্ষার প্রয়োজনীয়তা সম্বন্ধে জনসাধারণকে সচেতন করে তুলতে পারে। ছাত্রদের এ জাগীয় কাজ গ্রামবাসীদের মনে গভীব রেখাপাত করবে ও তাদেব জনস্বাস্থারক্ষায় আগ্রহ সৃষ্ট হবে।

পবিবেশ পরিদ্ধাব-পবিচ্ছন্ন রাথাব অভ্যাস শিক্ষার্থীবা বিন্তালয় থেকে
অভ্যাস করে। যেথানে সেখানে থূথ্ ফেলা, কাগজেব টুকরো, ফলেব খোসা
ফেলে নোংরা কবাব অভ্যাস আমাদেব প্রায় মজ্জাগত। এই
পরিবেশ পবিচ্ছন্ন
রাথার শিক্ষা
থেকে অর্জন করতে পারি তাহলে আমাদের পরিবেশ
স্বাভাবিক ভাবেই পরিচ্ছন্ন রূপ নেবে।

জনস্বাস্থ্য বক্ষায় শিক্ষকদেবও একটি বিশিষ্ট ভূমিকা বয়েছে। বিভালয়ের মাধামে যে কার্যস্থাই কপায়ণের ব্যবস্থা বরা কোক না কেন ভার নেতৃত্ব গ্রহণ করতে হয় শিক্ষদের জনস্বাস্থ্য রক্ষাব যে সব কাজে শিক্ষকের ভূমিকা বিদ্যালয়ের ছাত্রগণ অংশ গ্রহণ করে তার পরিচালনাব দায়িত্ব সাধাবণভাবে শিক্ষকগণই গ্রহণ করেন। শিক্ষকগণ সমাজের বিশেষ দায়িত্বশীল ব্যক্তি। তাঁরো যদি জনস্বাস্থ্য রক্ষার কাজে স্ক্রিযভাবে অংশ গ্রহণ করেন ভাহলে জনস্বাস্থ্য রক্ষার ব্যবস্থা মুক্ট রূপায়ণে অনেক সহায়ক হয়।

# খাত্য

#### **FOOD**

## । খাতোর প্রয়োজনীয়তা।

#### Necessity for Food I

আমাদের জীবনধারণের জন্ত থাতের প্রয়োজন। মাতৃগর্ভে যেদিন জীবকোষ (cell) প্রথম সৃষ্টি হ'ল দেদিন থেকে জীবকোষ একের পর এক নিজেকে বাড়িয়ে চলতে থাকে। এর ফলেই হয় মানুষের হৃদ্ধি। মানুষের বাত কাকে বলে দৈহিক-বৃদ্ধি পাঁচিণ বছর বধন পর্যন্ত চলতে থাকে। এই বৃদ্ধির প্রয়োজন থাতেব, যা আমাদের শরীব-বৃদ্ধি ও শরীব বক্ষার প্রয়োজনে লাগবে, যা থেকে আমাদের শরীবের শক্তি ও উত্তাপ জন্মাবে, শরীর গড়ে উঠবে তাকেই বনবো থাতা। থাতেব দাথে ইঞ্জিনের কয়লার সাথে তৃলনা করা হয়, তুলনাটা আংশিক সত্যা থাতা হচ্ছে দেহেব জালনা। এই জ্বালানী পুড়িয়েই আমবা দেহেব তাপ রলা ও কর্মশক্তির যোগান পাই। যথেষ্ট থাতের অভাবে আমাদের দেহ ত্র্ল, ক্লয় ও রোগপ্রবণ হয়। মানসিক বিকাশ বাধাপ্রাপ্ত হয় ও শক্তির অভাব ঘটে। কোন থাতা গ্রহণ না কবে আমনা কিছুদিন বেঁচে থাকতে পারি। কিন্তু বেঁচে থাকতে হলে থাতা অত্যাবভক। খাতের প্রয়োজনীয়তা ও খাদ্যে ক্রাম্বাদের দেহের কি কি অভাব পূরণ করে তা বিচার করে দেখা যাছে:—

॥ ১॥ দেহের পুষ্টি সাধন করে, বাল্যকাল থেকে আমাদের দেহ বেড়েই চলছে এই রদ্ধির কাজে সহায়তা কবে। প্রতিনিয়ত মানব দেহেব ভিতরে ও বাইরে যে কাজ চলছে তাব ফলে যে ক্ষয় হচ্ছে সেই ক্ষয় পূবণ খাতা দ্বারা সাধিত হচ্ছে।

॥২॥ দেহকে কর্মক্ষম রাথতে হলে ও দেহের তাপ রক্ষা করতে খাতের প্রয়োজন। ই:জন চালু রাথতে জল, কয়লা থে কাজটি করে এই দেহ যন্ত্রটি রাথতে থাল দেই কাজ করে। খাতের বিতীয় কাজ হচ্ছে দেহেব তাপ রক্ষা ও কর্মশক্তি যোগান।

॥ ৩॥ দেহকে বলা হয় ব্যাধিমন্দির। খাত শুধু দেহই গড়ে তোলে না দেহে যাতে কোন রোগ দেখা না দেয় ও বোগ স্থি হলে তার বিরুদ্ধে প্রতিরোধ শক্তি গড়ে তোলাও থাতের কাজ। উপযুক্ত থাতের অভাবে দ্বেং ত্বল হলে মানুষ অন্ত্রহয়, নানান রোগ দেখা দেয়। থাতের তৃতীয় কাজ হ'ল দেহে রোগ প্রতিরোধ শক্তি সৃষ্টি করে দেহকে সুস্থ রাখা। শালের উপাদান ( Elements of Food ): দেহের বিভিন্ন প্ররোজন মেটাতে আমরা থাতগ্রহণ করি। কোন একটি থাত দ্বারাই দেহের সব প্রয়োজন মেটান যায় না। বিভিন্ন রক্ম থাতে বিভিন্ন গুণ থাকে। বাত্তম্পাত্ত ক্ষম থাত আমাদের দেহের জন্ত খেতসারের প্রয়োজন। ভাত এই প্রয়োজন মেটাতে পাবে বলে আমরা ভাত থাই। তাই খেতসার ভাতের উপাদান। এমনি এক একটি খাত্তের মধ্যে এক একটি উপাদান রয়েছে। এই উপাদানেব বিচারে কোন থাত দ্বব্যের শান্ত মুক্য ( Food value ) স্থির হয়। দেহের নানারপ প্রয়োজন মেটাতে থাত্ত-মূল্য বিচার করে আমরা নানাবিধ খাত গ্রহণ করি। যে সব থাত পরিমিতভাবে গ্রহণ করলে দেহের সব প্রয়োজন মেটানো সম্ভব, আমরা তাকে-স্কৃষ্ম খাত্ত (Balanced diet) বলি।

ক্যালোরি (Calorie): দেহেব পুন্তির জন্ম স্বাদকের সামঞ্জ রক্ষা করে থাদের ব্যবস্থা করতে হলে ভাহা থাতেব পুষ্টিমূল্য অমুসারে করা হয়।

অর্থাৎ, কোন থাতের কডটা ইন্থন-শক্তি আছে তা দেথতে থাতের ক্যালোরি মূল্য

হয়। খাতেব এই ইন্ধন শক্তি বা মূল্যকে বলা হয়

ক্যালোরি মূল্য হয়। খাতেব এই ইন্ধন শক্তি বা মূল্যকে বলা হয়

ক্যালোরি (Calorie)। নির্দিন্ত পরিমাণে কোন থাত কি পরিমাণ ভাপ উৎপাদন করতে পাবে তা থেকে ক্যালবিব পরিমাণ ছির কবতে হয়। এক গ্রাম জলের উষ্ণভা ১° ডিগ্রি সেন্টিগ্রেড কবতে যে পরিমাণ ভাপেব প্রয়োজন ভাকে ১ ক্যালোরি ভাপ বলা হয়। আমরা যা কিছু থাই ভার ভাপ উৎপাদনের ক্ষমতা অনুযায়ী ক্যালোবি মূল্য মাপা হয়। যেমনঃ—

১ গ্রাম প্রোটন ৪ ১ ক্যালোরি তাপ উৎপাদন করে।

১ গ্রাম কার্বোহাইড্রেট ৪ ১ ক্যালে!রি তাপ উৎপাদন করে।

১ গ্রাম চর্বি ১'৩ ক্যালোরি তাপ উৎপাদন করে।

খাত থেকে তাপ উৎপাদন ছাডাও আমাদের চলাফেবার মধ্য দিয়ে যে অঙ্গ সঞ্চালন হয় তার মাধ্যমেও কিছু তাপ সৃষ্টি হয়।

দেহের ক্যালোরির প্রয়োজন অনুসারে আমাদেব খাত গ্রহণ করতে হয়। হিসেব করে দেখা গিয়েছে একটি শিশুর ১ বছর বর্ষে তার দেহের ওজন অমুসারে প্রতি পাউণ্ডের জন্ম প্রতিদিন ৪৫ ক্যালোরি প্রয়োজন। বয়দ বাড়তে থাকলে এই প্রয়োজন কমতে থাকে।

৩ বছর পর্যন্ত প্রতি পাউণ্ড ওজনে ৪০ ক্যালোরি ভাপ দরকার

১৪ বছব " ২৪ " " পূর্ণ বয়ন্ধ ব্যক্তির " ১৬ " " "

সাধারণ হিসেবে দেখা গিয়েছে আমাদের দেহের জন্ম রোজ প্রায় ৩০০০ ক্যালোরি প্রয়োজন। অলস ব্যক্তির জন্ম প্রয়োজন ১৫৪০ ক্যালোরি। যারা অভিরিক্ত পরিশ্রম করে তাদের প্রয়োজন ৩৫০০ ক্যালোরি। জৈব ও অবৈশ্ব খান্ত :— আমরা যে সব থাত গ্রহণ করি গুণ অমুসারে
দেওলিকে চুটি ভাগে ভাগ করা যায়, জৈব খাত ও অজৈব খাত্তকে হ'ট ভাগে ভাগ থাতা। জৈব খাত দেহের পরিপুষ্টি সাধন ও তাপ উৎপাদনে সহায়তা করে। অজৈব খান্য জীবনীশক্তি দানে ও সংরক্ষণের শক্তি জোগায়।

খাতের ক্রিয়ার প্রাধান্ত অনুসারে সমস্ত খাততে ছটি ভাগে ভাগ করা হয়েছে:—

#### (ক) দেহের পরিপোষক থাত:-

১। প্রোটিন বা জামিষ জাতীয় খাতা। ২। কার্বোহাইড্রেট বা শ্বেতদার জাতীয় খাতা। ৩। চর্বি বা শ্বেহ জাতীয় খাতা।

#### (খ) জীবন শক্তিদায়ক ও সংরক্ষক খাতা:-

১। বিভিন্ন ধাতব লবণ।

२। जन।

৩। ভীটামিন।

# া প্ৰোটিন। •

#### 11 Proteins 11

প্রোটনের কাজ হচ্ছে দেহের যাবতীয় ক্ষয়পূরণ, দেহের হৃদ্ধি ও পুষ্টি সাধন, দেহের ধাবতীয় রস উৎপাদন। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রোটন কর্মশক্তি বৃদ্ধি করে ও কর্মে প্রবৃদ্ধি দেয়, দৈহিক উদ্ভাপ ও চাঞ্চল্যের Body building স্পষ্টি করে। আমাদের দেহের জীবকোষ গঠনে প্রধান brick উপাদান প্রোটন। এ জন্ম একে Body building

brick বলা হয়।

প্রোটনকে আমিব জাতীয় খাত বলা হয়েছে। প্রোটন উদ্ভিদ ও প্রাণী উভয় জগৎ থেকেই পাওয়া যায়। এজন্য প্রোটনকৈ প্রোটনের শ্রেণীবিভাগ স্কু'ভাগে ভাগ করা হয়েছে—

উদ্ভিচ্ছ **রেগাটিন (** Vegetable Protein ): উদ্ভিদ থেকে এই প্রোটন পাওয়া যায় যেমন, ডাল, বাদাম, বীট, শালগম, দোয়াবিন্ প্রভৃতি।

প্রাণীজ প্রোটিন (Animal Protein): প্রাণী জগৎ থেকে এই প্রোটিন পাওয়া যায় যেমন—মাছ, মাংস, ডিম, ছানা, হধ, পনীর প্রভৃতি।

তুই জাতীয় প্রোটনের মধ্যে আমাদের দেহের পক্ষে অত্যাবশুক অ্যামিনো অ্যাসিড সমূহ প্রাণীঙ্গ প্রোটন থেকে পাওয়া যায়। একে সম্পূর্ণ (Complete) বা প্রথম শ্রেণীর প্রোটন বলা হয়। সবুজ শাক-সব্ জি ও সোয়াবিন্ থেকে

নামান্ত পরিমাণ প্রথম শ্রেণীর প্রোটন পাওয়া যায়। আমরা দৈনিক যে থাত

গ্রহণ করি সেই থাতের শতকরা দশ ভাগ প্রোটন।

শরীরের বৃদ্ধিতে
প্রোটন প্রয়োজন

শতকরা দশ ভাগ প্রোটন।

শতকরা করি বিল্লালনকপে প্রোটনের প্রয়োজন খুব বেশী।
আমাদের শরীবের বৃদ্ধিকাল ২৫ বছর বয়স পর্যন্ত আচেনের প্রয়োজন

শ্র্র প্রোটনের প্রয়োজনীয়তা খুব বেশী। এর পর থেকে প্রোটনের প্রয়োজন

কমতে থাকে। প্রাপ্ত বয়ক্ষের তুলনায় কিশোব ও য্বকের প্রোটনের প্রয়োজন

বেশী। শিশুদের খাতে প্রোটনের অভাব হলে দেহেব পৃষ্টি হয় না। ওজন

কমে যায় ও মেজাজ খিট থিটে হয়। প্রোটনের অভাবে দেহেব বোগ প্রতিরোধের ক্ষমতা কমে যায়। রক্তায়তা ও পেটের গওগোল প্রভৃতি দেখা যায়।

যদি প্রয়োজনের অতিথিক্ত প্রোটিন গ্রহণ কবা যায় তাহাও শরীবের পক্ষে ক্ষতিকর। অতিথিক্ত প্রে'টিন শরীবে বাত রোগের স্টে করতে পারে এ ছাড়া মাথা ধরা, অবসাদ প্রভৃতি দেখা যায়।

## বিভিন্ন বয়সে নিমুদ্ধণ প্রোটিন গ্রহণ করা প্রয়োজন :—

শিশু	২।৬ বছব দৈনিক	৪০।৫০ গ্রাম
শিভ	৬৷১ বছর দৈনিক	৬০ গ্রাম
বালক	১০৷১৭ বছর দৈনিক	৮• গ্রাম
বালিক	। ১০।১৭ বছৰ দৈনিক	৭০ গ্রাম
পুরুষ	১৮৬০ বছৰ দৈনিক	७६ जाम
নারী	১৮৷৬০ বছর দৈনিক	. ৫০ গ্রাম।

# ॥ কার্বোহাইডেুট্ ॥

#### II Carbohydrate II

জমি থেকে আমরা যত বকম শস্ত বা শস্ত বীজ পেয়ে থাকি তা সমস্ত এ জাতীয় খাল। আমবা রোজ যে খাল গ্রহণ করি তার মধ্যে কার্বোহাইড্রেটের পরিমাণ দব চেয়ে বেশী। এ জাতীয় খাল দামেও সন্তা। চর্বি জাতীয় থালের পর এই জাতীয় খাল থেকেই আমরা বেশী শক্তিও তাপ লাভ করি। যে ষত বেশী পারশ্রম করে তার তত বেশী কার্বোহাইড্রেট জাতীয় খালের প্রয়োজন।

কার্বোহাইড্রেট জাভীয় খাদ্যকে সাধারণতঃ তিন্ট ভাগে ভাগ করা হয় '

১। শর্করা—যথা মুকোজ, ইক্ষু, হ্মা, মধু, ইত্যাদি শর্করা জলে দ্রবনীয়া ও মিষ্টি স্বাদ ক্তা

- ২। শেতসার—চাল, গম, বার্লি, আলু প্রভৃতি। আমরা রোজ যে কার্বোহাইডেট থাই তার বেশীব ভাগ মে তদার জাতীয়। উদ্ভিক্ষ খেতদার ছাড়া প্রাণীদেহে বিশেষ করে লিভারে এক জাতীয় মেতদার পাওয়া যায় একে প্রাণীদ খেতদার বলে। ধান, যব, গম, আলু প্রভৃতির মধ্যে যে খেতদার আছে তা রাল্লা করলে সহক্ষ পাচ্য হয়।
- ৩। 'Gमलुर । ভাস ঘাস, তুলা, কাগজ, কাপড়, পাট ও শাক-সবজি।
  পাল হিসেবে এর মূল্য খুব কম।

আমাদের বোজকার প্রয়োজনীয় অধিকাংশ কার্বোহাইড্রেট উদ্ভিদ ও প্রাণী জগৎ থেকে আদে। এই জা থায় খাদ্য সন্তা বলে আমাদের এই গরীব দেশের অধিকাংশ অধিবাসী ভাদের প্রয়োজনীয় ভাপ ও শক্তির শতকরা ৮০ ভাগ এই জাতীয় খাদ্য থেকে গ্রহণ করে।

খাতো যদি প্রয়োজনের তুলনায় অতিরিক্ত কার্বোহাইডুেট থাকে তাহলে পেট কাঁপা, অজীর্ণ, উদবাময় প্রভৃতি বোগ দেখা দেয়। দাতের ক্ষয় রোগ ও এই জাতীয় খাতোব আধিকোর ফল। দেহেব প্রয়োজনেব অতিরিক্ত কার্বোহাইড্রেট চর্বিরূপে জমে, দেহকে মেদবহুল করে তুলে।

# ।। চৰ্বি বা স্নেহ জাতীয় খাতা।।

il Fat ii

দেহেব প্রয়োজনীয় তাপ ও শক্তি এই জাতীয় খাত থেকে পাওয়া যায়। ঘি, মাথন, তেল, বনস্পতি জাতীয় খাত প্রভৃতির মধ্যে ইহা পাওয়া যায়।

স্নেহ জাতীর খাদ্য টৎপত্তি অনুসারে তুইভাগে বিভক্ত ঃ—

১। উদ্ভিক্ত স্বেহ (Vegetable Fat) ২। প্রাণীজ স্বেছ (Animal Fat)।

উ'ন্তদ্ জগৎ থেকে পাওয়। যায় বলে সরিসার তৈল, নারিকেল তৈল, বনম্পতি প্রভৃতি উল্ভিচ্ছ স্নেহ পদার্থ। প্রাণী জগৎ থেকে পাই বলে ঘি, মাখন, মাছেব তেল চর্টি প্রভৃতি প্রাণীজ স্নেহ পদার্থ।

স্নেহ জাতীয় পদার্থ আমাদেব রোজ কিছু গ্রহণ কবা প্রয়োজন। তবে
দেহের পক্ষে তত্ত্বিচু স্নেহ জাতীয় পদার্থ প্রয়োজন তা সঠিক ভাবে বলা কঠিন।
এই জাতীয় থাল খেতদার অপেক্ষা দ্বিত্ব মাত্রায় তাপ উৎপাদন করে বলে শীত
প্রধান দেশের লোকেবা প্রচুর পরিমাণে এ জাতীয় থাল গ্রহণ করে। একজন
বয়ন্ত ও কর্মক্ষম ব্যক্তির রোজ ৭০৮০ গ্রাম স্নেহ জাতীয় থাল গ্রহণ করা
উচিত।

শি প তৃতীয় পর্ব—৩

থাত্তে স্নেহ জাতীয় দ্ৰব্যের অভাব হলে শরীরের চামড়া শুদ্ধ ও থস্-থর্দে হয়, ভিটামিন এ, ডি, ই ও কে-এর অভাব ঘটে। দেহে এক্জিমা জাতীয় রোগ দেখা দিতে পারে।

শ্লেহ জাতীয় থাতের উপর দেহের মহণতা ও সৌন্দর্য অনেকটা নির্ভর করে। আবার এর আধিক্য হলে অজীর্ণ ও কোষ্ঠ কাঠিন্ম রোগের সৃষ্টি হয়। দেহের অতিরিক্ত মেদ স্ষ্টি করে দেহকে কুংসিৎ ও অবর্মক্ত করে তোলে। অত্যধিক প্রাণীক্ষ স্লেহে বহুমূত্র ও হাদ্রোগেব সৃষ্টি হয়।

#### ।। ধাতব লবণ ॥

#### 11 Mineral Salt 11

সাধারণ লবণ ছাড়া আরও কয়েক প্রকার ধাতব পদার্থ আমাদের দেহে প্রয়োজন হয়। আমাদের দেহের প্রায় ছয় ভাগ ধাতব লবণ। আমাদের দেহে বিভিন্ন লবণের মধ্যে প্রায় কুড়িটি মৌলিক পদার্থ দেখা যায়। আমাদের দেহ থেকে নানা ভাবে যেমন মল, মৃত্, ঘাম প্রভৃতির মধ্য দিয়ে কিছু লবণ বৈাজ বের হয়ে যায়। এই ক্ষয় প্রণের জন্ম রোজ খাছের মধ্য দিয়ে আমাদের ধাতব লবণ গ্রহণ করতে হয়।

আমাদের প্রয়োজনীয় নানা প্রকার ধাতব লবণেব মধ্যে ক্যালসিয়াম, ফস্ফরাস ও লৌহঘটিত লবণই প্রধান। ক্যালসিয়াম লবণের অভাব ঘটলে হাড় ও দাঁতের ক্ষতি হয়। এ ত্'টি গঠনে ক্যালসিয়াম অপরিহার্য। গভবতী নারীর ও স্তন্ত দানকারী মায়ের এবং শিশুর খাত এজাতীয় লবণের অভাবে হাড় অপুষ্ট ও ত্বল হয়। পটাসিয়াম ও সোডিয়ামের অভাব ঘটলে হুৎপিণ্ডের কাজের ব্যাঘাত ও পেশী সমূহের দৌর্বল্য, পরিপাক শক্তি হ্রাস ও চর্মরোগের সম্ভাবনা থাকে। লৌহ, তাম ও ম্যাক্ষানিজের অভাব ঘটলে ব্রক্তাপ্পতা দেখা দেয়। ফস্ফরাস দেহের স্বাক্ষীন পুষ্টির জন্ত প্রয়োজন।

থাতের লবণের জন্স বিশেষ কোন থাতের প্রয়োজন নেই। যদি খাতের মধ্য থেকে অন্তান্ত উপাদান উপযুক্ত পরিমাণে গ্রহণ করা যায় তাহলে এর মধ্যে থেকে লবণ জাতীয় খাতের অভাব পূর্ণ হয়ে যায়। কোন একটি খাতে সব্রক্ম লবণ পাওয়া যায় না তাই দেহের লবণের অভাব প্রণের জন্স মিশ্রথাত খাওয়া উচিত।

# নিম্মলিখিত খাদ্যে বিভিন্ন প্রকার ধাতব লবণ প্রচুর পাওয়া যায়;

ক্যালজিয়াম:— ত্ধ, দই, পনীর, ডিমের কুসুম, বাদাম, বিভিন্ন প্রকার ভাল ফল, স্বুজ শাক-সব্জি, শ্রেষ্ঠ ত্ধ।

कञ्कताज: -- ত্ধ, দই, ডিম, সয়াবিন, জল, বাদাম, গম, জোয়ার, বাজয়া রাগী, পাল, মূলা, গাজর, ফুলকপি, মাছ, মাংস ইত্যাদি। তেনী হ— মাংস, মাছ, ভিম, লিভার, ঢে কিছাটা চাল। আটা, বাজরা পালংশাক, পেয়াজ, মূলা, তরমুজ, শণা, শালগম, টমেটো, স্বাবীন, পান, লালশাক, নটেশাক, করলা, তালমিখ্রি ইত্যাদি।

## ॥ ভিটামিন বা খাত্যপ্রাণ ॥

#### 4) Vitamins II

খাদ্যে প্রোটন, কার্বোহাইড্রেট প্রভৃতি ছাড়াও এক বিনেষ প্রকারের ফ্লাজার উপাদান আছে যা আমাদের জীবন ধারণ ও দেহকে ফ্লু রাথার জন্ত অভ্যন্ত প্রয়োজনীয়। এই ফ্লাজ উপাদানটির অভাব হলে বেরি বেরি, স্কার্তি, রিকেটস্ প্রভৃতি নানা রোগ দেখা দেয়। এই স্লাজ প্রব্যটিই ভিটামিন বা খাদ্য প্রাণ। যদি দেখা যায় উপযুক্ত খাদ্য গ্রহণ করেও পরীব দিন দিন শুকিয়ে যাছে তাহলে পরীক্ষা করে দেখা যাবে সে যে খাত্ত গ্রহণ করছে তার মধ্যে খাত্ত-প্রাক্তাব ঘটেছে। নীরোগ থাকতে হলে আমাদের খাতে উপযুক্ত পরিমাণে ভিটামিন চাই। টাটকা থাতেই বেশী পরিমাণে খাদ্যপ্রাণ থাকে। অক্যান্ত খাত্তের তুলনায় থাতে ইহার প্রয়োজন যথেই হলে পরিমাণে খুব কমই দরকার। ভিটামিন প্রত্যক্ষভাবে দেহ-গঠনের কাজে অংশ নেয় না। কিন্তু, এর অভাবে দেহের ক্ষরপূরণ, বৃদ্ধি দাধন বা দেহে তাপশক্তি উৎপাদন প্রভৃতি কাজগুলি সম্পন্ন হওয়া সম্ভব নয়। ভিটামিন এক প্রকাবের নয়। দেহের মধ্যে ভিটামিনের কাজ-কর্মের তারতম্য অন্থনারে ভিটামিনকে নানা নাম দেওয়া হয়েছে। বহু প্রকারেব ভিটামিন আবিষ্কৃত হয়েছে তাব মধ্যে ছন্ন রকম ভিটামিন আমাদের নিত্য প্রয়োজনীয়।

ভিটামিনকে ত্র'ভাগে ভাগ করা হয়েছে (১) জলে জবীভূত হয় ভিটামিন বি, বি-কমপ্লেক্স সি, (২) জলে জবীভূত হয় না ভিটামিন এ. ডি. ই, কে।

ভিট:মিন 'এ'—দেহের পৃষ্টি ও বৃদ্ধিতে, রক্তের স্বাভাবিক অবস্থা বজায় রেখে শরীর স্থন্থ রাথতে থাদের পরিপাক ও ক্ষ্ধার উদ্রেককে নহায়তা করতে, দেহকে বিভিন্ন সংক্রামক রোগের আক্রমণ থেকে মুক্ত রাখতে 'ভিটামিন এ'র সহায়তা প্রয়োজন।

'এ' ভিটামিনের অভাব হলে চক্ষ্রোগ হয়। সর্দি, কাশি, ইন্ধুয়েঞা পাকস্থলী ও অন্তের রোগ দেখা দিতে পারে, এছাড়া দেহের পৃষ্টির ব্যাঘাত ঘটে। কড্মাছ ও শার্ক মাছের তেল, তৈল জাতীর মাছ, ডিমের কুষ্ম, মাখন, ঘি, লিভার, চর্বি, হধ, সবুজ শাক-সব্জি প্রভৃতিতে প্রচুর পরিমাণে ভিটামিন 'এ' পাঁওয়া যায়। ভিটামিন বি. বি১, বি২, পনেরোটি ভিটামিনের সমন্বয়ে 'গঠিত বলে একে ভিটামিন বি-কমপ্লেক্স বলে।

এই ভিটামিন স্নায়্কে সতেজ ও সবল রাথে। বেরিবেরি রোগের হাত থেকে রক্ষা করে, পরিপাকের সহায়তা করে ক্ষ্ধা বৃদ্ধি করে। নারীর স্তনে হুধ বৃদ্ধি করে।

খান্তে ভিটামিন 'বি'র অভাব ঘটলে বেরিবেরি হয়। ক্সিভার, প্লীহা, পাকস্থলী আকার ও আয়তনে বেড়ে যায়। জিহ্বায় প্রদাহ ও মুথের কোণে ঘায়ের সৃষ্টি হয়। এছাড়া অবসাদ দেখা দেয়।

ডিম, লিভাব, টমেটো, শালগম, মূলা, লেটুদ প্রভৃতিতে প্রচুর পরিমাণে 'বি' ভিটামিন পাওয়া যায়। এছাড়া আটা, সোয়াবিন, ডাল, ছোলা, সিম, বাধাকপি, পেয়াজ, হুধ প্রভৃতিতে কিছু পরিমাণে 'বি' ভিটামিন পাওয়া যায়।

ভিটামিল 'সি'—থাতে 'দি' ভিটামিন স্কার্ভি বোগ নিবারণ করে। দাঁত ও হাড়ের পুষ্টি সাধনে সহায়তা করে। রজের স্বাভাবিক অবস্থা বন্ধায় রাখতে সাহায্য করে। পাকস্থলী স্কন্থ রাখে ও রোগ বীক্ষাণুব হাত থেকে দেহকে রক্ষা করে।

'দি', ভিটামিনের অভাব হলে অলসতা, ক্ষুধার অভাব, হাত ও পায়ের গাঁটে ব্যথা হওরা, ফুলে যাওয়া ইণ্ডাদি দেখতে পাওয়া যায়। মেজাজ খিটখিটে হয়, ওজন কমে যায়, অল্প পরিশ্রমে ক্লান্তি দেখা যার, অনেক দিন এই ভিটামিনের অভাব হলে দাঁতের মাড়ি ফুলে দাঁত দিয়ে রক্ষ পড়ে।

বাঁধাকপি, পাল শাক, অঙ্ক্রিত ছোলা, কমলালেরু, লেরু, টমেটো প্রভৃতিতে প্রচ্ব পবিমাণে ভিটামিন 'দি' পাওয়া যায়। এছাড়া গাজর, লেটুদ, আলু, শালগম, আনারদ, গ্রাসপাতি প্রভৃতিতে এই ভিটামিন কিছু পাওয়া যায়। আগুনের তাপে এই ভিটামিন নষ্ট হয়ে যায়। টাটকা তুধে এই ভিটামিন আছে কিন্তু আগুনের তাপে হধ থেকে 'দি' ভিটামিন নষ্ট হয়ে যায়।

ভিটামিন 'ডি'—এই ভিটামিন, ক্যাল্সিয়াম ও ফস্ফরাসের কাজে
সাহায্য কবে। চামড়ায় স্থের আলো লাগলে এই ভিটামিন সৃষ্টি হয় ও
বিকেট বোগ নিবারণ করে। আমাদের দেশে প্রচুর স্থালোকের ফলে পাশ্চাত্য
দেশ থেকে বিকেট রোগ অনেক কম দেখা যায়। এই ভিটামিন শিশুদের পক্ষে
বিশেষ প্রয়োজনীয় । শিশুদের এই ভিটামিনের অভাব হলে শিশু ভারিক ও
অন্থিন-চিত্ত হয়। হাড়ের পৃষ্টির অভাবে হাঁটতে অনেক দেরা হয়। বয়য়দের
দেহে 'ডি' ভেটামিনের অভাব হলে পা ত্বল হয়ে যায়, কোমরে ও পায়ে বাভের
ব্যথার মৃত ব্যথা হয়। শেষ অবস্থায় পায়ের হাড় ও মেরদণ্ড বেঁকে য়েভে
পারে। গর্ভবভা ও ভক্তদানকারী মেয়েদের জন্ম এই ভিটামিন প্রচুর পরিমাণে
প্রয়োজন।

কড মাছের তেল, ও শার্ক মাছের তেলে এই ভিটামিন সবচেবে বেশী পাওয়া যায়। মাথন, ঘি, ছুধ, ডিমের কুসুম, বিভিন্ন প্রকার মাছের তেলে 'ডি' ভিটামিন পাওয়া যায়।

ভিটামিন 'ই'— এই ভিটামিনের অভাব হলে দ্বীলোকের সন্তান ধারণেব ক্ষমতা নই হয়ে যায়। 'ই' ভিটামিনের ব্যবহাবের ফলে মৃত বৎসা নারীরা স্থ্য সবল সন্তানের জননী হতে পারেন। পুরুষের দেহে এই ভিটামিনের অভাব হলে শুক্রাশ্য ছোট হয়ে আদে। এই ভিটামিনের ব্যবহারে রক্তে জমাট বাঁধা ও করনাবী খুম্বাসিদের উপকাব হয়। যারা চশমা না হলে দ্রের জিনিস দেখতে পান না এই ভিটামিনের ব্যবহারে দৃষ্টিশক্তি কিরে পাওয়া যায়। অপরিণত মন ও বৃদ্ধিব শিশুবা এই ভিটামিন ব্যবহার ক্বলে উপকাব পায়। অকাল বার্দ্ধক্যে দেহ ও মন নিস্তেজ হয়ে পডলে এই ভিটামিনের ব্যবহারে আনল্প ও উৎসাহ ফিবে আসে।

সমাবীন লেটুস, টাটকা শাক-সবজি, গম, ডিমেব কুত্ম, লিভার, বাদাম, অঙ্কুরিক ছোলা প্রভৃতিতে এই ভিটামিন প্রচুর পাওযা যায়।

ভিটামিন 'কে'—বক্তক্ষরণ বন্ধ করতে এই ভিটামিন অতি কার্যকরী। গর্ভবাহী নারীকে গর্ভের শেষ মাদে ভিটামিন 'কে' দিলে অতিরিক্ত রক্তপাতের ভয় থাকে না। পালংশাক, বাঁধাকদি, ফুলকদি ইত্যাদিতে 'কে' ভিটামিন প্রচুর আছে। চাল, আটা, বাজরা, জোয়ার প্রভৃতিতে ইহা কিছু পরিমাণ আছে।

ভিটামিন 'পি'—আম, জাম, কমলালেব্, টমেটো প্রভৃতিতে 'দি' ভিটামিনের আমুর্যকিক ভিটামিন বলা খেতে পাবে। আমরা ফল থেয়ে ষে ছিবজা ফেলে দেই দেই ছিবজার মধ্যেই থাকে 'পি' ভিটামিন। ছিবজা সমেত ফল খেলে এই ভিটামিন পাওয়া যয়। থুমোদিদেব প্রথম অবস্থায় 'পি' ও 'ই' ভিটামিন খেলে সুফল পাওয়া যায়।

টানিক। সব বকম খাজেই কিছু ন। বিছু ভিটামিন আছে । বানি হলে বা বেশী দিন রাখনে এবং কোন কোন ক্ষেত্রে আগুনে জ্বাল দিলে ভিটামিন নষ্ট হয়ে যায়। বর্তমানে কৃত্রিম ভাবে নানা ভিটামিন তৈরী ও নানা রোগের প্রতিরোধে ব্যবহৃত হচ্ছে।

# ॥ সুষম খাতা॥

#### 11 Balanced diet 11

দেহের পৃষ্টি, ক্ষয়পূরণ, তাপ রক্ষা ও কর্ম শক্তি যোগানের জন্ম আমাদের থাত্যের প্রয়োজন। থাত্যের মধ্যে বিভিন্ন উপাদান রয়েছে। সেই সব্ভূতিপাদান গ্রাহণ করে আমরা দেহের নানাবিধ প্রয়োজন মেটাই। যে সব উপাদান আমাদের দেহের পক্ষে প্রয়োজনীয় তার হাস-বৃদ্ধি ছুইই আমাদের ক্ষতির কারণ

হতে পারে। আমুপাতিক হাবে প্রতিটি দ্রব্যই যাতে আমরা থালের মাধ্যমে পেতে পারি দে ব্যবস্থা আমাদের করতে হবে।

আমাদের দেহের প্রয়োজনীয় তাপশক্তির জন্ম ২৫০০ থেকে ৩০০০ ক্যালোরী তাপ উৎপাদনকারী থান্মের প্রয়োজন। শুধু একজাতীয় খাদ্দ থেকেই হয়ত সেই পরিমাণ তাপ সংগ্রহ করা যায়, কিন্তু তার ফল ভাল হবে না। শরীরের পক্ষে প্রয়োজনীয় সমস্ত উপাদান তার মধ্যে নেই। পেট ভরে খেলেই সব সময় স্বাস্থ্য ভাল হয় না। দেহের গঠনকারী ও তাপশক্তি বক্ষাকারী সমস্ত উপাদান থাকলেই দেহের পুষ্টি হবে ও দেহ স্কু-স্বল থাকবে।

বয়স ও বৃদ্ধি অন্তদারে থাদের পবিমাণ কম বেশী হবে। একজন শ্রমিকের জন্ম যে পরিমাণ খাদের দরকার, একজন কেরাণীর জন্ম দেই পরিমাণ থাতের প্রয়োজন নেই। যার যতটুকু পরিমাণ তাপশক্তির প্রয়োজন সে ততটুকু পরিমাণ তাপশক্তির প্রায়াজন সে ততটুকু পরিমাণ তাপশক্তি যোগাবাব উপযুক্ত খাদ্য গ্রহণ করবে।

খাল তালিকা স্থির করতে গিষে আমাদের লক্ষ্য রাখতে হবে আমাদের দৈনন্দিন খাল তালিকায় আমাদের প্রয়োজনীয় সমস্ত উপাদান যেন তার মধ্যে খাকে। দেহের পুষ্টির জন্ম যে উপাদান যতটা খালেব মধ্যে থাকা উচিত তা খাকলেই আমরা তাকে স্থম খাল বলব।

আমাদের দেহের পক্ষে প্রয়োজনের তারতম্য আছে। তবু একজন সৃস্থ স্বাস্থ্যের অধিকারী পরিশ্রমী ব্যক্তিব প্রয়োজন নিম্নন্প হবে—

প্রোটিন—১০০ গ্রাম
কার্বোহাইড্রেট—৪০০-৫০০ গ্রাম
কার্বোহাইড্রেট—৪০০-৫০০ গ্রাম
কল—৪—০২ পাইন্ট।

খাদর এই উপাদানগুলি পেতে হলে আমাদের রোজ কোন জিনিস কতটা থেতে হবে তার একটা তালিকা দেওয়া হ'ল। আমাদের দেশের অবস্থা বিচার করে স্থাশাস্থাল রিসার্চ ল্যাবরেটরা এই তালিকা প্রস্তুত করেছে।

চাল—	১৪ আউদ
ডাল—	٠,
মাছ বা মাংদ	٠, ١
স্বরক্ম ভর্কারী ও টাট্কা স্ব্ <b>জী</b> —	۵۰ "
(তল, বি	٠, ۶
ত্ধ	۵۰ "
চিনি, গুড়—	₹ "
क्रज	ي ق
ডিম—	३ वि

যে থাছ তালিকা এখানে দেওরা হ'ল এই তালিকা অনুষায়ী থাছ সংগ্রহ
পুব কম বাঙ্গালী পরিবারের পক্ষে দন্তব। বাঙ্গালীর থাছের প্রধান উপাদান
কার্বোহাইড্রেট। প্রোটন যেটুকু পাই তা বেশীর ভাগ উদ্ভিদ থেকেই পাই।
মাছ, মাংস, ত্ব, ডিম, আহারের তালিকা থেকে প্রায় বাদই থাকে। সাধারণ
ভাবে ছাত্রদের দিকে তাকালেই দেখা যার তারা অপৃষ্টিজনিত রোগে ভুগছে।
উপরের তালিকা অনুদারে খাছা যোগান সম্ভব না হলে খাছ যাতে ষ্থাসম্ভব
ক্ষম হযে ওঠে সে চেষ্টাই আমাদের করতে হবে।

## ॥ খাত্য সম্পর্কে কয়েকটি সাধারণ নিয়ম॥

দেহকে স্বস্থ ও সবল রাখতে হলে আমাদের কি জাতীয় থাতের প্রয়োজন তা আমরা অলোচনা করেছি। 'আমাদের রোজকাব থাত তালিকায় কি কি দ্রব্য স্থান পেলে দেহের প্রয়োজনীয় সমস্ত উপাদানের অভাব পূরণ সম্ভব সেই তালিকা আলোচনায় আমরা দেখেছি সাধারণ বাঙ্গালী পরিবারের পক্ষে তালিকা অহ্যায়ী থাত সংগ্রহ সম্ভব নয়। নানাদিক থেকে অনেক অহ্ববিধা আছে স্থীকার করে নিয়েও যদি আমরা আমাদেব খাত প্রস্তুত ও গ্রহণ সম্পর্কে কয়েকটি অতি সাধারণ নিয়মকে মেনে চলি তাহলে আমাদের থাতকে কিছুটা উন্নত কবা ও দেহকে স্ক্ষ্ম বাথা সম্ভব।

সারা ভারতে বাঙ্গালী রান্নাঘরে যে পরিমাণ সময় বার করে অক্ত কোন প্রদেশের অধিবাসীরা তা কবে না। এব ফলে আমরা মুখরোচক থাবার তৈরী করি। কিন্তু তা দেহেব পুষ্টি দাধনে কতটুকু কাজে লাগে তা চিন্তা করি না। অতিরিক্ত তেল মসলা বাদ দিয়ে রান্না করতে হবে। সে খাবার সহজ পাচ্য হবে ও সে খাবারে থাতার গুণও বজায় থাকবে। অতিরিক্ত সেদ্ধ ও বেশী ভাজা ছইই খাদ্যের খাদ্যপ্রাণ নষ্ট করে দেয়। তরকারিব খোসা ফেলে দিলে তার সাথে খাদ্যপ্রাণ ও ধাতব লবণ ছই বাদ দিয়ে দেওয়া হয়়। কলেছাটা চালে ভিটামিন বিশেষ করে থাকে না; ফেন ফেলে দিয়ে ঘেটুকু থাকে তাও বাদ দিয়ে দেওয়া হয়। অর্থাৎ রান্নার প্রণালীটা বদল কবতে পারলে বর্তমান অবস্থায়ও খাদ্যের উন্নতি করা সম্ভব।

দেহের পৃষ্টির জন্ম থাত প্রয়োজন কিন্তু অতি ভৌজন বা অসময়ে ভোজন স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। থেতে হবে পরিমিত ও রোজ একটা নির্দিষ্ট সমরে। এর সাথে মনে রাথতে হবে বাসি, ঠাণ্ডা, থাবার স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর।

যেখানে সেখানে বিশেষ করে হোটেল-রেস্ট্রেণ্টে খাওয়া ষতটা সম্ভব এড়িয়ে চলতে হবে। এসব স্বায়গা থেকে অনেক সময় রোগ ছড়ায়।

খোলা বা আঢাকা থাবার বাড়ীতে, দোকানে, রেস্ট্রেন্টে কেঁখাও খাওয়া উচিত নয়। বাড়ীতে এ সম্পর্কে সতর্কতা অবলম্বন করা যায়, কিছু দোকান থেকে খোলা থাবার ছাত্রেরা দব সময় কিনছে। আইসক্রীম, গোডা প্রভৃতি বাজার থেকে ছাত্রেবা যা কিনে থায় তা প্রায়ই স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর।

পাতের খাবার বা মুখের থাবার স্বাস্থ্যের পক্ষে থ্যই ক্ষতিকব। এভাবে রোগ ছডায়। হাত দিয়ে খাল পবিবেশনও ক্ষতি ব। এসব পরিহার করে চলতে হবে।

পুষ্টিকব খাদ্দ সংগ্রহে অনেকেই অক্ষম হতে পাবেন, কিন্তু এই নিয়মগুলি পালন করা কঠিন নয়। পারিবারিক জীবনে এই অভ্যাসগুলি করতে চেলেমেয়েদের অল্পবয়স থেকেই শিক্ষা দিতে হবে। নিয়মগুলির গুরুজ সম্পর্কে ছেলেমেয়েরা সচেতন হলে পরবর্তী জীবনে এসব নিময় মেনে চলা তাদের পক্ষে কষ্টদাধ্য হবে না।

# ॥ বিজ্ঞালয়ে জলযোগের ব্যবস্থা। জলখাবারের প্রয়োজনীয়তা (Need for Tiffin):

ছাত্র-ছাত্রীরা যে নয়সে স্কুলে আসে সে বয়সটা হচ্ছে তাদেব বাডবার স্বয়য়। ছেলেমেয়েদেব দৈহিক পুষ্টিব জন্ম প্রয়োজন পর্যাপ্ত পবিমাণে পুষ্টিকর খাদের।

শিক্ষাৰ্থীৰ বাল্যে ও কৈশোৱে খাদ্য না পেলে ভাদেৱ খাস্থ্য ক্ষাঠিভ হয় না উপযুক্ত পৰিমাণ থাদের অভাব হলে দেহ ছবল হয় ও দেহে বোগ প্রবণতা দেখা দেয়। দৈহিক পৃষ্টিব অভাবে মানসিক শক্তিরও সম্যক বিকাশ লাভ ঘটে না। দেহকে কর্মক্ষম রাগতে, দৈহিক পৃষ্টির জন্ম, দেহেই ক্ষা, গৃবণের জন্ম দেহেব তাপ বক্ষা ও বোগ-প্রতিবোধের জন্ম গাদেব

প্রবোজন। ইঞ্জিনের যেমন জল ও করলার প্রয়োগন, দেহের পক্ষেও কর্মনক্তি অর্জনের জন্ম খালের প্রয়োজন। নিকানীদের বাল্যে ও কৈশোরে যদি পৃষ্টিকর খালের অভাব ঘটে তাহলে দেহ স্থগঠিত হবে না, তারা চিবক্লয় হবে, জীবন হবে তাদের কাছে একটা বোঝা, সমাজও তাদের গলগ্রহ মনে করবে।

আমাদের দেশেব ছেলেমেয়েরা সাধারণতঃ ১০টার মধ্যে স্থলেব দিকে বওনা হয়। স্থলে ৪টা থেকে ৪৩০টায় বাড়ী ফেরে। স্থলে তারা কিছুটা ছুটোছুটি

বিজ্ঞানমের পরিশ্রমে শরীরের ক্ষয় সাধন হতে পুরণের জস্ত জলবোগের প্রয়োজন করে, খেলা করে ফলে তাদের পরিশ্রম হয়, দেহের কর সাধিত হয়। সকাল ১০টার মধ্যে যারা থেয়ে আদে ১টার মধ্যে তাদের থিদে পায়। দেহের পুষ্টি ও তাপ রক্ষার প্রয়োজনেই তথন তাদের জন্ম কিছু থাবার ব্যবস্থা করা প্রয়োজন। স্কুলের সময় তালিকায় এজন্ম বিরতির

ব্যবস্থা আছে। বিরতির ঘণ্টাকে বলা হয় টিফি ন পিরিয়ড (Tiffin Period) বা জল থাবারের ঘণ্টা। ধরে নেওয়া হয় ধ্যে, ছাত্রেরা এ সময়ে কিছু থাবে। কোন কোন শহরাঞ্লের ছেলে হয়তো বাড়ী থেকে থাবার নিয়ে আসে। গ্রামের খবর যারা রাথেন তাঁরা জানেন বছরে একটা সময়ে বেশ কিছু ছেলেমেয়ে কিছু না থেয়েই স্কুলে আদে। তাদের পকে।টিফিন্ নিয়ে আসা বা কিছু কিনে থাবার

জন্ম পয়সা নিয়ে আসা কল্পনার বাইবে  $\vee$  অথচ ৪টা বা জনেক ছেলেমেরেই কিছু না থেরে বিভালরে জাদে অন্যস্ত ক্ষতিকর। দেহের ক্ষয় পৃথণের ব্যবস্থা না হলে স্বাভাবিক ভাবেই অপুষ্টি দেখা দিবে।ইংগণ্ড ওআমেরিকার

ছাত্রদের জন্য Mid-day meal এব বাবস্থা আছে। সে অগন্তব চিস্তা করে আমাদের লাভ নেই। জাতির ভবিশ্বতের কথা চিস্তা করে আমাদের লাভ নেই। (জাতিব ভবিশ্বতের কথা চিস্তা করে ব্যাপক স্বাস্থাহীনভার হাত থেকে ছাত্র সমাজকে রক্ষা করতে হলে বিদ্যালয়ে টিফিনের সময় কিছু খাবার ব্যবস্থা

করা দরকার। ভাতেরা নিজেরা কিছু কিনে খাবে এ ভরসা
জল্যোগের ব্যবস্থা করা
থাকলে চল্বে না। ছাত্রদের কর্মক্ষমতা বজায় রাখতে
তাদের দেহ-মন পড়ার উপযোগী বাখতে, ছাত্রেরা স্ক্লে

থাকাকালীন কিছু থাবাব যাতে পায় সে চিস্তা স্থল্ কর্তৃপক্ষকে কবতে হবে। প্রগ**িশীল দেশ-সমূহে স্থল্ কর্তৃপক্ষ ছাত্রদের থাবারের ব্যবস্থা তাদের অগুতম** কর্তব্য বলে মনে করে। শিক্ষা শুধু পড়ান নয় দৈছিক স্বাস্থ্যরক্ষার ব্যবস্থাও শিক্ষার একটি অঞ্চ।

বিদ্যালয়েব বহু ছেলেমেয়ে ৩।৪ মাইল দূর খেকে আসে। তাদের মধ্যে আধিবাংশ গবীব বাড়ার ছেলেমেয়ে। আমাদের দেশে শতকরা ৯০ জন লোকই গবীব। ঠিকমত না থেয়ে ৩।৪ মাইল হেঁটে এসে দেশে নার্থ বিদ্যালয়ের বাঙ ঘল্টা মনোধোগ দিয়ে শিক্ষা গ্রহণ করা করেবাগ ব্যবহা ও কিলালয়ে এ।৬ ঘল্টা মনোধোগ দিয়ে শিক্ষা গ্রহণ করা মর্মুলে বসে সব কিছুর কঠবোধ বরে দিছে। দেশের ভবিশ্বৎ নাগরিকদের স্বাস্থ্য ও শিক্ষাব ব্যবহাও তার থেকে রেহায় পায় নি। তাছাভা চঞ্চলমতি ছেলেমেয়েবা বিজ্ঞালয়ে এসে দেশিড় বাঁপ করে। তাতে ভাদের শারীর ক্ষয় হয়। তা পূর্ণের জন্ত থাওয়া প্রয়োজন। তাই বিদ্যালয়ে জন্তথাগের ব্যবহা রাখা উচিত।

আমাদের দেশের বিদ্যালয়গুলিতে অনেক ধনী ও উচ্চমধ্যবিত্ত বাড়ীর ছেলে-মেরেরা পড়ে। বিদ্যালয়ে জলযোগের ব্যবস্থা না থাকলে তারা টিফিন্ সঙ্গে আনে অথবা বাড়ী থেকে পয়সা নিযে এসে খাবার কিনে খায়। ছাত্রদের মধ্যে বৈষম্য কিন্তু গরীব বাড়ীর ছেলেমেরেরা সে সুযোগ থেকে বঞ্চিত। ফলে একটি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বৈষম্যের স্পষ্ট হয় এবং অনেক ক্ষেত্রে অনেকের মধ্যে মানসিক জটিলভার স্থিট হয়ে মানসিক ব্যাধি দেখা দেয়। ভা রোধ করবার জত্যে বিদ্যালয়ে জলযোগের ব্যবস্থা করা প্রয়োজন।

ি বিভালয়ে জ্বন্যোগের ব্যবস্থা থাকলে বিভালয় একটি পরিবারে পরিপ্রত বন্ত্তপূর্ণ মনোভাব হয়। খাওয়ার সময়ের আনন্দ, সহবোগিতা ও বন্তুত্তের স্বান্ত পরিবেশ শিক্ষা ও সমাজ্জীবনের পক্ষে খুবই প্রয়োজনীয়। জ্ঞান অর্জন বিভালয়ে জ্বলযোগের ব্যবস্থা প্রবৃত্তিত থাকলে তার মধ্য দিয়েই শিক্ষার্থীরা স্বাস্থাতত্ত্বের জ্ঞান অর্জন করতে পারে।

#### খাত নিৰ্বাচন ( Selection of Food ):

ছাত্রদের জলথাবারের ব্যবস্থার সময় প্রথমেই দেখতে হবে, যে খাবার ছাত্রদের দেওয়া হবে তা যেন পৃষ্টিকর হয়। পর্যাপ্ত পরিমাণে খাবার দিলেও হয়ত দেখা যাবে ছাত্রদের মধ্যে পৃষ্টির অভাব জনাচছে। পৃষ্টিকর ও বৈচিত্রা- প্রথম প্রতিট্র হলেই হবে না—পৃষ্টিকর খাছ্য বেছে নিতে হবে। স্থান্ত প্রচুর হলেই হবে না—পৃষ্টিকর খাছ্য বেছে নিতে হবে। স্থান্ত প্রত্রের টিফিনে পেট ভরে খাবাব ব্যবস্থা সম্ভব নয়। তাই পৃষ্টিকর খাবার তারা যাতে পায় দে চিন্তা করে খাত্তের ব্যবস্থা করতে হবে। খাছ্য পৃষ্টিকর হলেই চলবে না দেই সাথে বৈচিত্র্যের ব্যবস্থা করতে হবে। একই রকম খাছ্য যত পৃষ্টিকরই হোক না কেন ছাত্রদেব রুচির সাথে সঙ্গতি প্রথম পৃষ্টিকর থাছেব ব্যবস্থা করা সম্ভব হতে পারে। খাছের পৃষ্টির সঙ্গে সঙ্গের সমন্ত্রির দিকটিও দেখতে হবে। থাছ্য যেন থেতে ভাল লাগে, থেয়ে শিক্ষার্থীরা যেন তৃপ্তি পায়। ,আঞ্চলিক অবস্থা ও অর্থ এ-চ্রের সমন্ব্রের চিন্তাবনা ও পরিকল্পনা করে খাছ্য নির্বাচন করা উচিত।

#### আৰ্থিক দায়িত্ব ( Financial Responsibility ):

স্থুলে টিফি:নব সাথে যে প্রশ্নটি ঘনিষ্টভাবে জডিত তা হচ্ছে টিফিনের ব্যয় তার বহন করবে কে? আমাদের দেশের স্থুল্গুলির পক্ষে এই ব্যয় ভার বহন করা সম্ভব নয়। তাই অন্তত্ত্ব অর্থেব দন্ধান করতে হবে। তারপর অভিভাবকদের উপর এই ব্যয় ভার চাপান যায় কি না সে কথা ভাবতে হয়। আমাদের দেশের অধিকাংশ লোক অতি কষ্টে ছেলেমেফেদের শিক্ষাব ব্যংভার বহন করে। পল্লী অঞ্চলে স্থুলের মাইনে কম তবু দেখা যাবে মাদের পর মাস ছাত্রেরা স্থুলের মাইনে দিতে পারছে না। তার উপর যদি টিফিনেব থরচ বাবদ অভিরিক্ত বোঝা তাদের ঘাড়ে চালিয়ে দেওয়া হয় তাহলে তাঁরা আর ছেলেমেফেদের স্কুলে পাঠাতে পারবে না। স্বদিক বিবেচনা করে এই ব্যয় ভার বহন করবার দায়িত্ব সরকারের গ্রহণ করা উচিত। বর্তমান স্কুল্ থেকে অর্থেক ব্যয়ভার বহন করতে রাজী হলে বাকী অর্থেক সরকার থেকে দেওয়া হয়। কিন্তু বর্তমানে অর্থেক খরচ দেবার মত শক্তি অধিকাংশ স্কুলের নেই। যে নীতি সরকার অফ্সরণ করছে এভাবে চললে অধিকাংশ স্কুলের কোনিনই টিফিনের ব্যবস্থা প্রবর্তিত হবে না। দীর্ঘ সময়ব্যাপী কিছু না থেয়ে ছাত্রেরা দিনের পর দিন স্থলে থাকলে

ছাত্রদের মধ্যে যে অপৃষ্টি ও স্বাস্থাহীনতা দেখা দেবে দেটা জাতীয় ক্ষতি। এই ক্ষতি রোধ করতে হলে সরকারকে নীরব দর্শকের ভূমিকা ত্যাগ করে একটা কার্যকরী ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমাদের দেশের সক্ষরী দাহিত্ব শহরাঞ্চলের অভিভাবকদের আর্থিক অবস্থা পল্লী অঞ্চলের থেকে কিছু ভাগ। স্থল্ টিফিনেব ব্যযভার থেকে গ্রামেব স্থলগুলিকে সম্পূর্ণ রেহাই দেওয়া উচিত। শহরের স্কুলেও গবীব ছাত্রদের জন্ত ফ্রিটিফিন্ দিতে হবে।

ছুটির দিন ও শনিবাব বাদ দিলে আমাদের দেশের স্কুলগুলিতে ১৬৫ (৫২ রবিবাব + ৫২ শনিবার + ৯৬ অন্তান্ত ছুটি = ২০০ দিন) দিনের বেশী টিফিনের ব্যবস্থার প্রয়োজন হয় না। যদি দৈনিক প্রতি টাকা আদৰে কেংখা ছাত্রের জন্ম কুডি পয়দাব মধ্যে টিফিনের ব্যবস্থা করা থেকে ? যায় তাহলে বছরে মাথাপিছু তেত্রিশ টাকার প্রয়োজন। মানে প্রভ্যেকটি ছাত্রের জন্ত দেও টাকা যদি সরকার থেকে দেয় তাহলে বাকী অর্থ অভিভাবকদের কাছ থেকে নেওয়া যেতে পারে। শহরের শিক্ষিত অভিভাবকেবা ছাত্রদের স্বাস্থ্যের কথা চিস্তা করে এই অভিবিক্ত ব্যয় বহন কবতে বাজী হবেন বলে আশা করা যায়। কিন্তু গ্রামের স্কুলের ছেলেদের জন্ত টিফিনের দাযিত্ব পুরোপুরি দবকাবকে গ্রহণ করতে হবে। শিক্ষাবিভাগ ছাডাও সমাজ কল্যাণ বিভাগেরও এ সম্পর্কে একটা দায়িত্ব বয়েছে। সমাজ কল্যাণ বিভাগ যদি আংশিক বায়ভাব বহন কবে তাহসে সমস্তার সমাধান সহজ্জতর হয়। শিক্ষার্থীরা নিজেবা জনযোগ প্রস্তুত ও বিতংশ করে কিছু অর্থের সাঞ্রয় করতে পাবে।

#### খাদ্য-ভালিকা ( Menu ) :--

কুল্ টিফিনে কি খাবার দেওয়া হবে এ সম্পর্কে একটা পূর্ণ নিদিট খাছা ভালিকা করে দেওয়া সম্ভব নয়। আর্থিক সামর্থ্যে কুলালে ছধ, ডিম. ফল, মাংসের স্থাওউইচ, রুটি মাংস প্রভৃতির একটা খাছা-ভালিকা করে দেওয়া কঠিন কাজ নয় কিন্তু গরীব দেশের ছাত্রদের করে খরচে যাতে পৃষ্টিকর ও বৈচিত্রপূর্ণ খাছা দেওয়া যায় সে ব্যবস্থা করতে হবে। স্থানীয় অবস্থা বিচার করে ঋতুভেদে খাছা তালিকা বিভিন্ন প্রকার হবে। ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধির যুগে একটা নির্দিষ্ট খবচের মধ্যে কিছু ব্যবস্থা করা কষ্টসাধ্য। স্থানীয় বাজারে কি পাওয়া যায় ও দর সীমার মধ্যে কি না, তা বিচার করে খুল্ কর্তৃপক্ষ দৈনিক টিফিনের ব্যবস্থা করবেন। গাধারণভাবে করের ছিলনস স্বত্ত অল্ল খবচে ব্যবহার করা যায়। চিংছ ভালা ও নারকেল,

আটার ক্ষটি, আলুর তরকারী, অঙ্ক্রিত ছোলা বা চিনে বাদামের সাথে মৃড়ি.
সময় উপযোগী ফল, বিশেষ কবে কলা ও কমলা, নিয়মিত ত্থ দিতে পারলে
ভাল হ'য়। তা যথন সম্ভব নয় তথন মাঝে মাঝে ত্থ ও ডিমের ব্যবস্থা করা
যেতে পারে। পাশ্চাত্য দেশে চার ধরনের খাতা গ্রংশ করে,—(১) Bread
(2) Butter. (3) Fruits (4) Drinks আমাদের দেশেও পৃষ্টিকব উপদান,
রসনাতৃত্তি, বৈচিত্রা ইত্যাদি মেনে নিয়েও উল্লিখিত চারটি শ্রেণীর খাতের
সংমিশ্রণে বিদ্যালয়ে জল যোগের ব্যবস্থা করা যায় কি না তা ভেবে দেখা উচিত

## পরিকার-পরিচ্ছয়তা Cleanliness):-

টিকিনেব ব্যাপাবে হথাসম্ভব বাজারেব খাবাব বাদ দিখে চলতে হবে।
বর্তমান স্কোলেব যুগে ছাত্রদের থাটি পুটিব থাবাব দিছে হলে মুলেই
শিক্ষকদের তত্ত্বানে টিফিন্ প্রস্তু করা হবে। টিফিন্
খাছা হলত
তৈবীতে পরিজাল-পরিচ্ছেলতার দিকে সব সময় লক্ষ্য বাখতে
হবে। টিফিন্ হৈরীর জন্ম বিভিন্ন লোক থাকবে। প্রতিদিন একজন শিক্ষকের
উপর ভার থাকবে তিনি দলাবক করবেন। স্থলেব স্থান্থ্য পরিদর্শক থাকলৈ
তিনি লক্ষ্য রাগবেন যাতে স্বাস্থ্যসম্মত থাল ছাত্রদের দেওয়া হয়। খাবার
তৈরী হলে সেগুলি ধ্লো, মাছি প্রভৃতির থেকে রক্ষার জন্ম আল্মারীতে আটক
রাখা হবে। যে খাবাবই, দেওলা হোক না কেন ভা যেন বিশুদ্ধ ও টাট্কা হয়।

## পরিবেশন ( Distribution ):-

টিফিন্ দেওয়া যাতে তশুদ্ধল হয় সেজক্ত শিক্ষকের। টিফিন্ দেবার সময় উপস্থিত থাকবেন। ছাত্রেবা সারিবদ্ধভাবে দাঁড়াবে, প্রতি ক্লানের ছুওএইটি বড় ছাত্রের সাংখ্যে থাবার ভাগ করে দেওয়া হবে। পাতা পারবেশ নতর্কতা কি অক্সান্ত আবর্জন। যেবানে সেথানে ফেলতে দেওয়া হবে না। একটি নিদিষ্ট ভায়গায় পাতা বা বাবার ঠোজা ফেলা হবে সেথান থেকে ঝাড্লার সেত্লি পরিষ্কাব করবে। থাভয়ার আগে শিক্ষাথীরা হাত মুথ ভাল করে ধুয়েনেবে, Paper plate- এ থাবার দেওয়া যেতে পাবে, তবে ভাতে থরচবেশী। পানীয় জল সম্বন্ধ স্তর্ক থাকতে হবে।

#### উপসংহার (Conclusion):-

আমাদের মত গবীব দেশে বিদ্যালয়গুলিতে কুল্যোগের ব্যবস্থা করা একাস্ক প্রয়োজন। কিন্তু আমাদের দেশেই এর প্রচলন থুব কম। খুব কম বিদ্যালয়েই এ ধরনের ব্যবস্থা আছে। এ ব্যাপারে সরকার, ছাত্র, শিক্ষক, অভিভাবক ও বিদ্যালয় পবিচালক সমিতির দৃষ্টিভঙ্গীর অভাব আছে। সকলে এই সমস্থা ব্বতে চান না। ফলে ছোট ছোট ছেলেমেয়েরা চরমভাবে ক্তিগ্রস্ত হয়। তাদের শিক্ষা ক্তিগ্রস্ত হয়, ভবিয়ৎ জীবন ক্তিগ্রস্ত হয়। দেশীয় ও ওাত্তর্ভাতিক

## 11 Remarks of the Mudaliar Commission 11

ছেলেমেয়েদের স্বাস্থ্য কোর প্রয়োজনীয়তা ও স্থুলে ডাক্তারী পরীক্ষার শুরুত্ব সম্পর্কে বিশেষ দৃষ্টি দিতে বলেছেন। কমিশন্ স্থপারিশ ববেছেন ছেলেমেয়েদের স্বাস্থ্য স্বাভাবিক আছে কি না, দৈহিক পৃষ্টি ঠিকমত হচ্ছে কি না দেখবার জন্ম প্রত্যেক ছেলেমেয়েব ডাক্টাবী পরীক্ষা বরতে হবে। কমিশনের অভিমত হচ্ছে, — যদিও স্থলে ডাক্টারী পরীক্ষার একটা ব্যবস্থা আছে, তবে দে ব্যবস্থা নামে মাত্র চালু আছে, দেখানে সন্তোষজনক কান্ধ হচ্ছে না। কোন কোন স্কুলে নামে মাত্র ব্যবস্থাও নেই। স্কুলেব কমিটিতে একজন ডাক্টার রাখার ব্যবস্থা আছে। তিনি কমিটির সভায় উপস্থিত থাকা ছাড়া ছেলেমেয়েদের স্বাস্থ্য সম্পর্কে থোঁজ করার বোন সময় পান না। মুদালিয়র কমিশন্ বর্তমান স্বাস্থ্য পরীক্ষা ব্যবস্থার ক্রটি ও স্কুলের ডাক্টারী পরীক্ষা ব্যবস্থার উন্নতির জন্ম হে স্থপারিশ করেছেন এখানে ভার উল্লেখ ক্রা অপ্রাদ্ধিক হবে না।

It is necessary.... to subject all students to a medical examination, to ascertain whether they are normal in health and standards of physical development. Although the system of school medical inspection has been in existence for a number of years in many states. We are of opinion the results have not been satisfactory for the following reasons—

- (i) The medical inspection has been done in a perfunctory manner.
- (ii) The defects that have been brought out even by this type of examination have not been remedied because the remedial measures suggested are often not carried out.

- (iii) There is no follow up not even in the case of those who have been declared as defective
- 'iv) Effective co-operation has not been established between the school authorities and the parents, and either through ignorance or through lack of financial resources or both, the parents have taken little interest in the reports of the school medical officer.

We feel therefore that unless the present system is improved considerably, it would be a mere waste of time and money to continue it. To bring about necessary improvements we recommend that—

- (i) Health examination should be thorough and complete.

  If a choice is to be made between frequent and cursory examinations and more thorough examinations at longer
  - intervals, the latter are greatly to be prefered. Every pupil in the school should undergo at least one examination every year while in school and one just prior to leaving the school.
- (ii) Pupils with serious defects and those who suffer from severe illness should be examined more frequently.
- (iii) Much more should be done to assure prompt and effective or follow-up whenever examination reveals the need for corrective or remedial measures.
- (iv) One copy of the health report should be kept by the school medical officer, another copy should go to the parent, and a third copy to the teacher incharge of particular group .....the health and safety entire school and activities for promoting and safeguarding health will find a place throughout the school programme.

#### ॥ অনুসরণ ব্যবস্থা।

#### || Follow-up Service ||

ধে কোন পরিকল্পনা বাস্তবে রূপ দিতে যে কর্মপ্রচেষ্টা শুরু হয় তার মধ্যে থাকে একটা ধারাবাহিকতা। ধীরে ধীরে একটির পর একটি স্তর অভিক্রম করে পূর্ব নির্ধারিত কার্যস্থাকৈ সফগতার দিকে নিয়ে যেতে হলে একটা ধারাবাহিক কর্মশ্রোত অক্ষুণ্ণ রাথতে হবে। মাঝে মাঝে কোন ব্যবস্থা নেওয়।

হ'ল এভাবে কোন কাজই স্থাসপায় হয় না। একটি কাজের স্তরকে ক্সম্পর্ণ (Follow) করবে। একটি স্তারের সাফ:্যজনক পরিসমাপ্তির মধ্যেই পরবর্তী কাজের সাফল্যেব সম্ভাবনা নিহিত আছে। সাধারণ যে কোন কাজের মত সাস্থানিকা ও স্বাস্থ্যরক্ষার কার্যসূচী রূপায়ণেব ক্ষেত্রেও এই সভাটি প্রযোধ্য।

শাস্থ্যরক্ষাব কর্মস্টাকে সফল ভাবে রূপায়িত করতে হলে
Follow-up service
সমস্ত কাজের মধ্যে ধারাবাহিকতা বজায় রেথে কাজের
সহজ কথার কাজের
একটি ধাপ পরবর্তী ধাপকে অতুসর্গ করবে। একটি
বিভালয়ের ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষার জন্ম একটি কর্মস্টা গ্রহণ

করা হ'ল। ছাত্রদের স্বাস্থ্যরক্ষা ও পরিষার পরিচ্ছন্নতা সম্বন্ধে অনেক উপদেশ দেওয়া হ'ল। ভাত্রদের কি করতে হবে, কি করা তাদের অনুচিত সে দম্প:ক নির্দেশ দিয়ে কাজ শুরু করা হ'ল , এখানেই যদি মনে করা হয় আমাদের কাজ শেষ হয়েছে তাহলে বিশেষ কিছু ফুল হবে না। আমাদেব দেখতে হবে ছাত্ৰরা সে নির্দেশ মেনে চলছে কি না। হয়ত দেখা যাবে কিছু ছেলে নির্দেশ মত চলছে না, তখন কারণ খুঁজতে হবে কোথায় অস্থবিধা জানতে হবে। সেই সুস্থবিধা দুর করার ব্যবস্থা করতে হবে। প্রয়োজন মত নির্দেশের অদল বদল করতে হবে। তথু বড় বড় নির্দেশ দিয়ে কোন কাজ হবে না। কাজটি যতকণ শেষ না হবে ছেলেরা যতক্ষণ পর্যস্ত কাজটিকে পুরোপুরি মেনে না চলবে ততক্ষণ তার পিছনে লেগে থাকতে হবে। কোন একটি কাজ শুরু করে তা পুরোপুরি সফল না হওয়া পর্যন্ত কাজটির পিছনে লেগে থাকাকেই বলা যায় Follow-up service। যে কোন Project নিয়ে যারা কাজ করেছেন তারাই জানেন Project-এর সাফল্যের Follow-up work-এব গুরুত্ব ক্তথানি। বিদান্যে অনেক ভাল ভাল কর্মপ্রচেষ্টা নষ্ট হয়ে যাবে যদি Follow-up service-এর ব্যবস্থা না থাকে, অনেক সময় দেখা যার আমরা খুব উৎদাহ নিয়ে একটা কাজ শুরু করলাম কিন্তু কিছুদিন বাদে সেই উৎসাহ ঝিমিয়ে এল। কাজটির পিছনে লেগে থাকাব যে উৎসাহ তার অভাবে পুরো কাজটি নষ্ট হয়ে গেল। তাই বিদ্যানবের ছাত্রদের নিয়ে কি ছাত্রদের জন্ম স্বাস্থ্যশিক্ষা ও স্বাস্থ্যবক্ষার যে কোন কার্যসূচীর সফল রূপায়ণের জন্ম কাজটিব পিছনে লেগে থাকতে হবে। Follow-up service এইজন্ম এত গুৰুত্বপূৰ্ণ।

# (৩) বিদ্যালয়ে স্বাস্থ্য ব্যবস্থা [School Sanitation]

বিদ্যালয় সমাজের একটি ক্ষুদ্র সংস্করণ। বস্ত জায়গা থেকে বস্ত শিক্ষার্থী লয়ে একটি ছোট্ট সমাজজীবন গড়ে ভূলে। জীবনের অধিকাংশ শিক্ষা এই বিদ্যালয় থেকে শুরু হয়। স্বাস্থ্য-সংক্রান্ত বিভিন্ন শিক্ষাও শিক্ষার্থীর এখান থেকেট শিক্ষা লাভ করবে। ভাল স্বাস্থ্য ছাড়া যথায়থ শিক্ষা সম্ভব নর। বিভালয় তাই স্বাস্থ্য রক্ষার বিষয়গুলি শিক্ষা দিবে। কিন্তু সঙ্গে বিদ্যালয়

বিদ্যালয়ে স্বাস্থ্যসম্ম চ আদর্শ পবিবেশ গডে তুলতে হনে, তাব নিজস্ব এলাকা ও গণ্ডীব মধ্যে স্বাস্থ্য সন্মত একটি স্থন্দর আদর্শপরিবেশ সৃষ্টি করবে। বিদ্যালয়ের এই স্বাস্থ্যসন্মত আদর্শ পরিবেশ থেকে শিক্ষার্থীরা স্বাস্থ্য রক্ষাব বছ বিষয় সম্বন্ধে অভিজ্ঞতা অর্জন করবে। বিদ্যালয়ে স্বাস্থ্যসন্মত পরিবেশ

গড়ে তুলতে শিক্ষাণীদের একটা মস্ত বড় ভূমিকা আছে ; এবং দে কাঙ্গে তাদের ব্যবহার করতে হবে। এব মধ্য দিয়েই স্বাস্থ্য সম্বন্ধে একটা সচেতনতা গড়ে উঠবে।

# ॥ পরিচ্ছন্ন পরিবেশ ॥

#### II Clean Environment II

বিভালয়ের ছাত্রদেব স্বাস্থ্য রক্ষার জন্ম প্রথম প্রয়োজন বিদ্যালয়ে একটি স্বাস্থ্যকব পরিবেশ সৃষ্টি কবা। বাইরের পরিবেশ যদি পবিদ্ধাব পরিচছর হয়

দেহ ও মনের উপব পরিবেশের প্রভাব অসীম তাহলে দেখানে যারা থাকবে তারাও পরিছার পরিছের থাকতে চেষ্টা করবে। নোংরা পরিবেশে বাস করলে দেহ ও মন তৃই নোংবা হয়। শিশুর মধ্যে পরিছার পরিছেরতার বাধ জাগাতে হলে তাকে ছেলে বেলা থেকে পরিছার

পবিজ্ঞ্ন পবিবেশে রাখতে হবে। স্বাস্থ্য রক্ষাব নিয়মগুলিতে যাতে অভ্যন্ত হয় সে চেষ্টা করতে হবে। স্কুলে স্বাস্থ্য শিক্ষার ব্যবস্থা আছে কিন্তু স্বাস্থ্যরক্ষার বিধি বই পড়ে মুখস্থ করলেই কাবও স্বাস্থ্য বক্ষা হবে না। শিশু নিয়মগুলি পালন করছে কি না দেখতে হবে। সেই সাথে দেখতে হবে স্থুলের পরিবেশটি যাতে স্বাস্থ্যসম্মত হয়। বিদ্যালয়েব সামনে বা চাবপাশের ঝোপ জকল আগাছা, আবর্জনাম্পুপ, দ্বিত পুকুর ইত্যাদি যেন না থাকে সেদিকে লক্ষ্য বাথতে হবে।

# ॥ স্বাস্থ্যসন্মত বিত্তালয় গৃহ॥

## 11 Healthful School Buildings 11

স্থলের মধ্যে যদি আলোবাতাদের ব্যবস্থা না থাকে, স্তাঁণুংসেতে অন্ধবার ঘ্রে
তাদের বসতে দেওয়া হয়, স্থুন যদি নোংরা বস্তি এলাকায় হয়, ছেলেমেয়েদের
ভ্যা খেলাধূলার ব্যবস্থা না থাকে এবং যদি উপযুক্ত পরিবেশে
বিভালযের বিভিন্ন কন্দ্র তাদের স্বাস্থ্য রক্ষাব নিয়মপালনে অভ্যাস না করান হয়,
বারান্দা প্রস্তানক
তাহলে শুর্ম মান্তা বই পড়লে কি লাভ হবে ? বিভালয়
পরিচ্ছার পরিচ্ছন্ন রাথা ও প্রত্যেকটি ছেন্থেমেয়ে যাতে
পরিচ্ছার পরিচ্ছন্ন থাকে প্রধান শিক্ষক ও অন্তান্ত নিক্ষকগন এদিকে লক্ষ্য
রাখবেন। তেলের ঘর, দরজা, জানালা মেজে যদি সর্বদা পরিচ্ছার ও আবর্জনা

শৃক্ত থাকে, টেবিল, বেঞ্চ, চেয়ার, প্রভৃতিতে কোথাও ধূলা জমতে দেওয়া না হয়, তাহলে সেই পরিচ্ছেল পরিবেশে বাস করে ছেলেমেয়েরাও ব্ঝবে তাদের পরিচ্ছের থাকা কর্তব্য। অপরিদ্ধার অপরিচ্ছন্ন থাকা লজ্জার বিষয়। পরিচ্ছন্ন বিভালয়ে পরিবেশে ছেলেমেয়েরা পরিষ্কার পরিচ্ছন্ন থাকলে বিদ্যালয়ে স্বাস্থ্য রক্ষার কাজ অত্যস্ত সহজ হয়ে যাবে।

ছেলেমেয়েদের দৈহিক মানদিক স্বাস্থ্য রক্ষার জন্ম স্থূন পরিবেশকে পরিচছ্ম রাথতে হলে স্বাস্থ্যকর পরিবেশে আলো হাওয়া যুক্ত থোলা জায়গায় বিদ্যালয়

বিজ্ঞালয়েব কক্ষপ্তলিতে প্রচুর জ্ঞালোবাভাস বাতায়াত করবে

গৃহ প্রতিষ্ঠা করতে হবে। বিদ্যালয়ের প্রতিটি কক্ষে যাতে প্রচুব আলো বাতাস প্রবেশ করতে পারে দেজন্য বড় বড় দরজা জানালা থাকবে। ঘরগুলি যাতে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে সেজন্য রোজ ভাল করে সাফ করতে হবে।

কোথায়ও কোনরপ ময়লা বা আবজ্বনা জমতে দেওবা হবে না। দেয়ালে পেজিল দিয়ে কিছু দেখা বা কালির দাগ দিয়ে যাতে নোংরা না করে তা দেখতে হবে। প্রত্যেক বছব বিভালয়ের ঘরগুলি চুনকাম কবা দরকার। বিদ্যালয় পরিবেশে প্রচুর আলো-বাতাস থাকবে। লোকালয়ের অনতিদ্বে একটি থোলা জায়গায় বিদ্যালয়ের জন্ম স্থান নির্বাচন করতে পারলে ভাল হয়।

## ॥ স্বাস্থ্য সন্মত কয়েকটি অভ্যাপ॥

#### || Some Healthful Habits ||

ছেলেমেয়েরা যেথানে সেথানে ছেঁডা কাগজ, থাবারেব ঠোলা এসব ফেলবে না; এজন্য নির্দিষ্ট জায়গায় বাজে কাগজ ফেলবাব ঝুড়ি থাকবে। এই কাগজ

ছেঁতা কাগজ থুথু ইত্যাদি অংশ্জিনা ও নোংরা একটা নির্দিষ্ট স্থানে ফেলবার অভ্যাদ গঠন করতে হবে গুলিকে পরে দ্ববতী কোন ফাকা জায়গায় পুডিয়ে ফেনতে হবে। যেখানে সেখানে থুথ্ ফেলা আর একটি বদ্ অভ্যাস। এই অভ্যাসটি যাতে ছেলেমেয়েরা ত্যাগ কবে সে বিষয়ে চেষ্টা করতে হবে। স্থলের কয়েকটি নিদিষ্ট জায়গায় থুথু ফেলবার পাত্র বাথা হবে; ছেলেমেয়েরা সেখানে থুথু ফেলবে। স্থলে উপযুক্ত সংখ্যক পায়থানা ও প্রস্রাবাগার থাকবে। প্রতিদিন

ঐশুলি পরিষ্কার করা হবে। অনেক সময় কোন কোন ছেলেমেয়েদের মধ্যে বদ্
অভ্যাস দেখা যায়। তারা পায়খানা ও প্রস্রাবখানার দেওয়ালে নোংরা কথা
লিখে রাখে। এটা কিশোরদের অবদমিত যৌন চেতনার বিকৃত প্রকাশ। এ
সম্পর্কে খোলাখুলিভাবে ফ্লুলে জমায়েত করে বলা যেতে পারে "এ অভ্যাসটি
খারাপ; বাইরের লোকেরা কেউ এলে তৃ'একটি ছাত্রের জন্ম সমস্ত স্ক্লের সম্পর্কে
তাঁরাএকটা খারাপ ধারণা নিয়ে ফেলবেন। আশা করি শিক্ষার্থীরা নিজেরাই-এর
প্রতিবিধান করবে।" এ কথায় স্কল ফলবে বলে বিশাদ করা যায়।

# া বিজাপয়ে জ্বের ব্যবস্থা।

## || School water Supply ||

विकार्णीत्तत भानीय कल्मत वावचा याट निर्माय दश तमितक वित्वय मृष्टि রাথা দরকার। পল্লা অঞ্চলে স্কুলে একটি কৃষা বা ন্লকুপ থাকা উচিত। জল রাখার পাত্র রোজ পরিষ্কার করা হবে ও ঢাকা রাখার পানীয় জল ব্যবস্থা থাকবে। ড্রামে জল রাখার ব্যবস্থা হলে অনেক সময় ছাত্রেরা তার মধ্যে হাত ডুবিয়ে জল নেয বা গ্ল'স ভাল করে না ধুয়ে **फुविरय (हर, -- এ অভ্যাণটি थाরাপ। श्লारम जल थावात वावश ना थाका**हे সমস্তা স্থূংলর ছাত্রদেব জলু থাবাব জন্ত হুটি মাত্র গ্লাস থাকবে আর मवाहे এमে मूथ नाशिषा जन थावि । প্रायहे प्रथा यावि वावहारत्र जाश क्षाम्रि ভাল করে ধুয়ে নিচ্ছে না বাগ্লাদটি কয়দিন মাজা হয় নি। এর চেয়ে ট্যাপ (Tap) লাগান জনেব পাত্র থাকাই ভাল। ছাত্রেরা হাত ধুয়ে হাত পেতে সেথান থেকে জ্র থেতে পারবে। পানীয় জলের মাধ্যমে যাতে রোগ বিস্তার কবতে না পাবে দেদিকে দেখতে হবে। আমাদের মত গ্রীমপ্রধান দেশে পানীয় জলের বড় অভাব। তাই বিদ্যালয়কে এ বাাপাবে সতর্ক থাকতে হবে।

পানীয় জল ছাড়াও বিভালয়ে আরও জল লাগে। হাত মুথ ধোওয়া, স্থান করা, পায়থানা ইত্যাদিব জন্তও জল প্রয়েভেন। স্থান করার জন্ত একটি সংকক্ষিত পুকুরে Swiming pool থাকতে পারে। অস্থান্য কাঙ্গের জন্ত নতুব। একটি স্নানের ঘরের ব্যবস্থা থাকতে পারে। ইত্যাদি দিয়ে হাত মুখ ধোওয়া একটি স্বাস্থ্যকৰ অভ্যাস। তাব ব্যবস্থা বিদ্যালয়ে থাকা চাই। থাওয়ার আগে ও থেলাধূনার পর হাত-পা-মুথ ধোওয়া ও পরিষ্কাব কবতে হবে। পায়থানা ও প্রস্রাবধানার জন্মও ষ্থেষ্ট জল প্রয়োজন। বিভালয়ে এর স্বন্দোবন্ত থাকবে, ব্যবহাত জল যথাযথ নিকাশণের জন্য ডেন-এর ব্যবস্থা থাকবে।

# 🛚 টিফিন্ ॥

#### " Tiffia "

ছাত্রদের যদি স্থল থেকে টিফিন্ দেবার ব্যবস্থা থাকে তাহলে যেথানে খাবার তৈরী হবে সে ঘর পরিষ্কার পরিক্তন্ন থাকবে। মাছির স্বাস্থ্যসূত উপারে থাতা উপদ্রব যাতে না থাকে সে দিকে দৃষ্টি রাখা হবে। থাবার পরিবেশন তৈরী হয়ে গেলে ধূলে। ও মাছির হাত থেকে বক্ষা করার

ক্তন্ত থাবার ঢাকার ব্যবস্থা থাকবে বা থাবার রাখার আলমারী থাকবে'।

# " বসিবার ব্যবস্থা ॥

## || Seating Arrangement ||

ছাত্রদের বদাব বেঞ্চ ও সামনের ডেস্ক বা হাই বেঞ্চ এমনভাবে তৈরী 
হবে যাতে ছেলেমেয়েদেব বদে লিখতে অন্বিধা না হয়। বেঞ্চগুলি মজবুত হবে।

সামনের বেঞ্চের নীচে স্বতন্ত্র কাঠ লাগানো থাকবে যাতে
বদাব বাবস্থা

ভাত্রেবা পা রাখতে পারে। শিক্ষার্থীদের বদার বেঞ্চ ও
ডেস্কগুলি তাদের দেহের অনুপাত অনুসাবে শ্বাস্থ্য দম্মত
উপায়ে প্রস্তুত হবে। বেঞ্চগুলিতে ছাত্রেরা ছুবি দিয়ে ঘ্যে খোদাই কবে থাতে
নষ্ট না কবে দেদিকে দৃষ্টি রাখতে হবে। এই খাবাপ অভ্যাদটি সম্পর্কে তাদের
পূর্বেই সত্র্ক কবে দেওয়া হবে।

#### ॥ শোচাগার ॥

#### || Latrine and Lavatory ||

বিদ্যালয়ে মনমূত্র ত্যাগের জন্ম স্বাস্থ্য সম্মত যথায়থ ব্যবস্থা থাকবে। কিন্তু অধিকাংশ বিদ্যালয়গুলিতে শিক্ষার্থীদের মধ্যে যেথানে দেথানে মলমূত্র ত্যাগের অভ্যাস দেখা যায়। তা দূব কবতে হবে। শৌচাগাবে যথেষ্ট পরিমাণে জল থাকবে। মাঝে মাঝে ফিনাইল প্রভৃতি দিয়ে গাগের অভ্যাস বাস্থাল শোচাগার পরিষ্কার করতে হবে। শোচাগারের সঙ্গে সংশ্লিষ্ট স্থানাগার থাকতে পাবে। Co-educational school গুলিকে বা girls school গুলিতে মেয়েদের শোচাগাবে গরম জলের ব্যবস্থা রাথা উচিত।

# ॥ ব্যক্তিগত পরিচ্ছন্নতা ॥

#### || Personal cleanliness ||

সুল্ পরিবেশের পরিচ্ছন্নতার সাথে ছাত্রেবা পরিচ্ছাব পবিচ্ছন্ন কি না সেদিকে দৃষ্টি রাথতে হবে। স্কুলে স্বাস্থ্য সম্পর্কে যে শিক্ষা দেওথা হয় পবিছন্নতা তাব মধ্যে অক্সতম প্রধান। ছাত্রেবা যাতে পরিষ্কার বাত্তিগত পরিচ্ছন্নতাব কাপড জামা পরে স্কুলে আসে শিক্ষকগণ সে বিষয়ে একটু দৃষ্টি বাথলেই অবস্থার উন্নতি হতে পারে। ছাত্রেরা বোজ স্থান করে কি না, দাঁত মাজে কি না, নিয়মিত নথ কাটে কি না, নথের গোড়ায় মাটি জমে আছে কি না প্রভৃতি বিষয় শিক্ষক দেথবেন। ক্লাদে কয়েক দিন যদি একটু থোঁজে থবর করা যায় তাহলেই ছাত্রদের অভ্যানের পরিবর্তন হবে।

শুধু উপদেশে কোন কাজ হবে না, অভ্যাসগুলি ছেলেমেয়েদের আর্ত্ব করিয়ে দিতে হবে। মুখে নোংরা হাত দেওয়া, পেলিল মুখে দেওয়া, দাঁত দিয়ে নথ কাটা, যেখানে সেখানে থুথু ফেলা, মুখে হাত বা ক্লমাল চাপা না দিয়ে হাঁচি দেওয়া বা কাশতে থাকা প্রভৃতি খারাপ অভ্যাসগুলিব দোষ সম্পর্কে ছাত্রদের বলা হবে। যদি পব পর কয়েক দিন শিক্ষক এ সম্পর্কে বলেন তাহলে ছাত্রদের এ অভ্যাসগুলি পবিবর্তন হয়।

## (২) শরীর শিক্ষা (Physical Education)

আমাদেব দেহ একটি যদ্ভের মত। যন্ত্রকে চালু রাখতে হলে তেল, জল, কয়লা ইত্যাদি দরকাব। মাঝে মাঝে যন্ত্রকে বিশ্রাম দিতে হয়। পরিষ্কার করতে হয়। যন্ত্রটি চালু রাখতে দবকার অনেক মেহনতের, শ্ৰমের প্রয়োজনীরতা অনেক সতর্কতার। যন্ত্রকে অচল রাখলে ধীরে ধীরে যন্ত্রটি অকেন্ডো হয়ে যাবে। মান্ত্ৰের দেহ অনেকটা এইরকম। দেহ যন্ত্র চালু রাখতে হলে নিয়মিত খেতে ও পরিশ্রম করতে হবে। দেহের প্রয়োজনীয় উপাদান দেহ থান্ত থেকে আহরণ করবে। 😁 খু থেলেই হবে না, দেহের প্রতিটি অঙ্গকে চালু রাথতে হলে নিয়মিত পরিশ্রম করতে হাব। কোন একটি দিককে বসিয়ে রাখলে চলবে না। কোন একটি দিককে বেশী থাটিয়ে নিয়ে আর একটি দিককে বদিয়ে রাখলে তা দেহের পক্ষে ক্ষতিকর হয়ে দাঁড়াবে। যারা শুধু মন্তিক্ষের কাজ করেন তাঁরা যদি শারীরিক পবিশ্রমসাধ্য কোন কাজ না কবেন তাহলে দেহ অথর্ব হয়ে পডবে। এজন্য সামগ্রিকভাবে দেহের প্রতিটি অঙ্গের জন্ম স্বামঞ্জসপূর্ণ কাজেব ব্যবস্থা কবতে হবে। এজন্ম অবশ্য মনকে অবহেলা कद्रातः इनारत नः । हिष्ठात भवा मिरय माननिक-दृद्धि-मध्रहद विकाण घरेरत । কিন্তু মনে রাখতে হবে যে, স্থন্থ দেহই স্থন্থ মনের আধার। তাই দৈহিক পরিশ্রম করে স্বস্থ সবল দেহকে গড়ে তুলতেই হবে।

# ॥ শরীর শিক্ষা কি ?॥

### || What is Physical Education ||

রোগ-হর্বল মান্থ্যের জীবনে কোন আনন্দ নেই, নেই কর্মে উদ্দাপন। আর উৎসাহ। জীবনটা তার কাছে একটা বোঝা। জীবনকে আনন্দ মুথর করে তুলতে হলে দেহকে স্থন্থ রাখতে হবে। দেহকে সুস্থ রাখতে হলে দেহের সকল অঙ্গ-প্রত্যাক্ষের সমস্ত মাংদ-পেশীর মধ্যে একটি ছল ও সামঞ্চত আনার জ্বত প্রত্যন্থ নিয়মিত ভাবে যে আচরণ শিক্ষা ও অমুণীলন করতে হয় ভাই হ'ল শরীর শিক্ষা। আমাদের প্রতিদিনের কাজ কর্মের মধ্য দিয়ে প্রতিদিন যে অঙ্গ

দেহের স্থামঞ্জস্তপূর্ণ বিকাশের শিক্ষা ও অনুশীননী হ'ল শরীর শিক্ষা সঞ্চালন হয় তাতে দৈহি চ পরিশ্রম হয় কিন্তু তাতে দেহেব সমত অঙ্গের সুসঙ্গত পরিচালনা হয় না। যাতে প্রতিটি অঙ্গ ও মাংস-পেশীর স্থামঞ্জ্য-পূর্ণ গঠন হয়, সেজ্জু শরীর শিক্ষার প্রয়োজন। ক্লানের পড়া তৈরী করা বেমন প্রয়োজন শবীব শিক্ষারও ঠিক তেমনি প্রয়োজন। শিক্ষার্যনি

হয় দেহ ও মনেব সর্বাঙ্গীন ও স্থামঞ্জ্রপূর্ণ বিবাশ, তাহলে দেহের বিকাশের জন্ম প্রেরাজন শরীর শিক্ষাও। যে শিক্ষাও অনুশীলন শরীর ও দেহকে স্ত্ত ও স্বল্প রাখতে ও তার বিকাশ সাধন করতে সাহায্য কবে তাকেই বলে শরীর শিক্ষা। এ বিষয়ে মুদালিয়র কমিশন্ বলেছেন—"Its various activities should be so planned as to develop the physical and mental health of the students, cultivate recreational interests and skills and promote the spirit of team work, sportsmenship and respect for others... It includes all forms of physical activities un games which promote the development of the body and the mind.

# ॥ শরীর শিক্ষার সুবিধা॥

II Advantages of Physical Educations II

শরীর শিক্ষার স্থবিধা অনেক, সেগুলি হ'ল :---

॥১॥ শারীরিক উর্ন্তি (Physical Development):—শরীর শিক্ষার ফলে শিক্ষার্থীবা স্বাস্থ্যচো ও অনুশীলনের মাধ্যমে তাদের স্বাস্থ্যকে উন্নত কবতে পাবে। যাদের স্বাস্থ্য ভাল তারা তা রক্ষা করতে বা শরীরের উন্নতি কর্ম-আবও উন্নতি করতে পারে। যাদের শরীর ও স্বাস্থা ক্ষমতা উন্নত করে ভাল নয় শরীব শিক্ষার ফলে তার৷ সে অহুবিধা কাটিয়ে উঠতে পারে। শ্রীর চর্চার ফলে পেশী সমূহ শক্ত, ও স্থসামঞ্জপূর্ণ উপায়ে বিকশিত হয়। শরীরের অক্তান্ত অংশও যথাযথভাবে বিকশিত হয়। শরীর চর্চা ও অফুশীলনের যলে শরীরে স্ফুডাবে রক্ত সঞ্চালন সম্ভব হয়, ফলে হজম ভাল হয়। তথ্য শ্বীবের সামগ্রস্থূর্ণ বিকাশ সম্ভব হয়। শ্রীর চর্চার ফলে হৃৎপিশু ও ফুস্ফুস্ যথাযথভাবে কাজ করে। শরীর চর্চার ফলে শরীরের মধ্যেকার দূষিত পদার্থগুলি ঘাম ইত্যাদির আকারে বেরিয়ে এসে শরীরকে হুস্থ করে। শ্রীর চর্চা, পায়খানা, প্রস্রাব ইতাাদিকে সাহায্য করে; তাতে শ্রীর অনেক ধরনের অসুর্থ ও অহুবিধার হাত থেকে বাঁচে। শরীর চর্চা শরীরকে হছে ও স্বল করে: --ব্যক্তি কর্মক্ষম ও পরিশ্রমী হয়।

॥২॥ সংশোধন স্থুবিধা (Corrective Benefits): শরীর চর্চা শরীরের অনেক অন্থবিধা দূর করে এবং শরীরের অসামঞ্চশুপূর্ণ বিকাশ রোধ করে। শরীর চর্চা মনকে সভেজ করে, শরীরকে সুস্থ ও সবল भंद्रीद्वत खदनक কবে, অনেকগুলি শাবীরিক ক্রটি শরীরচর্চার ফলে অপসারিত অহ্ববিধা শরীর চর্চার হয়। অতিরিক্ত মেদ ইত্যাদি শারীরিক অম্ববিধাগুলি ফলে বিদুরীত হয় শরীর চর্চার ফলে প্রশমিত হয়। ডাক্তারেরা রোগীর শরীর পরীকা বরে তাব চিকিংদা হিদেবে বিভিন্ন রুক্ম শরীর চর্চার নির্দেশ দেন। ॥ ৩ ॥ মানসিক সুবিধা (Mental Benefits):—হস্থ শরীর মনকে হস্থ করে। শরীর ভাল থাকলে মনও ভাল থাকে। শরীর চর্চার মানসিক শুণের ফলে কতকগুলি মানসিক গুণ বিকশিত করে। ধৈর্য (Toler-বিকাশ ance),দৃঢ সংকল্প (Determination),বিচার ক্ষমতা (Power of Judgement) ইত্যাদি মানসিক গুণাবলী শরীর চর্চার মাধ্যমে বিকশিত হয়। ॥৪॥ নৈতিক স্থবিধা (Moral Benefits) :- শরীর চর্চার অন্ত এক ধবনীর শিক্ষাগত মূল্য আছে। অনেকগুলি নৈতিক গুণ শরীর চর্চার মাধার্মে বিকশিত হয়। সেগুলি হ'ল,—সাহস (Courage), দক্ষতা

নৈতিক গুণ বলীর (Skill), শৃল্খলা (Discipline), আত্মসংযম (Self-control), বিকাশ আত্মপ্রতায় (Self-confidence), সমদলীয় মনোভাব (Team spirit), সহযোগিতা (Co-operation), পারস্পরিক বোঝাপড়া (Mutual understandings) ইত্যাদি।

শরীর চর্চা ও অফুশীলনের আরও কতকগুলি সুবিধা আছে। শরীর চর্চাব
মাধ্যমে ফুলরভাবে অবসর যাপন কবা যায়। বিভিন্ন প্রকার
অবসর যাপন
থেলাধূলা, ব্যায়াম, সাঁতার প্রভৃতির মাধ্যমে অবসর সময়
বেটে যায়। তাতে শরীরও ভাল থাকে, মনও ভাল থাকে।

শরীর চর্চা মনকে এক অনাবিল আনন্দ দেয়। খেলাধূলা, ব্যায়াম ইত্যাদির শরীর চ্চাও মানসিক মাধ্যমে যে পরিশ্রম হয় তাতে মনে তৃপ্তি (satisfaction) তৃপ্তি হয়। মানবিক তৃপ্তিই জীবনের সর্ববিধ সুথের আগার।

শবীর চর্চা ও শরীর শিক্ষা তাই বিশেষ গুরুত্বপূর্ণ। বিভালয়ে শরীর (Exercise) ও খেলাধুলার (Games and sports) দেওয়া হয়।

#### ॥ वार्शम ॥

#### || Exercise ||

দেহকে হস্থ সংল রাথতে ও হৃগঠিত করে গড়ে তুলতে ব্যায়াম বহুদিন থেকে চলে আদছে। নিয়মিত বৈজ্ঞানিক প্রণালীতে ব্যায়াম করলে মাংল-পেশীগুলি সবল ও দৃঢ় হয়, শরীর কৃষ্ণ থাকে মনে প্রফল্পতা আসে। ব্যায়াম নিয়মিত ভাবে নির্দিষ্ট সময়ে করতে হবে। অনিয়মিত ব্যায়ামে বা বাায়াম করতে করতে ছেড়ে দিলে দেহ মেদবহুল হয় ও মাংস-পেশী-সমূহ নিথিল
হয়ে পড়ে। নিয়মিত ব্যায়াম দেহের অতিরিক্ত মেদ বাায়ামের হফল
কমিয়ে দেহকে স্থলী করে তোলে। ব্যায়ামের বারা রোগা লোকের মাংসপেশী দৃঢ ও পুষ্ট হয় তাদের কর্মক্ষমতা ও শক্তি বেড়ে যায়।

ব্যায়ামের সময় জত শাস-প্রশাসের ফলে শরীর প্রচুর পরিমাণ অক্সিজেন গ্রহণ করে। অক্সিজেন থাত পরিপাকে সহায়তা করে ও ক্ষুধা বাড়ায়। হংপিণ্ডের জত উত্থান পতনের ফলে দেহেব সর্বত্র বিষমিত ব্যায়াম আতিবিক্ত বক্ত সঞ্চালন হয়। দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। নিয়মিত ব্যায়ামের ফলে অনেক বোগ দ্র হয়। ব্যায়াম মানুধকে দীর্ঘজীবন দান কবে। ব্যায়ামে দেহ স্থগঠিত হওয়া ছাড়া মেধাও তীক্ষ কবে, আত্মবিশ্বাস, সাহদ ও সংযম শক্তি বাড়িয়ে তোলে।

ব্যায়ামে থেমন মামুখকে প্রকৃত স্বাস্থ্যবান করে ভোলে তেমনি অতিবিক্ত অতিরিক্ত ব্যায়ামেব ব্যায়াম দেহের পক্ষে ক্ষতিকর। মাত্রাতিরিক্ত ব্যায়াম কুফল করলে মাংস পেশী ও নার্ভগুলি নিস্তেজ হয়ে পডে। শ্বীরে ক্লান্তি আসে, স্থ্পিণ্ডেব তুর্বলতা দেখা দেয়। দেহ রুগ্ন হয় ও চিন্তাব ক্ষমতা ক্মে যায়।

### ॥ বয়স ভেদে ব্যায়াম ॥

## 1 Exercise according to Age 11

দেহের পক্ষে ব্যায়ামের প্রয়োজন, তবে সব বয়সে ও সব ঋতুতে একই
রক্ম ব্যায়াম বরা উচিত কি সম্ভবও নয়। বয়দ ভেদে ও
বয়সভেদে ও ঋতুভেদে
ব্যায়ামের রীতি পদ্ধতি ও সময়ের পার্থক্য হবে।
বালো ও যৌবনে মাহুষ যেমন কর্মক্ষম থাকে তার পক্ষে
যে পরিমাণ দৌড়ঝাঁপ ২ন্তব একজন প্রবীন কি র্দ্ধ লোকের পক্ষে তা সম্ভব
নয়। এ সম্পর্কে অভিজ্ঞ ব্যায়ামবিদ্ ও ডাক্তারের নির্দেশ গ্রহণ করতে হবে।

জন্মের পব থেকে ১য় বছর বয়দ পর্যন্ত থেলাধূলা দৌড্রাঁপই উপযুক্ত ছেলেমেরেদের জন্ত ব্যায়াম। এ সময় দেহের বৃদ্ধির সময় প্রতিটি অক্লের ব্যায়াম সঞ্চালন না হলে দৈহিক বৃদ্ধি বা পুষ্টি এ সময়ে হয় না। এই ব্যাসে ছেলেমেরিদের থেলাধূলা করতে দিতে হবে।

ছয় থেকে চৌদ্দ বছর বয়স পর্যন্ত খেলার সাথে নিয়মিত দেহ চর্চার ব্যবস্থা থাকবে। স্থলের ছেলেমেয়েদের জন্ম ডিলের (Drill) ব্যবস্থা করতে হবে! জিলের মাধ্যমে যে অক সঞ্চালন হয় তাতে দেহ পুষ্ট হয়। জিলের মধ্য দিয়ে ছেলেমেয়ের শৃশ্বলাবাধ জন্মে। জিল ছাড়াও জন্-বৈঠক দেওয়া, সাঁতার দেওয়া ভাল ব্যায়াম। মেয়েদের পক্ষে স্কিণিং করা ও কিশোরদের জন্ম ব্যায়াম। এ ছাড়া নাচও ভাল ব্যায়াম। নাচ ছেড়ে দিলে অবশ্য দেহ মেদ বহুল হয়ে দাঁড়ায়।

তিদ্ধি থেকে চল্লিশ বছর পর্যন্ত ডন্, বৈঠক দেওয়া, বৌবনের ব্যারাম
ভাষেল, মুগুর ব্যায়াম করা চলতে পারে। এই সময় আসন একটি ভাল ব্যায়াম।

চাল্লশের পর কঠিন পবিশ্রমের মাত্রা কমিয়ে আনতে হবে। তবে শীত প্রোচ ও বৃদ্ধদের জন্ম প্রধান দেশে আনরও বেশ কিছুদিন কঠিন পরিশ্রম করা ব্যায়াম চলে। পঞ্চাশের পর বেড়ানই একমাত্র ব্যায়াম। কারণ তথন শরীরের পবিশ্রম করার ক্ষমতা থাকে না।

# " স্কুলে ব্যায়াম শিক্ষার প্রয়োজনীয়তা।

| Importance of Exercise in Schools |

স্থলে যে বয়দে ছেলেমেয়ের। পড়ে সেটা তাদের দৈহিক বৃদ্ধি ও পুষ্টির সময়। এই সময়ে থেলাধূলা বা ব্যায়ামের ব্যবস্থা করা দরকার। শহবে অনেক

বিজ্ঞালয়ে ব্যান্থামের মাধ্যমে অনেক গুলি শিক্ষাথীর শরীর চর্চা সম্ভব হয় সময় মাঠের অভাবে ছেলেমেয়েদের খেলাধূলার ব্যবস্থা করা সম্ভব নয়। আবার যেথানে বহু ছেলেমেয়ে দেখানে স্বার জন্তে খেলাধূলার আরোজন করা সম্ভব হয় না। এছাড়া, বহু ছেলেমেয়ে খেলায় অংশ গ্রহণ করতে চায় না। ছুলে ডিলের মাধ্যমে প্রতিদিন কিছু ব্যায়াম করানো চলতে পারে।

সীমাবদ্ধ শ্রেণীককে বসে থেমে যথন তাদের দেহ ও মন ক্লান্ত হয়ে ওঠে তথন স্থলের থেলারমাঠে বৈচিত্র্যপূর্ণ ব্যায়াম তাদের দেহ মন উভয়ের পক্ষেই উপকারী। বিদ্যালয়ে ছেলেমেয়ের মন্তিদ্ধের কাজ হয়, সেই সাথে দেহের কাজ না হলে মন্তিদ্ধের কাছ থেকে উপমুক্ত সাড়া পাওয়া যাবে না। দেহচর্চার ফলে দেহের রক্ত সঞ্চালন হদ্দি পায়, মন্তিদ্ধের কাজও অতিরিক্ত রক্ত সরবরাহ হলে স্কৃত্তাবে সম্পন্ন হতে পারে। ছেলেমেয়েদের দেহ ও মনের পুটি ও বিকাশের জন্ম স্থূলে ব্যায়ামের প্রশোকন।

## ॥ (थनाधूना ॥

## II Games and Sports II

থেলাধুলার ব্যবস্থা সব বিদ্যালয়েই থাকবে, এটাই হ'ল নিয়ম। কিন্তু এ ্নিয়ম কতটা পালন করা সম্ভব হয় তা বিচার্য। শহরে, এমনকি গ্রামে পর্যন্ত থেলার মাঠের অভাবে out door games এর যথোচিত ব্যবস্থা করা সম্ভব হৃদ্ধ
না। থেলাধূলা দেহচর্চার অতি প্রয়োজনীয় একটি অঙ্গ। অধিকাংশ শিক্ষার্থী
স্বেচ্ছায় আনন্দের সাথে থেলাধূলায় অংশ গ্রহণ করে।
থেলাধূলার মাধ্যমে
আনন্দ সঞ্চারিত হয়।
উদ্দেশ্য শুধুমাত্র দেহ চর্চা, থেলার মধ্যে দেহ চর্চা ছাড়াও
একটা আনন্দের ছোঁয়াচ রয়েছে। এই অনাবিল আনন্দের অংশীদার শিক্ষার্থীরা
সহজেই হতে চায়। খেলাধূলার ব্যবস্থা স্বার জন্ম করতে পারলে খেলাধূলা
শারীরিক শিক্ষাব প্রধান উপায় বলে গৃহীত হবে।

খেলার মাধ্যমে শুধু দেহ চর্চাই হয় না সজ্যবদ্ধ ভাবে কান্ধ করার প্রেরণা, নিয়ম শৃষ্ধলার প্রতি নিষ্ঠা, দলনেতার নির্দেশ মেনে চলার খেলাধ্লার সফল প্রয়োজনীয়তা, নেতৃত্ব গ্রহণেব ক্ষমতা প্রভৃতি জন্মায়। খেলাধ্লার মধ্য দিয়ে শারীরিক ও মানদিক,— হ'রেরই উৎকর্ষ দাধিত হয়।

# ॥ বিভিন্ন প্রকার শরীর চচা।

## II Kinds of Physical Activities II

শরীর চর্চার জন্ম বিভানয়ে বিভিন্ন প্রকার কার্যাবলীর ব্যবস্থা করা যায়, সেগুলি হ'ল:---

# ॥ ) ॥ (थनाधूना (Sports) :--

থেলাধুলা অনেক প্রকার হতে পারে। ফুটবল্ (Foot ball), ভলিবল্ (Volley ball), ব্রুকেট (Cricket) প্রভৃতি কতকঞ্জনি থেলা খুবই আকর্ষণীয়। এই জাতীয় থেলাধূলার আন্তর্জাতিক স্বীকৃতি ও গুরুত্ব আছে। দলগত এইসব খেলাধুলাব মাধ্যমে দলগত প্রতিযোগিতা খেলা-ধুলাকে আকধণীর করে দংহতির সঙ্গে সঙ্গে ব্যক্তিগত নৈপুণ্যও স্থান পায়। ব্যাডমিন্টন (Badminton), টেনিস্ (Tenis) প্রভৃতি থেলা হ'ল একার বা ছ'জনের। Relay প্রভৃতি থেলাধূলার মাধ্যমে চারজনের দলগত প্রতিযোগিতা হয়। Athletics এর বিভিন্ন বিষয়ও (Race, Throw, Jump ইত্যাদি) খেলাধুলার পর্যায়ে পড়ে। এই সব খেলাধুলার প্রত্যেকটির বিভিন্ন নিয়ম আছে। প্রত্যেক খেলোয়াড়কে এই সব নিষ্কম মেনে চলতে হয়। প্রতিষোগিতা এই সব খেলাকে আৰুৰ্ধণীয় করে তোলে। এই সব খেলাধ্লার মধ্যে একটি বিশেষ Thrill আছে। এই জাতীয় খেলাধুলার মাধ্যমে শিক্ষার্থীদের শবীরের সামঞ্জস্তপূর্ণ বিকাশ ঘটে; সহযোগিতা, সমন্বয়, নেতৃত্ব, ক্ষমতা, সামর্থ, ধৈর্য, সম্পজি, খেলোয়াড়চিত মনোবৃত্তি, চংত্ৰি, ব্যক্তিত্ব প্ৰভৃতি গুণাবলী বিকশিত 54 1

#### ॥২॥ সাঁডার (Aquatics) :--

শরীর চর্চার পক্ষে সাঁতার একটি গুরুত্বপূর্ণ বিষয়। সাঁতারের মাধ্যমে শরীরের সমস্ত অল-প্রতাঙ্গ যথাযথভাবে বিকশিত হয়। সাঁতার আন্তর্জাতিক স্বীকৃতি ও গুরুত্বপূর্ণ বিষয়। বিশেষ করে গ্রীষ্ম প্রধান দাঁতারে শরীরের দামপ্রস্থপূর্ণ বিকাশ হয় দেশে নিয়মিত সাঁতার শরীর চর্চার পক্ষে বিশেষ কার্যকরী। সাঁতারে ব্যক্তিগত একক প্রচেষ্টা ও অনুশীলনেব প্রচলন আছে;—প্রতিযোগিতাও ব্যক্তিগত। তবে ওয়াটার পোলো (Waterpolo), Relay প্রভৃতি দলগত বিষয়ও সাঁতারের অন্তর্গত, শারীরিক অক্ষমতা যুক্ত ব্যক্তির পক্ষে সাঁতার একটি ভাল ব্যায়াম।

#### ॥ ७॥ ব্যায়াম (Exercise) :-

নিম্ননিত ব্যায়াম যে কোন বয়সের যে কোন ব্যক্তির শরীর চর্চার পক্ষে পুবই
ক্রম্বপূর্ণ। আমাদের দেশের যৌগিক ব্যায়াম শুধুমাত্র শরীরের উন্নতি করে
না। ত্বানেক প্রকার শারীরিক অক্ষমতা ও ক্রটি সংশোধন করতে সাহায্যু
করে। Gymnastics, Body building activities,
ব্যায়াম শরীরকে হন্থ,
কৃত্তি প্রভৃতি ব্যায়াম বিশেষ জনপ্রিয়। ব্যায়াম শরীরকে
সভেল ও দবল রাথে
স্ত্তু, সভেজ ও দবল রাথে,—পেশীগুলিকে শক্ত করে।
বিভিন্ন ব্যায়াম ছাড়া শরীরকে fit রাখা যায় না। ব্যায়াম তাই অক্যান্ত
থেলাধূলারও পরিপূরক।

## ॥৪॥ ছন্দামুলক শরীর চর্চা (Rhythmical Exercises) :—

শরীর চর্চার অনেকগুলি বিষয় আছে ছন্দ-ইকাব প্রাণ। পৃথিবীর সব কিছুবই মধ্যে ছন্দ আছে। ছন্দচেতনা তাই প্রত্যেক মাহুষের মধ্যেই বিভ্যমান। ছন্দমূলক ব্যাযামগুলি শরীর চর্চাব পক্ষে ভূত্য ও Drill প্রয়োজনীয়। অন্তদিকে মনকে তৃপ্ত করার জন্মও কার্যকরী। ছন্দমূলক ব্যায়ামগুলি হ'ল:—

- (3) Walkings, Running, Skipping ইত্যাদি
- (২) ব্রত্তারী (নাচ ও গানের মাধ্যমে শ্রীর চর্চা)
- (৩) লোক নৃত্য (Folk dances)
- (৪) অয়ান্ত (Other dances)
- (e) Mass Drill ইত্যাদি।

নাচ ও পান একটি ভাল ব্যায়াম। একক নৃত্য, দৈত নৃত্য, সমবেড নৃত্য বিভিন্ন দেশে বিভিন্ন পদ্ধতিতে প্রচলিত আছে। এগুলিকে আরও ব্যাপক করতে হবে যাতে অধিকাংশ ছেলেমেয়ে তাতে অংশগ্রহণ করতে পাবে।

## ॥ ৫॥ বিদ্যালয় ক্যাম্প (School Camping) :--

শিক্ষার্থীদের বিজ্ঞালয়ের বাইরে নিয়ে গিয়ে বিভিন্ন ক্যাম্প করে শরীর
চর্চার ব্যবস্থা করা বেতে পারে। N. C. C.-র Camp শরীর চর্চার পক্ষে
উপযোগী। বনডোজনে গিয়ে কাঠ সংগ্রহ, উত্থন জ্ঞালানো
N. C. C-র camp ও
বনডোজন ইত্যাদির
মাধ্যমে শরীর চর্চা হয়
বথেষ্ট শরীর চর্চা হয়, শিক্ষামূলক ভ্রমণও এ ব্যাপারে
প্রস্তাজনীয়। তবে এ ব্যাপারে পরিকল্পনা অভ্বায়ী বিভিন্ন
কাজকর্ম করতে হবে, বিজ্ঞালয় থেকে সমাজের মধ্যে গিয়ে সেবামূলক কাজের
মধ্যেও শরীর চর্চা সম্ভব।

## ॥ ৬॥ আত্মপরীকামূল ক কার্যাবলী (Self-testing Activities):-

এই ধরনের কার্যাবলীতে প্রত্যেক ব্যক্তি নিজেকে পরীক্ষা করতে পাবে।
ব্যক্তি নিজে নিজে এইভাবে শরীর চর্চা কবে পরবর্তী সময়ে নিজেকে সমাজের
মধ্যে প্রতিষ্ঠিত করে। পেনী নিয়ন্ত্রণ, শরীর দক্ষতা, শক্তি সামর্থ্য, শক্তির
সক্ষে শারীরিক নমনীয়তা (Flexibility) প্রভৃতি আত্মশারীবিক শন্তি
পরীক্ষামূলক শরীর চর্চাব ফল। এব ফলে শরীর ষদ্ভের
ও নমনীগভা
ক্রিয়াকলাপ ভালভাবেই চলে। Stunts, tumblings,

apparatus games, weight liftings, rope jumping ইত্যাদি আত্মপরীকা-মূলক কার্যাবলীর মধ্যে পড়ে।

# ॥ যুদালিয়র কমিশনের বক্তব্য॥

## Il Report of the Mudaliar Commission II

১৯৫২-৫৩ খ্রীষ্টাব্দের জাতীয় শিক্ষা কমিশন তাঁদের Report-এ Physical Education সহত্ত্বে বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। তাঁরা শরীর শিকাকে জাতীয় কর্তব্য হিসেবে ব্যাখ্যা করে শিক্ষার্থীদের শরীরকে महीत निका मन्भार्क অবহেলা করার জন্য তু:থ প্রকাশ করেছেন। কমিশন্ ১৯৫২-৫৩থীট্থাব্দের তাঁদেব Report-এর chapter X-এর II নম্বর অনুচেচ্দে বিকা ক্রিখনের (Page-114) শরীর শিক্ষার গুরুত্ব স্বীকার করে নিয়ে का कि प्रक বিদ্যালয়ে তা কার্যকরী করার জন্ম বলেছেন :- "If it (Physical Education) is to be given properly, teachers of physical education should evolve a comprehensive plan to be followed by the students and it should be based on the results of the health examination. Most of these activities are group activities, but they should be made to suit the individual as well, taking due

note of the capacity for physical endurance. Thysical education group games, and individual physical exercise should be given, no daubt, in the school under the Supervision at the Director of Physical Education, but there is one aspect of Physical education which should not be forgotten. The school should go to community' and seek the assistance in the furtherance of physical education. There are various types of exercises that' can be taken up by students with the necessary antitudes outside the school under the auspices of other agencies in the community interested in physical education e.g., swimming, boating and group games that may be locally popular. Where such facilities are available, special arrangements should be made for school children to avail of them under proper guidance and special hours may be fixed for them in some cases, e.g. in swimming baths and Akhadas, etc."

# ॥ শরীর শিক্ষা সম্পর্কে কোঠারী কমিশনের অভিমত।

## Report of the Kothari Commission

সমগ্র শিক্ষা পরিকল্পনায় দৈহিক শিক্ষার একটি বিশিষ্ট স্থান আছে। শরীব শিক্ষার এই গুরুত্বে কথা অফুভব, করেই কোঠারী কমিশন্ পাঠ্য স্ফীর প্রভিটি স্তরে শরীর শিক্ষার ব্যবস্থা করেছেন। শরীর শিক্ষা সম্পর্কে কমিশন বলেছেনঃ—

'শরীর শিক্ষা সম্পর্কীয় সরকারী পরিকল্পনা সমূহে দেখা ধায় সেথানে শুধুমাত্র দৈহিক বোগ্যতা বা উপযুক্ততার (physical fitness) বিচারে শরীর

শরীব শিক্ষার গুকত্ব ও রূপারণের পদ্ধতি সম্পর্কে ১৯৬৪-৬৬ খ্রীষ্টাব্দের শিক্ষা কর্মিশনের বক্তব্য শিক্ষাব গুরুত্ব আরোপ করা হয়। শরীর শিক্ষার শিক্ষাগত মূল্যকে সম্পূর্ণ উপেক্ষা করা হয়। শরীর শিক্ষা শুধুমাত্র দৈছিক যোগ্যতা বৃদ্ধিরই সহায়ক নয়, দেহের কর্মশক্তি বৃদ্ধির সাথে মানসিক কতকগুলি দিকেরও বিকাশ লাভ ঘটে। শরীর শিক্ষার মধ্য দিয়ে অধ্যবসায়, দলগত মনোভাব,

নেতৃত্ব, ও নিয়ম শৃঙ্গার প্রতি নিষ্ঠা প্রভৃতি গুণগুলির বিকাশ লাভ ঘটে।

শরীর শিক্ষার একটি উপযুক্ত কার্যসূচী শুধুমাত্র নিম্ন নীতিগুলির ভিত্তি করে রচিত হতে পারে :—

॥ ১॥ শরীর শিক্ষার কর্মস্চীর মধ্য দিয়ে ঈপ্সিত ফণ শাস্ত করতে হলে পরিকল্পনার অংশ গ্রহণকারীদের যোগ্যতা ও উৎসাহ বিচার করে কার্যস্চী রচনা করতে হবে।

- ॥ ২ ॥ দেশে বহু দিন ধরে যে সব থেলাধুলা ও দেহ চর্চার ব্যবস্থা প্রবর্তিন্ত হয়েছিল তার উপর যথোচিত গুরুত্ব দিতে হবে।
- ॥ ৩ ॥ কার্যস্থার রূপায়ণের মধ্য দিয়ে প্রতিটি শিশুর মনে নিজের সম্পর্কে একটা মূল্যবোধ ও গৌরব বোধ জন্মাবে।
- # 8 ॥ ব্যারামাগার ও থেলার মাঠের অভিজ্ঞতার মধ্যদিয়ে সহযোগিতার ও দায়িত সমভাবে পালন করার মনোভাব স্পষ্ট হবে।
  - ॥ ৫॥ কার্যস্টী যেন আমাদের আর্থিক সামর্থ্য অনুধারী হয়।
- ॥ ৬ ॥ বিশেষ যোগ্যতা বিশেষ আগ্রহ সম্পন্ন ছাত্রদের বিশেষ শিক্ষার ব্যবস্থা করতে হবে ।
- ॥ १ ॥ দৈহিক শিক্ষা স্থচীতে ব্যায়ায়, ও থেলাধূলার ব্যবস্থা আকবে। এর তুটি স্তর থাকবে সাধারণ ও অগ্রবর্তী স্তর। নীচের শ্রেণীতে সাধারণ স্তরের সহজ কার্যাবলী অনুসরণ করা হবে। ছাত্রেরা বড় হবার সাথে উন্নততর ব্যবস্থা হবে।
- ॥৮॥ যারা খুব ছোট তারা দৈহিক ও মানসিক দিক থেকে কঠিন পরিশ্রম সাধ্য কাজ করার উপযুক্ত নয়। প্রাক্-প্রাথমিক ও প্রাথমিক স্তরে ছাএদের খেলাই হচ্ছে উপযুক্ত দৈহিক শিক্ষা। ঠিকমত হাটতে, দৌড়াতে, লুকোচুরি খেলতে তারা শিথবে। এর চেয়ে উচ্চন্তরের খেলা আয়ত্ব করতে নৈপুত্তের প্রয়োজন তা পরেব হুরে আদিবে।
- ॥ ৯॥ বাল্য ও কৈশোরের মাঝামাঝি অবস্থায় ছাত্রদের শক্তি বৃদ্ধি পায় । নতুন বিষয় সম্পর্কেও তাদের উৎসাহ ও কৌতৃহল দেখা যায়। খেনাধুলা বষয়ে তারা আরও বেশী নৈপুত্যেব অধিকারী হয়। এই সময় দলগতভাবে বা সমষ্টিবদ্ধ ভাবে খেলার ব্যবস্থা করতে হবে যা আয়ত্ত করতে অধিকতর কৌশল ও নৈপুত্যের প্রয়োজন এই বয়দে তারা তাই শিখবে। এরপর বয়ঃসন্ধিকালে মাধ্যমিক ত্তরে তারা বড়দের অনুকরণ করতে চায় এই বয়সের ছাত্রদের জন্ম তাদের উপযোগী খেলাখুলার নানা আয়োজন (যেমন games, sports, atheletics) থাকবে। এই বয়সের ছেলেমেয়েরা নৈপুত্যের অধিকারী হতে চায়। দৈহিক শিক্ষা বাবস্থায় উন্নতত্র কলা-কৌশন শিক্ষা ও বিভিন্ন বিভাগে তাদের উৎকর্ষ সাধ্যের স্থযোগ দিতে হবে।
- ॥ ১০॥ প্রাথমিক স্তরেব প্রথম পর্যায়ে ছেলেমেয়েদের শরীর শিক্ষা একই রকম হবে। এর পর থেকে তাদের দৈহিক যোগ্য । ও উৎসাহ বিচার করে ভিন্ন কার্যসূচী নেওয়া হবে। ছন্দময় স্বসংবদ্ধ কার্যপ্রণালী মেয়েদের আকৃষ্ট করে, এছাড়া ক্ম পরিশ্রম্যাধ্য থেলা তারা পছন্দ করবে। পরবর্তী স্তরে বাদ্ধেট্ বল্, ভলি বল্ ও হকির ব্যবস্থা করা যেতে পারে, মেয়েদের শরীর শিক্ষার atheletic বিষয় থাকবে।"

শরীর শিক্ষার কার্যস্চী রচনায় কি প্রয়োজন তাই বিচার করলে হবে না; আর্থিক সঙ্গতি, সীমাবদ্ধ স্থাগে ও শিক্ষকের দিকটাও বিচার করতে হবে। কমিশন্ সতর্ক করে দিরেছেন শুধু দৈহিক যোগ্যতা নয় দৈহিক শিক্ষার শিক্ষাগত মূল্যের দিকটা যেন আমরা ভূলে না যাই।

# ॥ শরীর চর্চা এবং ক্লান্তি॥

## || Physical Exercise & Fatigue ||

শ্রীরচর্চা ও অনুশীলন বিশেষ পরিশ্রম সাপেক্ষ। কংকগুলি থেলাধ্লাব জন্ম রীতিমত শ্রমের প্রয়োজন হয়। •পরিশ্রম ক্লান্তি আনে, অতিরিক্ত পরিশ্রম মানসিক ও শরীরিক অবদাদ আনে, ফলে কর্মবিম্থতা দেখা দেয়। আমাদের মত গ্রীষ্মপ্রধান দেশে এই ক্লান্তি অল্প পরিশ্রমে আসে। পরিশ্রমের ফলে ঘাম বেরোয় এবং অঙ্গ প্রশ্রমে আলস্ত দেখা দেয়। ক্লান্তি অই ক্লান্তি সাময়িক হলে খাছগ্রহণ ও বিশ্রমের কলে সেরে ঘায়। কিন্তু ক্লান্তি দীর্ঘন্তাই। হলে তা রোগে পরিণত হয়। অবস্থা তথন বিপজ্জনক স্তরে পৌঁছায়।

#### ॥ খাতা ॥

#### || Food ||

খেলাধুনা, ব্যায়াম ও অক্যান্ত কাজকর্মের ফলে শরীরের যে পরিমাণ ক্ষয়ক্ষতি হয়, তা পুরণের জক্ত খাত গ্রহণ প্রযোজন বিলেব করে আমাদের মত গরীব দেনে থাত একটি প্রধান জাতীয় সমস্তা। অধিকাংশ শিক্ষার্থীই শরীর চর্চার ক্ষেত্রে যথাযথভাবে থাত্যহণ না করে বিভালয়ে আসায়, বিভালয়ে পাদ্য গ্রহপের মূল্য পড়ান্তনা করতেই তারা বিশেষভাবে ক্লান্ত হয়ে পড়ে। তার অদীম উপর খেলাধূলার মত পরিখাম সাপেক্ষ কাজকর্ম করার মত শরীরের অবস্থা তথন আর থাকে না, শিক্ষার্থীদের ষ্ণাষ্থ খাত দেওরার ক্ষমতা অধিকাংশ অভিভাবকেরই নেই। বিভালয়ে শরীর চর্চাব কর্মগুলি রূপায়ণের সময় এই সমস্তার প্রতি সচেতন থাকতে হবে। খাছের ব্যবস্থা না করে শরীর চর্চার ব্যবস্থা করলে শিক্ষার্থীদের তাতে ক্ষতিই হয় বেশী। খাছ প্রত্যেক ব্যক্তির শরীর ও পরিশ্রম অক্ষায়ী হবে। স্থম থাছা দেওয়ার ব্যবস্থা করলে এ ব্যাপারে বিশেষ কাজ হয়। শরীরচর্চার আগে ও পরে খাওয়ার প্রয়োজন হয়।

## ॥ বিশ্রাম ও নিজা ॥

## 11 Rest and Sleep 11

শরীরের ক্লান্তি দ্ব করার জন্ম শুধুমাত্র খাছ্য গ্রহণ যথেষ্ট নয়;—প্রয়োজন বিশ্রোম ও নিদ্রার। থেলাধ্লা, ব্যায়াম, কাজকর্ম ইত্যাদির মধ্যে শরীরের যে পরিমাণ ক্ষয়ক্ষতি হয়, থাছ্যগ্রহণ করে উপযুক্ত বিশ্রাম ও নিদ্রা ও নিদ্রা হলে তার প্রণ হয়, তাছাড়া তাতে শরীরের সাহায্য করে বিকাশও হয়, শরীর শক্ত ও বলিষ্ঠ হয়। প্রত্যেক ব্যক্তির পক্ষেই প্রতিদিন যথেষ্ট বিশ্রামের প্রয়োজন, তাতে mental relaxation—ও হয়। সুষ্ঠু নিদ্রা শরীর ও স্বাস্থ্যের অনেক উপকার করে। নিদ্রা ও বিশ্রামের জন্ম যথেষ্ট আলোবাতান যুক্ত পরিষ্কার-পরিচ্ছন ঘর ও বিছানা প্রয়োজন। বিভিন্ন বয়সের জন্ম নিদ্রাপ্রিত পরিমাণ নিদ্রা প্রয়োজন—

#### বয়স

#### প্রতিদিন নিজার প্রয়োজন

চার বছরের কম শিশুদের জন্ম ২০ ঘণ্টা
চার বছর থেকে আট বছরের বালকদের জন্ম ১২ ঘণ্টা
আট বছর থেকে বারো বছরের কিশোরদের জন্ম ১১ ঘণ্টা
বারো বছর থেকে চৌদ্দ বছরের বালক-বালিকাদের জন্ম ২০ ঘণ্টা
চৌদ্দ বছর থেকে কুড়ি বছরের বালক-বালিকাদের জন্ম ২০ ঘণ্টা
পরবর্তী বয়নের ব্যক্তিদের জন্ম ৭ থেকে ৮ ঘণ্টা

অনিস্রা (Insomnia) একটি মারাত্মক রোগ। কোন শিক্ষার্থীর মধ্যে এই রোগ দেখা দিলে তার জন্ম অবিলয়ে ব্যবস্থা গ্রহণ করা উচিত।

# া প্রাথমিক চিকিৎসা ও অন্যান্য চিকিৎসা।

#### 11 First Aid and other Treatment 11

থেলাধূলা প্রভৃতির ক্ষেত্রে প্রারই ছোট-থাটো আঘাত ও হুর্ঘটনা ঘটে।
তার জন্ত প্রাথমিক চিকিৎসার প্রয়োজন। বিভালরে
হুর্ঘটনাও অহহতার সব সময় First Aid Box রাখতে হবে;—ভেটল,
সমন চিকিৎসার
তুলা, আয়োভিন প্রভৃতি উষধপত্র ও সাক্ষসরঞ্জান
রাখতে হবে। অক্তান্ত অহথ ও জটিল রোগের জন্ত
আরও উন্নত চিকিৎসার ব্যবস্থা রাখতে হবে। অহস্থ শরীবে শরীর চর্চা
সন্তব নয়।

# ॥ ব্যক্তিগত বৈষ্ম্যের সুযোগ ॥

#### || Provision for Individual Difference ||

অধিকাংশ বিভালয়ে-সাধাবণতঃ একটি খেলার মাঠ থাকে ৷ দেখানে ফুটবল ও ভলিবেল্ থেলার ব্যবস্থার্ত্তাকে। তাতে বিদ্যালয়ের ৩০০।৪০০ শিক্ষার্থীর শরীর চর্চা দম্ভব নয়। বি**স্তালয়ে শরীর চর্চাকে ভাই** বিভাগলব্বের সমস্থ ব্যাপক করতে হবে। পঞ্চম শ্রেণীব একজন ছাত্র একাদশ শিক্ষার্থীর সামর্থাও শ্রেণীর একজন ছাত্রের দঙ্গে ফুটবল খেলতে পারে না। গছনৰ অন্যুখাখা শরীর ্র্চ'র প্রযোগ দিতে হবে শারীরিক শক্তি-সামর্থোর বিচারে বিভালয়ে একটি ছাত্র অক্ত একটি চাত্র থেকে ভিন্ন। সকলের শরীরিক ক্ষমতা ও দক্ষতা দৈছিক উচ্চতার বিচাবে ও বৈষম্য দেখা যায়। অনেক ছাত্র থাকে যাদের শরীরিক অক্ষমতা আছে। কাজেই শরীরের বিচারেও বিভালয়ে চাত্রদের মধ্যে ব্যক্তিগত বৈষম্য আছে। এই বৈষম্যেব কথা মনে রেখে বিছালয়ে শরীর টির্চার সংগঠন ও ব্যবস্থা কবতে হবে, এবং এমন ব্যবস্থা করতে হবে যাতে সমস্ত শিক্ষার্থীই শরীর চর্চায় অংশগ্রহণ করে নিঙ্গেদের শরীরকে যথায়থ বিকশিত করতে পাবে এবং শরীবিক দক্ষতা অর্জন করতে পারে। এজন্ম শরীর চর্চাব পরিধিকে বহু বিস্তৃত কবতে হবে, শরীর চর্চার নানারকম ব্যবস্থা বিভালয়ে

## ॥ विकामरत्र भंतीत भिकात मश्रीम ॥

## | Organisation of Physical Education in schools |

রাখতে হবে যাতে সমস্ত ছাত্রছাত্রীই সেগুলিতে অংশ গ্রহণ করতে পারে।

भद्रीय निका किवनमाज छेशाम ७ स्मीथिक निका निरम्न हम ना। भद्रीय শিকা শ্রীর চর্চাও শারীরিক অফুশীলনের মাধ্যমেই স্ফল হয়। সেইজক্ত বিছালয়ে শরীর চর্চার জন্ম ব্যাপক বাবস্থা করতে হবে। বিভালেরে শরীর শিক্ষা বিভাপন্নে একজন Physical Instructor ধাকবেন। ন্ধপায়ণের স্থবিধা ও তাঁরই তত্ত্বাবধানে ও সকলের সহযোগিতার বিভালয়ে শরীর অসুবিধা চর্চার কর্মসূচী যথাযথভাবে রূপান্বিত হবে। এ ব্যাপারে সমস্ত শিক্ষকেরই সক্রিয় সহযোগিতা থাকবে, কারণ এ ব্যাপারে তাঁদের একটা বিশেষ ভূমিকা ও দায়িত্ব আছে। বিত্যালয়ে শরীর চর্চার জন্য প্রয়োজনীয় খেলার মাঠ, ব্যায়ামাগার, ছাত্রদের common room, সাঁতারের পুকুর প্রভৃতি স্থান যথায়থভাবে নির্দিষ্ট থাকবে। বিভালয়ে থেলাধূলা ও শরীর চর্চার জন্ত বিভিন্ন আস্বাবপত্ত ও উপকরণ থাকবে। এ জন্ম সরকার থেকে যণেষ্ট পরিমাণে অর্থ সাহাষ্য করতে হবে। খেলাধুলার প্রতি অভিভাবকদের একটা জানীতা আছে। বিভালয়ের সময়-তালিকা (Time Anble) ও পরীক্ষায়

শরীর চর্চাকে গুরুত্বপূর্ণ স্থান দিয়ে অভিভাবকদের এই মনোভাব দূর করতে হবে। বিভালয়ে শরীর চর্চাকে গুরুত্বপূর্ণ স্থান দিয়ে পূর্বপরিকল্পনার মাধ্যমে তার বিভিন্ন কর্মস্টীকে রূপদান করতে হবে। এ বাগপারে শিক্ষার্থীদের মধ্যে সৃষ্থ প্রতিযোগিতার (fair competition) ব্যবস্থা থাকলে তা শিক্ষার্থীদের কাছে চ্ব খুবই আকর্ষণীয় হয়। তাই বিভালয়ে বিভিন্ন ধরনের ক্রীড়া প্রতিযোগিতা ও প্রস্কারের ব্যবস্থা করতে হবে। শরীর চর্চাকে বিভালয়ের কর্মস্টীতে গুরুত্বপূর্ণ স্থান দিতে হবে।

# ॥ শরীর চচ বি শিক্ষাগত মূল্য॥

### || Educational value of Physical Exercises ||

বিভালরে শরীর শিক্ষা ও শরীর চর্চার ব্যবস্থা শিক্ষার্থীদের কেবলমাত্র শরীর ও মনকেই স্বস্থ রাখে না তার শিক্ষাগত মূল্যও আছে। শরীর চর্চা শরীর ও মনকে স্বস্থ রাখে তাতে সমস্ত শিক্ষা পরিকল্পনাকে রূপদানের সুবিধা হয়। শরীর চর্চার মাধ্যমে শিক্ষার্থীদের কতকগুলি চারিত্রিক গুণাবলী বিকশিত হয়। এগুলি

শরীর শিক্ষা চরিত্রের ভণাবলীকে বিক্লিড করে হ'ল—সহযোগিতা, সহানুভূতি, ধৈর্য, দক্ষতা, সংঘচেতনা, দলগৃতচেতনা, নেতৃত্ব থেলোয়াড়ী মনোবৃত্তি, উত্তম, উৎসাহ, আত্মপ্রত্যয়, শৃঙ্খলা, সংয্ম, সাহস, আনুগত্য, তিতিকা, ক্রত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ইত্যাদি চরিত্রের

এই গুণগুলির শিক্ষাগত ও সামাজিক মূল্য অনস্বীকার্য।

## ॥ শরীর শিক্ষা ও বিনোদন ॥

## || Physical Education and Recreation ||

মান্থ্যের জীবনে আনন্দের প্রয়োজন আছে। জীবনকে আনন্দমুখর করে রাখতে পারলে জীবনেব জটিল যন্ত্রনার হাত থেকে মুক্তি পাওয়া যায়। শুধুমাত্র

শরীর শিক্ষা ও শবীব চর্চা চিন্তবিনোদনের একটি বড় সাধ্যম যন্ত্রের মত পরিশ্রম করে গেলেই শ্রীব ও মন ভাল থাকে না। তাই প্রয়োজন হয় আনন্দ ও মানদিক তৃথির (Mental satisfaction)। আমাদের দেশে সমাজের মধ্যে recreation-এর ব্যবস্থা নেই। মাসুষের জীবন

ভাই ত্রিসহ। Community recreation-এর কথা ভাই অনেকে বলে থাকে। বিভালয়ে চিত্তবিনোদনের জন্ত যে দব ব্যবস্থা অবলম্বন করা যায় শরীর চর্চা ভাদের মধ্যে অন্তম। বিভালয়ে বিভিন্ন থেলাধূলা, ব্যায়াম ও ক্রীড়া-প্রতিযোগিতা বিভালয়ের সমাজ জীবনে চাঞ্চল্যের বন্তা এনে দেয়। থেলাধূলার মধ্যে যে একটা অন্তত thrill ও উত্তেজনা আছে শিক্ষার্থীর তা গ্রহণ করতে ৰ। শরীর চর্চার এই আনন্দের আসরে যদি নিকটবর্তী অঞ্চলের অধিবাসীরা গাগ দেন তবে তাঁরোও এই আনন্দ, চাঞ্চল্য ও উন্তেজনার অংশীদার হতে ারেন। তাই চিত্তবিনোদনের ক্ষেত্রেও শরীর চর্চার মূল্য অসীম।

# "গান্তব অবস্থা।

#### Practical Situation |

তত্ত্বগত বিচারে ও পদ্ধতির আদেগচনায় আমরা যতই বড় বড় কথা বলি না কন বাস্তব অবস্থা সম্পূর্ণ বিপরীত। আমাদের দেশের বিভালয়গুলিতে ুশরীর

আমাদের দেশে শরীর শিক্ষার বাস্তব অবস্থা চর্চাব একান্ড অভাব লক্ষ্য করা যায়। অধিকাংশ বিভালয়ে থেলার মাঠ ও আসবাবপত্র নেই ; Physical Instructor-ও নেই। এর ফলে আমাদের দেশের সমগ্র ছাত্র সমাজ বিরাট

এক স্থােগ ও সন্তাবনা থেকে মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। পরিকল্পনা ও অর্থের অভাব এর প্রধান কারণ। এই অবস্থার পবিবর্তন করতে হলে সরকারকে ভানেক অর্থ সাহায্য করতে হবে। বিদ্যালয়কে শরীর চর্চার বিভিন্ন কর্মসূচী গ্রহণ করতে হবে। চাকুরীর ক্ষেত্রে শারীরিক দক্ষ ব্যক্তিকে অগ্রাধিকার দিতে হবে। শরীর চর্চার ব্যাপারে সরকাব, বিভালয় কর্তৃপক্ষ শিক্ষক ও অভিভাবকদের দৃষ্টিভঙ্গীর পবিবর্তন করতে হবে। তা না হলে আগামী দিনের অনস্ত সন্তাবনা বিনাই হবে।

### প্রশাবলী

- Discuss briefly the importance of physical education in the scheme of education for the whole child. Draw a comprehensive programme for training your pupils in the cosential facts of community and personal hygienc.
- Describe the significance of School Health' Service and child Guidance Clinic and educational programme of the school, what ways do they contribute to the development of a balanced personality of the child,
- 3. Discuss the role of Community Hygiene in the building of healthy citizens and show its relation to the personal well being of the child. Or, Draw a constructive programme of the essential measures, 'preventive and curative' that a school authority should follow for satisfactory unkeeping of the pupils health.
- Distinguish between Health Education and physical education. Offer your suggestions for the proper organisation of health education in our schools.

Write notes on any three of the following:

(a) Personal hygiene; (b) School health service; (c) Compulsory physical training; (d) School sanitations.